ভূদেৰ চরিত প্রথম ভাগ

মনস্বিসেব্যো ভূদেবো ভূদেবাণাং শিরোমণিঃ।
স্বধর্মদেশসেবোৎস প্রত্যতা যুগসাধকঃ॥
—[হিন্দু কঠহার

শ্রীকুমারদেব ম্থোপাধ্যায় কর্তৃক ু চুঁচুড়া বিশ্বনাথ ট্রষ্টফণ্ড আফিস হইতে প্রকাশিত

> ১৩২৪ সালু ইণ্ডিয়া প্রেস ২৪ নং মিডিল রোড, ইটালী, কলিকাঞা

> > মূল্য তুই টাকা।

ইণ্ডিস্থা প্রেস্ন, ২৪ নং মিডিল রোড, ইটালী, কলিকাতা দ্ শ্রীক্ষেত্রনাথ বস্থ দারা মুদ্রিত।



I. A. School, Bowbarar, Calcutta.

অবতরণিকা

ষদ্ ধদা চুরত্বি শ্রেষ্ঠিত ত্তদেবেতরোজনাঃ। সন্ধং প্রমাণং কুরুতে লোকগুদমুবর্ত্ততে॥

৺ভূদেব মুখোপাধ্যায় মহাশয়ের আবির্ভাব স্বধর্মনিষ্ঠ এবং প্রোক দৃষ্ট হিন্দুস্থাজের মধ্যে •ভারতের জাতীয় জীবনের একটা সন্ধিষ্ঠলে হইয়াছিল। সমাজের গতি কোন দিকে হওয়ায় দেশের মঞ্চল এ বিষয়েই ক্সনীসংশয় উঠিয়াছিল। এদেশে সে সময়ে যে শক্তিগুলি বিশেষ ভাবে বাঁগ্য করিভেছিল এবং এখনও করিতেছে সে সকলগুলিরই পরিণতি তাঁহার জীপুন স্থারিষ্ট এবং প্রকৃত পক্ষেই বলা যায় যে, তিনি ঐ গুলির সম্বীয়ে গঠিত যুগ প্রবর্ত্তক জাতীয় শিক্ষক। তিনি একটী স্বন্ধবিত্ত নিরীহ বান্ধণ বংশজাত ও একান্ত ভক্তিমতী মাতার এবং অনুসাধারণ পাণ্ডিতা এবং উচ্চ সাধনার তেজ সম্পন্ন পরম জ্ঞানী অধ্যাপক পণ্ডিতের একসাত্র পুত্র। কুল-প্রথাগত সংস্কৃত শিক্ষার সঙ্গেই একজন ইংরাজ অধ্যা-পকের যত্নে মুগ্ধ হইয়া তিমি ইংরাজী পড়িতে আরম্ভ করেন এবং তাহাতে একজন মিশনার মেমেরও সাহায্য লাভ করেন: সহপাঠী ছার্ট্রন খটান হইলে যোল বংসর মাত্র বয়সে জাতীয় ধর্মকে পৌত্তলিকতা বলীয়া তাঁহার ভ্রম জর্মে; তথনকার ইংরাজী স্থলের ভাবই ঐরপ হইয়া গিয়াছিল। ভত্তজানসম্পন্ন পিতার মধুর স্নেহে, উদারতায়, ধৈর্ঘ্যে এবং স্বপ্রণীলীর **शिकाय मन्पूर्ण स्थापतामन इंटरन এবং मौका গ্রহণ পূর্ব্বক বছ** পুরশ্বরণ করিয়া সাধনমার্গে অগ্রসর হইলে, স্বধর্মে সজ্ঞান দৃঢ় ভক্তি হয়। বদেশভক্তি পরিষিক্ত ইংরাজী-সাহিত্য-পাঠী ভূদেব বাবু তাঁহার মাডার

निकं होका नरेश जननी, जन्नज्ञि এवः अशब्जननीरक * 'अि! क्शिट्ड পান; তিনি সৌভাগ্যবান শিখগুরু অর্জুনের আরু মুর্ত্তিমান সম্পত্র ধর্মরপী 'স্বর্গাৎ উচ্চতর' পিতার সম্বন্ধেও বলিতে পারেন "প্রভু অবিন্নশী ঘরমে পায়া!" পিতার নিকট অবিরত মুখে মুখে শুনিয়া তিনি হিন্দু শান্থের সকল তথাই জানিতে পারেন এবং অসাধারণ শারণ শক্তির এবং বিচার শক্তির প্রভাবে সে সকলই স্থশৃত্বলাসহ স্থানত কবেন। থুব কম ইংরাজেই বোধ হয় তাঁহার ন্যায় এত অধিক ইংরাজা পুস্তক পড়িয়াছেন। সাহিত্য, কাব্য, বিজ্ঞান, ইতিহাদ, অমণবুত্তীত, দর্শন (প্রাচীন এবং নবা) ইংরাজীতে ইউরোপীয়দিগের দকল উৎকৃষ্ট পুস্তকের অমুবাদ পাঠে –সকল বিষয়ের শুষ্ক রিপোর্টের তথ্য সঙ্কলনেও –তাঁহার আনীর হইত। স্পেন্সার, শোপেনহয়ার, এমার্শন, ডারউইন, ইঞার আশাভালী সায়ণ্টিফিক সিরিজ, কণ্টেম্পোরারি সায়ান্স সিরিজ 🚉 ভতি শেষ বয়স পর্যান্ত বিষয় নির্বিশেষে সম্পূর্ণভাবে পড়িতেন। দেশীয় 'পুরাণ' এবং 'দেশ বিদেশের ইতিহাদ' ধর্ম স্থারের উপর স্থির লক্ষ্য রাখিয়া এত অধিক পরিমাণে আর কেহ পড়িয়াছেন কিনা সন্দেহ। সমস্ত মানব জাতিয় ইতিহাস সম্বন্ধে এই অসাধারণ শিক্ষার সহিঁত ভারতবর্ধের ও সকল অ স্থা সংক্ষে তাঁহার অভিজ্ঞতা পূর্বতা প্রাপ্ত হই য়াছিল। বাঙ্গালা বিহার, উট্ট্যার অধিকাংশ ভাগেরই তিনি প্রায় সকল প্রধান গ্রামে গিয়াছিলেন। উত্তর পশ্চিম এবং পঞ্চাব প্রদেশেরও অনেক গ্রাম-নগরে ত্মল পরিদর্শন উপলক্ষে গিয়াছিলেন। তীর্থ দর্শন এবং দেশ ভ্রমণ উপনক্ষৈ তিনি আসাম, অন্ধদেশ, মাদ্রাজ, ও বোম্বাই অঞ্চল এবং রাজ-পুতনা দর্শন করেন এবং তথাকার লোকদিগের সহিত বিশিষ্ট ভাবেই মিশেন: তিনি রেশ্বনে এবং পুণায় ঘুইটী সম্ভ্রাস্ত মহিলার সহিত কল্পা

মাতর্মামি ভবতাং "সভীদেহ" রূপাং ।—(হিন্দু কঠহার)।

পম্পুর্ক হৈ ওইনা আসিয়াছিলেন। তিনি মুসলমানদিগের সহিত মাজাসার শিক্ষক হিসাবে, চুঁণুড়া মোগনটুলির বাড়ীর প্রতিবাদী হিসাবে এবং সর্ব্বত্ত পূर ऐंगों हिमारन বিশিষ্টভাবে মিশিবার স্থবিধা পাইয়াছিলেন। এদেশীয় জৈন . এবং বৌদ্ধ সম্প্রদায়ের মধ্যেও অনেকে তাঁহার বিশেষ প্রীতিভাজন ছিলেন। উচ্চশ্রেণীর কর্মাঠ ইংরাজ নরনারী কয়েক জনের সহিত তাঁহার 'বিশেষ' হততা হইয়াছিল ; বাভেলের পোর্টু গীন্ধ পাতি এবং ফরাশতাক্ষায় ফর্মানি-দিপের কয়েক জনের সহিত তিনি ঘনিষ্ট ভাবে পরিচয় করিয়াছিলেন। অপর সমাজের লোকের শহিত কথাবার্ত্তার পর তিনি সর্বাদাই উহাদের যে টুকু ভাল দেখিতেন তাহার কারণ বিশিষ্ট ভাবে বিচার করিয়া দেই গুণ-ুনলির পূর্বতা প্রাপ্তির প্রাচীন উৎকৃষ্টতম ব্যবস্থা, স্বজাতির আচারে বিং পূর্ণ-সর্বাঙ্গ নিজের শাস্ত্রের ভিতরে খুঁজিতেন এবং দেখিতে পার্ট্রী পরিতৃপ্ত হইতেন। সহরের দশজন ইংরাজা শিক্ষিত লোককে ्रतथिया अर्त्नरकरे जात्र अथस्य चान्न भातना स्पायन करत्रन । अरतनीय লক্ষ লক্ষ লোকের হৃদয় দেখিতে পাওয়ায় ভূদেব বাবুর সে ভ্রমের সম্ভাবনা থাকে নাই। সর্বভোভাবে কৃপমণ্ডকতা দোষ পরিশৃত্য প্রাচ্য এবং পাশ্চাত্য উভয় বিদ্যায় পূর্ণ জ্ঞান সম্পন্ন এই স্বধর্ম ভক্ত সাধক এবং স্বদেশ ভক্ত শিক্ষক এবং খেবককে গনাতন ধর্ম পরিচালিত বিরাট ভাগতে সমাজ তাহার যুগ প্রয়োজন সাধন জন্ম প্রস্তুত করিয়া লইয়াছিলেন ন

পরাধীন জাতির শিক্ষকের প্রধান কার্য্য আয়ে গৌরবের বিক্ষা সাধন; ভূদেব বাবু হীন অনুকরণের একাস্তই বিরোধী। তিনি বলিয়াছেন ষে স্বধর্ষের ব্যবস্থার—ক্ষাত্র ধর্ষের এবং আপদ্ধর্মের—'অপালনেই' হিন্দু র পরাধীনতা হইয়াছিল; স্বধর্মের 'কতকটা পালন'গুণেই হিন্দু এখনও আছে এবং মাঝ মাঝে মাথা তোলে—অপর বিজিত জাতির ন্যায় মিটিয়া ধায় নাই। একাণে রাক্ষা শ্রহ্ম প্রথই ইইতে পারের।

তিনি ভারতের হিন্দু মুদলমান বৌদ্ধ খুষ্টান সকলতে ্ৰণক্তপক্ষে স্বধর্ম-নিষ্ঠ হইতে এবং ইহ পারলৌকিক সকল কর্ম পুলাভাবে শুচি মনে করিতে বলিয়াছেন। স্বধর্মে ভক্তিমান দাত্ত্বিক প্রকৃতিক লোকদিলের সংকর্মে সম্মিলনে এবং উদ্যুমে কোঁনরূপ বাধা হয় না। জন্মভূমির সেব, কেত্রে সকলকে তুল্যমূল্য ভাবে এক জোট হইতে তিনি বলিয়াছেন— —সকল শ্রেণীর লোকে রজ্জু ধরিয়া এক মনে টান দিলেই রথ চলে—নচেং চলে না—ইহা স্মরণ করাইয়া দিয়াছেন। জৈনেরা হিন্দু ধর্ম বা এ। হুণ্ প্রাধান্ত মানেন না-কিন্ত সেজন্ত এক যোগে করায় যে কোন অস্কবিধ। নাই—উহাঁর। যেন হিন্দু সমাজেরই অঙ্ক বলিয়া লক্ষিত হইতে-ছেন তাহা দেখাইয়া দিয়াছেন। বিবাহাদিতে পার্থক্য রাথিয়াও থেম 🔓 দেশীয় দৈত্যদল উৎকৃষ্ট ভাবেই এক জোটে কাজ করিতেভে—স্বদেশীয় (হিন্দু, মুসলমান, শিথ) নেতৃদিগের পরিচালনাতেও ক্ষিত্র পারিত এবং এখনও পারে—সেইরপে সকলেই এখন এক জোটি জন্ম-ভূমির দেবায় প্রবুত হওয়া চাই। স্ষ্টির বাহিরে বৈচিত্র্য, ভিতরে মিল। সনাতন ধর্ম-বর্ণভেদ, সম্প্রদায় ভেদ, আচার ভেদ, অধিকারী ভেদ, রুচিভেদ প্রভৃতি স্বীকার করিয়া মৌলিক একতার্র উপরেই লক্ষ্য রাখিয়া যে সন্মিলনের সরল ব্যক্ষা হিন্দু সমাজে দিয়াছেন তাহা মানব সমাজ সকরের ভবিষ্যৎ বিরাট সন্মিলনের (ফেডারেশনের) আদর্শ।

তিনি স্বর্ধশাপালন, স্বন্ধশাপ্রীতি, সহানয়তা, সদাচার, সংকর্মে সম্মিলন, স্থাবলম্বন এবং সাত্মিক উদ্যমের প্রচারক। সনাতন ধর্মের শিক্ষাই এই — 'স্বর্ক' কর্ত্তব্যের পালন। তিনি ভারতের একচ্ছত্র সম্মিলন জন্য রাজ্ঞার প্রতি শ্রন্ধা রাথিয়া, তাঁহার কাজ না বাড়াইয়া, স্থবোধ পরিবারের সকলে কর্ত্তার উপর ভার না দিয়া স্ব স্থ কার্য্য স্কৃত্থলার সহিত্ত্বিরার স্তায়, সাত্মিক উদ্যমে এদেশীয়দিগকে নিজেদের সকল ক্র্য্য

নিজেদেরই ক্রিয়া, লইতে শিক্ষা দিয়াছেন। সনাতন ধর্মের শাস্ত্র বাক্যে
নিকোনত ভানি-বাবিষা এবং তাহার অহকুল যুক্তিগুলি দেখিতে চেষ্টা
ক্রিলে যে ধর্ম বৃদ্ধি হয় এবং সকল কালে এবং সকল অবস্থার পরিবর্তনে
বর্ত্তরা পথ ক্রেন্স লাল আলোকে উজ্জ্বল হইয়া উঠে *; সকল
শ্রেলীর পরস্পরে পূর্ণ শ্রদ্ধা ও সহায়ভূতির রক্ষা ব্যতীত যে জ্ঞাতীয় জীবনা
শক্তিরই হ্রাস হইতে থাকে; সকল অংশই যে প্রয়োজনীয় এবং সেই অন্ত
'বড়', দেব মন্দিরের ন্তায় সকল পরিবারকে পবিত্রভাবে রাগিয়া সকলে
ব্রুগ শক্তির সার্থকতা জনা নেতৃ মহাপুক্ষকে আবিভূতি হইতেই হইবে;
ক্রিশ শক্তির সার্থকতা জনা নেতৃ মহাপুক্ষকে আবিভূতি হইতেই হইবে;
ক্রিশ শক্তির সার্থকতা জনা নেতৃ মহাপুক্ষকে আবিভূতি হইতেই হইবে;
ক্রিশ কল সাজিক উদ্যুদ্ধের গহং শিক্ষা তাঁহার গ্রন্থাবলীতে এবং নিজের
শ্বিনে দিয়া ভূদেব বাবু পূর্ণ স্ব্রাঙ্গ সনাতন হিন্দু ধর্মের পুন্রুগান সহ
"বৈন্দ্র স্থাক্তিয়া সুক্রেল প্রবর্ত্তন করিয়া দিয়াছেন।

ভূদেব চিরিতের উপকরণ সম্বন্ধে বিশেষ অভাব নাই। ভূদেব বাবুর দিতীয় এবং তৃতীয় পুত্র তাঁহার জীবনের ঘটনাবলীর অনেক কথা সময়ে সময়ে তাঁহারই নিকট শুনিয়া রাখিয়াছিলেন; ভূদেব বাবুর স্বহস্তে লিখিত দৈনন্দিন লিপি ১৯৭৭ অল হইতে বর্ত্তমান আছে; পুত্রদিগকে সময়ে সময়ে তিনি যে ব্লকল পত্র লিখিয়াছিলেন তাহার অধিকাংশ্ট স্বত্বে রক্ষিত আছে; বন্ধুবান্ধবিদিগকে লিখিত পত্রাদিও কিছু শিছু পাওয়া গিয়াছে—তন্মধ্যে প্রথম জীবনের ৮৮গুচিরণ মজুমাদার মহাশমকৈ লিখিত পত্রাবলী এবং খিদিরপুরের ৮যোগেক্রনাথ ঘোষ মহাশয়কে লিখিত দর্শন ও তন্ত্র সম্বন্ধীয় পত্রগুলি বিশেষ উল্লেখ যোগ্য; সাম্যুক্ত পত্রিকীসমূহ

শ্রীশীচণ্ডী পাঠ অনেকেই করিয়াছেন। কিন্ত দেবতাদিগের পুঞ্জীভূত শক্তিতেই
 বে মহাদেবীর আবির্ভাব, একালে এই তথ্য কয় ল্লনে ভাবিয়া দেখিতে চিলেন।

ছইতেও অনেক বিবরণ পাওয়া গিয়াছে; মুদ্রিত সর্কারী রিপোর্টাদি হইতেও অনেক উপকরণ সংগৃহীত হইয়াছে; এই জাবন চার্মত এডুকেশন গেজেটে মুদ্রিত হওয়ার সময় বেহ কেই জ্ঞাতব্য নিষয় জানাইয়াছিলেন;—তাহারও যণায়থ ব্যবহার করা হইয়াছে।

ভূদেৰ চরিভ

প্রথম অধ্যায়

--->c∰:>**---**-

[বংশ-পরিচয়, শ্রীহণ, কামদেব, সম্ভোব, কাটোয়ার যুদ্ধ, কুশদহ-ভ্যাগ]

বৌদ্ধবাদের প্রাবলো বন্ধদেশে বৈদিক ক্রিয়া-কলাপের হ্রাস হইয়া
পদরে স্থান্ত্রিন মহারাজ আদিশ্র কান্তর্ক্তর বা কোলাঞ্চ দেশ হইতে
বহুগণালীতি বে পাঁচজন ব্রাহ্মণকে আমন্ত্রিত করিয়া বঙ্গে আনয়ন করেন,
তর্মধ্যে ভরদ্বাজ গোত্রীয় বীরের পৌত্র এবং মেধাতিথির পুত্র শ্রীহর্ষের
নাম অনেরকর নিকট স্থপরিচিত। মন্ত্রশহিতার ভান্তকার মেধাতিথির
পিতার নাম বীর্হ্মামী। সম্ভবতঃ এই ভান্তকার মেধাতিথি ও শ্রীহর্ষের
পিতার নাম বীর্হ্মামী। সম্ভবতঃ এই ভান্তকার মেধাতিথি ও শ্রীহর্ষের
পিতার নাম বীর্হ্মামী। সম্ভবতঃ এই ভান্তকার মেধাতিথি ও শ্রীহর্ষের
পিতার নাম বীর্হ্মামী। সম্ভবতঃ এই ভান্তকার মেধাতিথি ও শ্রীহর্ষের
পিতার নাম বীর্হ্মামী। কর্ত্বতঃ একই ব্যক্তি কি না সে নিষ্ক্রে বিশুর
মতভের হইয়াছে। এক না হইলেও কান্তর্ক্ত্রাকৃত শ্রীহর্ষার্দ্ধি পঞ্চব্রাহ্মান
সকলেই যে বিন্তাব্রা কুলশীল প্রভৃতি বিষয়ে অত্যুচ্চ ছিলেন সে বিষয়ে
কোন সন্দেহই থাকিতে পারে না। *

^{*} হরিমিশ্রের অতি প্রাচীন প্রয়ে লিখিত আছে ;—
বেদান্ত নিদ্ধান্ত নিতান্ত দান্তো, দীক্ষা কমা দান দরাতিদক্ষ: ।
ভটাধা মেধাতিধি বীরত্ম ন্ততো ভবদ্ধর লগৎ পুণোর।
কুলরমা প্রয়ে লিখিত আছে, "ভরবালস্তগোত্রস্ত শ্রীহর্ষ হর্ববৃদ্ধন:"।

ভরন্ধান্ত নামগুলির বিষয় একটু অনুধাবন কিন্দু কুনু দেখিলে ভারতের ব্রাহ্মনদিগের ন্যায় পবিত্র ও উচ্চবংশীয় পথিবীতে যে আর কেইই নাই, তাহা অতি সহজেই হ্বনয়স্বন হয়। অন্যান্ত দৈশে কয়েকশত বঁদ মাত্র যাহাদের বংশের ঠিকানা 'আছে, তাঁহাদের গৌরবের দীনা নাই; উহাদের অধিকাংশেরই পূর্ব্বপুরুষগণ সধান্ত্য জলে এবং হলে দহাতায় ব্যাপৃত ছিলেন;—উহারা কত নরহত্যা, কত গ্রামদাহ, কত ধন লুঠন প্রভৃতি অপকর্ম দারা সম্পত্তির অধিষামী হইয়াভিলেন তাহা কে বলিবে! কিন্তু সহস্র সহস্র বর্ষ পূর্বের সেই দেবতুল্য বৈদিক শ্বনিদিণ্টের বংশগর— ভরন্ধ প্রভৃতি গোত্রকারগণই ভারতের ব্রাহ্মণদিগের আদি পূরুষ। শত শত পুরুষ ধরিয়া তাঁহারা সংযতাচারী, দর্মভীক এবং সর্ব্বপ্রকার অপাবাক্ষাম্বা বাব্যবদায়ে সম্পূর্ণ নির্দিপ্ত। ব্রাহ্মণদিগের পূর্ব্ব পূর্ব্বের অধ্যাপক পণ্ডিত, পুরোহিত, দর্মাধিকার, সভাপণ্ডিত, রাহ্মনীতিবিদ, ক্রী, গ্রন্থকার প্রভৃতি কোন না কোন ভাবে স্মান্তের পবিত্র আদর্শ এবং পরিচালক ছিলেন।

ভারতবর্ধের আধুনিক অবনত অবস্থায় শ্বি বংশীয়েরাও ক্রমেই প্রভাহীন হইয়া আদিতেছন বটে, তথাপি অপরের সহিত তুলনায় এখন ও তাঁহাদের বিলক্ষণ উচ্চাসন রহিয়ছে। আধুনিত কালেই শ্রীহর্ষ-বংশোদ্রব কামদেব পণ্ডিত সম্বন্ধে উক্তি আছে, "কামাং পরতরো নহি"—কামদেব পণ্ডিত অপেক্ষা প্রধান আর কেহ নাই। এই কামদেবের একাদশ পুত্র; তুমধ্যে একজনের নাম মধুস্বনন। মধুস্বনের পুত্র 'সন্তোব'। বিদ্যাতি, প্রতিপত্তি, ক্রিয়াকর্মা, তেজবিতা প্রভৃতি বিষয়ে মুক্টবারী রাজাদিগের সমত্লা বলিয়া তিনি 'সন্তোষ মুক্ট রায়' নামে অভিহিত হইয়াছিলেন। ব্রুপে কিয়পত্তী আছে যে, মুসলনান রাজ্বের ভ্রাবস্থায় অরাজকতা

निवस्त वद्गाता विविध अजाहात अवः अनाश्वित मःघर्छन इटेट्ट्र

দেখিল প্রকলে নিবারণ-চেষ্টায় সন্থোষ শ্রীপ্রক্ষান্তম ক্রের পথাবলম্বনে উভিয়ায় উপস্থিত হইয়া মহারাষ্ট্রয় সেনাপতি ভাদর পণ্ডিতের সহিত মিলিত হন। মহারাষ্ট্রয়েরা ঐ সময়ে ভারতের অক্যান্ত প্রদেশে পরাক্রান্ত হিন্দু রাজ্যসমূহের সংস্থাপন করিতেছিলেন। স্কৃতরাং প্রথম রাষ্ট্রবিপ্রবের আন্তম্পিক অত্যাচারাদি আপনার। স্ফ করিয়াও উত্তর প্রক্ষদিগের হিতার্থে উহাদিগের অধিনায়কতায় বাদালায় স্কৃচ্ হিন্দু রাজ্য সংস্থাপনের চেষ্টা করাই সন্তোষের বিবেচনায় বৃক্তিয়ক্ত বলিয়া বোধ ইয়াছিল। তাঁহার ইচ্ছা যেন ফলবতী হইবে প্রথমে কতকটা এরপ লক্ষণও দেখা গিয়াছিল। ভাদ্ধর পণ্ডিতের মহারাষ্ট্রীয় সেনং একবার ইগলী মেদিনীপুর ও কাটোয়া পর্যান্ত প্রায় সমস্ত দেশ অধিকার করিয়া বিদল; কিন্তু অদ্রদর্শী মহারাষ্ট্রীয় নেতাদিগের প্রবৃত্তিত ঘণিত লুগন ব্যবস্থায় প্রারণতং দেশীয় সন্থান্ত লোকদিগের কোন সাহায্যই পাইল না ভারত সাম্রাজ্য হাতে পাইয়াও মহারাষ্ট্রয় তাহা হারাইল। প্রজাপালন জন্ত শ্রীভগবান রাজশক্তি দেন; পীড়ন বা শোষণ জন্ত দেন না।

সে যাহা হউক অতঃপর কাটোয়ার মুদ্ধে স্বয়েগ্য নবাব আলিবদ্ধী থার নিকট মহারাষ্ট্রীয়গণ পরাভব প্রাপ্ত হইল। সন্তোম তথন থাসভাগে করিয়া তীর্থে তীর্থে বৈজাইতে লাগিলেন এবং তাঁহোর বিষয়-সম্প্রতি সমস্ত নবাব-সরকারে বাজেয়াপ্ত হইয়া গেল।

তথন তাঁহার পুত্র রমাকান্ত পৈতৃক বাসস্থান যশোহরের অন্তঃপার্তা কুশদুহ অঞ্চল ত্যাগ করিয়া হুগলী জেলার দশঘরা গ্রামে আসিট্রা বাস করিতে লাগিলেন।

রামকান্তের পুত্র গোপীবল্পত। গোপীবল্পতের পুত্র রামকানাই ম্থোপাধ্যায় তুগলীর জাহানাবাদ (আরামবাগ) মহকুমায় বদনগঞ্জ গ্রামে কুলভক্ষ করেন। রামকানাইদের পুত্র রামেশ্বর বিভাবাগীশ খানাকুল রুঞ্চনগরের নিকটবর্ত্তী নতিবপুর * গ্রামে ত্রার্নিয়া বাস্প-ক্রেইন্র্রামেশ্বরের পুত্র হরিনারায়ণ সার্শ্বভৌম। ইনিই র্ভূদেবের্ন পিতামহ।

^{*} নতিবপুর কাণা ছারকেশ্বর নদীর্রী দক্ষিণ-পশ্চিম কুঁলে অবস্থিত। এথানকার কায়রগণ সমৃদ্দিসম্পন্ন, সান্থিক প্রকৃতিক এবং দেব-প্রাহ্মণে ভক্তিমান ছিলেন। তাহাদিগের প্রতিষ্ঠিত দেব-মন্দিরাদির অবশিষ্ঠাংশ আজও বিদ্যমান আছে। এক সময়ে ঐ সকল দেবমন্দিরাদিতে প্রতিনিয়ত দেব-সেবা ও তদক্ষ শথ-ঘণ্টাদির রোলে সমগ্র গ্রামনীর মধ্যে বিশিষ্ট সান্থিক ভাব ও পবিত্রতা বিরাজ করিত। ভূদেব বাবুর পিতা বিশ্বনাথ তর্কভূষণ মহাশয়ের জন্ম-সময়ে, এই গ্রামের নিকটন্থ নদী বহতা থাকার নোকাষোগে কারবার চলিত এবং গ্রামটা সমৃদ্ধ ছিল। নবদ্বীপ, ভট্টপারীর স্থায় এতদঞ্চলেও তথন সংস্কৃত্বের চর্চ্চা বিলক্ষণ প্রবল ছিল এবং অন্ধিক দূরবর্ত্তী থানাকুল ফ্রন্সর সংস্কৃত শিক্ষার একটি গণনীয় সমাজ বলিয়া প্রশিদ্ধ ছিল।

' দ্বিতীয় অ্ধ্যায়



[হরিনারায়ণ নার্বভোম তাহার ত্যাগণীলতা, পিতামহের শিক্ষা বিশ্বনাথ তর্কভূষণ]

সার্বভৌম মহাশয় পাঁচ ভ্রাতার মধ্যে সর্ব্বকনিষ্ঠ ছিলেন। তাঁহার ব্রাইগণ স্ব স্থ পরিজনের প্ররোচনায় বা অন্ত কারণে পৃথগয় হইলে পৈতৃক সম্পত্তি লইয়া পরিবারের মধ্যে গোলযোগ উপস্থিত হইল। তথন শার্বভৌমু মহাশয় জ্যেষ্ঠ ভ্রাতাদিগকে বলিলেন, "দেখুন, আপনারা আমাব পূজা।" পৈতৃক সম্পত্তির জন্তও আমি আপনাদের সহিত বিবাদ করিতে গারিব না। যথন ঐ সম্পত্তি লইয়া গোলযোগ বাধিয়াছে, তথন আমি উহার কিছুমাত্র অংশ গ্রহণের অভিলাষ রাখি না।" এই কথার ক্ষেক্তিন পরেই তিমি পৈতৃক নিবাস নতিবপুর পরিত্যাগ করিয়া মেনুদ্নীপুরে আসিয়া উপস্থিত হন। তথায় কলিকাতা-নিবাসী ৺ মধুস্দন রায়ের জ্যেষ্ঠতাত ৺ কৃষ্ণচন্দ্র রায়ের সহিত তাঁহার সাক্ষাং হয়।

কৃষ্ণচন্দ্র রায় তথন মেদিনীপুরের কলেক্টুরীতে চাকরী করিতেন।
তিনি সার্ব্যভৌগ মহাশর্মের অঙ্গুসেচিব, সরলতা এবং সাধূশীলতা দুশনে
পরমন্ত্রীত হইয়া তাঁহাকে আপন বাসায় লইয়া গেলেন। কয়েকদিনের
মধ্যেই উভয়ে বিশেষ সৌহার্দ্দ জন্মিল। ইহার অল্পদিন পরেই কৃষ্ণচন্দ্র
রায় পেন্সন্ লইয়া কলিকাতায় আইসেন। সার্ব্যভৌগ মহাশয়ও বন্ধুর
সমভিব্যাহারে কলিকাতায় আসিয়া উপস্থিত হন এবং হরিতকী বাগানে

সামান্যরূপ গৃহাদি নির্মাণ করতঃ অধ্যাপন। ও পৌরের্ছইত্যছার জুীবিকা নির্মাহ করিতে আরম্ভ করেন।

স্বনং হিন্দুজাতি অন্তর্ধিচ্ছেদে অবসন্ধ। ভাত্বিরোধ, জ্ঞাতিবিরোধ এবং দলাদলি প্রভৃতি সমাজের ধম্মহানিকর ব্যাপার জাতীয় সম্মিলনের অন্তর্যায়।

সার্বভৌম মহাশ্রের এই স্বার্থত্যাগরূপ মহাপুণ্যের ফল যেন স্থাপন করিবার জন্মই কিছুকাল পরে তিনিই আপন সহাদেরদিগের সন্তান সন্ততিগণকে সাদরে সাহায্য করিতে সমর্থ হইলাছিলেন, এবং তাঁহারই পুত্র ও পৌত্রের যশে তাঁহার পিতৃবংশের সম্জ্ঞলতা সাধিত হইয়াছে। তিনি সাময়িক সন্ধীর্ণ স্বার্থ ত্যাগ করিয়া নতিবপুর হইতে চলিয়া আসাহি তাঁহার বংশের ইট বই ক্ষতি কিছুই হয় নাই। পরার্থেই যে প্রকৃত স্বার্থ! কলতঃ সকলেই যদি সার্বভৌম মহাশ্রের পথান্থসরণ কাঁ্যা সকল অবস্থাতেই অস্তবিক্ষেদ্রের পরিহারে কতসন্ধর হন, তাহা হইলে এ দেশের সমস্ত ব্যক্তির, সকল পরিবারের এবং সমগ্র দেশের স্থমহৎ উন্নতি যে স্থানিশ্বিত তিষ্বিয়ে সন্দেহ থাকিতে পারে না।

সার্ব্যক্তীম মহাশরের আটিট পুল্ল-সন্তান হর; তর্মধ্যে ভূদেব বাবুর পিতা ভবিশ্বনাথ তর্কভ্বণ মহাধ্যেই সর্ব্যাগ্রজ এবং সমধিক পণ্ডিত ছিলেন। আটিট পুল্লের মধ্যে তিনটি অবিবাহিত অবস্থায় এবং তুইটি বিবাহ করিয়া পিতৃ-বর্ত্তমানেই পরলোকগত হন। অবশিষ্ট তিন পুল্লের মধ্যে একমাত্র তর্কভ্বণ মহাশ্য ব্যতীত আর কেইই উপার্জনক্ষম ছিলেন না।

৯৩ বংদর বয়দে সার্কভৌম মহাশয়ের পগদালাভ হয়। ওরপ বয়দেও তাঁহার চিত্তের উৎফুল্লতা অথবা স্থৈর্ঘের কিছুমাত্র ব্যত্যয় দেখা [যায় নাই। ছুইটী বিধবা পুল্রবধৃ এবং উপার্জনে অক্ষম আর ছুইটি পুল্রকে লক্ষ্য করিয়ে, মৃত্যুকালে তিনি স্বীয় জ্যেষ্ঠ পুল্ল তর্কভূষণ মহাশ্যকে নিকটে ডাকিয়া হাসিমুন্ধে পরিহাদের স্থরেই বলিয়াছিলেন, "আমি তোনার গলায় চারিটি বিধবা ফেলিয়া যাইতেছি। দেনা-পাওনার মধ্যে কেবল অমুক মেছুনীর কাছে আমার সিঁকি পয়সার কড়ি পাওনা আছে, আর খ্যামবদাকের * আমি চারিশত টাকা ধারি; ফলে আমি যে দশ দিক লইয়া পৃথিপীতে আদিয়াছিলাম তাহাই তোমাকে দিয়া যাইতেছি।" সার্কভৌম মহাশয়ের যথম মৃত্যু হয় তথন ভূদেব বাবুর বয়ঃক্রম বার ক্ষির মাত্র।

শার্কভৌম মহাশর গৌরকান্তি পুরুষ ছিলেন। বয়সের পরিণতি বর্তু তাঁহার সেই স্থগৌরবর্ণ ক্রমশঃ রক্তাভ হইয়াছিল। সৌম্যভাব তাঁহাতে নিয়তই প্রকটিত থাকিত। বস্তুতঃ কামদেব পণ্ডিতের পৌল্র সম্মোব মুকুই রায়ের বংশধরগণের মধ্যে দীর্ঘচ্ছন্দ এবং সৌম্যুমূর্তি কিছু অধিক পরিমাণে দৃষ্ট হয় বলিয়া একটা কথাই আছে।

ভূদেব বাবৃ স্বর্রচিত 'পারিবারিক প্রবন্ধে' সার্বভৌগ মহাশয়কে মানস চকৈ রাথিয়াই 'পিতামহ ঠাকুর' প্রবন্ধটি লিথিয়াছিলেন। "মহাগুরুর মহাগুরু অথচ ক্রীড়া-কৌত্তকের সহচর," ভূত্তি ও ভালবাসার পাত্র—সেই• মহাপুরুষের ক্ষেই ভূদেব বাব্র বিদ্যারম্ভ ও চারত্র-সংগঠনের ভিত্তিপত্তন হয়। তিনি নিজেই লিথিয়াছেন,

^{*} ৮ গৌরদাস বসাক মহাশয় বলিয়াছিলেন যে এই খ্যামবসাকের নামানুসারেই কলিকাতার "খ্যামবাজার" নাম হইয়াছে। শেঠ বা বসাকের। কলিকাতার অতি প্রাচীন বংশ। উহারা সদাচারী ও দেব-ব্রাহ্মণে ভক্তিমান ছিলেন এবং কলিকাতার নবাগত কায়ত্ব ব্রাহ্মণিদিগকে সাহায্য করিতেন। বাগবাজার হইতে হোগলকুড়িয়া পর্যান্ত সমন্ত কঞ্চল উ হাদেরই ছিল। সার্ব্বভৌম মহাশয় যে উ হাদের কতক পৃষ্ঠপোষকতা পাইয়াছিলেন তাহা এই ঋণ প্রাপ্তি হইতেই উপলব্ধি হইবে।

শিপিতামহের স্বেহ পিতৃস্বেহ অপেক্ষা গাঢ়তর নুটাইউক, অপেকারুত মধ্রতর পদার্থ। পিতৃস্বেহে অনিষ্টের আশক্ষাত্রবলতর, পরিণামদর্শিতার ভাগ অত্যধিক। পিতামহের মনে ভয়ের ভাগ লঘু হয় বলিয়া তিনি পৌত্রের প্রকৃতি সমধিক পরিক্টরূপে ব্বিতে পারেন। বাপ মায়ের মন সন্তান-সম্বন্ধে সর্বাদা চঞ্চল থাকে—এই তাহারেক থুব ভাল ছেলে মনে করিয়া আনন্দে বিহ্বল হইতেছেন, আনার পরক্ষণেই তাহার বৃদ্ধি, চরিত্র ও ভাগ্য মন্দ হইবে ভাবিয়া ছাথে অবদন্ন হইতেছেন। পিতানহের অন্তাহরণ ওরপে আন্দোলিত হয় না। তিনি পৌত্রের দোষগুণ প্রিমিণ ব্যথিও পান, অথচ তাহার বয়স্তভাবও ধারণ করিছে পারেন। এই ছই কারণের একত্র সমাবেশ হওয়াতে পিতামহ সিক্টিই শৈশবের অদিতীয় স্থশিক্ষক।

"মাতা সর্বাপেক্ষা ভাল শিক্ষাদাত্রী হইতে পারেন বলিয়া প্রথিত আছে।
প্রীরামচন্দ্র কৌশল্যা দেবার নিকট ধর্মবিছা শিথিয়াছিলেন। সার
উইলিয়ম জোন্স সাহেবের বিদ্যাল্বরাগিতা তাঁহার মাতার শিক্ষাগুণেই
ক্রিরাছিল। প্রেসিডেন্ট গারফীল্ডও তেমন মা না পাইলে কার্টনিশ্মিত
বক্ত কূট্রীর হইতে সৌধ রাজভবনে আগমন করিতে পারিতেন না।
পিতামহের স্থানে প্রাথমিক শিক্ষালাভের ফলবত্তা ওব্ধপ কোন প্রশিক্ষ
বিবরণের উল্লেখ করিয়া সপ্রমাণ করা যায় না বটে, কিন্তু তাহা না হউক,
মদি পিতামহের স্থানে প্রিক্ষালাভ কাহার ভাগ্যে ঘটে, তবে তিনি স্বিতে
পারিবেন যে, সেই শিক্ষার ফলবত্তা মাতৃপ্রদত্ত শিক্ষা অপেক্ষাও অধিক।

"ছেলেটী আমার নিকট অপেক্ষা ঠাকুরের নিকটেই থাকিতে অধিক ভালবাদে। ঠাকুরের সহিতই উহার সব পরামর্শ, তাঁহার সহিতই ওর মনের মিল বেশী"—এরপ কথা অনেক পুত্রবতীকেই বলিতে হয়। শাস্ত্রেও বলে পৌত্র জন্মিলে পুত্রের পিতৃঋণ পরিশোধ হয়। যাহা দারা ঝণ পরিশ্রে করিবে, তাহাকে উভ্যরণের হতে সমর্পণ না করিলে, ঝণ পরিশোধ হইবৈ কিরুদেশ

ফলতঃ সার্বভৌম মহাশয়ের সৌমা মূর্ত্তি এবং তৎকর্ত্ব অতি মধ্রভাবে প্রদত্ত শিক্ষা ভূদেব বাব্র মনে বাল্যকাল হইতেই অতি দৃচরূপে
অন্ধিত হইয়া গিয়াছিল। •উত্তরকালে তিনি যে স্থনিপুণ শিক্ষক হইয়াছিলেন—ছাত্রদিগের সহিত সহামভূতি দারা তাহ দের মনের ভিতর প্রবেশ করিয়া সকল কথা তাহাদিগকে অতি স্থলররূপে ব্রাইয়া দিতে
শীরিতেন, সার্বভৌম মহাশয়ের প্রীতিপূর্ণ বাল্য শিক্ষাপন হইতেই সেই
ক্ষমতার অক্ষ্র হইয়াছিল, এরপ বলা য়য়।

ে তিবিনারায়ণ সার্বভৌম মহাশয় একজন সাধক পুরুষ ছিলেন।

অকদিন রাত্তিতে জপ-সমাপনাস্তে শয়নের পর সপ্র দেখেন যেন কোন

দেবতা তাঁহার জ্যেষ্ঠ পুত্র বিশ্বনাথকে ক্রোড়ে করিয়া লইয়া য়াইতেছেন।

এই অবস্থায় তাঁহার নিজাভন্দ হইলে স্বপ্র সম্বন্ধে নানা বিতর্ক তাঁহার

মনোমধ্যে উদিত হয়। অনস্তর সেই স্বপ্রদৃষ্ট দেবতার মূর্ত্তি বর্ণন করিয়া

খানাকুল কৃষ্ণনগরের তদানীস্তন স্প্রসিদ্ধ তয়শাস্ত্রবিং আগমবাগীশ

মহাশয়কে জাশাইলে তিনি উক্ত দেবতার নাম ধ্যানাদি বলিয়ৢয় দিয়া ঐ

দেবতাকেই কুলদেবতা স্বরূপে স্বীকার ক্রিতে উপদেশ প্রদান করিয়া
বলেন, "তোমার বংশে কথন যেন ভোজনাথীর প্রত্যাখ্যান ও
পরদারাভিমর্যণ না হয়।" তদবিধ ঐ দেবতাই ইইাদিগের কুলদেবতা
স্বরূপে পুজিত হয়েন, এবং ইহার বংশধরগণ সেই তাল্পিক প্রবরের
অক্ষ্ণা পালন করিয়া আদিতেছেন।

১১৯৯ সালের অগ্রহায়ণ মাসে সাক্ষভৌম মহাশয়ের জ্যেষ্ঠপুত্র ৺ বিশ্বনাথ তর্কভূষণ মহাশয়ের জন্ম হয়। তিনি দেখিতে অতি স্থন্দর ছিলেন। তাঁহার স্থগৌর কান্তি, স্থলীর্ম আকার, স্প্রশন্ত ললাট, স্থতীক্ষ চক্ষ্, বেদমন্ত্র ও ন্তবাদি পাঠের উপযোগী অস্থূল ওষ্টান্তর এবং দেবৰুজন-বাঞ্চিত-রাগরঞ্জিত পাদপদ্ম অদ্যাপি কাহার কাহার কার্ত্তর অন্ধিত রহিয়াছে।

বিশ্বনাথ তর্কভ্যণ মহাশয়ের সম্বন্ধে যে সকল বিবরণ জানিতে পারা গিয়াছে, তাহা একটু বিশেষ করিয়াই এই জীবনীতে সন্ধিক্ষ করা যাইতেছে। পিতৃপুরুষগণকে ও পিতামাতাকে ব্রিশে তবে পুত্রক্মে সহজে ব্রিতে পারা যায়।

পুত্র যাহাতে স্থপণ্ডিত হন, সে পক্ষে তর্কভূষণ মহাশয়ের পিতী সার্বভৌম মহাশয় বিশেষ লক্ষ্য রাখিয়াছিলেন। দৈবাশীকাদ-সম্পন্ন পুত্রকে প্রাণাপেক্ষা ভাল বাসিলেও তিনি পুত্রকে অক্রায় আদর ক্লিডের না ; সন্তানের সাক্ষাং স্থথের প্রতি বিশেষ দৃষ্টি না রাথিয়া, তিনি তাহার ভবিষ্যং স্থাপের জন্মই যত্ন করিতেন। বিদ্যাভ্যাস সম্বন্ধে পুত্রকে সর্বাদা বলিতেন, "বাগ্দেবীর তপশু। নিরম্বর না করিলে তিনি প্রসন্ন ইন না।" সরলমনা বালক বিশ্বনাথের পিতৃ-বাকো দৃঢ় বিশাস ছিল। পিতার তৃষ্টিসাধন জন্ম তিনি সর্বাদাই সচেষ্ট থাকিতেন। তিনি এই উপদেশের অমুক্রমে খেলার সময়েও ব্যাকরণের স্বত্তলি আযুত্তি করিতেন। হাড়ুড়ুড় প্রভৃতি থেলাস্থলে স্ক্রোগ্য বালকেরা নির্থক শব্দ ব্যবহার করে, হয় ত বাজনার বোলই আওড়াইতে থাকে, তর্কভূষণ মহাশয়ের সেরপ হইত না। তাঁহার মুখ দিয়া তখন ব্যাকরণের স্ত্র আবৃত্ত হইতে থাকিত। এইপ্রকার নিরন্তর অমুশীলনে সংস্কৃত ব্যাকরণের নিয়মগুলি তাঁহার দিবিশেষ আয়ত্ত হইয়াছিল। পূর্বাশিক্ষিত প্রতিজ্ঞানমূহের সাহাষ্ট্রে গণিতের একটি অভিনব প্রতিজ্ঞ। পূরণ করিলে যেরূপ অপূর্ব আনন্দ হয়, বিশ্বনাথ ব্যাকরণের তুরহ পদসমূহ দাধিবার চেষ্টায় সেইরূপ স্থামুভব করিতেন। সহপাঠীদিগের সহিত কথোপকথনে যে সকল বাঙ্গালা শব্দের

ব্যবহার হইত লৈই সন্তের ও সংস্কৃত বৃংপত্তি করা যায় কি না তাহা সর্বদা চেষ্টা করিয়া দেখিতেন। ব্যাকরণের ক্রমাগত এইরপ আলোচনায় ঐরপ বৃংপত্তি-সাবন তাঁহার পক্ষে অনেকটা সহজ-সাধ্য বিষয় মধ্যেই পরিণত হইয়াছিল। উত্তরকালে তিনি যে 'রামায়ণের' আধ্যাত্মিক ব্যাখ্যা করিতে আরম্ভ করিয়াছিলেন, এই অভ্যাসের বিকাশ তাহাতেই স্কুল্ট প্রতিভাত ইইয়া আছে।

ভর্কভূষণ মহাশ্যের পঠদশার তাঁহার মাতৃদেবী মধ্যে মধ্যে বলিতেন, "বিশু আমার কবে পত্তিত হয়ে ছাত্র পড়াবে! বিশুর ছাত্রের ভাত যদি একদিনের জন্মও রাধিয়া মরিতে পারি তাহা হইলেও আমার জীনি সার্থিক হইল বলিয়া মনে করিব।" সার্বভৌম মহাশ্যের পত্নীর বৃদ্ধই ইচ্ছা ছিল, পুরুষান্তক্রমিক রীত্যন্ত্রমারে তাঁহার পুল্র পণ্ডিত হইয়া ত্ দশটি ছাত্রকে অন্ন দিয়া অধ্যাপনা করিতেছেন, এইটি দেখিয়া গঙ্গালাভ করেন। পুল্রের বা নিজের এতদ্ভিন্ন অন্য কোনরূপ ঐহিক প্রতিপত্তির ইচ্ছা তাঁহার ছিল না! তখন অনেক ব্রাহ্মণ-পণ্ডিতের ঘরেই এই ভাব পুরুষান্ত্রমাক প্রতিষ্ঠিত ছিল। তাঁহার এ আকাজ্ঞা পূর্ণ হইয়াছিল। বস্তুত: ছেলে ভাল হয় অনেকটাই বাপ-মায়ের গুণে। সার্বভৌম মহাশয় এবং তম্পত্নী আপনাদিগের মহন্তঃকরণের অন্তর্মণ উপযুক্ত পুত্রই লাভ করিয়াছিলেন।

তর্কভূষণ মহাশয় বাল্যকালে পিতৃভবনে সংক্ষিপ্তসার খ্যাকরণের কিয়দংশ অধ্যয়ন করিয়া খানাকুল ক্ষুনগরের স্থ্পিদিদ্ধ অধ্যাপক ৺ ভরানীচরণ শিরোমণি মহাশয়ের নিকট উহার অবশিষ্ট ভাগ অধ্যয়মন করেন। ঐ সময়ে স্থবিধ্যাত স্মার্ত্ত ৺ ক্ষুমোহন ক্রায়ালন্ধার মহাশয় তাঁহার সহাধ্যায়ী ছিলেন। ক্ষুনগরে অধ্যয়ন-কালেই পিতা সার্ব্বভৌম মহাশয় গৃহত্যাগ করিলে তাঁহাকেও ক্ষুনগর চতুস্পাঠী পরিত্যাগ করিতে হয়। অনন্তর নানা স্থান পর্যাটন পূর্বাক দামোদেরের পূর্বাপারছ গছা (শিবপুর) গ্রামে আসিয়া উপস্থিত হইলে তথাকার জীমদার ভাতবানী-চরণ গঙ্গোপাধ্যায় মহাশয় তাঁহার রূপ-গুণে মুগ্ধ হইয়া বিশেষ অন্থরোধ পূর্বাক তাঁহাকে নিজস্থানে রাথেন এবং স্বীয় ভাগিনেয় স্থপণ্ডিত পরামচরণ শিরোমণি মহাশয়ের নিকট শ্বতিশাস্ত্র অধ্যয়ন করিবার জন্ম তাঁহাকে অন্থরোধ করেন। তদক্ষসারে তর্কভূষণ মহাশয় তগায় কিছুকাল থাকিয়া শিরোমণি মহাশয়ের নিকট স্বতিশাস্ত্রের আচায়কাণ্ড ও পনকুড়চন্দ্র চক্রবর্তী মহাশয়ের নিকট সিদ্ধান্ত জ্যোতিষ শাস্ত্র অর্থীয় নিকরেন এবং স্বীয় অপরিদীম প্রতিভাবলে উভয় শাস্ত্রেই প্রগাঢ় ব্যুৎপত্তি লাভ করিয়া কলিকাতায় পিতার নিকটে আইদেন।

কলিকাতায় আদিয়া তর্কভূষণ মহাশয় স্থপ্রীমকোটের পণ্ডিত

তর্ঘুমণি বিদ্যাভূষণ মহাশয়ের নিকট স্বতিশান্তের ব্যবহার কাণ্ড অধ্যয়ন

করেন। কলিকাতা সংস্কৃত কলেজের প্রসিদ্ধ অধ্যাপক তর্তকন্ত্র শিরোমণি ও তরামজয় তর্কালয়ার এই সময়ে তাঁহার সহাধ্যায়ী ছিলেন।

এই সতীর্থভ্রয়ের প্রস্পার সৌহার্দ্ধ যাবজ্জীবন অক্ষম ছিল।

ন্তিবপুরে থাকিতেই তর্কভূষণ মহাশয়ের বিবাহকার্য্য সম্পন্ন হয় (১২২৬ সাল)। তিনি ঐ• অঞ্চলের পাণ্ডুগ্রামের, পালধি বংশীয়া 'ব্রহ্মমন্ত্রী' নান্নী কন্তার পাণিগ্রহণ করেন। ব্রহ্মমন্ত্রী দেখিতে প্রমা স্থলরী ও অতিশন্ন গুণবতী ছিলেন। যে সৌন্দর্য্যে প্রকৃত মাতৃভাব ব্যক্ত হয় সেই অন্নপূর্ণা মূর্ত্তি তাঁহার ছিল। কবিবর মাইকেল মনুস্থদন দত্ত তাঁহার বালক-কালে ইহাকে দেখিয়া "রাজলক্ষ্মীর জীবস্ত ছবি" মনে করিয়াছিলেন।

তর্কভূবণ মহাশয় কলিকাতায় আসিলে তাঁহার অশেষবিধ শাস্ত্রজ্ঞান, এবং বিচিত্রা উদ্ভাবনী শক্তির অমুভব করিয়া ৺তারাচাঁদ চক্রবর্ত্তী, ৺চন্দ্রশেষর দেখ এবং ৺দক্ষিণারঞ্জন মুখোপাধাায়—এই তিনন্ধনে তাঁহার নিকটে অনৈকগুলি সংস্কৃত কাব্য গ্রন্থ অধ্যয়ন করেন। তর্কভূষণ মহাশয় পূর্বেক কাহার নিকটে কাব্যশান্ত অধ্যয়ন করেন নাই। কিন্তু তিনি নিজ প্রতিভা, সহাদয়তা এবং ব্যুৎপত্তির বলে অনায়াসেই মাঘ, ভারবি, নৈষধ প্রভৃতি কাব্য-প্রন্থ-নিচয়ের সর্বপ্রকার সৌন্দর্যোর ব্যাখ্যা ক্রিয়া তীক্ষ্ণী ছাত্রদিগের সন্তোষ জ্যাইতে পারিলেন।

• ইংরাজাতে কৃতবিদ্য এই দকল ব্যক্তি তাঁহার ছাত্র হওয়য়, তর্কভূষণ
মহাশীরের ইংরাজ-প্রতিষ্ঠিত দভা-সমিতিতেও গতিবিধি আরম্ভ হইল।

অধুর এড়ওয়ার্ড রায়েন্ সাহেবের প্রথম্নে যে একটা দমিতি ঐ সময়ে
সংগ্রাপতি হইয়াছিল, তর্কভূষণ মহাশয় তাহার পণ্ডিতরূপে নিয়ুক্ত হইেন। কিন্তু ঐ কায়্য তাঁহাকে অধিক দিন করিতে হয় নাই। সভাের:
ভাহাকে দেশাচার এবং দেশধর্মের বিকল্প মতবাদ সকল লিপিবদ্ধ করিতে
বলায়ে, তিনি ঐ কায়্য পরিত্যাগ করেন।

স্বধ্যের অতুল্য উচ্চতা এবং তাহার অন্ত্রানের কার্যাকারিত।
সদ্ধন্ধ পূর্ণভাবে অভিজ্ঞ তর্কভূষণ মহাশ্যের সহিত তাঁহার প্রতিবেশী
দ্বাঙ্গা রামমোহন রায়েরও বিশিষ্ট আলাপ হইরাছিল। কিন্তু তিনি
রামমোহনের অগাব বৃদ্ধিমতী স্বীকার করিয়াও তৎপ্রতি শ্রদ্ধাবান্ হইতে
পারেন নাই।

তর্কভূষণ মহাশয় রায়েন্ সাহেবের প্রতিষ্ঠিত সভার পণ্ডিতী পরিত্যাগ করিয়া ত্ই বংসর কাল ভারতবর্ষের নানা তীর্থে ভ্রমণ করেন। পূর্ব্ব দিকে ৺চন্দ্রনাথ, পশ্চিমে ৺কুরুক্ষেত্র, উত্তরে ৺হরিম্বার এবং দক্ষিণে ৺পুরুষোত্তম, এই সমস্ত ভূমিভাগে পর্যাটন করিয়া তিনি উহার অবস্থা সবিশেষ অবগত হইয়াছিলেন, এবং ব্রাহ্মণ-পণ্ডিতদিগের যে প্রকার বিষয়ব্দ্বির ন্যুনতা দৃষ্ট হয়, দেশ-ভ্রমণ-গুণে সে দোষ হইতে সর্ব্বতোভাবে মৃক্ত

হইয়াছিলেন। তর্কভূষণ মহাশয় কলিকাতায় প্রত্যাগত হইলে তাঁহার
পূর্বোল্লিখিত ছাত্রেরা তাঁহাকে পুনর্বার প্রমাদর শকরিয়া লইলেন।
তাঁহাদিগেরই অগতম ৺তারাচাদ চক্রবর্ত্তী মন্ত্রসংহিতার অন্ত্রাদ-কায়্যে
প্রবৃত্ত হইয়া তর্কভূষণ মহাশয়ের সহায়তাপ্রার্থী হইলেন এবং সেই
সাহায়্যলাভে কৃতকায়্ হইলেন। গোল্ডট্ট্রির সাহেব স্বপ্রণীত একখানি
প্রত্বে স্বীকার করিয়াছেন যে, চক্রবত্তীর কৃত মন্ত্রসংহিতার অন্ত্রাদ
য়তদ্র হইয়াছিল, তাহা সার উইলিয়ম্ জোন্সের কৃত অন্ত্রাদের অপেক্ষা
বছগুণেই উৎকৃষ্ট।

মহুসংহিতার অমুবাদ কতকদূর হইয়া গেলে একটা মুদ্রাহন্ত্র স্থাপন করিবার প্রয়োজন বোধ হইল। তর্কভূষণ মহাশয়ের ছাত্রছয়—তারা-চাঁদ এবং চন্দ্রশেখর—সম-পরিমাণে ধনবিনিয়োগ করিয়া একটা মুদ্রামন্ত্র স্থাপন করিলেন এবং বিশেষ অন্মুরোধ করিয়া ভর্কভূষণ মহাশয়কে ভাহার अश्मी खत्रां नहेलन। यष्ठीत नाम विष्याम-यस ताथ। इहेन। किन्द्र যন্ত্র সংস্থাপনের পর কয়েক মাসের মধ্যেই তারাচাঁদ মুন্সেফ হইয়া জাহানাবাদে এবং চন্দ্রশেশর ডেপুটি কলেক্টর হইয়া চট্টগ্রামে গমন করিলেন। স্থতরাং যন্ত্রের সমস্ত কার্য্যভার তর্কভূষণ নীহাশয়ের উপরেই পড়িল। তর্কভূষণ মহাশয় বিশিষ্ট অধ্যবসায়সইকারে ঐ বন্ত্রে অনেকানেক পুস্তকাদি মুদ্রিত করাইতে লাগিলেন। দিদ্ধান্তজ্যোতিষ শাস্ত্রে তাঁহার যে ব্যংপত্তি ছিল, ভাহার প্রভাবে অতি অপুর্ব্বরূপ বার্ষিক পঞ্জিকা প্রকাশিত হইল। উহাই তংকালে কালেজের পাঁজি বলিয়া প্রসিদ্ধ হইয়াছিল। রণজিং সিংহ প্রভৃতি ভারতবর্ষীয় স্বাধীন এবং অপ্যাপর कतम এবং মিত্র হিন্দু রাজগণ যত্নপূর্ব্বক বর্বে বর্বে ঐ পঞ্জিক। গ্রহণ করিতেন। যন্ত্রের এই স্বাধীন কার্য্য হওগত হওয়াতে তর্কভূষণ মহাশয়। বিশেষ সম্ভোষলাভ করিয়াছিলেন। তিনি ল-কমিটির পরীক্ষায় উত্তীর্ণ

হইয়া * আ মুনানিক ১২৪০ সালে বাঁকুড়া জিলার জজ-পণ্ডিতী পদে নিযুক্ত হইয়াছিলেন;• কিছুদিন পরে ঐ পদ উঠিয়া গেলে, যন্ত্রের কার্য্যে সন্তোষ বোধ হওয়াতেই আর তিনি জজ-পণ্ডিতীর জন্য সচেষ্ট হয়েন নাই।

বিদ্বমোদ , যন্ত্র হইতে তর্কভূষণমহাশয়কর্ত্তক যে সকল পুস্তকাদি পুকাশিত হইয়াছিল, তন্মধ্যে শ্রীমদ্ভগবদ্গীতার (কিয়দংশের) টীকায়, ফুঁাহার বেদান্তদর্শনে শ্রদ্ধা—শান্তিশতকের টীকায়, তাঁহার আন্তরিক

শ্রথনকার অনেকেই জন্ধ পণ্ডিন্ডীর স।ট্রিক্ষকেট দেখেন নাই বলিয়াই তাঁহার সার্ন,ক্ষিকেটের অনুলিপি নিয়ে মুদ্রিত হইল। তখন ইংরাজী তারিখের পর বাঙ্গালা তারিখও দিবার প্রথা প্রচলিত ছিল।

We hereby certify that the committee of Examination at the Presidency of Fort William having duly considered the proceedings held on the examination of Viswanatha Turcubhooshana conducted under the provisions of clause III. Section V. Regulation XI. 1829. Do consider the said Viswanath Turcubhooshana to be duly qualified by his knowledge of Hindoo Law to hold the office of Hindoo Law Officer in any of the established courts of Judicature.

I. P. Thomasan President.

J. II. J. Ousley Members of the committee of T. Proeter M.A. Examination.

This certificate has been granted to the said Viswanatha Turcubhooshana under the seal of the committee this twenty second day of January in the year 1833 corresponding with the Eleventh day of the month Magh of the year 1239.

T. PROCTER, M. A.,

Secretary to the committee in the

Sanskrit Department.

বৈরাগ্য—বালবোধিনী নামক বালকশিক্ষার পু্স্তিকায়, তাঁহার শিক্ষা-শাস্ত্রের জ্ঞান—এবং অনেকানেক বাঙ্গালা গদ্য-পদ্য প্রাচীন গ্রন্থের মূদ্রণে তাঁহার বাঙ্গালা ভাষার প্রতি অনুধাগ—প্রকাশিত হইয়াছিল।

ব্যাকরণ, স্মৃতি, জ্যোতিষ ও কাব্য ব্যতীত্ব পুরাণ, তন্ত্র, এবং দর্শনাদি শাস্ত্রেও তর্কভূষণ মহাশয় যথেষ্ট অধিকার লাভ করিয়াছিলেন। ঘটকদিগের কুলগ্রন্থাদিতেও তাঁহার দৃষ্টি ছিল। আযুর্ব্বেদও এক প্রকার ভালই জানিতেন। আযুর্ব্বেদোক্ত পাতৃঘটিত ঔষধও কথন কঞ্চার স্থান্তের প্রস্তুত করিয়াছেন। কোন কোন শাস্ত্রে তাঁহার অপেক্ষাও বড় পণ্ডিত তৎকালে কেহ কেহ ছিলেন সত্যা, কিন্তু ওরূপ স্থান্ড ভূবিং সর্ব্বিদ্দর্শী পাণ্ডিতা * ইদানীস্তন কালে অধিক লোকের হয় নাই। তিনি মধ্যে মধ্যে নানাপ্রকার রাসায়নিক বিষয়ের পরীক্ষা-বিধানে প্রবৃত্ত ইতনে, এরূপও শুনিতে পাওয়া যায়। ক ইংরাজী বিজ্ঞানে শিক্ষিত

ছালড়ো হি চত্রেনি টি চতুর্মুখ ইব স্বয়ং।
স্থান্তিবেদী বিজ্ঞাদক্ষঃ ক্ষিতেট বিতীয় কথাপঃ॥
স্থান্দ্রীক্ষির্দাে হর্মঃ সর্বাশান্তের পারগঃ।
বেদবাাস স্বয়ং ব্রন্ধা বেদগর্ভস্তধা বজৌ।
কেভ্যোপি ন শ্রুতো হীনো ভটনারায়ণো মৃনিঃ।
ক্রিয়াহ নিপুণা এতে সামি বিশ্রুত গৌরবাঃ॥

("সম্বন্ধ নির্ণয়" নামক গ্রন্থে উদ্ধৃত মহেশের কুল-পঞ্জিকা হইতে) .

^{*} স্থৃত্ব পূর্ববর্ত্তিগণের গুণধর্ম বংশমধো পুনরাবৃত্ত হউতে দেখিলে বাঁহাদের আনন্দানুভব হয়, ভাঁহাদের কোঁতূহল-চরিতার্থের জন্ম বলা ঘাইতে পারে বে, তর্কভূষণ মহাশয়ের পূর্বপুক্ষ শ্রহর্ষ শর্মবিং পণ্ডিত" বলিয়া প্রথ্যাত ছিলেঁন।

[†] উদাহরণখন্ধপ বলা যায় স্থানরী কাঠ হইতে চিনি প্রস্তুত করিবার জন্ম তিনি স্থানক প্রীক্ষা বিধান করিয়াছিলেন।

এখনকার দেশীয় ডুড়েন্ডারেরাও যে সকল দেশহিতকর অমুসদ্ধানে প্রবৃত্ত হন না, দর্বপ্রকার জ্ঞানার্জ্জন-লালদার বশবর্তী অপরিদীম উৎদাহ সম্পদ্ধ দৈই অধ্যাপক ব্রাহ্মণ দে সকল কার্য্য-সম্পাদন-বিষয়েও মনোযোগী হইতেন। ফলতঃ সকল বিষয়ে ব্রাহ্মণই থে সমাজের শিক্ষক, এবং পথ-প্রদর্শক —হিন্দু সমাজের এই ঝিষ-প্রতিষ্ঠিত ভাবে তিনি সম্পূর্ণরূপেই অমুধ্রাণিত ছিলেন।

তর্জভূষণ মহাশয় জীবিত কালের শেষাবস্থায় অনেকগুলি ছাত্রকে শীগঙ্গাবত এবং তম্ব শাল্প অধ্যয়ন করাইয়া বিশেষ সম্ভোষ লাভ ক্সিতেন। ভাগবতের ব্যাধ্যায় বেদাস্কদর্শনের স্থত্ত প্রয়োগে এবং তন্ত্র শান্ত্রের শ্রীখ্যায় ঐ শান্ত্রের গৃঢ় এবং প্রকৃত অর্থের উদ্ভাবনে, তাঁহার যৎপরোনান্তি আনুন্দ হইত। তিনি বলিতেন যে তম্ব শাস্ত্রে এবং বেদের শিরো ভাগ উপনিষদে পরস্পর অভিন্ন মতবাদই প্রকটিত হইয়া আছে এবং দদগুরুর সাহাঁয্যে উচ্চাধিকারী তান্ত্রিক সাধকগণ শরীর এবং মনের এত উংকর্ষ সাধন করিতে পারেন যে খ্রীশ্রীজগন্মাতার পদে কামক্রোধাদিকে ছাগ মেষের প্রতিরূপভাবে বলিদান করিয়া দর্ব্ব রিপুঞ্জয়ী হইয়া "শ্বরহর সমান ক্ষিতিতলে" বিচরণ করিতে পারেন ; ভ্রষ্ট মাতাল শাক্ত দেুবিয়া তত্ত্বে অভক্তি বা ভ্রম্ব নেড়ানেড়ি মাত্র দেখিয়া বৈষ্ণব ধর্মে অভক্তি করা অন্তচিত; কোন সম্প্রদায়েরই একান্ত নিরুষ্ট অধিকারিগণ মনোহর নহেন: তন্ত্রই কলির বেদ; তন্ত্রেই শক্তি সঞ্জীব্যুনের উপায়•আছে। তিনি বিধায়া দশমীর দিন কনিষ্ঠাঙ্গুলি দ্বারা কপালে একটা সিদ্ধির ফোঁটা লাগাইতেন মাত্র। তিনি এ বিষয়ের উল্লেখে বলিতেন যে কোন কোন কৌজ ব্যাণ্ডিমদ থাইয়া, কোন কোন ফৌজ বা ভাঙ্ থাইয়া যুদ্ধে ভোপের ম্থে ধাওয়া করিবার সাহস অর্জন করে; আর অনেক ব্রাহ্মণ এবং ছত্রি (ক্ষত্রিয়) দিপাহী শুদ্ধাচারে থাকিয়া সহঙ্ক ভাবেই মনের জোরে যুদ্ধে মৃত্যু

আলিঙ্গন করিতে চলিয়া যায়; উচ্চ ভান্ত্রিক সাধক পৃঞ্চমকারেব প্রকৃত অর্থ জানেন এবং মংস্থা মাংস মদ্যাদি স্পর্শন্ত করেন না; তিনি জগজ্জননীকে মা মা বলিয়া ভাকিয়া অমানিশায় শবসাধন কায়ে মনে তেজ এবং শরীরে বল পাইয়া থাকেন—অত্য কোন প্রকার অসং বা তৃষ্ট "অবলম্বনের" অপেক্ষা রাথেন না,। তিনি বলিতেন যে পুরাণ শাস্ত্র সমৃদ্য লৌকিক ব্যাপারগুলিকে অবলম্বন্দাত্র করিয়া, বেদের শাখা সকলকে ব্যাখ্যাত করে। তাহার মতে মহাভারত গ্রন্থ কশ্ম কাণ্ড বেদকে এবং রামায়ণ উপাসনা কাণ্ড বেদকে * স্থ্রিস্কৃত করিসার উদ্দেশেই প্রণীত হইয়াছিল। তিনি পৌরাণিক সকল আখ্যায়িক রই এক একটী গৃঢ়ার্থ প্রকটিত করিতেন এবং শাস্ত্রোক্ত যাবতীয় দ্বেনমূর্ত্তির তাৎপর্যার্থ যে সেই উপনিষদ্ বেদ্য পুরুষ, তাহা জিজ্ঞাসা করিলে অতি সহজে এবং স্করম্বন্ধ বুঝাইয়া দিতেন।

তর্কভূষণ মহাশয়ের বাহ্ন জাবনী সংক্ষেপে লিখিত হইল। তাহার অন্তর্জীবনী লিখিবার চেষ্টা করিতে গেলে লেখকের মনকে সেই বহু পূর্ব্বগত বৈদিক সময়ে উপস্থাপিত করিতে হয়। তর্কভূষণ নহাশয় প্রক্লক প্রত্যাবে ঋষিতৃলা ব্যক্তিই ছিলেন। তিনি সংসারাশ্রমের সম্লায় কর্ত্ব্য-কর্ম বিশেষ যত্নপূর্বক, নির্বাহিত করিয়াও লোভ, মোহ, মাংস্ব্য, অভিমানাদির সর্বতোভাবে অনধীন এবং শোক, হর্ব, বিষাদ-বিবর্জ্জিত হইয়া স্বর্ব বিষয়ে সম্যুক্ জ্ঞানদৃষ্টি হইয়াছিলেন।

১২৭২ সালের ভাত্র মাসে চুঁচুড়ার বাটীতে একমাত্র পূত্র, এক কন্যা এবং পৌত্র দৌহিত্রাদি রাখিয়া তাঁহার সজ্ঞানে ৮গঙ্গা লাভ হয়। সেম-প্রকাশ পত্রে তাঁহার সম্বন্ধে নিমলিখিত কথাগুলি প্রকাশিত হয়।

^{*} ভাঁহার রামায়ণের আধাাস্থিক ব্যাখ্যার কিয়দংশ "বিখনাথ রামায়ণ"নামে বুধোদুয় । যন্ত্র হইতে ১২৯৭ সালে প্রকাশিত হয়।

मुक्क काम राज्य सिक्क काम काम सिक्क राज्य सिक्क राज्य प्रमुक्क राज्य राज्य राज्य राज्य राज्य सिक्क राज्य सिक्क राज्य प्रमुक्क राज्य सिक्क राज्य सिक्

भिश्वाका कृषि भागकाना, भागका भागका भागका क्ष्मित क्ष्

৺বিশ্বনাথতক ভূষণ মহাশয়ের হস্তাক্ষর ।

"শ্বৰ্দীয় তৰ্কভূষণ মহাশয় একজন অতি প্ৰধান অধ্যাপক ছিলেন। ব্যাকরণ, শ্বতি, পুরাণ, বেদাম্ব এবং জ্যোতিষ শাস্ত্রে তাঁহার প্রগাঢ় ্বাৎপত্তি ছিল। তদ্তির বৈদ্য শাস্ত্র, তন্ত্র শাস্ত্র এবং মিশ্রের প্রণীত ঘটক দিগের গ্রন্থেও তাঁহার বিশিষ্ট দর্শন ছিল। এক এক বিষয়ে কেহ কেহ তাঁহার অপেক্ষা বড় লোক থাকিতে পারেন; কিন্তু তিনি যে সকল বিষয়-শানিতেন তাহা মনে করিতে গেলে তাঁহার দিতীয় ব্যক্তি আর কেহ্ই মাই বলিয়া স্বীকার ক্ষিতে হয়। ৺বিশ্বনাথ তর্কভূষণ মহাশদ্ধের ুক্টী শুর্রপ্রধান গুণ ছিল। সেই গুণ তাঁহার বিদ্যাবতা অপেক্ষাও সমগ্রিক আদুরবীয়। তিনি একান্ত সত্যবাদী এবং স্পষ্টবাদী লোক ছिলেন। "তিনি কথন কাহার গোসামোদ করিতে পারিতেন না। তাঁহার বন্ধান্ত বিলক্ষণ কার্য্যকারী হইয়া তাঁহাকে ভয়, লোভ, কামাদ্ধিবর্গের একান্ত অতীত করিয়াছিল। তিনি এইকালেও প্রাচীন পর্মকে মৃর্ত্তিমান রাধিয়াছিলেন। কি সংস্কৃত ব্যবসায়ী আহ্মণ পণ্ডিত, কি ইংরাজী ব্যবসায়ী নব্য সম্প্রদায়ের লোক, সকলেই তাঁহার সহিত আলাপ করিয়া এবং তীহার তেঁজোগর্ভ সদার বাক্যাবলী শ্রবণ করিয়া তাহার প্রতি ভক্তিমান এবং স্বয়ং ধর্ম কার্য্যে উত্তেজিত হইয়া যাইত্রেন। তাঁহাতে ব্ৰাহ্মণ পদৰাচ্য ধৰ্মশস্তুত্ব গুণ সৰ্ববেজভাবেই বিদ্যমান ছিল।"

তৃতীয় অধ্যায়

→\$≫;•—`

[ভ্লেবের জন্ম ও শৈশব"; ভাইনে থাওয়ার চিকিৎসা। বালাক্রীড়া; মাতার নিকট শিক্ষা; পিতার নিকট শিক্ষা।]

৺ বিশ্বনাথ তর্কভূষণ মহাশয়ের যখন ৩৩ "বংসর বয়:ক্রয় সেই সময়ে অর্থাৎ ১৭৪৬ শকের (সাল ১২৩১) ৩রা ফাল্পন, (ইংরাজী ১৮২৫ খৃঃ অব্দের ১২ই ফেব্রুয়ারি) রবিবার কলিকাতার ৩৭ নং শ্রীভত্তী বাগান লেনে ভূদেব বাবু জন্মগ্রহণ করেন।

জ্যোতিষ শাস্ত্রে অদিতীয় পণ্ডিত । তর্কভূষণ মহাশয় পুর্ক্তের নাক্ষত্রিক নাম রাথিয়াছিলেন। তাঁহার জন্ম নক্ষত্র, রাশি, গণ—সকলই এই ভূদেব নামের অন্তর্নিহিত। জ্যোতিষ শাস্ত্র পারদর্শী ব্যক্তিগণ, সহজেই ইহা বুঝিতে পারেন। শ

[†] শতপদচক্রামুসারে 'ভূ' এই আদ্যক্ষর দারা পূর্ববাবাঢ়া নক্ষল্রের প্রথম পাদে জক্ষ স্টেত। ধনুরাশি, কল্পালয়, বজ্ঞবোগ।

x 8	926	•	জাতাহ	ı
No.	123	۵	75	2¢
6.	7,26	२७	و د	8 9
বৃ	ब् रऽ	8.7	82	¢ S
	1 52.	40	. 3	٠. ن
	बा १३	- Car	२१।८৮	
16			দিন্যান	

^{*} ভট্টপলীর স্বিখাতি জ্যোতিষী ৮ চক্রনাধ চূড়ামণি, তর্কভূষণ মহাশয়ের ছাত্র ছিলেন।

শৈশবাবস্থায় ভূদৈব বাব্র শরীর বড় কয় ছিল। জর ও পেটের পীড়া তথার প্রায় নিতাই হইত। 'হরীতকী বাগানের প্রতিবেশিবর্গের অধিকাংশই তথন নিম্ন শ্রেণীর লোক। তাহারা বলিত, "ছেলেকে তাইনে থাইয়াছে।" বাড়ীর মেয়েরাও উহাদের ঐ কথায় কতকটা বিশাস করিতেন। তথন এ প্রদেশের সহর অঞ্চলেও 'ডাইনে থাওয়া' ভূতে পাওয়া" শ্রভৃতি সহম্বে লোকের বিশাস থ্বই প্রবল ছিল।

তর্ক ভূষণ মহাশয়ের এ সকলে বিশাস না থাকিলেও তিনি সর্বপ্রকার, ত্রত পূজাত্বির শুভকারিতা স্বীকার করিতেন। ভূত ঝাড়ানরে আত্মসঙ্গিক যে ৮ দৈবী পূজা হইত তাহার খাতিরে ভূত ঝাড়ানতেও তাঁহার আপত্তি ছিল না। একবার প্রতিবেশী মেয়েদের সহিত পরামর্শ করিয়া বাড়ীর মেয়েরা ডাইন ঝাড়াইবার জন্ম আচার্য্য বান্ধণ আনাইয়া ঘটস্থাপন পূর্ক্তক পূজা আরম্ভ করাইয়াছিলেন। ডাইন ঝাড়াইবার সময় যাহাকে ডাইনে থাইয়াছে তাহাকে প্রশ্ন এবং আবশ্রক হইলে প্রহারও করিতে হয়, কিন্তু শিশুর সম্বন্ধে এরপ প্রশাদি অথবা প্রহার চলতে পারে না; কাজেই পূজা শেষ হইয়া যাইবার পর ডাইনকে ছেলের ক্ষম হইতে ছাড়াইয়া অপরের ক্ষমে ভর করাইবার আবশ্রক হয়ণ ডাইনের ভর আর অপরে কে লইবে, অধিকাংশ স্থলে ছেলের মাতাকেই উহা লইতে হয়।

ভূদেব বাবুর মাতা পুত্রস্নেহের আতিশয়ে মন্ত্র প্রাঠের সময় একান্ত একাগ্রচিত্ত ও সংজ্ঞাহীনপ্রায় হইয়াছিলেন। ডাইনের ভর হইয়াছে ভাবিয়া শীচার্য্য ব্রাহ্মণ জিজ্ঞাসা করিলেন "তুই কে বল্" এই প্রশ্নের উত্তরে তিনি বলিলেন, "আমি হলধর যুগীর মা।"

^{• &}quot; কেন ছেলেকে খাইয়াছিস্ ?"

[&]quot;বড় স্থন্দর ছেলে বলিয়া।"

পাড়ায় এই কথার প্রচার হইলে দেই বৃদ্ধা যুগীর মাতা তর্কভূষণ মহাশরের বাড়ীতে আসিয়া খুব ঝগড়া করিয়া গিয়াছিল। ভুনা যায় এই ঝগড়া করিয়া চলিয়া যাও়্যার পর হইতেই দেবারে ছেলের রোগ সারিতে আরম্ভ হয়!

ভূদেব বাবুর গাত্রবর্ণ অতি স্থন্দর এবং দেই দঙ্গে তাঁহার মুখঞী এবং অঙ্গদোষ্ঠবাদিও অতি স্থন্দর ছিল বলিয়া তিনি প্রতিবেশিএর্গের মন ও নয়নের অভিরাম ইইয়াছিলেন।

বস্ততঃ শারীরিক সৌন্দর্য্য অকিঞ্চিৎকর পদার্থ নহে। "যক্তার্কীতিউন্তির্গা বদস্তি" (যেখানে স্থন্দর আরুতি, সেখানে গুণ থাকে)—কার্যাটা অব্যাভিচারি-সত্য না হইলেও অনেক স্থলেই ঠিক। এই শরীর-কান্তি হইতেও তাঁহার অনেক স্থবিধা হইয়াছিল বলিয়া মনে হয়। বাঙ্গলার বাহিরে, ভারতবর্ষের অক্যান্ত প্রদেশে তুর্বল বলিয়া বাঙ্গালীর প্রতি অপর সাধারণের অন্তরে যে একটু ঘণার ভাব প্রচ্ছন্ন থাকে, ভূদেব বাব্র স্থানি আকার, স্থন্দর গৌরবর্ণ ও পবিত্র আর্য্যমূর্ত্তি হেতু তাঁহার প্রতি সে ঘণার ভাব কখনও কাহারও অন্তরে স্থান পায় নাই। অনেক সাম্বেরের সঙ্গে তাঁহার যথেষ্ট সৌহার্দ্দ জন্মিয়াছিল। 'একান্ত রুষ্ণবর্ণ এবং ধর্মাকৃতি হইলে হয় ত অমন সহাস্থৃতি তাঁহার প্রতি উহাদের জন্মিত না। হুগলীর ম্যাজিষ্ট্রেট কুকসাহেব তথাকার ডেপ্টী ম্যাজিষ্ট্রেট বাবু শ্রামমাধব রায়কে স্পষ্টই বলিয়াছিলেন, "তোমরা আপনাদিগকে আর্য্য বল, কিন্তু দেশীয়গণের মধ্যে আর্য্যমূর্ত্তি এক ভূদেব বাবু ভিন্ন অন্ত কাহারও আমি দেখি নাই।"

শরীর নীরোগ হইবে এই কামনায় নতিবপুরের নিকটবর্তী জ্বোতরাম নামক স্থানে ক্ষেত্রপাল নামে যে গ্রাম্য দেবতা আছেন, তাঁহার মানতু করিয়া ভূদেব বাব্র চুল রাখা হইয়াছিল। চুল বড় হইয়া ক্রমে জ বাঁধিয়াছিল। শিশু ভূদেব মাঝে মাঝে সেই জটা নাড়া দিতেন। সহচর-বর্গ আংলাদ করিয়া বলিত, "ভূতি তেঁতুল নাড়া দাও ত।" তর্কভূষণ মহাশয় তাঁহাকে "ভূতো" বলিয়া সম্বোধন করিতেন। ইহা শুনিয়া তাঁহার কোন প্রতিবেশী তাঁহাকে এক সময়ে বলিয়াছিলেন, "তর্কভূষণ মহাশয়, অমন স্থলর ছেলে, ওর ভূতো নাম রেখেছেন কেন ?"

শুর্নেই বলা হইয়াছে যে ডাইনে খাওয়া, ডাইন ঝাড়ান প্রভৃতির উপর বহু শান্ত্রদর্শী পরম পণ্ডিত তর্কভৃষণ মহাশ্যের আদৌ বিশ্বাস ছিল না। বিশ্বাস ছিল মান্য করিরাজ ডাকাইয়া ঔষধের ব্যবস্থা করিতেন, এ দিকে তর্কভৃষণ মান্য করিরাজ ডাকাইয়া ঔষধের ব্যবস্থা করিতেন। ভূদেব বাবৃক্তে স্তরাং শৈশবাবস্থায় পীড়ার জন্ম বিশুর ঔষধ ধাইতে হইয়াছিল। প্রায়ই ক্রিয়াজকে হাত দেখান এবং ঔষধ সেবনে অভ্যাস বশতঃ ক্রীড়াচ্ছলে তিন্তির মাঝে মাঝে করিরাজের ত্যায় মৃথমওল গম্ভীর করিয়া অপর ছেলেদের হাত দেখিতেন এবং ঔষধস্বরূপ স্বরকী অথবা ছাইয়ের ওঁড়া পাতা বা কাগজের মোড়ক করিয়া প্রদান করিতেন।

এই বাল্যক্রীড়া উত্তর কালে সার্থক ভাবে তাঁহাতে পরিস্ফৃট হইয়াছিল। আয়ুর্বেদ শাস্ত্রে অনেকটা প্রবেশ ছিল বলিয়া তর্কভূষণ মহান্যস্ত
চিকিৎসা সম্বন্ধে কবিরাজনিগকে সময়ে সমস্বে সংপ্রামর্শ দিতে পারিতেন।
ভূদেব বাব্ও হোমিওপ্যাথি চিকিৎসা শাস্ত্র উত্তমরূপ শিক্ষা করিয়া
৺কাশীধাম চুঁচুড়া এবং অপরাপর স্থানে অন্তেকের উৎকট ব্যাধির
চিকিৎসা করিয়া কতকার্য্য হইয়াছিলেন। কবিরাজী এবং এলোপ্যাথিক
চিক্রিৎসা শাস্ত্রও তিনি সম্বন্ধ দেখিয়া তৎসম্বন্ধেও অনেককে স্থপরামর্শ
দিতে পারিতেন। রোগের চিকিৎসা এবং রোগীর সেবাতে যে চিরকালই তাঁহার মন একাস্তই একাঞ্জ হইত তাহার স্বচনা তাঁহার এই
বাল্যক্রীড়াতেই হয়।

পারিবারিক প্রবন্ধের 'তাক্তার দেখান' এবং 'রোগীর সেবা' নুশীর্থক ছুইটী প্রবন্ধে রোগ ও চিকিৎসা সঁদ্ধন্ধে ভূদেব বাবুর ব্যবহার ও মতাদি লিপিবদ্ধ আছে। বাল্যে রুগ্গাবস্থায় তিনি তাঁহার স্নেহপূর্ণ পিতা মাতা ও পরিবারবর্গের নিকট যেরূপ ভাবে যত্ন পাইয়াছিলেন তাহাই ঐ অত্যাচ্চ মতবাদ ও ব্যবহারের মূল বলা যাইতে পারে।

তিনি বলিতেন, রোগীর সেবাতেই প্রকৃত মন্থয় । ইতর জ্বন্টর।
পালের একটার ব্যারাম হইয়াছে দেখিলে স্থান ত্যাগ করিয়া পলাইয়া
যায়। তিনি আরও বলিতেন যে, লোকে উকিল্ল বা এটর্ণির বাড়ী হটুতে দিলিলের মুস্থবিদা করাইয়া তাহাও একবার পড়িয়া দেখে, কিন্তু ডা ক্রারেট্র
ব্যবস্থাপত্র (প্রেসক্রিপসন) সাধারণতঃ কেহ কথন পড়িয়া দেখে না,
অথচ ডাক্রারের হাতে যাহা নির্ভর করা হয়, তাহা সামান্ত বিষয় সম্পত্তিনাত্র নহে—প্রীতিভাজনদিগের প্রাণ! কোন্ ছেলের কোন্ ঔষধে সোন্
রোগ আরোগ্য হইল, উহা গৃহস্থের জানিয়া রাখা একাস্ত আবশ্রক।
পরে সেইরূপ অস্থ্যে ঐ জ্ঞান অম্ল্য হইয়া দাঁড়ায়। ঠিক সেই ঔষধটী
প্ররায় ডাক্রারের মনে না পড়িতে পারে। মনে করিয়া দিতে না
পারিলে, হয় ত অন্ত দশটা ঔষধ খাওয়াইয়া রোগের প্রতিকার হয় না।
ইংরাজীতে একটী প্রবাদই আছে, "চল্লিশ বংলর পার হইবার পরও যে
কিছু চিকিৎসা জানে না সে গওমুর্থ।"

বে সময়ে সার্বভৌম,মহাশয় হরীতকী বাগানে আসিয়া বাস করেন তথন উহা কলিকাতা সহরের একটি প্রান্তবর্ত্তী স্থান ছিল এবং লোকের বসতি অধিক ছিল না। তথন ঐ পল্লীতে যুগী, তাঁতি, ভাঁড়ি এবং ভোমের বাসই অধিক ছিল স্বতরাং ডোম বালকদিগের সহিতও ভূদেব বাবুকে শৈশবে খেলার সংস্রবে পভ়িতে হইয়াছিল। সংসর্গের দারা দোষ কিরপ প্রক্রিয়ায় সংক্রামিত হইয়া পড়ে এবং কিরপ পরিবারের মধে কিরূপ সাতার পালনে ছেলে ভাল হইতে পারে ভূদেব বাবুর বাল্য-জীবনের আখ্যায়িকায় তাহা স্থপরিষ্ফুটী।

একদিন রামজী নামক জনৈক প্রতিবাদী ডোমের ছেলের সহিত থেলা করিতে করিতে ভূদেব বাবু উহাদের কুটারের সন্মুথে গেলেন। বাড়ী ঘাইয়াই রামজী উহার মাকে ডাক দিয়া বলিল, "গুণেকোর বেটা একিকে আয়।" এই কথার রামজীর মা হাদিয়া নিকটে আদিল এবং আদির করিয়া রামজীর পিট চাপড়াইতে লাগিল। ভূদেববাবু মনে করিলেন, তবে ত এ খ্ব ভাল কথা; তিনি বাড়ী পৌছিয়াই আঁপনার নাতার প্রতি এরপ উক্তি করিলেন! কিন্তু এ কথা শুনিয়া রামজীর মা রামজীকে ঘেরপ আদর করিয়াছিল, তাঁহার মা তাঁহাকে সেরপ আদর করা দ্রে থাকুক, যে মা তাঁহাকে এত ভাল বাদিতেন, এত আদর করা দ্রে থাকুক, যে মা তাঁহাকে এত ভাল বাদিতেন, এত আদর করিতেন, দেই মা আজ কোধে ও ত্থে বলিয়া উঠিলেন, "হাারে এই জন্মেই কি তোকে পেটে ধরে ছিলাম"—এই বলিয়া তিনি পুত্রকে যথোচিত প্রহার করিলেন। মায়ের নিকটে ওরপ প্রহার ইতিপৃক্ষে আর কোন দিন ভূদেব বাবুকে সহ্ম করিতে হয় নাই। তিনি একেবারে বিশ্বয়ে অভিভূত হইলেন; দেখিলেন, যে কথায় রামজীর এত, আদর, সেই কথাতেই তাঁহার এঙ প্রহার!

পরিবার মধ্যে সর্বপ্রকার অপব্যবহারের প্রতি এরপ আন্তরিক ঘণা এবং তাহার জন্ম কঠোর শাসন থাকায় উচ্চ ধোণীর হিন্দু শন্তানকে যে সাধারণ লোক হইতে সর্বতোভাবে বিভিন্নরপ আচরণ করিতে হয়, ভূদেব বারু, অল্প বয়সেই তাহা স্কম্পট্ররপে ব্রিতে পারিলেন, এবং বয়োর্ছির সহিত ব্রাহ্মণবংশস্থলভ আত্মগৌরব-সম্পন্ন হইয়া উঠিলেন।

তর্কভূষণ মহাশয়ের সংসারে দেব ব্রাহ্মণের প্রতি প্রগাঢ় ভক্তি ও আন্তরিক সম্মান ছিল। তাঁহার পত্নীর ভক্তিপ্রবণতা একটু বিশিষ্টরূপেই উল্লিখিত হইবার যোগ্য। কথিত আছে, তিনি ইষ্টমন্ত্র জপের সময় ক্থন কথন বাহ্-জ্ঞান শৃত্য হইতেন; এবং সাংসারিক সর্ববিপ্রকার ক্লেশের সময় একবার ঠাকুর ঘরে প্রবেশ করিয়া তথা হইতে ফিরিয়া আদিলেই যেন আমার্ছিক প্রশান্তি লাভ করিতেন। তিনি স্বামীকে দেবতুল্য ভক্তি করিতেন এবং প্রত্যহ প্রাতে স্বামীর পাদোদক শংশ্রহ করিয়া রাখিতেন। উহা পান না করিয়া জ্লগ্রহণ করিতেন না

যথন ভূদেব বাবুর বয়:ক্রন তিন কি চারি বংসর মাত্র, তথন একদিন ক্রীড়াচ্ছলে তিনি তর্কভূষণ মহাশ্যের চম্মপাত্রকা পায়ে দিয়াছিলেন্ধ। 'শাছে পিতার জুতা পায়ে দেওয়ার অধর্মহেতু সন্তানের ও পরিবার্বর্গের। অকল্যাণ হয়, তজ্জন্য তর্কভূষণ মহাশ্যের পত্নী নিজে উদ্দেশে বারীবার প্রণান করিয়া ছেলের অপরাধের ক্ষমা প্রার্থনা করতঃ তৎক্ষণাৎ সেই জুতা পুত্রকে মন্তবেন বহন করাইয়া তাহার পাপের প্রায়শ্চিত্ত করাইয়াছিলেন /

এইরপ নাতার গুণেই শিশুর মনে পিতৃ মাতৃ ভক্তি ও ধর্মে আয়ার প্রকৃত ভিত্তি সংস্থাপিত হইয়া থাকে। এথনকারকালে অধিকাংশ প্রালোকেরই, পুরুষদিগের চপল ব্যবহারের দোষে, স্বামীর উপর আর ওরপ আ্রুরিক দেবতুল্য ভক্তি দেখিতে পাওয়া যায় না। তাহাতেই তাহাদের শিশুপুত্রের ওরপ ধরণের কায়্য আর অকল্যাণকর বিলিয়া আতম্ব হ্য না, এবং শৈশব হইতেই ভক্তিহীনতার অস্কুর উৎপন্ন হওয়ায় তাহারা আর মাতা পিতা গুরুজনকে প্রকৃত হিন্দুর লায় প্রগাঢ়রূপে ভক্তি করিতে শিথে না। গুরুজন এতই সম্মান ও ভক্তির পাত্র যে তাঁহাদের দিকে পারাখিয়া বদিলে বা শয়ন করিলে কচি ছেলেরও পাপ হয়, এই ভাবে পরিবার্ম্ম্য সকলে আচরণ করিলে তবে না আশৈশব সংস্কার ও শিক্ষার প্রভাবে ছেলেরা বড় হইয়া গুরুজনের সম্মান রক্ষা করিবে। শৈশবের নীতিশিক্ষা সম্বন্ধে দেশের অবস্থা ক্রমশঃই শোচনীয় ভাব ধারণ করিতেছে!

এই উপলক্ষে ব্রহ্মমন্ত্রী দেবী সম্বন্ধীয় আরও কয়েকটী কথা বলা। অপ্রাসন্ধিক হইবে না।

ভ্দেব বাব্র পিতা তর্কভ্ষণ মহাশ্যের ভাই তিনটি ভালরূপ লেখা পদ্ধা শিখিতে পারেন নাই বলিয়া তর্কভ্ষণ মহাশয় সর্বাদা হংখিত খাকিতেন; কিন্তু তাঁহাদের ষত্ম বা লালন পালনে তাঁহার বা তংপত্মীদারা কেগন কোন প্রকারে অনুমাত্র কাটি হয় নাই। সর্ব্বপ্রকার ক্ষুত্রতা পরিশৃত্যা ব্রহ্মময়ী দেবী ঐ সমস্ত দেবর ও দেবরপত্মীগণকে অপত্য ক্রিশেষে যত্ম করিতেন। তিনি প্রত্যহ বৈকালে অবকাশ সময়ে যখন ঘুন্দী ভাষা, পৈতা তোলা, চুলের দড়ি বিনন ইত্যাদি কর্ম করিতেন দে সময়ে দেবর পত্মীগণকে লইয়া ঐ সকল কাজ কর্মা শিক্ষার সঙ্গে দঙ্গেরাণিক গাল্লও করিয়া তিনি শ্রোতার মনে আর্ধ্যনীতি প্রথিত করিয়া দিতেন। তাঁহার চরিত্র ভাবিতে গেলে বোধ হয় যেন তিনি নিরন্থর দেবভূমিতে বিচরণ করিতেন; অথচ তিনি কথন বর্ণমালা পাঠ করেন নাই। তাঁহার এ সকল শিক্ষার গুকু তাঁহার দেবকল্প স্থামী বিশ্বনাথ।

বাহারা • স্ত্রীশিক্ষার পক্ষপাতী এবং অশিক্ষিতা মাতার সন্তান ভাল হইতে পারে না বলিয়া মনে করেন, তাঁহাদের মত ভ্রান্ত নহে। ফলতঃ ব্রহ্মমন্ত্রী দেবীর ক্যায় নিরক্ষর অথচ "প্রকৃত প্রস্তাবে উচ্চশিক্ষিতা" মাতারই ভূদেববাবুর ক্যায় স্বধর্মভক্ত এবং স্বদেশভক্ত শক্তিমান্ সন্তান, হইয়াছিল। ভক্তি ও নীতি সন্থক্কে অতি নিকৃষ্ট ভাবে শিক্ষিতা, পুস্তক পাঠ নিপুণা—আধুনিক মহিলাগণ কিরপ সন্তানের জননী হইতেছেন ?

ব্রহ্মময়ী দেবীর গুণে তাঁহার দেবরগণ তাঁহাকে মাতৃতুল্য ভক্তি করিতেন। তিনি স্নেহময়ী মাতার ন্যায় তাঁহাদের অভাব অহুভব করিয়া তাহার প্রণে চেষ্টা করিতেন। একদিন বৈকালে বিশ্বমেয়ী দেবী নিয়মিত ঘুন্দী ভাঙ্গিভেছিলেন। দেজ দেবর পা টিপিয়া টিপিয়া তাহার নিকট দিয়া ছই একবার চলিয়া বেড়াইলেন। দেজ দেবরের তপন বিবাহ হইয়া গিয়াছে। দেবী দেখিতে পাইয়া বলিলেন:—"দেজ ঠাকুরপো, অমন 'শেয়ালি জাঙালি' করিয়া বেড়াইতেছ কেন? কিছু কথা আছে কি?" দেজ দেবর উত্তর করিলেন, "না, এমন কিছু নয়।" "এমন কিছু নয়! আজ তুমি শশুর বাড়ী যাবে, না?" "হা"। "তবে বিলম্ব কেন? শশুর বাড়ীতে থরচ করিবার জন্ম কয়টি টাকা পাইয়াছ?" "গাঁচটি।" "বুঝেছি, পাঁচটিতে হইবে না; পাড়াগাঁ, দেখানে অনেকি দন্দেশ খাইতে চাহিবে।" এই কথা বলিতে বলিতে পায়ের নল উন্মোচন করিয়া হন্তে গ্রহণ প্রকি, "এই লও, বন্ধক দিয়া পাঁচটি টাকা ধার কর গিয়া—কিন্তু দেখ ভাই, অধিক লইও না; আর সাবধান, বেচিয়া ফেলিও না।"

কোনরূপ অন্তায় ব্যবহার দেখিলে ব্রহ্মময়ী দেবী দেবরগণকে তেরূপ ভাবে শিক্ষা দিতেন তাহাও অতি স্থলর। মাণিকতলা নিবাসিনী একটি বৃদ্ধা, 'ক্ষমা', নাম্মী একটি যুবতীকে সঙ্গে লইয়া ব্রহ্মময়ী দেবীর নিকট প্রায়ই আসিত। ব্রহ্মময়ী দেবী সকলকেই যত্ন 'করিতেন, ঠাকুরদের কথা ভনাইতেন, আবশুক্মত টোট্কা ঔষধ বলিয়া দিতেন, সেরূপ কোন ঔষধ ঘরে থাকিলে দিতেন। এই সকল কারণে অনেকেই তাঁহার নিকটে আসিত। 'ক্ষমা' নাম্মী যুবতীটির উপর একটি দেবরের কুদৃষ্টি পড়িয়াছে বলিয়া তাঁহার একদিন একটু সন্দেহ হওয়ায় ব্রহ্মময়ী দেবী তাঁহাকে শিক্ষা দিবার জন্ম বলিলেন, 'ঠাকুর পো! ঐ যে 'ক্ষমা' ব'লে মেয়েটি আমাদের বাড়ী আসে দেখেচ, দেখতে অনেকটা ঠাকরুণের মত; আমার ওকে দেখলেই ঠাকরুণকে মনে পড়ে। ঠাকরুণকে তোমার মনে পড়বে

না; তিনি মুখন গিয়াছেন তখন তুমি খুব ছোট। আমি আজ অবধি ক্ষমকে 'শাশুড়ী' বলিয়া ডাকিব।"

ব্রহ্মময়ী দেবীর আন্তরিক ভক্তিমন্তা নিবন্ধনই "যেন" কোন সময়ে একট্ অলোকিক উপায়েই তিনি বিশেষ উপকার পাইয়াছিলেন। এক সময়ে তর্কভূষণ মহাশুয় অসহ শিরংপীড়ায় কট পাইতেছিলেন, ভূদেব ব্লাবুর নাক দিখা অনেকটা করিয়া রক্ত পড়িত এবং তাঁহার **শিশু ভ**গিনীর চক্ষু উঠিয়া শেষে উহা নষ্ট হইয়া যাওয়ার উপক্রম হইয়াছিল। একদিন কুন্তা ক্রোড়ে লইয়া দালানে বদিয়া ত্রহ্মমন্ত্রী দেবী স্বামীর, পুত্রের ও কন্তার অক্ট্রপের কথা ভাবিতে ভাবিতে একাগ্র মনে উহাদের কল্যাণ চিন্তা করিতেছিলেন; এমন সময়ে হঠাং একজন সন্মাসী ঐ স্থানে প্রবেশ করিলেন। ব্রহ্মময়ী দেবা ভিক্ষা দিতে উঠিলে তাঁহার মুখের দিকে চাহিয়া ঐ সাধু পুরুষ বলিলেন "মা! তুমি দর্ব্ব স্থলক্ষণযুক্তা; তোমার মুখে এরপ গভীর বিষাদের রেখা কেন ?" তিনি কারণ উল্লেখ করিবা মাত্র সন্ধাসী বাড়ীর সাম্নের পতিত জমি হইতে ২।৪ টা বিভিন্ন পাতা আনিয়া কাহার জন্ম চক্ষের প্রলেপ, কাহার মাথায় প্রলেপ এবং কাহার নাকে রস ট্রানিয়া লওয়ার ব্যবস্থা করিয়া দিলেন; এবং আ্হার কালে জল পান ক্রা না হয়, এরপ উপদেশ, দিয়া গেলেন। আশ্চর্য্যের বিষয় এই ধ্য ঐ সকল কঠিন রোগই একবার মাত্র ঐ সকল ঔষধ প্রয়োগে সম্পূর্ণরূপে আরোগ্য হইয়া যায়। সময়ে সময়ে এমুনই অসামান্য ক্ষমতাশালী সাধুপুরুষগণ এই পুণ্যভূমিতে ভিক্ষ্কের বেশে পর্যাটন পবিত্রাত্মাগণ ভিন্ন অপরে তাঁহাদের প্রকৃত দর্শন প্রাপ্ত কুরেন! रुन ना।

হাতে থড়ি হইবার পূর্ব্বেই ভূদেব বাবু তাঁহার পিৃতার নিকট হইতে অনেকগুলি সংস্কৃত শ্লোক শিথিয়াছিলেন। ঐ সমস্ত শ্লোক তিনি প্রত্যহ

প্রাতে পিতৃসমীপে আবৃত্তি করিতেন। তর্কভূষণ মহাশয়- ক্লাদি কবির প্রথম শ্লোকটা

> "মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ। যং ক্রোঞ্চমিথুনাদেকম্বধীঃ কামমোহিত্যু॥"

পুত্রকে সর্বপ্রথমে কণ্ঠস্থ করাইয়াছিলেন। এতিয়াতীত পিত। পুত্র এক সঙ্গে ভাঁটা থেলিতেন, তীর ছুঁড়িতেন, প্রাক্তে ও সন্ধার সময় অনেক প্র দৌড়াদৌড়ি করিতেন: কলিকাতার ভিতরে গাছপালাগুল। কম হয় এজস্ত যথন পুত্রের বয়স ৫।৬ বংসর মাত্র তথন ডিনি মধ্যে মধ্যে এক গ্রীবাগানে লইয়া গিয়া ভিন্ন ভিন্ন গাছ ও তাহাদের পাতা ফুল দেগ্রিয়া তাহাদের নাম বলিয়া দিতেন। * ফল কথা, পুত্রের শারীর ও মানস্বৃত্তিগুলি যাহাতে সম্যক্ ফুরিত হইতে পারে তর্কভূষণ মহাশয় কায়মনোন্বাক্যে সে চেষ্টা করিতেন। পুত্রের বয়স য়থন সাত্র বংসরের ও কয়ে, তথন একদিন তর্কভূষণ মহাশয় তাঁহাকে একটু ঘুরাইয়া ফিরাইয়া মাণিকতলার একটা বাগানে আনিয়া একাকী ছাড়িয়া দিয়া বলিয়াছিলেন, "তুমি একেলা এখান ইইতে বাড়ী যাও।" বালককে এ সময় হইতেই আত্মনির্তান শিক্ষা দেওয়া তাঁহার উদ্দেশ্য ছিল। এরপ পবিত্র স্বভাব অসাধারণ সংয্মশীল শাস্ত্রজ্ঞ স্থিরবৃদ্ধি স্বেহ্ময় পিতার চেষ্টা দেখনই বিফল ইইতে পারে না।

^{*} পারিবারিক প্রবন্ধ ৪১তম প্রবন্ধ।

.চতুৰ্থ অধ্যায়



[বিদ্যারন্ধ।---সংস্কৃত কলেজে অধ্যয়ন-- ইংরাজী শিক্ষায় অনুরাগ---সংস্কৃত কলেজ পরিত্যাগ--শেষে হিন্দু কলেজে প্রবেশ।]

পঞ্চনবর্ধ বয়দের পূর্বে ভূদেব বাব্র অক্ষর পরিচয় হয় নাই। তথনকার দিনে আজকালের তায় ছেলেকে লেখা পড়া শিখাইবার জতা বাপ
নায়ের এতটা 'তাড়াতাড়ি' ছিল না। ১২।১৩ বংসর বয়দে এট্রান্স পাস
করাইবার জ্বা চারি বংসরের ছেলেকে স্কুলে পাঠান তথনকার লোকের
স্থপেরও অগোচর ছিল। তথন বিধি অনুসারে সকল কাজই উপযুক্ত
সময়ে অনুষ্ঠিত হইত।

পিতামহ সার্বভৌম মহাশয় ভূদেব বাব্র হাতে গছি দেন। বাড়ীতে কিছু বাঙ্গালা পড়িয়া এবং সংস্কৃত পড়িতে আরস্ক করিয়া নবম বংসর বয়ঃক্রমকালে ভূদেব বাব্ সংস্কৃত কলেজে প্রবিষ্ট হন, এবং তথায় কিঞ্চিদিবিক ত্ই বংসর স্কর্যায়ন করেন। ঐ সময়ের মধ্যে অধিকাংশকাল হরনার্ধ তর্কভূষণ মহাশয়ই তাঁহার অধ্যাপক ছিলেন। ৺ঈশরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় ও তাঁহার সহোদর ৺দীনবন্ধ ভায়য়য়ৢ—ইহারা তংকালে সংস্কৃত কলেজের ছাত্র ছিলেন। বিদ্যাসাগর মহাশয় তথন ৺গঙ্গাধর তর্কবাগীশের শ্রেণীতে, এবং ভায়রত্ব মহাশয় ৺হরিনাথ ভট্টাচার্ম্যের শ্রেণীতে অধ্যয়ন করিতেন।

সংস্কৃত কলেজে ভর্ত্তি হইয়া ভূদেব বাবু যথেষ্ট মনোযোগ ও পরিশ্রমের সহিত পড়া শুনা করিতে লাগিলেন। অধ্যাপক হরনাথ তর্কভূষণ মহাশয় তাঁহাকে পুত্রের ন্যায় ভাল বাসিতেন। ৺ভরতচক্র শিরোমণি, ৺রামজয় তর্কালয়ার, ৺উমাকাস্ত তর্কালয়ার—এই কয়জন মহামহোপাধ্যায় পণ্ডিত ঐ সময়ে সংস্কৃত কলেজের অধ্যাপক ছিলেন। তর্কভূষণ মহাশয়ের সহিত ইহানের সকলেরই বরুছ ছিল। ইহারা যখনই হরীতকীবাগানে তাঁহাল সহিত সাক্ষাং করিতে আসিতেন, তখনই ভূদেব বাবুর সংস্কৃত ব্যাকরণের পরীক্ষা লইতেন, এবং পরীক্ষার ফল দেখিয়া সকলেই সম্ভোষ প্রক্রাশ করিতেন।

ইংরাজী পড়িতে আরম্ভ করিয়াও প্রথম প্রথম সংস্কৃতের উপর তাঁহার ষত্র কমে নাই। অধ্যাপক হরনাথ তর্কভূষণ মহাশম্ম ইদানীং স্বশ্রেণীস্থ বালকদিগকে শিক্ষাদান বিধয়ে কতকটা শিথিলয়ত্ব হইয়াছিলেন। তাঁহার ্রেশীস্থ কোন কোন ছাত্র সংস্কৃত পড়িবার সময়েই ইংরাজী শিক্ষকের
নিকটে থাইয়া ইংরাজী শিক্ষা করিত, অথচ তিনি তাহাতে কোনরূপ
উচ্চবাচ্য করিতেন না। ছৈলেরা অভ্যন্ত বিষয় ভূলিয়া থাইতেছে,
কিন্তিসে দিকে লক্ষ্য করিতেন না; ছাত্রগণকে পঠিত বিষয়ে প্রশাদি
করার প্রথা একপ্রকার বন্ধই ইয়া গিয়াছিল।

এ দিকে উলাইন সাহেব অতিশয় যত্ন ও আগ্রহের সহিত ইংরাজী শিক্ষা দিতেছিলেন। তাঁহার তায় উদামশীল ইংরাজী শিক্ষক যে শিথিল-ব্যক্তব্দেশীয় শিক্ষকের নিকৃট হইতে বালকের মন একেবারে সরাইয়া ফেলিতে পারিবেন, তাহাতে আর বিচিত্রতা কি ? এক পক্ষে উলাইন সাহেবের শিক্ষাদানের মপ্রণালীতে ও ষত্নে মৃশ্ব হইয়া ইংরাজীর প্রতি ভূদেব বার্র অম্বরাগ ক্রমশঃ যেমন বর্দ্ধিত হইতে লাগিল, অত্য দিকে সংস্কৃতা-পান্ধিক হরনথে তর্কভূষণ মহাশয়ের উলাসীতে সংস্কৃতের প্রতি তাঁহার যত্ন দিন দিন তেমনই কমিয়া আসিতে আরম্ভ হইল। অধিকস্ক তাঁহার পিতা তর্কভূষণ মহাশয় তীর্থ দর্শনাদি জত্ম দীর্ঘকাল প্রবাসে থাকায় বাটীতেও সংস্কৃতের পরীক্ষা কিছুকাল ধরিয়া বন্ধ হইয়া গিয়াছিল, নচেং পিতার নিকট পাঠ্যপুত্তক শম্বন্ধে প্রশ্নের উত্তর দিতে হইবে, এ ভয়টুকু থাকিলে সংস্কৃতের শিক্ষায় ভূদেব ঝার্র অবহেলা হইতে পারিত না।

একদিন তর্কভূষণ মহাশয়ের অধ্যাপক রামচরণ শিরোমণি মহাশয় হরীতকী বাগানের বাটীতে আসিয়া উপস্থিত হইলেন। ,

তর্কভূষণ মহাশয়ের বাটীতে শিরোমণি মহাশয় ইতিপূর্বে আরও কয়েক্সবার আসিয়াছিলেন। যথনই আসিতেন তথনই ভূদেব বাবুর শরীক্ষা গ্রহণ করিতেন এবং পরীক্ষার ফল কথন মন্দ হইত না। এবারে দেখিলেন ভূদেব বাবুর ব্যাক্ররণের অভ্যাস নাই। কলেজে মুশ্ববোধ শেষ করিয়া ধাতুগণ পড়া ইইতেছিল, কিন্তু পরীক্ষা দিবার সময়

ভূদেব বাবু ব্যাকরণের সহজ সহজ স্থতে ঠেকিতে লাগিলেন। তথন ভূদেব বাবু শিরোমণি মহাশয়কে অন্তনয় ক্রিয়া বলিলেন, "মহাশয় আজ আর আপনি আমাকে কোন প্রশ্ন করিবেন না, আজ রাত্রিতে আমাকে একবার সমগ্র পুত্তকথানি দেখিয়া লইতে দিন, কাল পুনরায় প্রীন করিবেন; তাহা হইলে অপেক্ষাকৃত দুলাল বলিতে পারিব।" এই কথা বলিবার অব্যবহিত পরেই তর্কভূষণ মহাশয় বাটীতে আদিয়। উপস্থিত হইলেন। শিরোমণি মহাশগ্ন তৎক্ষণাৎ তাঁহাকে ডাকিয়া বলিলেন, "তর্কভূষণ! ছেলেটি যে রাখাল হুইল।" তখন গুরুছ়। শি🏎 উভয়ে মিলিয়া প্রশ্ন করিতে আরম্ভ করিলেন। ভূদেব বাবু 餐 তিপূর্টেক যাহা হুই একটা বলিতে পারিতেছিলেন, এখন তাহাও পারিলৈন না। সন্ধির সূত্রেও ভুল হইতে লাগিল! একমাত্র পুত্রের পাঠে এরপ অবহেলা দেখিয়া তৰ্কভূষণ মহাশয় বড়ই ক্ষুব্ধ হইলেন, এবং কতকটা ক্রেণ্ডেধর বশবর্তী হইয়া পুল্রকে যথেষ্ট প্রহার করিলেন। প্রহারটা গুরুতরই হুইয়া পড়িল। সে রাত্রে কাহার কিছু আহার হুইল না। পর দিন প্রত্যুষে তর্কভূষণ মহাশয় পুত্রকে বিছানা হইতে উঠাইলেন, এবং অভাভ দিন তাঁহাকে যেরপ হাত মুথ ধুয়াইয়া দিতেন, দেদিনও দেইরূপ করিলেন। অতঃপর তাঁহাকে চণ্ডীমণ্ডপে আনিয়া বদাইয়া বলিলেন, "অমন করে কি পড়া শুনায় অবহেলা করিতে আছে ? একেবারে সব ভূলিয়া গিয়াছ; পড়।" পুলু বলিলেন, "আমি আর সংস্কৃত পড়িব না।" ত্র্কভূষণ মহাশয ও কথার কোন উত্তর না দিয়া পু'থিখানি নিজে নিকটে আনিয়াছিলেন এবং উহা খুলিয়া পুলের সম্মুধে রাখিয়া বলিলেন, "গোড়া থেকেই আ্রঞ্চ কর।" পুত্র চক্ষু বুজিলেন!

বালক ভূদেবের তথন মনে হইতেছিল, "শিরোমণি মহাশয় ৢ একটা রাত্রি অপেক্ষা করিলে পুস্তকথানি একবার আগাগোড়া দেখিয়া লইতে পারিতাম'; মৃথস্থ করা পুস্তক একবার দেখিলে অনেকটা মনে পড়িত; শিরোমণি মহাশয়কে একটু সময় দিবার জন্ম এত অন্ধনন করিলাম কিন্তু তিনি তাহা গ্রাহ্ম না করিয়া 'শুধু শুধু' আমাকে নার করিয়া উলাইন সাহেবের ধর্ম্বৈর কথা তাহার মনে হইল। তিনি ভাবিলেন থেশংস্কৃত শিখিলে, মানুষ যথন এমনই নির্দ্ধিয় হইতে পারে, তথন সংস্কৃত শিক্ষা ভাল নয়। ইংরাজা বিদ্যা খাহারা শিথিয়াছেন, তাহারা ভিন্ন-জানীয় ছাত্রকেও কত যত্ন করিয়া পড়াইয়া থাকেন; এরপ অবভায় ইংরাজী বিদ্যা শিক্ষা করাই ভাল।

চিত্তের এইরূপ ভাবান্তর সংঘটিত হওয়ায়, যে পিতার কোন অন্তর।
ইতিপূর্বে বা পরে একদিন একমূহুর্তের জন্মও ভূদেব বাবু কথন অবহেল।
করেনু নাই, সেই পিত। আজ স্বহস্তে পূঁথি থূলিয়া পড়' বলিয়া সম্মুখে
পরিলে তিনি চক্ষু বুজিলেন।

তর্কভূষণ মহাশয় ব্যাপার দেখিয়া দীর্ঘনিশ্বাস পরিত্যাগপূর্বক ঘরের বাহিরে আসিয়া বদিলেন, এবং তথায় স্বীয় সহোদরকে ডাকিয়া বলিলেন, "উহাকে জিজ্ঞাসা কর; ও যে সংস্কৃত পড়্বে না বলছে, তবে কি ক্রেড চায়?" এ কথার উত্তরে ভূদেব বাবুই বলিলেন, "আমি ইংরাজী পড়্বো।" তর্কভ্ষণ মহাশয় বলিয়া উঠিলেন, "হাা ও আবার ইংরাজী পড়্বে; নিজেদের জিনিস সংস্কৃত, তাই ত্ বংসরের ও অধিক পড়িয়া বড় কিছু হ'ল, আবার ইংরাজী পড়্বে?" ভূদেব বাবু বলিলেন "কেন আমি ত ইংরাজী পড়্ছি।"

• ভূদেব বাবুর সেজে। খুড়া সামান্তরূপ ইংরাজী জানিতেন। তিনি এ কথায় মরের স্পেলিং বুক লইয়া তাহা হইতে কয়েকটা প্রশ্ন করায় ভূদেব বাবু সকলগুলিরই ঠিক ঠিক উত্তর দিলেন। তথন সেজো খুড়া বলিলেন, "হাা ও কিছু ইংরাজী পড়িয়াছে বটে।"

পূর্ব দিনে তর্কভ্ষণ মহাশয় ছেলেকে অধিক মারপীট থরিয়াছিলেন , পাছে প্রাত্তেও আবার দেইরূপ করেন, দেই আশহায় তুই একজন প্রতিবেশীও ঐ সময়ে তথায় উপস্থিত হইয়াছিল। তাহারাও ইংরাজী পড়ার কথা শুনিয়া তর্কভ্ষণ মহাশয়কে বলিল, "তাই ত তর্কভ্ষণ মহাশান্ত হৈলে মান্ত্য,—তুটো বিদ্যোপার্বে কেন ? 'আপনি আর অত ক'রে ওকে পীড়ন কর্বেন না।"

তর্কভূষণ মহাশায়ের অন্তর্দর্শিতা অসাখারণ ছিল এবং মনোর্ছি-গুলিকে তিনি এরপে বশীকৃত করিতে পারিয়াছিলেন যে, পুনিন্দি বিষয়ের কথা পড়িলে তংসম্বন্ধে "কর্ত্তব্য স্থির" করিতে অণুমার্থ বিলম্ব হুইত না।

ইংরাজীতে ক্বতবিদ্য তাঁহার স্বেহভাজন বন্ধু তারাচঁদে চক্রবর্তী ও চন্দ্রশেষর দেব সর্বাদাই বলিতেন, "তর্কভূষণ মহাশয়! ছেলেকে ইংরাজী পড়িতে দিন, উহাকে কেন সাংসারিক কট্ট ভোগ করাইবেন?" কিছু অধ্যাপকের ছেলে অধ্যাপক হইবে, তর্কভূষণ মহাশয়ের ইহাই দ্বির ছিল। পূর্ব দিন ক্রোধের বশবর্তী হইয়া পুত্রকে অতিরিক্ত মারপীট করিয়া তর্কভূষণ মহাশয় কিছু লজ্জিতও হইয়াছিলেন। তিনি সময়ে এইরপ ক্রোধ দমন করিতে পারেন নাই বলিয়া আক্ষেপ করিতেন, নতুবা অন্ত কোন রিপু তাঁহাকে ক্ষণমাত্রের জন্মও কখন বিচলিত করিতে পারে নাই। সংস্কৃত এতটা পড়িয়াও কেবল অয়ত্র হেতু যখন উহা এতদ্র ভূলিয়াছে, এবং যাহাকে তাহার পাঠে পুনরায় যত্ম হয় তজ্জন্ত মারপীট করিয়া শেষে পুস্তক খুলিয়া সমুখে ধরাতেও যখন ছেলে চক্ষ্ বৃদ্ধিল, অধিকন্ত গোপনে ইংরাজী শিক্ষাক্রিতেছে জানা গেল, তখন সংস্কৃত পড়ানয় যে আর স্কবিধা হইবে না, তর্কভূষণ মহাশয় তাহা বৃন্ধিলেন। ছেলে ইংরাজী পড়িতেছে জানিয়া তাহার মনে হইল যে, যখন ইংরাজী পড়িতেই সাধ হইয়াছে, এবং তক্ষন্ত

্পরিশ্রমও করিতেছে, তথন ইংরাজীই পড়ুক। আর যদি ইংরাজী পড়াই "স্থির" হইল, তবে "আজই" ইংরাজী স্থুলে ভর্তি হউক।

• এইরূপ সিদ্ধান্ত করিয়া তর্কভ্ষণ মহাশয় পুত্রকে বলিলেন, "ত্মি ভ্রম্জী পড়িতে চাও ?" ভূদেব বাবু বলিলেন "হাঁ"। তর্কভ্ষণ মহাশয় বলিলেন, "আচ্ছা তবে সকাল সকাল খাইয়া লও, আজই তোমাকে স্থলে ভর্তি করিয়া দিয়া তবে আমি স্নানাদি করিব।"

পুত্রের জন্য যেরপ পথ স্থির করিয়া রাখিয়াছিলেন, পুত্র সে পথ ছাড়া হৈছে চলিল দেখিয়া তর্কভূষণ মহাশয় যে বড়ই ক্ষ হইয়াছিলেন, তাহা নহে। ইউপনিষদে একটি আখ্যান আছে, কোন ঋষি এক সময়ে দ্বে ক্ষন্দমধনি শ্রবণ করিয়া সমীপস্থ শিশুকে জিজ্ঞাসা করিলেন, "কিসের শব্দ হে?" শিশু জন্মন্ধানে জানিয়া বলিলেন, "এক ব্যক্তির পিতা মরিয়াছে, সেই কাঁদিতেছে।" শ্বিষ কহিলেন "পিতা মরিয়াছে, সেই জন্ম কাঁদিতেছে, তবে কোন শ্রু বৃঝি?" কথাটির তাংপর্য্য এই যে, প্রকৃত ব্রাহ্মণ কখন শোক মোহাদিতে আকুল হন না। বস্তুতঃ তর্কভূষণ মহাশয় সেইরূপ ব্রাহ্মণইছিলেন। তাঁহার স্থায় ব্যক্তির চিত্তকে ক্ষোভে অধিকার করিতে পারিত না। ভূদেব বাবু নিজে অনেক সময়ে বলিয়াছেন যে, সাংসারিক মৃত্যু ঘটনাদিতেও জিনি তাঁহার পিতৃঠাকুরের চক্ষে জল দেখেন নাই।

যে দিন ইংরাজী স্থলে ছেলেকে ভর্ত্তি করিয়া দিবার কথা হইল, সেই দিনই তর্কভূষণ মহাশয় তাঁহাকে সঙ্গে লইয়া গিয়া ইণ্ডিয়ান একাডেমী নামক স্থলে ভর্ত্তি করিয়া দিলেন। রাজা রামমোহন রায় ঐ বিদ্যালয় প্রতিষ্ঠিত ক্রিয়া বিলাত গমন কালে পূর্ণচন্দ্র মিত্র নামক এক ব্যক্তির উপর উহার ভার অর্পণ করিয়া যান। ভূদেব বাবু যথন ঐ স্থলে ভর্ত্তি হইলেন, তথন উহা পূর্ণচন্দ্র মিত্রেরই সম্পূর্ণ তত্ত্বাবধানে ছিল। ঐ স্থলের যে শ্রেণীতে সেকেণ্ড নম্বর রাডার পড়া হইত, তিনি সেই শ্রেণীতে পড়িতে আরম্ভ করিলেন।

উলাষ্টন সাহেব ভূদেব বাবুর ইণ্ডিয়ান একাডেমীতে উর্দ্ধি হওয়ার কথা -তাঁহারই মুখে শ্রবণ করিয়া হেতুয়া পুদ্ধরিণীর নিকটবর্ত্তী স্থানবাদিনী মিসেদ উইলদন নামক একজন মিদনারি বিবির সহিত তাঁহার পরিচয় করিয়া দিলেন এবং বলিলেন, "এখন আর তোমাকে সংস্কৃত কলেত পড়া বলিয়া দিতে পারিব না—কলেজের সময় দ্রোমাকে স্কুলে থাকিতে হইবে; আমার বাসাও তোমার বাড়ী হইতে অনেক দুর: বিবির ধাস: তোমার বাড়ীর নিকট; তিনি তোমাকে যত্ন করিয়া পড়াইবেন।" विवि উইলসন বিশেষ ষত্র করিয়া পড়াইতে লাগ্নিলেন। ইংরাজী স্থানর 🦫 অর বেতন ভোগী নিম্ন শ্রেণীর শিক্ষকগণের সচরাচর থেরপ সামার্স শিক্ষ হুইয়া থাকে, তাহাতে অনেক সময়ে নিমু শ্রেণীর শিক্ষায় বালকদিগের प्यत्नकर्छ। ममय नष्टे रय। विवि উইलमन ७ উलाष्ट्रेन मार्ट्स्व ग्राय উৎকৃষ্ট শিক্ষকের নিকট ইংরাজীর প্রথম শিক্ষা হওয়ায় ঐ ভাষায় ভূমেধ বাবুর প্রবেশলাভ অপেক্ষাকৃত শীঘ্র এবং স্থচাকরপে ঘটিয়াছিল। ক্লাদে ষাহা পড়া হইত বিবি উইলসনের নিকট তিনি তদপেক্ষা অনেক বেশী বেশী পড়িয়া রাখিতেন, এবং স্কুলের সহপাঠী ছাত্রদিগের পাঠাভ্যাদৈ সাহায্য করিতে, পারিতেন। তাঁহার পাঠ শুনিয়া কথন কথন শিক্ষকের ৭ ছই একটী ভ্রমমূলক সংস্থার সংশোধিত হইয়া যাইত ৮

এই সময়ে নিজে বাত্রি জাগিয়া পড়িয়া অপর সময়ে তিনি স্বৈচ্ছায় ক্লাসের অক্যান্য অনেক ছাত্রকে নিয়মিত পড়া বলিয়া দিতেন। বাল্যের এই অভ্যাস পরিবর্দ্ধিত হইয়া উত্তর কালে তিনি কত লোকের যে কত চিঠি, রিপোর্ট, কৈফিয়ং প্রভৃতি লিখিয়া দিয়াছেন, তাহার সংখ্যা কর্মায় না। অপরের কাজ শেষ হইয়া গেলে একটু বেশী রাত্রি পর্যান্ত পরিশ্রম করিয়া তিনি নিজের কার্য্য সারিয়া লইতেন।

বংসরেক কাল পরেই একটী ঘটনা উপলক্ষে ভূদেব বাবুকে ইণ্ডিয়ান

একাডেমী পরিজ্যাগ করিতে হইল। তাঁহার শিক্ষক কাশীনাথ মিত্র र्ह्यार अंक पिन क्रारम जाँशाब निकर्त आमिशा विनातन, "शांक भाक।" ্যাপার এই —ক্লাসে কতকগুলি ছেলে গোলমাল করিতে ছিল; কাশী ্মীট্রক্তথন ক্লাদের বাহিরে ছিলেন। গোলমাল ভনিতে পাইয়া ক্লাদের ভিতরে আদিয়া দেখিলেন, ভূদেব বাবু সর্ব্বাপেক্ষা অধিক মনোযোগ দিয়া বহি শড়িতেছেন। বাস্তবিক পুস্তক পাঠে তাঁহার মন তংকালে একান্ত ্রুডেনিবিষ্ট ছিল; কিন্তু কাশী মাষ্টার তাহা বুঝিতে পারিলেন না। তিনি , খনে করিলেন ঐ অতি মন্মেধোগই ছষ্টামির লক্ষণ। তিনি ভূদেব বাবু-त्रें वर्णनाथी अञ्चर्मान कतिलान, अवर क्वारंत्र श्लीनभान कता अलतास्त्र শান্তি দিবার জন্ম তাঁহার নিকটে গিয়া তাঁহাকে হাত পাতিতে বলিলেন। আজ্ঞ। পালনে মভান্ত বালক শিক্ষক বলিবামাত্রই হাত পাতিলেন। অনীন মৃষ্টোর কাশীনাথ সজোরে উহার উপর বেত্রাঘাত করিলেন। শারীরিক যাতনায় ও এবম্বি অক্তায়াচরণে নিরপরাধ ব্রাহ্মণ সন্তানের রোষ প্রদীপ্ত হইয়া উঠিল। তিনি নিজের অজ্ঞাতসারেই তংকালে ব্রাহ্মণ পণ্ডিতদিগের মধ্যে প্রচলিত একটা অত্যাঘ্য কটুক্তি করিয়া ফেলিলেন। ঐ কথা মুখ হইতে বাহির হইয়া পড়িবামাত্র তিনি একান্তই লজ্জিত এবং ভীত হইয়া তথা "হইতে দ্রুত পলায়ন করিলেন এবং প্রথম শ্রেণীতে যেখানে প্রধান শিক্ষক ও স্কুলের তত্তাবধায়ক পূর্ণচন্দ্র মিত্র পড়াইতেছিলেন দেইখানে আদিয়া উপস্থিত হইলেন। কিন্তু যখন ,দেখিলেন কাশী মাষ্টার বেত লঁইয়া নৌড়িয়া দেই দিকে আদিতেছেন, তথন আর ইতিকর্ত্তব্যতা! বৈবেটনা না করিয়া জানালা দিয়া লাফাইয়া পড়িয়া পলায়ন করিলেন। িদেই দিন হইতে ইণ্ডিয়ান একাডেমীতে পড়া তাঁহার শেষ হইল।

ইণ্ডিয়ান একাডেমীতে পূর্ণচন্দ্র মিত্র প্রধান শিক্ষক এবং নবীনমাধব দিতীয় শিক্ষক ছিলেন। পূর্ণ বাবু ও নবীন বাবু উভয়ের মধ্যে স্কুলের আদায় পতের বথরা লইয়া বিবাদ উপস্থিত হওয়ায় নবীদমাধব উক্ত কৃত্য ছাড়িয়া নিজে স্বতন্ত্র একটি স্কুল করেন।

ঐ সময়ে নৃতন স্থল অনেকগুলি স্থাপিত হইয়াছিল। সকলেই অন্যান্ত
বিভালয় হইতে আপন আপন স্থলের জন্ত ছেলে ভাঙ্গাইতেন। প্রান্ত
একটা স্থল নৃতন প্রতিষ্ঠিত হইলে দেই স্থলের কর্ত্পক্ষীয়পণ ছেলে জুটাইবার জন্ত প্রথম প্রথম ছেলেদের নিকট হইতে বেতন লইতেন না। পরে
স্থলের একটু স্থায়িষ সম্ভাবনা হইলেই ছাত্রদের বেতন নির্দিষ্ট হঠত।
কেহ নৃতন হাট বাজার বসাইলে বিক্রেন্ত্রগণকে প্রথম প্রথম বেমন প্রথাঞ্
তোলা, দিতে হয় না, জন্ধল পরিষ্কার করাইয়া আবাদ আর্থ্য সময়ে
প্রজাকে যেমন প্রথম প্রথম ত্ পাঁচ বংসর কোন করই দিতে হয় না, স্থল
স্থাপনও তথন অনেকটা সেই ধরণেই হইত।

ভূদেব বাবু নবীন মাধবের নব-প্রতিষ্ঠিত অবৈতনিক, স্কুলে প্রতি হইলেন। এই স্কুলে তিনি দশ মাস কাল অধ্যয়ন করিয়াছিলেন। প্রমিত্রের স্কুলে যে ঘটনা ঘটিয়াছিল, তাহা তিনি যথাযথ পিত। তকভূষণ মহাশয়ের নিকট বলিয়াছিলেন, কোন কথাই গোপন করেন নাই।

শূেশবাবস্থা হইতেই ভূদেব বাবুর চরিত্র কিরূপভাবে সংগঠিত হইয়। আসিতেছিল তাহা এই সময়ের অকটি ঘটনা দ্বারা বুঝা ঘাইবে।

ভূদেব বাব্র ছোট খুড়ার এক শ্রালক হরীতকী বাগানে তাঁহাদেরই বাড়ীতে থাকিত। উহার নাম ছিল ছির। ছির ভূদেব বাব্র সহিত একই স্থলে একই শ্রেণীতে পড়িত। তাহার মত ছুই ছেলে ঐ সময়ে আর ছিল বলিয়া কেহ জানিত না। নবীনমাধবের স্থলে বার্ষিক পরীক্ষাভূগুণারিতোষিক বিতরণের সময় ভূদেব বাব্ প্রথম পারিতোষিক পাইলেন; ছির পারিতোষিক পাইল না। রাস্তায় আসিয়া ছির ভূদেব বাব্কেবলিন, "দেখ ভূমি বাড়ীর একমাত্র ছেলে, তুমি প্রাইজ না পেলে

তোমাকে আর কে কি বলবে ? বড় জোর একটু তিরস্কারই করিবে। কিন্তু আমি প্রাইজ পাই নাই জানিলে আমায় আর বাড়ীতে রাণ্বে না— পুর ক'রে দেবে। এখন এর এক উপায় এই আছে, তোমার প্রাইজের বৈ কি আমাকে দাও, প্রাইজটা যেন আমি পাইয়াছি।" ভূদেব বাবু রাজি হইলেন, কিন্তু তাঁহার নামের প্রাইজ ছিত্র মামা নিজের নামে কিরপ করিয়া লইবে ভাহা তিনি বুঝিয়া উঠিতে পারিলেন না। ছির বলিন "দেথ আমি দব ঠিক কর্ছি।" এই বলিয়া প্রাইজের পুস্তকের 'पृेभद्र' ज्ञृत्व वातूत्र नाम त्वथा (य कांगज्ञथानि हिल, जांश हिं ज़िया (कंलिया একটা শোকান হইতে কাগজ লইয়া লেবেল প্রস্তুত করিল, এবং নিজের নাম উহাতে লিধিয়া প্রাইজ পুস্তকের গায়ে আঁটিয়া দিল। বাড়ী আসিয়া ভূদেব বাবু কাহারও নিকট প্রকৃত কথা প্রকাশ করিলেন না। ছিরু এত অনীবিষ্ট্র, বাড়ীতে নেথাপড়া কিছু করে না, সেও প্রাইজ পাইল, আর তাঁহার পুত্র পাইল না, ইহাতে তর্কভূষণ মহাশয় নিরাশ হইলেন। তিনি মনে করিয়াছিলেন সংস্কৃত ছাড়িয়া পুত্র যথন ইংরাজী পড়িতে আরম্ভ করিয়াছে তখন উহাতে কিছু না কিছু উন্নতি করিতে পারিবে ; কিন্তু ভবিষ্যতের আশা ভরদার স্থল একমাত্র পুত্রের উহাতেও ঔুনাসীক বুঝিয়া তাঁহার ও তাঁহার পত্নীর উভয়েরই খথেষ্ট ক্ষোভ হইল। বালক পিতামাতার অমুযোগ, নীরবে সহু করিলেন, প্রকৃত কথা প্রকাশ করিলেন না।

করেকমাস পরে ভূদেব বাবুর সেজে। খুড়ার সহিত একদিন ভূদেব াাবুর' শিক্ষকের সাক্ষাং হইল। শিক্ষক তাঁহার স্থূলের ছাত্রদিগের ক্থা প্রসঙ্গে ভূদেব বাবুর যথেষ্ট স্থ্যাতি করিতে লাগিলেন; বলিলেন, 'আপনার ভাইপোটী অতি উৎকৃষ্ট ছেলে। ওরপ স্থানর স্থভাব ও লেখা-পড়ায় অমন তেজ আমি আর কোন ছেলেতে ক্ধন দেখি নাই।" সেজােখুড়ে। একটু ক্ষোভের সহিত বলিলেন, "আগনি ছির্ম্ব কথা বলিতেছন; দে আমার ভাইপো নয়, আমার ছোট ভাইয়ের সম্বন্ধী।" ভানিয়া শিক্ষক যথেষ্ট হাস্থ করিয়া বলিলেন, "কি! ছির ভাল ছেলে!" সেজাে খুড়া বলিলেন, "কেন? ছিরুইত প্রথম পারিতােষিক পাইয়াছে।" শিক্ষ এই কথা ভানিয়া বিশ্বিত হইয়া বলিলেন, "আদিনি বলেন কি! সে কি প্রাইজ পাইয়াছে আপনার ভাইপাে ভূদেব।" ইহা ভানিয়া সেজাে খুড়া বড়ই সম্বন্ধ হইলেন, এবং বাড়াতে আদিয়া তর্কভূষণ মহাশ্রের ও তংশল্পীর কাছে সকল কথা প্রকাশ করিলেন। পুত্রের চরিত্রে এইরূপ মহাশ্রেবতা দেখিয়া তর্কভূষণ মহাশ্রের মনে ইতিপ্রের্বে যে নিরাশার সঞ্চার হইয়াছিল, এক্ষণে তাহা দ্র হইয়া গেল। তিনি বিশেষ সন্তোষ লাভ করিয়া বলিলেন, "বেশ করিয়াছিল"; কিন্তু তদ্বিয়া পুত্রকে বা অন্ত কাহাকেও্ল ক্রিছু বলিতে বারণ করিয়া দিলেন।

আপন যশঃ অপরকে প্রদান করিলে যে মহাত্মভবতা প্রকাশ পার তাহার নৃষ্ঠান্ত সংসারে প্রকৃত পক্ষে অতি বিরল। ভূদেব বাবুর বাল্যা-বস্থার সূচিত মহাত্মভব চরিত্র উত্তরকালে যে কিরপ বিকশিত হইয়াছিল তাহার বিশেষ বিবরণ প্রকাশিত হওয়া তাঁহার অভিপ্রেত ছিল না। কিন্তু একথা বলা একান্ত আবশ্যক যে তাঁহার দারা অনেক পুস্তক, প্রবন্ধ ও রিপোর্টাদি সময়ে সময়ে অপরের উপকারার্থে লিখিত এবং তাঁহাদের নামে প্রকাশিত হইয়া তাঁহাদের পক্ষেধন ও যশের আকর স্বরূপ ইইয়াছিল।

ত্রোদশ বর্ষ বয়:ক্রমের সময় ভূদেববাবুর উপনয়ন সংস্থার সম্পন্ন ইয়ৄ।
ভূদেব বাবুর পিতামহ সার্বভৌম মহাশয়ের মৃত্যুহেতু এই উপনয়ন ব্যাপার
একবংসর কাল পিছাইয়া গিয়াছিল। উপনয়নের পর হইতে ভূদেব বাবু
পিতা ও পিতৃব্য দিগের তায় নিয়মমত সন্ধ্যা বন্দনাদি করিতেন।

সে সময়ে মাথো মাঝে নৃতন নৃতন স্থল প্রতিষ্ঠিত হইতেছিল। নৃতন স্থলের কর্তৃপক্ষীয়গণ অন্ত স্থল হইতে ভালই হউক আর মন্দই হউক ছেলে ছাতে ভাঙ্গাইতে পারেন, তজ্জ্য বিধিমতে চেষ্টা করিতেন। ভূদেব বিশ্ব স্থল করিয়াছিলেন, বান মাধবের স্থল ছাড়িয়া মধু চক্রবর্তীর স্থলে প্রবেশ করিয়াছিলেন, সেখানে পাঁচ মাস থাকার পর হেয়ার সাহেবের স্থলে ভর্তি হইতে তাঁহার বড় ইচ্ছা হইল।

নে দকল ব্যক্তির যত্ন ও উৎসাহে হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হইয়াছিল, ছেভিড্ হেয়ার তাঁহাদিগের মধ্যে অগ্যতম ছিলেন। হিন্দু কলেজে ছাত্রদিগের ঝেতুন সকল শ্রেণীতেই তখন মাসিক পাঁচ টাকা করিয়া নির্দিষ্ট .
ছিল , কিন্তু ডেভিড্ হেয়ার উক্ত কলেজের একজন প্রধান পৃষ্ঠপোষক ছিলেন বলিয়া, তাঁহার নিজের স্থলের প্রথম শ্রেণীস্থ ক্ষেকজন বালককে বিনা বৈতনে উক্ত কলেজে পাঠাইতে পারিবেন এরূপ ব্যবস্থা নির্দিষ্ট হইয়াছিল। হেয়ার সাহেব প্রতিনিয়তই হিন্দু কলেজ পরিদর্শন করিতে আনিতেন। বস্তুতঃ ঐ সময়ে দেশীয়গণের ইংরাজী শিক্ষাবিষয়ে যেসকল সাহেবের। চেষ্টা করিতেন, তাঁহাদের মধ্যে হেয়ার সাহেবের তায় যত্ন ও অধ্যবদায় আর কাছারও ছিল না।

এই সময়ে নবীনমাধব দে একদিন হেমার সাহেবকে আপন স্ক্লে আনাইয়া জাঁহার দারা ছাত্রগণের পরীক্ষা গ্রহণ করাইলেন। হেয়ার সাহেব সস্তোম প্রকাশ করিলে নবীনমাধব সাহেবকে অমুরোধ করিলেন যে তাঁহার স্কলের কোন ছেলেকে সাহেব যেন নিজের স্কলে ভর্তি না করেন ; করিলে তাঁহার স্কলটী উঠিয়া যাইবে। হেয়ার সাহেব ঐ প্রার্থনা শঞ্ব করেন এবং বরাবরই প্রতিজ্ঞা রক্ষা করিয়া চলিয়াছিলেন।

। হেয়ার সাহেব বড়ই সরল প্রকৃতির লোক ছিলেন। সময়ে সময়ে তাঁহার রকম সকম দেখিলে যেন তাঁহাতে পাগলামির ছিট আছে বলিয়া বোধ হইত। কোন ছেলে তাঁহার স্থলে ভর্ত্তি হইতে চাছিলে তিনি প্রথমে একখানা ধপ ধপে সাদা কমাল আকুলে হুড়াইয়া তন্ধারা তাহার কাণের উপর এবং পৃষ্ঠের মধ্যস্থল টুকু ঘসিয়া দেখিতেন; যদি কমালে দাগ পড়িত তাহা হইলে সে ছেলে অপরিচ্ছন্ন বলিয়া তাহাকে ভর্ত্তি করিতেন রাভিত্রের বিশ্বম প্রকাশ হইয়া পড়ার পর অধিকাংশ ছেলেই উহাতে উত্তীর্ণ হইত! হেয়ার স্থলে ভর্ত্তি হইবার জ্বল্ত ভূদেব বাবু এছদিন যাবং সাহেবের উমেদারী করিয়াছিলেন, এবং সাহেবও তাঁহাকে দেখিয়া শুনিয়া পছন্দ করিয়াছিলেন; কিন্তু হেয়ার স্থলে ভর্ত্তি হওয়ার উদ্দেশ্তেই পাচ মাস পূর্বের নবীনমাধবের স্থল ছাড়িয়াছিলেন মনে করিয়া সাহেব তাঁহাকে নবীনমাধবের ছাত্র বলিয়াই গণ্য করিয়াছিলেন এবং আপনার স্থলে তাঁহাকে গ্রহণ করেন নাই।

পুন: পুন: স্থল পরিবর্ত্তন করায় যে অন্থবিধা হয়, তর্কভ্ষণ মহাশয় তাহা ব্ঝিলেন। তিনি দেখিলেন, ছেলেটাকে হিন্দু কলেছে ভর্ত্তি করিয়া দিতে পারিলেই এই সমস্ত বিড়স্থনার হাত হইতে নিষ্কৃতি পাওয়া য়য়য়, এবং তাহা হইলে তাহার পড়াশুনাও ভালরূপ হইতে পারে। কিন্তু উক্ত ইচ্ছা কার্য্যে পরিণত করা তাঁহার পক্ষে সহজ-সাধ্য ছিল না। হিন্দু কলেছে পুলের স্থলের বেতন মর্মপে বংসরে আইট টাকা করিয়া বয়য় করা তাঁহার মত অবস্থার লোকের পক্ষে এক প্রকার অসম্ভবই ছিল। কিন্তু তাহা বলিয়। য়ে ইহার জন্তা তিনি কাহারও নিকট সাহায়ের প্রার্থনায় য়াইবেন দে প্রকৃতির লোক তিনি ছিলেন না। সকল বিষয়ের বয়য়মংকোচ ও সর্ব্যপ্রকার ক্লেশমন্থ করিয়া তর্কভ্ষণ মহাশয় এবং তৎপুত্রী উভয়েই পুল্লকে হিন্দু কলেছে পড়াইতে ক্তসম্বন্ধ হইলেন এবং তদস্থারে ১৮৪৯ অবন্ধ ভূদেব বাবু হিন্দু কলেছে প্রবিষ্ট হইলেন।

প্ৰুম অধ্যায়

্ কার শেশীতে মাইকেল । মধুস্দনের সহিত অধ্যয়ন—হিন্দু কলেজের ্ছাত্র মধ্যে আগার অইতা—ক্রমান্তরে ৬ প্ত ৫ম শ্রেণীতে অধ্যয়ন— বিবাহ — স্নিয়ার বৃত্তিপ্রাপ্তি—৫ম হইতে একেবারে ২য় শ্রেণীতে উল্লয়ন।)

ে ভূদেব বাবু হিন্দু কলেজে আসিয়া অষ্টম শ্রেণীতে ভর্ত্তি হইলেন : তথুন তাঁহার বরঃক্রম চৌদ বংসর।

শংস্কৃত কলেজ ছাড়ার পর কিঞ্চিন্নুন তিন বংসর কালের মধ্যে তে তি.শ্রী স্থলে তাঁহার কিছু কিছু ইংরাজী পড়া হইয়াছিল সেই সেই স্থলে তিনিই সন্ধাপেক্ষা উৎকৃষ্ট ছাত্র বলিয়া প্রতিপন্ন হইয়াছিলেন।

হিন্দু কলেজে ভর্ত্তি হওয়ার অবাবহিত পর হইতেই মাইকেল মধুস্থান দত্তের সহিত্ত তাঁহার আলাপ হয়, এবং ক্রমণঃ উভয়ের মধ্যে বিলক্ষণ বন্ধু জয়ে। মাইকেলের জীবনচরিত লেখক শ্রীযুক্ত য়োগীক্রনাথ বস্ধুজ মহাশয়কে ভূদেব বাবু প্রাচীন বয়দে য়ে পত্র লিখিয়াছিলেন তাহা সাইকেলের জীবনচরিতের পরিশিষ্টে প্রকাশিত ইইয়ছে। ঐ পত্র হইতে ভূদেব বাবুর নিজের জীবনের কতকগুলি ঘটনা তাঁহার নিজের কথাতে অক ব্রুলরেপে জানা যায় বলিয়া উহার কিয়দংশ এখানে উদ্ভ করিয়া দেওয়া, যাইতেছে।

় গধ্স্দনের সহিত আমার প্রথম আলাপ হিন্দু কলেজে। সংস্কৃত কলেজ ছাড়িবার পরে আমি যখন হিন্দু কলেজের সপ্তম * শ্রেণীতে আসিয়া

^{*} ভূদেৰ বাৰুর সহপাঠী ৬ গৌরদাস বসাক এবং ৬ বন্ধুবিহারি দুত্তের

ভর্ত্তি হই, তথন মধুও ঐ শ্রেণীতে পড়িত। মধুর তথন যৌবনেত্র-প্রাকাল, কৈশোর অবস্থা অতিক্রান্তপ্রায় হইয়াছে।

"রামচন্দ্র মিত্র নামক জনৈক শিক্ষক আমাদিগকে পড়াইতেন। আৰ্ যে দিন প্রথম ভর্ত্তি হইলাম, সেই দিন রামচন্দ্র বাবু পৃথিবীর প্লেইবির विषय आगामिशतक वृवाहिया एमन। देश्तीं श्री उद्याना मात्वहे, वित्यवहः ইংরাজী শিক্ষকেরা, ত্রান্ধণ পণ্ডিত ও স্বদেশীয় শাস্ত্রের প্রতি শ্লেষ্বাক্য প্রয়োগ করিতে বড়ই ভাল বাদেন। আনার পিতা যে একজন একেন পণ্ডিত ছিলেন, রামচন্দ্র বাবু তাহা জানিতেন, এবং দেই স্থারণেই পড়াইতে পড়াইতে আমার দিকে চাহিয়া বলিলেন,—"পুথিবা& আকার কমলা লেবুর মত গোল। কিন্তু ভূদেব তোমার বাবা এ কথা স্বীকার कतिर्दा ना।" श्रामि रकान कथा किश्लाम ना, हुल कित्र । तिश्लाम । স্থলের ছুটীর পর বাড়ী আদিলাম। কাপড় চোপড় ছাড়িতে দুেরি দঁহিল না, একেবারে বাবার কাছে আদিয়া জিজ্ঞাদা করিলাম,—"বাবা, পৃথিবীর আকার কি রকম ?" তিনি বলিলেন, "কেন বাবা, পৃথিবীর আকার গোল।" এই কথা বলিয়াই আমাকে একথানি পুঁথি দেখাইয়া দিলেন, বলিলেন, ঐ গোলাধাায় পুঁথিধানির অমৃক্স্নাটি দেঁথ দেখি।" আমি সেই স্থানটি বাহির করিয়া দেখিলাম তথায় লেখা রহিয়াছে,—"করতল কলিতামলকবদমলং বিদন্তি যে গোলং।" বচনটি পাঠ করিয়া মনে

নিকট বিশেষ করিয়া জানা হইয়াছিল যে রামচন্দ্র বাবু অন্তম শ্রেণীর শিক্ষক ছিলেন।
ম্যাথ্ন সাহেব ৭ম শ্রেণীর, জোন্স সাহেব ৬ঠ শ্রেণীর এবং হালফোর্ড সাহেব থ শ্রেণীর শিক্ষক ছিলেন। ভূদেব বাবু রামচন্দ্র বাবুর ক্লাস হইতে জোন্স সাহেবের ক্লাসে উন্নীত হইয়াছিলেন বলিয়া ম্যাথ্ন সাহেবের কথা ভূলিয়া গিয়াই এই পর্টে রামচন্দ্র বাবুর শ্রেণীকে সপ্তম শ্রেণী লিখিয়া থাকিবেন।

একটু বলের সঞ্চার হইল। একথানি কাগজে এটি টুকিয়া লইলান।
পরদিন স্থলে আসিয়া রামচ্ন্র বাবৃকে বলিলাম, "আপনি বলিয়াছিলেন,
আমার বাবা পৃথিবীর 'গোলত্ব স্বীকার করিবেন না। কেন, বাবাত
'পুথুবী গোলই বলিয়াছেন, এই দেখুন তিনি বরং এই শ্লোকটী আমাকে
পুঁথির মধ্যে দেখাইয়া দিয়াছেন।" রামচন্দ্র বাবৃ সমস্ত দেখিয়া ও শুনিয়া
বলিলেন, "কথাটা বলায় আমার একটু দোষ হইয়াছিল; তা তোমার
বাবা বল্বেন বৈ কি, তবে অনেক ব্রান্ধণ পণ্ডিত এ বিষয়ে অনভিক্ত।"

"রামচন্দ্র বাবৃত্তে ও খামাতে যখন এই সকল কথা হয়, তথন ক্লাসের একটি বুছলের চক্ষ্ আমাতে বিশেষরূপ আরুষ্ট দেখিতে পাইলাম। বর্ণ কাল হইলেও ছেলেটি দেখিতে বেশ স্থানী, শরীর স্তেজ, ললাট প্রশ্ন্ত, চক্ষ্ ত্ইটি বড়ুবড় ও অতিশয় উজ্জ্বল, দেখিলে অতিশয় বৃদ্ধিমান ও খ্যুবসায়শীল বলিয়া বোধ হয়। যতক্ষণ স্থলে ছিলাম ততক্ষণই মধ্যে মধ্যে আত তীব্র দৃষ্টিতে সে আমার দিকে চাহিতেছিল। ছুটার পর একবারে আমার নিকটে আসিয়া সেক্হাও করিয়া আমাকে জিজ্ঞাসা করিল, "ভাই তোমার নাম কি, কোখায় ঘর তোমার গুইত্যাদি।" আমি তাহার এই অতিমিষ্ট সন্তাষণ ও সৌজত্যে বিশ্বে আপ্যায়িত হইয়া একে একে তৎকৃত্ব সকল প্রশ্নগুলিরই উত্তর দিলাম।

"ইমিই মধু। এই দিন হইতেই ইহাঁর সহিত আমার ঘনিষ্ঠতা আরম্ভ হইল এবং অত্যন্ধ কালের মধ্যেই উভয়ে বিশেষ বন্ধুত্ব জন্মিল। মধু মধ্যে থায়ই আমাদের বাটীতে আদিতে লাগিল, এবং দেই দক্ষে স্মুলাত দমপাঠীদিগের মধ্যেও কেহ কেহ আমাদের বাড়ীতে আদিতে আরম্ভ করিল। আমার মা সকলকেই অতিশ্য যত্ন করিতেন, আমাদের সকলকেই থাবার থাইতে দিতেন, গায়ে মাথায় ধ্লা লাগিলে চুল আঁচড়াইয়া ও গা ঝাড়িয়া দিয়া পরিষ্কার পরিষ্কাল করিয়া দিতেন। সেই হইতেই

আমার মায়ের উপর মধুর যথেষ্ট শ্রন্ধা জন্মিয়াছিল। মধু আমাদিগের বাড়ীতে আদিত, কিন্তু আমি কোন দিন মধুর বাড়ীতে যাই নাই; মধু আমায় তজ্জ্ব্য অনুরোধও করে নাই। বোধ'ংয় আমাদের বাড়ীর ধরও ও মধুর বাবার বাসাবাড়ীর 'ধরণ স্বতম্ব ছিল; স্বতরাং তথায় লুইসা গেলে পাছে আমার প্রীতি না হয়, এই জ্ব্যই সম্ভবতঃ মধু আমাকে ওরপ অনুরোধ কোন দিন করে নাই। ক্লাসে মধু ও আমি এক সঙ্গে বিতোম। মধু যে পুস্তক্থানি পড়িত সেখানি আমাকে না পড়াইলে তাহার ত্রিপ্ত হইত না। ফলকথা উভয়ের মধ্যে বন্ধুত্ব খুবই প্রগাঢ় , হইরা উঠিয়াছিল।"

রামচন্দ্র বাবু ভূদেব বাবুর পিতা তর্কভূষণ মহাশয়কে জানিতেন।
তর্কভূষণ মহাশয় যে একজন বড় পণ্ডিত ছিলেন তাহাও তাঁহার অবিদিত
ছিল না। তবে ব্রাহ্মণ-পণ্ডিতগণের মধ্যে কাহার কাহার যে প্রঞ্ত
ভৌগোলিক তথ্য জ্ঞান আছে এটা তাঁহার মনেই হয় নাই। সাধারণতঃ
ব্রাহ্মণ পণ্ডিতগণ পৃথিবীর গোলজের বিষয়ে অনভিজ্ঞ। তাঁহারা উহাকে
ব্রিকোণাকারই বলিয়া থাকেন, ছাত্রগণকে এই কথা বলিয়া এফটু আমোদ
করিবেন, সম্ভবতঃ এইরূপ কতকটা ইচ্ছা তাঁহার হইয়টছিল; এবং সেই
জন্তই বন সংস্কৃত শাস্ত্র-ব্যব্যায়ী দলের প্রতি লক্ষ্য, করিয়া তর্কভূষণ
মহাশয়ের উদ্দেশে ওরূপ বাক্য প্রয়োগ করিয়াছিলেন। তাঁহার তংকালে
মনে হইয়াছিল যে, এই ব্রাহ্মণ পণ্ডিতের পুত্র আজ ইংরাজী স্কুলে ইংরাজী
শিধিতে আদিয়াছেন বলিয়াই প্রকৃত তথাটুকু শিথিবার স্থ্যোগ পাইলেন।

ভূদেব বাবু স্বীয় পিতার প্রতি যেরপ অপরিসীম ভক্তিমান্ ছিলেন তাহাতে "তোমার বাবা একথা বলিবেন না" অর্থাৎ তোমার বাবা একথা জানেন না, শিক্ষক রামচন্দ্র বাবুর এইরূপ উক্তি তাঁহার নিতান্তই অপ্রীতিকর ও অসহ হইয়াছিল। তিনি বাড়ী যাইয়া পিতার নিকট হইতে সমস্ত অবগত হইয়া পরদিন স্কুলে যতক্ষণ না সেই কথার খণ্ডন করতঃ রামচক্র বাবুকে নিরস্ত করিতে পারিয়াছিলেন ততক্ষণ তাঁহার চিত্ত স্থাবস্থ হয় নাই।

তই ঘটনাটী একটু রিশেষ মনোনিবেশ করিয়া বুঝিতে গেলে আরও আনক তথ্য স্থপ্পষ্ট হয়। ভূদেব বাব্র সমস্ত জীবনের শিক্ষা কি ? তাঁহার আচার ব্যবহার এবং গ্রন্থরচনা প্রভৃতি সকলেতেই তিনি দেখাইয়া গিয়াছেন যে, আধুনিক পাশ্চাতা বিদ্যা, জড় বিজ্ঞানের গর্ব্ধে আমাদের প্রচীন শাস্ত্রের প্রতি অবজ্ঞা প্রদর্শন ও আমাদের সভ্যতার প্রতি বিজ্ঞাপ, করিতেছে, কিন্তু একটু ভাল করিয়া বুঝিলেই—ভক্তিভাবে পিতৃতুলা শাস্ত্রেরু নিকট জিজ্ঞাসা করিলেই—জানা যায় যে আমাদের অতুলনীয় শাস্ত্রাদির প্রতি অবজ্ঞা ধৃষ্টতা এবং মূর্থতারই প্রকাশক। আর্য্যান্থায়ন্থলনে আমাদের আ্রুগোরব, কার্য্যপ্রবণতা, জাতীয়তা—সমস্তই বুজায় থাকে; বৈদেশিক শিক্ষা মাথার উপর বদে না, মুঠার মধ্যেই থাকিনা যায়।

ঐ দিনের ঘটনাটিকে সমস্ত হিন্দুজাতির বর্ত্তমান অবস্থার প্রতিরূপও মনে করা, যায়। স্থল কলেজে সযত্তে প্রচারিত পাশ্চাত্য বিদ্যা আমাদের প্রায় সমস্ত প্রাচীন বিষয়েরই প্রতি উপেক্ষা, এবং স্থলবিশেষে অবজ্ঞা প্রদর্শন করিতেছে। আর সেই গণ্ডু ম-জল বিহারী সফরীই সর্বাদা আমাদের বালক্দিগের নয়নপথে থাকায় উহাকেই তাহাদের অপেক্ষাকৃত বড় এবং প্রোজ্জল বলিয়া মনে হইতেছে। কিন্তু পিতৃপিতামহাদির প্রতি যাঁহাদের অচলাভক্তি, ভারতভূমির সেই সকল স্থসন্তান বৈদেশিক বিদ্যাকেই সারাৎসার মনে করিতে না পারিয়া এবং আর্য্য শ্বির বৈদিকস্তোত্তকে কেহ মেষপালকের গীত বলিলে তাহাতে মর্শ্মাহত হইয়া শাস্ত্রাম্থশীলনে প্রবৃত্ত হইতেছেন এবং তাহার প্রস্কার স্বরূপ অম্লাধন—অতুল্য শান্তি এবং প্রকৃত দৃষ্টি
পাইতেছেন। তরল মতি যাঁহাদের সেরপ আত্মাভিমান এবং আভিজাত্য

গৌরব নাই, তাঁহারা স্বত্নে সদ্গুক্ত সমীপে শাল্প না পড়িয়াই তাহার উপর সাহেবী-স্বরে টিপ্লনি কাটিতেছেন এবং পুরা মেজাজে সাহেব হইতেছেন।

পিতার সম-ব্যবসায়ী ব্রাহ্মণ পণ্ডিতদিগের প্রতি কটাক্ষে ব্যথিত হইয়া বালক ভূদেব যে মনে ও যে পথে রামচন্দ্র বাবুর বিদ্রেপ বাক্যটির প্রতিবাদ চেষ্টা করিয়াছিলেন, সেই মনে এবং সেই পথে তিনি উত্তরকালে আর্থান্দান্ত্রের প্রকৃত তথ্য সমূহ অবগত হইয়াছিলেন, এবং শাল্প নির্দ্দিষ্ট পারি-বারিক, সামাজিক ও আচারাদি সম্বন্ধীয় ব্যবস্থা সকলের প্রতি পাশ্চাত্র পণ্ডিতদিগের আক্রমণ যে অসঙ্গত ও অমূলক তাহা স্বর্রিত প্রবন্ধ গুলিতে স্বদেশবাসীর নিকট স্থপরিক্ষুট্রপে প্রতিপাদন পূর্ব্বক স্থান্দের সজ্ঞান স্বভক্তিক অমুশীলনের এবং স্বদেশ হিতকর উচ্চমের দিকে প্রাক্তিকর ক্রিয়াছেন।

রামচন্দ্র বাব্র ক্লাসে ৬০ জনের উপর ছাত্র ছিল। এতগুলি ছাত্রকে, আনধিক পরিশ্রমে উৎকৃষ্টরূপ শিক্ষা দিবার জন্ম তিনি ইংরাজী বাষ্টার হইয়াও দেশীয় পাঠশালার রীতি অবলম্বন করিয়াছিলেন। প্রত্যেক সন্ধার বোছিয়া দশজন সন্ধার পোড়ো স্থির করিয়াছিলেন। প্রত্যেক সন্ধার পোড়োর উপর পাঁচ ছয় জন করিয়া ছাত্রের ভার দেওয়া ছিল। সন্ধার পোড়োরা বাড়ী হইতেই আপনাদের পড়া তৈয়ারি করিয়া আসিত, এবং স্কুলে আপন আপন দলের ছেলেদের পড়াইত। দলগুলি রামচন্দ্র বাব্ই বাঁধিয়া দিতেন। এক সন্ধার পোড়োর ছেলেদের অন্ত সন্ধার পোড়ো পরীক্ষা করিয়া ঠকাইবার চেষ্টা করিত। যে সন্ধার পোড়োর দল পড়া ভাল বলিতে না পারিত, সেই সন্ধার পোড়োর নামে কাল দাগ পড়িত এবং তাহার পীড়ন হইত। সন্ধার পোড়োদিগের মধ্যে যাহারী দল যেরপ পড়া বলিতে পারিত রামচন্দ্র বাবু তদম্পারে তাহাকে নম্বর দিত্তেন। সন্ধার পোড়োর নির্বাচনে তিনি এরপ স্থনিপুণ ছিলেন এবং

কোন্ সদ্দার পোড়োর নিকট কোন্ ছেলেকে দিলে স্থলে ও বাড়ীতে পড়াইবার স্থবিধা হইবে এবং পরস্পরে বনিবনাও থাকিবে, তাহা এত স্বন্ধর বুঝিতেন যে, এরপ নির্মাচন ও দল বদ্ধনের পর সমস্ত বংসর আর তাহাকে প্রায় কিছুই করিতে হইত না। সদ্দার পোড়োরা ক্লাসের মধ্যে ভাল ছেলে। তাহাদের পরস্পর এরপ প্রতিযোগিতায় ক্লাসের অন্তান্ত ছেলেদের পড়াওভাল হইত, আর ক্লাসের পড়া অন্তকে পড়ান হেতু সুদার পোড়োদের নিজের নিজের পড়া যে খুব পাকা হইত তাহা বলা বাহলা। রামচন্দ্র বাবু ক্লাসে বিসিয়া স্থলবৃক সোসাইটীর জন্ম পেখাবলা প্রভৃতি পুস্তক লিখিতেন। তাহার সদ্দার পোড়োগে ইংরাজী স্ইতে অন্থবাদ করিয়া তাহাকে ঐ বিষয়েও সাহায় করিত। প্রকৃত প্রতাবে রামচন্দ্র বাবুর উল্লিখিত প্রণালীর গুনে তাঁহার ক্লাসের বালকগণ প্রীক্ষায় প্রতি বংসরই খুব ভাল হইত। স্থানিকক বলিয়া তাঁহার যশঃ এবং প্রতিপত্তি যথেষ্ট হইয়াছিল। তিনি নিজে একান্ত অলস না হইলে বরাবরই সেই প্রতিপত্তিকু অন্ধুর রাখিতে পারিতেন।

রামন্দ্রে বাব্র সন্ধার পোড়োর প্রথা এদেশের আবহমানকাল প্রচলিত পাঠশালার প্রথারই অত্যন্ত রূপান্তর মাত্র। ভূদেব বাবু দেশীয় প্রায় সকল প্রথার প্রতিই শ্রন্ধাবান্ ছিলেন। মুদ্দার পোড়োর প্রণালীর প্রতি তাহার পক্ষপাতিতা বরাবরই ছিল। বালক-শিক্ষা সম্বন্ধে ঐ প্রণালীর উপযোগিতা রামচন্দ্র বাব্র ক্লানে নিজে উপলব্ধি করাতেই যে ঐ বিষয়ে তাঁহার পক্ষপাতিতা বন্ধমূল হইয়াছিল, তাহা বলা যাইতে পারে।

ুঐ সময়ে হিন্দু কলেজে তাঁহার সহপাঠী এবং অপরাপর ছাত্রদিগের মধ্যৈ বিজাতীয়ের অন্থকরণ-প্রবৃত্তি ক্রমশং অত্যধিক পরিমাণে জন্মিয়া আদিতেছিল, এবং দক্ষে সাচার ব্যবহারও ছুই হইয়া পড়িতেছিল। অধিকাংশ ছাত্রের মধ্যে মদ্যপান এবং হিন্দুধর্মবিগর্হিত আহারাদি যথেষ্ট পরিমাণেই প্রদারলাভ করিতেছিল। এইরপ কার্য্য তাঁহারা গৌরবের বিষয় বলিয়াই মনে করিতেন; স্কৃত্রাং প্রকাশ্যভাবে ঐ সকল করিতে তাঁহাদের কিছুমাত্র কুণ্ঠা হইত না। 'জাতি-বিচার তাঁহাদের মধ্যে একপ্রকার রহিত হইয়াই গিয়াছিল। ফল কথা, আহার ও ব্যবহারে ঐ সময়ের হিন্দু কলেজের ছাত্রগণ নিকান্ত অসংযতাচারী এবং উচ্ছু ঋল হইয়াই উঠিয়াছিলেন। কিন্তু এই স্রোতের' মধ্যে পড়িয়াও ভূদেব বাবু অক্ষভাবে স্বায় ব্রাহ্মণাচার রক্ষা করিয়া চলিতে পারিয়াইছিলেন। তাঁহার সহপাঠী বন্ধু ডেপুটী মাজি্ষ্ট্রেট ৮গৌরদাস বসাক মহাশয় ভূদেব বাবুর তৃতীয় পুত্রকে ইংরাজাভাষায় যে পত্র লিথিয়াছিলেন, তাহা হইতে কয়েকটি স্থলের মর্ম উদ্ধৃত করা যাইতেছে:—

"কলেজে প্রত্যাহ টিফিনের ছুটী হইত। ছুনীর সময় কেই থেলা করিত, কেহ পাঁচ জনের সহিত একত্র বিসিয়া গল্প গুজব করিত, কোথাও বা দুর্বলৈ পাঁচ জন একত্র সম্মিলিত হইয়া কুপরামর্শ আঁটিত। ভূদেব টিফিনের ছুটীর সময় ক্লাস হইতে বাহির হইত না। তাহার টিফিন খাওয়া ছিল না। উপযুঁপির ২০ ঘন্টা পাঠের পর খানিকক্ষণের জন্ত একটু বিশ্রাম করিবারও প্রয়োজন তাহার হইত না। সে বড়ই গন্তীরু এবং অল্পভাষী ছিল, কেবল বই লইয়াই বসিয়া থাকিত। সে নয় হাতি মোটা দেশী লাল পেড়েগুতি মলমলের চাদর এবং পায়ে চটি জুতা ব্যবহার করিত। কাহার সঙ্গে বেশী কথা কহিত না এবং তাহার সঙ্গেও কেহ বড় একটা কথা কহিত না। তাহাকে সকলেই 'পুস্তক-কীট' বলিয়া জামিত। কোনরূপ রুথা গল্প তাহার ভাল লাগিত না। ক্লাদের মধ্যে সেই স্বর্বাপেকা ভীক্ষধী এবং সচরেত্র ও স্থনীত ছাত্র ছিল।

"ক্লাসের ছেলের। যথন বিস্কৃট প্রভৃতি ইংরাজী থাদ্য খাইত, ভূদেব তথন তাহাদের সঙ্গে থাকিত না। এমন কি, কলেজে আন্ধাণ শুদ্রের জন্ম পৃথক্ জনপাত্রৈর ব্যবস্থা থাকিলেও সে কখন তথায় এক ঘটি জল থাইয়াছে কি না সন্দেহ। দ্বিতীয় শ্রেণীতে পড়িবার সময় আমার বিবাহ হয়। সেই বিবাহ উপলক্ষে আমি বাগান বাড়ীতে সহপাঠীদিগকে একটি ভোজ দিই; ভূদেব সে ভোজে যোগ দেয় নাই। কার্যক্ষেত্রে অবতরণ করিয়া কর্মান্থত্রে আমি যথন খুলনা, সিউড়ী, প্রভৃতি স্থানে থাকিতাম, তথন ভূদেব আমার ওথানে যাইয়া খাইয়াছেন সত্য, কিন্তু প্রিজের ব্রাহ্মণ দিয়া বাঁধাইয়া তবে থাইয়াছেন। তাঁহার স্বধর্মনিষ্ঠা সকলাদিকেই চিল।

"এক কথায় বলিতে গেলে, হিন্দু কলেজে পঠদ্দশায় আমাদের সহপাঠিগণ ও অপরাপর ছাত্রগণের মধ্যে ভূদেব একজন অতি কঠোর ধর্মাবলম্বী হিন্দু, অতুলনীয় পবিত্র চরিত্র এবং অসাধারণ মনীষাসম্পন্ন ছিল। তাঁহাকে কখন অসম্ভন্ত বা রাগান্থিত দেখা যায় নাই। তাঁহার চিত্ত অতি বিশুদ্ধ এবং সম্দার ছিল। তাঁহার আদর্শে গঠিত চরিত্র সমস্ত ক্রাসের মধ্যে আর কাহারও ছিল না। তাঁহার বাল্যের এই সমস্ত গুণ্ উত্তরকালে কার্য্যে বিকশিত হইয়াছিল।"

আদি ব্রাহ্ম সমাজের সভাপতি, স্থপ্রসিদ্ধ বান্ধালা লেথক এবং ভূদেব বাবুর পরম প্রীতিভাজন বন্ধু ও হিন্দু ফলেজের সহপাঠী ৺রাজনারায়ণ বস্কুজ মহাশয়ের বর্ণিত নিম্নলিখিত বিবরণাট * পাঠ করিলেও ঐ বিষয় অনেকটা স্থাবিক্ট হইবে।

"তথন হিন্দু কলেজের ছাত্রেরা মনে করিতেন মদ্যপান সভ্যতার চিহ্নু', উহাতে দোষ নাই। আমি এবং আমার কতকগুলি সহচর একত্র

^{*} ১৮৯৪ সালের জুন সংখারে 'দাসী''নামক মাসিক পত্রিকায় শ্রীযুক্ত বাবু যোগীন্দ্রনাথ বস্তব নিথিত প্রবন্ধে উদ্ধৃত।

হইয়া গোলদীঘিতে বসিয়া মদ খাইতাম। এখন যেখানে সেনেট হাউদ হইয়াছে, সেধানে কতকগুলি দিককাবাবের দোকান ছিল। আমরা গোলদীঘির রেল টপকাইয়া (ফটক দিয়া বাহির ইইবার বিলম্ব সহিত না) ক কাবাব কিনিয়া আনিয়া আহার করিতাম। আমিও আমার সহচরের। এইরূপ মাংস ও জলম্পর্শ শৃক্ত রাণ্ডি খাওয়া সঞ্জীতা ও সমাজ সংস্কারের পরাকাষ্ঠা প্রদর্শক কার্য বলিয়া মনে করিতাম।

"এইরপ বিশ্বাসে এবং ধর্মহীন শিক্ষার কলে ভূদেব বাব্র সহাধ্যায়ী।
দিগের মধ্যে মাইকেল মধুস্থান এবং জ্ঞানেন্দ্রমোহন ঠাকুর এটিধর্ম গ্রহণ
করিয়াছিলেন। কেহ কেহ অমিতাচারের ফলে অকালে প্রাণ ত্যাগ
করিয়াছিলেন; এবং অনেকে না হিন্দু, না মুসলমান, না খৃষ্টীয়ান ভাবে
চিরজীবন যাপন করিয়া গিয়াছেন। সে তরক্ষে স্বল্লাধিক পরিমাণে
বিচলিত হন নাই, ভূদেব বাব্র সহাধ্যায়ীদিগের মধ্যে সেরপ অতি, অল্লই
ছিলেন। তিনি এবং তাঁহার স্তায় আর ছই এক জনই কেবল
সাগর মধ্যন্থিত পর্বতের স্তায় সেই প্লাবনের মধ্যে অটল ভাবে দণ্ডায়মান
ছিলেন।"

এইরপ বিপ্লবের দিনে ভূদেব বাবু আপনাকে হিন্দুঙাবাপন্ন রাখিবার কিরপ স্থবিধা পাইয়াছিলেন, নিম্নলিখিত বিবরণটি পাঠে ভাহার কৃতকটা জানা যাইবে।

পূর্ব্বেই বল। গিয়াছে ভ্রেব বাব্র পিতামহ সার্বভৌম মহাশয় হরীতকী বাগানে আসিয়া বাস করিবার পর কয়েকঘর গৃহস্বকে যজমান করিয়াছিলেন। সার্বভৌম মহাশয়ের মৃত্যুর পর ভূদেব বাব্র খুল্লতাত্ত্বই প্রধানতঃ ঐ সকল যজমান রক্ষা করিতেন। মধ্যে মধ্যে ভূদেব বাব্ও আবশ্রুক্তমত থুড়ার সহায়তা করিতেন।

এক সময়ে কোন যন্ত্রমানের বাড়ীতে ভূদেব বাবু ঘটোৎসর্গ করাইতে

যান। ঘটোংশীৰ্গ করাইতে বসিয়া তিনি যজমানকে মন্ত্ৰ পড়াইতে ক্রাগিলেন। যন্ত্রমান মন্ত্র গুনিয়া বলিল "মন্ত্র ঠিক হইতেছে না।" ভূদেব 'বাবুকোন কথা না বলিয়া আবার মন্ত্বলিতে লাগিলেন। সেবারেও যক্ষান ঐরপ কথা বলিল। তথন আর কাজ না করাইয়া তিনি চলিয়া আদিলেন। আদিবার কাঁলৈ বলিলেন, "মন্ত্র যদিই ঠিক না হইয়া থাকে 'ত/ুহাতে তোমার কোন দোষ নাই, সে ঝে'াক আমার; তোমার ভক্তি র্বিশ্বাস থাকিলে ভুল মন্ত্রেই কার্য্য সিদ্ধ হইত।" ভূদেব বাবু চলিয়া গেলে বজমান তাঁহার ঐ কথাগুলি এবং মন্তের পূর্ণতা সম্পাদনে ভক্তির শক্তি সম্বন্ধে এদেশে স্বপ্রচলিত কথা গুলির * মনে মনে আলোচনা করিতে নাগিল এবং তাঁহার আকার প্রকার ও কথা বার্ত্তার ভাবে তাঁহাতে ্য প্রকৃত বন্ধাতজ আছে তাহা বুঝিতে পারিল। তথন আপন মাতাকে তাহার বাডী পাঠাইয়া দিল এবং বলিয়া দিল"বেমন করিয়া পার, পায়ে হাতে ধরিয়া সেই ছেলেটিকে আনিতেই চাও। তাঁহাকে না পাইলে আর কাহারও দ্বারা আমি কলসী উৎসর্গ করিব না।" একটু অন্থনয় বিনয় করার পর ভূদেব বাবুপুনরায় সেই যজমানের বাড়ী যাইয়া তাহার কার্য্য সম্পন্ন করিয়া চলিয়া আসিলেন।

इंडिट्राशीय हानहनर्देन **छाहात्र ममशा**ठितर्ग অভ্যন্ত হইতে থাকি-

মূর্থ বদতি বিকায় ধীয়ো বদতি বিকরে।
 উভয়েন ফলং তুলাং ভাবগ্রাহী জনার্দ্ধন॥

অজারা ধর্মনান্তাণি প্রায়িদ্যন্তং বদন্তি যে।
 প্রারশ্চিত্তীভবেৎ পুতন্তংপাপং তেরু গচ্ছতি॥

বদক্ষর পরিভ্রষ্টং মাত্রাহীনক বৎ ভ্রেবং ।
পূর্বং ভবতু তৎসর্কাং তৎ প্রসাদাৎ ক্রেবরি ।

লেও তাঁহার গৃহশিক্ষ। এবং পারিবারিক ব্যবস্থার বিশেষত্ব নিবন্ধন তিনি উহা হইতে অনেকটা অন্তরে থাকিতে পারিয়াছিলেন। তাঁহার বাড়ীতে সন্ধ্যা বন্দনাদি ব্রান্ধণের নিত্যান্থচেয় বিধি সমস্তই প্রতিপালিত হইত। ঐ সকল অন্তর্চানে তিনিও যোগদান করিতেন। সদাচার-পরায়ণ আত্মীয়গণের প্রতিনিধি হইয়া উল্লিখিগুরূপে ফ্লমানের কাজ কর্মাও তাঁহাকে সময়ে সময়ে করিতে হইত। এই সমস্ত অন্তর্চানের অন্তর্নিহিত কি এক অনির্ব্বচনীয় পবিত্রতার প্রভাবেই তাঁহার সংয়ন ও আর্যাচার তাঁহাতে পরিক্ষৃত হইতে পারিয়াছিল।

অষ্টম শ্রেণীতে অধ্যয়ন সময়ে ভূদেব বাবুর একথানি ইংরাজী অভি-ধানের প্রয়োজন হয়। তিনি ব্রাহ্মণ ভোজনের দক্ষিণা হইতে সংগৃহীত छुटे जिका मन जाना नहेश। जैनावाजाद्य शमन कदतन। रव्याय मधुरुमन् থানি 'জনসনের ডিক্সনারী' দেখিয়া সেই থানিই ক্রয় করিতে মনন क्रियलन ; किन्छ मृना क्रिडामा क्रवाय मधु एन विलालन, "চারি টাকা।" ভূদেব বাবু বলিলেন "আমার কাছে তুই টাকা দশ আনা মাত্র আছে; উহা লইয়া পুন্তকথানি আমাকে দাও।" মধু দে বলিলেন,""চারি টাকাতে বেচিলেও আমার লাভ অল্পই থাকি: এরপ স্থলে ছুই টাকা দশ আনাতে কেমন করিয়া দিব ?" ভূদেব বাবু তথন অন্তান্ত দোকানে অৱেষণ করিতে नांशितन, विन्ह के भूसक जात कांशां भारेतन ना। तो उ रांगिशांि করিয়া তাঁহার গৌরবর্ণ মুখমগুল রক্তাভ হইয়া উঠিল। পুনরায় মধু দের দোকানের নিকট আসায় মধু দে বলিলেন, "কেন এত কষ্ট পাইতৈচ্ছ, আমি উহা অপেক্ষা একথানি অল্প দামের অভিধান তোমাকে দিতেছি লইয়া যাও।" ভূদেব বাবু বলিলেন "ঐ থানিতে সকল কথার মানে পাওয়া যাইবে: ছোট অভিধান হইলে তাহা হইবে না। ঐ থানিই

আমাকে ছই টাকা 'দশ আনাতে দাও।" মধু দে বালকের একারু আগ্রহ দেখিয়া পরিচয় জিজ্ঞাসা করিলেন, এবং অধ্যাপক ব্রাহ্মণের সন্তান জানিয়া বলিলেন "তোমার পঁড়া শুনায় বড় আটা দেখিতেছি: আচ্ছা বই খানি আমি তোমাকে অমনি দিতেছি লইয়া যাঁও।" ভূদেব বাবু বলিলেন "আমি, যাহা সংগ্রহ করিতে পারিয়াছি তাহা আমি দিতেছি, বাকী আমি যার। দ্বিধা উঠিতে পারিলাম না সেই অংশটাই তোমার দান হইবে।" মধুফ্রনি দের মন প্রকৃত পক্ষেই উদার ছিল—দানের পূর্ণফল লাভের অপৈক্ষা উপক্ততের তুষ্টির দিকেই অধিক দৃষ্টি করিতে পারিলেন। ভিনি তাহাঁকে দিলেন এবং স্বতঃ প্রবৃত্ত হইয়াই বলিলেন, "ভোমার খেরপ পড়া শুনায় মন ,দেখিতেছি তাহাতে তোমার হাতে আমার বই নই হইবার কোন সম্ভাবনা নাই। আমার দোকানে সেকেও গাও বই অনেক আছে: এক একবারে চারি পাঁচ থানা করিয়া বই আনি তোমাকে দিব, তুমি পড়িয়া আমায় ফেরত দিও। এইরপে ক্রমে ক্রমে তুমি দকল পুঁস্তকগুলিই লইয়া যাইয়া পড়িতে পারিবে। ইংরাজী বইয়ের দাম অনেক্" কিনিয়া পড়ার স্থবিধা না হইতে পারে।"

ভূদেব বাবু মধুদের কথায় বড়ই আংলাদিত হইলেন এবং তদবিধি মধুদের দোকান হইতে বহুসংখ্যক পুন্তক অনেক দিন ধরিয়া লইয়া পড়িয়াছিলেন। মধুদের সদয় ব্যবহার শ্বরণ ও উল্লেখ করিয়া তিনি সর্বদাই বলিতেন যে আমাদের দেশে সকল ব্যবসায়ে এবং সকল বণের মধ্যেই অনেক সদাশয় ভাল লোক আছেন। বলা বাহুল্য কথন তাহার হাতে কোন পুন্তক ময়লা বা নষ্ট হয় নাই। অনেক কষ্ট করিয়া পুন্তকাদি সংগ্রহ করিতে হইত বলিয়া ঐ সকলের প্রতি তাঁহার বড় নরাবরই ছিল। উত্তরকাদে বাড়ীর ছেলেদের কাহাকেও কোন পুন্তক

ময়লা বা নষ্ট করিতে দেখিলে তিনি আত্মকথা ওাহাদিগকে বলিয়া ভবিশ্যতে আর যাহাতে তাহার। ওরপ না করে, তদ্বিয়ে উপদেশ দিতেন। একবার তাঁহার একটি পৌত্রকে একথানি 'আ্যাটলাসের' প্রতি অব্যক্ষ করিতে দেখিয়া বলিয়াছিলেন "দাদা, আ্যাটলাস থানি ছি ড্ছ।" এরপ আটলাস দেখিবার জন্ম তোমার দাদা বিবৃকে হ্রীতকী বাগান হইকে বাগবাজারে যাইতে হইত; একথানি কিনিয়া লইবার ক্ষমতা ছিল না '"

নিজের পূর্বাবস্থা তিনি দর্বাদাই স্মরণ করিতেন, এবং আবস্তাকমৃত উহার উল্লেখ করিয়া অপরকে উপদেশ দিকেন। সাধারণে প্রকাশ কোন বিষয় বিরত করিতে যাইয়া তিনি স্বপরিবারের অর্থ কচ্ছুতা এবং তলিবন্ধন তাঁহার পড়া শুনা বন্ধ হইবার উপক্রম হওয়া প্রভৃতি নির্বিক্তাচিত্তে লিপিবন্ধ করিতেছেন দেখিয়া তাঁহার কোনংবন্ধ বলিয়াছিলেন, "আপনি ও সকল কথা বিরত করিয়া আপনাকে লঘু করিতে যাইতেছেন কেন?" ভূদেব বাবু বলিলেন, "আমি ইহাতে বড়ই লঘু হইব বলিয়া কি তুনি মনে কর? দরিদ্র ব্রাহ্মণ পণ্ডিত প্রমুথ হিন্দু সমাজে অর্থ কচ্ছুতায় অগোরব নাই।"

্চারি টাকার বইথানি তু টাকা দশ আনায় লওয়া কাহার কাহার চক্ষে ভাল ঠেকিবে না। বস্তুতঃ উহা এদেশীয় ব্যবস্থার অর্থায়ী।

কোন সময়ে একজন খ্যাতনামা অধ্যাপক পণ্ডিতের বিশেষ কার্ষ্যোপলক্ষে কিছু অর্থের প্রয়োজন হইয়াছিল। তাঁহার বন্ধু জিজ্ঞাসা করিলেন, "টাকার কি বন্দোবস্ত করিতেছেন ?" সরলমনা ব্রাহ্মণ বলিলেন, "তাহার আর বন্দোবস্ত কি করিব, যাঁহাদের সত্পায়ে লব্ধ অর্থ আছে *

অপরাবাধম ক্লেশং প্রবড়েনার্জ্জিতং ধনং।
 অলং বা বছলং বাপি "দেয়" মিত্যভিধীয়তে॥

তাঁহাদের নিকট গিষ্মা বলিব "হে অথি ! আমি ব্রাহ্মণ ও অর্থার্থী ; এই কথা বলিলেই তাঁহারা কিছু কিছু সাহায্য করিবেন।"

সংপাত্রে দানের জন্মই আঁথের সঞ্চয় এবং সাধারণতঃ সমাজের শিক্ষক, পবিত্র-চরিত্র এবং অর্থোপার্জন অপেক্ষা উচ্চ উদ্দেশ্যে বদ্ধলক্ষ্য ব্রাহ্মণ জাতিই এদেশে প্রকৃষ্ট দানের পাত্র—এই বিশ্বাস হিন্দু সমাজে বদ্ধমূল।

ক্লিম বাবু বান্ধন সমস্যে এই ভাবই বরাবর পোষণ করিয়।
আদিরাছিলেন। বান্ধণ পণ্ডিত এবং ছাত্র কাহাকেও কথন তাঁহার
নিকটে আসিয়া প্রত্যাখ্যাত, হইতে হয় নাই; তাঁহাদিগকে কিছু কিছু
দিতে পারিলেই তিনি আপনাকে কতার্থ বোধ করিতেন। অর্থ পাইয়া
কৈং কথন স্থতিবাদাদি করিতে গেলে তিনি বলিতেন, "মহাশয়, মহুর
বচনটি শ্রণ করিবেন। * বান্ধণ নিজের জিনিসই লইলেন, তজ্জ্জ্ঞাপনাকে উপকৃত বোধ করিবার কথা বান্ধণের নহে; গ্রহণেই গৃহত্তের
উপকার করেন।"

ইংরাজী পুস্তকের দাম অনেক। ভূদেব বাবুর পিতামাত। কোন প্রকারে পুর্ত্তের বিভালয়ের মাহিয়ানাটাই গুছাইয়া দিতেন। পুস্তক কিনিয়া দিবার শক্তি তাঁহাদের ছিল না; স্বতরাং লাইব্রেরী বা দোকান হইতে চাহিয়া আনা পুস্তকের উপরই তাঁহাকে নির্ভর করিতে হইত। পরের পুস্তক একবার মাত্র পড়িয়া ফিরাইয়া দিতে হইবে, এজন্ম বিশেষ প্রয়োজনীয় কথাগুলি নোট বহিতে লিখিয়া রাখিতে ন। এইরূপ্প করায় তাঁহার স্বাভাবিকী স্বায়ী স্বৃতিশক্তি ক্রমশংই অধিকতর বলবতী হইয়া উঠিয়াঙিল। বিবেচনা করিয়া দেখিতে গেলে তাঁহার একাগ্রতা ও শ্রমস্বীকার গুণ তাঁহাতে যেরূপ পূর্ণ মাত্রায় ছিল তাহাতে পাঠা পুস্তকের

খনেব ব্রাক্রণো ভুঙ্জে খংবতে খংদদাতি চ
 খানৃশংস্তাদ্ ব্রাক্রণস্ত ভুঞ্তে হীতরে জনাঃ

এইরপ অসদ্ভাব তাঁহার পক্ষে প্রকৃত প্রস্তাবে বিশেষ মঙ্গলেরই কারণ হইয়াছিল মনে কর। যাইতে পারে।

অনেক সদাশয় ইউরোপীয় ভর্মলোক 'এই সময়ে দেশীয় ছাত্রগণের প্রতি বিশেষরূপ মমতা ও 'যত্ন প্রদর্শন করিতেন। উহাঁদিগের মধ্যে হেয়ার সাহেবই ঐ বিষয়ে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ ছিলেন। হেয়ার সাহেবর গুণে তংকালের সকল ছাত্রেরই অস্তঃকরণে তাঁহার প্রতিভা কৈ / ও ভালবাসা জন্মিয়াছিল। তাঁহার চিত্তও যে প্রকৃতই বালকের চিত্তাকর্ষণের সম্পূর্ণ উপযোগী ছিল, নিম্নলিখিত তুইটি ঘটনার উল্লেখে তাহা স্থপরিক্ষুট হইবে।

হেয়ার সাহেব প্রায় নিতাই হিন্দু কলেজ দেখিতে আসিতৈন।
আনেক সময়ে টিফিনের ঘণ্টায় তিনি সর্বানিয় শ্রেণীর ছোট ছোট
ছেলেদের সহিত থেলা করিতেন, কত কি খেলিবার জিনিস
তাহাদিগকে দিতেন এবং তাহাদের মধ্যে স্থন্দর স্থন্দর ছেলেদের
লইয়া একটি দল বাঁধিয়া পারিতোষিক বিতরণের সময় তাহাদিগের ছারা
কবিতা আর্ত্তি কর্নাইবার জন্ম তত্প্যোগী শিক্ষা তাহাদিগকে প্রদান
করিতেন। ঐ সময়ে ৺য়তীক্রমোহন ঠাকুর (পয়ে মহারাজা) উক্ত
কলেজের নিয় শ্রেণীতে অধ্যয়ন করিতেন। সাহের একদিন আসিয়া
বালক য়তীক্রকে ক্লাসের বেঞ্চ হইতে একেবারে নিজের স্কর্পে তুলিয়া
লইলেন, এবং সেই অবৃষ্য়ায় কার্য্য পরিদর্শন করিয়া বেড়াইতে লাগিলেন।
তথনকারই কি, আর এখনকারই কি, অন্য কোন ইংরেজের মনে 'নেটিভ'
বালক সম্বন্ধে এতটা মমতা দেখা যায় না।

 অপর একদিন হেয়ার দাহেব রামচন্দ্র বাব্র ক্লাদের ছেলেদের পরীক্ষা গ্রহণ করেন। পরীক্ষার ফল ভাল হওয়ায় সাহেব যথেষ্ট সন্তোষ প্রকাশ করিলে রামচন্দ্র বাবু ছেলেদের চুপি চুপি বলিয়া দিলেন.

"তোরা সাহেবের ক্লাছ থেকে প্রাইজ চেমে নে।" ঐ কথায় যাহাদের . পরীক্ষার ফল ভাল হইয়াছিল, তাহাদিগের মধ্যে ভূদেব বাবু, ও আর ভিনটি ছেলে স্থলের ছুটীর পর সাহেবের পশ্চাং পশ্চাং গিয়া বলিতে नाशितन. "मारहर जामारानत श्राटेज करे १" मारहर निराजत कृतन গেলেন: ছেলেরাও তাঁহার সহিত তাঁহার স্থলে গেল। সাহেব রাত্রিতে উঞ্জ ল বাড়ীরই একটা কামরায় থাকিতেন। রাত্রি ক্রমে অধিক · ट्रेन, रेंके हु हिल्ला ज्थापि मार्ट्यिक ছाफ़िल ना। मार्ट्य विल्लान, "বা প্রাইজ কিসের, প্রাইজ দোবো না, বাড়ী যা।" কথাগুলি কিন্তু ্রুরপ ভাবে বলিলেন যে, তাহাতে কাহারও নিরুৎসাহ বা অসন্তোষ হইল 🖦 সাহেবের কথায় কোন ছেলেই চলিয়া গেল না। সাহেব তথন প্রত্যেকের কোথায় বাড়ী ইত্যাদি জিজ্ঞাসা করিয়া লইলেন। কথায় বাভাষ রাত্রি ক্রমে অধিক হইয়া পড়িল। সাহেব তথনও বলিলেন, "প্রাইজ আমার কাছে পাবে না, তোমরা বাড়ী চলিয়া যাও।"ছেলেরা विनन, "প্রাইজ না পেলে, সাহেব, আমরা কেহই বাড়ী যাব না।" मारहर रिलटन, "शारत ना !" এই रिलश कूं निशा परत्र ब्राटना हर्ना ए নিবাইয়া দিলেন এরং মেজের উপর বদিয়া হুঁ হুঁ শব্দ করিয়া ছেলেদের ভয় দেখাইতে লাগিলেন। ছেলেরা তথন সকলেই বলিয়া উঠিল, "ওরে সাহেব মরে ভূত হোয়েচে, আয়, ভূত ধরি আয়।" সেইঘরে দড়ি ছিল। থেমন করিয়া, ঘোঁড়া ধরে সেইরূপ করিয়া ছেলেরা দড়ি দিয়া ঘিরিয়া সাহেবকে ধরিবার চেষ্টা করিতে লাগিল। যে কোণের দিক হইতে লুঁ ভূঁ শব্দ আসিতেছিল, শব্দাত্মসারে সেই কোণের দিকে যাইয়া ছেলের। সাহেবকে ধরিয়া বাঁধিয়া ফেলিল। সাহেব দড়িতে বদ্ধ হইয়া মজেতে পড়িয়া আছাড়ি পাছাড়ি করিয়া শব্দ করতঃ সত্য সত্যই যেন বুরে ভূতের উপদ্রব হইতেছে এইরূপ অভিনয় করিতে লাগিলেন।

ছেলের। সাহেবকে ছাড়িল না, বরং মালীকে ডাুকিয়া একটা আলো আনিতে বলিল। সাহেব তথন উঠিয়া পুনরায় বলিলেন, "তোম্বা যাবে না ?" ছেলেরা বলিল, "যাব কেন সাহেব, আমরা ভাল পড়া বল্তে পেরেছি তুমি ত বলেছ। তবে আমাদের প্রাইজ দেবে না কেন ? এ ত তোমার লাইবেরীতে কত বই রয়েচে, ত্মামাদের প্রাইজ দাও, আমরা যাচ্ছি।" সাহেব ছেলেদিগকে নাছোড় দেপিয়া একথানি বই)মানিরা याहात वाज़ी मर्खाराक्या निकटं छाहाटक मिटनन ; "या ७, वार्ध वार्थि. কাহাকেও দিব না।" আবার পীড়াপীতি করায় সাহেব আর একথানি বই আনিয়া অবশিষ্ট তিন জনের মধ্যে ঘাঁহার বাড়ী স্ব্রাপেক্ষা নিকটে . তাহাকে দিলেন। 🖱 চলিয়া গেল। ছইজন তথনও রহিল। খুনুরায (क्रम कत्राग्र मार्ट्य जात এकथानि वहें जानित्तन। वाकी ग्रें क्रान्त মধ্যে ভূদেব বাবুর বাড়ীই অধিক দূরে। সে বইখানি সেজতা তিনি পাইলেন না। তিনজনে প্রাইজ পাইয়া চলিয়া গেল। ভূদেব বাবু একেলা পড়িলেন। রাত্রি তথন ১১টা। সাহেব এতক্ষণ ছেলেদের লইয়া এই সকল কাণ্ড করায় তাঁহার আহারাদি তৎকাল পর্য্যন্ত হয় নাই। তিনি তথন আর একথানি বই আনিয়া ভূদেব বারুকে দিয়া বলিলেন, "ধাও।" তিনি বইথানি লইুয়া আফলাদে বাটী চলিয়া আসিতে লাগিলেন। হ্রীতকী বাগান সাহেবের বাড়ী হইতে অনেক দূরে। কেলিকাতার রাস্তায় তথন কোন রকম আলো দেওয়া হইত না এবং তথন অভ রাত্রিতে রাম্ভা দিয়া লোকজনও বড় যাতায়াত করিত না; পথে চৌরাদিরও একটু ভয় ছিল। যাহা হউক, বালক ভূদেব (ভাত হইলে লোকে যেরপ করে) পশ্চাৎদিকে একবারও না ফিরিয়া ক্রতবের্গে চলিতে লাগিলেন এবং ক্রমে হরাতকী বাগান গলিতে আসিয়া প্রবেশ করিলেন্! যথন মোড় ফিরিলেন, তথন বাড়ী আসিয়া পৌছিলাম মনে করিয়া তাঁহার

নাহদ হইল। ঐ দময়ে পশ্চাৎ ভাগে ফিরিয়া একবার চাহিয়া দেখিলেন। বাধ হইল যেন একজন সাহেব আদিতেছে। হেয়ার সাহেবই আদিতেছেন মনে করিয়া তিনি একটা বাড়ীর আড়ালে দাঁড়াইলেন। বস্তুতঃ হেয়ার সাহেবই আদিতেছিলেন। তাঁহার বাড়ী হইতে সেই অন্ধকার রাত্রিতে একেলা অল্পবয়স্ক ছেলেকে অনেকটা পথ যাইতে হইবে ভাবিয়া নাম্বে মজ্জাতভাবে পাছে পাছে তাঁহাকে বাড়ীতে রাখিতে আদিতেছিলেন, সাহেব পূর্বেই জানিয়া লইয়াছিলেন যে, ছেলেটার বাড়ী পৌছতে গলির ভিতর অনেকটা যাইতে হয়। এক্ষণে গলির মোড়েছেলে সাহেবের দৃষ্টির বহিভূতি হওয়ায় সাহেব যেন একটু চিন্তিত হইয়াই ফ্রেন্ড পাণবিক্ষেপে গলির ভিতরে অগ্রসর হইলেন। বালক তথন একেবারে সাহেবের হাত ধরিয়া ফেলিয়া বলিলেন, "সাহেব, ধরেছি, তুমি আমাকে বাড়ী পৌছাইয়া দিতে আস্ছিলে।' সাহেব হাত ছাড়াইয়া লইলেন এবং 'তুমি শীঘ্র বাড়ী যাও'। বলিয়া চলিয়া গেলেন। বিদেশী ইংরেজের পক্ষে বাঙ্গালীর ছেলের জন্ম এরূপ যত্ন এখন যেন অসম্ভব ঘটনা বলিয়াই মনে হয়।

১৮৪০ অন্দে ভূদেব বাবু রামচন্দ্র বাবুর শ্রেণী হইতে একেবারে জ্ঞান্দ দাহেবের শ্রেণীতে উন্নীত হইলেন। মধ্যে ম্যাথিউদ দাহেবের শ্রেণীতে অন্ম তাঁহাকে পড়িতে হইল না। ইহার পর বংসর ৫ম শ্রেণীতে উন্নীত হইলেন। ফালফোর্ড দাহেব ঐ শ্রেণীর শিক্ষক ছিলেন।

কলিকাতার ঠাকুর বংশের জনৈক প্রভৃত ধনবান্ ব্যক্তি এই সময়ে একদিন ভূদেব বাবুকে কলেজে দেখিতে পান এবং কোন পরিচিত ব্যক্তির দারা তাঁথাকে আপন বাটীতে ডাকাইয়া আনেন। দেখানে সকলেই তাঁহার প্রতি যত্ন প্রদর্শন করেন। ঠাকুর বংশীয়েরা পিরালী নামে খ্যাত এবং সাধারণ ব্যহ্মণ সমাজে অবাধে বিবাহাদি উহাঁদের চলে না। কিন্তু

উহার। বিভাত্বরাগী এবং সংপাত্তে কন্তাদান জন্ত বিশেষ যত্নশীল। সেজত লেখা পড়ায় ভাল স্থকান্তি গরিব কুলীনের ছেলের সন্ধান পাইলে সরল ভাবে ছেলের পিতা মাতাকে কৌলিত্তমর্য্যাল্য স্বরূপ অর্থাদি দারা তুষ্ট এবং দশত করিয়া সেই ছেলেকে বাড়ী গাড়ি ধনরত্ব সহ কতা দান করিতেন। ভূনের বাবুকে দেখিয়া বাটার সকলের বিশেষ পছল হইলে, সেই ধনী বাক্তি তর্কভূষণ মহাশয়ের নিকট ভূদের বাবুর সহিত তাঁহারী ক্রের বিবাহের প্রস্তাব করিয়া পাঠান। বিবাহের প্রস্তাব হইতে পারে এরপ কোন আভাষ না পাইয়াই ভূদের বাবু তাঁহার বাড়ী গিয়াছিলেন। সে বাহা হউক নিজের বা পুত্রের আথিক স্থাবিধার বা সাংসারিক অভাব নিরাকরণ জন্ত কুলপ্রথা ভাই বাহার। হইতে পারেন, তর্কভূষণ মন্থায়ু সে দ্রোবার লোক ছিলেন না; তিনি প্রস্তাহটী তীব্রভাবে প্রত্যাখ্যান করিয়াছিলেন।

পঞ্চম শ্রেণীতে পাঠ কালেই কলিকাতা বেচু চাটুযোর খ্রীটের ৬ পঞ্চ।
মন চট্টোপাধ্যায়ের দ্বিতীয়া ক্যার সহিত ভূদেব বাব্ব পরিণয় কার্য্য
সম্পন্ন হইয়া গেল। এই বিবাহ যে কিন্ধপ স্থান ফলিয়াছিল তাহ। ভূদেব
বাব্র লিখিত পারিবারিক প্রবন্ধ পড়িলেই ব্বিতে পুারা যায়।

ষ্ঠ অধ্যায়

-33

হস্ত-লিখিত ইংরাজী-পত্র 'প্রাইভেট অবজারভার' জুনিম্নর বৃত্তি প্রাপ্তি, কাপ্তেন্ রিচার্ড দন, ইংরাজ শিক্ষকদিগের যত্ন এবং ভাঁহাদের প্রতি ভক্তি, ইংরাজী প্রবন্ধের জন্ম ৺রামগোপাল ঘোষের মেডাল]

পঞ্চম শ্রেণীতে অধ্যয়নকালে ভূদেব বাবু স্বশ্রেণীস্থ ছাত্রদিগের পাঠের জন্ম ইংরাজী ভাষায় একথানি সংবাদ-পত্র লিখিতে আরম্ভ করেন। পত্রথানির নাম দেওয়া ইইয়াছিল, "প্রাইভেট অবজারভার" (গুপ্তপরিদর্শক)। ভূদেব বাবুই উহার সম্পাদক, তিনিই প্রকাশক, তিনিই কম্পোজিটর, তিনিই সব। অর্থাং সংবাদ-পত্রের ধরণে ভূদেব বাবু একথানি কাগজে নানা কথা ইংরাজীতে হাতে লিখিয়া ক্লাসের ছেলেদের মধ্যে হাতে হাতে চালান করিয়া দিতেন। একজনের দেখা ইইয়া গেলে আর একজন দেখিত। এই পত্রিকায় তাঁহার সমপাঠাদিগের সম্বন্ধে মন্তব্য পাকিত। একবার কোন সমপাঠা শিক্ষকের নিকটে তাঁহার নামে নালিস করিয়া বলিল, "ভূদেব নিজের খবরের কাগজে অমার প্রতি কটুক্তি করিয়াছে"। ভূদেব বাবুকে জিজ্ঞাসা করায় তিনি বলিলেন, "কটুক্তি করা হয় নাই, স্পেক্টেটরের অফুকরণ করা ইইয়াছে।" পাঠাপুস্তকের আলোচনার ফল বুঝিয়া শিক্ষক সন্তোষ প্রকাশই করিলেন।

পঠদশায় ক্রীড়াচ্ছলে তাঁহার এইরপ সংবাদ-পত্র পরিচালনের অভ্যাস উত্তর কালে প্রকৃত সংবাদ-পত্রের স্থনীর্ঘকালব্যাপী সম্পাদকভায় পরিণ্ড হইয়াছিল। শিশুই ক্রমে বড় হইয়া মান্ত্র্য হয়—শৈশবের অঙ্কুরই ক্রমশঃ বয়ঃপ্রাপ্তির সহিত বর্দ্ধিত হইয়া উঠে।

হালফোর্ড সাহেবের শ্রেণীতে অধ্যয়নকালে তিনি একদিন ক্লাসের অমুশীলনী পরীক্ষা দিতেছিলেন; ছাত্রগণ সকলেই টেবিলের উপর কাগজ রাখিয়া নিথিতেছে; সাহেব ঐ স্থানে ইতস্তত্ত পাইচারী করিয়া, বেড়াইতেছেন। হঠাৎ ভূদেব বাবুর হাত হইতে কলমটী পড়িয়া ুনলু। তিনি নিজে উহ। কুড়াইয়া লইবার পূর্বেই দাহেব কলমটী তুলিয়া লইয়। তাঁহার হাতে দিলেন। তিনি কলম লইয়া নিঃশব্দে আবার লিখিতে লাগিলেন। সাহেব ভূদেব বাবুকে ভাল বাসিতেন। ক্লাস ঘ্রিয়া আবার তাহার নিকটে আসিয়া বলিলেন, "ভূদেব তুমি আসাকেঁ 'থ্যাস্ক' দিলে না ?" বালক ভূদেব শিক্ষকের দিকে দৃষ্টিপাত করিয়। বলিলেন, "কি হইয়াছে ?" শিক্ষক বলিলেন, "কেন, আমি যে তোমার কলম কুড়াইয়া দিলাম!" কলম কুড়াইয়া দিলে যে 'থ্যান্ধ ইউ' বলিতে হইবে তাহ। ভূদেব বাবুর বিধিনিষেধসমন্ধীয় সিদ্ধান্ত-মধ্যে ছিল না। "নিত্য কর্ম এবং দাধারণ কর্ত্তব্য কর্ম করিলে পুণ্য অর্জন হয় না, কিন্তু ঐ মকল না করিলে প্রতাবায় হয়.—গ্রান্ধণের এই উচ্চাদর্শের কথাই তিনি সর্বাদা বাড়ীতে শুনিতেন। এই জন্ম তিনি সাধ্যেবর কথা প্রথমে বুঝিতেই পারেন নাই! অবশ্য এ ক্ষেত্রে ভূদেব বাবুর সিদ্ধান্তটী যে একট বালক-স্বভাবস্থনত একদেশদর্শী এবং কাঁচা ছিল ইহা নিশ্চিত। দেশীয় রীত্যস্থসারে 'থ্যান্ধ ইউ' অগ্রাহ্ম হইলেও ইউরোপীয় শিক্ষকের প্রতি উহা প্রযুজ্য: যেহেতু দেখলে উহার ব্যবস্থা না করিলে তিনি क्षुक रहेरवन। विमिशास्त्र महिल रेवामिक लायाय कथावाखास्राम 'थाक ইউ'ক্থাটী শিষ্টাচারদম্মত। পরে ইহা বুঝিয়া ভূদেব বাবু সেইরূপই চলিয়াছেন সত্য, কিন্তু তথন সাহেবের কথার উত্তরে সরল মনে আপনাক

স্থির সিদ্ধান্তের **অহ্**থায়ী বলিলেন, "কেন ধন্তবাদ দিব, আপনি ত কর্ত্তব্য মাত্র করিয়াছেন।" •

• সাহেব একেবারে আকশি হইতে পড়িলেন; ভাবিলেন, এ ছেলে ত অশিষ্ট, নয়, তবে আজ এরপ কথা বলিতেছে এবং এরপ ব্যবহার করিতেছে কৈন? শুধু শুধুই আমাকে অপমান করিতে চাহে না কি? সাহেবের মুখ লাল হইল। বলিলেন, "কলম কুড়াইয়া দেওয়া কি আমার কর্ত্তব্য কর্ম?" ভূদেব বাবু সরল মনে বলিলেন, "সকলকে সকল বিষয়ে সকল সময়ে একটু সাহায়্য করা কি সকলেরই কর্ত্তব্য নয়?" সাহেব তথন ছাত্তের সরল মন ও অন্তঃকরণের উচ্চ আদর্শ দেখিয়া মুঝ হইয়া বিশেষ সক্রোষ প্রকাশ করিলেন।

বিদেশীয় চালচলনাদির প্রতি এইরূপ বীতম্পৃহভাব তিনি বরাবরই পোষণ করিয়। আসিয়াছিলেন। সরকারী কাজকর্ম্মে এবং সরকারী কামচারীদিগের সহিত সংশ্রব সময়ে যেটুকু শিষ্টাচারসমত তিনি তাহাই করিতেন, তদতিরিক্ত কিছু করিতেন না। হাইকোর্টের কোন স্থপ্রসিদ্ধ উকিল এক সময়ে তাঁহার সম্বন্ধে মন্তব্য প্রকাশ করিয়া বলেন থে "লোকটার চলনটাতেও ইংরাজীর গাঁজ নাই।"

ইংরাজ কিরপে বসে, কিরপে চলে, কিরপে কথা কয়, তাহা শিক্ষ। এবং অমুকরণ করিবার জন্ম ইংরাজী-শিক্ষিত অনেকেই লালায়িত। তিনি সে সকল বিষয় কথন লক্ষ্য করিতেন না।

ইংরাজী শিক্ষিতেরা প্রায়ই একটু হুট্ মুট্ করিয়া চলিয়া থাকেন; ভূদেব বারু সমস্ত মাটী মাড়াইয়া চলিতেন। বেহার সার্কেলে যথন তিনি ইনস্পেক্টর নিযুক্ত হুইয়া যান তথন তাঁহার ধরণ দেথিয়া তত্ত্রতা অনেক লোকে বলাবলি করিয়াছিল, "এবারে আমাদের যে ইনস্পেক্টরটী স্থাসিয়াছেন, তিনি ইংরাজী জানেন বলিয়া বোধ হয় না।"

হিন্দু কলেজে ষষ্ঠ ও পঞ্চম শ্রেণীতে অধ্যয়ন করিবার সময় হইতেই ভূদেব বাবু পাঠাভ্যাদে বিস্তর পরিশ্রম করিতেন! আহারের মধ্যে প্রাতে গণিয়া ১৪ গ্রাস ভাত এবং রাত্রে একটু সাগুমাত্র আহার করিতেন। এইরূপ লঘু আহার করায় তিনি অনেক রাত্রি পর্যন্ত পঞ্চিতে পারিতেন; কোনরূপ অস্থ্য বোধ হইত না। তথনকার ব্রাহ্মণ পতিতের গৃহে আতপ তওুল, গব্য ঘৃত ও তুগ্ধের অপ্রতুল ছিল না, স্কুতরাং এরুপ অল্প আহারেও তাঁহার শরীর-রক্ষায় কোন ব্যাঘাত ঘটে নাই।

তাঁহার পঞ্চম শ্রেণীতে অধ্যয়ন-কালে তেওঁ যী তর্কভূষণ মহাশয় একটা বিশেষ বাষিক বৃত্তি ত্যাগ করায় ভূদেব বাবুর স্থলের বেতন অ্নেক বাকী পড়ে। মাইকেল মধুস্দনের জীবনীতে প্রকাশিত পত্তের একস্থলে এই মাহিয়ানা বাকী পড়ার সম্বন্ধে ভূদেব বাবু নিজেই বলিয়াছেন—

"—মধুস্থান ও আমি, আমরা উভয়ে যখন পঞ্চ শ্রেণীতে পড়ি, সেই সময়ে একবার আমার স্থলের ১৬ মাদের ৮০ ফি বাকী পড়ে। আমার পিতা ব্রাহ্মণ পণ্ডিত ছিলেন; স্থতরাং এত টাকা পরিশোধের পর আবার মাদিক পাঁচ টাকা বেতন দিয়া আমাকে হিন্দু কলেজে পড়ান তাঁহার পক্ষে বড় ক্র্যাধ্য ছিল না। অগত্যা আমার হিন্দু কলেজে পড়া বন্ধ হইবার উপক্রম হইয়া উঠিল। মধু সেই কথা শুনিয়া বলিল, তুমি নাকি হিন্দু কলেজে পড়া বন্ধ করিবে ?' আমি বলিলাম 'হাঁ, আমাদের অবস্থা ত ব্রিতেছ; পাঁচ টাফা করিয়া মাদিক বেতন দেওয়া বাবার পক্ষেকষ্টকর, কাজেই আমাকে পড়া বন্ধ করিতে হইবে।'

"এই কথায় মধু বিশেষ ক্ষ্ম হইয়া বলিল, 'কেন ভাই টাকটো জন্য তোমার পড়া বন্ধ হইবে; আমি ত মায়ের কাছ থেকে অনেক টাকা জনপানি পাই, আমার টাকা হইতে তোমার স্থলের বেতন দেওয়া চলিতে পারিবে।' ঐ বৎসর পঞ্চম শ্রেণীতে আমর। স্থনিয়র বৃত্তি পরীকার স্ক্য প্রস্তুত হইতে ছিলাস, স্বতরাং অল্পনি মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বৃত্তি পাওয়ায় আমাকে মধুর অর্থ-সাহায়্য গ্রহণ করিতে হয় নাই। মধুর টাকা গ্রহণ করিতে যে আমি কৃষ্ঠিত হইতাম তাহা নহে; আমি মধুকে এতই আপনার বলিয়া মনে করিতাম।"

থিন্দু কলেজে তথন চুইটি বিভাগ ছিল—একটি সিনিয়র বিভাগ, অপরটি জুনিয়র বিভাগ। প্রথম শ্রেণী হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত সিনিয়র বিভাগেত্রবং ষষ্ঠ হইতে সর্ব্ব নিয় শ্রেণী পর্যন্ত জুনিয়র বিভাগ।

• এই সময়ে সিনিয়র ও জুনিয়র রুত্তি পরীক্ষা সর্ব্ধ প্রথম প্রবর্ত্তিত হয় এবং কলেজের প্রথম ও দিতীয় শ্রেণীর ছাত্রেরা সিনিয়র বৃত্তি পরীক্ষা এবঃ তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর ছাত্রেরা জ্নিয়র বৃত্তি পরীক্ষা দিতে পারিবেন এইরূপ ব্যবস্থা হয়। কিন্তু বিশেষ দরখান্ত দিয়া ভূদেব বাব্ এবং তাঁহার চারিজন সহপাঠী—মাইকেল মধুস্থদন দত্ত, গৌরদাস বসাক, স্থামাচরণ লাহা, এবং বঙ্ক্বিহারী দত্ত—পঞ্চম শ্রেণী হইতেই জুনিয়র বৃত্তি পরীক্ষা দিতে পাইয়াছিলেন। পরীক্ষার ফল প্রকাশ হইলে দেখা গেল যে. তৃতীয় শ্রেণীর ছাত্র জ্গদীশনাথ রায় (ইনিই পরে ডিষ্ট্রিক্ট পুলিস স্থপরিন্টেণ্ডেন্ট হইয়াছিলেন) প্রথম এবং ভূদেব বাব্ দ্বিতীয় হইয়া বৃত্তি পাইয়াছেন।

অতঃপর ভূদেব বাবু এবং উক্ত চারিজন সহপাঠী পঞ্চম শ্রেণী হইতে একেবারে দ্বিতীয় শ্রেণীতে উন্নী 😻 হইলেন।

একেবারে তিন শ্রেণী অতিক্রম করিয়া পঞ্চম হইতে একেবারে দিতীয় শ্রেণীতে,উন্নয়ন হিন্দু কলেজের ছাত্রদিগের মধ্যে এই প্রথম এবং এই শেষ। তৎসম্বন্ধে বাবু বঙ্ক্বিহারী দক্ত যাহা লিখিয়াছিলেন তাহা নিম্নে উদ্ধৃত করিয়া দেওয়া গেল:—

"আনরা পাঁচজন ছাত্রে মিলিয়া কাপ্তেন রিচার্ডসন সাহেবকে এই

বলিয়া দরখান্ত করি যে, আগামী বাৎসরিক পরীক্ষায় আমরা চতুর্থ এবং তৃতীয় শ্রেণীর ছাত্রদের সঙ্গিত একত্রে বৃত্তি পরীক্ষা দিব। কাপ্তেন সাহেব ইতিপূর্ব্বে আমাদের সংবাদ পত্র দেখিতেন। বোধ হয় তিনি আমাদিগকে নিতান্ত অযোগ্য ছাত্র মনে করিলেন না, এবং আমাদের শিক্ষক হালফোর্ড সাহেবও আমাদের প্রভাবের অন্থমোদন করায়, পঞ্চম শ্রেণীর ছাত্রেরাও জুনিয়র বৃত্তি পরীক্ষা দিতে পহিল। নচেং, প্রথমে কথা উঠিয়াছিল যে শুর্থু তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ছাত্রেরাই জুনিয়র বৃত্তি পরীক্ষা দিতে পাইবে। স্থপ্রীম কোর্টের তৃদানীন্তন প্রধান বিচারপত্তি সার্ এডওয়ার্ড রায়ান উচ্চ শিক্ষার পক্ষপাতী ছিলেন। তিনি এবং স্থপ্রীম কৌন্দিলের মেম্বর ক্যামিরণ সাহেব প্রভৃতি উচ্চপদ্ধ ক্রমজ কর্মচারিগণ তথন কলেজের পরীক্ষা গ্রহণ করিতেন। সৌভাগ্যক্রমে আমরা পাঁচজনেই সফল-মনোরথ হইলাম। সকলেই আমাদিগকে ধন্ত ধন্ত করিতে লাগিলেন, এবং কাপ্তেন সাহেব যারপর নাই আহলাদিত হইলেন।

"কিন্তু এখানে একটা কথা বলা ভাল যে, তখনকার পরীক্ষা এখনকার পরীক্ষার মত ছিল না। তখন পাঠাপুস্তকের যে অংশ শিক্ষকের। ছাত্রগণকে শিখাইতেন না, মেধিকাংশ স্থলে দেই অংশ হইতেই প্রশ্ন করা হইত। ইহাতে ছাত্রদের বিচ্ছা-বুদ্ধির পরিচয় যে অধিক পাওয়া যাইত. তাহার সন্দেহ নাই। সাহিত্যের আদরই অধিক ছিল, এবং সাহিত্যের প্রকৃত প্রস্তাবে অফুশীলন হইত; এখনকার মত নানা বিষয়ের একটু একটু লইয়া থিচুড়ি পাকান হইত না। পরীক্ষার দিন শিক্ষকের। কলেজে আসিতে পাইতেন না, দারে গোরা কন্টেবল পাহারা থাকিত।"

শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ বস্থ প্রণীত মাইকেল মধুস্থান দত্তের জীবনচরিত প্রান্থের শেষভাগে শ্রীযুক্ত গৌরদাস বসাক মহাশয়ের লিখিত যে ইংরাজুী পত্রথানি প্রকাশিত হইয়াছে, তাহার স্থলবিশেষ পাঠ করিয়া দেখিলে
তথনকার দিনে হিন্দু কলেজের শিক্ষাপ্রণালী যে ইদানীস্তন শিক্ষা-প্রণালী
ই্ইতে কতকটা বিভিন্ন ছিল, তাহা বেশ ব্ঝিতে পারা যায়। উক্ত পত্রের
সেই স্থলটুকুর মর্ম্ম উদ্ধৃত করিয়া দেওয়া ইইলঃ—

দৈহারাজ হুর্গাচরণ লাহার লাতা ৺খ্যামাচরণ লাহা মহাশ্যের খ্যালক চ্টুড়ানিবাদী শ্রীকুক্ত বঙ্গবিহারী দত্ত আমাদের সহাধ্যায়ী ছিলেন। বক্রর আয়ে ভাল ইংরাজী লিখিতে কলেজের অনেকেই পারিতেন না। ইংরাজী ভাষায় পদ্য লিখিতে মধুস্দনের তুল্য ক্লাদে আর কেহ ছিল. না। মধুস্দনের ইংরাজী লেখা প্রথম শ্রেণীস্থ ছাত্রদিগেরও ইর্গার বিষয় ছিল। বঙ্গ মধুস্দনের সহিত প্রতিযোগিতায় সংবাদ পত্রে ইংরাজীতে গল প্রবন্ধ লিখিত। কিন্তু গণিত ও ইতিহাস তাহার নিতান্ত অল্ল জানা ছিল। একবার পরীক্ষার সময়ে বঙ্গ গণিতের একটি প্রশ্নেরও উত্তর লিখে নাই, লিখিতে চেষ্টাও করে নাই। ইতিহাসের কেবল একটা প্রশ্নের উত্তর লিখিয়াছিল। কিন্তু সমাট পঞ্চম চার্লস্ সম্বন্ধীয় সেই একটি প্রশ্নের উত্তর লিখিয়াছিল। কিন্তু সমাট পঞ্চম চার্লস্ সম্বন্ধীয় সেই একটি প্রশ্নের উত্তর পরীক্ষকগণ এতাদৃশ সম্বোধ লাভ করিয়াছিলেন যে, বঙ্গু সেই পরীক্ষায় প্রশংসার সহিত উত্তীর্ণ হইয়াছিল, এবং পঞ্চম শ্রেণী হইতে একেবারে দিতীয় শ্রেণীতে যে সকল ছাত্র উন্নাত হইয়াছিল, শ্বঙ্গও তাহার মধ্যে একজন ছিল।

"ইংরাজী লেথক আমার বন্ধু শ্রীযুক্ত ভোলানাথ চন্দ্রও গণিত নিতাস্ত কম জানিত। গণিতের পরীক্ষা হইলেই ভোলানাথ ও তাহার আর কয়েক্জন সহযোগী কলেজ হইতে সরিয়া পড়িত। সাধারণ শিক্ষাকমিটীর প্রেমিটেণ্ট সার এডওয়ার্ড রায়ান সাহেব এই বিষয় জানিতে পারিয়া উহাদের সকলকেই গণিতের পরীক্ষা-দানে বাধ্য করেন। তদবধি ভোলানাথ গণিতের পরীক্ষা দিত, কিন্তু প্রশ্নের উত্তর লিখিতে পারিত না;

অধিকাংশ স্থলে সাদা কাগজ দিয়াই চলিয়া আসিত। কেন্তু এরপ হইলেও ভোলানাথ কলেজের প্রথম পারিতোষিক প্রাপ্ত হইয়াছিল। ইংরাজী সাহিত্যে সর্ব্বোৎকৃষ্ট ছাত্রকেই ঐ পুরস্কার দেওয়া হইত। তথনকার হিন্দু কলেজের শিক্ষা এখনকার স্থায় কেবল মৃথস্থ বিভায় প্র্যাবস্তিছিল না।"

বঙ্গু বাবু বলিয়াছেন যে, তিনি এইরপে দিতীয় শ্রেণীতে উন্নীত হইলে, অধ্যাপক রিচার্ডদন দাহেব তাঁহাকে বলেন, "বঙ্গু, আর তেহমার বড় স্থবিধা হইবে না; এখন হইতে গণিত প্রভৃতি বিষয় লইয়া একটু নাড়াচাড়া বেশী হইতে থাকিবে; তোমার এখন কলেজ ত্যাগ করাই শ্রেয়:।" বঙ্গু বাবুও তাহাই করিয়াছিলেন।

ভূদেব বাব্ হালফোর্ড, বার্ণার্ড, মিডল্টন, ক্লিট, কাপ্তেন রিচার্ডানন প্রভৃতি কলেজের অপরাপর যে সকল অধ্যাপকগণের নিকট অধ্যয়ন করিয়াছিলেন, সকলেই তাঁহাকৈ সবিশেষ ভালবাসিতেন এবং তিনিও সকলকে যথোচিত শ্রন্ধা ভক্তি করিতেন।

ভূদেব বানুর প্রতি তাঁহার শিক্ষকগণের যত্ন ও ভালকাসার একটি দৃষ্টাস্ত নিমে দেওয়া যাইতেছে।

'ভূদেব বাবু যখন দিতীয় প্লেণীতে অধ্যয়ন, করেন, দেই সময় একদিন তিনি কলেজে আসিয়া দেখিলেন কলেজ বসিবার তখনও একটু বিলম্ব আছে। তাঁহার শরীরটা সেদিন তত ভাল ছিল না। তিনি অধ্যাপক সাহেবদিগের কামরায় যাইয়া একখানি ইজি চেয়ারে, ইসিয়া মনে করিলেন, একবার হাতপাগুলা ছড়াইয়া লইবেন। কিন্তু শরীর অবসন্ন ছিল বলিয়া শুইবামাত্রই তাঁহার নিজ্ঞাকর্ষণ হইল। হালিকোড সাহেব যথাসময়ে কামরায় আসিয়া দেখেন, ভূদেব বাবু ইজি চেয়ারে শুইয়া গুমাইতেছেন—দেখিয়া অমনি আন্তে আন্তে দরজাটা

বন্ধ করিয়া দিয়া বেহারাকে বলিয়া আদিলেন, "দেখিও, ছেলেটার যেন কোন রক্ষমে নিদার ব্যাঘাত না হয়।" এই কথা বলিয়া দিয়া তিনি কানে আদিলেন। বেলা দেড়টার সময় অধ্যাপকগণ টিফিন থাইতেন। যথাসময়ে তাঁহারা টিফিন করিবার জয় কামরার নিকট যাইয়া বেহারার কথা জানিলেন যে, ভূদের, বাবু তথনও ঘুমাইতেছেন। সাহেবেরা তথনও তাঁহার ঘুম•না ভাঙ্গাইয়া সকলেই আপন আপন ক্লাসে বিসয়া টিফিন করিলেন। বেলা ছইটার সময় তাঁহার নিদ্রাভঙ্গ হইল এবং •নিদ্রাবন্থায় যে সকল ব্যাপার ঘটিয়াছিল, তাহা ভানিয়া তিনি বড়ই লজ্জিত হইলেন কিছে তাঁহার অধ্যাপক তাঁহাকে বলিলেন, "তুমি বেরুশী পরিশ্রম কর, বেশী রাজি পয়্যন্ত জাগিয়া অধ্যয়ন কর, তোমার যে একটু ভাল ঘুম হইয়াছে তাহাতে আমি বড়ই সম্ভষ্ট হইয়াছি।" —এথনকার কালের ইউরোপীয় অধ্যাপকেরা এদেশীয় ছাত্রের প্রতি এরপ যত্ন প্রদর্শনের কথা কি কথন স্বপ্নেও মনে করেন ?

কাপ্তেন বিচার্ভসনের স্মরণার্থ ১৮৯৩ অবদ একটি কমিটা সংগঠিত হইবার কথা হয়। কমিটার প্রথম অধিবেশনে ভূদেব বাবৃকে নেম্বর স্বরূপে উপস্থিত হুইবার জন্ম অন্ধরোধ করা হইয়াছিল। তথন তাঁহার শরীরের অবস্থা নিতান্ত মুন্দ। তিনি উপস্থিত হইতে পারেন নাই। তিনি এই স্থরে কাপ্তেন বিচার্জসন এবং তথনকার শিক্ষাপ্রণালী সম্বন্ধে ইংরাজিতে যাহা লিখিয়া পাঠাইয়াছিলেন। তদ্দারা তাঁহার ইউরোপ্নীয় শিক্ষকদিগের প্রতি তাঁহার মনের ভাব কিরপ ছিল, তাহা বৃঝিতে পারা যায় এবং আহুষন্ধিক আরও অনেক কথা জানা যায় বলিয়া বাঙ্গালায় ঐ কয়েক পংক্তির * মর্ম্ম নিম্নে উদ্ধৃত করা গেল—

^{* &}quot;Captain Richardson's tall figure, placid countenance,

কাপ্তেন রিচার্ড দন দীর্ঘাক্কতি পুরুষ ছিলেন । তাঁহার মুখখানি দেখিলেই মনে কেমন এক প্রকার প্রীতি জন্মিত। অন্তরের কোমল বৃত্তিওলি তাঁহার নয়ন তৃটিতেই পরিস্ফৃট হইত। তাঁহাকে দেখিলে দকলেরই মনে তাঁহার লম্বন্ধে অন্তর্কুল ভাবের উদয় না হইয়া থাকিতে পারিত না। অধিকন্ত কবি ও গ্রুকুকার বলিয়া তাঁহার দিবিশেষ সমানই করিতেন।

তাঁহার সময়ে ইউরোপীয় অধ্যাপকদিগের সহিত ছাত্রদের সদয় এখনকার কালের হইতে একটু ভিন্নরপ ছিল। এখন ছাত্রেরা বেমন অধ্যাপকের প্রতি উপযুক্ত সম্মান-প্রদর্শনে বিরত, এবং অধ্যাপকৈরাপ্ত ছাত্রদিগের প্রতি কর্কশ ব্যবহারে নিরত তখন সেরপ ছিল না। এখন ও সংস্কৃত চতুম্পাঠী সমূহে অধ্যাপক ও ছাত্রের মধ্যে পরস্পর ব্যবহুপ সম্মন্ধ দৃষ্ট হয়, তখনকার দিনে ইউরোপীয় শিক্ষক ও ছাত্রগণের সম্মন্ধ ক্তকটা তদম্রপই ছিল।

কাপ্তেন রিচার্ড সনের, মেকলে, ক্যাম্যারণ, গ্রাণ্ট প্রস্তৃতি বড় বড়

tender eyes and noble presence created a favourable impression on all, while his reputation as a poet and author contributed not a little to the respect he commanded from his pupils. In his time the relationship of the European Professor and the Indian student was not characterised by harshness on the one side, and disobedience on the other, but rather resembled to some extent the relationship between adhyapakas and chhatras of the indigenous tols.

রাজকর্মচারীদের দহিত বিশেষ বন্ধুত্ব ছিল; কিন্তু তাঁহার সহামূভূতি
. এবং কর্ত্তব্যজ্ঞানপূর্ণ চিত্ত সূর্ব্বদা দেশীয় ছাত্রগণের প্রতিই আরুষ্ট
থাকিত। তিনি ছাত্রণণ সংক্রান্ত সকল বিষয়েই আন্থা প্রদর্শন
করিতেন।

তিহার সেক্সপিয়ার প্রস্থান অতি চমংকার ছিল। এমনি ধরণে তিনি সেক্সপিয়ারের আবৃত্তি করিতেন যে, সেই আবৃত্তির গুণেই অধিকাংশ স্থানের অর্থ পরিক্ষৃট হইয়া যাইত। দেশীয় ছাত্রগণের প্রতি তাঁহার বে অসাধারণ সহাত্রভৃতি ছিল, সেই সহাত্রভৃতির বলেই তিনি পুস্তকের মধ্য হইতে ঐ সমস্ত ছাত্রগণের পক্ষে তুরুহ স্থলগুলি বাছিয়া লইতে দমর্থ ক্রইতেন এবং সেই সকল স্থলের বিশ্বদ ব্যাখ্যা করিয়া দিতেন।

আজ কালের ভাষ তথন কলেজে অধ্যাপক-সংখ্যার বাড়াবাড়ি ছিল না, স্থতরাং একা রিচার্ডসন সাহেবই ইংরাজী সাহিত্য ব্যতীত

Captain Richardson was the personal friend of high officials, like Macaulay, Cameron and Grant, and yet his sympathetic and dutiful heart was always attached to his Indian students, and he could take interest in all their surroundings.

His teaching of Shakspeare was admirable. He used to read out in a way which cleared up the meanings of most passages, and the very words which were difficult for his Indian students, he used with a marvellous instinct, inspired by his deep sympathy, to take up for explanation. He used to teach mental philosophy, history, besides literature, the staff of Professors not being superabundant in those days. His salary was Rs. 600 per month, and that of the Professors did

মনোবিজ্ঞান এবং ইতিহাসও পড়াইতেন। তিনি মাসিক ছয় শত টাকা বেতন পাইতেন; অন্তান্ত অধ্যাপকগণ পাঁচ শত টাকার অধিক কেহ বেতন পাইতেন না। ক্লিণ্ট সাহেবের ন্তায় গণিতাধ্যাপকও উথার অধিক বেতন পাইতেন না। কাপ্তেন রিচার্ডসন এবং অপরাপর অধ্যাপকগণ দেশীয়দিগের পাড়াতেই বাস করিয়া দেশীয় ছাত্র িগের সংঅবেই থাকিতেন। 'ক্লবে' কেবল উচ্চপদস্থ সম্মকারী ইউরোপীয় কর্মচারিগণ ব্যতীত আর সকলের সহিত্ই একেবারে সম্পূর্ণরূপ বিভিন্ন-সংঅব হইয়া থাকিতেন না।

ছুটির দিনে কথন কথন রিচার্ডদন সাহেব আপন ছাত্রগণকে বাড়ীতে আহ্বান করিয়া আনিতেন। তিনি ছাত্রদিগকে বাড়ীতে আনিয়া থা ওয়াই-তেন। ঐ সময়ের ইউরোপীয়েরা আমাদের দেশীয় রীতিনীতিগুলির প্রতি এথনকার অপেক্ষা অনেক অধিক সম্মান প্রদর্শন করিতেন। রিচার্ডদন

not exceed Rs. 500 per month. Even such a mathematician as Mr. Clint did not get more. Captain Richardson and all the other Professors used to live in the Native quarter of the town in touch with their Indian pupils, and not in clubs quite cut off from all but high European officials. The Captain used to invite his pupils to his house on holidays. He would give the boys a treat on such occasions. The Europeans used to hold the customs of the country in greater respect in those days than they are willing to do now, and nothing, touched by European hands, was ever offered to Hindu boys by their entertainers in those days. True gentlemanly instinct ever kept the Captain from attacking either by

সাহেব ছাত্রদিগকে থাঁওয়াইতেন বটে, কিন্তু মুরোপীয় স্পৃষ্ট কোন দ্রব্য ছার্জদেগকে দিতেন না। তাঁহার একান্ত স্বভদ্র প্রকৃতি হেতু—কাজে করা দূরে থাকুক—কথাতেও তিনি কখন দেশীয়গণের রীতিনীতিরঃ প্রতি আক্রমণ করিতেন না।

প্রকৃত কথা এই যে কার্প্তেন রিচার্ডসনের এবং তথনকার অপরাপর অধ্যাপ ক্বর্গের এদেশীয় লোকের প্রতি যে প্রকৃত সহাত্ত্ত্তি ছিল, সেইরূপ সহাত্ত্তি থাকিলে তবে বিদেশীয়েরা আত্মর্যাদাসম্পন্ন হিন্দু-জাতির নিকট হইতে সন্মান ও ভালবাসা পাইতে পারেন।"

ভূদেব বাব্র সহপাঠিগণের মধ্যে অনেকেই সমধিক সংখ্যায় পুত্তক
পাষ্ঠ করিতেন। কলেজ লাইত্রেরীর সমস্ত বই পড়িয়া ফেলিব মাই-কেল মধুস্দন দত্তের এরূপ ইচ্ছা হইয়াছিল। তুই বন্ধুতে কে কত পড়িলেন উভয়ে মিলিয়া তাহার হিসাব করিতেন। ভূদেব বাবু এই সম্বন্ধে (মাইকেলের জীবনীতে প্রকাশিত তাহার পূর্ব্বোলিখিত পত্রে) লিখিয়াছেন:—

"পঞ্চম শ্রেণীতে জ্নিয়র বৃত্তি পাইয়া আমি, মধু ও আমাদের আর করেকজন সহপাঠী—আমরা একেবারে দিতীয় শ্রেণীতে উন্নীত হইলাম। মধুর সহিত আমার দৌহাদ্য পূর্বের ন্তাম তথনও অক্ষ্র। ইংরাজী কবিতা মধু যাহা লিখিত বা নৃতন পড়িত, আমাকে জেদ করিয়া শুনাইত,

word or action the ways of the people, from whom his pupils came. In fact, Captain Richardson and his colleagues had that genuine sympathy for the people of this country, which alone can win honour and love from a self-respecting race like the Hindus."

কিন্তু আচার-ব্যবহারের বিষয়ে আমার সহিত তাহার কোন কথাবার্ত। হইত না; সে সকল বিষয় আমার নিকট সে সমত্বে গোপন রাখিত। কথন কথা উঠিলে হাসিয়া উড়াইয়া দিত।" *

হিন্দু কলেজের প্রথম ও দিতীয় শ্রেণীস্থ ছাত্রদিগের মধ্যে স্ত্রীশিক্ষা বিষয়ে যে ত্ই জন ছাত্র ইংরাজী ভাষায় সর্থোশ ক্রষ্ট প্রবন্ধ রচনা করিতে পারিবে, ৺ রামগোপাল ঘোষ মহাশয় সেই তুই জনকৈ তুইটি মেডাল পারিতোষিক দিবেন বলিয়া প্রতিশ্রুত হন। প্রথম পারিতোষিক সোণার মেডাল। দিতীয় পারিতোষিক রূপার মেডাল।

ভূদেব বাবু তথন উক্ত কলেজের দ্বিতীয় শ্রেণীতে অধ্যয়ন করেন।
যোগেশচন্দ্র ঘোষ ও প্যারীচরণ সরকার প্রম্থ প্রথম শ্রেণীর শ্রেক্ত
ছাত্রবর্গ বাঙ্গালীর প্রদত্ত প্রস্কারের জন্ম প্রতিযোগী, পরীক্ষা দিতে
অস্বীকৃত হইলেন! প্রকৃত প্রস্কারের জন্ম প্রতিযোগী, পরীক্ষা দিতে
অস্বীকৃত হইলেন! প্রকৃত প্রস্কারে তথনকার 'ইয়ং-বেঙ্গল দল' যাহা
কিছু ইউরোপীয় তন্মাত্রেরই পোষকতা করিতেন; দেশীয় সকল বিষয়ই
যেন তাঁহাদের নিকট দ্বণার বস্ত ছিল! দ্বিতীয় শ্রেণীর অধিকাংশ ছাত্র ও
পরীক্ষা দিবে না বলিয়া সঙ্গল করিল; মধুস্দন দত্তও সেই মতে মত
দিলেন। ভূদেব বাবু কিন্তু উক্ত পরীক্ষা দেওয়াই সম্পত বলিয়া মনে
করিলেন। তাঁহার চরিত্রেরং সারবতা এই সময়ের দ্বার্য সমূহেও

^{*} লড কাঁানিংরের সহণাঁটী এবং বন্ধু আল আনভিলও এইরূপ নিজের অনুপ্তিত কোন প্রকার অপকর্মের কথা লড ক্যানিংরের কাছে প্রকাশ করিতেন না। তিনি লিবিয়াছিলেন, I would not willingly have told him of thinks of which I was ashamed." অর্থাৎ বে কাল করিয়াছি বলিয়া আমি নিজেই মনে মনে লজ্জিত হইতাম তৎসম্বন্ধে ইচ্ছাপ্র্বেক মুখ ফুটিয়া কোন কথা তাঁহাকে বলিতে পারিতাম না। Canning—Rulers of India Series.

স্বস্পষ্ট পরিলক্ষিত হর্ষ। এই সময় হইতেই তিনি ইংরাজী শিক্ষার তুঁব শাড়িয়া লইতেছিলেন এবং সঙ্গে সঙ্গে স্বজ্ঞাতিপ্রীতিও তাঁহার অন্তঃকরণ মধ্যে ক্রমশঃ পরিবর্দ্ধিত হইতেছিল। প্রতিযোগী পরীক্ষা দিতে অসম্মত সমপাঠিগণের সকলকেই তিনি ব্ঝাইয়া বলেন গে বাঙ্গালীর প্রদত্ত পুরস্কারের প্রতি তাচ্ছল্য করিয়া প্রতিযোগী পরীক্ষা দিতে অসমত হওয়া উচিত নহে; রামগোপাল ঘোষ মহাশয় বাঙ্গালী—স্বদেশবাসী। স্বদেশবাসীর মানেই তাঁহাদের সকলের মান: আত্মর্ম্যাদা-জ্ঞান থাকিলে স্কুদেশবাসীর অমর্য্যাদা কিরূপে করা হাইতে পারিবে?

শভূদেব বাব্র কথায় তাঁহার সহপাঠী দ্বিতীয় শ্রেণীর সকল ছাত্রই উক্ত পরীক্ষা দিলেন। পরীক্ষায় মধুস্থদন প্রথম ইইয়া সোনার নেডাল পাইলেন ভূদেব বাবু রূপার মেডাল পাইলেন। মধুস্থদনের ইংরাজী ভাষা অতি স্থানর লেখা হইয়াছিল, ভূদেব বাবুর রচনা অধিকতর সারগর্ভ ইইয়াছিল, কিন্তু মধুস্থদনের ইংরাজী অতি স্থানর এবং ঠিক সাহেবী ধরণের ইইয়াছিল।

এই প্রতিযোগী পরীক্ষা সম্বন্ধে তিনি নিজে বলিয়াছেন *--

"মধু যে সকল বিষয় অংনাকে থুলিয়া বলিত, তাহারও অনেক বিষয় লইয়া আমাদের মতভেদ হইত, কিন্তু প্রায়ই ওরপন্থলে মধু শেষে আমার মতই গ্রাহ্ম করিত। একবার কলেজে ইংরাজী, প্রবন্ধ রচনা বিষয়ে একটি প্রতিযোগী পরীক্ষা হইবার কথা হয়। উৎকৃষ্ট প্রবন্ধ-রচ্মিতাকে বাবু রাম্গোপাল ঘোষ পারিতোষিক দিতে প্রতিশ্রুত হন। মধু প্রথমে

শ্রীযুক্ত যোগীক্রনাথ বহু প্রণীত মাইকেল মধুহুদনের জীবনীর পরিলিটে ভূদেব বাবুর লিখিত মাইকেল মধুহুদন দক্ত সম্বন্ধীর পত্র।

প্রথম শ্রেণীর ছাত্রদিগের সহিত মিলিয়া ঐ পরীক্ষা দিতে অসমত হইল, বিলিল, "বাঙ্গালীর দত্ত পুরস্কারের জন্ম আবার পরীক্ষা দিব কি?" আমি বলিলাম, "মধু, ও কথা ঠিক নয়, বাঙ্গালীর পুরস্কার বলিয়াই পরীক্ষায় প্রবৃত্ত হইতে হইবে।" * মধু শেষে স্বীকার পাইয়া উক্ত প্রীক্ষা দেয় এবং পরীক্ষায় আমরা উভয়ে পুরশ্বায় পাই—মধু পায় সোনার মেডেল, আমি পাই রূপার মেডেল।

ভি এল রিজ সাহেব এই সময়ে হিন্দু কলেজের প্রথম ও দিঁতীয় শ্রেণীতে অন্ধ শিক্ষা দিতেন। পূর্বেই বলা হই রাছে যে, ক্লাদে ভূদেব বাবু ও মধুফ্দিন একস্থানে বদিতেন। অন্ধণান্ত্র মধুফ্দনের চক্ষে বিষবৎ বোধ হইত। তিনি গণিতের সময়েও ক্লাদে ইংরাজী কবিতা পুরুক্ পড়িতেন অথবা নিজে কবিতা-রচনায় ব্যাপৃত থাকিতেন। গণিতে

১। "কোন জিলার একটা কৃতবিদা" মুনদেক হইয়া তথাকার জজ, মাাজিট্রেট, পুলিস সাহেব এবং ইঞ্জিনীয়ার সাহেব, সকলেরই বাটা বাটা গিয়া তাহাদিগের সম্মান রক্ষা এবং বন্দনা করিয়াছিলেন। "কেবল ঐ নগরে" যে একটা মহারাজা থাকিতেন ভাহার নিকট গমন করেন নাই, প্রত্যুত দেশীর বড় লোকেরই নিকট গমন করেন নাই। নিজেই অপ্রাসক্রিজপে ঐ কথার উত্থাপন করিলে, ওরপ করিলে কেন জিজ্ঞানিত হইয়া বলিলেন, "রাজা বেটা কি করিতে পারে ? আর দেশীর লোভকই বা কি করিতে পারে ? "কৃতবিদা"টির সামাজ্ঞান এবং সোজস্ত-বোধের মুলেই যে কুসারাঘাত হইয়া গিয়াছে তাহা স্পষ্টরূপে দেখিতে পাইলাম।

২। শ্বজাতীয়ের নিন্দা করা, শ্বজাতীয়ের দোব ধরা, স্বজাতীয়ের অ্মুবর্ত্তন না করা ইংাই আমানিগের মর্দ্ধগত মহাপাপ এবং আমাদিগের বর্তমান ছ্রবস্থা এবং অধঃপাত ঐ পাপের অবশ্বস্তাবিক্তন এবং তাহার প্রায়শ্চিত।"

পরীক্ষা ভাল না দিতে পারিলে মোট নম্বর অধিক হওয়া সম্ভব নয়।
মধুপ্দন অক শিথিবার জন্ম একটুও মনোযোগ দিতেন না দেথিয়া ভ্দেব
বাসু বড় ক্ষ্ম হইতেন। বন্ধুর যাহাতে পরীক্ষার ফল ভাল দাঁড়ায় তজ্জন্
অক শিথিবার দিকে তাঁহার প্রবৃত্তি কতকটা উদ্রিক্ত করিবার অনেক
চেষ্টা করিয়াও কতকার্য্য হইতে না পারিয়া একদিন ভ্দেব বাবু বলিলেন,
"নিউট্ন ইচ্ছা করিলে সেক্ষপীয়রের ন্যায় কবি হইতে পারিতেন, কিন্তু
সেক্ষপীয়র ইচ্ছা করিলে নিউটন হইতে পারিতেন না; গণিতে
অধ্যবসারের এবং দৃদরপ মনঃ সংযোগের একান্ত প্রয়োজন।"

ভাদেব বাবু কবিষকে কখন জনাদর করেন নাই এবং গণিতেরও অভিরিক্ত পক্ষপাতী ছিলেন্না। তাঁহার সংস্কৃত নাটক সমালোচন এবং জন্যান্ত প্রবন্ধ পঢ়িলে তিনি যে কিরপ অন্তরের সহিত কবিজের রসাম্বাদ করিতেন তাহা সহজেই বোধগম্য হয়। তবে বন্ধু পঠদ্দশাতেও কবিতা লইয়া বাতিবাস্ত থাকায় পরীক্ষায় যে তাঁহার প্রতিভার উপযুক্ত স্থান অধিকার করিতে পারিতেন না, সেই ক্ষোভেই তিনি বন্ধুকে চিড়াইবার জন্ত বলিয়াছিলেন যে, গণিত শাস্ত্র খাহারা আয়ত্ত করিতে পারেন তাঁহাদের মন্তিদের এত উৎকর্ম হয় যে, তাঁহারা অপর সকল বিষয় সহজে আয়ত্ত কর্মিতে পারেন। পরিশ্রমদাধ্য ত্যায়দর্শন শিক্ষা এবং "অলদের কার্য্য" কবিতা রচনা সম্বন্ধে এরপ একটি প্রাচীন শ্লোক আছে—

কবিত্ব কিমহো তুচ্ছং চিম্তামণি মনীর্ষিণঃ। নিপীত কালকৃটশু হরস্তোবাহিথেলনং॥

চিন্তামণি (ন্থায় শাস্ত্রের গ্রন্থ) শিক্ষিতদিগের পক্ষে কবিও অতি তুচ্ছ বিষয়; কালকূটপায়ী মহাদেবের পক্ষে অহিথেলন যেরূপ অনায়াসদাধ্য বিষয়, ইহাও তদ্রপ।

প্রকৃত প্রস্তাবে "কবিত্ব" তুচ্ছ বিষয় নহে। নৈয়ায়িক পক্ষাবলম্বী

পণ্ডিতের উক্ত কবিতাটিতে স্থন্দর কবিত্ব "আছে" বলিয়াই উহার উরেপ হইয়া থাকে। যাহারা 'কবি' পদবাচ্য নহেন, সামান্ত পদ্যমাত্র বছনা করিয়া থাকেন, তাঁহাদের সম্বন্ধে এই 'শ্লোকটা ঠিকই প্রযোজ্য বটে। ভূদেব বাবু প্রকৃত কবিদিগের প্রতি জনাদর প্রদর্শন করিয়া উরি-থিতরপ তর্কের উথাপন করেন নাই; "মিলটনের কয়েক সর্গ, দৈল্প-পীয়রের অনেক অংশ, ইংরাজী ও সংস্কৃত বহু সংখ্যক কাব্যের' উৎকৃষ্ট অংশ তাঁহার কণ্ঠস্থ ছিল। পঠদ্দশায় এবং শিক্ষকতা কানে গণিতের চর্চচা তিনি অনেকটা করিয়াছিলেন, কোন প্রকারের বিভাই তাহার অনাদৃত ছিল না, কিন্তু কাব্য ইতিহাস ও দর্শন শাস্ত্রের নুর্চচাতেই যাবজ্জীবন আনন্দাহত্বেক করিয়াছেন। অনেক সময়ে ইংরাজী শিক্ষিত পরিচিত ব্যক্তিগণের মধ্যে শুদ্ধ তার্কিকদিগকেন মো্যাথাম্যাটিকেল মাইগু) গণিতে পরিবিক্ত মন, (মেক্যানিক্যাল আরগুমেন্ট) বন্ধ বিজ্ঞানের অন্থ্যায়ী তর্ক প্রভৃতি কথার দ্বারা অপ্রশংসা করিয়া উচ্চ অধিকারের জন্ত কল্পনাশক্তির উপযুক্তরপ প্রশ্রম দেওয়া যে একান্তই আবশ্রুক, তাহা বলিতেন।

দেক্সপীয়রের নিন্দায় যে মধুস্থানের মনে দাকণ আঁঘাত লাগিয়াছিল ভূদেব বাবু তথন তাহা জানিতে পারেন নাই। "আমি পারি না বলিয়া যে অন্ধ কিন আহা নহে, পছন্দ করি না বলিয়াই কিন 'না"—ইহা প্রতিপন্ন 'করিবার ইক্ষা তথন মধুস্থানের মনে একান্থ প্রবল হইল। তিনি মনে মনে প্রতিজ্ঞা করিলেন, যেন তাঁহার হন্তে দেক্সপীয়রের অপমান না হয়। তিনি কবির দাস, অন্ধ কসিতে পারিলেই ত সহপাঠীর কাছে প্রতিপন্ন হইবে যে, সেক্সপীয়র ইচ্ছা করিলেই নিউটন হইতে পারিতেন! তিনি গোপনে অন্ধ শিথিতে লাগিলেন। এই ঘটনার তিন মাস পরে একদিন ক্লাসে রিন্ধ সাহেবের প্রদত্ত একটি ত্রুহ অন্ধ কেইই

কদিতে পারিল। না দেখিয়া মধুস্থান উহা কদিতে আরম্ভ করিলেন।

কুদ্বে বাবু দেখিলেন, মধুস্থান অন্ধটী কদিয়া শেষ করিয়া আনিয়াছেন।

তিনি বিশ্বিত হইয়া রিজ সাহেবকে বলিলেন। সাহেব মধুস্থানকে
বোর্ডে সকলের সমক্ষে ঐ অন্ধটী কদিতে বলিলেন। মধুস্থান অতি

ক্রমার প্রণালীক্রমে অন্ধটী কদিয়া আদিলেন এবং ভূদেব বাবুর গা টিপিয়া

তিন মাস প্রের্ব কথা শ্বরণ করাইয়া বলিলেন, "কেমন, সেক্লাপীয়র

চেষ্টা করিলে যে নিউটনের মত হইতে পারিতেন তাহা দেখিলে ত ?

কিন্তু আমার গণিত শেখার এই শেষ।"

*েইকেল মধুত্দনের জীবন চরিত ৪০ পৃষ্ঠা। ঐ পুস্তকে মৃদ্রিত আছে, ''ইহার কিছুদিন পুর্বে মধুত্দন এবং তাঁহার সহাধ্যায়িগণের মধ্যে দেক্দপীয়র ও নিউটন ছইয়ের মধ্যে কে, প্রতিভায় শ্রেষ্ঠ এই কথা লইয়া তর্ক বিতর্ক হইয়াছিল। ভূদেব বাবু ও ছই একজন গণিত পক্ষপাতী ছাত্র নিউটনের পক্ষ সমর্থন করিয়াছিলেন।"

ঐ পুস্তকথানি মৃদ্রণের পূর্বের উহার হস্তালিপি ভূদেব বাবুকে দেখিতে দেওয়া হইয়াছিল। তিনি উহার আত্যোপাস্ত শুনিয়া ঐ পুস্তক সম্বন্ধে অনেক উপদেশ দিয়াছিলেন।
এই "গণিত, পক্ষপাতী" শব্দটা লইয়া কেহ জিজ্ঞানা করায় তিনি বলেন, "আনি সকল
প্রকার শিক্ষারই পক্ষপাতী; বিশেষ করিয়া গণিতের পক্ষপাতী কথন ছিলাম বলিয়া
মনে করি না; তবে মধুকে গণিতে প্রবৃত্তি দিবার জন্ম উহার সহিত অনেক প্রকারেরই তর্ক তুলিতাম এবং তাহার মধ্যে একদিন সেয়পীয়র মিলটন সম্বনীয় ঐ কথা
আমার সহিতই হইয়াছিল। মধুর নিজের প্রতিভায় বেশ বিখাস ছিল, এজন্ম ঐ
দিনের কথাই বিশেষরূপে তাহার অন্তরে লাগিয়াছিল; কিন্তু বাহিরে, প্রকাশ করে
নাই।"

ঐ "গণিত পক্ষপাতী" কথাটার পরিবর্ত্তন অক্ত এবং এই তর্কে ঠাহার প্রকৃত অভি-প্রায় কি ছিল তাহা প্রকাশ করিয়া গ্রন্থকারের অবগতির জন্ম লিখিতে অনুরোধ করার তিনি বলেন, "যেমন আছে থাকুক; উহাতে মধুস্থন সম্বন্ধে ত ন্তন কিছু জানান হইবে না। আর 'আমার' মনে কি হইয়াছিল, কেন আমি ওরূপ বলিয়াছিলাম, তাহা যদি লোকে না জানিল তাহাতে ক্ষতি কি?"

মধুস্দনের নৈসর্গিক ক্ষমতা সম্বন্ধে ভূদেব বাবু নিজেই লিখিয়াছেন, "মধু আপনার বিদ্যা বৃদ্ধি খুবই বেশী বলিয়া মনে করিত। এমন কি; সে মধ্যে মধ্যে আমাদের বলিত, 'তোমরা আমার জীবন চরিত লিখিও; আমি পৃথিবীর সকল কবি অপেক্ষা বড় কবি হইব।' আমি মধুর এই কথার হাস্ত করিতাম, কিন্ধু সে যে একজন শুতীব প্রতিভা সম্পন্ন 'ব্বা ভাহা আমি বেশ বুবিতে পারিতাম। কর্মক্ষেত্রে অবতরণ করিয়া ক্রমে ক্রমে আমাকে অন্যন বিশ লক্ষ ছাত্রের সংস্রবে আসিতে হইয়াছিল কিন্তু মধুর স্থায় প্রতিভা আমি আর কাহাতেও কন্ধন দেখিতে পাই নাই। ফুংখের বিষয়, হেয় অমুকরণ প্রবৃত্তি এবং বিজাতীয় পথ অবলঙ্গন হেতু মধুর সেই প্রতিভা ক্ষূত্তি পাইয়া সর্বজন গ্রাহ্থ বিষয়ে বিকসিত হইতে পায় নাই। ফ্লতঃ, অন্ত পথে না যাইয়া দেশীয় পবিত্র নীতিয়ার্গের অমুসরণ করিয়া চলিলে মধু স্বীয় প্রতিভা ও উত্যোগিতাবলে স্বদেশের মহতুপকার সাধন করিতে পারিত এবং সর্বতোভাবে আমার হৃদয়গ্রাহী হইত। *

নমসাময়িক এবং সমপাঠী মাদ্রাসার উৎকৃষ্ট ছাত্র মৌলভি আবছললতিফ ঝার সহিত ভূদেব বাবুর এবং মধুস্থদনের মধ্যে মধ্যে দেখা
ভানা হইতে এবং প্রগাঢ় বন্ধুজ জন্মিয়াছিল। একদিন উহাদের মধ্যে
কথাবার্তা হইতেছিল যে উত্তরকালে উহারা কে কি হইতে চাহেন।
যিনি পরে নবাব আবছল লতিফ থা বাহাছর সি, আই, ই এবং ভূপালের
প্রধান মন্ত্রী ও ভারক গবর্ণমেণ্টের বিশেষ প্রিয়পাত্র হইয়াছিলেন,
তিনি তথন ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন যে তিনি "উচ্চ রাজকর্মাচারী"
হইবেন। যিনি পরে মেঘনাদবধ কাব্য এবং কৃষ্ণকুমারী নাটকের
রচিয়িতা এবং বাঙ্গালার একজন প্রধান কবি হইয়াছিলেন, তিনি ইচ্ছা

^{🚁 🕇} মাইকেলের জীবনচরিত পরিশিষ্টে ৮ভূদেব বাবুর লিখিত পত্র।

প্রকাশ করিয়াছিলেন যে "বড় কবি" হইবেন। ঘিনি 'পারিবারিক, সোমাজিক ও আচার প্রবন্ধে' ভারতবাদীর জন্ম বর্ত্তমান কালের কর্ত্তব্য ক্ষুপরিক্টকারী এবং সন্যতন ধর্মের উচ্চ শিক্ষার পোষণ করে 'বিশ্বনাথ ফণ্ড', স্থাপয়িতা এবং নিজের পূর্ণতা প্রাপ্ত পবিত্র জীবনে আঘ্য সংযম এবং কর্ত্তব্যনিষ্ঠার সহিত প্রক্লাত্য স্বদেশ ভক্তির শুভ সন্মিলনের আদর্শ প্রদর্শনকারী [ক্ষিবর হেমচন্দ্রের কথায় বলিলে 'ইংরাজি শিক্ষার ফুল বাহালী শিকডে'] হইয়াছিলেন, তিনি ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন, "যেন অণ্মাত্রেও দেশের কোন কাজে লাগিতে পারি।"

"विजीय ध्येनीएज अधायन कारन माटेरकन मधुरुमन मख शृष्टीन হইয়াছিলেন। মধুস্থদনের এই গৃষ্টান হওয়া সম্বন্ধে ভূদেব বাবু লিথিয়া-ছেন—"একদিন কলেজে আদিয়া মধু আপন মাথা আমাকে দেখাইয়া বলিল,—দেখ দেখি কেমন চুল কাটিয়াছি, ইহার জন্ম আমার এক মোহর বায় হইয়াছে। মধু সেদিন ফিরিঙ্গীর মত চুল কাটিয়া আসিয়াছিল, সম্মুথের চুলগুলা বড়, ঘাড়ের চুলগুলা ছোট। আমি বলিলাম, 'এ কি করিয়াছ 🔭 তোমার পক্ষে এ ঠিক হয় নাই। তুমি একজন 'জিনিয়ন' (বিশেষ প্রতিজ্ঞাশালী ব্যক্তি); 'জিনিয়স' যারা তারা নৃতন নৃতন বিষয় উদ্ভাবন করিয়া থাকে,; তুমি যদি পাঁচ-চূড়া, কি সাত-চূড়া কি ন-চুড়া কাটিয়া আসিতে তা হ'লে যা হোক একটা নৃতন রকম কিছু হ'ত। তানাক'রে ফিরিঙ্গীর মত চুল কেটে এসেছ ৷ এরূপ নী্চ অন্তকরণ প্রবৃত্তিটা ভাল নয়।' আমার কথায় মধু যেন কিছু বিরক্ত হইল বলিয়া বোধ, হইল। দেদিন আর আমার কাছ ঘেঁদিয়া বদিল না। একটু তফাতে বদিল। আমার মনে কিছু কষ্ট হইল। মনে হইল, কথাটা বলা ভাল হয় নাই। মধু অন্তরে ব্যথা পাইয়াছে। যাহা হউক আমি মধুর কাছে সরিয়া বসিলাম এবং তাহাকে তুষ্ট করিবার চেষ্টা পাইলাম।

"তাহার পরদিন মধু আর কলেজে আসিল না। অহুসন্ধানে জানিলামঃ মধু अष्टोन हरेटा शिवाटह । अनिया वर् विश्वयाशन हरेनाम । विश्वयाशन्न ट्टेनाम এই জন্ত যে, মধুর সহিত আমার প্রগাঢ় বন্ধুত। মধু ধৃষ্টীর্দ্ হইবে, খৃষ্টান হইবার দিকে তাহাত্ম মন গিয়াছে, এ সকল কথা ঘুণাক্ষ্যাও দে আমায় কোনদিন বলে নাই। তাহার ভাব গতিক দেখিয়াও আমি ইহার অণুমাত্র বুঝিতে পারি নাই। একবার মনে হইল কথা সত্য নহে। আবার মনে হইল, যদি সত্য হয় তবে আমার উপর মধুর বিশেষ ভালবাদ৷ কই জনিয়াছিল? তাহা হইলে তু নধু আমাকে এ বিষয় একটুও জানাইত। যাহা হউক, আমরা করেকজনে মিলিয়া কলেজের ছুটীর পর মধুকে দেখিতে গেলাম। গিয়া ভানিলাম, তাহাকে ফোর্ট উইলিয়মে রাখিয়াছে। সেখানে আমি ও আমাদের সমপাঠী গৌর একত্তে গেলাম, কিন্তু দেখা হইল না। পরে মধু যেদিন খুষ্টান হইল, দেদিন আমরা তাহাকে দেখিতে পাইলাম। তাহার পর মধু স্মিথ সাহেবের ভত্তাবধানে কিছুদিন থাকিয়া বিশপস্ কলেজে গমন করে। তথন আমি মধুকে মধ্যে মধ্যে দেখিতে গিয়াছি। বন্ধুভাবে মধুও আমার সহিত সম্ভাষণাদি করিয়াছে। কিন্তু পূর্ব্বের ন্যায় সে মুখের ভাব, সে চক্ষের জ্যোতিঃ কোথায় ? মধুর পূর্ব আকারের এখন মনেকটা বিক্বতি ঘটিয়াছিল।

"বিশপ্স, কলেজে কিছুকাল থাকিয়া মধু মান্দ্রাজ যাত্রা করে। সেথানে যাইয়া আমাকে একথানি পত্র লেখে। পত্রথানির মধ্যে আমার মার কথার উল্লেখ করিয়া মধু লিখিয়াছিল,—'আমার প্রণীত ক্যাপ্টিভ্ লেডি নামক পুস্তকে যে রাণীর কথা আছে, সেই রাণী তোমার মাকে আদর্শ করিয়া গঠন করা হইয়াছে।' বাস্তবিকই আমার মা অতিশয় গুণবতী ও স্বন্দরী ছিলেন। তরল সৌন্দর্ধ্য তাঁহার ছিল না; যে সৌন্দর্ধ্যে প্রক্ত

মাতৃভাব ব্যক্ত হয়, দেই অন্নপূর্ণামৃত্তি তাঁহার ছিল।

আমি মধুর উক্ত

থত্তের ক্লবাব দি। কিন্তু ইহার পর হইতেই পরস্পরের সংস্রব বেশী

নিংথাকায় উভয়ের মধ্যে ঘুনিষ্ঠতা আরও কমিয়া যায়।"

^{*} উক্ত পৃত্তক সম্বন্ধে মধুম্বন মাল্লাজ ইইতে শ্রীযুক্ত গোরদাস বদাক মহাশয়কে যে শত্র লিখন তাহার একস্থলে লিখিরাছিলেন, I say Gaur, did you ever see friend Bhoodeb's mother? Do you know that I have not yet forgotten her queen-like appearance? * * * * When I think of an Indian princess, I think of Bhoodeb's mother and an aunt of mine, now dead. She was or is (which?) one of the handsomest Bengalee ladies I ever saw.—[মাইকেল মধুম্বন দত্তের জীবন চরিত ১৪৮ পৃষ্ঠা] অর্থাৎ "গোর তুমি বন্ধু ভূদেবের মাতক দেখিয়াছ? রাজরাণীর স্থায় তাহার মুখ যে আমি আর বিয়ত ইই নাই, তাহা জানিতে পারিতেছ কি ? "ভারতীয়" কোন রাজরাণীর কথা মনে করিতে গেলেই আমার ভূদেবের মাতক এবং আমার এক পূড়া ছিলেন তাহাকে মনে গড়ে। বাঙ্গালী প্রীলোকদিগের মধ্যে অত্যুৎকৃষ্ট ফ্লারী যে সকল স্থালোক দেখিয়াছি, ভূদেবের মা তাহাদের মধ্যে একজন।"

সপ্তম অধ্যায়

40 % % So-

[মশনরিদিগের সংস্রব । স্বেহমর পিতার্ন্ন ঈপার ভ্রমনিরাস ।]

এই সময়ে অর্থাৎ ভূদেব বাব্র এই দিতীয় শ্রেণীতে অধ্যয়ন ক্যুলে একথানি কৃষ্ণবর্ণ ঘন মেঘ তাঁহার মনোমধ্যে উদিত হইয়া হঠাৎ তাঁহার অন্তঃকরণকে অন্ধকারে আচ্ছন্ন করিয়া কেলিল⁴

মানবীদিগের খৃষ্টধর্ম প্রচারের এই সময়ে খুবই বাঁড়াখাড়ি আরম্ভ হইয়ছিল। কলেজের উচ্চ শ্রেণীস্থ ছাত্রগণ সর্বনাই শুনিতেন যে, বাইবেলের ইংরাজী অতি উৎক্ষই; বাইবেল ভাল'করিয়া পড়া না থাকিলে ইংরাজী কবিদিগের এবং বড় বড় লেখকদিগের গ্রন্থানলী প্রক্তরূপে হদয়ন্সম করিতে পারা যায় না। কথা মিথ্যা নয়; আমানদেরও ধর্ম শাস্ত্র ও পুরাণাদি জানা না থাকিলে আমাদের করিদিগের ঐ সকল গ্রন্থ সমন্দে ইন্ধিতে ও আভাস কোন মতেই বুঝিতে পারা য়য় না। ফলকথা; সকল জাতিরই ধর্মশাস্ত্র তাহাদের অপর সকল প্রকার রচনার অন্থিকর। বাইবেল রীতিমত পাঠ করিলেই ভাল করিয়া ইংরাজী শিথিতে পারা য়য়, বাইবেল গ্রন্থেই পৃথিবীর সর্ব্বোচ্চ নীতি শিক্ষা সমূহ স্থরন্ধিত আছে, ইত্যাদি কথা পুনঃ পুনঃ উক্তারিত হইতে শুনিয়া হিন্দু কলেজের উচ্চ শ্রেণীস্থ ছাত্রদিগের মধ্যে জনেকেরই ভাল করিয়া বাইবেল। পড়িতে প্রবৃত্তি জন্মিতেছিল। "ইংরাজদিগের ধর্মা, উহাদের সামাজিক রীতি, আহারাদি, উহাদের পরিচ্ছদ, মোট কথায় উহাদের সর্বপ্রকার নিয়ম অপেক্ষাক্বত অনেক ভাল না হইলে উহাদিগের এত উন্নতি কেন

- ছেইবে ?"—এই কথা তথন পুন: পুন: উচ্চারিত এবং মনে মনে আন্দোদিহত হইয়া নৃতন ইংরাজী শিক্ষিত যুবকদলকে মৃশ্ধ করিয়া ফেলিতেছিল।
হিন্দু, কলেজের ছাত্রগণ তথন 'খৃষ্টধর্মের সত্যতার' প্রমাণ জন্ম রচিত
পুস্তকাদি আগ্রহ সহকারে পাঠ করিতে আরম্ভ করিয়াছিলেন। সঙ্গে
সঙ্গে খুষ্টানী ভাবও অল্প বা অধিক পরিমাণে সকলেরই চিত্তক্ষেত্র আশ্রম
করিয়া ফেলিতেছিল'। সংক্রামক ব্যাধির ন্যায় অজ্ঞাতভাবে অনেকেরই
হৃদয়ে তইবার তীত্রবিষ প্রবেশ করিতেছিল।

"ভূদেবের যে এক সময়ে পৃষ্টান হইবার ইচ্ছা হইয়াছিল, আমি তাহা জানিভাম
না। একবার দে আমার নিকট বলিয়াছিল বে, সে পৃষ্টধর্ম সম্বনীয় নৃতন ও পুরাতন
উভয় 'প্সমাচারই' পড়িয়া ফেলিয়াছে। বাইবেলের ধর্মনীতি সম্বন্ধে এই একবার
নাত্র তাহার সম্পে আমার কথা হইয়াছিল। ভূদেবের কথাবার্ডায় তথন আমার এই
বোধ হইয়াছিল যে, পৃষ্টধর্ম সথকে তাহার অতি উচ্চ ধারণা জলিয়াছে। ক্লাসে ভূদেব
আমার বাম ভাগে এবং গ্রাম দক্ষিণ ভাগে বসিত, এবং ভূদেব ও আমি, আমাদের
উভয়ের মধ্যে মধুর বসিবার স্থান ছিল। সাধারণতঃ উইয়িগের কথাবার্ডায় আমি
যোগ দিতার্ম। ভূদেবকে কিন্তু আমি একরকম আমার শিক্ষকস্বরূপই মনে করিতাম। সে বেন একজন দার্শনিক পণ্ডিত বলিয়াই আমার মনে হইত। যাহা হউক
বিতীয় শ্রেণীতে উঠিবার পূর্বে বাইবেল সম্বন্ধে আমি কিছুই অবগত ছিলাম
না। বাইবেলের ধর্মনীতিও যে অতি উচ্চ সে ধারণা ভূদেবই সর্বপ্রথমে আমার মনে
স্পিষ্ট করিয়া দেয়।"

^{*} এতৎসম্বন্ধে ভূদেব বাব্র সমপাঠী ৮ গৌরদাস বসাক মহাশয় ইংরাজীতে বে পত্রথানি লিখিয়া পাঠাইয়াছিলেন, তাহার মুর্ম এইরূপ---

ইংরাজী শিক্ষার প্রথমাবস্থা হইতেই উলাষ্ট্রন সাহেব ও মিসন সংক্রান্ত বিনি উইলসনের সহিত ভূদেব বাব্র সংস্রব হইয়াছিল। উহারা উভয়েই ভূদেব বাব্কে ইংরাজী শিখাইতে যথেষ্ট যত্ন ক্রেরিতেন। উহাদের স্ক্রিয় ব্যবহারে তিনি প্রকৃত প্রস্তাহে মৃশ্ধ হইয়াছিলেন। এরপ অবস্থায় তাঁহার অজ্ঞাতভাবে মিসনরীদিগের ঐকান্তিক উদ্যুম্ সংস্কৃষ্ট বিষর্ক্রের বীজ যে তাঁহার হৃদয়ক্ষেত্রে উপ্ত হইবে তাহাতে বিচিত্রতা কিছুই নাই।

ভূদেব বাবু তাঁহার পিতা মাতাকে অপক্লিসীম ভক্তি করিতের, এবং নিজে রান্ধণ সন্তান স্বতরাং ঋষিবংশোদ্ভব বলিয়া তাঁহার আত্মগোরবত যথেষ্ট ছিল, কিন্তু তাহা হইলেও এই বিষ তাঁহার শরীরে প্রবিষ্ট হইয়া তাঁহার বৃদ্ধি বৃত্তিকে অন্ততঃ কিছুদিনের জন্তও বিপর্যান্ত করিয়া ফৈলিল। প্রথম ম্যালেরিয়ার হান্ধামায় একবারও জ্বরে না পড়া অসম্ভব; তবে স্ক্তিকিংসা হইলে এবং শারীরিক স্বান্থ্য পূর্বর হইতে ভাল থাকিলে সহজেই রোগ সারিয়া যায়।

হিন্দ্র দেবপূজা ব্যাপারকে খৃষ্টীয় মিসনরিগণ পৌতলিকতা বলিয়া সর্বাদাই অশ্রদ্ধা প্রকাশ করিয়া থাকেন। তৎসম্বন্ধে তাঁহাদের প্রদর্শিত যুক্তি অনব্যত শুনিয়া ভূদেব বাব্যুও তাহাতে বিশ্বাস জনিতে লাগিল। তিনিও পৌতলিকতা বলিয়া দেবপূজায় উপেক্ষা প্রদর্শন উচিত মনে করিলেন। যেদিন সর্ব্ব প্রথমে মনে এইরপ প্রতীতি জন্মিল, দেই দিনই বাড়ীতে আদিয়া অক্যান্ত দিনের ক্যায় নিত্য কার্য্য 'ঠাকুরের আরতি' (আরত্রিক) করিলেন না। ঠাকুরের আরতি করিবার ভার তাঁহারই উপর অর্পিত ছিল।

তর্কভূষণ মহাশয় অধিক রাত্রিতে বাড়ী আসিয়া শুনিলেন, ঠাকুরের আরতি হয় নাই। কাহাকেও কোন কথা না বলিয়া তিনি স্বয়ংই ঠাকুরের আরতি করিলেন। প্রদিন পুত্রকে জিজ্ঞাসা করিলেন, "কান . ক্লাত্রিতে ঠাকুরের আরতি কর নাই কেন !" পুত্র উত্তর করিলেন, "উহা পৌত্তলিকতা, উহা করিলে পাপ হয়।"

্রেখন , সম্পূর্ণরূপেই বিষ , ধরিষাছে। কিন্তু একমাত্র পুজের মুখে এমন উত্তর শুনিয়াও তর্কভ্ষণ মহাশয় বিশেষ ক্ষোভ বা বিশ্বয় প্রকাশ করিলেন না। উত্তর যে কতৃক্টা ঐরপ ধরণেরই হইবে তাহা তিনি প্র্কিদিনের কার্য্য হইতেই ব্রিয়াছিলেন। অন্ত রান্ধণ পণ্ডিত হইলে হয়ত এই উত্তরেই পুজকে পাষণ্ড, কুলাঙ্গার, প্রভৃতি বলিয়া তিরস্কার করিতেন। কিন্তু তর্কভ্ষণ মহাশয় সেন্থলে পুজের প্রতি কোনরূপ তিরস্কার বাকোর প্রয়োগ না করিয়া কেবল এইমাত্র বলিলেন, "বিশ্বাদ না হয় করিও না, ভক্তি ব্যতীত—অশুচিমনে—চাকুরঘরে যাইতে নাই; তৃমি আরতি না করিয়া ভালই করিয়াছিলে; চাকুর দেবতার সঙ্গে কপটতা চলে না। কিন্তু এমন মন তোমার বেশী দিন থাকিবে না।" প্রকট্ পরে বলিলেন, "দে যাহা হউক, তৃমি আমার একমাত্র পুজ আমরা এক বাড়ীতেই থাকি; কিন্তু আমদের দেখা সাক্ষাৎ কথা বার্ত্তা বড়ই কম হয়। ভোরে উঠিয়া তুজনে কল্য হইতে গঙ্গান্ধান করিয়া আদিব; পথে এক্ষেত্র অনেকক্ষণ থাকা হইবে।"

পূর্ব্ব রাজিতে জ্বদেব বাবুর মনের অবস্থা একান্তই বিকৃত হইয়াছিল।
পৃষ্টান ধর্ম পরিগ্রহে তাঁহার অনেকটা মনও হইয়াছিল এবং এতদর্থে
সাধারণের যে কিছু নিন্দাবাদ ও পিতার ভর্ৎ সনাদি তাঁহাকে সফ্ করিতে
হইবে, তক্ষ্ণন্ত আপনাকে একপ্রকার প্রস্তান্তর করিয়া রাথিয়াছিলেন।
'নতন মৃত্রবাদের জন্ত উৎপীড়ন সন্থ করিতে হয়'—ইহা সকল জাতীয়
মিসনবীরাই সর্ব্বদা বলিয়া থাকেন। ভূদেব বাব্ও সেই 'উৎপীড়ন সন্থ'
করিতে স্থির সংকল্প হইয়াছিলেন। কিন্তু দেখিলেন, লাঞ্ছনা ভর্ৎ সনা
তাহার কিছুই হইল না!

ঐ দিন বৈকালে হেত্য়া পুষ্করিণীর ধারে বসিয়া ভূদেব বাবু সমস্ত অবস্থা সম্বন্ধে চিস্তা করিতেছিলেন। পিতার উক্তরূপ কোমল ব্যবহার এবং হিন্দুধর্মে প্রগাঢ় বিশ্বাস মনে পড়ায় তাঁহার চিত্তের ভাবান্তর উপস্থিত হইল। "বিশাদ না হইলে করিওনা" পূজাপাদ পিতৃদেবের এই সরল মতের মধ্যে তিনি কোনরূপ ক্রাট দেখিতে পাইলেন না। তিনি ঐ क्थांगेत्रहे भूनः भूनः चारलाहन। कतिराज लागिरलन 🗗 পণ্ডिज, त्रङ्गाञ्च छ, সরল ও উদারমতসম্পন্ন পিতা নিজে দেবদেবীর পূজার্চনাদি সকলই ভক্তিভাবে করেন। তিনিই দৃঢ়ভাবে বলিলেন, "ভোমার এমন মন েবেশীদিন থাকিবে না।" এ কথার আন্দোলন এবং পরম দাধক ব্রন্ধ-তেজসম্পন্ন পিতার আশীর্ঝাদ মনের ভিতর তাঁহার অজ্ঞাতসারেই হিন্দু-মানীর প্রতি তাঁহার অজ্ঞানজনিত বিদেষের মূলোচ্ছেদ করিতে আরম্ভ করিয়াছিল। তাঁহার পিতার কোমলতা এবং মতের উদারতায় তাঁহার মন ক্রমশঃই পরিবিক্ত হইতে লাগিল! "বিশ্বাস না হইলে করিও না' এ কথা ত মিদনরীরাও বলেন না; তাঁহারাও খুষ্টে বিশাস থ্যাপন (প্রোফেস্) করার উপরই জোর দেন। এ কেবল ভাঁহারই দেই "ম্বৰ্গ হইতে উচ্চতর" পিতা, পুলের প্রতি মেহপরবশ হইয়া ধর্মকার্য্য উপলক্ষে পুত্রকে কোনরূপ কুপট ব্যবহার যাহাতে না, করিতে হয় তজ্জ-ন্তাই বলিয়াছিলেন! হিন্দুয়ানীর প্রক্রত উদার ভাব তাঁহার তথন জান। ছিল না; কিন্তু খুষ্টান হইলে এরূপ পিতার অন্তরে যে ভয়ানক বেদনা দেওয়া হইবে তাহা তিনি বুঝিলেন। তাঁহার চক্ষে জল , আসিল। তথন দেউপলের উক্তি তাঁহার স্মরণপথে উদিত হইল। , দেউপল বলিয়াছেন, "পিতা মাতার উদ্ধার সাধনের জন্ম আমি নরকে যাইতেও প্রস্তুত আছি।" এই সমস্ত চিন্তার সঙ্গে সঙ্গে তাঁহার পিতার মূর্ত্তি তাঁহার মনোমধ্যে উদিত রহিল। যে রোগ এতক্ষণ তাঁহার হৃদয়কে অধিকার্থ-

করিয়াছিল, এক্ষণে তাঁহার প্রভাবের অপগম হইল। তিনি অনেকটা মান্দিক শাঁন্তিপ্রাপ্ত হইয়াই গৃহে, ফিরিয়া আদিলেন। পূজাদি কার্য্য করি:বন না—কিন্তু স্বেহময় লোকপূজ্য পিতার তুষ্টিদাধন জন্ম অন্ত প্রকাবের ধ্থাসাধ্য চেষ্টা করিবেন এইরূপ স্থির করিয়া আদিলেন।

তিনি পিতার আদেশমত প্রত্যাহ তাঁহার সঙ্গে যাইয়া গন্ধান্দান করিতে লাগিলেন। পিতা পুঁলে একত্রে ষাতায়াতে প্রত্যাহ অনেকক্ষণ করিয়া অতিবাহিত হইতে লাগিল এবং সেই সঙ্গে নানা বিষয়ে কথাবার্ত্তাও চলিতে লাগিল। ইতিপূর্বে কিছুকাল পিতা পুত্র উভয়ের মধ্যে মানসিক সংসগ খুবই কমিয়া পড়িয়াছিল। পিতা প্রাতঃমানে চলিয়া যাইতেন; যথন ফিরিয়া আসিতেন, পুত্র তথন ইংরাজী পুস্তক পড়িতেছেন। তিনি আসিয়া পূজাদি কার্মো ব্যাপৃত হইতেন, পুত্র স্ক্লে যাইতেন। রাত্রিতেও পুত্র স্বতর বিষয়া পড়িতেন।

পবিত্র গঙ্গান্ধানে চিত্তশুদ্ধি করাইবার এবং দেই সঙ্গে নিজের সহিত পুজের একটু অধিকতর মানসিক সংসর্গ করিয়া লইবার জন্মই তর্কভূষণ মহাশয় এক্ষেত্রে যে একত্রে প্রাতঃশানের ব্যবস্থা করিয়া লইয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। কিন্তু ভাঙ্গিয়া কোন কথা কথন কিছু বলেন নাই। যাহা হউক 'তর্কভূষণ' মহাশয় পুত্রবেই গঙ্গান্ধানে সঙ্গে লইয়াই তথন এক প্রকার নিশ্চিন্তপ্রায় রহিলেন। ধর্মবিষয়ে পুত্রের মতামত পরিবত্তিত করাইবার জন্ম তাঁহার সহিত ধর্মবিষয়ক কোনরূপ বাক্-বিত্তায় প্রস্তুত্ত হইলেন না।

একদিন অতীব ত্ঃখব্যঞ্জক স্বরে তিনি পুত্রকে জিজ্ঞাসা করিলেন, তুমি কৃষ্ণ বন্দ্যোর সহিত একত্রে বসিয়া অথাদ্য থাইয়াছ লোকে লিতেছে, একথা কি স্ভ্যা?" [শশুর বাড়ীর সম্পর্কে রেভারেও কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের সহিত ভূদেব বাবুর দূর সম্পর্ক ছিল এবং

'ইংরাজী নবীন' বলিয়া ক্লফবন্দ্যার বাড়ীতে ভূদেব বাবু যাতাদাত করিতেন। পিতার উক্তরপ প্রশ্নে ভূদেব বাবু বলিলেন, "না, আমি থাই নাই।" ফলতঃ অথাদ্য থাইবার লৈভে তাঁহার ধর্মমর্ভ কথন বিচলিত হয় নাই। অভক্ষা ভক্ষণ, অপেয় পান, বিবি বিবাহ না লেখা পড়া চাকরী প্রভৃতি স্থবিধার জন্ত সে সময়ে ত্দশ জন থ্ট ধর্মাবলম্বী হইতেছিল কিন্তু ভূদেব বাবুর চক্ষে ঐগুলি একান্ত ম্বণিত ব্যবহার বলিয়া দৃষ্ট হইত। পিতার কথায় ঐরপ প্রবৃত্তির লোকদিগকৈ মুনে পড়ায় তিনি স্বতঃ প্রবৃত্ত হইয়াই পিতার নিকট ধীরে ধীরে বলিলেন, "যে থাদ্য আমি আপনার সম্পূথে থাইতে পারিব না আমি তাহা কথনই থাইব না।" এই কথায় তর্কভূষণ মহাশয়ের চিত্ত স্থন্থির হইল; প্রত্রের কথার উপর তাঁহার সম্পূণ্ণ বিশ্বাস ছিল।

এই সময়ে একদিন প্রথম শ্রেণীর একটী ছাত্রের হতে ভেভিড হিউম রচিত প্রবন্ধমালা (হিউমস্ এসেস্) দেখিতে পাইয়া পুস্তকে কিলেখা আছে ভূদেব বাবু জিজ্ঞাসা করায় উক্ত ছাত্র বলিল, "ইহাতে খুষ্টানীর দাঁত ভাঙ্গা আছে।" এই কথায় পুস্তকথানি পভিতে তাঁহার বড়ই ইচ্ছা হইল। তিনি ঐ পুস্তক এবং উহার সদ্ধে টমপেন, গিবন, প্রভৃতির পুস্তকও পভিয়া ফেলিলেম। এই কয়খানি পুস্তক পাঠ করিয়া তাঁহার হাদয়ে যে বিষবুক্ষের বীজ অঙ্ক্রিত হইয়াঁছিল, তাহা একেবারে দয় হইয়া গেল।

^{* &}quot;বাপুরে! তোমাকে ইংরাজী লেখা পড়া শিখাইয়া এই ইইল যে, তুমি দেবতা ব্রাহ্মণে ভক্তি ত্যাগ করিলে; পরে অভক্ষ্য ভক্ষণ এবং অপেয় পানও করিবে—বেন সেদিন পর্যন্ত আমাকে জীবিটী থাকিতে না হয়।" * * * "আমি প্রতিক্ষা করিলাম কখনই অভক্ষ্য ভোজনে বা অপেয় পান করিব না—আপনার সাক্ষাতে যাহা খাইতে না পারি, এমন কোন পদার্থ আমার গলাধাকৃত হইবে না।"—[পারিবার্তি প্রবল্ধ—ধর্মচর্য্যা]

ৈ তর্কভূষণ মহাঝার কিছুদিন পরে পুলের দহিত কথোপকথনে যথন বৃথিতে পারিলেন যে, খৃষ্টানীবিষ ইংরাজীর অধিকতর আলোচনা দারাই এবং কাঁহার দহিত প্রত্যহ গঙ্গাস্থানে এবং একত্রে অনেকক্ষণ চলা কিরার দারাই ক্রমশঃ নামিয় যাইতেছে, তগন যাহাতে পুলের চিত্তক্ষেত্র ধর্মভাব পরিশ্র থাকিতে না শীয়, প্রত্যুত উহাতে দনাতন ধর্মের প্রক্রত তথ্য বদ্ধন্দ হইয়া যাইতে পারে, তজ্জন্ত দাক্ষাং দম্বন্ধে ধর্মতত্ত্বিদয়ক ছটি একটি কথা তাঁহার দহিত কহিতে আরম্ভ করিলেন।

একদিন তিনি পুলকে বলিলেন, "দেখ, হিন্দুধর্ম পৌত্তলিকতা নহৈ; ঈশবের এক একটি অংশের ভাব এক এক দেব দেবীতে প্রকটিত। ক্ষু মন্ত্র্য হলর অনস্তে মনন্ত্রির রাখিবে কিরপে? এই জন্ত দেব দেবীর পূজা। অনাদি অনস্ত প্রভৃতি কথায় সকল মন্ত্রের মনে কি ঠিক একই ভাবের উদয় হয়? অধিকারী ভেদ আছে।" এই কথা গুলি পুল্রের মনে বসিতে সময় দিয়া অপর একদিন বলিলেন, "সেদিন দেব দেবীর মূর্ত্তি সহম্বে যাহা বলিতে ছিলাম তাহা আমার মনঃকল্পিত কথা নহে। শাক্ষপ্র তাহাই বলেন :—

চিশ্ময়স্তাদ্বিতীয়স্ত নিঙ্গলস্তাশরীরিণঃ। উপাসকানঃং দিদ্ধ্যথং ব্রন্ধণো রূপকল্পনা॥

অধিকারী ভেদে উপাসকদিগের সিদ্ধির জন্মই সেই অশরীরী পূর্ণ অদিতীয় চিন্নায় পুরুষের রূপ কল্পিত হইয়াছে।", ভূদেব বাবু সেদিন কোট ধরিলেন "তবে হিন্দু দেব দেবীগণ গ্যানে যেরূপ বর্ণিত হইয়াছেন প্রকৃত ধনরূপ মূর্ত্তি বিশিষ্ট নহেন।" তর্কভ্বণ মহাশায় বলিলেন, "গ্যানগম্য মূর্ত্তি সর্ব্বব্যাপী ঈশ্বর বা পরব্রন্ধ হইতে বন্ধইরের বস্তু নহে।" তিনি এতিধিয়ে তথন আর অধিক কিছু বলিলেন না। পুল্রকে মনে মনে কথা গুলির আলোচনা করিবার সময় দিলেন।

তিনি তর্কের ধরণে এ সকল কথা কহিতেন না। পরম পরিক্র সনাতন ধর্ম সমস্কে পুত্রের অজ্ঞতা হ্রাস জন্ম ঠিক নৃতন নৃতন থবর দেওয়ার ধরণে একটু একটু বলিতেন। শিক্ষক ও ছাত্রের মধ্যে তর্কে" উপস্থিত হইলে আর সরল মনে আধ্যান্ত্রিক আলোচনা হয় না; ভাহাতে কেবল শব্দেরই আড়ম্বর বৃদ্ধি প্রেয়। পিতার সহিত কথায় ভূদেব বাবুর মনে সেরপ কিছু হইতে পারিত না; ফল স্ক্তরাং অতি স্থান্ত হইতে লাগিল।

ন্ধার্ম সম্বন্ধে কতটা অজ্ঞতা থাকিতে প্রথর্ম গ্রহণেচ্ছা ইইয়াছিল, তাহা ব্রিতে আরম্ভ করিয়া ভূদেব বাবু মনে মনে একান্তই লজ্জিত হইতে লাগিলেন। মনে হইল—"পিতাকে জিজ্ঞাসা না করিয়া—কিছুমাত্র শাস্ত্রাধ্যয়ন না করিয়া—পরম পণ্ডিত পূজ্যাপাদ পিতার ধর্মকে পৌত্তলিক ধর্ম মনে করা বড়ই অল্লায় কার্য ইইয়াছিল—আমি ত স্বধর্মের আসল কথা কিছুই জানিতাম না, দেখিতেছি !"

তর্কভূষণ মহাশয় সৃক্ষদৃষ্টি, সাধক ও স্থবিদ্বান্ ছিলেন। গৃষ্টানী ধর্মনত লইয়া চিত্তে প্রেলিমিথিতরপ আন্দোলন করায় পুলের যে উচ্চাধিকার লালসা হইয়াছে, তাহা তিনি ব্ঝিতে পারিয়াছিলেন। সনাতন হিন্দুধর্মের বিশেষত্বই এই থ্যে, অন্ত কোন্দ ধর্মেই উচ্চ অধিকারীর ক্রমোয়তির পথ নাই। কিন্তু সনাতন ধর্মে ঐ পথ অনস্ত! শুল বর্ম্ম-জিক্সাসার, পথে থাকিলে যে ক্রমে তাঁহাকে সনাতন ধর্মের আশ্রম অবশ্রই লইতে হইবে এবং উপস্থিত আন্দোলনের পরে ঐ ধর্মেই পুলের বিশ্বাস যে একান্তই দৃঢ়ীভূত হইবে, ইহা তর্কভূষণ মহাশয় দিব্যচক্ষেপ্রথম দিনেই দেখিতে পাইর্মাছিলেন। আর সেই জন্মই দৃঢ়রপে বলিতে পারিয়াছিলেন, "তোমার এমন মন অধিকদিন থাকিবে না।" কিন্তু একবার প্রক্রতরপে আচারল্রষ্ট হইয়া গেলে ফিরিবার পক্ষে যে সামাজিক

প্রতিবন্ধক ঘটে এবং সমাজের প্রতি তাচ্ছিল্য প্রকাশ করিয়া অনাচারে মগ্ন হইলে যে ভীষণ আধ্যাত্মিক অবনতির সংঘটন হয়, সেই ভয়েই অধান্য ভোজনের কথা তুলিয়াছিলেন।

পুঞ্জির বৃদ্ধি সংপথে পরিচালিত করিবার জন্ম তর্কভূষণ মহাশ্য স্থির ও ধীরভাবে নানাবিধ উপায় , তবলম্বন করিতেছিলেন। একদিন গায়ত্রী মন্ত্রের অর্থ বৃঝাইয়া দিলেন। পরে কয়েকদিনে সন্ধ্যা-বন্দনার অর্থ অল্পে প্রপরিক্ষৃট করিয়া দিলেন। দেখাইলেন যে ব্রাহ্মণের ধর্ম পৌত্তলিকতার "দিকেও" যায় না! এই মন্ত্রগুলির অর্থ বৃঝিবামাত্র ভূদেব বাব্র মানস-চক্ষ্ হইতে যেন সমস্ত আবরণ খসিয়া গেল। মোহান্ধকার কাটিয়া গেলে তিনি হিন্দু ধর্মের প্রকৃত রুসাম্বাদন করিতে আরম্ভ করিলেন।*

পুত্র পিতৃপিতামহাদির ন্যায় সংস্কৃত বিভাভ্যাসে নিযুক্ত থাকিলে গায়ত্রী, সন্ধ্যা, দেব-দেবীর ধ্যান প্রভৃতির অর্থ-বোধ তাঁহারই ন্যায় ক্রমশঃ হইয়া যাইত সন্দেহ নাই, কিন্তু ইংরাজী চর্চায় ব্যাপৃত থাকায়, তাঁহার ন্যায় গভীরভাবে শ্বতি শাস্ত্রের আলোচনা না হওয়ায়, পুত্র প্রথম যৌবনকালে স্বধর্ম সম্বন্ধে এতটাই অজ্ঞ থাকিয়া গিয়াছিলেন, যে ভূমগুলের সর্বের্বাচ্চ ধর্মকে তাঁহার নিরুষ্টে মনে হইয়াছিল! ইংরাজী স্কুলের ছাত্রের জন্য যে একটু বিশেষ ব্যবস্থা প্রয়োজ্বন, তর্কভূষণ মর্গাশয় তাহা শ্বরণপথে রাখেন নাই এবং সেই জন্য-তাহার প্রতিবিধানেরও উপায় করেন নাই। এক্ষণে পুত্রের শিক্ষা সম্বন্ধে নিজের ক্রাট ব্বিতে পারিয়া অতি স্থলররপেই সেই ক্রুটির সংশোধন করিতে লাগিলেন।

^{*} ভূদেববাবু এই সময়ের মানসিক অবস্থা স্মরণ করিয়াই যে স্বপ্রণীত "আচার প্রবন্ধে" নিম্নবিধিত কথাগুলি বলিয়াছিলেন তাহাতে সন্দেহ নাই।—

[&]quot;সক্যামুঠান সম্বন্ধে বিশেষ বিধি, মন্ত্রার্থজ্ঞানে যতিতব্যং। মন্ত্রের অর্থগ্রহ করিবার জন্ত বত্ন করিবে। যদি সক্ষা বন্দনার অর্থবোধ বিদ্পুঞার না হইত, তাহা হইলে কোন ব্রাহ্মণ সম্ভানের কথন ধর্মান্তর গ্রহণে মতি হইতে পারিত না।"

একদিন ভগবদ্গীতা লইয়া পুত্রকে নিকটে ডাহিয়া বলিলেন, "দেখ, গীতার এই স্থানটি বড় স্থন্দর, শুনিবে ?" এই বলিয়া, অত্যুক্ত ভাববিশিষ্ট গীতার কয়েকটি শ্লোক পড়াইলেন। কোন দিন বা বলিলেন, "দেখ, নৈষধের ছন্দ বড় মিষ্ট, আজ তেমন কাজ যদি না থাকে ত একটু শুনিবে ?" এই বলিয়া, নৈষধের সৌন্দর্য্য দেখাইলেন। কোন দিন বা একটু কুমারসম্ভব পড়াইলেন।

পুল্ল তথন কলেজে বড় বড় ইউরোপীয় কবির রচিত গ্রন্থ সম্দয়
পড়িতেছেন। এইরূপ অবস্থায় ইংরাজীর উপর যে অসঙ্গত ভক্তি জনির্যা।
যাইবার সম্ভাবনা, তাহার প্রতিবিধান উদ্দেশ্যে পিতা তর্কভূষণ মহাশয়
উল্লিখিত প্রকারে সময়ে সময়ে পুল্রকে একটু একটু সংস্কৃত পড়িয়া
শুনাইতে লাগিলেন।

তিনি পুত্রকে মধ্যে মধ্যে জিজ্ঞাসা করিতেন, "অভ'ষে ইংরাজী কবিতা পড়িলে, তাহার অর্থ কি ? অভ যাহা পড়িয়াছ, তাহার মধ্যে সর্বাপেক্ষা কোন স্থলটী ভাল লাগিয়াছে ?" এইরূপে পুত্রের পঠিত ইংরাজী গ্রন্থের ভাব ব্রিয়া লইয়া পুত্রকে তংপ্রসঙ্গে তৃই একটী সংস্কৃত শ্লোক শুনাইয়া ব্যাখ্যা করিয়া দিতেন।

একদিন তিনি কাউপারের লিখিত আলেকজাণ্ডার সেলকার্ক সমন্ধীয় সমস্ত কবিতারীর ভাব শুনিয়া লইয়াছিলেন। উক্ত কবিতার এক স্থলে আছে বেন, দেলকার্ক নামক এক ব্যক্তি একটি জনশৃত্য দ্বীপে পড়িয়া দেখিলেন যে, তথাকার নিরীহ পশু পক্ষিগণ মামুষকে ভয় করিতে হয় ইহা না জানিয়া তাঁহার নিকটে নি:শঙ্কে আসিতে লাগিল। তাহাতে তিনি যে তথায় একাকী, এই জ্ঞান আরও স্থম্পন্ট হওয়ায় সেলকার্কের বড়ই কট্ট বোধ (দেয়ার টেমনেস্ ইজ্ শকিং টু মি) হইতে লাগিল। ইহা শুনিয়া তর্কভূষণ মহাশয় বলিলেন, "দেখ, কবিতায় জাতীয় প্রকৃতি কি

স্কলর রপেই প্রতিফলিত হয়! নিরীহ জন্তুগণ কাছে ঘেঁ দিয়া আদায়

মনে কতকটা প্রীতি এবং শান্তির উদয় হওয়ার পরিবর্ত্তে ক্রষ্টের অন্তুভ্তি

শিক্রেপ্রিয় জাতির মধ্যেই সন্তব; উহাদের সহজেই বোধ জন্মিয়া

গিয়াছে যে পশু পক্ষীর মন্তব্যুকে "ভয়" করাই স্বাভাবিক, তাহা না
করিলেই ব্ঝিতে হইবে যে তাহারা পূর্ব্বে কোন মন্তব্যুকে দেথে নাই।

সংস্কৃত, "শান্তিশতক্ষে" এইরপ নির্জ্জন স্থলে ভগবচ্চিন্তায় মগ্ন প্রযিদিগের

সম্বন্ধে কি পবিত্র ভাবেরই বর্ণনা আছে!

ধন্তানাং গিরিকন্দ্রোদর ভূবি জ্যোতিঃ পরং ধ্যায়তাং আনন্দাশ্রকণান্ পিবস্তি শকুনা নিঃশন্ধমঙ্গে স্থিতাঃ।

ধন্তপুরুষ ঋষিগণ গিরিকন্দর-মধ্যস্থ হইয়া সেই পরম জ্যোতিঃর ধ্যানে মগ্ন হইয়া আছেন; পরমাঅচিস্তনে আনন্দাশ্র নেত্রবিগলিত হইয়া হুদয় বহিয়া পড়িতেছে, আর পক্ষিগণ নিঃশঙ্ক-ভাবে তাঁহাদের ক্রোড়ে বিস্মা সেই আনন্দাশ্র-কণা পান করিতেছে!"

একদিন মহাকবি সেক্সপিয়ার রচিত "ওথেলো" নাটকে দেশদিমোনার নিকট হইতে ক্যাসিওর সরিয়া যাওয়া সম্বন্ধে "ইয়াগোর"
যেন হঠাৎ বলিয়া ফেলা অফ ট উক্তি "এটা আমার ভাল লাগিল না"
('আই লাইক নট দ্যাট') এই অংশটুকুর ঝাখা। শুনিয়া তর্কভ্ষণ মহাশয়
সেক্সপিয়ারের কবিত্বের অনেক প্রশংসা করিলেন; বলিলেন, "বেশ্
লিখিয়াছে। প্রভ্র মনে একটা বিকার জন্মাইবার জন্ম হুঠাৎ একটা
কথা মনের আবেগে বলিয়া ফেলার ধরণটুকু অতি স্থন্দর দেখান
হইয়াছে। আমাদের সংস্কৃত মুদ্রারান্ধ্যে কতকটা ঐ রকম ভাবেই
মলয়কেতুর মনে রান্ধ্যের প্রতি সন্দেহ-উৎপাদনার্থ চাণক্যের
কৌশলাদি বর্ণিত আছে। তাঁহার উক্তি—"হস্ক গৃহীতো রান্ধ্যঃ"
(এইবার রাক্ষ্ম ধরা পড়িলেন) ঐ সকল কৌশলের স্ফ্চনায় প্রযুক্ত।

এই বলিয়া মুদ্রারাক্ষদের সেই অংশের তৃাংপর্য ব্ঝাইয়া। দিলেন।

অপরের নিকট তুমি ষেরপ ব্যবহার পাইতে ইচ্ছা কর, তাহার প্রতিও দেইরপ ব্যবহার কর (ডুটু ঘদার্স আজ ইউ উড্ ছাট্ দে শুড্ ড্ অন টুইউ) এই খৃষীয় নীতিটীকে অনেকে সর্কোচ্ননীতি বলিয়াই মনে করিয়া থাকেন। * ভূদেব বাব্ পিতার নিকট ঐ কথা ওুলিলে, হিন্দুর নীতি যে এতদপেক্ষা অনেক উচ্চতর ভাববিশিষ্ট তর্কভূষণ মহাশয় তাহা 'আত্মবং স্ক্র-ভূতেয়ু' বাকাটী হইতে দেখাইয়া দিয়াছিলেন।

ভূদেব বাবু অনেকের নিকট বলিয়াছেন যে, তিনি যথনই কোন উৎকৃষ্ট ইংরাজী কবির লিখিত গ্রন্থের উৎকৃষ্ট স্থলগুলির ব্যাখ্যা তাহার পিতৃদেবকে শুনাইয়াছেন, তথনই তাঁহার পিতৃদেব সংস্কৃত হইতে সেই মর্মের শ্লোক উদ্বৃত করিয়া তাঁহাকে শুনাইয়াছেন; আর বরাবরই ঐ দকল সংস্কৃত শ্লোকের ভাব ইংরাজীর ভাব হইতে উচ্চতর হইত।

তিনি তাঁহার অসামাত পাণ্ডিত্য-সম্পন্ন দ্রদর্শী পিতৃদেবের যত্নে এইরপে স্বধর্মে রক্ষিত হওয়ায় স্বীয় জীবনের এই সময়ের কথাঁগুলি স্মরণ করিয়াই যে ইংরাজী শিক্ষা সম্বন্ধে তাঁহার নিম্নোদ্ভ উপদেশটী লিপিবছ করিয়া গিয়াছেন, তাহার সন্দেহ নাই ।— "

^{*} একদিন উড়িব্যার পথে প্রীমারে একজন প্লান্টরের সহিত ভূদেব বাবুর অনেক কথা হয়। সাহেব গন্তীরভাবে বলিলেন "আমার মত এই যে, যে পারে সে ল্টির! খাইবে; আমাকে অস্তে ল্টিডে পারে ল্ট্রু; ডাহাতে কোন আপন্তি নাই। আমর! পরদেশ ল্টিরা খাইতে থাকিব, যত দিন না অফ্বা ইছি নামধের কেহ আমাদের খার। টিল সম্ ওরান উইথ, আান অফ্ অর ইছি টু হিজ নেম্ ইটন্ অস্ অপ্ ইন্টর্ণ) ইহাই পৃথিবীর সনাতন নিরম।"—খ্প্রির উৎকৃত্ব নীতিটীর কি অপুর্কা ব্যাখা। সেস্মরে রাসিরাই ভারত-সম্বন্ধে ইংরাজের শক্র বলিরা বিশাস ছিল। উহাদের নামের শেবে অফ্ এবং ইছি প্রভৃতি অংশ থাকে; বেমন রোমানক্, সোবিইছি ইত্যাদি।

"বাঙ্গালীর শ্বভাবে অহচিকীর্যান্তি অযথারণে প্রবলা হইয়া উঠিয়াছে। অহকরণ উৎকর্ষ-সাধনের একটা প্রধানতম পথ সন্দেহ নাই। কিন্তু অযথা অহকরণে এক প্রকার আত্মহত্যার সংঘটন হয়। অরএব বাঙ্গালীর অন্তঃকরণে আত্মগোরব সম্বর্দ্ধিত করিবার উপায় করা আবশুক। পূর্বপূক্ষগণের •কীর্ত্তি শ্বরণে আত্মগোরব উদ্দীপিত হইয়া থাকে। 'এই হেতু বাঙ্গালীর ছেলেকে সংস্কৃত বিভার স্থাদ গ্রহণ করাইবার বিশেষ প্রয়োজন বোধ হয়। যথন ছেলে ইংরাজী পড়িবে, তথন ইংরাজী গ্রন্থে কোন উৎকৃষ্ট্ট ভাব দেখিয়া মৃশ্ধ হইলে তাহার অহ্নরপ অথবা তাহা হইতেও উৎকৃষ্টতর ভাব যে সংস্কৃত শাস্ত্রে আছে, তাহা দেখাইয়া দেওয়া আবশুক।*

তিনি যে অসাধারণ সংস্কৃতক্ষ পিতার পুত্র ছিলেন, তাহাতেই তাঁহার পক্ষে এরপ শিক্ষা সন্তবপর হইরাছিল। কিন্তু সকল ইংরাজী স্কুলের ছেলের গৃহে সেরপ পাণ্ডিত্য কোথায় ? অথচ প্রাচীন আর্ঘ্য শাস্ত্রের ভাব যে বৈদেশিক সকল সাহিত্যের ভাব অপেক্ষা উচ্চতর, ইহা ইংরাজী স্কুলের সকল হিন্দু ছেলেরই হৃদয়ঙ্গম হওয়া আবশ্যক। সেই জন্ম কয়ের কয়েরজন সংস্কৃতক্র ও ইংরাজী-নবীস ব্যক্তির দ্বারা ইংরাজীর সর্কোমকৃষ্ট ভাব অপেক্ষা যে আমাদের সংস্কৃত্রের ভাব উচ্চতর তাহা উভয় ভাষার কাব্যাদি ইইতে দেখাইয়া যদি একখানি গ্রন্থ সংকলন করান হয় এবং তাহা প্রত্যেক স্কুল-লাইব্রেরিতেই রাখাইতে পারা যায়, তাহা হইলে সাধারণের বিশেষ উপকার হইতে পারে।

খৃষ্ঠীয় মিসনরিদিগের পরধর্ম-নিন্দার কুহকে পড়িয়া ভূদেব বাবুর চিত্তের যেরূপ ভাবাস্তর উপস্থিত হইয়াছিল, তুই তিন মাসের মধ্যেই তাহা সম্পূর্ণরূপে তিরোহিত হইল। তাঁহার পরিচিতের মধ্যে কাহার পদখলন যাহাতে না হয় তদ্বিষয়ে একণে তিনি সচেষ্ট হইলেন। গোন্দলপাড়া নিবাসী ৺ অভয়াচরণ বন্দ্যোপাধ্যায়ের পুত্র তাঁহার ভগিনীপতি ৺রামনারায়ণ বন্দ্যোপাধ্যায় মুহাশয় ইংরাজী শিথিবার জন্ম ঐ পর্নিয়ে কলিকাতায় আসিয়াছিলেন। স্থযোগ পাইকেই ভূদেব বাবু তাঁহার সাক্ষাতে খুষ্টান মিসনরিদিগের হিন্দুধর্ম-ব্যাখ্যার প্রতিবাদ করিতেন।

একদিন छाँशात्रा উভয়ে नान वाकारतत यथा पिया চলিয়া যাইতে যাইতে দেখিলেন যে একজন পাদরী খুষ্টীয়দর্ম প্রচার করিতেছেন। পুষীয় মিসনরিদিগের ধরণই এই যে, এদেশীয় লোকদিগের সম্মুখে ধর্ম প্রচার করিবার উপলক্ষ্যে তাঁহারা দেব-দেবীর যতটা নিন্দা করিয়া থাকেন, স্বধর্মের ব্যাখ্যা ততটা করেন না। উক্ত পাদরীও সেইরূপ করিতেছিলেন। তাঁহার কথা শুনিতে রাস্তায় অনেক লোক দাঁড়াইয়া গিয়াছিল। ভূদেব বাবু ও তাঁহার ভগিনীপতি যথন ঐ স্থান দিয়া যাইতেছিলেন তথন সাহেব জটায়ু পক্ষীর কথা তুলিয়া লোকদিগকে ব্ঝাইতে ছিলেন, "দেখ, তোমাদিগের রামের সীতাকে যথন রাবণ হরণ করিল, তথন রাম সীতাকে অন্নেষণ করিতে করিতে দেখিলেন যে একটা প্রকাণ্ড পক্ষী পথিমধ্যে পড়িয়া আছে। সেই পক্ষীটা জাটায়ু। রাবণ দীতাকে হরণ করিয়া লইয়া মাইতেছে দেখিয়া রামের পিতৃস্থা দেই রন্ধ পক্ষী দীতার উদ্ধারের জন্ম রাবণের দক্ষে যুদ্ধ করিয়া প্রায় গতাম্ব হাঁয়াছিল; কিন্তু রাম মনে করিয়াছিলেন যে উক্ত পক্ষীই তাঁহার সীতাকে গ্রাস করিয়াছে। এই মনে করিয়া সেই মৃতপ্রায় পক্ষীকে তিনি মারিতে উদ্যত হইয়াছিলেন। দেখ দেখি, যে আপন উপকারী বন্ধকে চিনিতে পারে না, সে আবার তোমাদের মধ্যে পাপাত্মা পুণ্যাত্মা চিনিয়া লইবে কি প্রকারে ?" ভূদেব বাবু ও তাঁহার ভগিনীপতি তথায় দাঁড়াইয়া এই কথা গুলি শুনিলেন।

সাহেবের কথা শেয় হইতেই ভূদেব বাবু বলিয়া উঠিলেন, "সাহেব কি বলিতেছ ?⁸ সাহেব কথাটার পুনরুক্তি করিলেন। সেখানে পঞ্চাশ কথা পরে বলা যাইবে। যীশু ধুষ্টকে যখন লট্কে দিলে তথন তিনি 'পিতা আমায় পরিত্যাগ করিলে কেন' বলিয়া ডাকিয়া উঠিয়াছিলেন। তিনি আখার পিতাকে বলিয়া অন্মের উদ্ধার সাধন কিরুপে করিবেন ?" সাহেব' ইংরাজীতে বলিলেন, (দেয়ার ওয়াজ এ প্রফিসি) ইহার জক্ত ভবিশ্বদ্বাণী ছিল। ভূদেব বুবাবু বলিলেন, "কি বলিতেছেন? ওটা ইংরাজী ভাষা বুঝি!" সাহেব ইংরাজীতে বলিলেন, "তুমি ইংরাজী জান।" ভূদেব বাবু বলিলেন, "আমি জানি আর না জানি; ইহাঁর। এতগুলি লোক যে দাঁড়াইয়া আছেন, সকলে জানেন না; স্থতরাং বিচারে কি হয় ইহাঁরা কেমন করিয়া বুঝিবেন? তবে সাহেব তোমার যদি কিছু বলিবার না থাকে, সে স্বতম্ত্র কথা।" সাহেব তথন বাঙ্গালায় विनातन, "बे विषय ভবিश्वान्वांगी हिन।" जुरमव वाव विनातन, "रमथ, তোমরা সকলৈই বিচার কর; কেহ যদি মার খাইয়া ভাকিয়া ওঠে 'বাবা গো. মা গো! তোমরা কোথা গেলে গো! মেরে ফেল্লে গো!' সেটাকে কি ভবিশ্বদ্বাণী বলিতে হইবে ? অমন ভবিশ্বদ্বাণী ত আমিও করিতে পারি। হাঁ, আমাদের শাস্ত্রে ভবিশ্বদ্বাণী আছে বটে যে খেত দীপ হইতে মেচ্ছগণ আদিবেন; তাহা দাক্ষাতে দকলেই দেখিতে পাইতেই। আমাদের শাস্ত্রের ভবিশ্বদ্বাণীর জাজ্জল্যমান প্রমাণ হইয়া গিয়াছে।" এইরূপ উত্তর শুনিয়া সমবেত সকলেই অত্যন্ত সন্তুষ্ট হইল। তথন ভূদেব বাবু বলিলেন, "আর যীশুণৃষ্ট মরায় অন্ত সকলের পরিত্রাণ হইতে গেল কেন ?" সাহেব বলিলেন, "দেখ, মামুষে পাপ করে। मिट शास्त्र ब्राह्म यथन द्रेश्वत जाशास्त्र नत्रक महेशा शहेरक जारहन, ज्यन ষীও বলেন, উহাকে ছাড়িয়া দাও; আমার মৃত্যুর সময় আমি যে যন্ত্রণা ভোগ করিয়াছি, তাহাতেই উহার পাপের প্রায়শ্চিত্ত হইয়াছে; এই কথায় ঈশর উহাকে ছাড়িয়া দেন।" ভূদেব বাবু বলিলেন, "দেখ স্বাহেব, এক জনের মরণে আর এক জনের পাপের প্রায়ন্চিত্র কেম্ন কবিয়া হইবে ? ক্বত কর্ম্মের শুভাশুভ ফল অবশুই ক্রোগ করিতে হইবে না ?" . সাহেব বলিলেন, "একজন যদি টাকা ধার করে, আর সেই টাকা পরিশোধ করিতে না পারায় তাহার যদি জেল হয়, তবে আর কেহ তাহার['] হইয়া পাওনাদারকে টাকা দিলে তাহার কারামুক্তি হইতে পারে না কি ?" ভূদেব বাবু বলিলেন, "তা পারে বৈ কি। কিন্তু তুমি সাহেব মাল ফৌজদারীর ভেদ ব্ৰিতে পারিলে না, তা বিচার করিবে কি ? যদি টাকার দেনা হয়, তাহা হইলে টাক। পাইয়া ছাড়িয়া দেয়; কিন্তু কেহ যদি খুনু করে, চুরি করে, তাহা হইলে কি আর কাহাকেও তাহার পরিবর্ত্তে লইয়া তাহাকে ছাড়িয়া দেয় ? পাপটা কি টাকা-ধার ? না চুরি, খুন, জালিয়াতী প্রভৃতি ফৌজদারী ব্যাপার ?" এই কথা শুনিয়া উপস্থিত লোকগণ সকলেই হো-হো করিয়া হাসিয়া উঠিল; সাহেবও বেগতিক দৌথিয়া প্রস্থান করিলেন।

এই ঘটনার উল্লেখে ভূদেব বাবু কোন সময়ে বলিয়াছিলেন—"পরধর্মের দোষোদ্ঘোষণ করিতে যাওয়ায় একটু অশিষ্টতা থাকে এখং পরধর্ম
ধ্যমের দোষোদ্ঘোষণ করিতে যাওয়ায় একটু অশিষ্টতা থাকে এখং পরধর্ম
ধ্যমের দোষোদ্ঘোষণ করিতে যাওয়ায় একটু অশিষ্টতা থাকে এখং পরধর্ম
ক্ষেহভাজন স্বদেশীয়দিগের বিপথগামী হওয়ার সন্তাবনা, সেথানে সম্পূর্ণ
উপেক্ষায় কর্ত্তব্যের ক্রটী হয় এবং নেপোলিয়ন বোনাপার্টির কথা য়ে
আক্রমণেই সর্কাপেক্ষা ভাল আত্মরক্ষা হয় (টু আ্যাটাক্ ইজ্ দি বেষ্ট
ডিফেন্স) তাহাও স্থলবিশেষে খুবই ঠিক। যাহারা স্বটার গুণাগুণ

অবশ্রমের ভোক্তব্যং কৃতং কর্মং শুভাশুভং।

বিচারে সক্ষম নয়, অথবা তাহার জন্ম উপযুক্ত সব সময় দিবে না—
তোহাদের একবার মোটা কথায় একটু চট্কা ভাঙ্গাইয়া দেওয়ার প্রয়োজন
আনে। নচেৎ প্রধর্মের ভাল অংশেই লক্ষ্য করিতে হয় এবং অধর্মের
স্বেই অংশের বিষয় ভাল করিয়া জানিয়া লইয়া সকল মহয়ের স্ব স্ব
শাস্তে বিশাস রাথিয়া স্বধর্মে থাকাই উচিত।

সর্ব্বত্ত সমবেক্ষেদং নিধিলং জ্ঞানচক্ষ্যা। শ্রুতিপ্রামাণ্যতো বিদ্বান স্বধর্ম নিবিশেত বৈ ॥"

মন্ত্ৰপংহিতার এই শ্লোষ্টীই ভূদেব বাবুর সর্ব্বপ্রধান গ্রন্থ সামাজিক প্রবন্ধের শীর্ষদেশে স্থাপিত।

অফ্টম অধ্যায়

—#⊕}}—

িদীকাগ্রহণ এবং পুরশ্চরণ; ডফ্ সাহেবের সহিত ,পরিচর; সিনিরর বৃত্তিপ্রাপ্তি, হিন্দু-কলেজ পরিত্যাগ।]

দানতন ধর্মের দিকে মতি ফিরিলেই তর্কভ্ষণ মহাশয় পুত্রের দীক্ষাকার্য্য সম্পন্ন করাইলেন। এই দীক্ষাকার্য্য ভূদেব বাব্র বিবাহের এক বৎসর পরে হয়। ইতিপ্র্কেই ইহাদিগের গুরুগোষ্ঠার লোপ হইয়াছিল। তর্কভ্ষণ মহাশয় ভূদেব বাব্র মাতার ঘারাই পুত্র এবং প্রুবধৃকে মন্ত্রদান করাইলেন; এবং অতঃপর স্বপরিবারের মধ্যেই গুরু-করণের ব্যবস্থা করিয়া দিলেন। * দীক্ষিত হইয়া ভূদেব বাবু বিধিপূর্ব্বক ষেমন জ্পাদি করিতে হয় তাহা করিতে লাগিলেন। তিনি প্রত্যহ মহানিশায় চারি হাজার করিয়া জপ করিতেন। সাগু মাত্র আহার করিয়া রাত্রি জাগিয়া যখন অধ্যয়ন করিতেন, তখনও এইরূপ জপাদি কার্য্য, সম্পূর্ণ অব্যাহত রাধিয়াছিলেন। প্রত্যহ স্মানের পর মাতার পারে পুসাঞ্জলি দিয়া তবে আহার করিতেন ও স্থলে যাইতেন। কোনদিন স্থলে যাওয়ার বেশী তাড়াতাড়ি দেখিলে স্নেহময়ী মাতা বালক-শিষ্যের জন্ম সমস্ত আয়োজন ঠিক করিয়া যেখানে ভাত দেওয়া হইয়াছে সেইখানেই দাঁড়াইয়া থাকিতেন! ভূদেব বাবু দীক্ষাদাত্রী স্নেহময়ী গর্ভধারিণী মাতা ব্রহ্মময়ীদেবীতে জূীবের প্রতি অপার করণাপূর্ণা জগজ্জননীকে প্রত্যহ প্রত্যক্ষ করিতেন!

^{*} এ সময় হইতে এই পরিবারে মাতা বর্ত্তমানে মাতার নিকট হইতেই দীক্ষাগ্রহণ চলিরা আসিতেছে।—গ্রিরোদীকা ওভা প্রোক্তা মাতুকাই গুণা স্মৃতা।

তর্কভূষণ মহাশয় পরমজ্ঞানী বিশুদ্ধাচারী তান্ত্রিক সাধক ছিলেন।
তিনি নিজে শব-সাধনাদি করিয়াছিলেন। পুত্র ভূদেব বাব্র দারা
তিনি যোলটী পুরশ্চরণ করাইয়া তাঁহাকে পূর্ণাভিষিক্ত করান। তন্ত্রবিদ্যার
আনক গৃঢ়ার্থও তাঁহাকে বলিয়া দিয়াছিলেন। ভূদেব বাব্র তান্ত্রিক নাম
আনক্ষনাথ। ঐ নামে তিনি মধ্যে মধ্যে এত্কেশন গেজেটে যে সকল
প্রবন্ধ লিখিতেন, তাঁহা বিবিধ প্রবন্ধ দিতীয় ভাগে মৃদ্রিত ইইয়াছে।

কামকোধী ছাগমেষী প্রভৃতি শ্লোকের উপর লক্ষ্য করিলে তন্ত্রের যে গূঢ়ার্থ আছে তাহা স্কল্পন্ট দেখা যায়। মদ্য মাংস মৈথুনকে সার ভাবিয়া যে সংযমাভ্যন্ত মুক্তি-প্রয়াসী প্রকৃত উচ্চাধিকারী হিন্দুর ধর্মশাল্প প্রয়োজিত হওয়া একেবারেই অসম্ভব, তাহা একবারও মনে না আনিয়া অনেক সাধারণ ,বৈশ্বব এবং অজ্ঞানান্ধ ইংরাজীনবীস লোক তন্ত্রের নিন্দা করে।

জ্ঞানহীন অসংযত লোকের হস্তে পড়িয়া তন্ত্রের গৃঢ়ার্থ ভ্রষ্ট ইইতেছে এবং অনাচার প্রশ্রেষ পাইতেছে বলিয়া তর্কভ্ষণ মহাশয় বড়ই ক্ষ্ম ছিলেন। উহার গৃঢ়ার্থ প্রচার করিবার জন্ম তিনি প্রথম বয়সে একখানি পুস্তক লিখিতেও আরম্ভ করিয়াছিলেন; কিন্তু সকলের পক্ষে, সকল বিষয় উপযুক্ত নয় এবং উন্ত্র গুরুপদেশেই শিক্ষণীয়—যাহাকে তাহাকে দিবার জিনিষ নয়—(ন দেয়ং যস্ম কস্মচিং) বলিয়া সে কার্য্য ইইতে বিরত হন। তর্কভ্ষণ মহাশয় যখন ঐ বিষয়ে নিখিতে আরম্ভ করিয়াছিলেন, তথন একদিন তাহার একজন স্থপণ্ডিত সতীর্থ তাহা দেখিয়া তাহাকে জিজ্ঞাসা করেন, "তর্কভ্ষণ, এ সব কি ?" তর্কভ্ষণ মহাশয় বলিয়াছিলেন, "তন্ত্রের গৃঢ়ার্থ পুস্তকাকারে প্রচার করিবার জন্ম লিখিতছে; নতুবা ঐ সকল বিষয় সাধারণের অজ্ঞান্ত থাকিয়া যাইবে।" সহাধ্যায়ী বন্ধু ঈষং হাসিয়া বলিলেন, "তর্কভ্ষণ, তুমি কি মনে কর ষে,

'তুমি' না লিথিলেই ঐ সকল সনাতন সত্য নষ্ট হইয়া যাইবে !" তর্কভূষণ মহাশয় এই মিষ্ট ভৎ সনায় উক্ত কার্য্য হইতে বিরত হইয়াছিলেন।

সন্ধ্যা-বন্দনার এবং তন্ত্রোক্ত পূজাদির অথগ্রহ হইয়া এবং ভক্তিভাবে পুরশ্চরণ করিয়া ভূদেব বাবুর মনে যে ভাব দৃঢ় সংবদ্ধ হইয়া পিয়াছিল, তাহা তাঁহার প্রণীত গ্রন্থাবলীর সর্বত্র এবং নিজের আচার-প্রণালীর সকল বিষয়েই প্রকটিত হইয়া রহিয়াছে। তিনি ক্রমশঃ প্রকৃত হিন্দুয়ানীর কোমলতা, দৃঢ়ভা এবং উদারতায় সম্পূর্ণভাবে পরিষিক্ত হইয়া গিয়াছিলেন।

অল্পকাল পরেই স্থপ্রসিদ্ধ ভাক্তার ডফ্ সাহৈবের সঙ্গে ভূদেব বাব্র পরিচয় হয়। ডফ্ সাহেব গ্রায়পরায়ণ, অকপট-হাদয়, স্ববক্তা ও বিদ্যান্ব ব্যক্তি ছিলেন। তিনি বান্ধালী মহলেই বাড়ী বাড়ী ঘুরিয়া বেড়াইতেন এবং যুবকদিগের সহিত কথাবার্ত্তা কহিতেন। একদিন হরীতকী বাগানের গলিতে চুকিয়া সাহেব ভূদেব বাব্র বাড়ীর চণ্ডীমণ্ডপে বিদয়া তাঁহাকে পাঠ-রত দেখেন। নিকটে গিয়া জানিলেন যে তিনি খুইধর্ম-বিছেমী ফরামী গ্রন্থকার ভল্টেয়ার লিখিত "মহম্মদ" নামক পুস্তকের ইংরাজী অন্থবাদ পড়িতেছেন। সাহেব বান্ধালী যুবককে ওরূপ পুস্তক পড়িতে দেখিয়া বিশ্বিত হইলেন এবং 'অনেকক্ষণ ভূদেব বাব্র সহিত কথাবার্ত্তা কহিয়া তাঁহার উপর প্রীতিলাভ করিলেন। ডফ্ সাহেবের সহিত ভূদেব বাব্র পরিচয়ের ইহাই ফুচনা। সাহেব প্রথম দিন হইতেই ব্বিতে পারিয়াছিলেন যে, এই ছাত্রটীর নিকটে তাঁহার খুষ্টীয় ধর্ম প্রচারের আর কোন স্থবিধা নাই। * সেই হেতু ভূদেব বাব্কে ভঙ্গাইবার চেষ্টা তিনি একবারও করেন নাই; বরং কথা-প্রসঙ্গে একদিন বলিয়া-

যে বিজাতীয় শিক্ষার দোবে শান্তাচারের প্রতি অপ্রদ্ধা জন্মে, সেই বিজাতীয় শিক্ষার প্রগাঢ়তা জন্মিলেও ঐ দোব কাটিয়া বায়।"—আচার প্রবন্ধ—উপক্রমণিকাধুয়িয়।

ছিলেন যে, "ঈশবের স্থালন তোমাদের শান্তের একস্থলে অতি হৃদ্দর্ব্ধণে বর্ণিত আছে।" ভূদেব বাব্র প্রশ্নে সাহেব বলিয়াছিলেন:—

"এক সময়ে ভীম শ্রীকৃষ্ণকে বলিয়াছিলেন, কৃষ্ণ! তুমি এই জগং সংসার পালন করিয়া থাক; তুমি মনে কর যে কেবল তুমিই ইহা করিতে পার, আর কেহ পারে না; নিস্কু জগং সংসার পালন করা ততটা কঠিন কাজ বলিয়া আমি মনে করি না। আগামী দিনের জগ্য জীব সমূহের পালনভার আমার উপরে গ্রন্থ থাকুক, দেখ, পারি কি না।" পরদিন মহাবল ভীম সমস্ত ভ্বনের যাবতীয় জীব-জন্তর আহার যোগাইয়া শ্রীকৃষ্ণকে বলিলেন, "কেমন ঠাকুর, দেখিলে ত, পারিলাম কি না।" শ্রীকৃষ্ণ বলিলেন, ভীম, তুমি প্রভৃত ক্ষমতাশালী—তোমার পারিবার কথা। কিন্তু এ হুদটায় ভূব দিয়া যে বস্তুটা হাতে পাইবে, তাহা তুলিয়া লইয়া আইস।" ভীম তথকণাৎ হুদে ভূব দিলেন এবং একথানা প্রস্তুর তুলিয়া আনিলেন, কৃষ্ণ তথন ভীমকে পাধরথানা ভাঙ্গিয়া ফেলিতে বলিলে ভীম তাহা করিয়া দেখিলেন, উহার মধ্যে রাশীকৃত কীট আহারাভাবে মরিয়া রহিয়াছৈ!—বস্তুতঃই বিধাতার বিশ্বপালন গুণের এমন স্কুক্রর চিত্র আর কোথাও নাই।"

ভূদেব বাব্র সহিত ডফ্ সাহেবের এইরুণ নানা বিষয়ে প্রীতিকর কথা-বার্ত্তা হইত। সেই প্রসঙ্গে ভূদেব বাব্ সর্বাদা বলিতেন যে, ইংরাজ ও বাঙ্গালীর কথাবার্ত্তা স্থলে ইংরাজ যদি নিজের গর্ব্ব এবং বক্রোক্তি পরিত্যাগ পূর্বক সরলভাব গ্রহণ করেন, আর বাঙ্গালী যদি নিজের ইংরাজা বিদ্যা 'প্রকাশ' করিবার চেটা না করেন, তাহা হইলে স্থশিক্ষিত ইউরোপীয়ের সংশ্রবে আদিয়া দেশীয়গণ অনেক বিষয়েই শিক্ষালাভ করিতে পারেন।

ডফ্ সাহেব প্রকৃতই বিদ্যান্ ব্যক্তি ছিলেন; বিশেষতঃ ইতিহাস ও মনোবিজ্ঞান-শাস্ত্রে এদেশে তৎকালাগত ইউরোপীয়দিগের মধ্যে তাঁহার সমকক্ষ আর কেহ ছিলেন না। তাঁহার সহিত ভূদেব বাবু অধিকাংশ সময়ে ঐ হুই শান্ত্র সম্বন্ধই আলোচনা করিতেন এবং জ্ঞাত্য্য অনেক বিষয় তাঁহার নিকট হইতে জানিয়া লইতেন। * বস্তুতঃ, ইংরাজী শিথিতে আরম্ভ করিয়া অবিধ ভূদেব বাবুর ন্থায় এতটা স্থ্রিধা আর কোন বাঙ্গালীর অদৃষ্টে ঘটিয়াছিল বলিয়া বেশুধ হয় না। শিক্ষার প্রারম্ভ কাল হইতেই উলাষ্ট্রন সাহেব ও বিবি উইলসন তাঁহার সহায় ছিলেন। কলেজে অধ্যয়ন-কালে জোন্স, হালফোর্ড, রিচার্ডদন প্রভৃতি হিন্দু কলেজের তাংকালিক স্থবিদ্বান্ অধ্যাপকগণ তাঁহাকে একটু বিশেষ স্নেধ্ করিতেন এবং ইংরাজী বিদ্যা শিক্ষা সম্বন্ধে ইহাদের সকলের নিকট হইতে তিনি যথেষ্ট আমুক্ল্য পাইয়া ছিলেন। উত্তর কালে কর্মক্ষেত্রে অবতরণ করিয়াও ইউরোপীয় ভন্ত লোকদিগের এইরূপ আমুক্ল্য হইতে তাঁহাকে বঞ্চিত হইতে হয় নাই।

ভূদেব বাবুর ষোড়শ বৎসর বয়:ক্রম কালে তাঁহার মাতৃ বিয়োগ হয় এবং পরম স্বেহময় পিতাই তাঁহার এবং পরিবারস্থ সকলের একমাত্র লক্ষ্য হইয়া দাঁড়ান।

^{*} ডফ্ সাহেব সময়ে সময়ে পরিহাস-রসিকতাও ফুলর করিতে পারিতেন।
ধর্মচর্যা সমলে ভিন্ন ভিন্ন গৃষ্ঠীর সঁজালারের যে নতভেন আছে ডাহারই একটা বিবরে
একদিন কথা হইতেছিল। ডফ্ সাহেব স্কচ প্রেনবিটিরীর মতাবলম্বী ছিলেন। ইহাঁদের
মত ইংলভের সরকারী আংরিকান মত হইতে কোন কোন বিবরে সম্পূর্ণ বিভিন্ন।
ভূদেব বাবু বলিলেন "আপনি এমন বলিভেছেন কিন্তু ডাক্টার স্মিও তাহা মলেন '
না।" ডফ্ সাহেব হাসিরা বলিলেন "তাহার ১৫০০ কারণ আছে" (হি ফালু ফিক্টীন
হত্তে জরীলন্স ফর ইট) ভূদেব বাবু ব্ঝিতে পারিলেন না; বলিলেন "যদি অভ কারণ
থাকে তবে আপনি নিজের মতকে ঠিক বলিভেছেন কেন ?" সাহেব বলিলেন, "তুমি কি
কান না বে উনি ঐ মতাবলম্বী দলের হারা নিযুক্ত এবং বাসে ১৫০০ টাকা মাহিনার
চাকর।"—সাহেব প্রত্যেক টাকাকে এক একটী "কারণ" বলিরা উরেধ করিরাছিলেন!

হিন্দু কলেজের 'দিনিয়র রন্তির জন্ম পরীক্ষা দিতীয় শ্রেণী ইইতে দেওয়া
য়াইত। ছাত্রেরা তাহার পর প্রথম শ্রেণীতে উঠিয়া ইচ্ছামত তিন
বা, চারি বৎসর প্রথম শ্রেণীতে অধ্যয়ন করিতেন। দিনিয়র রন্তি
গুলি এক বৎসরকাল মাত্র স্থায়ী; স্বতয়াং প্রতি বৎসরেই দিনিয়র
রাত্তির জন্ম প্রথম শ্রেণীতেও পরীক্ষা দিতে হইত। কিন্তু প্রথম, দিতীয়
এবং তৃতীয় বার্ষিক"শ্রেণীর ছাত্রদিগকে একই প্রশ্ন দেওয়া হইত এবং
প্রথম শ্রেণীতে অন্যন তিন বংসর অধ্যয়ন করিলে কলেজ-পরিত্যাগের
ময় ছাত্রগণকে তাহাদিগের পারদশিতা স্চক প্রশংসা পত্র দিবার
রীতি ছিল।

১৮৪৩ অবেদ ভূদেব বাবু প্রশংসার সহিত সিনিয়র পরীক্ষায়
উত্তীর্ণ হন এবং ৪০০ টাকার বৃত্তি পাইয়া প্রথম শ্রেণীতে উন্নীত
হন। সেই বংসর তাঁহার পূর্ববর্তী সিনিয়র বৃত্তিধারী প্রথম শ্রেণীর
উৎকৃষ্ট ছাত্র গোবিন চন্দ্র দন্ত, এবং খ্যাতনামা ৺প্যারীচরণ সরকার
ইংরাজী সাহিত্যের পরীক্ষায় ভূদেব বাবু অপেক্ষা অধিক নম্বর পাইয়াছিলেন। কিন্তু প্রথম শ্রেণীর অন্যান্ত সকল ছাত্রগণ অপেক্ষা ভূদেব বাবু
এবং মাইকেল মধুয়দন দিতীয় শ্রেণী হইতে পরীক্ষা দিয়াও অধিক নম্বর
রাখিতে পারিয়াছিলেন। ভূদেব বাবু ঐ প্রথম শ্রেণীতে তিন বংসর
অধ্যয়ন করিয়াছিলেন এবং প্রতি বংসরই পরীক্ষার ফলায়ুসারে উক্ত
৪০০ টাকার বৃত্তি বজায় রাখিতে পারিয়াছিলেন।

সিনিয়র বৃত্তি পরীক্ষার জন্ম পাঠ্য পুস্তক নির্দিষ্ট থাকিত না, এবং সাধারণতঃ ইংরাজী সাহিত্য চর্চোর দিকেই অধিক দৃষ্টি থাকিত। স্বতরাং ছাত্রদিগকে ইংরাজী সাহিত্যের বিস্তর পুস্তক পড়িতে হইত।

১৮৪২-৪০ সালের সাধারণ শিক্ষা-সংক্রান্ত সরকারী রিপোর্ট। Appendix C Pages XII & XIII.

এখনকার একজন এম এ পরীকার্থী উৎকৃষ্ট ছাত্র, আর্পন পাঠ্য ইংরাজী সাহিত্য-সংক্রান্ত কয়েকথানি নির্দিষ্ট পুস্তকের যেরপ প্রাচীন ব্যাকরণ সম্বন্ধীয় খুঁটিনাটির পরীকা দিতে পারেন, হিন্দু কলেজের ছাত্রেরা তাহা পারিতেন না সত্য, কিন্তু মোটের উপর তাঁহাদের মধ্যে অধিকাংশ ছাত্রেরই পড়া শুনা এবং ইংরাজী ভাষা জ্ঞান ইইাদিগের অপেকা অনেক অধিক হইত। ভূদেব বাবুর তৃতীয় পুত্র ইংরাজী সাহিত্যে এম এ পাস হইলে ভূদেব বাবু তাঁহাকে বলিয়াছিলেন, "তুমি ইংরাজী সাহিত্যে এম এ হইলে, কিন্তু আমি জানি যে তোমাকে এ পর্যন্ত স্পেন্সার একটুও পড়িতে হয় নাই, এবং তুমি সেক্সপিয়রের কয়েকথানি মাত্র নাটক ও মিলটনের অতি সামান্ত অংশ মাত্র পড়িয়াছ; এখনকার ইংরাজী পড়ার ব্যবস্থা ভাল নয়।

হিন্দু কলেজে ৬ বংসর ৫ মাস অধ্যয়নের পর ১৮৪ ৫ খৃঃ অবে ভ্দেব বাবু কলেজ পরিত্যাগ করেন। ১৮৪৬ খৃঃ অবের ১৩ই কৈক্রয়ারী উক্ত কলেজ হইতে প্রশংসা পত্র প্রাপ্ত হন।*

ভূদেব বাবু যে সময়ে হিন্দু কলেজের প্রথম শ্রেণীতে অধ্যয়ন করেন, সেই, সময়ে ৺ শুর রাজা রাধাকান্ত দেবের দৌহিত্র, ইংরাজী সাহিত্য,

[কলেজ বাড়ীর ছবি]

HINDOO COLLEGE.

These are to certify that Bhoodeb Mookerjea has studied in this College for a period of 6 years and 5 months, that at the time of quitting college he was in the first class, that he has made very great progress in General Literature and acquired creditable

^{*} হিন্দুকলেজের তদানীস্তন সিনিয়র বৃত্তি-ধারী ছাত্রগণকে কিরুপ ধরণের প্রশংসা পত্র দেওয়া হইজ, তাহা বৃত্তিবার হৃতিধা হইবে বলিয়া তাহার নকল দেওয়া বাইতেছে! ডিপ্লোমাধানি দৈর্ব্যে ১৮ ইঞ্চি, এবং প্রস্থে ১০ ইঞ্চি; উপরে হিন্দু কলেজ বাড়ীর একটি ছবি দেওয়া আছে। মোটা কাগজে ছাপা।

সনিতে বৃংপন্ন এবং অধ্যয়নকেই সমগ্র জীবনের একমাত্র লক্ষ্য রাখিয়া কালাতিপাতকারী এবং দর্মধা স্থনীতি সম্পন্ন ৬ আনন্দরুষ্ণ বস্থ মহাশয় তাঁহার সহাধ্যায়ী ছিলেন। তিনি ৬গৌরদাস বসাককে ইংরাজীতে লিখিয়াছিলেন:—

"ভূদেব কলেজ ছাড়ার পূরু হইতে তাঁহার মৃত্যুকাল যাবং তৎসহদ্ধে আমি কিছুই পরিজ্ঞাত ছিলাম না। আমি আর কখন তাহাকে দেখি নাই। কাদে তাহার সেই দ্বির প্রজ্ঞ, চিন্তাশীল মুখমগুল ও উজ্জ্ঞল চক্ষ্ এবং সেই বান্ধণোচিত গৌরবর্ণ আমার আজও বেশ মনে পড়ে। কাদে ভূদেব স্থিতভাবে বসিয়া থাকিত, কথা খুবই অল্প কহিত; পুস্তক পাঠেই তাহার মন নিবিষ্ট দেখিতাম। আমি যদিও ভূদেবের সহিত কখন proficiency in the English Language and Literature, and in the Elements of General knowledge and that his conduct has been quite satisfactory. At the time of leaving college he held a Senior Scholarship of the first grade.

CALCUTTA,	J. KERR	Principal
13th February 1846	G. Lewis	Head Master.
C. H. CAMERON F. MELLETTO F. J. MOUAT ROSOMOY DUTTA M, 8	k Secv.	Managing Committee
C. H. CAMERON F. MELLETT ROSOMOY DUTTA F. J. MOUAT		Members of the Council of Education.

[এই সমরে (১৮৪৬) ম্যানেজিং কমিটার মেম্বর সংখ্যা আটজন এবং এডুকেশন কাউলিলের মেম্বর সংখ্যা সাতজন ছিল। ডিপ্লোমায় যে চারিজনের নাম স্বাক্ষর আছে, তরাতীত—প্রসন্ধুমার ঠাকুর, রাধামাধব বজ্যোপাধ্যায়, হার রাজা রাধাকান্ত দেব, শ্রীকৃষ্ণ সিংহ—ইইারাও ম্যানেজিং কমিটার মেম্বর ছিলেন। এডুকেশন কাউলিলে সাতজন সভ্যের মধ্যে ছুই জন দেশীয় ছিলেন—৮ রসময় দত্ত এবং ৮ প্রসন্ধুমার ঠাকুর।]

কোন কথা কহি নাই, কিন্তু তাহার ঐ সমন্ত গুণে, আমি আরুট হইয়া তংপ্রতি বিশেষ শ্রন্ধা সম্পন্ন হইয়াছিলাম এবং আমার ক্ষেক্ষন সম্পাসীর চিত্তও তংপ্রতি আরুট করিয়াছিলাম। কার্যক্ষেত্রে অবতরণ করিয়া ভূদেব যে সফলতা লাভ করিবে এবং একজন প্রকৃষ্ট ধার্ম্মিক পুরুষ হইবে, ইহা আমি তখন হইতে ব্রিভ্রে পারিয়াছিলাম। ভূদেশ্যের মৃত্যুর পর সংবাদপত্রাদিতে তাহার গুণগান শুনিয়াছিলাম। মাতৃভূমির প্রতি প্রকৃত অমুরাগের প্রমাণ স্বরূপ এবং স্বীয় শ্রমশীল, অধ্যর্সায়-পূর্ণ এবং মিতব্যয়ী জাবনের ফলস্বরূপ তিনি যে বিশুর অর্থদান করিয়া গিয়াছেন তাহাও আমি ঐ সময়ে বিদিত হইয়াছিলাম। আমার ভবিষ্তৎ বাণী প্রকৃত প্রস্তাবে যে সফল হইয়াছে, উক্ত ব্যাপারে তাহা স্পষ্টতঃ দেখিয়া অন্তরে বড়ই আনন্দামুভ্ব করিয়াছি।"

দেশীয় ছাত্র এবং ইউরোপীয় শিক্ষকের মধ্যে মনোমালিশ্য কথন কথন হিন্দু কলেজেও হইত। ভূদেব বাবু যথন পঞ্চম শ্রেণীতে হাল-কোর্ড সাহেবের নিকটে অধ্যয়ন করেন সেই সময়ে একদিন ক্লাসের একটা অশিষ্ট ছাত্র কোনরূপ অশ্যায় ব্যবহারে বৃদ্ধ শিক্ষক হালফোর্ড সাহেবকে ধৈয়াচ্যুত করায় তিনি তাহার পায়ে লাথি মারিয়াছিলেন। তৎ-ক্ষণাৎ একজন ছাত্র বাহিরে গ্লিয়া এই ব্যাপার প্রথম শ্রেণীর ছাত্রদিগকে জানাইলে ঐ শ্রেণী হইতে আদেশ হইল—"ক্লাস ছাড়িয়া চলিয়া যাও।" অবিলম্বে ঐ আদেশ অহুসারে ক্লাসের একজন ভিন্ন অপর সকলে কলেজ হইতে বাহির হইয়া চলিয়া গেল। পরদিন কেহ ক্লাসে আসিল না। ছাত্রের। কলেজ বাড়ীর পূর্ব্বদিকে-স্থিত মুৎস্কদী প্রবিশ্বের বস্ক্র পুত্র প্রাজনারায়ণ বস্ক্র বাড়ীতে বিস্বা থাকিল।

যে বালক মার খাইয়াছিল, তাহার কার্য্যে অপর কাহারও সহাত্মভূতি না থাকিলেও, হিন্দুর ছেলের অঙ্গে সাহেবের পদাঘাত চুপ করিয়া সহ করা সহপাঠীদিগের নিকট সঙ্গত বলিয়া বোধ হয় নাই। সাহেবের। হাতের আঘাত ও পায়ের আঘাতে বড় ইতর বিশেষ ভাবেন না; কিন্তু এদেশে সেরূপ নহে।

্ব্যাপারটা সম্বন্ধে কলেজের অধ্যক্ষ 'এবং উদ্ধৃতন অধ্যাপকগণ মিদ্যা গোপনে আলোচনা, করিলেন; কিন্তু কি করিতে হইবে দ্বির করিয়া উঠিতে পার্নিলেন না। হালফোর্ড সাহেব অতি সম্প্রন ব্যক্তি ছিলেন'। তিনি অমৃতপ্ত হলয়ে স্বতঃপ্রবৃত্ত হইয়া বলিলেন যে, তিনি কাজ ভাল করেন নাই; ছাত্রদিগের নিকট ক্ষমা প্রার্থনা করিবেন। এই কথা দ্বির করিয়া যেখানে ছাত্রগণ একত্রে বসিয়া ঐ বিষয় লইয়া জন্ননা করিতেছিল, তিনি সেইখানে আদিবার জন্ম কলেজ হইতে বাহির হইলেন। ছাত্রগণ এই ব্যবস্থার কথা জানিতে পারিয়াই তৃষ্ট হইয়াছিল। কিন্তু এরপ স্বভদ্র বৃদ্ধ শিক্ষক আসিয়া ছাত্রগণের নিকট মৃথ ফুটিয়া ক্রাটি স্বীকার করিবেন, ইহা তাহাদের সকলের নিকটে বিসদৃশ বোধ হওয়ায়, ভূদেব বাব্র এবং অপর তৃই এক জনের প্রস্তাব মত সকলে ধীরে ধীরে অপর পথ শিয়া ক্লাসে আদিয়া বিদল; সাহেবকে আর কিছু করিতে হইল না। শিক্ষক ও ছাত্রের মধ্যে আর কোনরূপ মনোমালিন্ত রহিল না; উভয় পক্ষেই ভদ্রতা, প্রকাশিত হওয়ার্থ পরস্পরের প্রতি শ্রদ্ধারই বৃদ্ধি হইল।

নবম অধ্যায়।

চাকরীর চেষ্টা: হিন্দু চ্যারিটেবল ইন্ষ্টিটিউসন; ৮চণ্ডীচরণ মজুমদার ় করাসীডাঙ্গায়, শ্রীপুরে এবং বহরমপুরে ইংরাজী স্কুল স্থাপন।

কলেজে অধায়নের সময় হইতেই শিক্ষা সভার (কাউন্সিল অফ এডুকেশনের) সম্পাদক ডাক্তার মাউয়াট সাহেবের সহিত ভূদেব বাবু
পরিচিত ছিলেন। অধ্যয়ন সমাপ্তির পর সাহেবের সহিত দেখা করিলে
ভিনি ভূদেব বাবুকে শিক্ষাবিভাগে দেড় শত টাকা বেতনে কোন বিজ্ঞালয়ে হেড মাষ্টারের পদ দিতে চাহেন। ভূদেব বাবু তথন তাঁহাকে
বলেন যে শিক্ষা বিভাগের প্রচলিত নিয়মাবলীতে সকল ছাত্রের স্ব স্থ ধর্ম বিষয়ে মোটাম্টি কতকটা শিক্ষা দেওয়ার কোন প্রকার্ম ব্যবস্থা নাই; সেরুপ শিক্ষা এদেশীয়দিগের উপযোগী নহে; স্কৃতরাং ঐ নিয়মায়্যায়ী ভাবে শিক্ষা দান করা তাঁহার মনঃপৃত হইবে না; তিনি অন্ত কোন কার্ব্যের চেষ্টা করিবেন।

ঐ সময়ে কলিকাতার ছোট আদালতের রেজিন্ত্রারের পদ থালি হয়।
তথন ঐ পদের বেতন ছয় শত টাকা ছিল। ভূদেব বাবু ঐ কার্যের
জন্ম আবেদন করিলেন এবং 'ল' মেম্বর এবং শিক্ষা সভার মভাপতি
ক্যামারণ সাহেবের সহিত সাক্ষাৎ করিলেন। ইতিহাস এবং
দর্শন শাস্ত্রের উপর সাহেবের বড়ই অন্তর্মা ছিল। তিনি ঐ ছই '
বিষয়ের পরীক্ষায় ভূদেব বাবুর উত্তরগুলি পড়িয়া প্রীত হইয়াছিলেন।

তিনি বলিলেন, "পতাল্প দিন মাত্র কলেজ হইতে বাহির হইয়াছে এরপ যুরাপুরুষকৈ রেজিথ্রারের পদে নিযুক্ত করিবার নিয়ম নাই; স্থতরাং এই বিষয়ে আমি তোমার কিছু স্থবিধা করিতে পারিব না। তবে তোমাকে কোন একটা ভাল কাজে নিযুক্ত করিবার চেষ্টায় আমি রহিলাম।"

ৃ একটা বড় সওদাগরী জাফিলে ক্যামারণ সাহেবের যথেষ্ট প্রভুষ ছিল। তিনি ঐ আফিসে ভূদেব বানুকে একটা উচ্চ পদ দিবার প্রস্তাব করিয়াছিলেন। কিন্তু সেই সময়ে ভূদেব বাবুর অত্যন্ত পীড়া হইল এবং তিনি অনেক দিন ধ্রিয়া রোগ ভোগ করিলেন। যখন স্বস্থ হইয়া উঠিলেন তথন ক্যামারণ সাহেব বিলাত চলিয়া গিয়াছেন। বিলাভ যাইবার পূর্বে ক্যামারণ সাহেব ভূদেব বাবুকে সেই কর্ম্ম দিবার জন্তু যে তাহাকে অনেকবার অন্তুপদ্ধান করিয়াছিলেন, পরে রেভারেও কৃষ্ণমোহন বন্দ্যোধাধায় প্রমুগাৎ ভূদেব বাবু তাহা শুনিয়াছিলেন।

উল্লিখিত রেজিষ্টারের পদের তায় চারি পাঁচ শত টাকা বেতনের চাকরীর জন্ত ভিন্ন স্থানে ভূদেব বাবু অনেকগুলি আবেদন করিয়া-ছিলেন। এ দেশীয়ের পক্ষে প্রথমে কিরুপ চাকরী পাইবার সম্ভাবনা থাকে, তদ্বিয়েয় জাঁহার কিছুই জানা ছিল না।

তিনি ঐ সময়ে অনেক, বড় বড় সাহেবের নিকট উমেদারী করিতে গিয়াছিলেন। কিন্তু চাকরী কোথাও যুটে নাই।* সাহেববাড়ীর চাপরাসীর এবং কুকুরের দৌরাত্ম্য এই সময়ে তিনি বিশিষ্টরূপেই ভূগিয়াছিলেন।

^{* &#}x27;তাঁহার এই সময়ের মনের ভাব পারিবারিক প্রবন্ধ আত প্রস্পষ্টরূপে চিত্রিত আছে ;—"আমাদের এই দরিদ্র দেশে কোন ব্যক্তিরই কুড়ে অকর্মণা এবং উপার্জনে অক্ষম হওয়া উচিত নহে। * * * ভিশারীকে ব্রহ্মচারী ইইতে হয়।"—একারবর্তিতা প্রবন্ধ।

ইহার কিছু পূর্বে ডফ্ সাহেবের স্থলে কলিকাতার সন্ধান্তবংশীয় তুই জন হিন্দু ছাত্র * খ্টান ধর্ম পরিগ্রহ করিলে হিন্দু সমাজ একটু বিচলিত হইয়াছিল। অনেকেরই মনে হয় যে, মিসনরি স্থলে যাহাতে ছেলেন্দ্র পাঠাইতে না হয় এরপ একটা ব্যবস্থা থাকা আবশুক।

কলিকাতার ধনশালী হিন্দুগণ মিলিয়া ও গোরাচাঁদ বসাকের বাড়ীতে একটি সভার আহ্বান করিলেন। ত্র সভায় ধনকুবের পমতিলাল শীলকে বিশেষ করিয়া নিমন্ত্রণ করা হয়। মতিলাল শীল একটু বিলম্বে আসিয়া পৌছিলে সভাস্থ জনৈক ব্যক্তি বলেন, "আমরা সকলে আপনার জন্মই অপেক্ষা করিতেছি; এইবার কাজ আরম্ভ হইবে।" সময়ে উপস্থিত না হওয়ার জন্ম ইহা একপ্রকার তিরস্কার মনে করিয়া মতিলাল শীল কিছু বিরক্ত হইলেন এবং উত্তরে বলিলেন, "আমার জন্ম আপনারা অপেক্ষা করিতেছিলেন কেন? এ বিষয়ের জন্ম সভারও ত কোন আবশ্রক ছিল না; মহাশয়েরা সকলেই একটা একটা কলেজ করিয়া দিয়া ছেলেদের হিন্দুয়ানী রক্ষা করিতে পারেন; মিসনরি স্থলে আর কাহাকেও ছেলে পাঠাইতে হইবে না। আমার উপর অনুমতি হউক আমিও একটা ব্যবস্থা করিব।" এই বলিয়া তিনি তৎক্ষণাৎ সভা হইতে চলিয়া গেলেন এবং সেই দিনেই লক্ষ টাকা দানের ব্যবস্থা করিয়া শীল্ম ফ্রী কলেজ নামক বিদ্যালয়ের

^{*} রাধাকান্ত দত্ত ও উমেশচক্র সরকার। (১) রাধাকান্ত দত্ত বসাকদিগের আদ্বীর। রাধাকান্ত নাবালগ বলিয়া হুপ্রীমকোটে মিসনরিদিগের বিরুদ্ধে অভিযোগ উপস্থিত করা হইলে ব্যারিষ্টার এল ক্লার্ক পারিশ্রমিক না লইরাই রাধাকান্তের আদ্বীর-দিগের পক্ষ সমর্থন করেন। ডাক্তার ডক সাহেব মিসনরিদিগের পক্ষে বিশেষ তদ্বির করিয়া ছিলেন। রাধাকান্ত আপনার ইষ্টানিষ্ট বুঝিবার বয়ংপ্রাপ্ত হইরাছে এই কথা বলিরা জজেরা মোকদ্দমা ভিসমিস করেন। (২) উমেশচক্র সরকারের সম্বন্ধে কোক কথা জানা নাই।

প্রতিষ্ঠা করিলেন, । অবশিষ্ট ভত্রলোকগণ আপনাদিগের মধ্যে শ করেক সহস্র টাকার চাঁদা ক্রমশং সংগ্রহ করিয়া কিছু কাল পরে হিন্দু শারিটেবল ইন্ষ্টিটিউশন নামে স্থল সংস্থাপন করিয়াছিলেন।

ঐ স্থলের কর্তৃপক্ষীয়েরা, ভূদেব বাবু তাঁহার অভীষ্ট প্রণালীতেই স্থল চালাইতে পারিবেন এই কথা স্বীকার করিয়া, তাঁহাকে মাদিক ৬০ টাকা বেতনে প্রধান শিক্ষক নিযুক্ত করিলেন।

হিন্দু চ্যারিটেবল ইনষ্টিটিউশনের কর্তৃত্বভার ৺ দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের এবং ৺কেশবচন্দ্র সেনের জ্যেষ্ঠতাত ৺হরিমোহন সেনের উপর অর্পিত ছিল। হরিমোহন বাবু ইহার অল্প দিন পরেই জ্বপুরে দেওয়ান হইয়া চলিয়া গেলে ৺ দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের উপরেই স্কুলের সমগ্র

১৮৪৫ সালের ২ রা জুন। এই কলেজের প্রতিষ্ঠার ছুই রৎসর পূর্ব্বে হীরালাল শীল বধন হিন্দু কলেজে নিম শ্রেণীতে অধ্যয়ন করেন তথন তাঁহার শিক্ষক কোনকপ অনদাচরণ জ্বস্তু কয়েক দিন ধরিয়া প্রতাহ তাঁহাকে বেঞ্চের উপর দাঁড় করাইয়া দেন, এবং এক দিন বেত্রাঘাতও করেন। তাহাতে হীরালালের একটি কঠিন রোগের প্রচনা হইরাছিল। মতিলাল শীল পুত্রের প্রতি এইরূপ তাড়নায় বিরক্ত হইরা প্রধানতঃ বাড়ীর ছেলেদের পড়ার জ্বস্তু নিজের দোল বাড়ীতে একটী বিদ্যালয় প্রতিষ্ঠাকরেন (১৮৪০ মার্চ্চ)। সেট ক্রেভিয়র কলেজ দাঁলিই জ্বেস্ইট্রগণ কিছুদিন উহার ভ্রাবধান করিয়াছিলেন। এই বিদ্যালয়ই ফ্রী কলেজে পরিণত হয়।

ানহাটার একটা বাড়ীতে আর একটা সভার অধিবেশন হয়। পরমাপ্রসাদ রার, হার্নোইন সেন, নবীনচক্র সিংহ, সাতু সিংহ, দেবেক্রনাথ ঠাকুর, রাধানাথ দত্ত, কুঞ্নোহন মলিক, সাতু বাবু, লাটু বাবু, সার রাজা রাধাকান্ত দেব প্রভৃতি এই সভার উলোগী ছিলেন। ৺ রাজনারায়ণ বহু মহাশর বলিগাছিলেন বে ঐ সভার ৺দেবেক্রনাথ ঠাকুর মহাশরের আসিতে বিলম্ব হওরার ৺ সার রাজা রাধাকান্ত দেব উাহাকে বলেন, "আপনার জন্ত আমরা অপেক্রা করিতেছিলাম; আমরা ভাবিতে ছিলাম বে, দেবেক্র ভিন্ন অহরের সক্ষে যুদ্ধ কে করিবে?" ভার অর্পিত হয়। হিন্দু চ্যারিটেবল ইনষ্টিটেখন হিন্দুয়ানী রক্ষার জন্মই সংস্থাপিত হইয়াছিল এবং উহার অধিকাংশ সভাই সাধারণ হিন্দু ছিলেন বটে, কিন্ধু সম্পাদক মহাশয় তথন ব্রাহ্মপদ্ধতির পোষক হইয়াছিলেন তথন ব্রাহ্ম হইলেই "ওঁ" অক্ষাহিত অঙ্গুরী পরিতে হইত। হিন্দুসমাধ্যের মধ্যে নৃতন নৃতন এবং কুদ্র কুদ্র সাম্প্রাহ্মিক গণ্ডীর চিহ্ন স্থাপনে ভূদেব বাবুর অনুমাত্র সহামুভূতি ছিল না।

ভূদেব বাবুর সহপাঠী (আদি ব্রাহ্ম সমাজের ভূতপূর্ব সম্পাদক)
৺রাজনারায়ণ বস্থ মহাশয় ঐ সময়ে মধ্যে মধ্যে ঐ স্থল পরিদর্শন করিতে
আদিতেন; তাঁহাকে উক্ত স্থলের ইনস্পেক্টার নিযুক্ত করা হইয়াছিল।
ইণ্ডিয়ান ইন্টেলিজান্সার নামক সংবাদপত্তের সম্পাদক ও স্বত্তাধিকারী
৺কাশীপ্রসাদ ঘোষ ও রমানাথ ঠাকুরের পুত্র ৺নুপেক্সনাথ ঠাকুর উক্ত
স্থলের পরিদর্শক (ভিজিটর) ও পরীক্ষক নিযুক্ত ছিলেন।

অনেকে বলাবলি করিতে লাগিলেন যে, হিন্দুধর্মের বিশেষ পক্ষপাতী হেডমাষ্টারকে ক্ষ্ম করিবার জন্মই রাজনারায়ণ বাব্কে ইনস্পেক্টর নিযুক্ত করা হইয়াছে। কিন্তু সহপাঠী রাজনারায়ণ বাব্র সহিত ভূদেব বাব্র বরাবরই বিশেষ বন্ধুত্ব ছিল। তিনি স্থলের ইনস্পেক্টর নিযুক্ত হইলে ভূদেব বাব্ কিছু মাত্র ক্ষাইন নাই। কিন্তু-ইহার পরে ৬ দেবেন্দ্রনাথ ঠাকুর মহোলয়ের পুল্রগণের পারিবারিক শিক্ষক ৬ঈশরচন্দ্র নন্দী স্থলে বেড়াইতে আসিতে, আরম্ভ করিলেন এবং তিনিও ইনস্পেক্টরের পদে নিযুক্ত হইবেন এরপ শুনা যাইতে লাগিল। ভূদেব বাব্ এবং শাল্প দিন পরেই তৃতীয় ও চতুর্থ শিক্ষক—কৈকালার ৬ বৃন্দাবন বন্ধ ওচু চুড়ার ৮ তিনকড়ি মুধোপাধাায়—* কর্ম্ম পরিত্যাগ করিলেন।

 ^{* (}১) ৺ বৃন্দাবন বাবু পরে আলেকজাণ্ডার ডক কোম্পানীর অংশীদার হইরা বিশেব
 শ্বশালী হইরাছিলেন এবং কলিকাণ্ডা ২০নং কর্পন্তরালিদ দ্রীটে বাড়ী থরিদ করেন।

ধর্মাত লইয়া, শিক্ষকদিগের সহিত স্ক্লের কর্তৃপক্ষীয়দিগের কথন কোন প্রকার কথান্তর হয় নাই। তবে এক-মতাবলম্বীদিগের প্রতি অহ্বরাগ ও প্রিরাস অঞ্চাতসারেই একটু অধিক হইয়া পড়া মহুষ্যের পক্ষে স্বাভাবিক। মেইরপ, সামান্ত কিছু হইয়া থাকিবে। লোকের জল্পনায় অল্পবয়য় শিক্ষকদিগের মনে তাহা হইতেই জ্বভিমানের উদ্রেক হইয়াছিল; অপর পক্ষ সম্ভবতঃ উহা বৃঝিতে পারেন নাই।

ি হিন্দু চ্যারিটেবল ইনষ্টিটিউশন ফণ্ডের সমস্ত টাকা ৺আগুতোষ দেবের হাত দিয়া ইউনিয়ন ব্যাঙ্কে মৃস্ত ছিল। উক্ত ব্যাঙ্ক দেউলিয়া হইলে ফণ্ডের টাকা সমস্তই নষ্ট হয় এবং স্থলও অন্তিকাল মধ্যে উঠিয়া যায়।

ইংরাজী শিক্ষার সহিত কতকটা স্বধর্মশিক্ষা দানের প্রতি ভূদেব বাব্র যে অন্থরাগ জন্মিয়াছিল, তাহার বশবর্তী হইয়া তিনি আর চাকরীর চেষ্টা করিলেন না'। ৺তর্কভূষণ মহাশয়ের ক্যায় অধ্যাপনা-কার্য্যে নিরত তেজস্বী ব্রাহ্মণ পণ্ডিতের পুত্রের কতকটা টোলের অন্থকরণে নিজের বিদ্যালয়ে স্বাধীন ভাবে শিক্ষাদান করিতে সহজেই প্রবৃত্তি আসিল।

শিক্ষকতা কার্য্যের উপযোগী কয়েকজন যুবকও তাঁহার কথায় সহকারী স্বরূপে জাঁহার সহিত মিলিত হইলেন। ফরাসী চন্দননগরের অন্তঃপাতী গোঁদলপাড়া ,নিবাসী তাহার ভগিনীপতি পরামনারায়ণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের পিতা পঅভয়াচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের উক্ত

ভূদেৰ কাবুর সহিত তাঁহার বাৰজীবন প্রগাঢ় বন্ধুছ ছিল। সেই জন্ম বৃন্দাবন বাবু আপন দৃষ্টলে ভূদেৰ বাবুর বিতীর পূক্র ৮ গোবিন্দ দেব মুখোপাধাার মহাশারকে তাঁহার সম্পত্তির একজন একজিকিউটর নিযুক্ত করিয়া বান। (২) তিনকড়ি বাবু পরে সরকারী পৃতিবিভাগে ভাল চাকরী পাইরাছিলেন। এই কুলে চাকরী করিবার সময়ে ওরিরেন্টাল অজ্ঞারভার নামে একথানি মাসিক ইংরাজী পত্রিকা তিনি বাহিরু করিতেন। ভূদেব বাবু উক্ত পত্রের সম্পাদক হইরাছিলেন। বৃন্দাবন বাবুও উহাতে চলিরাছিল।

প্রামে সম্ভ্রম ছিল। ভূদেব বাব্ প্রথমতঃ তথাকার প্রধানবর্গের সাহাযে।

"চন্দ্রনগর সেমিনরি" নাম দিয়া একটি স্থল খুলিলেন।

ভূদেব বাব্ স্বয়ং, চাঁদড়া (প্রীপুর) নিবাদী ৺চণ্ডীচরণ মন্ত্মদান, ৺রামনারায়ণ বন্দ্যোপাধ্যায়, ৺ভামাচরণ মুখোপাধ্যায়, ও ৺হরকালী মুখোপাধ্যায় উহার শিক্ষক নিযুক্ত হইখেন।

শিক্ষকদিগের মধ্যে বাবু চণ্ডীচরণ মজুমদার সন্দ্রল অবস্থাপন্ন গৃহ-স্থের সস্তান ছিলেন; ভূদেব বাবুর সঙ্গ লাভের জন্মই তিনি এই অবৈ-জনিক শিক্ষকতা কার্যো প্রায়ন্ত হন। ভূদেব বাবুর সহিত তাঁহার আলাপের সন্ধন্ধে তিনি লিখিয়াছিলেন:—

">৮ বৎসর বয়দে আমি স্কৃল পরিত্যাগ করিয়া ঘরে বিবিধ ইংরাজী পুস্তক পাঠ করিয়া আত্মোৎকর্ষ সাধন চেষ্টায় নিরত থাকি। ঐ সময়ে একদিন আমার প্রতিবাদী ও প্রিয় বন্ধু ৮ স্বরূপদাস বন্দ্যোপাধ্যায়ের ক

^{*} ইনি পরে লবণ বিভাগে কর্ম করিয়া তৎপরে কুলের সব ইনম্পেক্টরী করেন। শেষে বেঙ্গল সেকেটারিয়েটের জনৈক আসিষ্টান্ট নিযুক্ত হন। উভয়ের মধ্যে বে সকল চিটি পত্রাদি লেখা হইও চণ্ডী বাবু সেগুলি অভি বড়ে রক্ষা করিয়াছিলেন; তত দিনের (১৮৪৮) পুরাতন চিটি পত্র আর কাহারও নিকট হইতে পাওয়া যায় নাই ' ভূদেব বাবুর প্রতি ই'হার এরপ সভজ্জিক ভালবাসা ছিল বে মধ্যে মধ্যে চুন্টুড়ার বাটাতে আসিয়া একত্রে ধাকিতেন এবং শেবে শ্রীপুরে "ভূদেব চতুম্পাসি" নামে একটি টোল প্রতিষ্ঠা করিয়াছিলেন।

^{† ৺}বরপ বাবু কলিকাতা ঠন্ঠনির। পানীর স্বীতারাম ঘোষ ব্রীটের এক-জন ধনাচ্য বাজি ছিলেন। ভূদেব বাবুর সহিত হিন্দু কলেজের পঞ্চম শ্রেণী পর্যান্ত অধ্যয়ন করিরা বিদ্যালর ত্যাগ করেন; কিন্ত পরে নিজের পরিশ্রমে ইংরাজী ভাষার তাহার বিশেব ব্যুৎপত্তি জন্মিরাছিল। মিঃ জেকিল নামক জনৈক সিভিলিয়ানের সহিত বরূপ বাবুর আলাপ ছিল। বিলাতে স্বরূপ বাবুর পত্র পাইরা পাঠান্তে সাহেব ভাহার স্থাশিক্ষিতা কজাকে দিয়াছিলেন। তিনি উহা পাঠ করিরাই বিচলিত ভাবে বলিরা উঠেন, "বাঙ্গালীরা এত সক্ষম এবং এত ভাল ইংরাজী লিখিতে শিধিরাছে;

বাটীতে ভ্নেবের সহিত আমার প্রথম সাক্ষাৎ হয়। তৎপূর্বে স্বরূপের মুবে তাঁহার গুলাহবাদ প্রবণ করিয়া তাঁহাকে দেখিবার ও তাঁহার সহিত গোলাপ করিবার জন্য আমার অভিলাষ জন্যে। তাঁহাকে দেখিবামাত্র আমার মনোমধ্যে যে অপূর্বে ভাবের সঞ্চার ইইল, আলাপ পরিচয়ে তাহার রিছিই হইতে লাগিল। স্বরূদের সহিত তাঁহার বাটীতে যাতায়াত করিতে আরম্ভ করিলাম; ক্রমশং পরস্পারের মধ্যে প্রণয় এত গাঢ় হইল যে, প্রতিদিন প্রাতে বা সায়াহে, হয় তাঁহার বাটীতে, না হয় স্বরূপের বাটীতে ভ্নজনে একত্র হইতাম এবং ইংরাজা গ্রন্থ পাঠে ও নানাবিধ সদালোচনায় প্রায় জিন চারি ঘণ্টা অভিবাহিত করিয়া স্ব স্ব গৃহে প্রত্যাগমন করিতাম। প্রমারদনের প্রবন্ধাবলীর কথা তংকালে অনেকে জ্ঞাত ছিলেন না; স্বরূপ প্রামণোপাল ঘোষ মহাশয়ের পুস্তকালয় হইতে উহা আনয়ন করেন। প্রস্তুক অধ্যয়নে আমরা অনির্বাচনীয় আননদ অমুভব করিতাম। আমি যে উহার সকল অংশই সমানভাবে বুঝিভাম এমন নহে; তবে যতটুকু ব্ঝিতাম তাহাতেই আমার বিশেষ তৃপ্তিলাভ হইত। আমাদের অস্তঃকরণ তথন নবোৎপাহে উথলিয়া উঠিয়াছিল।

"এইরপে প্রায় একবংসরকাল গত হইলে, ১৮৪৭ অব্দে ভূদেব কলিকাতা ছাড়িয়া চন্দননগরে আসিয়া এক^ট ইংরাজী বিদ্যালয় স্থাপন করেন। ঐ স্ক্লেয়ে কয়জন শিক্ষক ছিলেন, বিদ্যালয়ের আয়ে তাঁহাদের নিজের নিজের আহারাদি কোনরূপে নির্বাহিত হইতু মাত্র। স্কুলের জন্ম ঐরপ ভার একজন অবৈতনিক শিক্ষকের প্রয়োজন হওয়ায় স্বরূপের

ক্ষর্যায় আঁমাদিগের ভারতাধিকার আর কত দিন স্থায়ী হইতে পারিবে।" দেশে বাসালা ভাষার চর্চার্দ্ধি হইলে স্বরূপ বাবু যকু করিয়া বাঙ্গালাভেও স্থানিক্ষিত হইয়া-ছিলেন। পাড়ার কোন ছেলে লেখা পড়ায় ভাল হইলে যাহাতে সে ক্রমে উন্নতিলাভ করে তৎপক্ষে যকুণীল হইভেন। ৮রামগোপাল ঘোষের সহিত ই'হার ঘনিঠতা ছিল।

কোন স্বন্ধনকে আনিবার জন্ম ভূদেব স্বরূপের নিকট আপন ভগিনীপতি পরামনারায়ণ বন্দ্যোপাধ্যায়কে * পাঠান। রামনারায়ণ, স্থাম প ও হরকালী
 চন্দননগর বিজ্ঞানয়ের অবৈতনিক শিক্ষক-দলভূক্ত ছিলেন
 রামনারায়ণ বাঁহাকে লইতে আসিয়াছিলেন তিনি চন্দননগর যাইতে
 অস্বীকার করায়, রাম হতাশ হইয়া ফিরিয়ায়য়ৢইতেছেন এমন সময়ে আমি
 ঐ সন্থাদ অবগত হইলাম। এই স্বযোগে পুনরায় ভূদেবের সন্ধ পাইবার
 জন্ম আমার প্রবল ইচ্ছার উদ্রেক হইল। সংবাদদাতাকে বলিলাম, আমি
 যাইব।' তিনি কহিলেন 'তবে আর বিলম্ব করিও না, রামকে ধর সে
 এখনও ষদ্ধীতলা পার হয় নাই।' বাটার বাহির হইয়া ক্রতবেগে গিয়া
 রামকে ধরিলাম এবং তাঁহার নিকট আমার মনোভিলাষ ব্যক্ত করিলাম।

^{* &}quot;ইনি বালাকালে কিছু বাঙ্গালা ও ফরাসী শিক্ষা করিয়াছিলেন; ইংরাজী লেখা পড়া মনোযোগ পূর্বক করেন নাই। ভূনেবের যতে ভাল করিয়া ইংরাজী শিক্ষা করেন। ভূদেব তাঁহাকে মুখে মুখে গল্লছিলে ইতিহাস শিক্ষা দেন। তিনি অবশেষে হাবড়া গবর্ণমেন্ট স্কুলের জনৈক শিক্ষক হইয়া কিছুদিন ঐ পদে ফুচাকুরূপে কার্যা নির্বাহ করিয়াছিলেন।"

^{† &}quot;খাম প্ৰবাঞ্চলবাসী; প্ৰথমে গোঁড়া হিন্দু ছিলেন; কিন্তু পরে পৃষ্টান হইরা বিলাত গমন করেন। বিলাত গমন কালেই হউক বা তথা হইতে প্ৰত্যাগমন কালেই হউক, তিনি যে জাহাজে আরোহী ছিলেন, উহা সমুদ্রে মগ্ন হওয়ায় তিনি ও অপর আর ছইজন এক জালিবোট অবলম্বনে তিন দিবদ অহোরার দাঁড় টানিয়া ও দাম্ক প্রভৃতি খাইয়া প্রাণ রক্ষা করেন। কোন সময়ে কর্ণেল গুড়ইন সাহেব কলিক।তার মেডিকেল কলেজ থিরেটারে বক্তৃতা উপলক্ষো খামের ধৈগ্য, সহিষ্কৃতা ও অধ্যবসার্মের প্রশংসা করিয়া উক্ত ঘটনার উল্লেখ করেন।"

^{‡ &}quot;চহরকালী মুখোপাধার মহাশর চন্দ্রনগর সেমিনরি উঠিরা বাইবার পর অক্তর কিছুদিন শিক্ষকতা করেন। পরে কুলের ডেপুটী ইন্স্পেটর হন এবং অবনেশে ডেপুটী মাজিটেটের পদ প্রাপ্ত হইয়াছিলেন।"

রাম আমাকে পূর্ক ইইতে জানিতেন; আমার প্রস্তাবে তুষ্ট হইয়া কহিলেন, 'তোমার নিকটে লোক পাঠাইব, তাহার সঙ্গে চন্দননগরে যাইবে।' নোনি 'বেশ' বলিয়া বাড়ী প্রত্যাগমন করিলাম।

"কোন সাংসারিক ঘটনা বশতঃ ঠিক ঐ সময়ে বাড়ী ছাড়িয়া স্থানান্তর ধাইবার জন্ম আমার বাসনাও হইয়াছিল। দেড় বংসর বয়সে আমার শিতৃবিয়োগ হয়। আমি মাতার একমাত্র পুত্র ছিলাম; তিনিও নিঃম্ব টিলিম না। চন্দননগর যাইবার প্রস্তাব তাঁহার নিকট করায়, তিনি আহার অন্থমোদন করিলেন, না। যাহা হউক, তুই এক দিনের মধ্যে তাঁহার স্প্রসামতিতেই আমি চলিয়া গেলাম।

"শীতকাল, রবিবার বেলা তৃতীয় প্রহরের সময় চলননগরছিত তৃবৈলাসের রাজভ্বনের সিন্নিকটন্থ বাধাঘাটে আসিয়া আমার নৌকা লাগিল। পূর্ব্বে আমি কপন চলননগর দেখি নাই। তৃগন্ধময়, অপরিষ্কার, অনবরত কোলাহলপূর্ণ কলিকাতায় থাকা অভ্যাপ; স্বতরাং নিস্তর্ধপ্রায় পরিষ্কার পরিষ্কার পরিষ্কার পরিষ্কার নগরটা দেখিয়া বড়ই প্রীতিলাভ করিলাম। ঘাটে নামিয়া পাঁচ সাত মিনিটের মধ্যে স্কুল-গৃহে উপস্থিত হইলাম। ভূদেব তাঁহার সহকারীগণের সহিত ঐ গৃহের একটা প্রকোষ্ঠে বাস করিতেন। আমায় দেখিয়া আহলাদিত হইলেন। তিনি তথন রামের পিতার অম্বরোধে দায়ভাগের বান্ধালা অহ্বাদ করিতেছিলেন। তাঁহার গাত্রে একথানি সামায়্য বনাত ছিল; পরিধেয় বজ্বেরও পারিপাট্য ছিল না। সহসা গাত্রোখান করিয়া আমার নিকটে আসিলেন এবং অন্ধনস্থিত ক্রিট ঝুল গাছের নিকট আমাকে লইয়া গিয়া কুল পাড়িয়া আমোদ করিতে লাগিলেন। আমিও তাঁহার ঐ আমোদে যোগ দিলাম। তাহাতে তিনি যে আমায় লইয়া চলিতে পারিবেন, এরপ কতকটা প্রতীতি তাঁহার ক্রিল। বহুদিন পরে একথা তিনি আমাকে আপনমুথে ব্যক্ত করেন।

এস্থানে জিজ্ঞাসা হইতে পারে যে, পূর্ব্বে যদি তাঁহার সৃহিত আমার গাঁচ প্রণয় জনিয়াছিল তবে কার্য্যক্ষেত্রে আমার সম্বন্ধে তাঁহার সন্দিহনি হইবার কারণ কি? ইহার উত্তর এই যে, দিবারাত্র একত্র বাদ করিয়া,কট্ট শ্বীকার পূর্বক এক মনে কোন কার্য্যবিশেষ সাধন করা, আর মঞ্চে মধ্যে পরক্ষার দেখা শুনা অথবা একত্র বসিল্লা পুত্তক পাঠ কিয়া সদালাপ দ্বারা ত্ই চারি ঘণ্টা অতিপাত করা, এতছ্ভয়ের মধ্যে বিশুর প্রভেদ। বিশেষতঃ, তিনি জানিতেন, আমি অপেক্ষাক্ত অবস্থাপন্ন ছিলান; ক্ষন গ্রাসাচ্ছাদন ক্লেশের ধার ধারিতাম না, মাত্ত্রোড়ে লালিত হইয়া দর্বদা নিশ্চিন্ত মনে স্থ্যে সচ্ছন্দে কাল্যাপন করিতাম; স্থতরাং চন্দননগর বিদ্যালয়ের বিপরীত ভাব আমার পক্ষে কতটা প্রীতিকর হইবে, ইহা সহজেই তাঁহার সন্দেহের বিষয় হইয়াছিল।

"চন্দননগর স্থলটার দিন দিন উন্নতি হইতে লাগিল। অল্প দিনের মধ্যেই ছাত্রসংখ্যা প্রায় ১০০ এবং মাসিক আয় ন্যনাধিক ৮০ টাকা হইল। ঐ আয় দ্বারা বাড়ী ভাড়া, মালীর ও বিল-সরকারের মাহিয়ানা ও শিক্ষকদিগের আহারাদির ব্যয় নির্বাহিত হইত। প্রথম শ্রেণীতে রিচার্ডসনের সিলেক্সন প্রভৃতি পুরুক পড়ান হইত। ভূদেব বাব্ স্বয়ং ঐ শ্রেণীতে শিক্ষাদান করিতেন। ৺দ্বারকানাথ চক্রবর্তী এই শ্রেণীর প্রধান ছাত্র ছিলেন। * স্থলের তত্ত্বাবধান জন্ম একটা সমিতি ছিল এবং তেলিনী-পাড়ার ৺ অন্ধ্রাপ্রসাদ বন্দোপাধ্যায়, গোন্দলপাড়ার

^{* &}quot;ইনি পরে একজন হুবিদ্বান মধ্যে গণ্য হন এবং বীরভূমে ওকালতী কাইরা বছ আর্থ উপার্জ্জন করেন এবং প্রার ০০ হাজার টাকা আয়ের সম্পত্তি পরিদ করিরা উদ্যমনীর্টা জমিদারের অনেকগুলি কর্ত্তব্য পালন করিয়াছিলেন। ইনি দেশের ধন বৃদ্ধির জক্ত এরা-রাটের চাব করেন, এবং পতিত জমিতে সেগুন এবং কাঁঠাল গাছের বিস্তীর্ণ আবাদ করেন; শেবে হাইকোর্টে আইসেন এবং বিটিশ ইণ্ডিয়ান সভার সহকারী সম্পাদক নিযুক্ত হরেন

ত গোপালচক্র মুখোপাখ্যায়, খলসিনীর ত বারকানাথ বস্থ প্রভৃতি কয়েকজন সম্ভ্রান্ত ব্যক্তি এ সভার সদস্য ছিলেন; কিন্তু স্থলটার সম্বন্ধ উইাদের বিশেষ যত্ন ছিল না। সে জন্ম কখন কখন আমাদের নিকট ইইাদিগকে । মানুক্তি হুইত। *

"দকলে একাগ্রমনে কার্য্য করিতে থাকায় অতি শীঘ্রই স্থলের বিশেষ উন্নতি হইয়াছিল। ঝামরা দকলেই প্রদন্ধনে নিজ নিজ সাধ্যমত স্থলের ক্রেন্স্যান্ত স্থানে করিতাম। ভাগীরথীর ছই পার্যে স্থানে স্থানে ইংরাজি বিদ্যালয় স্থাপন করায় ভূদেবের লক্ষ্য ছিল; আমরা দকলেই পবিত্র ননে দম্মুথে সেই এক মাত্র লক্ষ্য স্থির রাথিয়া ছিলাম। চন্দননগরে অবস্থান কালে আমাদের দকলেই প্রতিদিন প্রাত্তে উঠিয়া পালাক্রমে উচ্চৈঃস্বরে ইউরোপীয় কবিগণের উৎকৃষ্ট কাব্যগ্রম্থের আর্ত্তি করিতাম। স্থল-গৃহের পার্থেই কয়েকজন ডন্দ্র ফরাসী বাদ করিতেন। তাঁহারা আমাদিগের আর্ত্তি প্রবিণ বিশেষ সম্ভষ্ট হইয়া আমাদিগের সহিত আলাপ করিয়াছিলেন।"

সকলে একত্রে গঙ্গামানে গিয়া সাঁতার দেওয়া ইহাঁদিগের নিত্য

^{* &}quot;একদা ভূদেব রাম ও আমি বেলা অনুমান তৃতার প্রহরের সময় গোললপাড়ায় গোপাল বাবুর বৈঠকথালায় উপস্থিত হইরা দেখি যে বাবু তথন নিদ্রা বাইতেছেন; নিকটে করেকজন ভূতা ও পারিবদ বদিরা আছেন। বাবুর বাহাতে সভরে নিদ্রা ভঙ্গ হয় এই অভিপ্রারে আমরা একটু উচ্চরবে কথোপকথন করিতে লাগিলাম; পারিবদ্দণ নিবারণ করিল; কিন্তু তাহা না শুনিরা বরং স্বরটা এক প্রাম আরও চড়াইরা দিলাম। 'দিবা নিদ্রা বড়ই নিল্লনীয় এবং আমাদিগের দেশীয় বড় লোকেরা আহার ও নিদ্রা এই প্রহটীই ভাল বুঝেন', এইরূপ কথাবার্ত্তা চলিতেছিল এমন সময়ে গোপাল বাবু শ্বা হিত্তা ব্রোধান পূর্বক শশবান্ত হইরা আমাদিগের সম্ভাবণ করিলেন। পারিবদেরা দেখিয়া বিশ্বরাপার হইল। আমরা আমাদিগের কার্যোদ্ধার করিয়া স্কুলে প্রত্যাপমন করিলাম। স্কুল সমিতির সদশুদিগের সকলের সহিত, বিশেষতঃ এই গোপাল বাবুর দহিত, ভূদেবের বাবজ্ঞীবন সোহার্দ্ধ ঘট্যাছিল

কর্মের মধ্যে ছিল। কাহারও নির্দিষ্ট পরিধেয় বস্ত্র ছিল না। আল্নাতে কয়েকথানি কাচা কাপড় ও চাদর ঝুলিত ; যিনি যাহা পাইতেন তাহাই পরিধান করিতেন।

ইইাদিগের জলথাবার বর্রাদ্দ ছিল না; সকালে বৈকালে উদ্র ভর্তৃত্য:
সামান্ত একটা তরকারী মাত্র উপলক্ষ্য কল্পি। কথন কথন বা শুদ্ধ লবণ
মাত্র দিয়া সকলে ভাত থাইতেন। মধ্যে মধ্যে পাষ্টক ব্রাহ্মণের অমুপস্থিতি হইলে ভূদেব বাবু নিজে পাক করিতেন।

ভূদেব বাবু এবং যে কল্পেকজন এই স্কুলে একত্রে থাকিতেন সকলেরই কোন না কোন একটা পীড়া ছিল; চন্দননগরের তথনকার জল বায়্ব এবং পরিমিত আহার ব্যবহারের গুণে সকলেই জল্প দির্নের ভিত্তর নীরোগ হইতে পারিয়াছিলেন।

সায়াহে প্রায় প্রত্যহই সকলে চন্দননগর ট্রাণ্ডে এক আধ ঘণ্ট।
বেড়াইতেন। রাত্রে বড় একটা পড়া শুনা করিতেন না; ঘণ্টা ছই
পল্প পরিহাদ ও গান * করিয়া নিজা যাইতেন। ভূদেব বাব্ প্রায়ই
রাত্রি নয়টার সময় নিজা যাইতেন এবং তিনটার সময় উঠিতেন।

^{*} চণ্ডী বাবু লিখিয়াছেন,—"তাহার হন্তের অন্ন বাঞ্জন বড়ই শমিষ্ট লাগিত। বাটনা ব্যান্তরেকে গুদ্ধ কল লকা ও লবণ দিয়া তিনি যে তরকারী প্রস্তুত করিতেন তাহার ক্ষাদ আমি এখনও ভূলিতে পারি নাই। এক তরকারী ও ভাত খাইয়া সকলে পরিভৃত্তি, লাভ করিতাম। কিন্তু একটু মাধা চোখা বাতিরেকে ভাত গেলা কটিন ইইড, সেই জ্বস্তু মধ্যে পাচক ব্রাহ্মণকে উচ্চৈঃস্বরে বলিতাম "ব্রজ! জল দিলেই ত ঝোল হয়; তবে এ ঝোল কেনই বা না হয় ৽ আমার এই উক্তি ভূদেবের শ্রবজ্ঞীবন ক্ষরণ ছিল। আমার সহিত বধনই দেখা হইত প্রায় তথনই সহাস্ত খদনে 'ক্রান্ত্রী

^{*} ভূদেব বাবুর গলা ভাল ছিল না, কিন্ত গান গুনিতে বড়ই ভাল বাসিতেন। তিনি-এক সময়ে বলিয়াছিলেন বে, মালালা কলেজের শিক্ষক থাকার সময় এক দিন জনৈক

চন্দ্ননগরে স্থাবস্থান কালে ভূদেব বাবু চণ্ডী বাবুকে সঙ্গে লইয়া
মধ্যে মধ্যে কলিকাতায় যাতায়াত করিতেন। তৎকালে নৌকা ভিন্ন
কলিকাতা গমনাগমন করিবার অন্ত কোন উপায় ছিল না। সাধারণতঃ
ইঠার পান্দী অথবা গহনার নৌকাতেই যাতায়াত চলিত। কলিকাতা
হইতে চন্দননগর আসিবার সময় বাগবাজারের ঘাটে নৌকায় আরোহণ
করিতে হইত। কথন কখন ভদ্দেশর পয়্যস্ত আসিয়া মাঝি বলিত এখন
ভাটী ইইয়াছে, আর নৌকা যাইবে না' স্থতরাং তথায় নৌকা হইতে
মামিয়া উভয়ে পদবজে চন্দননগরে আসিতেন। কখন কখন গোঁদলপাড়ায়
ভাগনীর বাটীতে দিবার জন্ম ভূদেব বাবু হরিতকীবাগান হইতে মিষ্টায়ের
হাড়ি বাগবাজার ঘাট পয়্যস্ত স্বয়ং বহন করিয়া আনিতেন।

চন্দননগর স্কুলে বড়ই আনন্দে প্রীতিপূর্ণ সহযোগীদিগের সহিত সময় কাটিত। প

বান্ধালা সংবাদ পত্রের বহুল প্রচারে এদেশীয় সাধারণে সমাজের প্রক্ত অভাব সম্বন্ধে একটু চিন্তাপরায়ণ হইতে শিবিতেছেন; কিন্তু সে সময়ে অনেক সভায় একান্ত অদ্রদর্শী বালকের ন্যায় মত প্রকাশ হইত:— ১৮৪৮ অব্দের ফরাসী বিপ্লবের পরই ফ্রান্স হইতে ফরাসী চন্দননগরের

স্থায়ক মুনলমানের মুখে তিনি একটা "নরসিয়া" গান শুনিয়াছিলেন। আরবী গীওটার
অর্থ উপলব্ধি করিতে না পারিলেও ঐ গানে তাঁহার চকু দিয়া জল বাহির 'ইইয়াছিল।
তিনি কুলিয়াছিলেন যে ওরূপ গান আর কোথাও কথন শুনিবার স্থাোগ ঘটে নাই।

^{ি 6} তী বাবু লিখিয়াছিলেন :—"গ্রীম্মকালে একদিন জ্যোৎসা রাত্রে, ভূদেব, আমি ও রাম তিনজনে গোন্দলপাড়ার রানমণির বাঁধা ঘাটে একথানি খালি মহাজনী নৌকার উপর উটিয়া অনেকক্ষণ গল্প করিয়াছিলাম। অক্সাৎ নির্ম্মল খেত মেঘমালা দর্শন করিয়া ভূদেব জর্মাণ কবি 'গেটে'র নিম্মলিখিত কয়েক পংক্তির আইতি করিয়াছিলেন।—

গবর্ণরের নিকট এই মর্ম্মে এক পত্র আইনে যে করাসী চন্দননগরের ভারতীয় অধিবাসিগণও ভাতৃভাবের এবং সাম্যের এবং খাধীনতার (ফ্রেটার্নিটি, ইকোয়ালিটি ও লিবার্টি) সম্পূর্ণ অধিকারী; তাঁহারা যাহা কিছু চাহিয়া পাঠাইবেন তাহা দেওয়া হইবে। চন্দননগরের অধিবাসীগন্দভায় সম্মিলিত হইলে ভূদেব বাবু প্রস্তাব শ্বরিলেন,—"চন্দননগরে একটী স্কুল স্থাপনে সাহায্য করা হউক; তাহাতে বান্ধালা সংস্কৃত, ইংরাজী ও

"These clouds are living things. I trace their veins of liquid gold, I see them solemnly unfold Their soft and fleecy wings: These be the angels that convey Us-weary children of a day, Life's tedious nothing o'er To where no passion comes nor woes To vex the genius of repose, On Death's majestic shore. "দেখ এই মেঘমাল। সজীব কেমন। গলিত স্বর্ণ (িরা শরীরে শোভন॥ কেমন গভীর ভাবে করিছে বিস্তার। গুত্রবর্ণ ফুকোমল পক্ষ মনোহর॥ এরাই কি দেবদত প্রেরিত ভতলে, লোকান্তরে আমাদের ল'য়ে বাবে ব'লে গ ষথা নাই দ্র:খভার ষথা নাই আর। রিপুর প্রবল বেগ মনের বিকার। ক্লাপ্ত নর ক্লান্তি দুর করে যথা গিয়া। ভবের অনিতা খেলা ছদিন খেলিয়া।"

করাসী পড়ান হইবে; ফরাসী চন্দননগরের অনেককে ইংরাজ এলাকায় চাকরী ও ব্যবসায় করিতে হয়, ওরপ স্থলের স্থানিকায় ব্যবহারিক কায়্যে স্থাবিধা হইবে।" অপর একজন তাহাতে আপত্তি তুলিয়া বলিলেন "প্রস্তাবকারী নিজে সেরপ স্থলে চাকরী পাহবার জ্বস্থই ঐ প্রস্তাব করিয়াছেন।" এই কথা বলিবামাত্র ভূদেব বাব্র প্রস্তাব অগ্রাহ্থ হইয়া গেল। আর একজন বলিলেন, "বাজেয়াপ্তি বন্ধো তরগুলি ছাড়িয়া দিতে বলা হউক।" ক্মেপরে বলিলেন "তাহাতে বান্ধাদিগের মাত্র লাভ, অপরের কি?" শেষে অধিকাংশের সম্মতিক্রমে স্থির হইল যে প্রাদ্ধে দাগ দিয়া যে সকল বিশ্বে যাড় সহরে ছাড়িয়া দেওয়া হয়, (যাহাদের কোন পলীগ্রামে গোকর পালের সহিত রাধার সঙ্গত বাবন্থা করিতে কাহারও মনে পড়েনা, সেগুলি যেন বাজারে অবাধে বিচরণ করিতে পায়।

কিছু দিন পরে ভূদেব বাবু হুগলী জেলার সন্তর্গত শ্রীপুর গ্রামে যাইয়া তত্রতা জনিদার পনবীনচন্দ্র মুস্টোলী মহাশ্যের সহিত আলাপ করেন। প্রধানতঃ তাঁহার ও বলাগড় গ্রামের পভগবানচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সাহায্যে শ্রীপুরে একটী স্থল স্থাপিত হইলে চণ্ডী বাবু এবং পরামতনয় বন্দ্যো-পাধ্যায় * তথায়ু কাষ্য করিতে থাকেন। ভূদেব বাবু মধ্যে মধ্যে উক্ত

^{*} গলসিনীর রামতনয় ,বন্দ্যোপাধ্যায় "তন্ধী মাষ্টার" নানে প্রসিদ্ধ ছিলেন।
ভূদেব বাবুর প্রিয় ছাত্র ও মন্ত্র শিষা করাসী চন্দননগর নিবাসী পইক্রক্মার চটেপাধ্যায়
মহাশয় এই তুই ক্লের সম্বন্ধে প্রামতনয় বন্দোপাধ্যায় মহাশয়ের উক্তি লিখিয়া
পাঠাইয়াছিলেনঃ—

[্]রশ্নিকত প্রস্তাবে দেশের উপকার করিবার জন্মই ১৮৪৭ থঃ অব্দে ভূদেব বাব দুর্শননধর সেমিনরি স্থাপন করেন। চণ্ডী থাবু প্রায়ই সেকেও মাষ্টরের কাষ্য করিতেন। আমিও উক্ত স্কুলে পড়াইতে বাইতাম। শিক্ষকগণের মধ্যে এমন কোন নিয়ম ছিল না ধ্যে, ইনি দ্বিতীয় শিক্ষক ইনি ভৃতীয় শিক্ষক। ভূদেব বাবু যথন বাঁহাকে ধে ক্লামে পড়াইতে ব্লিডেন, তথন ভিনি সেই ক্লামে পড়াইতেন। প্রারকানাথ চক্রবর্তী

স্থল দেখিতে ষাইতেন এবং তথায় প্রায় এক মাস অভিবাহিত করিতেন। ঐ সময়টা চণ্ডী বাবু চন্দননগর সেমিনরিতে কার্য্য করিতে যাইতেন।

শ্রীপুর স্থলের সংস্থাপন সম্বন্ধে চণ্ডী বাবু লিখিয়াছিলেন—

"প্রীপর স্থল স্থাপন করিতে গিয়া আমরা প্রথমতঃ চাঁদড়া 'গ্রাফু অবতরণ করি। প্রাতে নৌকা হইতে নামিয়া ভূদেবকে বলিলাম, 'এই গ্রামে আমার মাতৃলালয়, চলুন তথায় বাইয়া এবেলা অবস্থান করি, বৈকালে প্রীপুরে যাইব।' তিনি তাহাতে সম্মত না হওয়ায়, আমুরাক্র শ্রীপুরের বারোয়ারি ঘরে আড়া করি। তথায় গ্রামবাসী ছই চারে জন বান্ধণ ও কায়ত্ব যুবক আদিয়া বাজার হইতে প্রবাদি আনাইয়া রক্ষনের যোগাড় করিয়া দিলেন। ভূদেব তাঁহাদিগকে নিমন্ত্রণ করিয়া ক্রং পাক করিলেন। বেড়ী না পাওয়ায় ভাতের ফেণ গড়ান একটা বিষম সমস্যা হইয়া উঠিলে ভূদেব হাড়ির তলা ফুটা করিয়া সহজেই তাহার মীমাংসা করিলেন! সকলে বেশ আমোদ করিয়া আহার করিলাম।"

শ্রীপুর স্থল সম্বন্ধে পরস্পরের বক্তব্য ইংরাজী ভাষায় লিখিত পত্রযোগে জানান হইত; তবে গ্রামে গ্রামে পত্রাদি প্রেরণ * ভারত গব্র্গমেণ্ট আজি কালি ধ্রেরপ সহজ্ঞসাধ্য করিয়া দিয়াছেন, তথন তাহা ছিল না।

এই শ্বুলের প্রধান ছাত্ররূপে ভুলেব বাবুর বাসায় অবস্থান করিয়া পুন নির্কিশেষে পালিত ও শিক্ষিত হইন্টেছিলেন। বলাগড়ের নিকট শ্রীপুরে চল্দননগর সেমিনরির একটা শাধা শ্বুল সংস্থাপন করিয়া ভূদেব বাবু চণ্ডীবাবুকে তাহার প্রধান শিক্ষক ও আমাকে বিত্তীয় শিক্ষক নিযুক্ত করেন। চল্দননগর সেমিনার ভ্রুগচিরপ রক্ষিতের পিতামহ ও রামতত্ব রক্ষিতের চাপাতলার গলির বাটাতে সংস্থাপিত হইন্টিছল। শ্রীপুরের স্থায় উলা, শান্তিপুর প্রভৃতি নানা স্থানে চল্দননগর সেমিনরির শাখা শ্বুল নুমুহ্ন সংস্থাপন করিবেন, ভূদেব বাবুর এরাপ মানস ছিল; কিন্তু চল্দননগর সেমিনরিই এগার মাস পরে উঠিয়া গিয়াছিল।"

ভূদেব বাবু (২৫/৫/১৮৪৮) চণ্ডী বাবুকে লিখিগাছিলেন—

চণ্ডী বাবুর প্রথঁত্বে এবং স্থানীয় লোকের সাহায়ে শ্রীপুর স্থলের দিন দিন শ্রীবৃদ্ধি হইতে লাগিল। ঐ সময়ে শ্রীপুরে স্পিয়ার নামক জনৈক শ্রুষ্টান মিসনরির স্থাপিত একটি স্থলও ছিল।.

ज्रुप्तर्व वात् ১৮৪৮ অন্দের ১৮ই মে চণ্ডীवात्रक *(नार्थन* :—

"মনে কর যদি স্থানীয় লোকের আর সাহায়া না পাও, যদি ম্পিয়ার সাহেন তাঁহার প্রতিযোগী স্থল রক্ষা করিতে থাকেন এবং মৃত্যোকী মহানটে না যদি তাঁহানিগের স্বভাবদিদ্ধ উদাসীন্য অবলম্বন করিয়া চলেন করে স্কল যদি সতা হয়, তাঁবে তুমি এ গুলিকে পুরাতন খবরই বল আর যদিই বল, আমি ঐ গুলি অল্প প্রয়োজনীয় সংবাদ বলিয়া মনে করি না। অত এব এ সকল সম্বন্ধে তুমি যত শীঘ্র পার আমাকে লিখিও।"

স্পিয়ার সাহেব যথন দেখিলেন যে নবপ্রতিষ্ঠিত স্থলটীর জন্ম তাঁহার স্থলের ক্ষতি হইতে লাগিল, তথন তিনি ন্তন স্থলটীকে তাঁহার স্থলের সহিত, 'সন্মিলিত করিয়া বিল্পু' করার চেটা পাইতে লাগিলেন। স্পিয়ার সাহেব চণ্ডী নবুর নিকট স্থলদ্যের সন্মিলন প্রস্তাব করিয়া পুন: প্রিজের বাড়ীতে আমন্ত্রণ করিয়া পাছান। এতংসম্বন্ধে তিনি ভূদেব বাবুকে পত্র লিখিয়া জানাইলে ভূদেব বাবু (সরল বাঙ্গালী কোন সাহেব-বাড়ী গিয়া আদর পাইলে যে সাধারণতঃ সেই ইউরোপীয়ের

শ্রমার স্মরণ আছে, তুমি বলিয়াছিলে বে, তোমার ডাকথরচা বড় বেশী পড়ে। স্মাৰবার দিন হইতে তুমি ডোমার ভূতাকে দিগড়ায় পাঠাইয়া দিও। সেইখানে আমার প্রস্তুলি ডোমার লোকের অপেকায় গাকিবে।"

যে পত্ৰথানি হইতে এই কথা গুলি উদ্ধৃত হইল তাহা এখন আৰু আনা মাজনে ভাকে যায়। কিন্তু "ছন্ন আনা নাগুল দেয়" বলিয়া উহাতে পোটাফিনের ছাপ আছে !

কথাতেই সায় দিয়া ফিরিয়া থাকেন তাহা ব্ঝিয়া) চণ্ডী ুবাবুকে নিম্নলিথিতরূপ পত্র (২া৬১১৮৪৮) লিথিয়াছিলেন *—

"সাহেব পুনঃ পুনঃ তোমাকে আমন্ত্রণ করিলেও তুমি সাহেবের বাজীতে যাইও না; সাহেবের যদি কিছু বলিবার থাকে সাহেব তোমার নিকট আহ্বন। তিনি যদি আসেন তাহা ইইলে তাঁহার স্থলটা কোনরূপ সর্ত্ত ব্যতিরেকে সাহেব তোমার হত্তে অর্পণ করিয়া দিন, এই কথাই বলিবে। স্পিয়ার সাহেবের ন্তায় লোককে সহযোগী করিলে 'অংলের কাজ' চলিবে না। এ বিষয়ে নবীনের প্রামর্শ লইও; কিন্তু প্রামূর্ণ জিজ্ঞাসার প্রেই আমার অভিপ্রায় তাহাকে জানাইও।"

এই সময়ে কাশিম বাজায়ের স্বর্গীয়া মহারাণী প স্বর্ণময়ীর জনৈক

^{* &}quot;As for Mr. Spier you should by no means go to him even though he repeatedly invites you to his place. Let him come to you if he has any thing to say. And supposing he were to come, an unconditional surrender of his Institution is what you must stick to. We can never have a man like him for a colleague. Ask Nobin? however, for his advice, letting him know beforehand my sentiments in the matter."

[†] প্রাতঃ শারণীয়া ৮ মহারাণী খর্ণময়ী এই স্কুলের জন্ম মাসিক ৭০ টাকা এবং তত্ততা প্রবর্ণর জেলারেলের এজেন্ট এইচ টরেল সাহেব মাসিক ৫০ টাকা চাদা দিতে স্বীকৃত হন। বতদিন পর্যান্ত বহরমপুর কলেজ ও তৎ সংস্থান্ত স্কুল সংস্থাপিত না হইয়াছিল, ভতদিন এই স্কুল ছিল; কলেজ স্থাপনার পর উহাতেই লীন হয়। বহরমপুরের বিক্রেডা করেন।

চণ্ডী বাবুর চেষ্টায় আন্দূল আমে এবং তমলুকে অপর ছইটা স্কুল স্থাপিত হয়। আন্দুলের স্কৃলটাতে বিশ্চপ কলেজের তৎকালীন অধ্যক্ষ রেভরেও "কে" এবং তমলুকের স্কুলটাতে তথনকার লবণের এজেণ্ট হামিণ্টন সাহেবের সাহাব্য ছিল। ঐ ছই স্কুল

প্রধীন আমলার সৃহিত চণ্ডী বাব্র পরিচয় স্থযোগে বহরমপুরেও একটি স্কুল স্থাপিত হয়।

্রতথন চন্দননগর সেমিনরির আঁয় হইতে কিছু কিছু বাঁচাইয়া অপরাপর শগুলিব অভাবজনিত ঋণ শোধ করা হইঙ।

এখনও বর্ত্তমান আছে। ভূদেব বাবুর ভগিনীপতির এক ভগিনীপতির বড়ে সেহা-খালা তও ঐ সময়ে একটা স্কুল সংস্থাপিত হইয়াছিল।

^{*} পত্রে (১৮/৫/১৮৪৮) ভূদেব বাব্ চণ্ডী বাবুকে ঞ্বিজ্ঞাসা করিয়াছিলেনঃ—

[&]quot;তুমি (ঐপুর) স্কুলের খরচ সরবরাহ কিন্ধপে করিতেছ তাহা আমাকে জানাইজে ভূমিও না। তোমাকে কি বত্তর আর টাকাধার করিতে হইরাছে, না ছেলেদের নিকট আপ্যাবেতৰ আদার করিয়া তন্ধারাই বার নির্বাহ করিয়াছ ?"

দশম অধ্যায়

-46 h- '

্ [বিতীয়া কল্পার বিবাহ জল্প ৮তকভূষণ মহাশয়ের চিল্তা ; . ভূপেব বাবুর ঋণ গ্রহণ ; মালাসা ক্লে চাকরী ; কর্ণেল রাইলি ;
হাবড়া ক্লে প্রধান শিক্ষকতা]

এইরপে স্বাধীনভাবে স্থল পরিচালনায় এক বংসর কাল অতীত হইলে তাঁহার দিতীয়া ভগিনীর বিবাহের দিনস্থির হওয়ার পর ভূদেব বাবু করেক দিনের জন্ম হরিতকী বাগানের বাটীতে আসিলেন।

ঐ নময়ে একদিন ভূদেব বাবু চণ্ডীমণ্ডপের ঘরের ভিতর আছেন, এমন সময়ে তর্কভূষণ মহাশয়, প্রতিবেশী শস্তু ঘোষকে সঙ্গে লইয়া, রোয়াকে আসিয়া বদিলেন।

তথন সন্ধ্যার প্রান্ধাল; প্রদীপ জালা হয় নাই। ওর্কভূষণ মহাশয়
শস্তু ঘোষকে বলিলেন, "শস্তু! বিবাহের দিদ স্থির হইয়াছে, এখন
টাকার সঙ্কলান হইলেই হয়। তুমি আমাকে আড়াই শত টাকা কর্জ্জ
দিতে পারিরে কি ?" শস্তু বিবাহের কথা শুনিয়া আহলাদ প্রকাশ করিয়া
বলিল "বেশ, সোদপুরেই ত হোল ? আড়াই শত টাকার জন্ম আদশ্যের
কর্ম আটকাইয়া থাকিবে না। কিন্তু ভট্টাচার্যা মহাশয়, একটা কথাক
জিজ্ঞাসা করি; বাবু তো খুব বিদান্ ইইয়াছেন, চল্লিশ টাকা জলপানি
পাইয়াছিলেন; তিনি কি কিছুই রোজগার করেন না ? এখনও
আপনার কষ্ট ঘুচিল না ?" তর্কভূষণ মহাশয় একটু তৃঃখিত স্বরে বলিলেন

্শশস্থ কৈ কাহার হঃ যুচাইতে পারে ? অদৃষ্টে যাহার যেরূপ থাকে তাহার সেইরূপই হয় !"

পিতার এই কথা ও শ্বর ভূদেব বাবুর কর্ণে যেন বজের ক্রায় বাজিয়া ্রিটিটি। পূর্বকিথা সকল তাঁহার স্মরণ হইতে লাগিল - সংস্কৃত শাস্ত অধ্যয়নে অনিচ্ছা প্রকাশ বর্ণরিলে অধ্যাপক পণ্ডিত পিতা দিকজি না করিয়া তাঁহাকে ইংরেজা স্থলে ভর্ত্তি করিয়া দিয়াছেন; হিন্দু কলেজে প্রাড়র্তে ইচ্ছা হইলে নানাপ্রকার সাংসারিক অস্কবিধা সহু করিয়া তথ্যকার বেতন যোগাইয়াছেন; ইংরাজা শিক্ষার বিষে বুদ্ধি বিক্লান্ত • হইয়া যুঠা: দেবপূজায় অনাস্থা দেখাইয়াছেন তথন ক্রমে ক্রমে বুঝাইয়া অতি মধুর ও ধীরভাবে তাঁহাকে প্রকৃতিস্থ করিয়া দিয়াছেন—ওক্কপ বিসদৃশ ব্যবহারে একটীও কটুকথা বলেন নাই ; স্কুল হইতে বাটী আসিতে কোন দিন বিলম্ব হইলে দার দেশে তাঁহার প্রতীক্ষায় দাঁডাইয়া থাকিতেন: শৈশবাবধি নিজ হত্তে মুখ ধুইয়া দেওয়া, একত্রে ক্রীড়া করা, শাস্তাদি **। প্রায়ের কথাবার্ত্তা দারা তাঁহার চরিত্র উন্নত ও দৃঢ় করিবার চেষ্টা**— ইত্যাদি বিষয়ের স্থৃতি নিমেষমধ্যে তাঁহার মনে জাগরুক হইল। কিন্তু এমন পিতার জন্ম তিনি যে কি করিয়াছেন তাহা কিছুই খুঁজিয়া পাইলেন না ! উপযুক্ত পুত্র কোথায় ভগিনীর বিবাহ কালে স্বোপার্জ্জিত দশ টাক। দিয়া পিতার সাহায়্য করিবেন, না, পিতাকে টাক। ধার করিতে হইতেছে; আর তিনি দাংদারিক কিন্নতেই না থাকিয়া, উদাশীনভাবে একেবারেই দকল ধাপ টপকাইয়া, 'জগতের উপকার শন্ত্রনুক্তীয়' স্থল বদাইয়া বেড়াইতেছেন!

এই স্থলে ভূদেব বাবুর স্থল স্থাপন করিতে যাওয়ার সম্বন্ধে কয়েকটা কথা বলা আবশুক। অধ্যাপক বান্ধণের পুত্র পাঠ শেষ করিয়া টোল করিবে, অন্ন দিয়া অন্তকে পড়াইবে এবং নিজের আহারের মাত্র সংস্থান করিবে, তর্কভূষণ মহাশয়ের পরিবারের মধ্যে এরপ মনে হওয়া স্বাভাবিক। কিন্তু টোলের অধ্যাপকেরও কিছু থাকে; টোলের অধ্যাপকন্ত ভগিনীর বিবাহের সময় দশটা বিদায়ের ঘড়া বেচিয়া কিছু অর্থ মংগ্রহ করিতে পারেন—ভূদেব বাব্র স্থাপিত স্থল হইতে পেটের তাওঁ ভিন্ন আর কিছুই চলিত না। ওদিকে তর্কভূষণ মহাশয়ের যে আয় ছিল, পুত্রের স্থলের বেতন দিতে না হওয়া অবধি তাহাতে সংসার একপ্রকার' চলিয়া যাইতেছিল। * বিবাহের বিশেষ ব্যয়ের জ্যুই ইবির অনটন বোধ হইতে লাগিল এবং ভাল লোক মাত্রেরই ঋণ করিতে যে কট হয়, তাহা তাঁহার হইতেছিল। ভূদেব বাব্র জ্বলগানির টাকা হইতেই একথানি পাকাঘর প্রস্তুত হইয়াছিল। কলেজ ছাড়িলেই তাঁহার ভাল চাকরী হইবে এবং তর্কভূষণ মহাশয়েরও অর্থের সচ্ছলতা হইবে শস্তু ঘোষ প্রভূতি পাড়ার লোকে সহজেই ইহ। মনে করিতেছিল। স্বতরাং ক্যার বিবাহের জন্ম তর্কভূষণ মহাশয়কে টাকা কর্জ করিতে হইতেছে দেখিয়া শস্তু ঘোষ একটু বিস্মিত হয়য়াছিল।

সে যাহ। হউক, কয়েক মিনিটের জন্ম ভূদেব বাবু ষেন' আত্মগ্রানিতে পূর্ণ হইয়া পড়িলেন; কিন্তু অল্লক্ষণেই আবার চিত্তকে স্থন্থির করিয়া অবিলম্বে নিজের এই ক্রটি সংশোধনের জন্ম রুতনিশ্চয় হইলেন।

রামতনয় বন্দো।পাধায় মহালয় লিখিয়ছিলেন :—

[&]quot;ভূদেব বাবু যথন হিন্দু কলেঞের প্রথম শ্রেণীতে পড়েন সেই সময়ে আমি ও আমার
আপ্রান্ত উভরে কলিকাতার পাকি। অপ্রান্ত মহাশর সংস্কৃতক্ত ছিলেন বলির সুর্বাদাই
ভূদেব বাবুর মহাপণ্ডিত পিতার নিকটে ৰাওরা আসা করিতেন; আমিও বিশ্ব ইংরাজী পুস্তকের তুরুহ ছুলগুলি বুঝাইরা লইতে হিন্দু কলেজের শ্রেষ্ঠ ছাত্র ভূদেব বাবুর নিকটে বাইতাম। তথন কলিকাতার তাহাদের অনেকগুলি যজমান ছিল। ৮তর্কভূবণ মহাশর নিজের পূজা আহিকে এবং শাস্তচেষ্ঠাতেই অধিকাংশ সময় অতিবাহিত করিতেন।

সংস্তৃত্বলেজ ছাড়াইয়া পুত্রকে ইংরাজা স্কুলে ভর্ত্তি করিয়া দেওয়া না দেওয়া সম্বন্ধে কর্ত্তব্য অবধারণ করিতে তর্কভূষণ মহাশয়কে ক্ষণমাত্রও ইতন্তত্তই করিতে হয় নাই; কোন কথা উঠিবামাত্র তিনি তদ্বিয়ে কর্ত্তব্য ব্রিয়া মতি স্থির করিতেন। উপস্থিত ক্ষেত্রে তাঁহার পুত্রেরও সেইরপ নিজের কর্ত্তব্য নির্ণয় এবং সেই বিষয়ে মতি স্থির করিতে বিলম্ব হইল না। দেশম্য বিদ্যালয় স্থাপনাদির সম্বন্ধে তাঁহার যে সকল বিশাল কল্পনা ছিল, তাঁহার আমান্দের সির উদ্দেশ্য বলিয়া যাহা তিনি মনে মনে পোষণ করিতেছিলেন, এই গুক্তর কর্ত্তবাকোষের অন্থরোধে সেই উদ্দেশ্য এবং চিন্তা তিনি এক্ষণে মন হইতে বলপ্র্রক বিতাড়িত করিলেন। তিনি আর এক দিনের জন্তপ্ত চন্দননগর প্রভৃতি স্থানের স্থলে ফিরিয়া যাইবেন না, যেমন তেমন এক্টা চাকরী, যাহাই যুটবে তাহাই করিবেন এবং উপস্থিত যেরপে পারেন এই বিবাহের জন্ম টাকা সংগ্রহ করিয়া পিতাকে দিনেন, এইরপ দৃঢ় প্রতিজ্ঞায় আপনাকে সংবন্ধ করিলেন।

শস্তু বোষেরু সহিত উক্তরূপ কথা বার্তা কহিয়া তর্কভূষণ মহাশয়

বাটাতে তাঁছার দেশস্থ ৪।৫ জন বাহ্মণ প্রায় নিয়তই থাকিতেন। তাঁহারা এবং তক্ত্বণ মহাশর ভাতারা বাজ্যানিয়া করিতেন। তক্ত্বণ মহাশর বহুলান্তে ফুপণ্ডিত ছিলেন বলিয়া কলিকাতান্ত তাৎকালিক অনেকানেক বিখ্যাত অধ্যাপক প্রায় সর্ব্বন্যাই তাঁহার নিকটে শাস্ত্রালাপের অথবা নানা ছক্ত্রহ বিষয়ের মীমাংসার নিমিত্ত আদিতেন। আগস্তক অধ্যাপকগণের সহিত শাস্ত্রালাপ করিতে করিতে বেলা অধিক হইলে তাঁহাদের মধ্যে দুরন্থ কেহ কেহ আহার করিয়াই বাইতেন। এইক্রপে তাঁহার ফুলিতে প্রত্যহ প্রায় ৭।৮ জন বাড়তি লোকের আহার হইত। সাক্ষাৎ লক্ষ্মীস্বর্জণা ক্ষেব্র বাব্র মাতা ও পুলতাত পত্নী উভরেই এই সমস্ত লোকদিগকে অন্ত দান দিরবা পরম পরিত্যেব লাভ করিতেন। মোটের উপর তাঁহার সংসারে মোটা ভাত কাপড়ের অসংস্থান ছিল না।"

চণ্ডীমণ্ডপ হইতে উঠিয়া বাড়ীর মধ্যে চলিয়া গেলেন। পুত্র যে তাঁহার কথা শুনিয়াছেন এবং তাঁহার মনের ভাব যে এরূপে পরিবর্ত্তিত ইইয়াছে তাহা তিনি কিছুই জানিতে পারিলেন না।

পূর্ব্বেই বলা গিয়াছে বৈ ৺ স্বব্ধপচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সহিত ভূদেব বাব্র বড়ই সৌহাদ্যি ছিল *। উপস্থিত কৈতে তাঁহাকে টাকা ধার কে দিতে পারে ভাবিতে গিয়া, 'স্বব্ধপের টাকা আছে, সম্ভবতঃ সেই দিবে' বলিয়া মনে হওয়ায়, তিনি তখনই স্বব্ধপ বাব্র বাড়ীতে গোলে তিবং তাঁহাকে আড়াই শত টাকা ধার দিবার জাল বলিলেন। স্বব্ধপ বাবু বন্ধুর কথার ভাবে তাঁহার চিত্তের চাঞ্চল্য ব্ঝিতে পারিলেন। তিনি তিলাদ্ধি বিলম্ব না করিয়া বাটীর মধ্যে গমন করিলেন এবং আড়াই শত টাকা আনিয়া বন্ধুর হস্তে দিলেন; কোন কথা জিজ্ঞাসা করিলেন না।

ভূদেব বাবু দে টাক। সেই রাত্রেই পিতাকৈ দিলেন। 'স্থুলের লভাংশ হইতে এই টাকা আসিয়াছে' মনে করিয়া তর্কভূষণ মহাশয় আহলাদিত হইলেন। বলিলেন, "বিবাহের জন্ম আড়াই শত টাকা, ধার করিতে যাইতেছিলাম; বড় নময়েই টাকাটা আসিয়াছে।"

টাকা ধার করিয়া তাহ্। পরিশোধের উপায় না করাঁ বড়ই অক্সায় কার্য বিবেচনায় ভূদেব বাবু 'পরদিনই' এড়ুকেশন কাউন্সিলের সম্পাদক ডাঃ মাউয়াট সাহেবের সহিত দেখা করিতে গেলেন। সেদিন যে রবিবার ভাহা ভাঁহার স্মরণ ছিল নাঃ মাউয়াট সাহেব ভূদেব বাবুকে ভালবাসিতেন বটে,

^{*} পান এবং আহারাদি সম্বন্ধে সক্ষপ বাব্র অহিন্দু আচরণ ছিল ; কিন্তু নিমন্ত্রণ ছিল বাব্কে আগে বাড়ীর ভিতর হইতে আহার করাইয়া আনিয়া উটি অক্তান্ত বন্ধুর সহিত নিজে আহার করিতেন। ভূদেব বাবু বন্ধুর আচরণে ক্র হই তেন; নিজের পথ ভাল বলিয়া ভাহাতেই দৃচ থাকিতেন; কিন্তু যথার্থ বন্ধুত্ব থাকার, স্ক্রপ বাব্র ভূতির জন্ত ভাহার দলেও বসিতেন এবং কথা বার্ডায় বোগ দিতেন।

কিন্ধু রবিবারে দেখা করিতে যাওয়ায় একটু অসন্তোষব্যঞ্জক স্বরে বলি-'লেন, "রবিবারে আঁমার কাছে কি জ্বত্ব / (হোয়াটু ডু ইউ কম টু মি অন দিস্ স্ন্ডে ফর্ ?)" এই কথায় ভূদেব বাবু তৎক্ষণাৎ উত্তর করিলেন, 🚜রুবিবারে দাতব্যের কার্য্য করিতে আপনাদের নিষেধ নাই ; আমি এখন একাস্তই দ্যার পাত্র 🎤 (ইউ আর নট ডিবার্ড ক্রম চ্যারিটেবল ওয়ার্কপ্ অন সন্ভেজ্ । আই আগম্ নাউ আগন্ অবজেক্ট অফ চ্যারিটী।" ভদের ঝবর এই কথায় এবং যেরপ স্বরে তিনি এই কথাগুলি বলিলেন. তাহাতে নাহেব কিছু অপ্রতিভ হইলেন; বুঝিলেন যে কোন বিশেষ ত্ব: ব উপস্থিত হওয়াতেই তিনি ববিবারে আসিয়াছেন। তথন আদর করিয়া নিকটে বসাইয়া মিষ্ট স্বরে ব্যাপার জিজ্ঞাসা করিতে লাগিলেন। সাহেব ভূদেব বাবুকে যথার্থই ভাল বাদিতেন। 'যে ঋণগ্রস্তব্যক্তির এক পয়দা নাই, পরিশারের কোন উপায় নাই, তাহার অপেকা অধম কে ?' —ভূদেব বাবুর মন তথন এই ভাবেই ভরিয়া ছিল। ভূদেব বাবু মাউয়াট সাহেবের নিকট তাঁহার আর্থিক অবস্থা আফুপূর্ব্বিক বিবৃত করিয়া অবি-লম্বেই একটী ক্লাকরী হয় এরপ প্রার্থন। জানাইলেন। মাউয়াট সাহেব বলিলেন, "আপাততুঃ হুইটি মাত্র চাকরী থালি আছে —একটি মাদ্রাসা কলেজের দ্বিতীয় শিক্ষকের পদ, বেতন পঞাশ টাকা; অপরটি হিন্দু কলেজের একটা অধন্তন শিক্ষকের পদ, বেতন পঁচাত্তর টাকা; কিন্তু এই ত্বহৈয়ের কোনটীই তোমার উপযুক্ত নয়; তোমার মত হিন্দুকলেজের উৎকৃষ্ট ছাত্রেরা অনেকে দেড় শত টাকায় কাখ্যারস্ত করিয়াছেন; আমি ' তোমারের্ক ত তাহা দিতে চাহিয়াছিলাম ! কিছু দিন অপেক্ষা করিলে ভাল দুক্রী জুটিবে।" ভূদেব বাবুবলিলেন, "ঋণ গ্রহণ করিয়া যে কয়দিন তাহার পরিশোধের ঠিকানা হইতে বিলম্ব হইবে, দে কয়দিন আমার বড় কষ্টে যাইবে। আমি যে কোন চাকরী গ্রহণে সম্মত আছি।" মাউয়াট সাহেব তথন বলিলেন, "ঐ ছুইটা পদ থালি আছে, স্থতরা তুমি কালই চাকরীতে ভর্তি হইতে পার।—তুমি কোন্টা লইবে ?"

ভূদেব বাবু দেখিলেন হিন্দু কণেজের শিক্ষকতা কার্য্যে নিযুক্ত হইলে তিনি অপাততঃ বেতন কিছু বেশী পাইবেন বটে, কিছু উচ্চ প্রেক্টিই ছাত্র পড়াইয় ÷ যে স্থপ তাহা হইতে বঞ্চিত হইবেন; অধিকম্ভ অধন্তন শিক্ষকের পদে নিযুক্ত হইলে কর্ত্বপক্ষীয়দিগের' নিকট আপন গুণপনা প্রদর্শনের স্থোগ থাকিবে না। তিনি মাদ্রাদা কলেজের দিতীয়' শিক্ষকের পদ গ্রহণের ইচ্ছা প্রকাশ করিলেন। মাউয়াট সাহেব বলিলেন, "মাদ্রাদা কলেজে তুমি মাহিনা কম পাইবে, কোন হিন্দু পর্ব্বোপলক্ষে ছুটা পাইবে না, এবং তোমার বাটী হইতে প্রত্যাহ অনেকটা অধিক দ্বে মাইতে হইবে। তথন ভূদেব বাবু দাহেবকে তাঁহার মনের ভাব সমগ্রই ব্যক্ত করিয়া বলিলে, সাহেব বিশেষ সম্ভোষ প্রকাশ করিলেন, এবং পর দিন হইতেই ভূদেব বাবুকে মাদিক পঞ্চাশ টাকা বেতনে মাদ্রাদা কলেজের দ্বতীয় শিক্ষকের পদে নিযুক্ত করিলেন।

মাজাসা কলেজের শিক্ষক নিযুক্ত হইয়া (১١১١১৮৪৯) ভূদেব বাবু অতি

^{*} এই প্রসঙ্গে অতি সরস থুকর একটা গল আছে। কোন থুপণ্ডিত অধ্যাপক বাহ্মণ বস্থার দেশ ভ্রিয়া বাঙ্যায় বড়ের গাদা অবল্ছনে নদীতে ভাদিরা বাইভেছিলেন। পাণ্ডিতা হেতু দেশ বিদেশে অনেকেরই নিকট তিনি পরিচিত ছিলেন। কিছু দুর ভাদিরা বাহ্মণ একথানি প্রামের নিকটে আদিলে গ্রামের লোকেরা তাঁহাকে সম্বোধন করিয়া থলিল "তর্করক্ত মহাশয়। আপনি আমাদের গ্রামে বাস কঙ্গন এবং টোল পুলুন। আজা করিলে আমরা বড়ের গাদা ডাক্লায় লাগাইয়া দিই।" অধ্যাপত্ বলিলেন, "বাপু সকল। কাব্য শুতি দর্শন, পড়িবার মত ছেলে তোমাদের গ্রামে কিক্লাই শ্রামেই? কতকটা বাকরণ পড়া হইরা গিয়াছে, এমন ছেলে কংজন ?" লোকেরা বলিল, "আফি তাহা কেহ নাই। আপনিই প্রথম হইতে পড়াইরা লইবেন।" ঐ কথা শুনিই প্রথমিক বলিলেন "থাক্ বাবা। আমি আরও ধানিকটা ভাদিরা ঘাই।"

আর্দ্ধনি মধোই তাঁহার মুদলমান ছাত্রগণের অতিশয় প্রিয় * হইয়া উঠিলেন।

পুত্রের মৃদলমান ছাত্রগণ কেহ থাড়ীতে আদিলে ৺তর্কভৃষণ মহাশয়

করিতেন না। ছাত্রেরা যে কোন মৃদলমান মৌলবীর বাটীতে আদেন
নাই, একজন একান্ধ আচারপরায়ণ ব্রাহ্মণ পণ্ডিতের বাটীতে আদিয়াছেন, ঔাহা বাকো ইন্ধিতে বা ব্যবহারে কথন ব্রিতে পারিতেন না।
উইাদের জন্ম কান্চাদন এবং পিতলের ক্ষুদ্র নক্সাকাটা ঘটি ও রেকাবি
ক্রয় করিয়া রাথা হইয়াছিল। উইারা চলিয়া গেলে ঐগুলি আবার

মাজিয়া অগ্নি স্পর্শ করাইয়া তাহাদের ব্যবহার জন্ম পৃথক রাখা হইত।
কলত: হিন্দুচ্ডামণি ৺তর্কভৃষণ মহাশয়ের বাড়ীতে দেশ ব্যবহারেও অবজ্ঞা
ছিল না, এবং প্রক্বন্ড প্রস্তাবেই "অতিথি পূজা" হইত।

* মাদ্রাসা কলেজের অনেক ছাত্র ভূদেব বাবুকে যাবজ্ঞাবন অপরিদীন ভক্তি করিতেন।
তাহার তৃতীয় পুত্র নওয়াথালিতে ডেপুটা মাজিষ্ট্রেট হইয়া গেলে (১৮৮০), তথাকার
সবর্মনিষ্ঠ ডেপুটাংমাজিষ্ট্রেট মোলবী আনওয়ার আহম্মদ সাহেব প্রথম দেখা হইডেই বিশেষ
প্রীতির সহিত "ভক্র পুত্র" বলিয়া সম্বোধন করিয়াছিলেন। মাংজিষ্ট্রেট মি: ওয়েষ্ট্রমানট
একসময়ে মালবী সাহেবকে আবগারী বিভাগের এভার দিলে তিনি লেখেন যে তিনি
ঐ বিভাগের অপর সকল কার্য্য করিতে রাজী, কিন্তু মদ্য স্পর্ণ করেন না; এজন্তু
ওদামের পিশায় কত মদ আছে বা মদের গুরুষ কত্ত, তাহা যন্ত্রধারা 'ফ্রন্তে' পরীক্ষা
করিতে পারিবেন না; ঐ ছই বিষয়ে অধীনম্ব কর্মচারীদিল্লের উপর নির্ভর করিতে
হইবে।, মাজিষ্ট্রেট সাহেব কুদ্ধ হইয়া লেখেন যে, সকল কার্যা 'তাহাকেই' করিতে
হইবে।, মাজিষ্ট্রেট সাহেব কুদ্ধ হইয়া লেখেন যে, সকল কার্যা 'তাহাকেই' করিতে
হইবে—নতেং তিনি অবাধাতার জন্তু রিপোর্ট করিবেন। মোলবী সাহেব উত্তর দেন যে
তিনি অবাধ্য নহেন; এ পর্যান্ত কেহই তাহার ধর্মসন্থন্ধে আপত্তিকর কার্যাের জন্তু জিদ
করেন নাই; কুপা এবং প্রীতির সহিতই সকলে চালাইয়া লওয়ার কতকটা পেনসন
পাওয়ার সময় হইতে পারিয়াছে; তিনি তাহার নিজের প্রভাবিত ভাবে আবগারীর

উচ্চ শ্রেণীর মৃদলমান মৌলবীগণ যে ধর্মজীবনের এবং হৈছিব সংখ্যার পক্ষপাতা এবং তাঁহাদিগেরও ধর্ম যে সর্বপ্রকার উহিক হব্য সম্বোগের বিরোধী, ইহা ভূদেব বাবু মাদ্রাসা কলেজের চাকরীর সময় ভাল ভাল মৃদলমান দিগের সংশ্রবে আসিয়া স্বস্পষ্ট রূপেই জানিছে পারিয়াছিলেন। মৃদলমানের প্রতি তিন্ধি বরাবরই শ্রদ্ধাসম্পন্ন ছিলেন। তিনি বলিতেন, হিন্দু ও মৃদলমান ছই ভাই; উভারে এখন একদেশবাসী স্বভরাং একই মাতৃ স্বন্ধে উভারে পুষ্ট, ফলভঃ উহারা "ত্ব ভাই" ই।

ভুদেব বাবু তাঁহার সামাজিক প্রবন্ধের স্থানে স্থানে মুসলমানদিংগ্র

* মুসলমানদিগের মধ্যে এই শুস্তপানজনিত স্থন্ধ এত স্থৃদ্দ বলিয়া পরিস্থিতি বে,
ধাত্রী কস্তা নিজের সংহাদর। ভগিনীর স্তায় একই মাত্রতে পালিতা বুলিও উহার
সহিত বিবাহ চলে না। মুসলমান মাতারা অপরের ছেলেকে কোলে লইলে সে যদি
শুস্তপান চেটা করে, তাহা হইলেও শুস্তদান করেন না। বলেন বে, বদি উত্তরকালে
এই "ছথের সম্পর্কত না জানিয়া বিবাহ ঘটে, তবে বড় পাপ হইবে।

কার্যা করিতে, অপর সকল বিষয়ের কার্যা করিতে, এমন কি বদলী ইইতে, যে কিছু পেনসন হয় তাহা লইয়া কর্ম ছাড়িতে রাজী; তথাপিও 'অবাধ্যতা' মনে হইলে তাঁহার ছই পনই বেন রিপোর্টের সহিত কর্তৃপক্ষের গোচর করা হয়। মাাজিট্টে সাহেব রিপোর্ট করেন নাই এবং অপরকেই কার্যা দিয়াছিলেন। এই ঘটনার সময় দেখা ইইলে মোলবী সাহেব ভূদেব বাব্র পুরুকে বলেন "তোমার পিতা যেদিন মালাসাকলেজ ত্যাগ করেন, আমরা কয়েকজন সেদিন তাঁহার সহিত কলেজের ফটকের বাহিরে কিছু দূর এককে যাওয়ার পর তিনি বিদায় লওয়ার সময় বলেন "মমুখের প্রকৃত পরীক্ষা উত্তীর্ণ হওয়ার দিকে তোমরা সক্ষদা লক্ষ্য রাগিও। যাবজ্জীবন এরূপে চলিও যেন পরকালে স্বর্থ পাও।"—আমার চক্ষেত্রল আসিয়াছিল। সকল ধর্মেরই এই উপদেশ; কিন্তু তাঁহার মুখের ঐ বাকা আমার কর্ণে, আমার ধর্মেরই সার উপদেশরূপে সর্কাদা বাজিতেছে এবং সকল প্রকার বিপদে এবং সমস্তায় মনের শান্তি রাধিয়া ভূলচুক হইতে অধ্যাকে বাঁচাইকেছে।"

শ্বর্থমে মে সকল অভিযতি প্রকাশ করিয়াছেন তাহার কয়েকটা এইস্থলেই উদ্ধৃত করা হইল:—

(১) "অনেক ইংরাজ গ্রন্থকার কথন স্পষ্টাক্ষরে, কথন ইঞ্চিত अस्य अङ्कार विवा थाकिन त्य भूमनभारता यथन ताला हान, তথন হিন্দুদিগেরপ্রতি অকথ্য, অত্যাচার সমস্ত করিয়াছিল। ইংরাজ গ্রন্থকারেরা এইরূপে হিন্দুদিগের মনোমধ্যে মুসলমানদিগের প্রতি একটী গৃঢ় বিধেষবীজ বপন করিয়া দিতেছেন। আধুনিক ইংরাজী শিক্ষিত যুরকদিণের স্বদয়ে মৃদলমানজাতি এবং মৃদলমান ধর্মের প্রতি যতটা বিদেষ দেখা দিয়াছে, পূর্বকালের পারস্তভাষায় হৃশিক্ষিত, সদাচারসম্পন্ন, সদবাহ্মণদিগেরও মনে তাহার অর্দ্ধাংশ দেখা যাইত না। ছাপরা নগরবাসী ক্ষেক্টী ব্রাহ্মণ তত্রত্য একটী স্থপ্রসিদ্ধ মৌলবীর সম্বন্ধে আমাকে বলিয়া-ছিলেন—'মহাশয় ! খেমলবী সাহেব মুদলমান হইলে কি হয়, উনি এমনি পবি থ্রাচার ও পবিত্রমনা ব্যক্তি যে. আমরা ব্রাহ্মণ হইয়াও যদি উহার উচ্ছিষ্ট ভোজন করি, তাহাতে আমরা অপবিত্র হইলাম এমন মনে করিতে পারি না।' বাস্তবিক, মুদলমানদিগের মধ্যে এমনি উদার-চেতা, পবিত্র-কর্ম। মহাশয় সকল, আছেন বটে। আমি অনেকানেক প্রধান প্রধান মৌলবীর সহিত আলাপ, করিয়া বুঝিয়াছি থে, প্রকৃত জ্ঞানসম্পন্ন মুদলমানের। অত্যন্নত আর্য্যমতবাদই গ্রহণ করিয়া আছেন। তাঁহাদিগেরই মধ্যে একজনের দহিত কথোপকথনকালে যথন শুনিলাম "উও ইয়েঃ হায়" আমার বোধ হইল, যেন "দৰ্ব্বং থৰিদং এন্ধ" এই বৈদিক মহাবাক্যটী কোন প্রাচীন ঝ্যির মুখ হইতে বিনির্গত হইল।

"বে'জাতির মধ্যে আজিও এমন দকল লোক বিগুমান আছেন, সেই ক্লাতি যে, আপনার অভ্যুদয় কালে নিরবচ্ছিন্ন অত্যাচারকারীদিগের দার। পরিপূর্ণ ছিল, তাহা কদাপি বিশ্বসনীয় নহে। মুদলমানদিগের ভারতরাজ্য

- (২) "মুসলমান জাতিদিগের সম্বন্ধে দেখা বায় যে মহম্মদ এবং আয়েসা অথব। আলি এবং ফতেমার চরিত্র শ্রীরামচন্দ্র এবং সীতাদেবীর স্থায় পূর্ণসর্বাঙ্গ না হইলেও ঐ চরিত্রগুলিতে অদেকটা উৎকর্ষ আছে। অতএব তাঁহাদের সভ্যতাও উচ্চসভ্যতা বলিয়া গণ্য হইবার যোগ্য। ঐ আদর্শ চরিত্রের প্রতি মুসলমানদিগের প্রীতি ভক্তিও অভি তেজম্বিনী এবং তাঁহাদের চেট্টাশক্তিও নিতান্ত অল্প নয়। এই সকল কারণে মুসলম্খনজাতীয়দিগের সভ্যাবন্থা পঞ্চম স্ত্রের দ্বারা বিচার্য্য—উহা সঙ্কীব।" [সামাজিক প্রবন্ধ—পাশ্চাত্যভাব—উল্লিভিল।
- (৩) "ভারতবাদীর চলিত ভাষাগুলির মধ্যে হিন্দি হিন্দুস্থানীই প্রধান এবং মুদলমানদিগের কল্যাণে উহা সমস্ত মহাদেশব্যাপক। অতএব অনুমান করা যাইতে পারে যে, উহাকে অবলম্বন করিয়াই কোন্ দ্রবর্তী ভবিশ্বকালে সমস্ত ভারতবর্ষের ভাষা সম্মিলিত থাকিবে।" ু সান্যাজিক প্রবন্ধ—ভবিশ্ববিচার, ভারতবর্ষের কথা—ভাষাবিষয়ক]
- '(8) ভারতবর্ষে ধর্ম-বিভিন্নতাঙ্গন্য তীব্র বিষেষ বেশীর্দিন থাকে ।
 না। বর্ণভেদ প্রণালী গ্রাহ্ম থাকায় এখানে বৈবাহিক বিষয়ে বা আহারা-

াদতে মিলন ন। থাকিয়াও লোকের সহাত্মভৃতি রক্ষিত হওয়া চিরাভান্ত।
কৈন এবং শিথদিককে যেমন সাধারণ হিন্দু সমাজের সম্পূর্ণরূপে অন্তর্নিবিষ্ট বলিয়াই বোধ হয় কালে এথানকার মুসলমানেরাও যে ভারতসমাজের মধ্যে একটা বর্ণ বিশেষ রূপেই লক্ষিত হইবেন তাহার সম্পূর্ণ সম্ভাবনা।
[সামাজিক প্রবন্ধ—ভারতবর্ষে মুসলমান]

(৫) "প্রতিবাদী বা বিদেশী যদি মুদলমান গৃষ্টান, বৌদ্ধ অথবা অপর, কিছু হয়েন, তাহাতেও ব্যবহারাদির ব্যতিক্রম হইতে পারে না। হিন্দুর মধ্যে প্রাহ্মণ, কায়ন্ত, নবশাথ অন্তাদ্ধাদি আছে বলিয়া প্রতিবাদী-দিগের মধ্যে পরস্পর ব্যবহারে ত কোন ভেদ করা যায় না। মুদলমান খৃষ্টান ও ব্রাহ্ম প্রভৃতির সহিত্ত সেইরূপ ব্যবহার করা কর্ত্তব্য ভারত-সমাজে বর্ণভেদ প্রথা থাকায় পরস্পর সহাত্ত্তি বাভিলেই অপর ধর্মা-বল্মীদিগকে অতি সল্লাঘাদে সমাজান্তর্গত করিবার পথ পড়িয়া রহিয়াছে দেখিতে পাওয়া যায়।" [সামাজিক প্রবন্ধ—কর্ত্ব্য নির্গ্র স্ত্র নির্দ্ধারণ]

ভূদেব বাব্র ব্যবহার গুণে সকল শ্রেণীর বিশেষতঃ প্রথম শ্রেণীর ছাত্রগণ তাঁহার নিকট আপন আপন পাঠ বলিয়া লইতে আরম্ভ করিল। মি: ক্লিপার নামক জনৈক ইউরেশীর ঐ সময়ে প্রধান শিক্ষক ছিলেন। তিনি ভূদেব বাব্র প্রতি ছাত্রগণের এই প্রকার অর্রাগ দেখিয়া একদিন তাঁহাকে বলিলেন, "ছেলৈরা আপনার প্রতি বড়ই সম্ভই দেখিতেছি এবং আপনার দারা আমার এক্ষণে অনেকটা সাহায্য হইবে ব্ঝিতে পারিতেছি। আপনি যদি প্রত্যহ কিছুক্ষণ করিয়া প্রথম শ্রেণী, পড়াইবার ভার গ্রহণ করেন, তাহা হইলে ঐ সময়টা সন্ধীত * শিখাইয়া অন্যত্র হইতে আমিও আমার্র আয় কিছু বাড়াইয়া লইতে পারি।"

রিক্সার সাহেব একটা থিয়েটারের দলে অভিনয় শিথাইতেন। ভূদেব বাবুর মুধে ৮৮গুটিরণ মজুমদার মহাশন্ত এই থিয়েটারের দলের কথা গুনিয়া উহাতে প্রবেশ গাভেক্স ভূদেব বাবু সাহেবের অভিপ্রায় মত প্রথম শ্রেণীর ভার নইটোর এবং ছই এক মাসের মধ্যে প্রকৃত প্রস্তাবে তিনিই প্রধান শিক্ষকের 'কার্য্য' করিতে লাগিলেন।

কর্ণেল রেলি নামক জনৈক দৈনিক কর্মচারী প্রতি বৃহস্পতিবাব্ধে মাদ্রাসা কলেজ পরিদর্শন করিতে আসিটুতন। তিনি আরবী ভালরপ জানিতেন এবং কলেজের তদানীন্তন প্রিলিপাল আরবী ভাষায় স্থপণ্ডিত সাধু-প্রকৃতিক মৌলবী হাফেজ আহম্মদ কবিরকে ভক্তি শ্রদ্ধা কনিতেন। কর্ণেল রেলি দীর্যাকৃতি, কোপনপ্রকৃতিক এবং প্রভূষণালী দৈনিক প্রকৃষ ছিলেন। তাঁহাকে সকলে বাঘের ক্রাগ্র ভয় করিত। তিনি যেদিন কলেজ পরিদর্শনে আসিতেন সেদিন হেডমান্টার ক্রিন্ধার সাহেব অপর কোথাও যাইতেন না।

ভূদেব বাবু প্রধান শিক্ষকের অনেক কার্য্য করেন এবং প্রধান শিক্ষক যে অধিকাংশ সময় অন্তত্ত ক্ষেপণ করিয়া থাকেন, ইহা মৌলবী হাফেজ কবিরের অজ্ঞান্ত ছিল না। এ সম্বন্ধে কর্ণেল রেলির সহিত কথাপ্রসঙ্গে তিনিই কিছু বলিয়া থাকিবেন।

একদিন কর্ণেল রেলি ভূদেব বাবু যে শ্রেণীতে পড়াইতেছিলেন সেই

হয়েন এবং ভূদেব বাবুকে লিখিয়া পাঠান। প্রকৃত প্রস্তাবে খিয়েটারের দলে প্রবেশ করা চণ্ডী বাবুর মুখ্য উদ্দেশ্য ছিল না। "যে কোন রূপে ভূদেব বাবুর নিকটে থাকাই" উাহার অভিপ্রেত ছিল। প্রত্যন্তরে ভূদেব বাবু ইংরাজীতে লেখেন—"আমি তোমার কথা ক্লিজার সাহেবকে বলিয়াছিলাম; তিনি বলিলেন, 'কোন দেশীয় যুবক সথ করিয়া খিয়েটারে চুকিয়া ছই একটা বিবয়ের অভিনয় করিয়া বাইতে পারে; নতুরা জীবিকা নির্বাহের উপায়্বরূপ ভাবিয়া অভিনয় শিক্ষা করিতে ইচ্ছুক আপনাদের মধ্যে কেছ আছেন বলিয়া আমার বিশাস ছিল না। আপনার বন্ধকে আনিবেন; এদিকে তাহার ৠ বিদি বাভাবিক শক্তি খাকে, তবে তাহা স্থারিকটুট করার চেটার ক্রটি হইবে না।"

ব্বৈণাতে আদিয়া উপস্থিত হইলেন এবং ভূদেব বাবুকে তাঁহার অনুগমন করিতে সঙ্কেত করিয়া কলেজের লাইত্রেরীতে থাইয়া বসিলেন। ভূদেব বাবু লাইবেরীতে কর্ণেলের দমুখীন হইবামাত্র কর্ণেল তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "তুমি প্রথম শ্রেণীর বালকদিগকৈ পড়াইয়া থাক কি না ?" ভূদেব বাবু বলিলেন, "প্রথম ও তৃতীয় শ্রেণীস্থ বালকগণও আপন আপন পাঠ্য বিষয়ের অভ্যাদ করিতে আমার দাহায্য লইয়া থাকে।" এই কথায় কর্ণেল গর্জ্বন করিয়া উঠিয়া বলিলেন, "তুমি আমার কথা কাটাইবার চেষ্টা করিও না: স্পষ্ট করিয়া বল, প্রধান শিক্ষক স্কুল হইতে চলিয়া যায়, আর তুমি, রীতিমত প্রথম শ্রেণীতে পড়াও, একথা সত্য কি না ?" কর্ণেলের ভীষণ মূর্ত্তি দেখিয়া এবং তাঁহার চীংকার শব্দে ভূদেব বাবু একটু ভয় পাইয়াছিলেন; কিন্তু তাঁহার কর্ত্তব্যাকর্ত্তব্য সম্বন্ধে স্বাভাবিক দুঢ়তার वािकम रम नारे। जिनि विनातन, "আপনি হেডমাষ্টারের কথা 'আমাকে' কেন জিজ্ঞাদা করিতেছেন? তিনিত স্থুলেই আছেন; তাঁহাকে ডাকিয়া দিতে পারি: তিনি নিজেই সকল কথার উত্তর দিতে পারিবেন।" কর্ণেল বলিলেন, "তুমি আমার কথার উত্তর দিতে অস্বীকার করিতেছ ?" ভূদেঁব বাবু একটু কাতর স্বারে বলিলেন, "এরপ প্রশ্ন 'আমাকে' কেন জিজ্ঞাসা করিতেছেন ? অন্মগ্রহ পূর্ব্বক হেডমাষ্টারকেই জিজ্ঞাসা কঁকন।" কর্ণেল ভূদেব বাবুর দিকে একপদ অগ্রসর হইয়া কুপিত স্বরে বলিলেন, "এরপ প্রশ্ন আমি তোমাকে জিজ্ঞানা করিতে পারি কি না ?" - ভূদেব বাবুর মনে হইতেছিল এইবার কর্ণেল ধান্ধা দিয়া ফেলিয়া দিবে; চথাপি দ্রবিনয়ে দৃঢ়তার সহিতই বলিলেন, "না, মহাশয় আমার উপরিতন কর্মচারী সম্বন্ধে নয়।"

কর্ণেল ভূদেব বাবুর মুখের দিকে কিয়ৎকাল স্থিরদৃষ্টি থাকিয়া তাঁহার নিকটে অগ্রসর হইয়া গেলেন এবং তাঁহার মন্তকে হন্তার্পণ করতঃ বলিলেন, "যুবক, সর্বাদা এইরপ আচরণ করিও; তাহা হইলেই তুমি জীব্যন উর্নতিলাভ করিতে পারিবে" [ইয়ং ম্যান, অলওয়েল বিহেভ দদ, আওইউ উইল সক্দীড়ইন লাইফ্]।ইহার পরক্ষণেই কর্ণেল কলেজ পরিতাগ্র করিয়া চলিয়া গেলেন। এই সময়টা ক্লিকার সাহেব বিশেষ চিন্তিত হইয়া ক্লাসের ভিতর বাহির করিয়া বেড়াইতেছিলেন। কর্ণেল চলিয়া গেলে তিনি ভূদেব বাব্র নিকট আসিয়া বলিলেন "তুমি আমার নবিক্দে কর্ণেল রেলিকে কিছু বলিতেছিলে?" ভূদেব বাব্ উত্তরেশ্বলিলেন, "এরপ কেন মনে হইতেছে? আমি ব্রাহ্মণ সন্তান!" [হোয়াই ডুইউ সপোজ সো? আই আমার এ ব্রামিক্স সন্, মিষ্টার ক্লিকার!]

এই ঘটনার কয়েকদিন পরে ভূদেব বাবু মাউয়াট সাহেবের সঙ্গে সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। মাউয়াট সাহেব ভূদেব, বাবুকে দেখিয়াই বলিয়া উঠিলেন, "তুমি সে বাঘকে বশ করিলে কিরুপে?" [হাউ কুড্ইউ টেম দ্যাট টাইগার?] ভূদেব বাবু ঐ কথার ভাব ব্রিতে না পারিয়া জিজ্ঞাসা করিলেন, "আপনি কি বলিভেছেন?" সাহেব বলিলেন, "আমি জিজ্ঞাসা করিতেছি, তুমি কর্ণেল রেলিকে কি ক্রিয়া বশ করিলে? গত বৃহস্পতিবার কর্ণেল রেলি আমার নিকট আসিয়া তোমার যথেষ্ট স্থ্যাতি করিয়া গিয়াছেন, এবং তোমাকে অবিলম্বেই স্থবিধামৃত স্থানে হেডমান্টার স্বরূপে নিযুক্ত করিবার জন্ম আমাকে 'অঙ্গীকার' করাইয়া তবে ছাডিয়াছেন।" '

কর্ণেল রেলির ন্থায় উচ্চপদস্থ এবং বিখ্যাত অসামাজিক কোপনস্বভাব সামরিক কর্মচারী মাউয়াট সাহেবের বাড়ীতেএকজন বাঙ্গালীর উ⁵;কারার্থে স্বতঃপ্রবৃত্ত হইয়া যাওয়াতে সাহেব বস্তুতঃই আশ্চর্য্য হইয়াছিলেন।

অতঃপর কয়েক সপ্তাহের মধ্যেই ভূদেব বাবু মাসিক ১৫০ টাকা বেতনে হাওড়া স্থলের হেডমাষ্টার নিযুক্ত হইলেন। (১৮।১০। ১৮৪৯)। ক্রিন জেলা স্থলের হৈডমাষ্টারের পদগুলি ইউরোপীয় এবং ইউরেশীয়-দিগের একচেটিয়া ছিল। ৺ প্যারীচরণ সরকার, প্রভৃতি সিনিয়র রুভিগ্রাপ্ত হিন্দুকলেজের স্থযোগ্য ছাত্রগণই বান্ধালার মধ্যে সর্বপ্রথমে এই পদ পাইয়াছিলেন।

মাজাদায় চাকরী আরম্ভ হাইলে ভূদেব বাবু মাসে মাসে ২৫ ু টাকা আনিয়া পিতাকে দিতেন। ৫০ ু টাকা মাহিনার মধ্যে ২৫ ু টাকামাত্র দিলেও তর্কভূষণ মহাশয় কথন পুল্রকে কোন কথা জিজ্ঞাদা করেন নাই। হাওড়া স্কুলের চাকরী হইলে মাসে ৭৫ ু টাকা পিতাকে দিতেন। স্বরূপ বাব্রু দেনা শোধ এইরূপে তাঁহার পৃথক্ রক্ষিত টাকা দারা হইয়া গেলে মাহিনার অর্দ্ধেক টাকা ব্যাম্বে জমা রাখা হইতে লাগিল। এই ভাবে অর্দ্ধেক আয়ের সঞ্চয় ব্যবস্থায় এই সময়েই, পাঁয়ত। ল্লিশ বংসর পরে স্থাপিত, 'বিশ্বনাথ এই ফণ্ডের' মূল পতান হইয়াছিল বলা যাইতে পারে।

এফাদশ অধ্যায়

~~\$°00€\$

[হাওড়াতে ছাত্রনিগের সহিত প্রাচীন হিন্দু পদ্ধতির অনুবায়ী প্রীতিকর সৃদ্ধন্ধ;
নিঃ হজসন প্রাট; দেশীয় সাহিজ্ঞা-সমাজ; পীটরের
জীবনচরিত; এডুকেশন্ব গেজেট]

১৮৪৯ খৃ: অবে হাওড়া স্থূলের ছাত্রসংখ্যা ১০৬ এবং প্রধান শিক্ষক ব্যতীত অপর তিন জন শিক্ষকের বেতন যথাক্রমে ৫০১ এবং ৩০১ ও ২০১ টাকা ছিল। তিনজন মাত্র সহকারী অবলম্বন করিয়া ভূদেব বাবু তাঁহার স্বাভাবিক ষত্ন ও অধ্যবসায় সহকারে বালর্কদিগকে শিক্ষা দিতে লাগিলেন। তিনি মনে করিতেন যে, তিনিই সমগ্র স্থলের অধ্যাপক; অপর শিক্ষকগণ তাঁহার একান্ত প্রীতিভাজন সহকারী মাত্র। তিনি প্রত্যহ সকল শ্রেণীগুলিই পরিদর্শন করিতেন, কোন শ্রেণীর কোন ছাঁত্রই তাঁহার অপরিচিত ছিল না। পরদিনের পাঠ্যস্থল গুলির ফোথায় কি ভাবে বালকদিগকে শিথাইতে হুইবে, প্রত্যহ স্থুল বন্ধ হইবার পর তিনি প্রত্যেক শিক্ষককে দে সম্বন্ধে পরামর্শ দিতেন। এই উপাণ্ডের দ্বারা সর্ব্ব নিমৃ শ্রেণী হইতে সর্ব্বোচ্চ শ্রেণী পর্যন্ত সকল শ্রেণীর ছাত্রগণই হিন্দু কলেজের একজন অত্যুৎকৃষ্ট ছাত্রের এবং পরম পবিত্র অধ্যাপক বংশ সম্ভূত অসাধারণ উৎসাহ সম্পন্ন শিক্ষকের পাঠনার ফল প্রাগ্র হইতে লাগিল। নিম শ্রেণী সমূহে স্বল্পজ শিক্ষকদের হাতে পড়িয়া ছেলেদের সময়ের যে কিরূপ অপব্যয় হয়, তাহা অনেকেরই জানা আছে। কোন প্রসিদ্ধ স্থলের ইংরাজী শিক্ষক নিম্ন শ্রেণীস্থ ছাত্রদিগকে প্রত্যহ তুই তিন

পাতা করিয়া পড়া দ্রিতেন। সেই একই পড়া তিন চারি দিন থাকিয়া যাইত, তথাপি উহা ভাল প্রস্তুত হইয়া উঠিত না। কোন ছেলের অভিভাবক উক্ত বিষয় সেই শিক্ষকের গোচর করায় তিনি বলেন, "যাহারা পারিবে তাহারা ঐ রকম পড়িবে, আর যাহারা পরিবে না তাহাদের জ্ব্যু না হয় স্বতম্ত্র 'দেক্দন' খোলা হইবে।" অংশুন শিক্ষকদিগের এইরপ খানখেয়ালি কোন বিভালয়ের প্রধান শিক্ষক জানিতেও পারেন না; কিন্তু হাওড়ার স্থলে এ সকলের স্থান ছিল না। অধাপ্য বিষয় গুলির মধ্যে যে যে গৃঢ়ার্থ, লক্ষ্য নির্দেশ প্রভৃতি আছে, ভূদেব,বাবুর ব্যবস্থায় পাঠনার প্র্রাদিনে সহকারী শিক্ষকদের দে দিকে দৃষ্টি আকর্ষিত হইত এবং তজ্জ্ব্যু পাঠনা অতি স্থলর এবং ছাত্রদিগের হারয়গ্রাহী হইত। অধন্তন শিক্ষকেরাও এতদারা স্থশিক্ষক বলিয়া স্থ্যাতি ভাজন হইতে লাগিলেন এবং পরে বিভিন্ন বিভালয়ের পদোন্নতি প্রাপ্ত হইয়া ভিলেন।

ঐ সময়ে স্থল সংক্রান্ত কর্তৃপক্ষীয়গণ ইউরোপীয় প্রধান শিক্ষক রাধার বিশেষ পক্ষপাতী ছিলেন। ধর্ম শিক্ষা এবং বিছা দান সম্বন্ধ হিন্দুর উৎকর্ষ এবং সাহজিক শক্তির কথা না জানা থাকায় তাঁহাদের একটা ভ্রান্ত ধারণা ছিল যে, শিক্ষাদানে নিপুণতা ও অধ্যবসায়শ্বীলতা এবং নিয়মান্ত্রগামিতা (ডিসিপ্লিন) রক্ষা করানর শক্তি ইউরোপীয়দিগের অধিক; উচ্চ শ্রেণীর ইংরাজী স্থুল পরিচালনে দেশীয় শিক্ষকগণ তাঁহাদের সমকক্ষ নহেন।

১৮৪৮-৪৯ খৃঃ অব্দের হাওড়া স্কুল সংক্রান্ত রিপোর্টের এক স্থলে স্থল কমিটী বলিয়াছিলেন:—"স্থলের পরীক্ষার ফল সাধারণতঃ সস্তোষ-জনক হৃইয়াছে। সকল শ্রেণী গুলিতেই বংসরকাল মধ্যে সমানভাবে উন্নতি সাধিত হইয়াছে। আমার বোধ হয় আর একজন শিক্ষক নিযুক্ত পাকিলে ফল আরও সন্তোষজনক হইত। তিনটি শিক্ষকে কাজ চলিতে পারে সত্য, কিন্তু শিক্ষকদিগের মধ্যে যিনি যে শ্রেণীতে পড়াইবেন, তিনি

সেই শ্রেণীর জন্মই দায়ী, এরপ ব্যবস্থায় কাজ অপেকাকত ভাল ইন। বিশেষতঃ শ্রেখানে ইউরোপীয় হেড মাপ্তার নাই সেধানে এইরপ ব্যবস্থারই প্রশ্নোজন।"

হাওড়ার আদিষ্টান্ট ম্যাজিষ্ট্রেট মিং হজসন প্রাট হাওড়া স্থল কমিটীর সেকেটরী ছিলেন। উত্তর পাড়ার স্থপ্রদিদ্ধ জীনদার পদ্মকৃষ্ণ মুখোপাধ্যায়, জেলার দিভিল সার্জন, জেলার মাজিষ্ট্রেট, দালকিয়া এবং লবণ গোলার স্থপরিন্টেণ্ডেন্ট সাহেব—ইহারা মেম্বর ছিলেন। স্থলে তথন পাঁচুটি শ্রেণী ছিল, তন্মধ্যে সর্ব্ব নিম্নটীতে ত্ইটী বিভাগ ছিল। ১৮৪৯—৫০ সালের বিপোর্টে, হাওড়া ও উত্তরপাড়া উভয় স্থলের ফলাফল তুলনা ক্রিয়া স্থানীয় কমিটীর সম্পাদক নিম্নলিখিতরূপ মন্তব্য প্রকাশ ক্রিয়াছিলেন:—

"জ্যামিতি ও বাজগণিতে প্রথম শ্রেণীর ছাত্রগণ বিলক্ষণ উন্নতি লাভ করিয়াছে; ইহা প্রধান শিক্ষক মহাশয়ের বিশেষ গুণপূর্নার ও যত্নের ফল। যে সকল ছাত্র ঘংসরের প্রথমে কিছুই জানিত না বলিলেই হয়, তাহারাও এই এক বংসরের মধ্যে যথেষ্ট শিক্ষালাভ করিয়াছে।

"দ্বিতীয় শ্রেণীর ছাত্রগণের ইংরাজী আবৃত্তি অতি স্থলর। দেশীয় স্থলে সচরাচর উচ্চারণাদি সমুদ্ধে যে সকল ক্রটি দেখা যাঁয়, এখানে তাহা দেখিলাম না। পঠিত বিষয়ে ছাত্রদের শব্দ বিত্যাস জ্ঞান এবং অর্থাদি বোধ বেশ হইয়াছে। উত্তর পাড়া স্থলে তুইজন শিক্ষক বেশী থাকিলেও * তথায় এই শ্রেণীর ছাত্রগণ এ সকল বিষয়ে অপেক্ষাক্ত নিকৃষ্ট। ছেলেরা অতি উৎকৃষ্ট এবং সংক্ষিপ্ত প্রক্রিয়ায় অন্ধ ক্সিতে পারে। অন্ধ ক্সিবার প্রকৃত তথ্য তাহারা যে হাদয়ন্দম ক্রিতে পারিয়াছে উক্ত প্রক্রিয়া্য তাহা বেশ ব্রা যায়। কেবল পাঠ্য পুন্তক মৃথস্থ ক্রাইয়া ছেলেদের ইতিহাস

^{*} এই সময়ে মিয়্টার য়াও উত্তর পাড়া ক্ষুলের প্রধান শিক্ষক ছিলেন। তিনি পরে বহরমপুর কলেজের অধ্যক্ষ হইয়াছিলেন।

শ্বিকা দেওয়া হয় কাই দেখিয়া আমি বড়ই সন্তুট হইয়াছি। উত্তর পাড়া স্থলে এই শ্রেণীতে ছেলেদের গোল্ডনিথের গ্রীস ও রোমের সংক্ষিপ্ত ইতিহাস মাত্র পড়ান হয়, কিন্তু এখানে ছাত্রগণ উহার বড় সংস্করণ পড়িয়া থাকে। প্রধান শিক্ষক বাব্ ভূদেব ম্থোপাধ্যায় নহাশ্যের গুণপনা ও কার্যাক্ষমতার প্রশংসা না করিয়া আমি এই রিপোর্টের উপসংহার করিতে পারি না। যে কার্য্যের ভার তাঁহার উপর হাস্ত রাখা হইয়াছে সেই কার্য্যের সম্যক্ পরিচালনার উপযোগী প্রকৃতি ও কার্যাক্ষমতা বিশিষ্ট ব্যক্তি আর কাহাকেও পাইবার সন্তাননা আছে বলিয়া আমার বিশাস হয় না। আহি আননন্দের সহিত বলিতেছি সমগ্র দেশীয় সমাজ আমার তিই বিশাসের অন্তমাদন করিতেছেন।"

প্রায় সাড়ে ছয় বংসর হাবড়া স্থলে কার্য্য করিয়া ভূদেব বাবু হুগলী নর্ম্মাল স্থলে যাও্যার অব্যবহিত পূর্বে ছাত্রসংখ্যা ২৬৬ হয়। স্থলের স্ববিষয়ে উন্নতি সম্বন্ধে স্থল কমিটা তাঁহাদের রিপোর্টে বরাবরই বিশেষ সম্ভোষ প্রকাশ করিয়াছিলেন।

হাওড়া স্থলের প্রত্যেক শিক্ষক ও ছাত্রের প্রতিই ভূদেব বাব্র বিশেষভাবে দৃষ্ট ছিল। তাঁহার উদার হৃদয়ের ফুল্ম সহাত্তভূতিগুণে সকলের সকল বিষয়ের স্থবিধা অস্থাঁবধা তিনি অক্রেশে ব্রিয়া লইতে পারিতেন, এবং সর্বাদিক্দশী হিতৈষী উপদেষ্টার আকারে সকলের চক্ষে লক্ষিত হইতেন। যে সকল ছাত্র লেখা পড়ায় ঔদাস্য করিত, তিনি তাহাদিগকে কয়েক দিনের জন্ম তাঁহার বাটীতে রাধিয়া দিতে তাহাদিগের অভিভাবক-গণকে বিশেষভাবে অন্থরোধ করিতেন। এদেশে ব্রাহ্মণ শিক্ষকের বাড়ীতে থাকিয়া পাঠাভ্যাস করা চিরপ্রসিদ্ধ প্রথা; স্থতরাং অভিভাবকগণ সানন্দে ঐরপ প্রস্তাবে সম্মত হইতেন। এই রূপে পাঁচ ছয় জন ছাত্র নিয়ত তাঁহার বাড়ীতে আহারাদি ও রাত্রিযাপন করিত।

উহাদিগের মধ্যে আপনাপন বাটীতে কাহার কোন্ নদিকে পাঠ থিষটে কিরপ অস্থবিধা আছে তাহা শীঘ্রই তাঁহার স্থল্ল অমুসন্ধানে ধরা পড়িত এবং অভিভাবকগণকে তাহা বুঝাইয়া দিয়া তিনি সেই সকল অস্ত্রবিধার যথাসন্তব নিরাকরণ করাইয়া দিতেন এবং ছাত্রদেরও অন্তরে **আত্ম**-সম্মানবোধের উত্তেক করিয়া দিয়া পাঠীভ্যাসে তাহাদের অধ্যবসায় জন্মাইয়া দিতেন। এক পক্ষকাল তাঁহার নিকটে থাকিলে অতিশয় হুষ্ট ও অলস বালকও কিয়ৎপরিমাণে অধ্যবসায়শীল হইয়া উঠিত_। বস্তুত:, যাহারা অনাবিষ্ট ছাত্র বলিয়া প্রসিদ্ধ হয়, দেই সকল বালকের বাড়ীতে শিক্ষা, সাহচর্য্য, দুষ্টান্ত, প্রভৃতি সম্বন্ধে কিরূপ অন্তরায় আছে, তাহা তাহাদের অভিভাবকগণ স্থূল দৃষ্টিতে না দেখায়, অথবা কিব্নপ সহন্ধ উপায়ে ঐ সকল অম্ববিধা নিরাকৃত হইতে পারে তাহা স্বস্পষ্টরূপে ব্রিতে না পারায়, অনেক স্থলে ঐ সকল বালকের পাঠের ক্ষতি এবং দুর্ণাম হইয়া থাকে। তাঁহার ছাত্রগণ মধ্যে অনেকেই কর্মক্ষেত্রে প্রতিষ্ঠালাভ করিয়াছেন। কাশ্মীর ও কুমিল্লার ইঞ্জিনিয়ার হুলেথক ৺ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য ও স্কুল সমূহের ডিপুটী ইন্পেক্টর স্থশিক্ষিত স্থলেথক ৺শরচনদ্র চট্টোপাধ্যায় এবং বিচার বিভাগের উচ্চ পদস্ত কর্মচারী ৺অমৃতলাল পাল ও ৺অমৃতলাল চট্টোপাধ্যায় প্রভৃতি ভূদেব বাবুর ছাত্র। হাওড়ার স্কুলের প্রধান শিক্ষকের পদ পাইয়া তিনি তাঁহার চন্দননগর স্কুলের ছাত্র পদারকানাথ র্চক্রবর্তীকে নিজের রাদায় আনয়ন করেন এবং হাওড়া স্থলে ভর্ত্তি করিয়া দেন। দারকানাথ এই স্থল হইতে এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হন । ভূদেব বাবুর সহধর্মিণী তাঁহার ছাত্রদিগের প্রতি একান্ত মাতৃভাবাপন্না ছিলেন 🖔 তিনিই উল্যোগী হইয়া পরে দারকানাথ বাবুর বিবাহ দিয়াছিলেন। দারকানাৎ বাবুও তাঁহার অক্বত্রিম ভক্তির এবং প্রীতির নিদর্শন স্বরূপে বিবাহের পর সর্বাগ্রে ভূদেব বাবুর বাড়ীতেই নববধু আনম্বন করেন; ভূদেব বাবুর

প্রা উহাকে 'আমার বড়বৌমা' বলিয়া আশীর্কাদ করিবার পর, বর বধু ভক্তে আনে তাঁহার্দের নিজ গৃহে গিয়াছিলেন !

ভূদেব বাবু একেবারেই কলহ-বিমুখ ছিলেন। কিন্তু 'বিশেষ অগ্রায়'
দেখিলে যথেষ্ট দৃঢ়তার সহিত চলিতেন। হাওড়ার স্থলে কর্ম করিবার সময়
তিনি কিছু কাল প্রত্যহ কলিকাতার বাটী হইতেই যাতারাত করিতেন;
তজ্জ্য তাঁহার একগানি নৌকার বন্দোবন্ত ছিল। একদিন সন্ধ্যার
প্রাক্তানে তিনি স্থল হইতে বাটী যাইবার জন্ম আপন নৌকার আসিয়া উঠিলে
একজন সাহেবেও ঐ নৌকাতেই উঠিয়াপড়িলেন। ভূদেব বাবু কলিকাতার
আরমণি ঘাটে শ্মিতেন; তদমুসারে মাঝি আরমাণি ঘাটের উদ্দোশ্রই
নৌকা চালাইতে লাগিল। সাহেব বলিয়া উঠিলেন, "টমসন্ ঘাট চলো।"
মাঝি সাহেবের কথা শুনিয়া ইতন্ততঃ করিতে লাগিল।

ভূদেব বারু সাহেবকে বুঝাইয়া বলিলেন—"মহাশয়! আমি নিতাই এই নৌকায় পার ছই, মাঝি আমার মাদ মাহিনা করা; অদ্যও আমিই প্রথম উঠিয়াছিলাম; স্বতরাং এ নৌকা এখন আমার; আপনি আমার নৌকাতেই উঠিতে পাইয়াছেন—ইহাই জানিবেন। নিকটে আরমণি ঘাট; আমাকে নামাইয়া ওপার দিয়াই টমদৃন্ ঘাট যাইবে; আপনার অন্থবিধা হইবে না।" সাহেব এই স্বদঙ্গত এবং অতি ধীরভাবে কথিত বাক্যে জুক্ষেপ না করিয়া, 'এতদ্দেশীয়ের' নিকট আপন জিদ বজায় রাখিবার জন্ত, অবজ্ঞার সহিত বলিলেন, "না, আগে টমদন ঘাটে যাইবে।"

তথন ভূদেব বাবু একটু দৃঢ়ভাবে কিন্তু ধীরে ধীরেই বলিলেন, "আমার শারীরিক বল বেশী; আর আমি সাঁতার দিতে জানি। যদি এই বিবাদ উপলক্ষে/ নৌকার উপদ্বই হাতাহাতি হয়, এবং আমরা উভয়েই জলে পড়িয়া যাই, তাহা ইইলে আমি সাঁতার দিয়া তীরে উঠিতে পারিব।"

"বলী বলং বেন্তি।" ইউরোপীয়ের সহজাত ধর্মই এই যে, তিনি

তুর্বলকে একটু দ্বণা এবং সক্ষমকে সর্বধা সমাদর করিয়া থাকেন। ভূদ্ব বাব্র ঐরপ কথায় এবং ধরণে সাহেব ব্ঝিতে পারিলেন যে এ ক্ষেত্রে অন্যায় জিদ ছাড়িয়া দেওয়াই সঙ্গত। তিনি অনেকটা স্বভত্ত তাবেই বলিলেন, 'আচ্ছা বাবু! স্নাগে আরমাণি ঘাটেই চলুক।"

ভূদেব বাবু স্থভাবতঃ বড়ই 'মুখচোরা' ছিলেন। পঠদশায়
সহপাঠীদিগের সহিত ডিবেটিং ক্লবে বক্কৃতাদি কেরিয়া তিনি ঐ দোষ
সংশোধনের চেষ্টা করিয়াছিলেন; কিন্তু সেধানেও তাঁহাকে বক্তৃতা
লিখিয়া লইয়া গিয়া পড়িতে হইত। পরিণত বয়সে তাঁহার কথা বার্তার
ধরণে এবং প্রত্যুৎপন্নমতিত্ব তিনি যে স্থভীবতঃ একান্ত 'মুখচোরা' তাহা
কেহই বুঝিতে পারিতেন না। কিন্তু সাধারণ সভায় তিনি কথন 'মুখদীর্ঘ
বক্তৃতা করেন নাই এবং তাঁহার বক্তৃতা শক্তির খ্যাতিও নাই। আবশ্যক
মত সর্ববিত্তই ক্থিতিশ্য বিষয়ের সারগর্ভ আলোচনা ক্রিয়াদেন বটে, কিন্তু
কিন্তপে সংক্ষেপে প্রয়োজনীয় কথা গুলি মাত্র বলিবেন, তাহা পূর্বেই দ্বির
করিয়া রাখিতেন; নিজেকে কত্ক্টা সভাক্ষ্র ব্রিয়া, উপস্থিত বৃদ্ধির
উপর নির্ভর করিতে পারিতেন না। হাওড়া স্থ্লে কার্য্য করার সময়
অপরিচিত ব্যক্তির নিকটে মুখচোরা ভাব অত্যধিক প্রকটিত হইত।

প্র্যাট সাহেব প্রায়ই শ্বুলে আসিয়া ছাত্রগণের পরীক্ষা গ্রহণ করিতেন; ভূদেব বাবু ঐ সময়ে মনে করিতেন, সাহেবের সঙ্গে থাকিয়া কি হইবে? ততক্ষণ ছাত্রদিগের ক্লাদের সাপ্তাহিক পরীক্ষার উত্তর গুলি দেখি।"—
এইরূপ বিচারে তিনি লাইবেরিতে সরিয়া গিয়া কান্ধ করিতেন।

তিনি উত্তরকালে নিজের এই আচরণের সমালোচনা করিয়া বলিয়াছিলেন, "মহয়ের মন আপনাকে ঠকাইতে বড়ই মঙ্গর্ত। আমি সে সময়ে মনে করিতাম যে, বিশেষ যথন কিছু বলিবার নাই, তথন সাহেবের সঙ্গে সঙ্গে থাকিলে তোষামোদ মাত্র করা হয়; উনি আপনার নুদ্ধি করুন, আমি নিজের কাজ করি। কিন্তু দেখিতে পাইতেছি যে,
আমার মুখনোরামির জন্তই ওরপ বিচার প্রণালী আনার প্রীতিকর
হইয়াছিল; আর সেই জন্তই 'ব্ঝিতে' পারি নাই যে, ওরপ স্থলে প্রধান
শিক্ষকের উপস্থিত থাক। শিষ্টাচার সন্ধৃত, এবং উপস্থিত থাকিলে কিছু
না কিছু শেখা যায়। কিরুপ প্রশ্ন কিরুপ ধরণে অপরিচিত লোকে
জিজ্ঞাসা করিলে দেলেরা তাহার কিরুপ উত্তর দেয়, শিক্ষকের তাহা
জানিয়া রাখা এবং যে সকল ছাত্র অপরিচিতের নিকট একেবারে
মুখচোরা হইয়া যায়, তাহাদের ঐ দোষ শোধরাইয়া দেওয়ার চেষ্টা করা
উচিত। এতজ্বতীত শিক্ষিও ইংরেজের সংশ্রবে অনেক বিষয় শিথিতে
পার্মীয়ায়।"

দিভি্লিয়ন প্রাট সাহেব ভ্লেব বাব্র পূর্ব্বোক্তরূপ ব্যবহারে প্রথমে বিশেষ অসম্ভূই হইয়া মাউয়াট সাহেবকে পত্র লিথিয়াছিলেন যে, হাওড়া স্থলে একজন 'স্কর্মাসা' হেড মাষ্টার পাঠান আবশুক। প্রত্যুত্তরে মাউয়াট সাহেব লিথিলেন, "হাওড়া স্থলের বর্ত্তমান হেড মাষ্টার বিশেষ যোগ্য লোক; তাঁহারে বাগাড়ম্বরপ্রিয়তা নাই বলিয়াই আপনি এখনও তাঁহাকে চিনিয়া উঠিতে পাবেন নাই; উহার সহিত একদিন আপনি 'নিজে চেষ্টা করিয়া' কথাবার্ত্তা কহিলেই উহার উপর শ্রেমীসম্পন্ন হইয়া পড়িবেন।"

হর্ত্তনন প্রাট নাহেব প্রকৃতই অতি সজন বাক্তি ছিলেন। এদেশীয়গণের কিসে সর্ব্বেপ্রকার মঙ্গলসাথন হইতে পারে, অন্তরের সহিত এই চিন্তা তিনি সর্ব্বদাই করিতেন। তাঁহার মনে দেশীয় বিবেবের লেশমাত্র ছিল না।—"বিধাতার বিধানে ইংরাজ এখন এ দেশের রাজা, দেশীয়গণ তাঁহাদের প্রজা; এরপ অবস্থায় সিভিলিয়ানগণ বদি 'অবিরত এদেশীয়গণের কল্যাণ চিন্তামাত্র' করেন, তবেই প্রকৃত প্রতাবে তাঁহাদের কর্ত্তব্য পালন করা হয়; অন্তথা ইংরাজের এ দেশ ছাড়িয়া যাওয়াই উচিত"—ধর্মাত্রা ক্ষেক্সশী প্রাট সাহেব এতই নিশুত এবং উচ্চমত পোষণ করিতেন!

মাউয়াট সাহেবের নিকট হইতে উল্লিখিতরপ প্রত্যুত্তর পাইবার প্র একদিন প্রাট নাহেব স্থলের ছুটী হইলেই তথায় আঁদিলেন এবং ভূদেন' বাবুকে দঙ্গে লইয়া একখানি বেঞ্চের উপর বসিলেন। ছই এক কথার পর তিনি ভূদেব বাবুকে জিজ্ঞাদা করিলেন "আপনি মাঝে মাঝে আমার সহিত সাক্ষাৎ করেন না কেন?" প্রকৃত প্রস্তান্তে ভূদেব বাবু এরপ সাক্ষাৎ করার সম্বন্ধে কোন কথা কখন ভাবেন নাই। সাহেবের উক্তর্রপ প্রশ্নে ভূদেব বাবু কেন মান নাই তাহা ভাবিতে লাগিলেন এবং সাহেদদেগের বাড়ী মাওয়ায় ধে যে অস্থবিধা আছে, তাহা যেমন যেমন মনে হইতে লাগিল তাহা সরলভাবে বলিতে লাগিলেন।

তিনি বলিলেন, "আপনি থাকেন অনেকটা দূরে।" প্রাট নিহেব বলিলেন, "হাঁ, আমি ঘুস্থড়িতে থাকি; একটু দূরে বটে; কিন্তু রবিবার অথবা কোন ছুটীর দিনে আমার সহিত সাক্ষাৎ করিকে পার্দ্ধন।" ভূদেব বাবু বলিলেন, "রবিবারে কি ছুটীর দিনে আমি প্রায়ই কলিকাতায় পিতৃঠাকুরের নিকটে যাই; আর আমি সাহেবদের সহিত সাক্ষাৎ করিতে অভ্যন্ত নই।" প্রাট সাহেব বলিলেন, "আপনি কি কোন-ইউরোপীয়ের সহিত দেখা করিতে যান না ?" ভূদেব বাবু বলিলেন, "মাউয়াট সাহেব, ভদ্ সাহেব, লঙ্ সাহেব—ইহাঁদিগের সহিত দেখা করিতে যাই। উহাঁরা আমাকে ভালবাদেন; আমাকে অনেকক্ষণ বাহিরে বসাইয়া,রাথেন না এবং উহাঁদিগের চাপরাদীরাও আমার প্রতি তাচ্ছল্য দেখায় না— গা ঘেঁদিয়া চলে না।"

ভূদেব বাবু চাকরীর উমেদারী করিয়া বেড়াইবার সময় যে স্কল বড় বড় সাহেবের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন, তাঁহাদিগের কাহার কাহার বাড়ীর ধরণ শারণ হওয়ায় সাহেবের প্রশ্নে এরূপ সরল ভাবে সত্য কথা ব্যক্ত করিলেন। ইহাতে প্র্যাট সাহেব বিরক্তি বোধ করিবেন কি ক্রিবেন না, তাহা ভাবিয়া দেখিলেন না। প্র্যাট সাহেবও ভূদেব বিরুব এইরূপ উত্তর্গের কিছুমাত্র বিরক্ত হইলেন না। সরল সভ্যবাদী 'ত্নিয়ালারাতে' একান্ত অনভিজ্ঞ কোন অধ্যাপক পণ্ডিতের সহিত বাক্যালাপে যেমন শ্রদ্ধা ও প্রীতির উল্লেক হয়, তাঁহার সেইরূপই হইতেছিল।

তিনি বলিলেন, "আপনি আমার নিকট মাঝে মাঝে যাইবেন; সেথানে আপনার বিদিবার জন্য একটি ঘর নির্দিষ্ট থাকিবে; কাহার অমুমতির অপেকা না করিয়া সেই ঘরে গিয়া বিদ্বেন এবং তৃথায় পৃস্তক ও সংবাদ হোদি যাহা সর্বদা রক্ষিত থাকিবে, তাহা আপনি আপন ইচ্ছামত দেখিতে থাকিবেন। আপনি পৌছিলেই আমার চাকরেরা আমাকে মংবাদ দিবে; আমি যত শীঘ্র পারি, আসিয়া দেখা করিব। ঘদি বাহিরে ক্লোথাও গিয়া থাকি, অথবা কোন কাজে নিভান্ত ব্যস্ত থাকি এবং সেহক্রে আমার যাইতে কিছু বিলম্ব হয়, তবে পৃস্তক ও সংবাদপত্রাদি পাঠ করিয়া আপনি সে সময়টুকু ক্ষেপণ করিতে পারিবেন। আমার একান্ত আত্মীয় বন্ধু কেহ দেখা করিতে আদিলে যেরপ সম্মান প্রদর্শন করা উচিত্, আপনার প্রতি আমার চাকরেরা সেইরপ সম্মান প্রদর্শন করিবে। কেমন, এইরপ বন্দোবন্ত হইলে চলিবে না কি ?" ভূদেব বাবু বিশেষ তুট্ট হইয়া বলিলেন, "হাঁ, হইবে।"

অতঃপর তিনি মধ্যে মধ্যে প্রাট সাহেবের সহিত সাক্ষাৎ করিতে লাগিলেন এবং অল্পদিন মধ্যে উভয়েই উভয়ের মাহাত্মা উপলব্ধি করায়, পরস্পরের বন্ধত্ম ক্রমশঃ এত প্রগাঢ় হইয়া উঠিল যে, কোন সময়ে ভূদেব বাবুর পীড়া হইলে প্রাট সাহেব ও তাঁহার মেম উভয়ে প্রত্যহ ভূদেব বাবুর হাওড়া রামকৃষ্ণপুরের বাসায় গিয়া চিকিৎসার পরামর্শ ও শুশ্রবার উপদেশ দিয়া আসিতেন।

ভূদেব বাব্র দেহান্তের পর ইণ্ডিয়ান ম্যাগজিন পত্তে প্রাট সাংহত্ যে পত্র লেখেন তাহাতে উপরোক্ত কথা বার্ত্তার একটু আভাষ প্রভর্ম যায় বিলিয়া এই স্থলেই তাহার অমুবাদ সন্নিবেশ করা গেল :—*

"বর্ত্তমান বর্ষের (১৮৯৪) জুলাই সংখ্যার ইণ্ডিয়ান ম্যাগাজিন ও রিভিউ পত্রে আমার বন্ধু ভূদেব মুখোপাধ্যায়ের মৃত্যু সংবাদ দেখিয়া চমকিত হইয়াছি। আমি মনে করিতাম, ভূদেব বাবু স্পানেক দিনই লোকা-ভরতি হইয়া থাকিবেন। চল্লিশ বংসর আমাদের শীত্র লেখালেথি হয় নাই। কিন্তু আমি তাঁহাকে বিশ্বত হই নাই। ভারতবাসীর মধ্যে তিনিই আমার প্রথম বন্ধু। তাঁহার লায় বিশুদ্ধ চিষ্ট আমি কোগাও কাহার দেখি নাই। আমার ভারত প্রবাসের প্রথমেই তিনি আমার মনে যে প্রগাদ ভাব অন্ধিত করিয়া দিয়াছিলেন তাহা বুঝাইবার জন্ত কয়েকটা কথা বিশতেছি।

"তাঁহাকে জানিতেন এমন যাঁহার। আছেন, তাঁহারা আমার এই সন্মানস্চক সামাত্ত কথাগুলিতে হয়ত পরিতৃষ্ট হইবেন। । যথন ভূদেব বাবু

So many years have elapsed since I last saw my deceased friend, that it startled me to see an obituary notice of him in the July number of the *Indian Magazine & Review*. I had supposed that he had long passed away from this life. Through more than forty years of silence on both sides, I have never lorgotten him. He was my first Indian friend, and I have seldom known a finer soul. He made a deep impression on me in those first years of my Indian life, and I naturally desire to say here how much, I have always cherished that impression.

It may, perchance, gratify some who knew him—and are still living—to read these few poor words in his honour. Our acquain-

^{*} THE LATE BHOODEB MOOKERJEE.

হাওড়া গবর্ণমেন্ট স্কুলের হেডমান্টার তথন হইতে আমাদের পরিচয়।
আমি তথন দিভিল অফিদার স্বরূপে প্রথম কার্যাক্ষেত্রে অবতীর্ণ হংয়াছি।
ভূদের বাব্র সেই দীর্ঘ স্থমহান্ আকার, সেই স্থগৌরকান্তি, সেই মনোরম
ম্থাবয়ব, সেই স্থবিমল ধবল পরিচ্ছদ এখনও আমার এরপ স্কুপ্তর মনে
পড়িতেছে যেন কলা দেখিয়াছিলাম। তিনি বয়দে কিছু বড় ছিলেন এবং
উচ্চ বর্ণের হিন্দুর প্রস্কৃতিসিদ্ধ চিন্তাশীলতার ও গান্তীর্যাের সহিত কথাবার্ত্তা
কহিতেন। তাঁহার কথাবার্তায় আয়াআয় সম্বন্ধ স্ক্রাহ্মস্ক্র দৃষ্টি সর্ব্বদাই
আর্ভুত হইত। এটা হিন্দু রান্ধণের স্বভাবসিদ্ধ। জীবনের উচ্চতর
আর্দুর্শ পরিগ্রহটে তাঁহার 'নীরব তংপরতা' ছিল; কোনরূপ বাগাড়ম্বর
ছিল না; পূর্ণ আয়্রু সম্মান এবং নীতি বিষয়ক স্থগভার জ্ঞান হেতু
কপটতা তিনি জানিতেন না। শিক্ষকের দায়িয় তিনি বেশ ব্রিতেন;
তাঁহার ছাতেরা নিশ্ববিভালয়ের শিক্ষার জন্ত প্রস্তত হইতেছিল; কিন্তু
সে বিষয়ে উচ্চবাচ্য ছিল না। যাহা হদমে উদিত হইত, তিন্তির একটা

tance began when he was Head Master of the Government School in Howrah, a suburb of Calcutta, on the west bank of the River Hooghly, and when I was beginning my days of service as a civil officer. I see, as clearly as if it were yesterday, that tall and dignified figure, in his pure white robe, and those handsome features of fair complexion. He was somewhat older than I was, and spoke with that thoughtfulness and gravity which mark the Hindoo of high caste. It conversation was inspired by that strong thical perception which is also habitual to a Hindu of Brahmin descent. There was in him a quiet readiness to accept all the higher ideals of life without any cant or surface profession; he was too full of grave self-respect, and endowed with a too high a

কথাও তিনি মুখে বলিতে পারিতেন না। কোন ইউরোপীয় পরিদর্শকের অথবা তাঁহার উপরিতন কোন কর্মচারীর তোষামোদ তিনি করিতে পারি-তেন না—অথচ নিশ্চয়ই জানিতেন যে তাহাতে স্ববিধাই ঘটিতে পারে।

আমি যথনই যে ইংরাজকৈ দেশীয়ের অবিধাসিতার ও কপটতার কথা বলিয়া নিন্দা করিতে শুনিয়াছি, ওখনই আমি তাহাকে আমার ভারতীয় বন্ধু ভূদেব বাবুর কথা বলিয়াছি! ভূদেব বাবু কথন মিথ্যা বলিতে বা কাহারও তোষামোদ করিতে অথবা সরল সংপ্থার্ফারণের বিরোধী কোনরূপ কার্যাই করিতে পারিতেনু না। আমার সর্কাষের 'চেক' আমি ভূদেব বাবুর হত্তে নামসহি করিয়া দিয়া নিশ্চিন্ত হৃহতে পারিতাম;

moral sense for any insincerity. He recognized to the full/he responsibility of his task as a teacher of young lads, many of whom were preparing for a college education; but he never chattered about it. He seemed incapable of saying a word more than he felt, or of resorting to flattery or obsequiousness to his English visitor and official superior. He could not be ignorant, however, that if he pleased that visitor, it might not improbably be an advantage to him for his whole life.

When, in after years, I heard Englishmen talk glibly about "native untrustworthiness and duplicity," I used to tell them of Bhoodeb Mookerjee, my Indian friend, who could not tell a lie, or fawn—or, indeed act otherwise than with the utmost uprightness. I used to add that I would, with the utmost confidence, place in that man's hands bonds or certificates "payable to bearer," representing all I possessed in the world, and without asking for receipt. Yet, all this time he was a typical Hindoo, in his wonderful dignity

তজ্ন কোনরপ রিদি লইতে আমার প্রবৃত্তি হইত না। এ দিকে আবার তিনি আদর্শ হিন্দুই ছিলেন। চমংকার গান্তীর্য ও প্রায় স্থালোকের লায় মধুরতা এবং আয়াভিমান-শৃগতার ও সম্পূর্ণ বিশ্বস্ততার পবিত্র সমাবেশ তাঁহাতে ছিল। এই সকল গুণ ষে কেবল ভাহারই ছিল, তাহা নহে। এ গুণগুলি যে তাঁহার জাতীয় প্রকৃতিগত, দে বিষয়ে আমার কোন সন্দেহ নাই। প্রাচ্য ও পাশ্চাত্যজাতির ভিতরে আগুরিক ভালবাসা জন্মিয়া পরস্পরের যাহাতে নিকট সম্বন্ধ হয়—আমার বরাবরই যে ইচ্ছা আছে। ইহার হেতু ভূদেব বাব্র সহিত আমার পরিচয় ব্যতাত আর শিছ্পই নহে তাহা তে উভয় পক্ষেরই বিস্তর লাভ। কি সামাজিক, কি রাজনৈতিক, কি বর্ম্মান্স্মাক যে কোন ক্ষেত্রে যদি ইংরাজ ও ভারতবাসী পরস্পরে বিশ্বস্তাবে মিলিয়া কার্য করে, তবে তাহা অপেক্ষা ভারত ও ইংলগু উভরের প্রক্ষ অবিকতর শুভকর আর কিছুই হইতে পারে না। তাহা হইলে একের গুণে অন্তের অভাবের পরিপূরণ হইতে পারিবে। উভয় জাতির প্রষ্টা জগদীশ্বরের ইচ্ছায় সময়ক্রমে তাহা হইবে।"

ভূদেব খাবু হাবড়া স্থলে থাকা কালেই হজদন প্র্যাট সাহেব বেহার, উড়িষ্যা ও পশ্চিফ বাঙ্গলা – এই তিন প্রদেশের অংশ সংশ্লিষ্ট "পশ্চিম সার্কেলের" স্থল সমূহের ইন্স্পেক্টর নিযুক্ত হইয়াছিলেন।

and his almost feminine gentleness, with entire absence of self-consciousness and absolute reliableness. I am certain that these qualities were not peculiar to him; but that they belong to his race. It was this acquaintance with Bhoodeb Mookerjee that made me, ever afterwards, long to see the existence of close personal relations, deep and hearty friendships, between the men of the West and the men of the East, alike in India and in England.

ন্তন ন্তন পুস্তক ছাপাইয়া বান্ধালা সাহিত্যের উন্নতি সাধনের জন্মএই সময়ে 'দেশীয় সাহিত্য সমান্ধ' (ভানাকুলার লিটারেচর সোসাইটাঁ) নামে একটা সভা প্রতিষ্ঠিত হয়। প্র্যাট সাহেব ইহার একজন উদ্যোগী ছিলেন। স্বপণ্ডিত রেভারেগু ৺কৃষ্ণমোধন বন্দ্যোপাধ্যায় এবং অসাধারণ রিল্ঞা-বৃদ্ধি সম্পন্ন বান্ধালীর গৌরব দয়ার সাগর পণ্ডিত পৌষরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় উক্ত সমাজ দারা 'পুস্তক নির্বাচক' নিযুক্ত হইয়াছিলেন। বিদ্যাসাগর মহাশয় তথন যুগপং কলিকাতা সংস্কৃত কলেজের অধ্যক্ষ এবং স্কুল পম্হের সরকারী ইন্ম্পেক্টরের পদে অধিষ্ঠিত ছিলেন; সমাজ সংস্করণ চেষ্টা হেতু বান্ধালার তদানীস্তন ছোটলাট বাহাত্র হ্যালিডে সাহেত্রের নিকটে যাজায়াত ছিল এবং ফোর্ট উইলিয়ম কলেজে অনেক সিন্টিলিয়ানদিগের পহিত সংস্থাব হেতু গবর্ণমেন্টের উচ্চপদস্থ কর্ম্মচারীদিগের মধ্যেও তাঁহার্ট বিশেষ প্রতিপত্তি ছিল; তাঁহার অসাধারণ দানশীলতা হেতু তিনি সাধারণ জনগণেরও বিশেষ সম্মান এবং অন্থ্রাগভাজন হইয়াছিলেন বিশ্বত দেশীয়ন্ধান্য তথন বিদ্যাসাগর মহাশয়েরই সমধিক প্রতিপত্তি ছিল।

প্র্যাট সাহেবের প্ররোচনায় ভূদেব বাবু বান্ধালা ভাষায় ক্ষরীয় সমাট মহাত্মা পীটরের জীবন চরিত লিখিয়া উক্ত সাহিত্য সমাজের হস্তে অর্পন করেন। ঐ পুস্তকথানি রেভারেও ক্বফমোহন বন্দোপাধ্যায়ের মনোনাত হয়, কিন্তু বিত্যাসাগর মহাশ্য উহার প্রশংসা না করায় উহা প্রকাশিত হয়

The gain would indeed be great on both sides. Nothing could be better for India or for England than complete confidence and co-operation between the two races in all the fields of social, political, and religious progress. The qualities of the two should supplement one another. In time it will be so, under the controlling destinies marked out by the Creator of both.

HODGSON PRATT.

, নাই। পরম স্বজা, তিবৎসল এবং রুসীয় উন্নতির মূল-পত্তনকারী মহাত্মা পীটরের জীবন চরিত, একান্ত স্বদেশ-প্রেমিক ভূদেব বাবুর হত্তে চিত্রিত দেখিতে পাইলে স্থােধর বিষয় হইত।

এই সময়ে "ভাস্কর" নামে একথানি সংবাদপত্তে গ্রন্থমেণ্টের কোন সংকার্য্য সম্বন্ধে অযথোচিত উক্তি প্রকাশিত হয়। প্র্যাট সাহেব উক্ত প্রবন্ধ ভূদেব বাবুকে পাঠ করাইয়া জিজ্ঞাসা করিয়াছিলেন, "প্রবন্ধটীতে যে সকল কথা বলা হইয়াছে ঐ সকল কি ঠিক ?" ভূদেব বাবু বলিলেন, "না।" সাহেব বলিলেন, "তবে দেখুন দেখি, এরপ লেখা কতদুর অস্তায় হইয়াছে!" ভূদেই বাবু বলিলেন, "লেখকের উহাতে দোষ নাই।" সাহেব বলিলেই, "লেখা অস্তায় হইয়াছে, অথচ লেখকের দোষ হয় নাই, সে কিরপ কথা ?" ভিদেব বাবু বলিলেন, "গ্রন্থমেণ্টের-নীতি দেশীয়গণকে বুঝাইয়া দিবার কোন উপায় করা হয় নাই; স্তরাং দেশীয়গণ তংসম্বন্ধে যখন যেরপ আলাজী বুঝান সেইরপই বলিয়া থাকেন। গ্রন্থমেণ্টের উদ্দেশ্ত যাহাতে সাধারণে ঠিক বুঝিতে পারে, তজ্জ্য গ্রন্থমেণ্টের একথানি বাদালা সংবাদপত্র ছার্যা সর্বন্ধা সকল কথাই সরল ভাবে জানান উচিত।"

ভূদেব বাবু শর্মনাই বলিতেন, "সত্য এবং সরল ব্যবহারে কাহার কোনরপ অনিষ্ট ঘটিতে গারে না—সাধারণের সহাভূতির অপেক্ষা না করিয়া, শুল লোকের মত না লইয়া, কার্য্য করিতে অভ্যন্ত হইলে কার্য্যকারীদিগের মনে ক্রমশঃ হঠকারিতা, নির্দ্যমতা, অভ্যায়াচরণ আসিয়া পড়ে। বস্তুতঃ, যে নীতি সমাজের প্রত্যেক ব্যক্তির পক্ষে প্রশন্ত, তাহাই সমগ্র স্মাজের এবং রাজার পক্ষে প্রশন্ত—গবর্ণমেণ্টেরও সরল এবং প্রকাশ্য পথেই চলা উচিত।"

গবর্ণমেন্টের উদ্দেশ্য ব্ঝাবার জন্ম একথানি বাঙ্গালা কাগজ প্রচার সম্বন্ধে ভূদেব বাবুর উল্লিখিত রূপ অসঙ্গত প্রভাব প্র্যাট সাহেবের মনো- মত হইল; তিনি উহা গবর্গমেন্টকে জানাইলেন এবং গবর্গমেন্টও, উহা প্রাছ করিলেন। ইহা হইতেই সাপ্তাহিক এড়কেশন গেজেট সংবাদপতের উৎপত্তি হইল (১৮৫৬)। প্রাটি সাহেব ভূদেব বাবুকেই উহার সম্পাদক নিযুক্ত করিবার জন্ট গবর্গমেন্টকে অনুরোধ করিয়াছিলেন; কিন্তু তথনকার গবর্গমেন্ট দেশীয় কাহাকেও সঠিক রাজনৈতিক সংবাদ দিছে এবং ওরূপ পত্রের সম্পাদক নিযুক্ত করিতে সঙ্কোচ বোধ করায়, রেভারেও স্মিথ সাহেব উক্ত কার্য্যে নিযুক্ত হইলেন। বার বংসর পরে (১৮৬৮ ডিসেম্বর), এড়কেশন গেজেটের সম্পূর্ণ স্বন্ধ ভূদেব বাবুর হত্তে আসিলে তাহার প্রস্তাব ক্রমেই এড়কেশন গেজেটের উৎপত্তি স্প্র্যার কথা স্কুমণে তিনি তাহার সম্পাদিত প্রথম সংখ্যাতে উহাকে, ঘরের ছেলেগ্রাকী অভিহিত করেন।

দ্বাদুশ অধ্যায়

--<3 **X**-3>←--

শিক্ষাবিধায়ক প্রস্তাব, নর্মাল স্কুলের প্রধান শিক্ষকতা প্রাপ্তির জস্ত প্রতিষোগী পরীক্ষা, মোগল পাঠান, ৮ঈখরচক্র বিদ্যাসাগর, বিধবা বিবাহ সান্দোলন, স্থানব বাবুর মত, ৮জয়কুঞ্চ মুখোপাধ্যায়।

হাপ্ড। স্থলে ভূদিব বাবু ছয় বংসর আট মাস চাকরী করার পর (১৮৫৬) মফফলের বাঙ্গালা স্থল সমূহের জন্ম শিক্ষক প্রস্তুত করণার্থ গবর্ণমেণ্টের ক্ষ্মালি স্থল সংস্থাপনের প্রয়োজন হইলে, প্রাট সাহেব ভূদেব বাবুকে হুগলী নর্ম্মাল স্থলের প্রধান শিক্ষকের পদপ্রার্থী হইয়া প্রতিযোগী পরীক্ষা দিতে পরামর্শ দিলেন। সে সময়ের হিন্দু কলেজের উত্তীর্ণ, কেবল মাত্র ইংরাজীতে ব্যংপন্ন, ছাত্রগণ বাঙ্গালা ভাষায় কে কিরপ অধ্যাপনা করিতে সমর্থ তাহা বুঝিনের জন্ম বাঙ্গালা ভাষায় কি পরীক্ষার ব্যবস্থা হয়।

ভূদেব বাব্ ইতিপুর্কেই তাঁহার "শিক্ষাবিধায়ক প্রস্তাব" নামক প্রস্তাক রচনা করিয়াছিলেন। একণে তিনি দেই পুস্তকথানি লইয়া ৺ঈশবচক্ত বিভাগাগর মহাশায় উহা দেখিয়া বলিলেন; "এই যে 'ক্লেম' (দাবী) দেওয়া হইয়াছে!" ভূদেব বাব্ নর্ম্যাল স্থলের প্রধান শিক্ষকের পদ প্রাপ্তির স্থবিধা করার জন্ম সম্বর্মে শিক্ষাসম্বন্ধীয় ঐ পুস্তকথানি লিখিয়া ফেলিয়াছেন, এইরূপ মনে করিয়া ৺বিভাগাগর মহাশায় উক্তরূপ 'দাবী দেওয়ার' কথা বলিয়াছিলেন।

এই পরীক্ষায় ৺মাইকেল মধুস্থান দত্তের সহিত ভূদেব নাবুর । প্রতিযোগিতা হয়। এতৎসম্বন্ধে ভূদেব বাবু লিখিয়াছেন:—

"मधु मालाञ्च रहेटा कितिया जामात পत नन्धान ऋत्नत ध्रधान । শিক্ষকের পদ থালি হওয়ায়, এপদে উপযুক্ত লোক বাছিয়া লইবার জন্ত একটি প্রতিযোগী পরীক্ষা গৃহীত হয়। মধুঁ ও আমি উভয়েই ঐ পরীক্ষা দিই এবং উক্ত পদ আমারই হয়। কিন্তু এখানে একটী কথা বলিয়া রাথি , পরীক্ষায় ভাল হইলেই যে প্রকৃত গুণের পরিচয় পার্ওয়া যায়, তাহা নহে। মধু ও আমি যতবার এক দঙ্গে পরীক্ষা দিয়াছি প্রায় সকল-বারই আমি উহার উপরে হইয়াছি। কিন্তু তাহা হইক্লেও তাহার প্রপ্তিভা আমাদিগের মধ্যে অতুল্য ছিল বলিয়াই আমি জার্নিতাম। নর্মাল স্থলে উক্ত পরীক্ষা দিবার সময়ও মধুর বাঞ্চালা ভাষায় তাদৃশ দখল হয় নাই। তথনও দে 'পৃথিবী' লিখিতে 'প্রথিবী' লিখিত , কিন্তু সেই মধু কিছুকাল পরেই, আমার নর্ম্যাল স্কুলে থাকার সময়েই, মেঘনাদবধ কাব্য প্রণয়ন করে এবং মধুর প্রণীত সেই মেঘনাদবধ কাব্য অতি সমাদরে গ্রহণ করিয়া স্থামি নর্ম্যাল স্কুলে আমার ছাত্রদের পড়াইয়াছি। বিহাতের ন্তায় যেন চারিপিকেই খেলিত; আমার সেরপ কিছু ছিল না। উত্তরবামচরিতে আত্রেয়ী ও বনদেবতার পরম্পরের কথোপকথন প্রসঙ্গে কবি ভবভৃতি লিখিয়াছেন, 'প্রভবতি শুচিবিষোদ্গ্রাহে মণির্নমূপাং চয়:।' আমাদের উভয়ের ও ঠিক তাই হইয়াছিল; মধুর বুদ্ধি বিশদ মণির স্থায় ছিল-প্ৰতিবিম্ব গ্ৰহণে সমৰ্থ হইত।"

এই প্রতিষোগী পরীক্ষায় গণিত এবং জড়-বিজ্ঞান সম্বন্ধীয় প্রশ্নের লিখিত উত্তর দিতে হইয়াছিল; ইতিহাস প্রভৃতি কয়েকটি বিষয়ে মৌখিক পরীক্ষা লওয়া হইয়াছিল।

^{*} এীমুক্ত বোগেক্সনাথ বস্থ প্রণীত মাইকেল মধুস্থদনের জীবন-চরিতে ভূদেব বাবুর পত্র।

¢

ভূদেব বাবুকে মৌথিক পরীক্ষা করিবার জন্ম কলিকাত। মির্জ্ঞাপুরস্থ বেভারেও লঙ সাহেবের স্থলে একদিন ইতিহাস পড়াইতে দেওয়া হয়। ৺ কালিদাস মৈত্র, পাদরী লঙ সাহেব এবং উড্রো সাহেব উপস্থিত থাকিয়া ভাঁহার ইতিহাসের পাঠনা শ্রবন করেন। ভূদেব বাবু ইতিহাস পাঠনার সময় নানাপ্রকার নৃত্তন প্রণাণীতে এবং প্রকৃত ঐতিহাসিক দৃষ্টিসহ ধর্ম স্ত্রে দেথাইয়া ছার্ত্রদিগের চিত্ত আকর্ষণ করিতেন। এই পরীক্ষার সময় তিনি য়েরপে ইতিহাসের পাঠনা করিয়াছিলেন, তাহা সেই কৌশলের উদাহরণ স্বরূপে একটু বিশদ ভাবেই লিখিত হইতেছে।

শরীক্ষক আকারের রাজত্বকাল বর্ণন করিতে বলিলে, ভূদেব বাবু ঐ সময়ে দেখিতে পাইলে যে, স্থল ঘরের মেঝেতে 'মোগল পাঠান' খেলার একটি ঘর আঁকা রহিয়াছে; স্থুলের দরওয়ান এবং বেহারা উক্ত ঘর কাটিয়া কোন प्रादं থেলা করিয়াছিল। ভূদেব বাবু সেই ঘরটাকে লক্ষ্য করিয়া পাঠন। আরম্ভ করিলেন। প্রথমে ছেলেদের জিজ্ঞাদা করিলেন, "উহা কিসের ঘর ?" একজন বলিল "মোগল পাঠান খেলার ঘর।" তথন ছুদেব বাবু বলিলেন যে, ইতিহাসের অতি প্রধান প্রধান ঘটনাগুলি জাতীয় জীবনের সহিত নানাপ্রকারে মিশিয়া যায়। বঙ্গদেশে "ছেলে ঘুমাল, পাড়া জুড়াল বর্গি এল দেশে, বুলবুলিতে ধান থেয়েছে **থাজনা দিন্ন কিনে"—এই ছেলে ঘুম পাড়ানর ছড়াতেই ভারতবর্ষে** भशंताश्चीयिन्दिशत প্রাত্তাব এবং উহাদের দারা সক্ল প্রদেশেই চৌপ জালায় আজও পশ্চিম বান্ধলার প্রতি পরিবারকে স্মরণ করাইতেছে; **অদ্যাপিও স্না**য়র্লণ্ড দেশে আইরিশ মাতারা "ক্রমওয়েল ধরিবে" এই , কথা বলিয়া ছেলে চুপ করাইয়া থাকেন; আয়র্লণ্ডের কার্থলিক প্রজাবৃন্দ राक्रभ कार्कादं क्रम अस्म बाजा भागि इरेग्ना हिल्लन, उल्लिथिक "ক্রমওয়েল ধরিবে" কথাতেই তাহার ছায়া পাওয়া যায়; দেইরূপ

বন্দদেশে 'মোগল ও পাঠান' এই তুই জাতির 'সাম্রাজ্যাধিকারু জন্ম বহুকালস্থায়ী বিষম যুদ্ধবিগ্রহের চিহ্ন 'মোগল-পাঠান' থেলাতে রহিয়া গিয়াছে। পরে মোগলই বা কাহারা, পাঠানই বা কাহারা, বাবর সাহের. দারা পাঠানদিগের পরাজ্ঞাে দিল্লতে মোগল সাম্রাজ্য স্থাপন, তাঁহার পুরু ভ্নায়ুনের পাঠানবীর শেরসাহের নিষ্ট পরাজয়, ভ্নায়ুনের পুনরায় সাঞ্রাজ্য প্রাপ্তি, সমাট আক্বরের বহু যুদ্ধের পর' বান্ধালা জয় সংক্ষেপে বর্ণন করিলেন। আকবর সাহের কিরুপ দুরদর্শিতা ও মহামুভর্ণতা ছিল, কিরপে জাতিধর্মনিবিবশেষে হিন্দু মুদলমান দকল প্রজার প্রতি উপযুক্ত ব্যবহার দ্বারা অল্পসংখ্যক মোগলের নেতা হইলেও তিনি তৎকলীন 'পাঠানের মূলুক' আর্যাবর্ত্তে মোগল রাজবংশরে একেবারে ফ্রন্টরূপে সংস্থাপিত করিতে পারিয়াছিলেন, তাহার উল্লেখে বলিলেন রুব, স্বজাতীয় মোগল যোদ্ধাদিগকেও মহারাজ মানসিংহ হভুক্তি প্রতিভাশালী বাঙ্গপুত সেনাপতিগণের অধানে কার্য্য করাইয়া এবং রাজা তোড়রমলকে প্রধান রাজম্বর্গাচব নিযুক্ত করিয়া, আকবর সাহ 'গুণের গৌরবের' অতীব উজ্জ্বল উদাহরণ দেখাইয়া গিয়াছেন। ঐ প্রাকার অসাধারণ উদারতা ঘারা কিরূপে তিনি হিন্ ও মুনলমান, সক্তন শ্রেণীর প্রতিভা-শালী লোকদিগকে 'নিজের' করিয়া লইতে পারিয়াছিলেন, কিরূপে এই বিস্তীর্ণ ভূভাগে ধর্ম-বিদ্বেষ এবং জাতি-বিদ্বেষ নির্ব্বাপিত-প্রায় করিতে পারিয়াছিলেন, কিরূপে শিল্প সন্ধীত কাব্য ইতিহাদ প্রভৃতির উন্নতি চেষ্টায় তানসেন, বীরবল, ফৈন্সী প্রভৃতি "আঠার রত্নের" সমাদ্য করেন এবং সমস্ত সাম্রাজ্যের জরিপ জমাবন্দী ও আয় ব্যয়ের বন্দোবস্ত করিয়াছিলেন, তৎসমন্ত বর্ণন করিলেন। আরও দেথাইলেন যে, আকবর-সাহ যদি ভারতের বাহির হইতে দলে দলে মোগল আনাইয়া ভারতের রাজকার্য্যে নিযুক্ত করিবার চেষ্টায় থাকিতেন, তাহা হইলে সম্ভবতঃ হিন্দু

দিগের হাদয়াকর্ষণ চেষ্টার স্থবৃদ্ধি তাঁহার ভাগ্যে ঘটিত না এবং তাহা হইলে মোগলের দান্তিকতা এবং তজ্জনিত হিন্দু ও পাঠান উভয়ের পীড়ন হয় ত এতদূর. হইত যে, কথনই মোগল সাম্রাজ্য বদ্ধমূল হইতে পারিত না। এইরূপে জিনি ছাত্রদিগকে ব্ঝাইয়া দিলেন যে, আক্রমসাহ নিজে যে অবস্থায় পড়িয়াছিলেন এবং তাঁহার হেদ্ধপ উদার হাদয় ও দ্রদর্শিতা ছিল, তাহা হইতেই তিনি মোগল-পাঠানের মৃদ্ধ নির্ব্বাপিত এবং আধুনিক ভারতের উপয়োগী শাসন 'সর্ব্বোৎক্লইরূপে' করিয়া অক্ষম্ব কীর্ত্তি রাথিয়া গিয়াছেন।

লঙ্ সাহেবের তথনও বাঙ্গালা ভালরপ দখল হয় নাই। তিনি সধল কথা বুরিতে না পারায় জিজ্ঞাসা করিলেন, "এ সকল ত মোগল-পাঠানের কথা। জাকবরের কথা কি হইল ?" কিন্তু তথন সমাট আকবরের রাজত্বালের প্রধান ঐতিহাসিক ঘটনাগুলি কিরপে স্থাটের নির্বাচিত কর্মচারীদিগের যোগেতা ও পাঠানের মধ্যে গৃহবিচ্ছেদ হইতে প্রস্তৃত্বইয়াছিল, ভূদেব বাবু তাহা অতি স্ক্কোশলে উপপন্ন করিয়া দিয়াছিলেন। বাবু কালিদাস মৈত্র মুগ্ধ হইয়া পাঠনা শুনিতেছিলেন; তিনি বলিলেন, "অতি স্থলররণেই বলা শেষ হইয়াছে।" ছাত্রগণ তদ্গত চিত্তে এই পাঠনা শুনিতেছিল। তাহাদেরই একজন পণ্ডিত লালমোহন বিদ্যানিধি মহাশমের নিকট এই পাঠনার কথা বর্ণন করিয়া বলিয়াছিলেন, "এই বৃদ্ধ বয়স পর্যান্ত সেই অপুর্ব্ধ পাঠনা অক্ষরে অক্ষরে স্থলণ রহিয়াছে।"

ভূদেব বাবুর হাবড়া স্থলে থাকিবার সময়েই বিধুবা বিবাহ, আইন
(১৮৫৬ অব্দের ৫ আইন) ৺ঈশরচন্দ্র বিদ্যাদাগর মহাশয়ের ঐকান্তিক
চেষ্টায় বিধিবদ্ধ হয়। বিধবা বিবাহ সম্বন্ধীয় আন্দোলনের প্রথমাবস্থায়
,বিদ্যাদাগর মহাশয় কলিকাতার দকল ভদ্র লোককেই স্বমতে আনিবার
চেষ্টায় তাঁহাদিগের বাড়ী বাড়ী গিয়াছিলেন। ৺তর্কভূষণ মহাশয়ের সহিত
বিদ্যাদাগর মহাশয়ের সাক্ষাৎ হয় নাই; ভূদেব বাবুর সহিত ঐ বিষয়ে

অনেক কথোপকথন হইয়াছিল। কিন্তু এক্ষেত্রে ছুই জুনের মত একুেবারে, বিভিন্ন ছিল এবং ছুই জনেই অকপট হাদয় ও দৃঢ়ব্রত।

ভূদেব বাবু ব্যক্তিগত স্থাপ্বাচ্ছন্দ্যকে অপেক্ষাকৃত তুচ্ছ মনে, করি-তেন; সমস্ত সমাজের স্থাধী উপকারকেই সারাৎসার ভাবিতেন এবং-জানিতেন যে যাহাতে ভবিষ্যতে সমাধ্যের স্থবিধা, ব্যক্তিগত ইহ পার-লৌকিক স্বাচ্ছন্দ্য মোটের উপর তাহাতেই অধিক।

বিদ্যাদাগর মহাশয় সমগ্র সমাজ সম্বন্ধ দ্রদৃষ্টি একটু কর্ম করিয়া এবং দয়াদাক্ষিণ্যাদি করুণ ভাবে একটু বিচলিত হইয়া অপরের ব্যক্তিগতু স্থাবাচ্চল্যের উপস্থিত বৃদ্ধির জন্ম অধিক চেষ্টা করা উচিত মনে করিচেন। সেই জন্মই, বোধ হয়, তিনি উচ্চ জাতীয় বাল্রিধবার বিবাদ-পোষক শাস্ত্রীয় বচনাদির অন্তুদয়ানে প্রবৃত্ত হইয়াছিলেন।

ভূদেব বাবু বিদ্যাসাগর মহাশয়ের সদাচারপশ্সন্ন পরোপকারিতা, তেজন্মিতা, সারল্য, পাণ্ডিত্য প্রভৃতি "ব্রাহ্মণা" গুণে তাঁহার প্রতি বিশিষ্ট শ্রাদ্রাস্পন্ন ছিলেন; কিন্তু বিধবা বিবাহ সম্বন্ধীয় আন্দোলনে স্থানাজের ক্ষতির ভয় করিতেন। বিদ্যাসাগর মহাশয়ের বিধবা বিবাহ প্রচলন চেষ্টা উচ্চশ্রেণীর মুধ্যে এক প্রকার বিফল হইলা যাওয়ার পর শেষ ব্য়সে * তৃত্বনে বড়ই প্রীতিকর সম্বন্ধ জন্মিঘাছিল। ভূদেব বাবু বিবিধ প্রবন্ধ—বিতীয়ভাগে "স্বাধীন চিন্তা" শীর্ষক প্রবন্ধে লিধিয়াছেল:—

^{*} দ্বারদাগর ৮ বিদ্যাদাগর মহাশর শেব বাবদে তাঁহার দ্বার উপকৃত্দিগের অকৃতজ্ঞতা দখনে দর্বদাই কোভপ্রকাশ করিতেন; এমনকি কথন কথন বলিতেন, "আমি ভ উহার কোন 'উপকার' করি নাই, 'তবে' ও ব্যক্তি আমার বিক্লন্ধাচরণ করিতেছে কেন !" তিনি অবস্থানীরে ক্রাদীভালার আদিলে ভূদেব বাবু তাঁহাকে দেখিতে যান। অকৃতজ্ঞতার কথা উঠিলে ভূদেব বাবু বলেন—"আশনার কিন্ত ও কথাটা বিলাঠিক নয়। ভাষার উপকার জন্ম দুগ্র বাকালী জাতিটা আপনার নিক্ট

"বিদ্যাসাগর মহালয় যথন বিধবাবিবাঁহ প্রচলন চেষ্টা করিয়াছিলেন তথন আমাদের নব্য সংখারকেরা তাঁহাকে ইংরাজী শিক্ষার অমুরূপ মত প্রচার করিতে দেখিয়া তাঁহাকে আপনাদের ন্যায় 'স্বাধীন চিন্তাশীল' বলিয়া খির করেন এবং আনন্দে অধীর হন। ১ এই জন্ম তিনি যে আচার বাবহারে নৈষ্ঠিক হিন্দু ছিলেন, মেট। তাঁহাদের বড়ই বিসদৃশ ঠেকিত। শেষে তিনি যথন সন্মতি আইনের বিক্লম্বে মত দিলেন, তথন আর 'ক্রতবিদ্যেরা' তাঁহাতে স্বাধীন চিন্তার আভাদ দেখিতে পাইলেন না। বিধবা বিবাহ প্রবৃত্তিমার্গের অনুকূল এবং হিন্দু যে ভাবে ক্রমশঃ বৈবাহিক ব্যবস্থার সংস্কার করিয়া আসিতেছেন, তাহার বিপরীত ব্যবস্থা বলিয়া ঐ চেষ্টা বিদ্যা নাগর মহাশয়ের পক্ষে 'চাঁদে কলম্ব' বলিয়াই আমি মনে করি; কিন্তু যে জন্মই তাঁহার ঐ দিকে প্রবৃত্তি হউক, তাঁহার দ্বীবনে অনেকটা একই ভাবের নিয়মাত্মগামিত। দেখিতে পাই। তিনি বিধবা বিবাহ আন্দোলনের সময়ে অন্তঃকরণের পরাধীনতা প্রকাশ করিয়া বৈদেশিক মত প্রচার চেষ্টা করিতেছিলেন না। ইংরাজী শিক্ষ-তেরা তাহা মনে করিয়াই স্থা ইইয়াছিলেন বটে, কিন্তু তিনি প্রকৃতপক্ষে পরাশর শ্বতির অধীনে আসিয়। কতকটা স্বাধীনতা বজায় রাথিয়াছিলেন। তিনি षिতौय जात्नानरनत मगय । राष्ट्र यकाणीय नायरकत्र अधीन ছিলেন; স্থত্রাং সহবাদ সম্মতি সম্বন্ধে শ্বৃতির মতবাদ ত্যাগ করিয়া ইংরাজা মতের পোষক অন্ত কোন কিছু খুঁজিতে যান নাই, এবং

^{&#}x27;চিব্ল ক্বতক্ত'। ভাল লোক যাঁহাদের আপনি সাহায্য করিয়াছেন—তাঁহারা আপনার 'গোলাম'। তবে সাহায্য পাইলেই একান্ত অপাত্রগুলা কিরূপে হুপাত হইরা পড়িবে ?" ,এই কথা গুলিতে ৬ বিদ্যাসাগর মহাশর বিশেষ শান্তিলান্ত করিয়াছিলেন, এবং দরার 'আবেগে যে সময়ে সময়ে তাঁহার দ্বারা 'অপাত্রে দান' ঘট্যা গিয়াছিল তাহা ধীকার করিয়া শেষোক্ত কথাগুলি সম্বন্ধে বলেন "তা বটে!"

ইংরাজের গুলি 'নিজের স্বাধীন টিস্তাপ্রস্ত' বলিয় খ্যাপন করিতেও যান নাই। তবে তিনি যে সামাজিক সংস্কার বিষয়ে রাজ ব্যবস্থার ' অমুকুল ছিলেন সেটা দেশ কাল পাত্র বিবেচনায় তাঁহার বুঝিবার ভুল।"

ভবিশ্যতে কোন্ কার্য্য স্বাজাতির সর্ব্রোচ্চ শ্রেণীর অকল্যাণকর হইয়। দাঁড়াইবে, ভূদেব বাবু তাহা জ্ঞান চক্ষে দেখায় ভূদেব বাবু মহু ছাড়িয়া পরাশরকে ধরা "সংস্কার" মনে করেন নাই। * তিনি বলিতেন যে নির্ত্তিমার্গে, এবং সংযমের পথেই ভারতবাসীর সকল শ্রেণ্টই উন্নত হইবে; অন্থ পথে কতক লোককে লইয়া গেলে, কৃত কৃত্র সম্প্রদায়ে বিভক্ত হইয়া সমাজ আরও ত্র্বল হইবে মাত্র।

ভূদেব বাব্র সংস্কার পৃত পবিত্র পূর্ব-পুরুষদিগের মধ্যে স্ত্রীবিয়োগের পরেও কেহ কথন পুনর্বার দার পরিগ্রহ করিয়াছেন বলিয়া জানা নাই;

^{* &}quot;মহর্থ: বিপরীতা যা সা শুতি ন প্রশস্ততে।" অপর্দিজি "কলৌ পরাশর মৃতঃ" বচন আছে বটে, কিন্ত এখনও ঘোর কলি হয় নাই এবং ওদিকে সমাজের মন যায় নাই। পকান্তরে মহা নির্বাণ তন্ত্র বলিয়াছেন যে কতক লোক কলির অধিকারের বাহিরে বয়াবরই থাকিবেন; — সাধ্নাং কিছরঃ কলিঃ।

[&]quot;বে সম্লাদী হই মাছে, দে কি আর গৃহী হইতে পারে ? যদি হয়, তবে দে প্রকৃত আশ্রমন্তঃ। নামান্ত ব্ জিন্পেও দেব, যে গিয়াছে তাহাকে মনে করিতেই হইবে। যদি তাহাকে ভূমিতে পার, তবে না পার কি ? আবার বাহাকে গ্রহণ করিলে ভাহাকে বই ত পার কাহাকেও মনে করিতে নাই। তবেই ছই বার ণিবাহ করিলে মহা সম্কট বাবিল। এক পক্ষে মনে করিতেই হইবে—পক্ষান্তরে মনে করিতেও নাই! প্র ছইরের যে পক্ষ অবলম্বন করিবে, তাহাতেই কর্তব্যর ক্রটা হইবে, ধাানের ব্যাঘাত জান্নিবে, পবিত্রতা বিনম্ভ হইবে। এই জপে ভাবিয়া দেখিলে কোম্তের মতেই ভাল বিলয়া বোধ হয়। তিনি বলেন কি স্ত্রী, কি প্রস্ব কেইই একাধিকবার বিবাহ করিবে না। আমাদিগের শান্তেও বলে প্রথম বিবাহই সংস্কার, তাহার পর আর সংস্কার হয় না।" পারিবারিক প্রবল—হিতীয় দারপরিগ্রহ।

তিনি যে উচ্চ শ্রেণীয় মধ্যে বিধবা বিবাহের বিরোধী হইবেন ইহা স্বতঃসিদ্ধ। 'ভূদেব বাবু তাঁহার পারিবারিক প্রবন্ধ এন্থে বেদ্ধপ লিথিয়াছেন তদন্ত্যায়ী নিয়মে বিধবার পালন করিলে সংসার অতি পবিত্র হইয়াই উঠে। *

বিন্যাদাগর মহাশয় শকুন্তলা, পাতার বননাদ, বেতাল পঞ্চিংশতি প্রস্থৃতি এন্থে দংস্কৃত ভাষার অক্ষয় ভাগারের সন্থাবহার দেখাইয়া বাঙ্গালা গতা রচনাম উৎকর্ষ দম্পাদন করিয়া গিয়াছেন। ভূদেব বাবু দর্মনাই বিলিতেন "বাঙ্গালার গোরব ৺বিতাদাগর মহাশয়ের ভাল কায়্টা (ভাষার উয়তি) স্থায়ী হইয়া স্বজাতির উপকার দাবন করিতে থাকিবে এবং তাঁহার নাম চিরস্মরণীয় রাধিবে; কিন্তু তাঁহার ভদ্ম ঘরে দ বিধবা

উলিখিত নিয়মগুলি বৃদ্ধিপুর্থক পালিত হইলে বালবিধবার যে কিরূপ ধর্মে।
মতি সংসাধিত হয়, তাহা বাঁহারা ব্যক্তে দেখিয়াহেন, তাঁহারাই জানিতে পারিয়াছেন।
বিধবা বতঃপ্রবৃত্ত হইয়া ভোগপুর পরিতাগি করে, গৃহকার্য্যে অতি নিপুণা হইয়া উঠে,
অতিথি, অভাগত, কুট্রু, সজ্জননিগকে খাওয়াইতে ভালবাসে, বয়ং সবল এবং প্র্থ-শরীরী হয়, এবং স্বর্গাদি দোব পরিশৃষ্মা হইয়া সধ্বাদিগের প্রতি অনুগ্রহশালিনী এবং
ভাহাদিগের পুরগণের প্রতি মাতৃবং প্রেহশীলা হয়। যে বুলিতে এরূপ বিধ্বার অবস্থান
দে বালীতে এক একটা জাবত দেরামূর্ত্তির অধিতান। যে পরিবারের মধ্যে এরূপ বিধ্বার অবস্থান, রে পরিবারের য়ী প্রত্বেরা নিরন্তর ঝ্বি-চরিত্রের ফ্রষ্টা এবং ফলভোজা।
ভাহারা 'পরার্থকাবন' ব্যাপার্টী কি, ভাহা শুরু মুধ্বে বলে না, পুরুকে পঞ্জে না—উহার

জাজ্ব্যমান মূর্ত্তি স্ব চক্ষে দেথিতে পায়।"—[পারিবারিক প্রবেশ —বৈধ্বা এওঁ।]

[†] ভদ্র ঘরে বিধবা বিবাহের প্রস্তাবে উচ্চ শ্রেণীর বিধবারাই সর্ব্যংশকা অধিক বিরোধী। (১') ভূদেব বাবুর চুটুড়ার বাটীর উত্তরদিগের সংলগ্ন বাটীতে মোলবী ক্ষন্ত্রা সাহেব, ডেপুটা ম্যাজিস্ট্রেট, বাস করিতেন। উভ্য় বাটীর খ্রীলোকদিগের ছাদে ছাদে কথা বার্ত্তা। একদিন মহামায়া টিপু ফ্লতান বংশীয়া একটা বালবিধবা ঐ বাটীতে আসায় ভূদেব বাবুর পড়ী মোলবী সাহেবের বড়বিবিকে বলেন, "আহা! এই বয়সে

বিবাহ প্রবর্ত্তন চেষ্টা এবং স্কুলপাঠ্য গ্রন্থে এদেশীয় বাংলকদিগের নিকৃতি শুধু বিদেশীয়দিগের চরিত্র ও ব্যবহারকে আদর্শ ভাবে দেখান, সমাজের ক্ষতিকর এই তুইটা কার্য্য স্থায়ী হইবে না; অল্পকাল মধ্যেই ঐরপ , বিধবা বিবাহ ও ঐরপ কয়েকখানি স্কুলপাঠ্য পুত্তক অপ্রচলিত-প্রায় হইয়া লোকের স্মরণ পথের অতীত হইয়া যাইবে।"

চরিতাবলীর ন্যায় পাঠ্য পুস্তকে স্থকুমারমতি বালকেরা বড়লোকের চরিত্র পাঠ করিতে গিয়া কেবল বৈদেশিকের নাম দেখে, ধবিজাতীয়

এমন ঘটিয়াছে। ইহাঁর পিতা এখনও পুনরায় বিবাহের ব্যবস্থা করেন নাই?" এফচারিণ্ডী বিধবা বলিলেন "দে কি কথা না। ঈখবের ইচ্ছার বিরুদ্ধে এ বিষয়ে কোন ভদ্র ঘটেই ত চেষ্টা হয় না। শুনিয়াছি পুৰ উচ্চ শ্ৰেণীর ফিরিন্সি মেয়েরাও দ্বিতীয় বার বিবাহু করে না। আপনাদেরও ত 'ছোট জাতে' বিধবা বিবাহ চলে।" ভূদেব বাবুর পত্নী বলিয়াছিলেন "অপরপ লাবণা দশপন্না লজ্জাশীল। মেয়েটী আমার কথায় হঠাৎ ফোঁদ করিয়া উঠিয়া, —বড়বিবি যে বিধবা হইয়া আবার বিবাহ করিরাছিলেন তাহ ভূলিয়া গিয়া—যথন ঐক্লপ বলিতেছিল তথন যেন জ্যোতির্ম্ময়ী দেবীমূর্ত্তি দেখিতেছিলাম। কথাগুলি বলিয়া কেলিয়া, বড়বিবির অবোমুণ দেখিয়া, সে বড়ই সঙ্গুচিতা হইল। কত ভাল !!" (২) সম্রাট সাজাহানের সময়ে জগদ্ধাথ পণ্ডিতরাজ বালবিধবা কন্ত্রীর বিবাহ দেওরার প্রস্তাব করিলে তাঁহার মাতা তীব্র বিদ্রূপে তাহাকে নিরস্ত করেন। বলেন, "জগন্নাথ! এটা যদি ভাল কাজ হয়, তবে আগে তোমার মাকে চোহা দেওয়ার ব্যবস্থা করিতেছ না কেন ? ও কচি নেরে, কিছু জানে না; উহার ব্রহ্মচর্য্য অফুর থাক; এট্টু জন্মেই মুক্তি-লাভ করিতে পাউক।" (০) মহাপণ্ডিত শ্লপাণির বালবিবব। কলা, তাঁহার পুনরার বিবাহের বন্দোবত হইতৈছে জানিয়া পিতাকে গুনাইয়া ভৃত্যকে বলিয়াছিলেন "অমুক পণ্ডিত মরিয়া গিয়াছেন : পিতা তাঁহাকে যে গাভীটা দান করিয়াছিলেন তাহা ফিরাইয়া আন।" পিতা বলেন, "সে কি মা। দত্ত জিনিস ফিরিবে কিরপে ?" ক'লা সাঞ্জনরনে ৰলেন, "পণ্ডিতেরা না বলিয়াছেন বে গ্রহীতার মৃত্যুতে সর্বাপেকা বড় দান (ন দানঃ কল্মানম) ফিরিতে পারে !" লজ্জাবনত পিতা সমল ত্যাপ করিলেন ৷—সর্কোচ্চশ্রেনীর হিন্দু বিধবাদিগের মনের ভাব ঠিক এইরুগেই গঠিত।

আচারের কথার শুন্তিত হয় * এবং তাহাদের স্থদেশীয়দিগের মধ্যে বড় লোক' রা ভাল লোক বা অধ্যবদায়শালী লোক কেহ কথন হয় নাই এইরপ মনে করিতে শিথে এবং জাতীয় মর্যাদাবোধশ্ম হইয়া পড়ে। বালকদিগের এইরপ শিক্ষা দেশের পক্ষে বড়ই অপকারী বলিয়া উত্তর-কালে ভূদেব বাবু বিশেষ বহু করিয়া ৺কালীমর ঘটক প্রণীত তিনপণ্ড চরিতাষ্টক এবং শ্রীযুক্ত তিনকড়ি বন্দ্যোপাধ্যায় প্রণীত শিশু মহাভারত, শিশু রামায়ণ, এবং (হিন্দী ভাষায়) 'বিহার দর্পণ' প্রভৃতি স্বজাতীয় মহচ্চরিত্রের চিত্রসম্বলিত উৎকৃষ্ট স্থল পাঠ্য প্রক প্রণীত করাইয়াছিলেন। ৺বি্লাসাগর মহাশধ্যের ল্রাতা শশস্ত্রন্ত বিভারত্ব প্রণীত করাইরাছিলেন। শ্বভালাগর মহাশধ্যের ল্রাতা শশস্ত্রন্ত বিভারত্ব প্রণীত করাইনাছিলেন। বিজ্ঞানীয় বড় লোকদিগের বিবরণ থাকায়, তিনি ঐ প্রক্ষানিকে চরিতাবলী অপেক্ষা উৎকৃষ্ট প্রক বলিয়া মনে করিতেন।

হাওড়া স্থলে থাকিতে এদেশীয় আর একজন বড়লোকের সহিত ভূদেব বাব্র প্রথম সংস্রব হয়। উত্তর পাড়ার প্রদিদ্ধ জমিদার ৺জয়রুষ্ণ ম্থোপাধ্যায় হাওড়া স্থলের ম্যানেজিং কমিটীর জনৈক সদস্য ভিলেন। জয়রুষ্ণ বাবুর মানিদিক বলের ও তাঁহার ভারতীয় রাজনীতি বিষয়ে স্ক্ষা দৃষ্টির জত্য ভূদেব বাবু তাঁহাকে বিশেষ প্রজা করিতেন এবং সময়ে সময়ে তাঁহার সহিত নানা বিষয়ের আলোচন। করিয়া তৃপ্তিলাভ করিয়া আদিতেন।

ভূদেব বাবু একদিন বলিয়াছিলেন, "ডুবাল একটা বিড়াল মারিয়া তাহার চর্ম বিক্রয় করিয়া পুত্তক ক্রয় করিয়াছিলেন—এই বিবরণ শুনিয়া এ দেশের ভদ্র হিন্দু, জৈন এবং মুস্লমান সম্ভানেরা কি শিথিবে ? একশ কার্য্য ভাহাদিগের করিতে বাওরা কি সম্ভব বা প্রার্থনীয় ? এ দেশে দান ধর্মের বাছল্য নিবন্ধন এবং পুত্তক নিথিয়া লওয়ার প্রাচীন রীভির স্মৃতি রক্ষিত থাকা নিবন্ধন, ওরূপ অবস্থাতে কাহাকেও পড়িতে হর না।"

৺জয়য়য়য় বাব্র নৈসর্গিক ক্ষমতায় ভূদেব বাব্র এতদূর শ্রন্ধা ছিল যে, তিনি অনেক সময়ে বলিয়াছেন—"ইংরেজের বাঁধাবাঁধি আমলেব পূর্ফো ' জন্ম হইলে, ৺জয়য়য়য় ম্থোপাধ্যায় প্রকৃত প্রস্তাবেই একটা 'রাজ্য স্থাপন' করিয়া যাইতে পারিতেন।"

বহুবর্ষ পরে একদিন ৺জয়ক্ষণ বাবু হুগলীর ডিষ্ট্রীক্ট বোর্ড সভায় উপস্থিত হইয়া একটা দাধারণের প্রয়োজনীয় কার্য্য স্থদম্পন্ন করিয়া দেন এবং তথা হইতে চুঁচুড়ায় গিয়া ভূদেব বাবুর সহিত সাক্ষাৎ কুরেন। তখন তাঁহার ছই চক্ষ্ই, ছানি তুলিতে গিয়া, একেবারে নষ্ট ইইয়া গিয়া-ছিল। কিন্তু ভূদেব বাবুৰ সহিত অনেকক্ষ্য কথাবার্ত্তার পূর, 'যেন' বিনা माशार्यारे व्यवनोनाकृत्य मिंग्ड नामिश्रा श्रात्नन! उथन जूरनव वातृ তাঁহার হুই পুত্রকে বলেন, "শরীরের উপর দৃঢ়চিত্তের প্রভাবের অত্যুজ্জল উদাহরণ আজ দেখিতে পাইলে; একজন 'প্রকৃত মানুষু' দেখিলে। হিন্দুর আদর্শ সান্ত্রিক কর্ত্রায় ধৈর্য্য এবং উৎসাহ তুইই থাকিবে; তিনি সকল অবস্থাতেই কর্ত্তব্য পালন করেন; কোন বিপদে বা বাধায় হাল ছাড়িয়া বসিয়া পড়েন না। চক্ষ্ নাই তথাপি অটল। যথন গুমখুনির মোকদমায একবার জেল হইরাছিল, তথন জেলের ভিতরে ইউরোপীয় ও ইউরেশীয় ক্ষেদীদিগের আহার এবং শ্যার জ্ঞ 'বিশেষ' ব্যবস্থা দেখিয়া দাবা করিয়াছিলেন যে, যদি উ'হারা 'অভ্যাদের জন্ম' বিশেষ ব্যবহার পান তবে তাঁহার আয় সম্ভ্রান্ত দেশীয়েরাও যেন তাহা পাওয়ার ব্যবস্থা করা হয়। তাক্তার বেলি সাহেব ইহার উল্লেখে আমাকে বলিয়াছিলেন যে, এরপ অটল চিত্ত থুব কম ইউরোপীয়ের আছে, এবং উহাঁর প্রস্তাবিত রূপ ব্যবস্থা স্থল বিশেষে করিবার অধিকার, এখন সকল জেল স্থপারি-ন্টেণ্ডেন্টেরাই, উঁহার আন্দোলনের ফলে, পাইয়াছেন।"

ত্রয়োদশ অধ্যায়

---♦\$}-**X**?\$**>--**-

[•হণলী নর্মাল স্কুলের প্রধান শিক্ষকতা, পাঠ্যপুস্তকের অভাবে মুখে মুখে
শিক্ষাদান, প্রাকৃতিক বিজ্ঞান, ক্ষেত্রতন্ত্ব, পুরাকৃত্যার, ইংলণ্ডের
ইতিহাস, ভারতবংশি ইতিহাস সম্বন্ধে মত, ঐতিহাসিক
উপস্থান, ভ্রামগতি স্থায়রত্ব, আজীবনের
সৌহার্দ্ধি, বুধোদয় যন্ত্র।]

হুগলী নর্ম্মান স্থুলের প্রধান শিক্ষকের পদপ্রাপ্ত হইয়া (২২।৬।১৮৫৬) ভূদেব বাবু আপন স্বভাবদিদ্ধ অধ্যবসায়ের সহিত ছাত্রদিগকে শিক্ষা দিতে লাগিলেন। ঐ সময়ে গণিত ও বিজ্ঞান শাস্ত্র সম্বন্ধে
বাঙ্গালা ভাষায় কোন পুস্তক ছিল না। তাঁহাকে প্রাণিতত্ব, আলোকতত্ব,
উত্তাপতত্ব, বীজ্গণিত, ত্রিকোণমিতি, জ্যুমিতি প্রভৃতি বিষয়ের পাঠ্য

You have been appointed to act as Superintendent of the Normal School for Vernacular teachers about to be established at Hoogly or such other place as may be selected. ** The ultimate appointment of a European Superintendent is in contemplation and whenever that measure is carried out your present appointment will cease—

অর্থাৎ তোমাকে হুগলী নর্ম্মাল ফুলের অব্যক্ষের পদে কার্য্য করিতে নিযুক্ত করা ইইল;

একজন ইউরোপীয়কেই ঐ ভার দেওয়ার করনা আছে; ভাহা কার্য্যে পরিণত হইলে ভোমার এ চাকরী শেষ হইবে।

ভূদেব বাবুর নিয়োগপত্ত্ব ডাইরেক্টর গর্ড ন ইয়ং সাহেব লিখিয়াছিলেন :—

অংশগুলি মুখে মুখেই শিখাইতে হইত; ছাত্রেরা তাহা খাতার গিথিয়া।
লইত। পরিবদ্ধিত করিয়া পুস্তকাকারে প্রকাশ জন্ত ঐ সকল বিষয়ের
কতক কতক কথা তিনি ঐ সময়ে নিজের খাতায় লিখিয়াছিলেন।
কিন্তু তমধ্যে প্রাকৃতিক বিজ্ঞান, * যন্ত্রবিজ্ঞান ও ক্ষেত্রতম্ভ (জ্যামিতি)
মাত্র পুস্তকাকারে প্রকাশিত হয়; অপর গুলি নষ্ট হইয়া গিয়াছে।
প্রাকৃতিক বিজ্ঞানের মুখবন্ধ এবং প্রথম অধ্যায় এরূপ সরলভাবে লিখিত
যে, বালক বালিকারাও অতি সহজে বাহ্য বিজ্ঞান সম্বন্ধীয় অনেক কথা
শিখিতে পারে। পরবর্ত্তী অধ্যায়গুলিতে গতির নিয়ম ও যন্ত্রবিজ্ঞানেক
কথা থাকার, সাধারণ পাঠক অনেকে ভয়প্রযুক্ত ঐ অপূর্বর্ব প্রথমাংশ পাঠ
না করিয়া বড়ই বঞ্চিত হইয়া থাকেন।

তাঁহার গ্রীস ও রোমের ইতিহাস সংযুক্ত প্রথমভাগ পুরার্ত্তসার ও ইংলণ্ডের ইতিহাস এই সময়ের রচনা। স্থলপাঠ্য ইতিহাস যেরূপ কেবল যুদ্ধাদি ঘটনাবলীতে ও তাহার সন তারিখে পরিপূর্ণ থাকে এই তুইখানি ইতিহাস সেরূপ নহে; পুরার্ত্তসারে শিল্পপ্রণালী, লিপিপ্রণালী প্রভৃতির ক্রমবিকাশ প সম্বন্ধে অনেক তথ্য সহজ্বোধ্যভাবে সন্ধিবশিত হইয়া-ছিল। ধর্মভাবের ব্রাসেই যে জাতীয় অবনতি হয় এবং ধর্মভাবের প্রবল

^{* ৺} কালিদাস মৈত্র মহাশয়ের প্রাকৃত ভূগোল নর্মাল স্কুলে পাঠনাকালে ভূদেব বাবু উহার কোন কোন স্থানে সামাশ্ত কিছু কিছু সংশোধন করিয়া লইয়াছিলেন । একে শ্রেণীর লোক 'কথা চালা চালিতে' বড়ই আনন্দলাভ করিয়া থাকেন। সেই শ্রেণীর, কেহ ঐ বিবয় ৺ মৈত্র মহাশয়কে জানাইলে তিনি একটু অতিরিক্ত কুজ হইয়া পড়িয়া, অসাবধানে বলিয়া ফেলেন "ভূদেব বাবু আমার প্রাকৃত ভূগোল কলম দিয়া কাটিয়াছেন; আমি তাহার প্রাকৃতিক বিজ্ঞান কোদাল দিয়া কাটিব।" এই কথা 'সেই বাক্তি ভূদেব বাবুর নিক্ট আসিয়া বলিলে তিনি শ্রিতমুধে বলেন "য়াহার বে অন্তঃ।"

ঐ সকল প্রবন্ধ এখন 'বিবিধ প্রবন্ধ দিতীয়ভাগে' ছাপা হইয়াছে।

উদ্রেক্ই যে পূর্ণভাকে কর্ত্তব্য পালন করাইয়া জাতীয় উন্নতি সাধন করে, এই পুস্তকগুলি পাঠে ভাহা আর্যোতর জাতির ইতিহাস হইতেও প্রকটিত হইয়া কৃতকটা পুরাণ পাঠের ফল দিয়া থাকে। ধর্মপ্রাণ অদম্য উদ্যমশীল লৌহপার্শক, দলকেই ভূদেব বাবু ইংলণ্ডের শক্তির মূল বলিয়া নির্দেশ ক্রিয়াছেন।

আধুনিক ইউরোপের ঐতিহাসিক বিবরণ সমূহ নিবন্ধ করিয়া ভূদেব বাবু পুলার্ত্তসারের দিতীয়ভাগ রচনা, ইহার অনেক বংসর পরে, আরম্ভ করিয়াছিলেন; কিন্তু তুর্ভাগ্যক্রমে মফঃম্বলে কোথাও. ঐ হতীলপিগুলি হারাইয়া গিয়াছিল।

তিনি 'ভারতবর্ষের ইতিহাস' লিখিবার চেষ্টা করেন নাই; কিন্তু তংসম্বন্ধে তাঁহার তুইজনের সহিত তুই সময়ে যে কথাবার্ত্তা হইয়াছিল, তাহা বড়ই মূল্যবান; এজন্ম এই স্থলেই তাহার উল্লেখ করা যাইতেছে।

তাঁহার প্রিয় ছাত্র ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য মহাশয় যে সময়ে ছগলীতে থাকিতেন, এবং এডুকেশন গেজেটে ৺ হেম বাব্র "ভারত সঙ্গীত" প্রথম বাহির হইয়াছিল, সেই সময়ে (১৮৭৩) একদিন তাঁহাকে কথাপ্রসঙ্গে বলিয়াছিলেন:— .

"ভারতবর্ষের বীতিমত,ইতিহাস লেখা হওয়ার জন্ম এখন স্থদেশভক্ত এবং স্বধর্মজক্ত লোকদিগের দারা উপকরণ সংগ্রহ করার সময় আসিয়াছে; ভারতের সকল প্রদেশের স্থশিক্ষিত স্থবৃদ্ধি ব্যক্তিগণ বছবর্ষ ধরিয়া হিন্দী, মারাঠী, বান্ধালা এবং ইংরাজী ভাষায় ভিন্ন ভিন্ন বিষয়ের এবং ভিন্ন ভিন্ন জংশের সৃভক্তিক জন্মসন্ধানের ফল লিপিবদ্ধ করিতে থাকিলে তবে কখনও উপকরণ সংগ্রহ হইতে পারিবে; বেদ, তন্ত্ব, পুরাণ, উপপুরাণাদি এবং অধুনাতন প্রচলিত ভারতের সমগ্র দেশীয় ভাষায় এবং পালি, ইংরাজী ও পারস্থ ভাষায় লিখিত গ্রন্থসমূহ হইতে ভারতের

ঐতিহাসিক বিবরণ বাহির করিয়া রাখিতে হইবে : প্রাচীনকালের কীর্ত্তির এক্ষণে যে সকল ভগ্ন স্তুপ, শিলালিপি, তাম্রশাসন প্রভৃতি অবশিষ্ট আছে. তত্তৎ বিষয় সমূহের তথা দেশীয় ভাবে অণুপ্রাণিত হইয়া সংগ্রহ ও আলোচনা করিতে হইবে, তাহার পর কোন সময়ে আধুনিক কংলের উপযোগী কিন্তু দেশীয়ভাবে ভারত-ইতিমাস লেখার চেষ্টা হইতে পারে: নতুবা কেবল মিগান্থিনিস অথবা হুয়েন সাঙের বর্ণনা এবং রোমীয়, গ্রীক ও ইউরোপীয় ঐতিহাদিকগণের চক্ষে দৃষ্ট ক্ষ্ম ক্ষুদ্র বিষয়ের উপর নির্ভর করিয়া ভারতের ইতিহাস লিখিবার চেষ্টা বিড়ম্বনা মার্ত্র। উল্লিখিত-রূপ উপকরণ সমূহের প্রতি প্রগাঢ় প্রদাবান এবং ধর্মসূত্তের উপীর **অ**বিচলিত দৃষ্টি কোন মহাত্মা ব্যক্তি ভারতবর্ষের প্রকৃত ইতিহাস লিখিবার যোগ্য হইবেন। নতুবা তন্ত্রশাস্ত্র কলুষিত আচারের পোষণ জন্ত প্রস্তুত : পুরাণগুলি আযাঢ়ে গল্প—উহাদের মধ্যে সার কিছুই নাই ; বেদ মেষপালকদিগের গান; এই সকল কথা, ভাবিয়া এবং বলিয়া এবং মিছদীর বর্ষগণনার গাতিরে, (অর্থাৎ পৃথিবী পাঁচ হাজার বংদর মাত্র স্থ ইইয়াছে, এই হিদাব অক্ষুণ্ন রাখিবার জন্ম) ইয়ুরোপীয় পণ্ডিতের। श्रातमात अवः विरातमात मकल घरेनां रायम श्राहेत पुरे शाकात वरमारतत মধ্যে টানিয়া রাথিতে চান, সেইরূপ বর্ষগণনা পদ্ধতি গ্রহণ করিয়া, যাঁহারা 'গায়ের জোরে' এটা পঞ্চম শতান্দীর, ওটা বাদশ শতান্দীর এইরূপ रेतानिक धर्ता र्घकातिजात कथा विनाटि थाकित्वन, जाँरामित्र घाता ভারতের প্রক্বত ইতিহাস লেখা অসম্ভব।"

অপর এক সময়ে স্থল সমূহের ডেপুটী ইনম্পেক্টর প্যারীমোহন মুখোপাধ্যায় ভূদেব বাবুকে জিজ্ঞাসা করেন, "আপনি গ্রীস রোম ও ইংলণ্ডের ইতিহাস লিখিয়াছেন, কিন্তু ভারতবর্ধের ইতিহাস লেখেন নাই; ইহার কারণ কি?" উত্তরে তিনি বলেন—"গ্রীক, রোমীয়

এবং ইংরাজ এই তিনটী স্থপ্রধান স্বদেশভক্ত জাতির ইতিহাসে ভারত্বাসীর শিথিবার জিনিস অনেক আছে। ভারতবর্ষের রাজনৈতিক ইতিহাস ত ছুইটা প্রায়শ্চিত্তের ইতিহাস মাত্র।" ভারতবাসীর কি কি পাপের কিরূপ প্রায়শ্চিত হইতেছে জিজ্ঞাসায় তিনি উত্তর দেন, "(১) স্বধর্মী বিদ্বেষ।—-হিন্দু তাহার নিমু শ্রেণীকে অন্ত্যজ্বর্ণ নাম দিয়া পশুর অপেক্ষাও অধিক ঘুণা করিয়াছে। একজন ডোম বা মেথর উঠান দিয়া গেলে তথায় গোবর জন ছড়া দেওয়া হয়—একটা ছাগল আসিয়া তথায় মলত্যাগ করিলেও শুধুঝাড়ু দিলেই চলে! অথচ হিন্দুর পরম পবিত্র শাস্ত্র বলেন, 'সর্বাঘটে নারায়ণ' আছেন, এবং 'বিদ্যাবিনয়সম্পন্ন ব্রাহ্মণে এবং শ্বপাকে' সমদর্শন করিতে হয়! আধুনিক কালের 'সাধারণ' হিন্দু-অञ्चादकत ऋत्थ दःत्थ, भिकाय मीकाय উদাসীন। वावशातत्कत्व हिन्द्र এই স্বধর্মাবিদ্বেষের জন্ম ভগবান ভাঁহার অদীম কুপায় পৃথিবীর মধ্যে দর্বাপেক। স্বধর্মীপ্রেমিক জাতিকে—মুদলমানকে—শান্তা ও শিক্ষকরপে ভারতে প্রেরণ করেন। ইহাঁরা আহারে ব্যবহারে স্বধর্মীর মধ্যে পণ্ডিতে এবং মূর্থে, স্থলতানে এবং ভিক্ষুকে প্রভেদ করেন না। ঈদের দিনে मर्स्तर्यभीत म्मन्मान मह्य मह्य এक इहेश विश्वनिष्ठ दलना করেন; ইহা কি স্থলর দুঞা! অন্তান্ধ প্রভৃতি যতক্ষণ হিলুয়ানী মানে ততক্ষণই দ্বণিত: উহারা যেই মুদলমান হয় অমনি উচ্চ শ্রেণীর হিন্দু বলেন, 'দেলাম মিয়া সাহেব।' তথন উহাঁদের বসিবার জন্ম কাঠের চৌকী দিতে হয়! এই স্বধর্মা বিদ্বেষের প্রায়শ্চিত বহুশত বংসর ধরিয়া মুসলমান রাজত্বে চলার পরে মহারাষ্ট্রেও পঞ্চাবে ঐ দোষটা একটু কাটিয়াছিল। মহারাষ্ট্রীয়েরা মোগলের সহিত ধর্ম যুদ্ধের সময়, বিবাহে ও আহারে বর্ণভেদ সত্ত্বেও, মহারাষ্ট্রীয় হিন্দুদিগের মধ্যে সক্ষম ব্যক্তি মাত্রেই বর্ণ নির্ব্বেশেষে প্রাধান্তের পথ উন্মক্ত পাইয়াছিল। তাহাতেই হোলকার

জাতিতে ধনগড় (ধান্ধড়), গাইকবাড় মেষপালক এবং দিন্ধিগা জাতিতে কাহার হইলেও আজ রাজতক্তে উপবিষ্ট লক্ষিত হইতেছেন। 'শঞ্জাবে শিখদিগের মধ্যেও সকল বর্ণের লোকই দিংহ পদবীধারী এবং বিবাহ সম্বন্ধে পার্থক্য রাথিগাও দৃঢ় দশ্মিলন প্রাপ্ত।

"(২) স্বদেশী-বিদ্বেয —ভারতবাসীদিগের এখ্যে বাঙ্গালী, উড়িয়া, বিহারী, মহারাষ্ট্রীয়, পঞ্জাবী, নেপালী, কাশ্মীরী, হিন্দু, মুসলমান, প্রভৃতির পরস্প-রের প্রতি বিদ্বেষ। এই পাপের জন্ম মহারাষ্ট্রায় এবং শিখ প্রাদেশিক-ভাবের গণ্ডীর বাহির ংইতে পারে নাই; দকলেই যে ভারত মাতার সন্তান এবং তাহাদের ভালবাদার পাত্র, ইহা ব্ঝিয়া স্বদেশীপ্রেমিক হইতে পারে নাই। শিথ সর্হিন্দ প্রভৃতি বড় বড় সহর বিধ্বস্ত করিয়াছিল; মহারাষ্ট্রীয় বার্গি (অখারোহী) নির্ম্মভাবে রাজপুতানা ও বাঙ্গালা লুঠিয়া-ছিল এবং লুঠেরাই থাকিয়া গিয়াছিল; ভারতে একচ্ছত্র মহাসামাজ্য স্থাপন করিবার অভটা স্থবিধা পাইয়াও স্বদেশী-পীড়ন পাপ জন্ম তাহা করিতে পারিল না। এই স্বদেশী বিছেষ পাপের ক্ষালন জন্ম ভগবান স্বদেশপ্রেমিকশ্রেষ্ঠ ইংরাজকে ভারতে প্রেরণ করিয়াছেনল৷ ইহাঁদের मरधा ওয়েলশ, ऋह, आहेतिम ভিদেন্টার, প্রোটেষ্টান্ট, প্রেসবিটিরিয়ান, বোমান কাথলিক, প্রভৃতি ভেদ আছে, কিন্তু সকলেই দেশের কাঙ্গে এক-জোট। ক্লাইব একজন সামাত্ত ইংরাজ কেরাণী ছিলেন। . বাঙ্গালা উড়িস্থার রাজকোষের ধনে উহাকে কেহ স্বদেশীলোহী করিতে পারে নাই। কিন্তু তিনি অনায়াদে মিরজাফর প্রভৃতিকে ভাঙ্গাইয়া লইলেন। কোন একজন ইংরাজকে কিছু পাইতে দেখিলে সমস্ত জাতিই পরিতৃপ্ত হয়। এমন কি, সাধারণ ইংরাজ জুরি অনেক সময়ে ইংরাজ অপরাধীকে রাজদণ্ড হইতে রক্ষা করার জন্য তাহাকে অন্যায্যভাবে "নটগিন্টী" (নির্দোষ) বলিয়া, নিজেরাই নরকে যাইতে প্রস্তুত! অতটা ভাল নয়;

ধর্মই সর্ব্বোপরি। কিন্তু ইংরাজের আগমনে ও হৃদ্ রাজ্যশাসনে সমগ্র ভারত যে একদেশ তাহা সম্পষ্ট হইয়াছে: ইহাদের প্রদত্ত রেলপথে **সর্বা**ত যাতায়াতের স্থবিধায় ভারতের আভান্থরিক সম্মিলনসাধন দ্রুত-বেগেই হইতেছে এবং ইংরাজ ভারতের' ঐ একছত্র সম্মিলনসাধন করিয়া অশ্বমেধ এবং রাজসূর্য যজের ফলভাগী হইয়াছেন। ফলতঃ ভারতবাসীর মধ্যে ধর্ম এবং বর্ণ নির্বিশেষে একটা 'জাতীয় ভাব ও चरमभी ८ थर्भ विधि-८ श्रीति व देश्तारक्त ताक बकारल है नाधात्र एवं गर्धा छ स्पितिकृष्ठे रहेरएए এवः वहकान रेशांतत भागत थाकिवारे जात्रज्याभी উহ। সম্পূর্ণভাবে প্রাপ্ত হইবে। সকল ভারতবাসীরই মুসলমানের আদর্শে স্বধর্মী প্রেম ও ইংরাজদের আদর্শে স্বদেশী প্রেম অনুশীলন করিবার খুবই স্থবিধা ইংরাজদের আমলে হইয়াছে। কিন্তু পবিত্র ভারতভূমিতে স্বধ-শ্বের এবং স্বদেশের প্রতি ভক্তি ভালবাদার পোষণ উপলক্ষে অপর ধর্মের বা অপর দেশীয়ের প্রতি বিদেষ করিয়া ধর্মপথ হইতে বিচলিত হওয়া চলিবে না: উহা ভারতবাসীর প্রকৃতিবিরুদ্ধ এবং তাঁহার পক্ষে জ্ঞানকৃত পাপ হইবে। ধর্মতত্ত্ব সম্বন্ধে ভারতবাদী এখনও পুথিবীর মধ্যে সর্বাপেক্ষা উদার. উচ্চ এবং স্ক্রদর্শী আছেন।"

ভূদেববাবুর উক্ত কথা এনিতে ভারত ইতিহাস লেগার পদ্ধতি যাহা স্থাচিত হইগ্রাছিল এদেশীয় শিক্ষিত সম্প্রদায় সেই প্রণালীতে একটু চলিতে আরম্ভ করিয়াছেন দেখিয়া সকলেই স্থাী হইতেছেন। *

^{*} ভারতের পুরাতত্বাহ্দকানে কিছু কাল হইতে আর ইউরোপীয়দিগের একচেটিয়।
নাই। বরেন্দ্র অনুসন্ধান সমিতি প্রভৃতি মৌলিক অনুসন্ধান করিতেছেন; ডান্ডার
প্রাজেন্দ্রলান মিত্র, এবং ডান্ডার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়, রামকৃষ্ণগোপাল ভাণ্ডারকর,
রজেন্দ্রন্থ শীল, রাধাকুমুদ্ মুখোপাধ্যায় প্রভৃতি স্থলেখকগণ ভারতের পূর্ব্ব গোরতের
কথা, ইংরালী ভাষাতেও দেশীয় দৃষ্টিতে লিখিতে পারিতেছেন।

ভূদেববাবু হাঁহার সামাজিক প্রবন্ধে ভারতবর্ধের ইতির্ত্তের প্রথান কথাগুলি যে স্ক্র দৃষ্টিতে লিখিয়া গিয়াছেন তাঁহার দেশবাসী সকলেরই পক্ষে অতীত, বর্ত্তমান এবং ভবিদ্যং সকল বিষয় সম্বন্ধে সেই দৃষ্টির এবং ভাবের সর্বাদা আলোচনার উপকারিতা অপরিমেয়। হাঁহারা ভারত ইতিহাসের জন্ম উপকরণ সংগ্রহে ব্যাপ্ত আছেন বা হইবেন তাঁহারাও সেই দৃষ্টি যতটা পাইবার চেষ্টা করিবেন ততটাই সফলতা পাওয়ার অধিকারী হইবেন। তিনি সামাজিক প্রবন্ধে লিখিয়াছেন:—

"ইতিবৃত্ত বলেন—এই মহাদেশে, বহু সহস্র বর্ষ পূর্ন্বে, কোলেরীয়, দ্রাবিড়ীয়, ভাতারীয় প্রভৃতি ভিন্ন ভিন্ন বর্ণ সম্ভৃক্ত বিভিন্নাকার লোক সকল বাস করিত, উহাদিগের মধ্যে ভাষার ভেদ বহু শতাধিক ছিল, এবং উহাদিগের ধর্ম ভেদেরও পরিসীমা ছিল না—গোষ্ঠী ভেদে উপাস্তদেবতারও ভেদ ছিল।

"ইতিবৃত্ত বলেন যে, উল্লিখিত বিভেদ সম্দায়, আর্ঘ্য জাতীয়দিগের সংসর্গ প্রভাবে অনেক পরিমাণে বিল্পু ইইয়া গিয়াছে। অন্প্রলাম বিবাহ প্রণালীর বলে উংকৃষ্ট বর্ণদয়র সকল জনিয়া আর্যান্দর্ভবাসী জনগণের মধ্যে পরস্পর আকার বৈলক্ষণ্য ন্যুন করিয়া দিয়াছে। দাক্ষিণাত্য প্রদেশ যদিও তত্তা হয় নাই, কিন্তু দেখানেও অনেক দূর ইইয়াছে। প্রের্ক যে অসংখ্য ভাষা ভেদ ছিল, তাহাও পরস্পর সম্মিলিত ইইয়া এক্ষণে যে দশটী বা দাদশটী প্রদেশীয় ভাষায় পরিণত ইইয়াছে; সে গুলিও সর্কবিশ সংস্কৃতের প্রভূবে পরস্পর সমীপবর্তী ইইয়া আসিতেছে। আর প্রকিপ্জিত বিভিন্ন প্রকৃতিক দেব দেবী সমূহ, আর্ঘ্য শাম্মক্রদৃগ্ণ কর্তৃক আধ্যাত্মিক রূপ গুণে সংঘটিত ইইয়া এক অদ্বিতীয় ঈশ্বরের বিভৃতিম্বরূপে পরিণত ইইয়াছে। মৌলিক বর্গভেদ এক্ষণে জাতীয় সম্প্রদায় ভেদ রূপে পরিণত ইইয়াছে।

"ইতিবৃত্ত বলেন — উপরিউ করপে অযোধ্যা প্রভৃতি প্রাচীন জনপদ গুলিতে কতকটা আকারাদির বৈলক্ষণ্য ন্যুন হইয়া গেলে বৌদ্ধেরা অভ্যুথিত হইয়া হঠাংকারে বর্ণভেদের বিলোপ চেয়া, কর্মকাণ্ডের দোঘো-দেঘাষণ, এবং জ্ঞান ও উপাদনার গুণকীন্তন করেন। ভারতবর্ষ বৌদ্ধ-সমাটদিগের অধীনে একছত্র শায় হইয়া একবার দেখিয়াছিল, আপনার বীয়্য এবং প্রভাবশালিত। এবং মহিয়া কেমন অপরিমেয়। কিন্তু বৌদ্ধেরা হিন্দুদিগেয় এবং হিন্দুরা বৌর্দিগের পীড়ন করিতে লাগিল। স্বজাতি-বিদ্বেষ যৎপ্রোনান্তি প্রবল হইয়া উঠল, বে টুকু সিমিলন জনিয়াছিল, তাঁরা স্বায়ী হইল না।

"ইতিবৃত্ত বলেন—শ্রীমং শরর স্বামী কর্ত্ব বৌদ্ধনিরদন দারা প্রমাণীকৃত হইল যে, তথনও ভারতবর্ষের 'তাদৃশ' একত। সাধন হইবার কাল উপস্থিত হয় নাই। প্রমাণিত হইল যে, বৌদ্ধেরা এমন কোন কার্য্যে হস্তার্পণ করিয়াছিল, যাহা মনে উঠিবার বিষয় মাত্র হইরাছিল, কার্য্যে সম্পাদিত হইবার বিষয় হয় নাই। এই জন্ম বৌদ্ধ মাত্র হইরাবিন্ত হইলা ,কিন্ত শঙ্কর স্বামী বৌদ্ধবাদের মূলকথা যে, কর্মা অপেক্ষা জ্ঞান এবং তপদ্যা প্রধান, ভাহার অন্যথা করেন নাই; স্বরংই তাহা গ্রহণ করিয়া লইয়াছেন, এবং ব্রাহ্মণেতর লোকদিগেরও জ্ঞানমার্গে অধিকার স্বীকার করিয়া গিয়াছেন।

"ইতিবৃত্ত বলেন—মুসলমানের। ভারতবর্ষে অধিকার প্রাপ্ত হইয়।
ইহারই কেন্দ্রীভূত ভাষাটীকে সর্বপ্রদেশে প্রচলিতপ্রায় করিয়া দিয়া এই
মহাদেশের একতা সাধনের উপায় করিয়াছেন, আর সাম্যধর্ম রক্ষা করিয়া
অস্তাজ জাতীয়দিগেরও অপর সকলের সহিত সাদৃশ্য লাভের পথ উন্মৃক্ত
করিয়াছেন। তাঁহারা এখনও স্বজাতি-বিদ্বে দোষে দ্যিত হয়েন নাই,
এবং হিন্দুদিগের মধ্যে যে পানদোষ ছিলনা, মুসলমানেরা সে দোষ বিন্দু-

মাত্রও বর্দ্ধিত করেন নাই। ঐ সকল বিষয়ে এবং স্বধশ্বাবলম্বীদিগের প্রতি একান্ত সহাত্মভৃতি সম্বন্ধে, উহারা হিন্দুদিগের আদর্শ হইয়া প্লাছেন।

"ইতিবৃত্ত বলেন—বিশেষ অন্তথাবন পূর্বাক দৃষ্টি করিলে, ইহাও একটা স্থলক্ষণ যে, ইউরোপীয় অপের কোন জাতীয় লোকের হস্তগত না হইয়া ভারতবর্ষ ইংরাজের হস্তগত হইয়াছে ১ তাহাতে ভারতবর্ষীয়দিগের একতাপ্রাপ্তির পূর্ব্ব পূর্ব্ব বেগ বন্ধিত হইয়াছে বই ন্যুন হয় নাই। শুদ্ধ বাজা এক হইয়াছে বলিয়া নয়—দেশময় শান্তি সংস্থাপিত হইয়াছে বলিয়া নয়-সর্বস্থান আয়দ শৃঙ্খল স্বরূপ লোহবর্ত্ম যোগে পরস্পার সম্বন্ধ হইয়াছে বলিয়াও নয়—ইংরাজ ভারতবাদী সকলকৈই নির্বিশেষে সমান পরিমানে দুরম্ব করিয়া রাথেন, স্বতরাং সকলেই আপনা আপনি সংযত হইবে, তাহা বলিয়াও নয়,—ইংরাজ রাজনীতি বিষয়ে, পৃথিবীর অপর সকল জাতীর আদর্ণ স্থলীয়; ইংরাজ শুরু বিচার মার্গ অবলম্বন করিয়া যাহা ভাল বা উচিত তাহা করেন না, প্রকৃত যোগ্যতার প্রমান না পাইলে কাহার বন্ধন অল্প পরিমাণেও শিথিল করিয়া দেন না, আবার যোগ্যতার প্রমাণ পাইলেই দেন —স্থতরাং ইংরাজের সংদর্গে রাজনীতি শিক্ষার উপায় সর্কোৎকুষ্ট। সমাজের বল পোষিত এবং স্থামন্ত্রিত না হইতে হইতে ইংরাজাধিকারে কোন অসাময়িক চেষ্টারও সাফল্য সম্ভাবনা স্বদূরপরাহত।

"ভারতবর্ষীয় ইতিহাদের এই অতি প্রধান ঘটনাগুলির সমালোচনায় দেখা গেল যে, প্রাকৃতিক শক্তির সমবায়েই এই মহাদেশটা 'যেন একটা দ্বির লক্ষ্যের প্রতি অল্পে অল্পে সরিয়া আদিতেছে, মধ্যে মধ্যে একটু আধটু বাঁকিয়া আদিতেছে বটে, কিন্তু নদী ও দাগর-সঙ্গমে যাইতে, বাঁকিয়া চুরিয়া যায়—গাছও আকাশ-মুখেউঠিতে মোড় থাইয়া উঠে—ছেলেরাও বাড়িবার সময় একবার মোটায় একবার রোগায়—সমস্ত প্রাকৃতিক কার্য্যেই প্রক্রপ।"

নৰ্ম্মালম্বলে কাৰ্য্যকরার সময়ে ভূদেব বাবুর "ঐতিহাদিক উপন্তাদ" গ্রন্থ-খানিও প্রকাশিত হঁয়। হাওড়ায় থাকিতেই **পু**ত্তক থানির রচনা শেয হয় এবং হজসনপ্র্যাট সাহেব উহার পাণ্ডুলিপি পাঠে পরম সন্তোষ প্রকাশ করেন। "ঐতিহাদিক উপত্যাদে" তুইটা গল্প আছেন প্রথম, "সফলম্বপ্ন": দিতীয়, "অঙ্গুরীয় বিনিময়।" ঐ ছুইটাই 'রোমান্স অফ হিটরী (ইণ্ডিয়া)', নামক ইংরাজা গ্রন্থ অবলয়নে লিখিত। প্রথম্টীতে সবক্রগিনেব দম্মাদারা দাসরপে বিক্রয় ও পরে গন্ধনী রাদ্ধা লাভ এবং দিতীয়টীতে সমাট আরাঞ্জিবের কন্সার মহাত্মা শিবাজীর হতে পতন এবং শিধাজীর নিল্লী গমন প্রভৃতি বর্ণিত হইয়াছে। কিন্তু ঐ ইংরাজা উপক্যাস লেখকের ত্যায় ভূদেব বাবু শিবাজীকে চতুর, ধর্মাধর্মবোধশৃত্ত, স্বার্থপর দস্কাপতি এবং সমাজ শাসন লজ্মন করিয়া 'প্রকৃতই' মুসলমানীর সহিত বিবাহকারী বলিয়া চিত্রিত করেন নাই। মন্দলোকের দ্বারা যে কখন মহৎকর্ম সমাধা হয় না এবং যে আকর্ষণে কঠোর হৃদয় যোদ্ধারা একান্ত আত্মহারা এবং বশতাপন্ন হইয়া পড়ে, প্রক্বত বীরবের সেই আকর্ষণে পড়িয়া প্রগাঢ় প্রণয় উপলব্ধি করিলে জ্রীলোকের যে সমস্ত পূর্বসংস্থারই পরিবর্ত্তিত হইয়া যায়, তাহাও এই পুস্তকে দেখান হইয়াছে। ঐতিহাদিক উপন্তাদের বিজ্ঞাপনেই লিখিত আছে—"উভয় উপ্তাদেই 'রাজ্য সম্বন্ধীয়' যে সকল বিবরণ বর্ণিত হইয়াছে তাহা প্রকৃত ইতিহাদ মূলক; অপরাপর যে দকল বিবরণ বর্ণিত হইয়াছে তাহারও কোন কোন অংশ মাত্র ইতিহাসে পাওয়া যায়, কিন্তু তাহাও সর্ব্বতোভাবে প্রামানিক বলিয়া গ্রাহ্য নহে।" বস্তুতঃ রোসেনারা বা জেবুদ্দিদা বা দিল্লীর সমাটের অন্তঃপুরিকা অপর কেহ 'প্রকৃত পক্ষে' শিবাজীর হত্তে বন্দী হইয়াছিলেন বা উঁহাদের মনে প্রণয় দঞ্চার হইয়াছিল কি না, তাহা এই 'উপতাদে' কোন 'ভাবুকের' বা 'স্ক্মদর্শীর চক্ষে' প্রধান কথা নহে। প্রকৃত প্রণয় যে সর্ব্ব ত্যাগ—এমন কি প্রণয়-পাত্রকেও

ত্যাগ করিতে শিক্ষা দেয় তাহা ইহাতে স্থন্দর ভাবে ট্রিত্রিত আছে,এবং , ধর্ম এবং রাজনৈতিক সংঘর্ষাদি জন্ম ঐ সময়ে মহারাষ্ট্রে জাতীয় উত্থানের ঐতিহাদিক চিত্রই প্রকৃত প্রস্তাবে লক্ষ্য করিবার বিষয়। *

^{* (}১) "জানিস্ না, গর্ভধারিণী মাতা, ছারে পাংখিনী গো এবং সর্বজ্ঞব্য প্রদাবা জন্মভূমি—এই তিনই সমান; যে জন্মভূমির অপকার করিতে পারে সে গোবধ এবং মাতৃহত্যাও করিতে পারে।"—[অজুরীয় বিনিমঃ]

⁽২) কুর মতি নৃপালগণের বে বিষর্ক্রণ মন্ত্রণা, ভাহার কলাস্থাদনে সন্তান-সন্তাতি সম্পার থর্ববীর্যা স্থানার। * * * * * * রাজ্ঞশক্তি যে ব্যক্তিতে কেন অপিতৃত্ব কৈনা, তিনি হিন্দু হউন বা মুসলমান হউন বা অস্তা যে কোন জাতীয় হউন, হুশীল, বিচক্ষণ এবং 'অপক্ষপাতী' হইলেই প্রজাগণ হুবে ষচ্ছেন্দে কাল যাপন করে এবং কৃতী হইয়া জন্মভূমির মুখ উজ্জ্ঞল করে। * * * * এই দেশে হুবোধ লোকের কিছুমাত্র অসন্তাব নাই। কিন্তু এ ভাবে চলিলে অল্লকাল মধ্যেই হুবর্গমিনাণিক্যাদি প্রস্বা ভারতভূমি আর উংকৃত্ত নররত্ব প্রসাবে সমর্থা হইবেন না। * * * যেন এমন দিন ক্ষণত উপস্থিত না হয়, যে কোন বানদাহ হিন্দুজাতির সধ্যে সক্ষম ব্যক্তি নাই বলিয়া অবজ্ঞা করেন। মহারাজ ! যাহারা আপনারাই এই জাতিকে নিস্তেজ করিয়া পরে ক্ষীণবীর্যা বলিয়া অবজ্ঞা করেন, ভাহাদের কি সাধারণ ছইতা ! মহারাজ ! অধুনা ভারত রাজ্যের যে অপেকাকৃত নিম্পক্রবাব্যা দৃষ্ট হইতেছে দৈ বিকারাপ্ররেগীর দের্যব্যাধীনে নিম্পক্ষ হওরার স্থায়—ভাহা স্থুপ্তির হুখাবুত্ব নহে।" [ঐ]

⁽৬) "সকল জাতির অভ্যুবয় কালে তত্তংলাতীয় জনগণের ধর্মবৃদ্ধি এথবলা হয়।
এমন কি সেই জাতীয় অতি নিকৃষ্ট ভাবায় প্রকৃতি জনগণের মনেও কিঞ্ছিৎ তেজখিতা
এতীয়মান হইয়া থাকে। শিবজীয় সময়ে মহারাট্রদিগেরও সেইয়প হইয়াছিল।
* * * ঐ ছ্ঠ মহারাট্রীয় সেননৌ প্রভুর অপকারে প্রহৃত হইল বটে, কিন্ত—বিধর্মী
শক্রর নিকট ভৃতি ঘাঁকার করিল না!" [ঐ]

⁽৪) "কেবল আমার প্রতি অত্যাচার করিয়াছে বলিয়া বে কোন মহারাট্র খদেশের বাধানতা সাধনে নিহত্ত থাকিবে, আমার এমন অভিপ্রায় নহে। * * * তোমাকে ছুগান্তরে নিযুক্ত করিব।" [এ]

তথন ঐ প্রদেশের মকলেই স্থম্পাষ্ট ব্রিয়াছিলেন যে দেশের সকলেই একমত এবঃ একজার্ট না হইয়া জাতীয় প্রধানতম কার্যাটী আপৎ কালেও
কোন শ্রেণী বিশেষের উপর ফেলিয়া রাখিয়া নিশ্চিম্ত হইলে তাহা সাধিত
হয় না এবং যেমন ধাত্যের তুষ ছাড়াইয়া লইলে তণ্ড্লে জীবনীশক্তি থাকে
না,—তাহার অঙ্কুর হয় না—ৄয়, সেইরূপ অস্তাজ হইতে ব্রাহ্মণ এবং
সন্ন্যাসী পর্যান্ত সকলের মধ্যে দৃঢ় সম্মিলনের ব্যতায়ে জাতীয় জীবনী
শক্তির হানি ঘটে। জাতীয় সম্মিলনের এই মহাবাণী এবং 'সংঘ শক্তির'
কথা যাহ। ইউরোপ বজ্ব নির্ঘোষে পৃথিবীকে শুনাইতেছে তাহার আদর্শ
মঙ্গারাষ্ট্রীয় যে, আধুনিক ভারতকে (বৌদ্ধের ন্তায় ভান্ত পথে বর্ণাপ্রম
ধর্মের অপলাপ চেষ্টায় না গিয়া) দেখাইতে পারিয়াছিল, তাহা অঙ্কুরীয়
বিনিময়ের গল্পটা পভিতে পভিতে শ্বরণ হইবে।

ঐতিহাদিক উপত্যাস বান্ধালার আধুনিক উপত্যাসাবলীর মধ্যে সর্বব প্রথম। ঐরপ উপত্যাস অপরে লিখিতে আরম্ভ করিলে ভূদেব বাবু ঐ পথে

সংহতিঃ শ্রেয়নী পুংসাং স্বকুলৈরল্পকৈরপিঃ। তুরেণাপি পরিতাজা ন প্ররোহন্তি তওুলাঃ।

⁽৫) "এমত উদার প্রকৃতি হইরাও যে ব্রীলোকের প্রণয়পাশে একান্ত বদ্ধ হইবে, ইহা না দেখিলেই বা কিরুপে বিশ্বাস হইবে ?" [ঐ]

⁽৬) "তৃমি আমার মন জান কি না বলিতে পারি না। কিন্তু আমি তোমার মন জানি। আমি তোমার স্মভিব্যাহারিণী হইলে তোমার বান্তবিক মানস সিদ্ধ হওনের অনেক প্রতিবন্ধক হইবে।" [ঐ]

⁽৭) পর্তামি বেমন নিজ স্থামীর ভাবী মনোছ্যের ভাবিয়া তাঁহার সহবাসে আপ-নাকে বঞ্চিত করিলাম, তেমনি তুমিও স্বজাতি বাংসলা প্রযুক্তই নিজ জাগ্রাকে পরি-ভাাগ করিলে।" [ঐ]

⁽৮) "মহারাজ! আমি অমুমতি করিতেছি ঐ অঙ্গুরীয় এহণ করুন, যদি শাগু সতা হয় তবে পরজন্মে এই বাদসাহ পুত্রীই আগনার সহধর্মিণী হইবেন।" [ঐ]

আর পরিশ্রম করেন নাই। তিনি "পুষ্পাঞ্চলি"র মুধবন্ধে ঐতিহাসিক উপন্তাদেরই একটু উল্লেখ করিয়া পৌরাণিক রচনা সম্বন্ধে অনেক ফুশ্বতথ্য বিবৃত করিয়াছেন:—

"প্রায় বিংশতি বর্ষ অতীত হইল আমি ইংরাজী রীতির অমুকরণে একটী আখ্যায়িকা বাঙ্গালাভাষায় লিখিয়াছিলাম। সেই সময় হইতেই ইচ্ছা ছিল দেশীয় প্রাচীন রীতি অবলম্বন করিয়া আর একখানি পুস্তক লিখিব। কিন্ত ইংরাজী 'নবেলের' উপাদান এবং পৌরাণিক আখ্যায়িকার উপাদান স্বতন্ত্ররূপ। পৌরাণিক আখ্যায়িকায় আধ্যান্ত্রিক এবং বৈজ্ঞানিক তথ্যের যথেষ্ট বিস্তার থাকে; 'মতিশয়োক্তি এবং রূপকার্ক কারেরও আধিকা হয়।

"এক্ষণে দেখিতে পাই অনেকেই অতিশয়োক্তি অলঙ্কারের প্রতি বিরক্ত। কিন্তু ঐ অলঙ্কারটী অভ্যুতরদের সহচর। অভ্যুত অতি পবিত্র রস। বিশ্বয় মনুষ্যমাত্রের স্বভাব এবং অবস্থার উপযোগী। সরলচেতার হৃদয়মুকুরে এই আশ্চর্য্যময় ব্রহ্মাণ্ডের ছবি নিয়তই প্রতিবিশ্বিত হইয়া থাকে। আমাদিগের জাতীয় প্রকৃতির প্রতিবিশ্বস্বরূপ পুরাণ-শান্ত্র এই জ্বন্তই অতিশয়োক্তি অলঙ্কারে সমাকীর্ণ।

"পুরাণ-শাস্ত্রে লিখিত নায়কনায়িক। এবং দেবাস্থরণণ বহুস্থলেই রূপকালস্কার বিভূষিত। তাহারা বস্তুগত্যা আঁভ্যন্তরিক মনোভাব-স্বরূপ অথবা বাহ্য প্রকৃতির শক্তি বিশেষ। স্থতরাং রক্তমাংসসস্থৃত প্রদৃত জীব-শরীরের স্থায় তাহার। দেশকাল সম্বন্ধে সম্বন্ধ নহে। যাঁহারা শ্রীমন্তাগ-বত্যেক্ত পুরঞ্জনোপাখ্যান ভবাটবী প্রভৃতি অধ্যয়ন করিয়াছেন এবং অক্যান্থ পুরাণের বিশেষ বিশেষ স্থান দেখিয়াছেন তাঁহাদিগকে এ সকল কথা কিছুই বলিবার প্রয়োজন নাই। তাঁহারা রূপক বর্ণনার সমগ্র প্রকৃতিই সম্যক্তিই ক্ষােত্ব হালত করিয়াছেন। এই পুস্তুক যে তেমন নয়—তেমন হইতেই

পারে না—দে কথা বলিবার অপেকা নাই। তবে এই মাত্র বলা আবশুক ৈবে, ইয়ু অলৌকিক ব্যাপার সংশ্লিষ্ট একটা অন্তুত বর্ণনা মাত্র নহে।

"এই পুস্তকের উল্লিখিত বেদব্যাস, মার্কণ্ডেয়, দেবী প্রভৃতি কেহ বা ্ৰু বহু সহস্ৰ বৰ্ষ তপস্থা করেন, কেহু বা অল্ফিড ভাবে বিচরণ করেন, त्कर वा अंभत मकन (मवरामवी) इरेट्ड भुथक्-ज्रुड रहेग्रा अग्रिड अकानिज् করেন বটে, কিন্তু মনে কর বেদব্যাদ স্বজাতি অমুরাগের মার্কণ্ডেয় জ্ঞানরাপির, এবং দেবী মাতৃভূমির প্রতিরূপ স্বরূপ বর্ণন করা গিয়াছে: তাহা হইলে আর ঐ সকল বর্ণনা লোকোত্তর বলিয়া বোধ হইবে না। চাহা হইলে বেদব্যাদের কে,ভাশ বিস্জ্জনে সৃষ্টত। সরস্বতীর বৃদ্ধি, এবং তাঁহার ক্রোধোদীপ্তিতে জালাদেবীর আবির্ভাব, আর অলৌকিক ব্যাপার থাকিবে না। অপিচ বিনাশমাত্রে সংসারের পর্যাবদান এই - প্রতীতিসমুম্ভত নান্তিকতার প্রভাবে যে স্বজাতিবাৎসল্যের নিশ্চেষ্টতা হয়, এবং ইচ্ছাবৃত্তির স্বাধীনতা উপলব্ধি হওয়াতে আন্তিক্য সংস্থাপিত হইয়া চেষ্টাশক্তি পুনরুজ্জীবিত হয় এ কথাও সহজ বোধ হইবে। অনস্তর দেশের পুরারতের স্মরণে আশা এবং প্রজ্ঞার সঞ্চার, সংস্কৃতির উপায় উদ্ভাবন, এবং প্রীতির উদারতা অহুভূত হওয়া সাহজিক ব্যাপার বলিয়াই প্রতীত হইবে ৷ এই পর্যান্ত হইলেই যে সংকীণঁ ধর্মবৃদ্ধি বিলুপ্ত হইয়া প্রশন্ত ধর্মবৃদ্ধির উদয় হয়, এবং অভেদ জ্ঞানের দৃঢ়তা সম্পাদিত হইয়। সহিষ্ণুতার সর্বপ্রাধান্য প্রতীত হয় তাহাও লৌকিক যুক্তিসক্ষত বোধ হইবে। পরিশেষে নিজ সমাজের প্রতি ঐকান্তিক ভক্তির মূল 'নিরূপিত হইলে যে অপর কোন বিভীষিকার উপদ্রব থাকিতে পারে না, এবং স্বজাতীয়ামুরাগ তাহার প্রীতিভাজন পদার্থের সহিত তন্ময়তা প্রাপ্ত হইয়া আপন অভীষ্ট্রসাধনের উদ্দেশে সংগোপিত কার্য্যান্নষ্ঠানে প্রবৃত্ত হইতে পারে ইহাও লৌকিক যুক্তির বহিভূতি বলিয়া বোধ হইবে না।

"আর একটী কথা বলিলেই গ্রন্থাভাদ শেষ হয়। তরুণ বয়দে সংস্কার হইয়। গিয়াছিল যে, অপৌরুষেয় কোন গ্রন্থ প্রাপ্তি ব্যতিরেকে নৃত্তবাদ ধর্মতত্বের জ্ঞানলাভ করিতে পারেন না। এক্ষণে দেখিতেছি যে, প্রকৃতি পুস্তকই দেই অপৌরুষেয় মহাগ্রন্থ। নরজাতি আদিমকাল হইতে পুরুষাফুরুমে ঐ পুস্তকের তাৎপর্যগ্রহণ করিয়া, আদিতেছে। উহাতে যাহা আছে তাহাই তথ্য—উহাতে যাহা নাই তাহা জানিবারও যো নাই। এক্ষণে যতদ্র ব্রিতে পারিয়াছি, তাহাতে নিক্ষয় হইয়াছে যে, যিনি প্রকৃতি পুস্তকের তাৎপর্য গ্রহণে যতদ্র সমর্থ, তিনি দেই পরিমাণে হিন্দুশাস্ত্রার্থের জ্ঞানলাভেও ক্বতকার্যা। ফোগোভ্যাসরত হিন্দুশাস্ত্রপ্রণেত্তন গণ অপরিসীম স্ক্রন্থানী, দূরদেশী, অন্তর্দেশী এবং প্রকৃতদেশী ছিলেন।"

— ঐতিহাসিক উপত্যাস এবং পুষ্পাঞ্চলি ভূদেব বাবুর প্রগাঢ় স্বধর্ম ভক্তি এবং স্বদেশ ভক্তি এবং সাধক-স্থলভ ভবিত্য-দর্শন, প্রস্ত। যথন অঙ্গুরীয় বিনিময় প্রকাশিত হইয়াছিল তথন 'দেশের কথা' অপর কেইই ভাবিতে আরম্ভ করেন নাই।

সংস্কৃত সাহিত্যে অসাধারণ ব্যুৎপন্ন পণ্ডিত ৺ রামগৃতি স্থায়রত্ব মহাশয়ের সহিত এই নর্ম্মাল স্কুলেই ভূদেব বাবুর প্রথম পরিচয় হয়। ৺স্থায়রত্ব মহাশয় উক্ত স্কুলের দ্বিতীয় শিক্ষক নিযুক্ত হন। ইহাঁদিগের উভয়ের মধ্যে আজীবন প্রণয় ছিল।

সরকারী কার্যা হইতে অবসর গ্রহণ করার পর ৺বারাণসীতে অবস্থান কালে ভূদেব বাবু, আধরত্ব মহাশয়কে মধ্যে মধ্যে পত্র লিখিতেন। একনার কোন কারণে ভূদেব বাবুর পত্র লিখিতে বিলম্ব হওয়ায় আয়রত্ব মহাশয় ভূংথ প্রকাশ করিয়া পত্র লিখিলে প্রত্যুক্তরে ভূদেব বাবু (১৩৯০১৮৮৭) লিখিয়াছিলেন:—

"তুমি লিখিয়াছ যে, আমার স্নেহ হারাইয়াছ। একটা কথা জিজ্ঞাসা

্ৰকরি, আমি জীবনের মধ্যে যাহাকে একবার স্নেহ করিয়াছি, তাহার মধ্যে একজনও কি আমার স্নেহ হারাইয়াছে? আমি এই জানি যে, আমি যাহাকে একবার ভাল বাসিয়াছি, তাহাকে চিরকালই ভালবাসিয়া থাকি। এমন হইতে পারে যে, কোন প্রীতিপাত্তের পূর্ব্ব অজানিত দোষ প্রকাশিত হইয়া পড়িল; কিন্তু তাহাতে আমার ভালবাসা যায় না। তাহার নিন্দা করিতে পারি, তাহাকে ভং সনা করিতে পারি, তাহার সংস্রব ত্যাগও করিতে পারি, কিন্তু তাহার প্রতি স্নেহশ্ন্ম হইতে অথবা তাহার ইট্ট ভিন্ন অনিষ্ট ইচ্ছা করিতে পারি না।

বস্ততঃই স্বীয় পরিবার ও অফুচরদিগের মধ্যে ভূদেব বাবু পূজ্য দেবতার স্বরূপ ছিলেন, এবং ছাত্র সকলের নিকট এবং বন্ধু বান্ধবদিগের তিনি গুরুর গ্রায় ভক্তি ও মিত্রের গ্রায় ভালবাসা পাইয়াছেন। ইংরাজীতে প্রবাদ আছে যে, "মনিষ্ঠতায় ঘণার উদ্রেক করে," এবং "কেহই তাঁহার আপন থানসামার কাছে বড় লোক নহেন।" এ সকল কথার অর্থ এই যে, অধিকাংশ লোকেরই ক্রাট আছে; ঘনিষ্ঠতায় সেই ক্রাট ছাপা থাকে না। কিন্তু ভূদেব বাবুর সহিত ঘিনি 'যত অধিক' সংস্রবে আদিয়াছেন তিনি ততই সেই নির্মাণ এবং উদার চরিত্রে অধিকতর ভক্তির কারণ দেখিতে পাইয়াছেন। ভূদেব বাবু কাহাকেও পাপাশয় বা একাস্ত অলম দেখিলে রাহ্মণস্বভাবে তীর তিরস্কার করিতেন বটে, কিন্তু তাঁহার ক্রমা এবং দোষ সংশোধনে সাহায়াদান এরপ অসাধারণ ছিল যে, 'কাহারও মনে কতজ্কতা ভিন্ন বিরূপতা আদিত না। তাঁহাকে যে কথন, 'বন্ধু বিচ্ছেদের ক্ট এবং ছাত্র বিশ্রোহের মনস্তাপ এবং অধীনস্থ কর্মচারীদের বিরাগের ঘুঃখ' পাইতে হয় নাই, ইহা আধুনিক বান্ধানীর পক্ষে ক্য

ভূদেব বাবু নর্ম্যাল স্কুলের চাকরীর সময়েই ওক্তায়রত্ব মহাশয়ের সহিত

একযোগে বুধোদয়য়য় * নামে ছাপাধানা স্থাপন করেন (১৫ই ভাজ ১২৬৮)। প্রত্যেকে পাঁচ শত মুদ্রা মাত্র মূলধন দিয়াছিলেন। ৺নায়রত্ব মহাশয়ের বস্তুবিচার নামক গ্রন্থ এই সময়ে রচিত হয়। মডেল স্কুলের বালকগণের বস্তুজ্ঞান মেরপ হওয়। উচিত বলিয়া ভূদেব বাবু বিবেচনা করিতেন, উক্ত বস্তুবিচার গ্রন্থানি ঠিক সেইরপ ভাবে বিরচিত।

৺ন্তায়রত্ব মহাশয় ৺বিভাসাগর মহাশয়ের ছাত্র ছিলেন। ৺বিভাসাগর মহাশয় কালিদাসকে ভবভূতি অপেক্ষা উচ্চতর স্থান প্রদান করিয়াছেন। ভূদেব বাবু ভবভূতির বিরচিত মহাবীয়চরিত্তের বড়ইঅন্থরাগী ছিলেন এ

^{* (} ১) মূদাধন্ত্রের কি নাম রাখা ছইবে এই বিধরে বধন পণ্ডিতবর রামগতি স্থায়রক্ত
মহাশয় আলোচনা করিতেছিলেন তথন ভূদেব বাবু বলেন, "ধেমু মঙ্গলবারে প্রস্তঃ
হইলে বংসার মঙ্গলা নাম রাখা হয়; আমাদের বস্ত বুধবারে ভাল দিন দেখিয়া খোলঃ
ছইতেছে; ইহার নাম 'বুধোদ্য়' রাখা হউক!"

⁽২) প্রথম যেদিন অক্ষর গুলি 'কেশে' সাজান ইইতেছিল, সেইদিন ভূদেব বাবু উাহার করেকটা বন্ধুকে এবং ছাত্রকে ছাপাধানার লইয়া গিয়া কোতৃক্ করিয়া বলেন "পরমাণু সকলের বিভিন্ন প্রকারের সংযোগ 'হঠাৎ ঘটিয়া গিয়া' জগতের এবং জীবের উৎপত্তি হইয়ছে বাঁহারা বলেন, এবং চৈতন্তের অন্তির্ব্ব থীকার করেন না, তাঁহাদের মন্তটা পরীক্ষা করিয়া দেখা যাউক; এই সকল অক্ষরকে পরমাণু সর্বপ মনে করিয়া, চক্ষে কাপড় বাঁবিয়া বেমন তেমন করিয়া 'কম্পোজ' করিয়া দেখি, কি দাঁড়ার ।" সকলে সেইরপে অক্ষর বনাইলে 'গোলি প্রক্ষ' তুলিয়া, দেখা গোল যে অর্থযুক্ত বাক্য একটাও প্রস্তুত্ত হয় নাই। তথন প্রত্যেকে আপনাপন কম্পোজ করা অক্ষরগুলি নানারূপে সরাইয়া বসাইয়া উন্টোকে সোজা করিয়া দিয়া এবং অক্ষর বাদ দিয়া কোন না কোনরূপ অর্থযুক্ত এক একটা বাক্য প্রস্তুত্ত করিলেন। ভূদেব বাবু তাঁহার প্রফের উপর অনেকক্ষণ স্থিয়ক্ত এক একটা বাক্য প্রস্তুত্ত করিলেন। তুদেব বাবু তাঁহার প্রফের উপর অনেকক্ষণ স্থিয়ক্ত গাক্য শোক্য হা শেবে "আছি শ্রামা চৈত্তারূপিনী" এই বাকাটা প্রস্তুত্ত করিতে শারায় পরম পরিত্যবিপ্রাপ্ত ইইয়াছিলেন এবং উপন্থিত সকলেও ইহাংত বেন একট্ 'কৈবী অন্ধ্রইণ উপলব্ধি করিয়াছিলেন।

্, ৺স্থায়রত্ব মহাশুরের হৃদয়েও তিনি ঐ গ্রন্থের প্রতি প্রগাঢ় অন্তরাগ জন্মাইয়া দিয়া তাঁহারা হারা 'রামচরিত' নামক গ্রন্থ লিখাইয়াছিলেন।

'বাঁকীপুর হইতে (১৭৮৮৮৮৮৮) ৺ক্সায়রত্ব মহাশয়কে ভূদেব বাবু মহাবীরচবিত্ত সম্বন্ধে লিখিয়া ছিলেন:— '

"মহাবীরচরিতটাতে হাত দিয়াছ কি? গ্রন্থটী খুব ভাল; শ্রীরামের চরিত্রটী ঠিক দেখাইয়া দিতে পারিলে অবশ্যই কাহার না কাহার উপকার দর্শিতে পারে। আহা! অমন গান্তীর্যা, অমন জিতেন্দ্রিয়তা অমন উচ্চ অভিনাষ, অমন পবিত্র অভিনাষ, অমন একাগ্রতা আর অমন বিনম কি আর কোথাও প্রদর্শিত আছে? লেখনা; লিখিতে লিখিতে নিজেরই মনে বোধ হইবে যে একটা ভাল কাক্স করিতেছ—ঠাকুর ঘরে বিদয়া অভীষ্ট দেবতারই পূজা করিতেছ।"

ভূদেব বাব্র সহিত ৺ভায়রত্ব মহাশয়ের যে কিরপ অরুত্রিম সৌহার্দ্ধ এবং অকপট ভাত্ভাব ছিল তাহা এই "রাম চরিত" পুস্তক সম্বন্ধে (১) চিঠি (২) উপরে লিখিত পত্র (৩) বিজ্ঞাপন এবং (৪) উৎসর্গ পত্র হইতে সম্পাষ্ট হইবে । আদি কবির প্রতি ভূদেব বাবুর ঐকান্তিক ভক্তিও ইহাতে প্রকাশিত। রাম চরিত পুস্তকখানি লেখা হইয়া গেলে ৺ভায়রত্ব মহাশয় উহার একটা বিজ্ঞাপন শলিখিয়া ভূদেব বাবুকে দেখিতে দিলে তিনি উহাকে এরপ পরিবর্ত্তন এবং সংশোধন করিয়াদেন যে তাহা ভূদেব বাবুর নামে প্রকাশিত হইলেই ৺ভায়রত্ব মহাশয়ের তৃষ্টি হইত,। ভূদেব বাবু করপ পরিবর্ত্তন কালে বেশ ব্রিয়া ছিলেন যে অভিন্ন হৃদের বন্ধুর উহা সম্পূর্ণই মনঃপৃত হইবে। পরিবর্ত্তিত বিজ্ঞাপনটা পাঠাইয়া দিবার সময় ভূদেব বাবু লেখবিজ্ঞ সাহেবের উক্তি জানান উপলক্ষ্যে উভয়ের পরিচিত ইংরাজী শিক্ষিতদিগেরই পরাধীন চিত্ততার উল্লেখ করিয়াছেন, ৺ভায়রত্ব মহাশয়ের উপর প্রকৃত পক্ষে কোন কটাক্ষ করেন নাই।

—ः दीवी (८)

রামগতি!

রামদীতা চরিত্র দম্বন্ধে যে কোন অত্যুক্তি তোমার বিজ্ঞাপনে লেখা হয় নাই তাহার প্রমাণ স্বরূপ এই ইংরাজী কাগজ টুকু পাঠাইলাম। ইংরাজেরা যাহা ভাল বলেন তাহাই ভাল এবং তাঁহারা যাহা ভাল না বলেন তাহা ভাল নয়; কিন্তু এম্বলে ইংরাজের মত আমার অভিমতি হইতে অভিন্ন হইতেছে। আর ভবভৃতি, কাল্লীকির লেখাকে 'দংস্কার' করিয়া লইয়াছিলেন, এ কথা কি বলিতে আছে—অমন কথা লিখিও না।

Nowhere else, I believe, are Poetry and morality so charmingly united—each clevating the other—as in the pages of this really holy poem. There are indeed many poetical compositions—nay almost all good poetry is such—as forcibly teach us some moral truths, but the Ramayana is the only poem which inspires our breasts with a love of goodness in the entire sense of the word. We rise from its perusal with a loftier idea of almost all the virtues that can adorn men-of truth, of fluial piety of paternal love, of female chastity and devotion, of a husband's faithfulness and love, of fraternal affection, of meekness, of forgiveness, of fortitude, of universal benevolence. What, for instance can excite a greater reverence of Divine Truth than the perusal of that scene where Dasaratha parts with his beloved son for Her sake and at last sacrifices his life for Her? What can more impressively teach us filial love than the conduct of Rama giving up his domestic felicity, his kingdom, to preserve his father's vow? Well may the Ramayana challenge the literature of every age and country to produce a poem that can boast of such perfect characters as a Rama and a Sita.

4 New Square Lincoln's Inn

Roper Lethbridge.

(২) উত্তরেপত্র:--

শ্রীচর্নগেষু

• "ইংরাজেরা যাহা ভাল না বলেন, তাহা ভাল নহে" এরপ বোধ অধিকইংরাজীক্ষদিগের মধ্যেই দেখিতে পাওয়া যায় ; আমার সেরপ হওয়া সম্ভব
নহে—বরং বিপরীতই হওয়ী সম্ভব। রামায়ণ ও মহাভারতকে রাম ও
য়্ধিষ্টিরের জীবন চরিত মাত্র বলায় আমি মাইকেলকে নিন্দা করিয়াছি।
ফল কথা বিজ্ঞাপনে রামনীতা চরিত্র সম্বন্ধে আপনি যাহা লিথিয়াছেন

অর্থাৎ প্রকৃতই পাবিত এই কাব্যগ্রন্থ থানিতে যেরূপ চমৎকার্রূপে নীতি শিক্ষা এবং কবিত শক্তির একাধারে সন্নিবেশ হইয়াছে তেমন আর কোন গ্রন্থে হইয়াছে বলিয়া আমার বিধাদ নাই-কবিত্ব শক্তির উৎকর্ষে নীতি গুলিকে একদিকে যেমন উচ্চে তুলিয়াছে, তেমনি আবার নীতি গুলির উৎকর্ষে কাবাাংশকেও উচ্চ করিয়া রাথিয়াছে। কিছু না কিছু নৈতিক তথ্য আমাদিগের মনে বসাইয়া দিতে পারে এমন কাব্য অবশ্য অনেকেরই আছে প্রায় সকল ভাল কাব্যই সে শিক্ষা দেয়, কিন্তু পূর্ণভাবে সাধুভাব প্রতি অনুরাগ দারা আমাদিগের হাণয়কে অনুপ্রাণিত করিতে একমাত্র কাব্য-গ্রন্থ এই "রামায়ণ"ই পারে। সত্যপ্রিয়তা, পিতামাতার প্রতি সম্ভানের ভক্তি, সম্ভানের প্রতি শিতামাঙার স্বেহ, স্তার সভাধর্ম এবং স্বামীর প্রতি ভক্তি, স্বামীর স্ত্রীর প্রতি আসক্তি এবং অনুবাগ, সোত্রাত্র, বিনয়, ক্ষমা, বারত্ব, সার্বান্তনীন উপচিকীর্ঘা, প্রভতি মামুবকে সমালত্বত করিবার, মত যত গুণ আছে সকল গুলিরই উচ্চতর আদর্শ এই রামায়ণ গ্রন্থ পাঠে আমরা প্রাপ্ত হই। দুষ্টাক্ত বরূপ বলি গ্রন্থের যে ভ্রন্তে সভ্য পালনের অনুরোধে প্রিমপুত্র রামকে বনে পাঠাইবার পর দশরথের প্রাণ বিরোগ পর্যান্ত ঘটন দেই প্রদক্ষে সভাের প্রতি যেরপ আয়। জনাইয়া দেয়, তদপেক্ষ বেশী আয়া জনাইয়া দিবার মত আর কোন উপায় আছে কি ? শিতার অজাকার রক্ষার জম্ম রাম গৃহ মুধ রাজ্য'মুখ পরিত্যাগ করিলেন ইহা অপেকা পিতৃভক্তি অধিকতর হৃদয়গ্রাহীরূপে শিক্ষা দিতে আরু কি আছে ? সর্বান্ধের এবং সর্বা দেশের সাহিত্য ইতিহাসও সীতার স্থায় সম্পূর্ণ চরিত্র দেখাইবার জম্ম রামায়ণ নির্ভরে আহ্বান করিতে পারে। निউজ्शाहां , निनकनहेन्। রোপার লেখবিজ

তাহা আমার কোনরপেই অত্যক্তি বলিয়া বোধ হয় নাই। তবে ভবজুতি ধে বালীকির উপাখ্যানে কিঞ্চিৎ নৃতন্ত্র যোগ করিয়া সমধিক প্রীতিপ্রদ করিয়াছেন তাহা বিজ্ঞাপনের কোনস্থলে একটু বলিবার ইচ্ছা ছিল, সেই জন্মই ঐ বিজ্ঞাপনে নৃতন এক পঙ্ক্তি বসাইয়া দিয়াছিলাম; কিন্তু আপনি যথন সে বিষয়ে বিচার করিয়া তাহা কাটিয়া দিয়াছেন, তথন ভাহা কাটিই আছে, আর বসাই নাই।

বিজ্ঞাপনটা আপনকার নামেই প্রকাশিত হইবে এইরুপ আমার ইচ্ছা ছিল—সেইরূপ কথাও একবার হইুয়াছিল—কিন্তু 'কেন সেরূপ করেন নাই বুঝিতে পারি নাই।

কতকাল দেখা শুনা হয় নাই এবং কতকাল হইবে না!! প্রণতন্ত্র শ্রীবামগতি শর্মণঃ

(৩) রাম চরিতের বিজ্ঞাপন:—

"লোকোন্তর ভাবের বিনুমাত্র আরোপ না করিয়া দেখিলেও, আদি-কবি-বাল্লীকি-বিরচিত শ্রীরামচন্দ্রচিরত অতি মহং এবং পরম পবিত্র বলিয়াই বোধ হয়। সংস্কৃত কবির হৃদয় হইতে, এই যে মহনীয়'নিধি উদ্ভূত হইয়াডে, ইহা আর্য্যন্ধাতীয়দিগের উদার এবং পবিত্রচিন্ততার বিশেষ পরিচায়ক। কারণ, যে জাতীয় লোকের মধ্যে'যে গুণ না থাকে, তজ্জা-তীয় কবিরা সেই সেই গুণে বিভূষিত নায়কের সরস প্রকৃত বর্ণনা করিতে পারেন না।

ভারতবর্ষে যে শ্রীরামচন্দ্রচরিত প্রণীত ইইয়াছিল, ইহা এতদ্দেশীয়-দিগের যেমন গৌরবের বিষয়, তেমনি সৌভাগ্যেরও বিষয়। একটা চরিত্র আদর্শস্বরূপে বিদ্যমান না থাকিলে, হিন্দুজাতি সহস্রাধিক বর্ষ হইতে যেরূপে অধংপতিত হইয়া আছে, তাহাতে কি এই জাতীয়দিগের মধ্যে আর ধর্ম থাকিত না পবিত্রতা থাকিত, না কোন প্রকার মন্ত্রয়ত্ব থাকিত? শীরাসচন্দ্রের চর্ব্বিত্র অদ্যাপি হিন্দুজাতীয় পুরুষদিগকে পিতৃভক্ত, গুরুভক্ত, আতৃর্বংসল পত্নী প্রেমামুরাগী, ত্যাগশীল, বিনয়ী ও লোকামুরঞ্জক করিয়া রাধিয়াছে; এবং রামপত্নী জানকীর চরিত্রও হিন্দু মহিলাদিগের মনে সতীধর্মের আদর্শরূপে চিরপ্রভাগিত হইতেছে। ওরূপ সর্ব্বাহ্ণসম্পন্ন পুরুষ এবং স্ত্রী চরিত্র তৃইটী পৃথিবীর অপর কোন জাতির মধ্যে—অপর কোন ভাষার গ্রন্থে—দৃষ্ট হয় না। সংসারাশ্রমীরা আর কোন চরিত্র পাঠ করিয়া সকল অবস্থার,—সকল বিষয়ের সকল গুণের—যথাঘথ উদাহরণ প্রাপ্ত ইইতে পারেন না। অপর কোন চরিত্র হইতে কেবল অন্টাবস্থার কোন চরিত্র হইতে বানপ্রস্থাশ্রমের, অথবা কোন টী হইতে একমাত্র ক্রমা বা দ্রদৃষ্টি বা উচ্চাভিলাম বা অন্ত কোন গুণবিশেষের উদাহরণ প্রাপ্ত হওয়া যায়। শীরামচন্দ্রচরিত্র সেরূপ আংশিক পদার্থ নহে। উহা সর্ব্বাংশে সম্পূর্ণ। উহা হইতে সকল অবস্থারই যথায়থ শিক্ষালাভ হইতে পারে।

"পরিণতপ্রজ্ঞ" মহাকবি ভবভূতি, তাঁহার মহাবীর চরিত নাটকে, শ্রীরামচন্দ্রচারিতের উল্লিখিত সর্বাঙ্গসম্পূর্ণতা বিশিষ্টরূপে প্রদর্শন করিয়া ইহাকে এক স্থলে "চারিত্র পঞ্জিকা" বলিয়া অভিহিত করিয়াছেন। পাঠকবর্গ ঐ সংস্কৃত নাটকের উপাখ্যান ভাগের এই স্থূল বাঞ্চাল। অন্থবাদে, মহাকবির বিমল, স্থগভীর এবং স্থপ্রশস্ত ভাব সকলের বংসামান্ত আভাসমাত্রই পাইবেন সন্দেহ নাই। কিন্তু তাহা হইলেও, যখন পবিত্র আখ্যাবংশসভূত ব্যক্তি মাত্রেরই পক্ষে শ্রীরামচন্দ্রচারিতকে আদর্শরূপে গ্রহণ করা বিধেয়, তথন বিচক্ষণ পাঠকগণ যে নিজ নিজ যত্ত্বহারা এই বাঞ্চালা অন্থবাদ হইতেও আপন আপন "চরিত্র পঞ্জিক।" সংগ্রহ করিয়া লইবেন, এরূপ আশ্বা করা যাইতে পারে। ইতি।

প্রালী নর্ম্মাল বিদ্যালয় ২৯এ মাঘ সংবৎ ১৯৩৭

শ্রীরামগতি শর্মণঃ।

(৪) রাম চরিতের উৎদর্গ পত্র:-- .

অনরেবল্ শ্রীযুক্ত বাবু ভূদেব মুখোপাধ্যায় সি, আই, ই, মহাশয় মহনীয়চরিতেষু। সবিনয়ং নিবেদনম্

আপনি মহাকবিভবভূতি প্রণীত মহাবীরচরিত পাঠ করিয়া বিশেষ আনন্দ অন্থভব করিয়া থাকেন, এবং কোন এক সময়ে বলিয়াছিলেন যে, ঐ নাটকের উচ্চ, উদার, বিশুদ্ধ এবং মানবচরিত্রের পরমোৎকর্ষ প্রদর্শক স্থশৃত্থলা-বদ্ধ ভাবপরস্পরা বাশালাভাষায় অবতারিত হইলে, এই নীতি-বিশ্লবের সময়ে উপকারের সন্ভাবনা আছে। আপনকার দেই বাক্যে প্রোৎসাহিত হইয়া আমি ঐ গ্রন্থ অবলম্বন করিয়া এই রামচরিত রচনা করিয়াছি। এক্ষণে ইহা আপনকার করকমলে সমর্পণ করিলাম। মহা-বীরচরিত পাঠে আপনকার যাদৃশ আনন্দলাভ হইয়া থাকে, এই রামচরিত পাঠে তাহার কিঞ্চিন্নাত্র হইলেই আমি পরিশ্রম সফল বোধ করিব, কিমধিক্যিতি।

চিরবিধেয়স্থ শ্রীরামগতি শর্মণঃ।

যেরপ ভাবে লিখিত হইলে দেশীয় বালকগণের প্রকৃত নাতিশিক্ষার পথ প্রশস্ত হইতে পারে বলিয়া ভূদেব বাবু মনে করিতেন, ছায়রত্ব মহাশয়ের 'নীতিপথ' নামক গ্রন্থথানি দেইরপ ভাবেই বির্ন্তিত। প্রবন্ধগুলি প্রধানতঃ দেশীয় চরিত্র অবলম্বনেই লিখিত। অধিকস্ত প্রত্যেক প্রবন্ধের আদিতে বালকদিশের অভ্যাদের জন্ম স্থলর স্থলর নীতিগর্ভ শ্লোক এক একটী উদ্ধৃত করা আছে। এইরপ উপায়ে বালকদিগকে নীতিশিক্ষা প্রদান করাই ভূদেব বাবুর অভিমত ছিল। তিনি একদিন বলিয়াছিলেন, "পাঠশালাসমূহে যে চাপক্য শ্লোক কণ্ঠস্থ করান হইত, তাহাতে অল্পবয়স্ক বালকদিগের জিহ্বার জড়তা দ্রহইত, এবং উক্ত নীতিগুলিও দক্ষে সঙ্গে হাদ্ধ্থিত হইয়া প্রভিত। আমার বেশ মনে প্রতে যেদিন আমি একেনাপি স্থবৃক্ষেণ পুষ্পিতেন স্থগদ্ধিনা। বাদিতং তদ্বনং দৰ্বাং স্থপুত্ৰেণ কুলং যথা।

শ্লোকটা প্রথম অর্থবোধসহ অভ্যাস করি যেদিন আমার মন 'বিশেষ' বিচলিত হইয়াছিল এবং আমার 'মুপুত্র' হুইবার ইচ্ছা সেইদিন হইতে প্রবল ভাবে উদয় হইয়াছিল।

চতুৰ্দ্দশ অধ্যায়

---«30X050-----

[নর্মাল স্কুলের ছাত্রদিগের কথা, জোষ্ঠ পুর ৺মকেন্দ্রদেব, হুডক্ত স্কুল ইন্পেটুর মি: লঙ্গ, বর্দ্ধমানাধিরাজ ৺মহতাপ চাঁদ, চুঁচুড়ায় বাটা নির্মাণ এবং বাস, স্কুল পণ্ডিত এবং ম্যানেজার দিগের সহিত সহানুষ্ঠি, সোষ্ঠা কঞ্চার বিবাহ, সমান ঘরে বিবাহ, কঞ্চার প্রাপাঃ]

হাওড়া স্থলের ন্থায় নশ্মাল স্থলেও ভূদেব বাবু ছাত্রগণের বিশেষ ভক্তি এবং অন্থরাগ ভাজন । হইয়াছিলেন। তাঁহার সময়ে নশ্মাল স্থল হইতে যে সকল ছাত্র উত্তীর্ণ হইয়া গিয়াছেন, তাঁহাদিগের মধ্যে ভূদেব বাবুর একা গ্রতা ও উংলাহ বছল পরিনাণে সংক্রমিত হইয়া পড়ায় দেশের পক্ষে অনেক মঞ্চল সংসাধিত হইয়াছে। সে সময়ে অনেক মফ্যেল স্থলের কর্ত্বপক্ষ কর্ম্বথালির বিজ্ঞাপনে স্থলেই লিখিয়া দিতেন যে, "লুগলী নর্ম্মাল স্থলের উত্তীর্ণ ছাত্রের আবেদন অধিকতর আদরণীয় হইবে।"

ভূদেব বাব্র শিক্ষাদানাদি সম্বন্ধে বঙ্গবাদীতে সালিখা নিবাদী ৺তারকব্রন্ধ গুপ্ত (১৯/৫/১৮৯৪) লিখিয়াছিলেন—

"১৮৫৬ খৃষ্টান্দে তুগলী নর্ম্মাল বিদ্যালয় প্রথম প্রতিষ্ঠিত ইইবার কালে আমর। কয়েকজন তাঁহার প্রথম ছাত্র ইই; আমাদের কয়েকজনকে দার্শনিক পণ্ডিত করিবার জন্ম ভূদেব বাবু কিছু অধিক দিনু নিকটে রাথেন। শিক্ষা দোষ্ঠব ও উপদেশ কোশল তিনি যে কি অভ্তরপ জানিতেন তাহা বাহারা অস্ততঃ একদিন মাত্রও তাঁহার কাছে পড়িয়াছেন, তাঁহারাই ক্রনিতে পারেন। গণিত অথবা ক্ষেত্রত্বাদি শিক্ষা দিবার সময়ে

খড়ি হাতে করিয়া ভূদেব বাবু যখন বোর্ডে অঙ্কপাত করিয়া বলিতে আরম্ভ করিতেন, তথন ধ্বেধি হইত যে, এক একটা ভূদেব বাবু এক একটা ছাত্রের স্থাবেট্ট ইইয়াছেন। এরপ কোন ছাত্র ছিল না যে, বুঝিতে পারিলাম না বলে; বুঝিতে না পারা দ্রে থাকুক, বোম হইত যেন উপদেশ বাক্যান্তলি একেবারে পাথরে খোদিকের ফায় স্থাদ্যে অভিত হইল! ইহা ব্যতীত ভূদেব বাবু ছাত্রদিগের সহিত এরপ কথা কথন বলেন নাই বা এরপ গল্প কথন করেন নাই, যাহাতে ছাত্রদিগের কিছু না কিছু জ্ঞানলাত না হইত। অপিচ ছাত্র পৃষ্ধে ভূদেব বাবুর আর একটি অসাধারণ গুণ দেখা মাইত, যাহা একান্তই ত্লভ। ভূদেথ বাবুর প্রত্যেক ছাত্রই মনে করিত ভূদেব বাবু সর্ব্বাপেক্ষা আমাকে অধিক ভাল বাসেন; সকলেরই মনে এইরপ দৃঢ় বিশাস ছিল।"

তাঁহার ছাত্র ৺ইন্দ্রকুমার চট্টোপাধ্যায় মহাশয় লিখিয়াছিলেন:—
"হুগলী নশ্মাল স্থল সংস্থাপিত হওয়ার পর, রামগোপাল বিদ্যান্ত,
কক্ষনাথ বন্দ্যোপাধ্যায়, তারকত্রন্ধ গুপ্ত প্রভৃতি বার জন আমরা তাঁহার
সর্ব্বপ্রথম ছাত্র হই। ছাত্র মাত্রেরই প্রতি তাঁহার অপত্যনিবিশেষ ক্ষেহ
এত অধিক ছিল যে তাঁহার ছাত্রগণ মধ্যে সকলেই আজও মনে করিয়া
থাকেন যে, বার্ মহাশয় স্ব্রাপেক্ষা 'আমাকেই অধিক স্নেহ' করিতেন;
নানা শাল্পে ও নানা বিষয়ে প্রগাঢ় ব্যুৎপন্ন ও শিক্ষাদানে নিপুণ ছিলেন
বলিয়া তিনি ভূগোল ও বিজ্ঞান বিষয়ক অনেকানেক সংস্কৃত পুস্তকের
শ্লোক আবৃত্তি পূর্বক তত্তৎ বিষয়ে শিক্ষা দিতেন: —

^{*} চতুর্দ্ধিকে পর্বত, বন, গ্রাম, পথ ও বৃক্ষ পরিবেটিত থাকায় ভূপিও, কেশর সমূহ ঘারা পরিবেটি, কদম্ব কুত্ম গ্রন্থির ভায় হইয়াছে।

(২) অদ্বারেণচ নাতীয়াং গ্রামং বা বেশ্ম বার্তং।
 রাজৌ চ বৃক্ষমূলানি দ্রতঃ পরিবর্জ্জয়েং। ^{* র}

ইত্যাদি শ্লোক সমূহ অধ্যয়ন কালে তাঁহারই মুথে শুনিয়া শিথিয়া-ছিলাম; তথনকার সকল কণাই স্কম্পষ্ট মনে আছে। অধ্যাপনাকালে তাঁহাকে কথন ক্রুদ্ধ হইতে দেখি নাই; তাঁথার করণাপূর্ণ সহাস্থ আননই কেবল মনে পড়ে। হায়! তেমন শিক্ষাদানকুশল স্থশিক্ষক কি আর কেহ কথন জানিবেন।"

ভূদেব বাব্র ছাত্রগণ চতুম্পাঠীর ছাত্রদিগের ধরণে, ভূদেব বাব্র বাড়ীতে সর্বাদা অবাধে যাতায়াত করিতেন এবং তাঁহার পারিবারিক জীবনের রীতিনীতি দেখিয়া অতি উচ্চ শিক্ষাই লাভ করিতে পাইতেন।

এতৎসম্বন্ধে দৃষ্টান্ত স্বরূপ ৺ইন্দ্রকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের লিখিত তিনটী বিবরণ উদ্ধৃত করা যাইতেছে:—

(১) "ভূদেব বাবুর পিতার পীড়িতাবস্থায় একদিন আমি তাঁহাকে দেখিতে গিয়াছিলাম; যাইয়া দেখিলাম, কর্ত্তা তক্তপোষের উপর শুইয়া আছেন; পুত্র নিকটে বিসয়া পায়ে হাত ব্লাইতেছেন। বাব্র পিতা আমার সহিত কথা কহিবার উপক্রম করায় কাসিতে কাসিতে তাঁহার মুখে গয়ের আসিল। উহা ফেলিবার ইচ্ছায় তক্তপোষের নীচে পিকদানীর অন্ত্রসন্ধান করিতে যাইতেছেন, বাবু তাহা বুঝিয়া এবং তথায় পিকদানী দেখিতে না পাইয়া, পিতার গয়ের ফেলিবার জন্ম আপন দক্ষিণ হস্ত পাতিয়া দিলেন। তাহাতে কর্ত্তা মহাশয়্ব শ্বহস্তে পুত্রের হস্ত সরাইয়া ভূমিতে গয়ের ফেলিলেন এবং বলিলেন 'তোমার মত পুত্রত্ব যেন সকলেই লাভ করে।' "

^{*} প্রাচীর দারা পরিবেষ্টিত গ্রাম অথবা গৃহে প্রাচীর উল্লন্ত্বন পূর্বেক প্রবেশ করিবে : না এবং রাত্রিকালে রক্ষ মূল দূর হইতে দেখিয়া পরিত্যাগ করিবে।

- (২) "বাবু একবার তাঁহার বাড়ীতে ক্লফনগরের সরভাজা জানাইয়াছিলেন। মাতৃদেবী (বাবুর স্ত্রী) হাঁড়ী হইতে তাহা বাহির করিয়া
 বাবুকে, ও আমাকে জল থাইতে দিলেন। বাবু কহিলেন, 'বাবাকে
 দেওয়া হইয়াছে ?' তিনি বলিলেন, 'তাঁহার জলথাবার সময় তাঁহাকে
 দিব।' 'বাবু বলিলেন, ঠাকুর কদেবভার জন্ম অগ্রভাগ তুলিয়া রাথার
 ন্যায় আমাদিগকে দিবার আগে বাবার জন্ম সতন্ত্র রাথিয়াছ ত ?' মাতৃদেবী
 মিথ্যাকথা জানিতেন না; দোষ হইয়াছে বুঝিলেন এবং সঙ্কৃতিতা হইয়াই
 বলিলেন, 'না, স্কৃতন্ত্র রাথা হয় নাই।' এই কথা শুনিয়া বাবু ঐ জলথাবার
 ফেলিয়া উঠিয়া বলিলেন 'এমন ধেন আর কথন হয় না।"
- (৩) "কলিকাতায় বাসের সময় তর্কভূষণ মহাশয়ের পীড়া হইলে, তাঁহার জ্ঞান্ত প্রকাহ এক কলদ করিয়া গঙ্গাজল চুঁচুড়া হইতে লোকদ্বারা দৈনিক ' যাত্রীবাহী নৌকাযোগে কিছুকাল ধরিয়া পাঠান হয়। তথন কলিকাতায় জ্ঞলেরকল হয় নাই এবং সেই সময়ে তথায় গঙ্গাজল বড় লোনা হইয়াচিল।"

নশ্যাল স্থলে আদিবার অল্প পরেই ভূদেব বাব্র অসাধারণ বৃদ্ধিমান ও স্মৃতিশক্তিসম্পন্ন প্রথম পূত্র ৺ মহেন্দ্রদেব ম্থোপাধ্যায়ের দাদশবর্ষ মাত্র বয়ংক্রমকালে, দেহাস্ত হয়। জর হইয়া কয়েক ঘণ্টা মধ্যেই বালকের মৃত্যু হয়। পারিবারিক প্রবন্ধের 'গৃহে মৃত্যু ঘটনা' প্রবন্ধে ইহার উল্লেখ আছে। * পীড়ার আরম্ভ হইতে তর্কভূষণ মহাশয় সর্বক্ষণ শ্যাপাখে বিস্যা স্বহস্তে বালকের শুশ্রমা করিয়াছিলেন; কিন্তু স্কল্ শেষ হইয়া গেলে নির্বিক্তম্থে উঠিয়া গ্রশাস্থানে গিয়াছিলেন। তর্কভূষণ

^{* &}quot;সংসারে থাকিতে গেলেই কথন না কথন মৃত্যু ঘটনা দুর্গন করিতে হয়। * * *
আমার প্রিয়তসকে হঠাৎকারে রোগাক্রান্ত হইয়া একেবারে উবিয়া যাইতে দেখিয়াছি
এবং বজ্রাহতবৎ চেতনা শৃশ্র হইয়াছি। আমি অনেকদিন বাঁচিয়া আছি, মৃত্যু অনেক
রূপেই আমাকে দেখা দিয়াছেন।"

মহাশয় যাবজ্জীবন আত্মসংযম অভ্যাস করিয়া তাহাতে এতদ্র কৃতকার্য্ হইতে পারিয়াছিলেন যে এই শোকাবহ ব্যাপারে একদিনের জন্ম ও তাঁহার ছংখ প্রকাশ হয় নাই।

ভূদেব বাবুর শরীরে তাঁহার ভক্তিমতী মাতার নিকট হইতে প্রাপ্ত ভাব-প্রবণতা বিশিষ্ট পরিমাণে ছিল। পরম জ্ঞানী এবং ভক্তির পূর্ণতায় একান্ত নির্ভরশীল পিতার শিক্ষায় এবং নিজের উত্তরকালের অভ্যাসে তিনিও ভাবের এবং জ্ঞানের সামঞ্জ্ঞ পাইয়াছিলেন, কিন্ত ঐ সময়ে নিজিতাবস্থায় প্রায়ই পুত্রকে স্বপ্নে দেখিয়া চমকিত হইতেন; এমন কি জাগ্রত অবস্থায়ও তাঁহার সময়ে সময়ে ধােষ হইত যেন পুত্র নিকট দিয়া দৌভাইয়া গেল।

৺মহেক্সদেব বার বংসর বয়সেই প্রবেশিকা পরীক্ষার প্রায় সমগ্র পাঠ্য পড়িয়া ফেলিয়াছিলেন। ভূদেব বাবু তাঁহার "গৃহ কথা" শীর্ষক একখানি বাঁধান পাতায় লিথিয়া রাখিয়া গিয়াছেন :—

"আমার জ্যেষ্ঠ পুত্র ৺মহেক্রদেব দাদশবর্ষ বয়সে গিয়াছে। তাহার শ্বতিশক্তি অসাধারণ ছিল। তাহার শেষ পাঠ ইউুক্লিডের প্রথম অধ্যায়ের পঞ্চম প্রতিজ্ঞা। অমি অন্ধকারে তাহার হাত লইয়া আপ-

[#] তাহার পরিবার মধ্যে একটা দৃঢ় বিষাস আছে যে, ৮৩ ক্তৃবণ মহাশয় প্রথম পোত্রের এইরূপ অকাল মৃত্যুর অবগুস্তাবিত্ব জ্যোতিবলারে অসাধারণ পাণ্ডিতানিবলন জন্ম পত্রিকা প্রস্তামনেই জানিতে পারিরাছিলেন।; সেই রক্ত ঐ পোত্রটাকে কোলে পিঠে আইয়া আর্দর করিতেন না এবং তাহার সমক্ষে উহার তীক্ষ বৃদ্ধি ও অক্তান্ত ওণের কথা ছিটিলে ঐ সকল কথা চাপা দিয়া অক্ত কথা পাড়িতেন। ইহাতে বালকের মাতা শিতা তথন আন্দর্য্য হইতেন। তিনি কণন কাহাকেও এ বিষয়ে কিছু বলেন নাই; কিন্ত "অবশ্বস্তাবী ছংগভোগের কথা পূর্ব্ব হইতে জানা থাকিলে লাভ কি ?"—এই যুক্তির উলেথে অপর পোত্রদিপের জন্মপত্রিকা প্রস্তৃত না করার, বিশেষতঃ অসামানা গুণবান্ প্রথমজাক্ষ্মপ্রিকার প্রস্তৃত বা করার, বিশেষতঃ অসামানা গুণবান্ প্রথমজাক্ষ্মপ্রিকার প্রস্তৃত গ্রহার উল্লেখ্য প্রস্তৃত্ব বিল্লের প্রতিই তাহার উল্লেখ্য প্রস্তৃত্ব, পরিবার মধ্যে পূর্ব্বাক্তরপ বিশ্বাস জন্মে।

নার অঙ্গুলি দারা ঐ পঞ্চম প্রতিজ্ঞার চিত্র প্রস্তুত করিয়া প্রতিজ্ঞার প্রমান বলিয়া দিয়াছিলাম। তাহাতেই প্রতিজ্ঞাটী পরিষ্কার রক্ম ব্বিশ্বিছিল; আর কোন সাহায্যের প্রয়োজন হয় নাই।

"উহার পাঠ্যাভ্যাদ প্রণালী এইরপ ছিল;—আমার দমুথে পাঠ্য পুস্তকটী থুলিয়া দিত, আমি পীড়িয়া যাইতাম এবং দেই দঙ্গে দক্ষে কঠিন শব্দের অর্থ এবং বৈয়াকরণ অন্বয় বলিয়া দিতাম। দে তন্মনস্ক হইয়া শুনিউ; তাহার পর পুস্তক বন্ধ করিয়া থেলা করিতে যাইত। পাঠ যতই কঠিন থাকুক উহাতেই তাহার আয়ত্ত হইত।

"প্রতিদিন স্থল হইতে আদিলে 'কেমন 'প্রেন' রাথিয়াছিলে' জিজ্ঞাসা করিতাম। সে প্রায়ই 'ফাষ্ট' থাকিত। যদি কোন দিন 'দেকেণ্ড' 'থার্ড' থাকিত এবং তাহা শুনিয়া আমি ক্ষ্ম হইতাম, তবে বলিত 'আর কেহ কি 'ফাষ্ট' থাকিবে না ?—থাকুক না বাবা!'

"একদা তাহাকে রেল গাড়ীর এক কামরায় তুলিয়া দিয়া আমি অন্ত কামরায় ছিলাম। উহার কামরায় ৺রামগোপাল ঘোষের জামাতা বীরনারায়ণ বাবু উঠিয়ছিলেন। তিনি উহার সহিত কথা কহিয়া এত প্রীত এবং চমংক্ত হইয়াছিলেন যে পুনঃ পুনঃ বলিয়াছিলেন, 'এমন ছেলে কোথাও কখন দেখি নাই।'

"আমার আদেশ অনুসারে 'আলফ্রেডের জীবন চরিত' বলিয়া একধানি কাগজ লিথিয়াছিল। লেখাটা বেশ স্থপ্রণালীপূর্ব্বক হুইয়াছিল; একটীও ভুল হয় নাই। পাছে সেধানি থাকিলে আমার হৃঃথ বাড়ে, এই মনে করিয়া ঐ কাগজটী নষ্ট করা হুইয়াছে। নুষ্ট করা ভাল হয় নাই; নষ্ট করায় হৃঃথ কম হয় নাই; সে যে নিশ্চিক্ছ হুইয়া গিয়াছে এটা অধিকতর হৃঃথ। এই মনে করিয়াই তাহার কথাগুলি লিথিশাম।"

এই দুর্ঘটনায় ভূদেব বাবু কিছুদিনের জ্বত্ত ছুটীর প্রার্থনা করিলেন।

উড়ো সাহেব ঐ ছুটীর দরখান্ত পাইবামাত্র ছগলী নর্মাণ কুল পরিদর্শন করিতে আদিলেন এবং ভূদেববাবুর মনের অবস্থা দেখিয়া বলিলেন, "তুমি ক্ল্যাস ছাড়িয়া যতক্ষণ ইচ্ছা তোমার পৃথক ঘরে বিদয়া থাকিতে পারিবে, তাহাতে কিছুই আপত্তি নাই; কিন্তু তোমাকে এখন ছুটী দেওয়া হইবে না।" উড়ো সাহেবের এই আদেশ ভূদেব বাবু তখন বড়ই নির্মম বলিয়া বোধ করিয়াছিলেন; কিন্তু অবিলম্বেই উহার সারবত্তা বুঝিতে পারিলেন। অস্থমতি থাকিলেও ভূদেব বাবু স্থলবাটীতে তাঁহার জন্ম নির্দ্ধিই বাঁসায় নিস্কর্মা হইয়া থাকিতে পারিলেন না; পাঠনার কার্য্যে ব্যাপ্ত থাকাতেই বে অধিকতর শান্তি তাহা সম্পষ্ট দেখিলেন।

এই সময়ে তিনি যে স্বীয় ধর্মপত্নীর কথায় অনেকট। সান্থনা পাইয়া-ছিলেন, তাহার উল্লেখ পারিবারিক প্রবন্ধের উৎসর্গে আছে।

৺ মহেন্দ্র দেব 'রাক্ষামালু ভাতে', 'কাঁচাকলা ভাতে', 'ডাল ভাতে' প্রভৃতিই থাইতে ভাল বাদিতেন। ভূদেব বাবৃকে আহারের সময়ে অশ্রন্থ নয়নে, সেগুলি পাতে একটু সরাইয়া রাখিতে লক্ষ্য করিয়া তর্কভূষণ মহাশয় বলিয়াছিলেন, "ঝিষিদিগের পদাহসরণকারীদিগের প্রিয় সাত্তিক আহার পরিত্যাগ করিতে নাই। খাও।" সেই ধীর পঞ্জীর পিতামহের কতটা প্রীতি এবং শ্রদ্ধা বালক ভিতরে ভিতরে আকর্ষণ করিয়াছিল তাহা ভূদেব বাবু ঐ কথায় ঐ একবার মাত্র দেখিতে পাইয়াছিলেন।

^{* &}quot;কৈ ?—একি হইল ?—দেইটা ?—দেই সকা প্রথমেরটা ?—দেই সাক্ষাৎ দেবতুল্য শক্তিসম্পন্নটা ?—দেটা কোথার গেল ?—আর এথানে থাকিব না। বৃক্ষবাটীকা
হইতে বাহির হইরা সে ব্থা গিয়াছে সেইথানেই বাইব।—বাহির হই—হাত
ধরিলেন—নিকটে একটা গাছ ছিল, তাহার প্রতি অসুলিনির্দেশ করিলেন। দেখিলাম
গাছটার তলায় অনেকগুলি অপক কুড়ি পড়িয়া রহিয়াছে। অশ্রুপ্নিন্মনে বাম্পদ্ধ
গদ্গদ হরে বলিলেন, 'মুকুল যত হয় কল তত হয় না'। তথ্য বুঝিলাম। থামিলাম।
ইতি প্রবোধ্যায়িনী"—

প্রথম জাত এই পুত্রটী পাইয়া এবং হারাইয়া ভূদেব বাবুর মনের ভাব এবং কার্য্য-প্রণালী কিরূপ হইয়াছিল তাহা তাঁহার রচনাবলীর অনেক স্থালই প্রকটিত আছে:—

(১) "বাপ মা সন্তানের জন্ম যে কত শত করেন, শাল্পে এবং লোকের মুথে তাহারই ভূমৌভূয়: ব্যাথা শুনিতে পাওয়া যায়। কিন্তু সম্ভান যে পিতা মাতার অশেষ উপকার করে, তাহা শাম্মে ইঙ্গিত-মাত্র উক্ত হইয়াছে, কোথাও স্থবিস্কৃতব্ধপে ব্যাখ্যাত হয় নাই। সস্তান পিতা মাঔর 'নিরয়-ত্রাতা' বলিয়া নির্দ্ধিষ্ট হইয়াছে। * * * সন্তান দারা স্বার্থপরতার সংস্কার হইতে থাঁকে. * * * সন্তানের জানোমেষ হইবামাত্র পিতা মাতার বোধ হইতে থাকে যে, তাঁহারা নিজে কোন হুক্ষ করিলে সম্ভানও সেই ছক্রিয়াসক্ত হইবে; আপনারা নিশ্চেষ্ট হইলে সম্ভানের অবস্থার উংকর্ষণাধন হইবে না। বস্তুতঃ সম্ভান পালন করিতে করিতেই শিক্ষাপদ্ধতির যে কত নৃতন নিয়ম আবিষ্কৃত হয়, মানবস্থদয়ের যে কড অপরিজ্ঞাত তথ্য পরিজ্ঞাত হয়, কার্য্যের বিদ্ধ বৈষম্য সমুদায় উৎসাহ-শক্তির উত্তেজনায় যে কিরপ দূরীভূত হইয়া যায়, তাহা ভূকভোপী মাত্রেই বুঝিতে পারেন। এইটা উদাহরণ দিতেছি। প্রথম সস্তানের জন হইলে কোন ব্যক্তি স্বাস্থ্যবক্ষা, শিশুপালন এবং চিকিৎসাবিধান এমন উত্তমরূপে শিথিয়া লইয়াছিলেন যে, অনেক সময়ে ক্বতবিদ্য চিকিৎ-সকেরা তাঁহার পরামর্শ গ্রহণ করিতেন + এবং তাঁহার উপদেশ পাইয়া কুতকার্য্য হইতেন। ছেলেটা তুর্বল ছিল। ক্রমৈ তাহার শরীর স্বস্থ এবং স্বল হইল। তাহার শিক্ষা কার্য্যের বিধান করিতে করিতে শিক্ষা

পারিবারিক প্রবন্ধের ডাক্তার দেখান প্রবন্ধে ভূদেববাবুর এই প্রথম কান্ত পুত্রেরই
 অপস্থী এক সময়ের অপ্রথে চিকিৎসার কথা বিশক্ষপে বর্ণিত আছে।

পদ্ধতির সমুদায় স্ত্র পিতার আয়ন্ত হইয়া গেল। । • [পারিবারিক প্রবন্ধ— নিরপত্যতা।]

(২) "প্রথম সন্তানের মৃত্যু সামাক্ত হুর্ভাগ্যের বিষয় নহে। অগ্রে-विरम्नान व्यापका व्यापक स्वाप व्याप नारे विनात करन। यांशात मसानिविद्यान रहेबाह्म, जाँरावरे समय क्षेत्र किया निवाह्म। किस প्रथम সম্ভানের বিয়োগ যন্ত্রণা কিছু বিশেষ যন্ত্রণা। প্রথম সম্ভানের প্রতি পিতা মাতার যে বাৎসন্যভাব জন্মে তাহা অতি অপূর্বর। বাৎসন্যভাবের সহিত প্রথম পরিচয় এবং ঐ ভাবের অভিনব স্থাপেলব্লি প্রথমজাত সম্ভানকে লইয়াই হয়। প্রথম সম্ভানের প্রতি⁶মমতা অতি প্রগাঢ। প্রথম সন্তানটী নিতান্তই নিজম। যম ঐ নিজমের লোপ করিয়া মমতার ভ্রম যুচাইয়া দিলে একেবারে আকাশ হইতে রসাতলে পড়িতে হয়। তাহার পর আর যত সম্ভান জন্মে, কাহার প্রতি আর তেমন মমতা জন্মে না। সম্ভান সত্য সত্যই আপনার নয়, এই ভাব চিরজাগরক হইয়া উঠে; ভাহাদিগের সকলেরই উপর যমের ভাগ আছে জানিয়া আর পূর্বের মত পাঢ় মমতা জনিতে পায় না। উহারা নিজম্ব নহে—অন্মের গচ্ছিত ধন-নাড় চাড়, কিন্তু আমার বলিয়া মনে করিও না। অথবা উহারা ত থাকিবেই না—তবে রেথে যেতে পারিলে হয়, মুনোমধ্যে নিরম্ভর এই ভাব উদিত থাকিয়া আপনার জীবনের প্রতি অনাস্থা জন্মাইয়া দেয়। व्यामानित्वत्र मर्द्धा रव खेनात्रीक मानतिक पूर्वत्वका व्यवः व्यक्षंत्रपाय বিহানতা দৃষ্ট হয়, তাহাঁর অক্ততম কারণ আমাদিগের প্রথমজাত সন্তান-গুলির অকাল মৃত্যুর গ্রাচুর্য।" । পারিবারিক প্রবন্ধ—জেঁয়াচ্]

ইহার পর ভূদেব বাবু চু চুড়া মাধবী তলায় বাদা করেন এবং পরে চু চুড়া বড়বাজারে বাড়ী করেন। ভূদেব বাবুর পিতা ৺তর্কভূষণ মহাশয়

এই উপলক্ষ্যে শিক্ষাবিধায়ক প্রস্তাব নিথিত হুইয়াছিল।

পুত্রৈশর্ধ্যে ৺গঙ্গাতীরে তথায় স্থায়ীভাবে বাদ করিলে কলিকাতার বাদ উঠিয়া তিংপরিবর্ত্তে চুঁচ্ড়াই প্রকৃতপক্ষে তাঁহাদের দকলের বাদস্থান হইয়া পাঁড়িল।

নর্মানে স্থলের ছেলেরা কিলে লেখা পড়ায় এবং চরিত্রে ভাল হয়, পূর্বে শুধু সেই দিকেই ভূদেব বাবুর মনোনিবেশ ছিল; ক্রমশঃ তাঁহার সমত্রে শিক্ষিত ছাত্রেরা কোথায় কিরপ কার্য্য করিতেছে তাহার নিয়মমত সংবাদ রাখিতে এবং তাঁহারা মাহাতে আপন আপন জেলাতেই স্থবিধামত চার্বুরী প্রাপ্ত হয়েন সে জন্য বিশেষ চেষ্টা করিতেও লাগিলেন। নানাম্বানের স্থলের ম্যানেজারদিগের সহিত চিঠিপত্র চলিতে লাগিল এবং ক্রমশঃই দ্রদর্শনের সহিত কার্য্য পরিচালনা করিবার শক্তি বিশিষ্ট-ভাবে বর্দ্ধিত হইতে লাগিল। বছদশী মিষ্টার অ্যাপ্তু কার্ণেগী একাস্ত দরিদ্রাবন্ধা হইতে লোহার কারখানায় অতুল্য ধনী হইয়াছিলেন। তিনি প্রকৃত কথাই বলিয়াছেন:—"যে নিজের নির্দিষ্ট কার্য্য ভাল করে, তাহার সে কার্য্য থাকে; যে নিজের নির্দিষ্ট কার্য্য ভাল করে, তাহার সে কার্য্য থাকে; যে নিজের নির্দিষ্ট কার্য্য ভাল করে, তাহার সে কার্য্য থাকে করে নির্দিষ্ট কার্য্য ভাল করে এবং আরও কিছু অধিক করে তাহার্য্যই 'উন্নতি' হয়।"

শেষোক্ত কথাটা প্রক্রড হিন্দুমতের সহিত মিল করিয়া নিম্নলিথিত ভাবেও বৃলা যায়:—"যে কর্ত্তব্য বৃদ্ধিপ্রণোদিত হইয়া, নিজের কার্য্যের সহস্ক লক্ষ্য করিয়া,দেই সকুল কার্য্যেও বিশেষজ্ঞ হইয়া, অপরের কার্য্য স্থচারু রূপে সম্পন্ন হওয়ার জন্ম সর্বাদা সাহায্য করিতে উন্দৃথ এবং সর্বাথ স্থপরামর্শ দিতে সক্ষম, সে ব্যক্তি ভিতরে সর্ব্যক্তার চক্ষে উচ্চতের কার্য্যের উপযুক্ত হইয়াছে; স্থতরাং সময়ক্রমে তাহার ইহলৌকিক উন্নতিও অনিবার্যা।" ভূদেব বাবু সকল কার্য্যই "জন্মভূমির এবং ইষ্টদেবী জগজ্জননীর সেবা বৃদ্ধিতে" করিতেন; সেই জন্ম নর্ম্যাল স্থল

যে 'উদ্দেশ্যে' সৃষ্ট, সেই 'মফ:ম্বল স্কুলে স্বদেশীয়দিগের স্থানিকার' সম্বন্ধে তাঁহার লক্ষ্য স্থির ছিল;—'সেটা ইনস্পেক্টরের কার্য্য, আমি দেলেদের পরীক্ষায় পাশ করাইয়াই থালাস' এভাব তাঁহার মনে কখনই স্থান পায় নাই।

ইনস্পেক্টর উড়ো সাহেব এই সময়ে নির্মাণ স্থল সমূহের ছাত্রদিগের মধ্যে প্রতিযোগিপরীক্ষা গ্রহণের প্রস্তাব করিলেন। ভূদেব বাবু বলিলেন, "প্রতিযোগিপরীক্ষায় ফল ভাল নেথাইবার জ্ব্যু হেড মাষ্টারগণের ভাল ভাল ছেলেদিগকেই স্থলে রাখিতে এবং বংসরের মধ্যে মফংখর্ণের স্থলে পণ্ডি-তের প্রয়োজন হইলে নিরেশ ছেলেই তথায় পাঠাইয়া দিতে ইচ্ছা হইকে পারে; মফ:ম্বলের স্থল সমূহের জ্বন্ত একণে এত পণ্ডিতের আবশ্যক হইতেছে যে, নৰ্ম্যাল স্থলের দিতীয় এমন কি প্রথম বর্ষীয় শ্রেণী হইতেও ছাত্র পাঠাইয়া দিতে হইতেছে; যখন পণ্ডিতের সংখ্যা প্রয়োজনের অফুরূপ হইবে—মধন মদঃমল মূলের কর্ত্রপক্ষীয়গুণ পরীক্ষোভীর্ণ ভিন্ন অন্ত চাত্রকে পণ্ডিত স্বরূপে গ্রহণ করিতে অস্বীকার করিবেন—'তখন' প্রতিযোগি-পরীক্ষার ব্যবস্থায় উপকার হইবে। উড়ে। সাহেব এই ফুক্তির সারবত্তা ব্রিতে সক্ষম না হইয়া প্রতিযোগিপরীকারই প্রবর্ত্তন করিলেন। বাবু স্থূলে কথন ছেলে আটকাইয়া রাখিয়া মকঃম্বলম্ব স্থূলসমূহে পণ্ডিতী করিবার জন্ম নিরেশ ছেলে একটাও পাঠান নাই, তগাপি তাঁহার একাগ্র-তার ও পরিশ্রমের গুণে মাঝারি ছেলেরাও উৎকৃষ্ট হইতে লাগিল এবং ছগলী নশ্মালেরই ফল ভাল হইতে লাগিল। অতঃপর লজ সাহেব

^{*} डेन्ट्लिक्टें अब मारहर खून भतिनर्गन बिलाएँ निशिशांहित्नन :---

[&]quot;হগলী নর্মাল স্কুলের সাধারণ কাজ কর্ম, ছাত্রদিগের পাঠেয়েতি ও প্রধান শিক্ষকের স্কোশল সম্পন্ন বন্দোবন্তে আমি বংগত পরিতৃষ্ট হইয়াছি।" (১৮৫৯-৩০, অব্দের রিপোর্ট)। "হগলী নর্মাল স্কুলের কল বে এত উৎকৃত্ব, তাহার একমাত্র

ুইনস্পেক্টর হইলে এই প্রতিযোগিপরীক্ষা সম্বন্ধে ভূদেব বাবুর কথাগুলিই সঙ্গত মনে করিয়া তিনি উক্ত প্রথা উঠাইয়া দিলেন।

ক্রণলী কলেজ বাড়ীতেই লজ সাহেবের বাসা ছিল। ভূদেব বাবু প্রত্যাহ সন্ধ্যার সময় বা সন্ধ্যার পর পাল্কি করিয়া ঐ কলেজ বাড়ীর নিকটস্থ আপন বাসায় আদিউেন। লজ সাহেব ঐ সময়ে প্রায়ই কলেজের সম্প্রের রাস্তায় পায়চারী করিয়া বেড়াইতেন। ভূদেব বাবুকে ওরূপ অবৈলায় স্থল হইতে আদিতে দেখিয়া সাহেব রহস্থ করিয়া বলিতেন, "জীল জীল' (কার্য্যে অত্যধিক 'উৎসাহ')। লজ সাহেবের বার্ষিক রিপোটে ভূদেব বাবুর স্থল রিপোটের কিছু কিছু অংশ প্রায়ই উদ্ধৃত হইত; ভূদেব বাবুর রিপোটের একটা অংশের মর্ম্ম দেওয়া হইতেছে:—

(১) উচ্চশ্রেণীতে সংস্কৃত ভাষার অত্যুৎকৃষ্ট কাব্য গ্রন্থ এবং মৃগ্ধ-

কারণ, প্রধান শিক্ষক বাবু ভূদেব মুখোপাধ্যায়ের স্কার্র বন্দোবস্ত। এই স্কুলের প্রারম্ভ কাল হইতেই তিনি ইহাতে স্ববাবস্থার সংস্থাপন করিয়াছেন। হুগলী নর্দ্মাল স্কুলের উপর যে দেশীর সাধারণের শ্রদ্ধা ও অমুরাগ বেশী হইরাছে তাহার যথেষ্ট প্রমাণ পাওরা বায়। বিগত দুই বংসরের মধ্যে যে সকল ছাত্র এই স্কুল ছাড়িয়ছে তাহাদিগের কাহাকেও বসিয়া থাকিতে হয় নাই। স্কুল পরিত্যাগের সক্রে ম্যানেজারদিগের শাইয়ছে। গবর্ণমেন্টের সাহায্য প্রাপ্ত নয় এরপ অনেক স্কুলের ম্যানেজারদিগের নিকট হইতে প্রায়ই পত্র আসিয়া থাকে। তাহারা তাহাদিগের স্কুলের লক্স হুলের লগ্রালা বিদ্যালয় হইতে পণ্ডিত পাঠাইতে অমুরোধ করিয়া থাকেন এবং আজকাল প্রায় সকল হলেই গবর্ণমেন্টের সাহায্য প্রার্থনা করিয়ার সমুদ্রে স্কুলের কর্ত্তপক্ষীয়গদ অমুরোধ করিয়া থাকেন যেন 'ভূগলী নর্ম্মালের'ই কোন ছাত্রকে তাহাদের স্কুলে শিক্ষকতা করিবার লক্স পাঠাইয়া দেওয়া হয়।" (১৮৩০-৬১ অন্ধের রিপোর্ট)

"কলিকাতা, হুগলা ও ঢাকা—এই তিন স্থানের নর্ম্মাল স্কুলের মধ্যে হুগলী নর্ম্মালের প্রথম শ্রেণীর পরীক্ষার ফলই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট।" (১৮৬১-৬২ অক্টের রিপোর্ট) বোধ ব্যাকরণ পাঠনার ব্যবস্থা হইয়াছে। ঐ ব্যাকরণের রচনা কৌশল এরূপ উৎকৃষ্ট যে ভাহাতে বৃদ্ধি বিশিষ্টরূপে মার্জ্জিত হয়।

- (২) এই নর্ম্মাল স্কুলের একজন ছাত্র প্রাণীতত্ব সম্বন্ধে এইখানি প্রাথমিক পুস্তক এবং অপ'র একজন কোনিকসেক্সন সম্বন্ধে পুস্তক লিখিয়া সংশোধন জন্ম আমার নিকট পাঠাইয়াছেন।
- (৩) ডুইং শিক্ষাদিবার জন্ম একজন শিক্ষকের বড়ই প্রয়োজন; আমার ঐ শিক্ষা হয় নাই বলিয়া আমি তাহার অভাব পাঠনাকালে সর্বাদাই বোধ করিয়া থাকি।
- (৪) এই স্ক্লের ছাত্রদিগকে মফ: স্বলে পণ্ডিতী করিতে যাইতে হইবে; একটু সার্ভেইং (জরীপ) এবং দরপাস্ত লেখার এবং জমিদারী মহাজনী হিসাব রাখা শিখাইয়া দিতে পারিলে, ইহারা গ্রামিকদিগের উপকারে লাগিবে এবং উপযুক্তরূপ সম্মান এবং প্রীতি আকর্ষণ করিতে পারিবে।
- (৫) সম্প্রতি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষার নিয়ম পরিবর্তিত হওয়ায় পরীক্ষার্থীরা ইতিহাস, ভূগোল এবং সাহিত্যে আর মাতৃভাষায় উত্তর লিখিতে পাইবে না। নর্ম্মালস্ক্লের পরীক্ষোত্তীর্ণ শিক্ষকেরাই ইংরাজী স্ক্লে ঐ বিষয়গুলি পড়াইবেন ওইরপ কল্পনা ছিল [১৮৬১ অন্দের পূর্কের ঐ স্থান্দত ব্যবস্থা ১৯১০ অন্দে পুন: প্রতিষ্ঠিত হইয়াছে। 'মাতৃভাষাতেই সকল শিক্ষা দান' ভূদেব বাবুর চির অভিলষিত ছিল।]
- (৬) নর্ম্মাল স্থলের সকল ছাত্রকেই স্থল বোর্ডিংয়ে রাথিতে পারিলে ভাল হয়। ১২ হাজার টাকার কোম্পানীর কাগজের স্থল (তথনকার হারে ৫॥• হি:) মাসে ৫৫১ টাক। মাত্র। ঐ টাকাতেই স্থল এবং সকল ছাত্র রাধার উপযুক্ত বোর্ডিং হইতে পারে। এখন মাসে ১•১১ টাকা ১

् ऋन हेनस्म्बेहेत नक मारहरवत्र निक्षे जृत्वि वातू প্রস্তাব করেন যে, ্মর্মান মুনের ছার্ত্রগণ যাহাতে আপন আপন বাড়ীর অপেকাকত নিকটবর্ত্তী স্থানেই কর্ম পাইতে পারেন তাহার ব্যবস্থা করা উচিত। লঙ্গ সাহেব বলেন, "ভাহাতে পণ্ডিভেরা বাড়ী নিকটে পাইয়া প্রায়ই তথায় যাতায়াত করিবে; ইহাঙ্কে তাহাদিগের কর্ত্তব্য কর্মে ব্যাঘাতই ু ধটিবে।" ভূদেব বাবু বলিলেন, "আপনি যে অপকারের আশকা করি-ভিত্তেন স্থল তত্তাবধানের ব্যবস্থা দারাই তাহার প্রতিকার হইবে। পণ্ডিতের৷ ১৫ র্থক ২০ টাক। বেতন পাইয়া থাকেন: অধিক উন্নতির আশা নাই; এরপ অবস্থায় তীহারা যদি বাড়ীর নিকটবর্তী স্থানে काज পान, তाहा इटेल ছू छैत ममराय महत्ज পाরিবারিক বিষয়ের তত্তাবধান ক্রিডে পারায়, তাঁহাদিগের কতকটা সাংসারিক স্থবিধা '২ইবে ; স্থৃভরাং চিত্তে সৈভাষ এবং কার্য্যে উৎসাহ থাকিবে ; অল্প বেতনে দুরবত্তী স্থানে থাকিলে ক্রমশঃ উৎদাহ কমিয়া যায়। পক্ষাস্তরে 'কার্য্যে অবহেলা করিয়া সর্বাদা বাড়ী যায়' উল্লেখে পাছে অন্তত্ত্র বদলী হইতে হয়, এই আশস্কায় প্রায় সকলেই বিশেষ মনোযোগের সহিত আপন আপন কর্ত্তব্য পালনে তৎপর থাকিবেন।" ভূদেব বাবুর এই কথা সম্পূর্ণ যুক্তিসম্বত এবং সহাত্বভূতিপূর্ণ বলিয়া লব্দ সাহেব তাহার প্রস্তা-ঁবিত ব্যবস্থায় স্বীকৃত হইয়াছিলেন।

এই সমায়ে ভূদেব বাবুর সেজ খুড়ার মৃত্যু হয়। তত্বপলক্ষে লজ সাহে-বের নিকট পত্র দ্বারা ছুটীর প্রার্থনা জানাইয়া তিনি কঁলিকাতায় গিয়া-ছিলেন; আটকিন্সন সাহেব তথন শিক্ষাবিভাগের ভিরেক্টর। তিনি ঠিক ঐসময়ে হুগলী নন্ম্যাল স্থল দেখিতে আসিয়া প্রধান শিক্ষককে তথায় দেখিতে পাইলেন না এবং নিজে বাঙ্গালা না জানায় দিভীয় শিক্ষক গুণ্ডিত রামগতি স্থায়রত্ব মহাশয়ের মুথে তৎসম্বন্ধে কোন কথা পরিস্কার- রূপে বুঝিতে পারিলেন না। আটকিন্সন সাহেব বড়ই অসম্ভষ্ট হইলেন এবং ভূদেব বাবুর নিকট 'কৈফিয়ৎ তলব' করিবার' জন্ম লজ, সাহেবে দি পত্র লিখিলেন। লঙ্গ সাহেব তখন বীরভূমে স্কুল পরিদর্শম করিতে গিয়াছিলেন। ভূদেব বাবুর 'দরখান্ত' সাহেবের আফিদ হইতে 'দস্তরমত ভাবে' মফংখলে পৌছিতে বিলম্ব হইস্ক ছিল; ডিরেক্টর সাহেবের 'পত্র'-' সম্বন্ধে তাহা হয় নাই। তথাপি লঙ্গ সাহেব প্রত্যুত্তরে আটকিন্সন সাহেবকে লিশিয়া পাঠাইলেন "ভূদেব বাবু তাঁহার অমুপস্থিতি সম্বন্ধে নোন কর্না, আমাকে এ পর্যান্ত জানান নাই বটে, কিন্তু আমার সম্পূর্গ বিশ্বাস যে উহার অবশ্রহ সংস্কোষজনক কারণ আছে এবং দেই জন্য আমি ওরূপ পরিশ্রমী ও একা গ্রচিত্ত শিক্ষকের কৈফিয়ৎ চাহিয়া অসম্বান করিতে একান্তই অনিচ্ছুক।"

ইংরাজেরা স্বভাবতঃই দেশীয় কশ্বচারীদিগকে কার্য্যে প্রশিষ্ট মনে ই করিতে এবং তাহা বলিতে সর্বাদ। প্রস্তাত। সেই এক এই পত্রে ভূদেব বাব্র্থ প্রতি উপরস্থ ইংরাজ কর্মচারীর আন্তরিক শ্রদ্ধা অসাধারণভাবেই প্রকটিত।

একদিন ভূদেব বাবু ছাত্রগণকে পুরাবৃত্তদার পড়াইনার সময় প্রসন্ধ ক্রমে অধিকারী এবং পরিবৃতি ভেদে ধর্মাত বিভেদ্বের কথা ব্রাইয়া দিতেছিলেন। গোয়াড়ীরুক্ষনগর হইতে আগত জুনক পাদরী ভূদেব বাবুর সেই আধ্যাপনা শুনিয়া প্রধান প্রধান অপরাপর পাদরীগণকে লিথিয়া পাঠাইলেন যে, হুগলী নর্ম্মাল স্থলের হেডমাষ্টার ঐতিহাস্কি সত্যে সম্পূর্ণ অবিশাস করিয়া ছেলেদের পড়াইতেছেন। মিসনরীগণ উল্লিখিত বিষয়ে একটা প্রবন্ধ ইংরাজী "হরকরা" পত্রে প্রকাশিত করিলেন। এতান্তর্ম স্বতন্ত্র আবেদনে তাহাদের অভিযোগ গবর্ণমেন্টকেও অবগত করাইলেন। গবর্গমেন্ট হরকরা পত্রের প্রবন্ধ এবং আবেদন পত্র সম্বন্ধে লক্স সাহেবর্ণে ভূদেব বাবুর কৈফিয়ৎ লইয়া রিপোর্ট করিতে বলিলেন। ভিতরে ভিতরে ব্য এত কাগু হইয়াছিল ভূদেব বাবু তাহার কিছুই জানিতে পারেন নাই ।

.একদিন প্রাতে লব্দ সাহেব কলেজ হইতে বেডাইতে বেডাইতে ভূদেব বাবুর বাসার নিকটে আসিয়াছিলেন; ভূদেব বাবু সেই সম্বাদে বাসা হইঠে বাহির হইলে উভয়ের সাক্ষাৎ হইল। লজ সাহেব তাঁহাকে বুলিলেন, "আমি আপনাকে কয়েকটী বিষয় জিজ্ঞাসা করিতে চাই। মহারাণী ভিক্টোরিয়া এক্ষণে রাজ্বীকরিতেছেন, আপনি একথায় বিশ্বাস ক্রুরেন কি না?" ভূদেব বাবু বলিলেন, "করি বৈ কি; নৃতন টাকায় ভাঁহার নীম দেখিতে পাইতেছি; সরকারী চিঠি পত্তে তাঁহার নাম শুনি-তেছি; ফলে তিমি যে রাজত্ব করিতেছেন ইহা আমি বিশাস কুরি 1" ভূদের বাবু প্রশ্নের উত্তর দিলেন বটি কিন্তু কেন যে লজ সাত্ত্বে তাঁহাকে 'এরপ' ক্লাল্ল করিলেন, ব্ঝিতে না পারিয়া অত্যন্ত বিস্ময়াপন ইইলেন। লজ সাথেব পেক আবার জিজ্ঞাসা করিলেন, "আচ্ছা, মহাত্মা আলেক-জাণ্ডর একজন ছিলেন, একথা কি আপনি বিশাস করেন ?" এই প্রশ্নে ভূদেব বাবুর বিস্ময় আরও বর্দ্ধিত হইল। তিনি উত্তর করিলেন, "হা বিশ্বাস করি বটে, কিন্তু মহারাণীর সম্বন্ধে যতটা, ততটা নহে। কেহ তাঁহাকে বলেন মেকেন্দর, কেহ বা বলেন, আলেকজাণ্ডর। আর তাঁহার রাজ্য যে পরিমাণে এবং যত শীঘ্র বিস্তৃত হইয়াছিল বলিয়া ইতিহাদে বর্ণিত হইয়াছে বস্তুতঃ তাহা না হইয়া থাকিতেও পারে।" সাহেব বলি-লেন, "ধাহাই হউক আপনি আলেকজাণ্ডারের অন্তিম বিষয়ে কতকটা ত বিশ্বাস করেন।—আচ্ছা, আপনি এডাম ও ঈভের বিবরণে বিশ্বাস করেন কি ?" ভূদেব বাবু বলিলেন, "না, একমাত্র পুরুষ ও একমাত্র স্থী হইতে যে সকল মনুষ্যেরই উৎপত্তি হইয়াছে ইহা আমি বৈশ বিশ্বাস করি না; মঞ্গোলীয় ককেসীয় নিগ্রো প্রভৃতি নানান্ধাতির মুখগ্রীতে অভিশয় বৈলক্ষণ্য দৃষ্ট্য হয়।" সাহেব বলিলেন, "তাহাতে ক্ষতি নাই; ও বিষয়ে মতভেদ আছে; এখন বুঝা গেল যে আপনি ইতিহাসে বিশ্বাস করেন।"

ज्राप्त वातू मारहवरक व्याभाव किक्कामा कविरानन। मारहव ज्राप्तक বাবুকে হরকরার প্রবন্ধ এবং গবর্ণমেন্টের আদেশ দেখাইয়া জিজ্ঞাস্ট্ করিলেন, "সম্প্রতি কোন মিদনরী নর্ম্মাল স্থলে আদিয়াছিন্দেন কি ?" ভূদেব বাবু বলিলেন "আসিয়াছিলেন বটে, কিন্তু সে ত অনেক দিনের कथा।" সাহেব বলিলেন, "মিদনরীরাই এতদিন ধরিয়া এই সকল কাণ্ড कदियाष्ट्रम ।" ज्थन ভূদেব বাবু সাহেবকে জিজ্ঞাসা করিলেন, "আমার্ক কিরপ কৈফিয়ৎ দিতে হইবে।" সাহেব বলিলেন, "আবার কি কৈফিয়ৎ দিতে হইবে ? আমি ত এতক্ষণ আপনার কৈফিয়ংই লইভেছিলাম। ব্যান-লাম ইতিহাসে আপনার বিশাস আভে। মহারাণীর অন্তিতে আশনি বিশ্বাদ করেন, আলেকজাণ্ডবের দম্বন্ধেও আপনার বিশ্বাদ আছে তবে এতদপেকা কিছু কম; আর এডাম ও ইভ সম্বন্ধে প্রাপ্তনার ব্রাবনক সন্দেহ। বৃদ্ধিসম্পন্ন কোন মহুষ্যের নিকট হ'হতে এতদপেক্ষা অধিক আর কিছুর আশা করা যায় না। 'ইতিহাসে বিশ্বাস' বলিতে মিসনরীগণ অক্ষরে অক্ষরে তাঁহাদের ধর্মপুস্তকের লিখিত ইতিহাসই বুঝিয়া থাকিবেন। যাহা হউক আপনাকে আর কোনব্রপ কৈফিয়ৎ দিতে হইবে না; আমিই জবাব লিখিয়া দিব।"

নশ্মাল স্কুলে ভূদেব বাবুর শিক্ষাদান কেবল পুস্তক পাঠনামাত্রেই নিবদ্ধ ছিল না। ভূষোদর্শন দারা ছাত্রগণের অভিজ্ঞতা, বৃদ্ধি পাইয়া যাহাতে তাহারা মফ:স্বলের স্থলসমূহের স্থযোগ্য শিক্ষক হইতে পারে, এই উদ্দেশ্যে তিনি তাহাদিগকে সময়ে সময়ে বর্দ্ধমানের মহারাজের প্রাসাদ ও মনোহর উত্থানাদি, রাণীগঞ্জের কয়লার ধনি, কলিকাতার দূর্গ, বীরভূমের পার্বত্য অঞ্চল, বারাকপুরের পার্ক প্রভৃতি স্থানে লইয়া যাইতেন।

ज्रुत्तर **वावूब नर्पाान ऋरनद हाजगर**नंद मर्पा **এ**ই ভাবে नाना विषय

বুদ্ধির পরিচালনা হওয়ায় অনেকের নৈদর্গিক শক্তির ক্ষৃত্তি হইয়াছিল এবং সেইজন্ত দেখা যায় খে, স্থল পণ্ডিতিতে বন্ধ না ধাকিয়া মনেকে পরে স্ব-হৈষ্টায় বিভিন্ন কর্মক্ষেত্রে উন্নত হইতে পারিয়াছিলেন। ফরাশিডাঙ্গার ৺ইন্দ্রকুমার চট্টোপাধ্যায় (ডেপুটী ইনস্পেক্টর), শান্তিপুরের ৺রামগোপাল িন্দ্যান্ত (ইঞ্জিনিয়ার), মানন্ধবের ৺কেশবচন্দ্র ভট্টাচার্য্য (উকীল), ্রবং ৺ রামদাস সেন, ৺যাদবচন্দ্র হাজরা, ৺দীননাথ রায় প্রভৃতি অনেকে कुनिर्देशक मर हेन्स्वरेत अथवा **द्धि**निः कुनममूट निक्क हहेग्राहितन । ্র্টারা যাবজ্জীবন ভূদেব বাবুর প্রতি অদামান্তভক্তি প্রদর্শন করিতেন্। ্নশ্যাল স্থলে শিক্ষকতা করণর সময় হইতেই বর্দ্ধমানুদ্ধে মহারাজা-ধিরীস্বৃ ৺মহাতাব চাঁদের সহিত ভূদেব বাবুর পরিচয় হয়। শহারাজাধিরাজ ভূদেব বাবকে রুজু ভাল বাদিতেন। ভূদেব বাবু যথন দাৰ্জ্জিলিঙ্গে যাই-**उन, उ**र्वन महात्राक्ष और हारक थाकितात कन्न उथाप्र এकशानि পृथक ताज़ी এবং ব্যবহারের জন্ম নিজের বাছাই করা একটি ভাল ও শান্ত ঘোড। দিতেন। মহারাজ মহাতাব চাঁদের পৃর্ববর্ত্তী বর্জমানাধিপতিগণ আপনা-দিগের এলাকাস্থ প্রায় সকল ত্রান্ধণ পণ্ডিতকেই ত্রন্ধোত্তর ভূমি দান ক্রিয়াছিলেন, এবং বাঙ্গালার ব্রাহ্মণদিণের ঘারাই পৌরহিত্যক্রিয়া নির্বাহ করাইতেন: কিন্তু মহারাজ মহাতাবচাঁদ ঐ কুলপ্রথা ভাড়িয়া কাশ্মীরী ব্রাহ্মণদিগের, দ্বারা পৌরহিত্য ক্রিয়া সম্পাদনের ব্যবস্থা করিয়া ফেলেন। এই কার্যোর উল্লেখ করিয়া ভূদেব বাবু মহারাজাধিরাজকে একটু অমুযোগ করিলে মহারাজ বঙ্গীয় ব্রাহ্মণদিগের উপর দোষারোপ করেন এবং নিজে ও তাহার পরিবারবর্গ 'প্রকৃত পক্ষে যে পঞ্চাবা' তাহার উল্লেখ করেন। তাহাতে ভূদেব বাবু বলিয়াছিলেন,—"মহারাজ কীৰ্ত্তিচন্দ্র প্রভৃতি আপনার **एम**नियान श्रवभूक्षितित এ मिटन बक्ता खन मानक्र अक्षाकी खिल्ड দোষারোপ করিবেন না। তাঁহারা এত ত্রন্ধোত্তর দান করিয়াছেন যে 'বর্দ্ধমান চাকলায় যাহার ব্রক্ষোত্তর নাই দে বৃঝি ব্রাহ্মণই নয়' এইরূপ একটা কথা প্রচলিত আছে। আপনারা যে পঞ্জাব 'হইতে আদিয়াছেন দে বিষয়ে সন্দেহ কি ? এ দেশের কুলীন ব্রাহ্মণদিগের পৃর্বপূর্ব্বরার কাঞ্চকুক্ত হইতে আগত। কিন্তু যথন কুলের আদিপুরুষ মহাত্মারা আপনাদিগকে বাঙ্গালীর ন্যায় ব্যবহার কিয়ো গিয়াছেন, তথন আপনি বহুপুরুষ পরে নিজেকে পাঞ্জাবী বা আমি আজ নিজেকে কনৌজী বলিয়াক সাধারণতঃ বাঙ্গালীর নিন্দা করিতে গেলে কি তাঁহাদের গৌরবের হানি করা হয় না ?" ব্রাহ্মণক্ষত এইরূপ স্পষ্টবাদিতা এবং স্ক্র্মণর্শন জন্ম মহারাজাধিরন্থে তাঁহাকে বড়ই ভক্তি এবং সন্মান করিতেন।

ভূদেব বাব্র প্রথম পুলের পর তাঁহার এক কলা হয়। ইহঁরে
বিবাহ (১৮৫৮ খঃ) হরিতকী বাগানের বাড়ীতে নুর প্রভিষ্ঠিত
কলিকাতা বিশ্ববিদ্যালয়ের দিতীয় বর্ষের বিএ নারাক্ষেত্তীর্ণ বারাসত
নিবাসী ৺তারাপ্রসাদ চট্টোপাধ্যায়ের সহিত হইয়াছিল। ৺তারাপ্রসাদ
বাব্র লায় পড়াশুনায় একান্ত একাগ্রচিত্ত লোক খুবই বিরল।
তিনি ফরাসী ভাষা উত্তমরূপ শিখিয়াছিলেন; এনুসাইক্রোপিডিয়া
বিটানিকা আলম্ভ পড়ার উপলক্ষ্যে বিবিধ বিজ্ঞান ও দর্শনের সম্যক্
আলোচনা করিয়াছিলেন; তাঁহার ইংরাজী লেখার স্থ্যাতি যথেষ্ট ছিল।
১৮৭২ অব্দের 'বেশ্বনাম্যাগাজিনে' ইহার লিখিত প্রিভিলেজ্ড্ অফেণ্ডার্স'

^{* &}quot;ক্সাটী বাড়িতে লাগিল, লেখা পড়ায় মনোযোগ প্রদর্শন করিতে লাগিল, বৃদ্ধি
এবং ফ্লীলভায় উৎকৃষ্ট হটয়া উঠিল। পিতা ক্সাকে তত্ত্পযুক্ত পাত্রে সমর্পণ করিতে
বাদনা করিলেন। কিন্তু খন্বান নহেন বলিয়া পাত্তে ফ্পাত্র নংযোজন না হয়, এইরপ
ভয় হইতে লাগিল। তিনি ধন বৃদ্ধির উপায় করিতে না পারিয়া ভাবিলেন, যদি গাঁচ
অনে আমাকে ভাল বলিয়া জানে তবে মেয়ের বিবাহের জম্ম ভাল ছেলে জ্টিতে
পারিবে।" [পারিবারিক প্রবন্ধ—নিরপত্যতা]



৺তারা প্রসাদ চট্টোপাধ্যায়

(নিরঙ্গণ অপরাধী) প্রবন্ধ অনেক উচ্চ শ্রেণীর ইংরাজের দৃষ্টি আকর্ষণ এবং ইউরোপীয় অপরাধীদিগের উপযুক্ত দাজার প্রয়োজন সহন্দে চিন্তার ক্রিয়োছিল। তিনি অল্পদিন শিক্ষকতা করিয়া পরে ডেপুটা ম্যাজিষ্ট্রেটা পদে খ্যাতিলাভ করিয়াছিলেন।

—পিত্রা ৺ তর্কভূষণ মহাশীষর সম্মতি ক্রমেই ভূদেব বাবু আপন ক্রুগাগণের বিবাহ স্থলে মেলভঙ্গ করিয়াছিলেন। তিনি প্রথমা কলার বিবাহ পিডি বিত্রী মেলের, দ্বিতীয়া এবং তৃতীয়া কলার বিবাহ ফুলে মেলের ব্যবং কনিষ্ঠা কলার বিবাহ শীষ পড়দহ মেলের পাত্রে দিয়াছিলেন।

ভূদেব বাব্ ভারতের হিন্দু সমাজের সজীবতায় সম্পুরিপে বিশ্বাস করিছেন এবং বলিতেন যে অন্তঃশাসিত পরোক্ষদৃষ্টি এবং সংখ্যশীল এই সমাজ সাম্যুক্ত প্রয়োজন মত অল্পাধিক সংস্কার অনেকদিন ধরিয়া অল্পে অল্পে যেন অলক্ষাহ করিয়া লইয়া থাকেন; কৌলীল্য প্রথার এবং মেল বন্ধনের আঁটা আঁটির দিক হইতে ব্রাহ্মণ সমাজের যে ভাবে মন ফিরিতেছে তাহা অশাস্ত্রীয় নহে এবং সমাজের পক্ষে উপকারী বলিয়াই অনেক ভাললোকে মনে করিতেছেন; উহা বর্ণের আভ্যন্তরিক সম্মিলনের দিকে; সমগ্র ব্রাহ্মণ সমাজ একই ছিল এবং যাতায়াতের সৌকর্য্যে এবং স্থাবস্তুত ভাবে বিদ্যার অনুশীলনে ধীরে ধীরে 'পুনরায় একই বলিয়া লক্ষিত' হইতেও পারে; প্রক্তপক্ষে রাট্যয় এবং বারেক্তে এমন কোন পার্থক্য নাই, যাহাতে বিবাহ এমন কি আনহার পর্যান্ত অপ্রচলিত হইয়াছিল ;* এখন ভঙ্গকুলী-দিগের মেল রক্ষার জন্য 'বিশেষ' চেষ্টা অনাবশ্রীক।

^{* &}quot;একই বর্ণের লোকের মধ্যে যে অবস্থানভেদজনিত বিবাহপ্রতিষেধ এখন দেখা যায়, তাহা জাতিভেদ নয়। যাতায়াতের সৌকর্যোর সহিত দর্বতেই ঐ আগস্তক সন্থীর্ণতা আপনা হইতেই মিটিয়া ঘাইবে বলিয়া বোধ হয়। ভারতবর্যের সকল প্রদেশবাসী বিশ্বাহ

'ক্সা পুত্রের বিবাহ' সমন্ধে পারিবারিক প্রবন্ধে তিনি যে মত গুলি লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, নিজ পরিবার মধ্যে তিনি ঠিক সেই ভাবেই চলিয়াছিলেন:—

- (১) "যেখানে বংশ মর্যাদা স্বীক্ষত, যেখানে গুণের গৌরব, সেই খানেই আন্ধ বিবাহ প্রচলিত হইবে এবং প্র দিয়া ক্সার বিবাহ দিছে। ইইবে।"
- (২) "পিতা আপনার পুত্র অপেক্ষা ক্লামাতা যাহাতে রূপে, প্রেণ, কুলেশীলে উৎকৃষ্ট বই অপকৃষ্ট না হয় তজ্জন্ত যথাসাধ্য চেটা করিবেন।

"বস্ততঃ শ্রাদান স্ব-ঘরে এবং সমান শরে করাই বিধেয়—কিছু উচ্চ অবশ্বই লইবে, কিন্তু খুব উচ্চে হাত বাড়াইবে না। * * * খুব উচ্চ ঘরে কন্তা দেওয়ায় নিজের এবং কন্তার উভয়েরই অনাদর ভুয়ু। অধ্বার খুব নীচ ঘরে দিলেও অন্ত প্রকারে সেই ফল্ল-কলে। নীচ ঘরের লোকেরা মনে করে, কন্তার পিতা মাতা ভ্রাতা প্রভৃতি যতই করুন, আর ষাহাই করুন, তাঁহারা অনাদর করিতেছেন; এবং তাই ভ্রাবিয়া তাঁহারা আত্ম গৌরব হানির শস্কায় আপনারাই সমধিক পরিমাণে অনাদর প্রদর্শন করিয়া থাকেন। অতএব কন্তার বিবাহ সমান ঘরেই দিবে।"

(৩) "পিতা কন্তাকে আপনার শক্তির অন্থসারে 'ধনরত্বসমন্বিতা' করিয়া দান * করিবেন—যদি পারেন কন্তাকে কিছু বিষয় দিবেন—বর পক্ষের পীড়াপীড়ির প্রতীক্ষা করিবেন না * * * নিদর্গতঃ কন্তা সন্তান-দিগেরও পিতৃধনে কতক অধিকার আছে। আমাদের ব্যবহার শাস্তে ঐ নৈদর্গিক অধিকার স্বীকৃত হয় নাই। বরকর্ত্তা জ্ঞাতসারেই হউক

দেরা বরায় বিছবে ধনরত্ব সমন্বিতা।--মহানির্বাণ তন্ত্র।

হইলে ভারত সমাজ বৃচ্নবন্ধ এবং হিন্দীভাষ। অধিকতর প্রচলিত হইরা উঠে। এরুপ সংস্থার প্রার্থনীয়।" [সামাজিক প্রবন্ধ-ভার তবর্বের কথা-সামাজিক বিষয়ং]।

আর অজ্ঞাতসারেই হউক, সেই নৈদর্গিক বলে বলীয়ান্। ক্লাকে কিছু সম্পত্তি প্রদান করিলৈই ঐ শক্তির পূজা হইয়া যায়; তিনি আর বর-ফুর্তার সহকারিণী থাকেন না।"

কন্যা পিতৃ পূহে যেরপে সদাচার, স্বক্ষচি, স্থকথা এবং ভদ্রতার মধ্যে এই ভিন্তু দিত এবং শুচি আহারে অভান্ত, শশুরপৃহে প্রথম পিয়া তাহাই দেখিলে তাহার সে পরিবারে মিশিয়া পড়া সহজ হয় এবং সেই জন্ম সকল দিও ইতেই 'সমান ঘরে বিবাহই' বাঞ্চনীয়।

ৈ ভূদেব বাবু জোষ্ঠা কল্পার এবং অন্স তিন কল্পার এবং প্রেলীনিলের জিবাহে বেরূপ ধন রত্ব দেওয়া, 'সকল দিক দেপিয়া সন্ধৃত্ব বলিয়া ছির কা হতন, তাহা পূর্বাক্তেই জানাইয়া দিতেন এবং প্রকৃতপক্ষে তাঁহার ছিব, বৈবাহিক, সন্ধক্ষের উপযুক্ত স্থলেই বিবাহ গুলি অবশেষে ঘটয়াছিল; তেরাং দে সকল স্থানে দরকদাকদি প্রভৃতি অযোগ্য এবং অপ্রীতিকর কান কিছু ঘটে নাই।

পঞ্চদশ অধ্যায়

িনঃ উড়োর ছুটি; নৃতন পদের স্ষষ্ট ; মেডলিকট সাহেব ; সহকারী ইনপ্পেক্টরের পদ প্রাপ্তি ; সার আশলী ইডেন ; অতিরিক্ত ইনপ্পেক্টরের পদ স্বস্থি এবং শেতাহার প্রাপ্তি ; ভারতে ও ইংলঙে শিক্ষার বাবহু। ; প্রাথমিক শিক্ষাবিস্তার চেষ্টা ; প্রক্রমণাস রায় ; অধীনহ্ব কর্মনারীসণের সহিত প্রীতির সম্বন্ধ।]

এই সময়ে স্থুল ইনস্পেক্টর উড্রো সাহেব বিলাত ধাইবার জন্ম হাসের ছুটী লইলে জিয়লজিকাল সর্ভের (ভূতত্ব পরিমাণ্ড) বিভাগের মিঃ জে জি মেডলিকট সাহেবের ঐ কার্য্যে নির্মেটিগের হুকুম হইল। উড্রো সাহেব কার্য্যের ভার ছাড়িয়া দিবার অব্যবহিত পূর্ব্বে ভূদেব বাবু তাঁহাকে সম্মান প্রদর্শন জন্ম তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গেলেন।

কেহ কোথাও চলিয়া যাইবার সময় এদেশীয় সহাত্মভূতিপূর্ণ শিষ্টাচার-পরায়ণ লোকেরা শ্বরণ করেন যে তাহাতে নিজের কি অস্ক্রিথা এবং সেই কথা জানাইয়া তৃপ্ত করিতে চেষ্টা করেন। "যাইতেছ—তা বেশ—আনার তাহাতে ক্ষতি বৃদ্ধি নাই"—এ ভাবটা ঠিক্ নয়। "ভাই! সৎপরামর্শ দেওয়ার লোক হারাইতেছি।" অথবা "মহাশয় আমার একজন সহায় ছিলেন—যাইতেছেন।" এই ভাবের কথাই সঙ্গত। ভূদেব বাব্র সহিত উজ্যো সাহেবের মিল ছিল। তিনি উজ্যো সাহেবকে বলিলেন, "আপনি ছয়মাসের জন্ত চলিলেন; ইতিমধ্যে যদি কোনরূপ স্ক্রিধা উপন্থিত হয়, তাহা আপনার অন্তপস্থিতিতে আমি পাইব না।" সাহেব বলিলেন, "কিসের স্থ্রিধা"? ভূদেব বাব্ বলিলেন, "পদ ও বেতন বৃদ্ধির।"

এই কথার জৈওরে দাহেব যদি বলিতেন "তুমি পরিশ্রম করিতে থাক, যিনিই কেন আমার কার্য্য করিতে আহ্বন না, কে কর্ম্মচ, কে অকর্মণ্য দৈংকৈই তাহা জানিতে পারিবেন;" অথবা যদি বলিতেন "তোমার সম্বন্ধে আমার অভিমতি আফিদের কাগজে লেখাই আছে"; অথবা যদি বলিতেন, "আমি তোমার অন্তর্কুলে তুই ছত্র লিথিয়া রাখিয়া যাইব"—তাহা হইলে কর্মপ শিষ্টাচার সমত কথাবার্ত্তাতেই প্রদক্ষের উপসংহার হইয়া যাইত।

কিন্তু উদ্ৰো সাহেব প্রত্যুত্তরে বলিয়া কেলিলেন, "আবার তোমার পদবৃদ্ধি কি হইতে পারে? তোমার ত চূড়ান্তই হইয়াছে।"

ফলত: মাদিক তিন শত টাকা বেতনে নর্ম্যাল স্থলের্ম প্রধান শিক্ষকের উ'বে শিক্ষা বিভাগে কোন বাঙ্গালীরই তথন উচ্চতর পদ বা বেতন ছিল না বিলি নির্মানি শলে ঐ বেতনে তথন একজন ইয়ুরোপীয় নিযুক্ত; "ভূদেব বাবু একজন ইংরাজের পদ অধিকার করিয়া আছেন, তাঁহার নর্ম্যাল স্থলে আদার সময় হইতেই এইভাব কর্তৃপক্ষীয়দিগের মনে রহিয়াছিল। "এ দেশীয়ের ইহার উপর আবার উন্নতি কি হইতে পারে?" ইহা মনে করিয়াই উট্রো সাহেব ঐ কথা বলিয়াছিলেন। এদেশে উদ্ধৃতন সমস্ত পদই যে ইংরাজের একচেটিয়া থাকা অনৈদর্গিক ও অক্যায় এবং তাহা অমন করিয়া বলিলে উপযুক্ত দেশীয় কর্ম্মচারীদিগের যে বিশেষ মনঃক্ষোভ জন্মিতে পারে, তথন ইউরোপীয়দিগের মধ্যে ও-দকল বিষয়ে কোনরূপ আলোচনা পর্যান্ত হইত না বলিয়া, তাহা উড্রো সাহেবের মনেঞ্গড়ে নাই।

সাহেবের ঐ কথায় ভূদেব বাবু বলিয়া উঠিলের, "আপনি বলিলেন কি ! আমার এই সাইত্রিশ বংসর মাত্র বয়স ইব্রুরই মধ্যে আমার উন্ন-তির যাহা কিছু হইবার তাহা হইয়া গিয়াছে ! আর যদি প্রকৃতই তাহা হয়, তথাপি তাহা আমাকে কেন জানাইলেন ?" এই সময়ে উড্রো সাহেবের স্ত্রী সেথান দিয়া যাইতেছিলেন। ভূদেব বাবু তাঁহাকে দেখিয়া বলিলেন, "মিসেস্ উড়ো! সাহেব আমাকে ধাহা বলিলেন তাহা আপনি শুষ্টন। আমার এখন ছুইটা ছেলে, তিনটা মেয়ে; এখনও ছুটা মেয়ের বিবাহ দিতে বাকী আছে; আমার স্ত্রী পুশ্রাদির ভবিষ্যং সম্বন্ধে আমাকে চিস্তিত থাকিতে হয়; এই ব্যুসে প্রাণপণে খাটিয়া আরও কিছু উন্নতির অশা করা আমার পক্ষে কি একান্তই অস্বাভাবিক ? সাহেব তাহাই বলিতেছেন!" বিবি উড্রো সাহেবকে বলিলেন, "কেন উড্রো তালি বাবুকে এরপ কথা বলিয়াছ ?" তখন উড্রো সাহেব বড়ই অপ্রতিতে হ

কথাবার্ত্তা অপ্রীতিকরভাবে শেষ না হয় এজন্ত ভূদেব বারু সাহেবত্ত বলিলেন, "এ সব কথা যাউক; আপনার স্থানে কাজ করিবেন কে 🕍

সাহেবের কথায় মনে আঘাত পাইয়া ভূদেব বাব্ ঐকি এড গ্রন পূর্ণভাবে উত্তেজিত হইয়া উটিয়াছিল এবং তিনি মনে করিতেছিলেন "আমি 'এই উড্রো সাহেবের ঘারাই' আমার পদোয়তির একটা উপায় করিয়া লইয়া তবে ছাড়িব"—কিন্তু কি পদ যে হইতে পারে তথন তাঁহার মনে তাহার কোন ঠিকানাই হয় নাই!

ভূদেব বাৰুর উক্তরপ প্রশ্নে উড়ে। সাহেব বলিলেন, "জিয়লজিকাল সর্ভের মেড লিকট সাহেব।" ভূদেব বাবু এই সংবাদে যেন একটু পথ দেখিতে পাইলেন; এবং তৎক্ষণাৎ বলিলেন, "আপনি আপনার অধন্তন কর্মচারীদিগের বিষ্ট্রে যেরপ মনের ভাব পোষণ করিয়াছেন গবর্ণমেণ্টও আপনার প্রতি সেইরপ করিতেছেন।" এরপ কথায় সাহেব বিশেষ বিশ্বিত ইইয়াই বলিলেন, "সে কি রকম?" ভূদেব বাবু বলিলেন "আপনি শিক্ষা বিভাগের একজন বিশেষ অভিজ্ঞ কর্মচারী; তুইটী সার্কেলের কার্য্য আপনি একা চালাইতেছেন; কিন্তু আপনার স্থানে ভিন্ন বিভাগের এমন একজন লোক কার্য্য করিতে আসিতেছেন, বাঁহার শিক্ষা

বিভাগের কোন অভিজ্ঞতা নাই। এতদ্বারা গবর্গমেণ্ট যেন বলিতে চাঙ্গেন যে, যত্ন ও পরিশ্রমলন্ধ অভিজ্ঞতার কিছুই মূল্য নাই, এবং আপনি যে কার্য্য চালাইতেছেন তাহা যে দে লোকে করিতে পারে। কিন্তু তাহাই কি সত্য, এবং সক্ষত বিবেচনা ?"

এই কথায় উড্রো দাহেবের আত্মগরিমায় একটু আঘাত লাগিল, - দ্তরাং গবর্ণমেণ্টের ব্যবস্থায় ক্রটি অমুভব এবং তৎপ্রতি অভিমানের টিদ্রেক হইল। ভূদেব বাবু সাহেবের যত্ন এবং অভিজ্ঞতার উল্লেখ করায় ্বাটাহার প্রতি এ সকল কথাতেও কোনরপ বিক্ষভাব মনে উঠিল না। . শহেব বলিলেন, "আমি কি করিব ? গ্রব্মেণ্ট এইরূপই ব্যবস্থা করিয়া-८६ । इति चात्र वात्र विल्लान, "आभनाटक यथन आवात छत्र मान वादन्य । আমির বুনিকার নিজ কার্য্যের ভার লইতে হইবে, তথন আপনার অধীনস্ত সার্কেলের উন্নতি অবনতির দিকে লক্ষ্য রাথিয়া যাহা কর্ত্তব্য তাহা গবর্ণমেন্টকে একবার বলাটা আপনার উচিত। আপনি অনায়াদেই জানাইতে পারেন যে, আপনার স্থানে যিনি আসিতেছেন তিনি এ বিভাগের পঞ্চে নৃতন লোক, স্বতরাং তাঁহার একজন এমন উপযুক্ত সহকারী থাকা উচিত যদারা কর্মের কোনরূপ বিক্র্মলা না হয়। ডিরেক্টর আটকিন্সন সাহৈব যদি আপনার এই প্রস্তাবের অনুমোদন করিয়া গর্বর্ণমেন্টের নিকট আপনার পত্র পাঠাইয়া দেন, তবে উহা গ্রাহ্ হওয়াই সম্ভব।" এই কথার পর ভূদেব বাবু পুনুবায় বিবি উভোকে বলিলেন, "কেমন, মিনেস উড়ে।, আমি কি অসমত কথা বলিতেছি ?" বিবি বলিলেন, "না উড়ো, বাবু ত সঙ্গত কথাই বলিতেছেন; নৃতন লোকে কোন সাহায্য না পাইয়া ভোমার ন্তায় 'ছুইটা সার্কেল চালাইতে' পারিবে কেন ?" উড়ে। সাহেব দেখিলেন এরপ ব্যবস্থা হইলে গবর্ণ-মেণ্টের দ্বারা স্থীকার করা হইয়া যায় যে তাঁহার কার্যা অন্স ব্যক্তি বিনা সাহায্যে চালাইতে পারেন না; স্বতরাং একটু সন্তোবের সহিতই ভূদেব বাবুর মতান্থ্যায়ী কার্য্য করিতে তিনি সম্মত হইলেন। ভূদেব বাবু তথন বলিলেন, "কাল বৃহস্পতিবার; সম্ভবতঃ প্রতি সপ্তাহের আয় কলেও প্রতে আট্কিন্সন সাহেব ছোটলাট বাহাত্বর বীজন সাহেবের বাজী যাইবেন। আমার মনে হইতেছে যে আপনি আজই ঘাইয়া আদিক্সন সাহেবকে বলিলে এই কার্য্য সহজেই ঠিক হইয়া ঘাইবে।" বিবি তপ্নই ক্রেড্যা সাহেবকে জিরেক্টর সাহেবের কাছে পাঠাইলেন।

পরদিন বৈকালে ভূদেব বাবু আবার উত্তো সাহেবের সহিত কেণ্ট্র করিয়া শুনিলেন যে, উড্ডো সাহেবের প্রস্তাব আটকিন্সন সাহেবের প্রেটলাট বাহাত্বের নিকট উপস্থিত করায় তিনি উক্ত প্রস্তাব জন্তিন মনে করিয়া উড্ডো সাহেবের অন্থপস্থিতি কালে ছয় মাদেক জন্ত মট্টিনিক চারি শত টাকা বেতনে একজন সহকারী ইনস্পের্টর নিয়োগের ব্যবস্থা মঞ্জুর করিবেন বলিয়াছেন।

ভূদেব বাবু তথন উড্রো সাহেবকে বলিলেন, "একটা নৃতন পদের ত সৃষ্টি হইল; কিন্তু উক্ত পদে কে নিযুক্ত হইবে?" উড্রো সাহেব বলিলেন "কেন, বাবু ঈশ্বানচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বাবু প্যারীচরণ সরকার প্রভৃতি আছেন।" ভূদেব বাবু কি বলেন শুনিবার জন্মই বোধ হয় সাহেব ঐ সঙ্গে ভূদেব বাবুর নাম করিলেন না। ভূদেব বাবু বলিলেন, "লোক অনেক আছেন স্ত্যু, কিন্তু আপনি কাহার জন্ম বলিবেন? সমন্ত প্রদেশের মধ্য হইতে উপযুক্ত লোক বাছিয়া লওয়া ডিরেক্টরের কার্য্য; আপনার সার্কেলের মধ্যে যে সকল কর্মচারী আছেন তাহারা যে কে কিন্তুপ উপযুক্ত তাহা আপনারই জানিবার এবং ডিরেক্টরকে জানাইবার কথা; আপনার অধীনে আমিই সর্ক্রোচ্চ কর্মচারী; আর মদন্যলের ম্যানে-জার এবং শিক্ষকগণের সহিত সর্ক্রাই আমার পত্ত লেখালেথি থাকাতে ্থাপনার দার্কেল দুষ্টুন্ধে অনেক বিষয়ই আমার জ্বানা আছে। আমার ুদ্বারা কাজ ভাল চলিবে একথা যদি আপনার মনে হয়, তবে আমাকে ভিন্ন আপনি অন্ত কাহাকে কিরপে মনোনীত করিবেন ?"

পূর্ববিদ্নের কথাবার্ত্তার বিষয়টা চিত্তাকর্ণক হইয়াছিল বলিয়া ভূদেব বাবুর হৈছে সাহেবের কথা হইতেছে দেখিতে পাইবামাত্র বিবি উড্রো-নারীস্থলভ কৌতুহল বশতঃ ঐ যরে আদিলেন। ভূদেব বাবু বিবিকে সঙ্গল কথা বলিলেন। শুনিয়া বিবি বলিলেন, "একথা সত্য। উড্রো! ত্নি তোমার কার্য্য করিবে; আটকিন্সনের কার্য্য তুমি করিতে বাইবে কেন? তোমার অধীনস্থ সর্ব্বোইক্ট কর্মচারীর জন্ম তুমি যদি না বলিবে তাকে! কে বলিবে? বাবুত ঠিকই বলিতেছেন যে তোমার অধীনস্থ লোকেরা ভোনারই মুখ চাহিয়া কার্য্য করিতেছেন।"

এইরপ কথাবার্তার পর উড়ে। সাংহব ভূদেব বাব্র জন্মই বলিলেন। ডিরেক্টর সাংহব ভূদেব বাব্কে লিখিয়া পাঠাইলেন, "মাসিক চারিশত টাকা বেতনে ছয় মাসের জন্ম স্থল সমূহের সহকারী ইনম্পেক্টরের পদগ্রহণ করিতে আপনি স্বীকৃত আছেন কি না ?" * ভূদেব ব্যব্ উক্ত পদে কার্য্য

এই ঘটনারই উল্লেখ করিয়া ভূদেৰ বাবু লিখিয়াছেন :— "এ ব্যক্তির আর একটা পুত্র হইল। সেটা যথন চারি পাচ বৎসরের তথন তিনি একদিন তাহার মনিবের সহিত দেখা করিতে গিয়াছিলেন।" কথাপ্রসঙ্গে মনিব বলিয়া কেলিলেন, 'তোমার বতদূর উন্নতি হইবার তাহা হইয়া গিয়াছে—আর কি ইইবে ?' ইংরাজ জাতীর মনিবের ঐ হৃদয়শৃশু বিরস বাকা বেমন কাণে গেল, অমনি হৃদক জলিয়৷ উটিল—ছেলেটিকে মনে পঁড়ার প্রজ্বলিত জোধের দমন হইল এবং মুখ হইতে এমনভাবে যুক্তি পরক্ষারা নির্গত হইল বে মনিব একেবারে মুষ্টমধো আসিলেন; প্রদত্ত পরামর্শ সমন্ত শিরোধার্য জ্ঞান করিলেন এবং ঐ ব্যক্তির উন্নতির পথ উন্মুক্ত করিবার নিমিত্ত বংগাচিত বত্ব করিতে প্রত্ত হইলেন। বাত্তবিক প্রীতিভাজন সন্তান আলক্ত নিপ্তেইভা, নির্পংসাহতা

করিতে স্বীকৃত হইয়া আটকিন্সন সাহেবের সহিত্য সাক্ষাৎ করিলেন। বিদ্যালিকট সাহেব কোথায় থাকেন আটকিন্সন সাহেব ভূদেব বাবুকে/ ভাহা বলিয়া দিলেন। ভূদেব বাবু তথন মেড্লিকট সাহেবের সহিত্যাক্ষাৎ করিতে গেলেন। '

জর্জ মেড্লিকট সাহেবের সহিত ভূদেব বাবুর যে দিন প্রথম সাক্ষাৎ হয় সে দিন পরস্পর অভিবাদনের পর পূর্বেকে কোথায় কি কর্মে নিযুক্ত ছিলেন ইত্যাদি প্রসঙ্গে একটু আলাপ হইলে মেড্লিকট সাহেব আনও কিয়ৎক্ষণ কথাবাত্তা চালাইবার চেষ্টায় বলিলেন, "আমি অনেক গুলি দেণীয় রাজ্য দেথিয়াছি।"—এদেশীয় সমাজের এবং ব্যবস্থার নিন্দা মাত্র করিয়া থাকেন এরূপ প্রকৃতি-বিশিষ্ট অনেক স্থলদর্শী মদগর্বিত ইউরোপীয়কে ভূদেব বাবু ইতিপূর্বেক দেথিয়াছিলেন; এক্ষণে মেড্লিকট সাহেবক্ষে "আমি অনেক দেশীয় রাজ্য দেথিয়াছিলেন; এক্ষণে মেড্লিকট সাহেবক্ষে "আমি অনেক দেশীয় রাজ্য দেথিয়াছিলেন কথামাত্র বলিতে শুনিয়া, পরে যে সাহেব অপর ইংরাজের ফ্রায় দেশীয়দিগের নিন্দা আরম্ভ করিবেন ইহাই তাহার মনে হইল। 'ঐরপ নিন্দা শুনিয়া কি হইবে' মনে করিয়া, ঐ প্রসঙ্গ যাহাতে শীঘ্রই শেষ করিয়া ফেলিতে পারেন এই অভিপ্রায়ে তিনি বাক্যের শেষাংশটুকু পূরণ করিয়া প্রচ্ছন্ন ব্যক্ষের সহিত কিন্তু সহজ স্থরেক্ট বলিলেন,—"আর দেখিয়াছেন যে উহার কোনটীই স্থশাদিত নহে।"

ন্তন ইনস্পেক্টর মেডলিকট সাহেব জিওলজিকল সর্ভে বিভাগ হইতে আসিতেছিলেন, বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষা তাঁহার তেমন ছিল না, তাঁহার ধরণটা একটু 'হোঁৎকা' গোছের হওয়ারই সম্ভাবনা, এইরপ ধারণার সহিতই ভূদেব বাবু নৃতন মনিবের সহিত দেখা করিতে গিয়াছিলেন; মেডলিকট সাহেবের প্রথম কয়েকটা কথাতেও কোনরপ বিশেষত বুঝিতে পারেন নাই।

অপ্রযত্ন, অসমীক্ষাকারিত। প্রভৃতি নিরয় হইতে পিতামাতাকে বিমৃক্ত করে, এবং সেই
অক্সই সন্তানকে নরক্তাত। বলা বায়।— পিরিবারিক প্রবন্ধ—নিরপ্রতাত।

ু ভূদেব বাবুর কথার মেড্লিকট সাহেব কিয়ংক্ষণ ভূদেব বাবুর মুথের দুক্তে চাহিয়া থাকিয়া বলিলেন, "না, আমি দেখিয়াছি, তন্মধ্যে অনেক-গুলুর শোসন প্রণালী বৃটিশ রাজ্যের শাসন প্রণালী অপেক্ষাও কোন কোন বিষয়ে উৎকৃষ্ট।"

ন্তন মনিবের এইরূপ উত্তরে ভারতের ভক্ত-সন্তান ভূদেব বাবু বিশ্বিত এবং একান্ত পুলকিত হইলেন। অনেকক্ষণ অনেক বিষয়ে উইয়ের কথোপকথন হইল। ক্রমে উভয়েই উভয়েক চিনিতে পারিলেন। মে লিকট সাহেব যে একজন বুদ্দিমান সদাশয় এবং অসাধারণ বিশুদ্দ প্রকৃতির ইউরোপীয়, ইহা বুঝিয়া ভূদেব বাবু সেই প্রথম সাক্ষাতের দিন হইতেই তাঁহাকে শ্রদ্ধা করিতে লাগিলেন। মেডলিকট সাহেবও ভূদেব বাবুর স্বজাতির প্রতি অন্থরাগ, আত্মমর্যাদা বোধ, উচ্চ নৈতিক আদর্শ এবং বহু দিগ্দশী পাণ্ডিত্য বুঝিতে পারিয়া এবং তাঁহার মন্ত লোককে নৃতন কার্য্যে সহকারী স্বরূপে পাইয়া বিশেষ স্থা হইলেন।

মধ্য বিভাগের অস্থায়ী সহকারী ইন্স্পেক্টরের পদে এইরপে নিযুক্ত হইয়া (১৫।৭।১৮৬২) ভূদেব বাবু যথেষ্ট উৎসাহের সহিত কর্ম করিতে লাগিলেন। মেডলিকট সাহেব এবং তিনি উভয়ে একই ঘরে একই টেবি-লের উপর কাগজ পত্র রাখিয়া সামনা সামনি বসিয়া কার্য্য করিতেন। মাঝে মাঝে উভয়ের নানা বিষয়ে মন খুলিয়া আলাপও চলিত। * অত্যল্প

সামাজিক প্রবন্ধের জান্তীয়ভাব প্রকরণের প্রথম ছুই মুখাায়ে এই মেড্লিকট সাহেবেরই বিশেষ উল্লেখ আছে এবং তাঁহার সম্বন্ধে নির্নলিখিত কথাগুলি প্রযুক্ত ইইয়াছে :—(১) "বিশেষ শ্রদ্ধাভালন একটা ইউরোপীয়" (২) সরলচেতা সাধুশীল ইউরোপীয়" (১) "অতি প্রবাধ এবং বহুদশী কোন ইউরোপীরের সহিত ১৮৬০ অন্দেএই সকল বিষয়ে আমার কথাবার্ডা ইইয়াছিল।"

দিনের মধ্যেই তুই জনে প্রগাঢ় বন্ধুত। জন্মিন, এবং,উভয়ে একমনে এদ যোগে কাণ্য করায় কার্যাও খুব ভালরূপ চলিতে লাগিল।

এইরূপে তিনমাস কাল অতিবাহিত হইয়া গেল। একদিন ভূদেব বাবু মেডলিকট সাহেবকে বলিলেন "অপেকাকত বিস্তৃত কেতে কাৰ্য্য করায় আর আমার পূর্ব্ব পদে ফিরিয়া হাইতে ইচ্ছা নাই।" ্র'মড লিকট সাহেব বলিলেন, "সে সম্বন্ধে কোনু পথে কি করা যাইতে পারে কিছু ভাবিষা দেখিয়াছ ?" ভূদেববাবু বলিলেন, "আমি শুনিয়াছি যে গ্ৰহণ-মেণ্টে অনেকের সহিত আপনার পরিচয় আছে।" মেড্লিকট বলি[†]লন, "ই। আশ্লা ইডেনের সহিত আমার বিশেষ হদাতা আছে;—আঁচ্ছা আমি এ বিষয়ে ভাবিয়া দেখিব।" ও বিষয়ে আর কোন কথা হই দ না। किन्छ करमक निन পরে মেডি निकंछ मार्ट्स कृत्नर वायुरक वर्नितन, व्याभात रेव्हा हरेटलाइ एवं रेश्ताक পतिहानिक विकथानि छेक व्यंभीत সংবাদ পত্রের উপযোগী একটা প্রবন্ধ আপনি লেখেন। ঐ পত্রে আমিও লিখিয়া থাকি।" ভূদেব বাবু বলিলেন, "আপনি যখন বলিতেছেন, তখন লিখিতে চেষ্টা করিব।" ভূদেব বাবু স্থলবুক-সোসাইটির কার্য্যকলাপ সম্বন্ধে একটি প্রবন্ধ লিথিয়া পরদিন তাহা মেড্লিকট সাহেবের হস্তে দিলেন। মেডলিকট দাহেব পড়িয়া বলিলেন, "বেশ হইটাছে, —আমি যদি ইহার ছুই একটা খলে কেবল ছুই একটা কথার পরিবর্ত্তন করি তাহাতে আপনার কোন আপত্তি আছে কু.?" ভূদেব বাবু বলিলেন, "আপনি উহা লইয়া যাহা ইচ্ছা করিতে পারেন।" মেড্লিকট সাহেব উক্ত প্রবন্ধের তুই একটী স্থনের যৎসামাত্র পরিবর্ত্তন করিয়া সংবাদপত্তে প্রকাশের জত্ত পাঠাইয়া দিলেন।

[—]ইউরোপীরেরা 'বিশেষ' হুনাত। না জিন্মিলে এ দেশীরদিগের সহিত রাজনৈতির্থ বিষয়ে কথাবার্ত্তী কহেন না। মেডলিকট সাহেবের উদার এবং সরল মনের একটা অতি সম্প্রতিত্ত সামাজিক প্রবন্ধের ঐ ছুই অধ্যায়ে পাওয়া যায়।

পরবর্ত্তী সপ্তাহের ইণ্ডিয়ান 'এম্পায়ার' দামক সাপ্তাহিক পত্রিকায় উক্ত প্রবন্ধ বাহির হঈপ। ব্যারিষ্টার গিফোর্ড সাহেব উহার সম্পাদক ছিব্লন। বাঙ্গালা গবর্ণমেন্টের সেকেটারী (পরে ছোটলাট পাহাত্র) ইভেন সাহেব প্রভৃতি উক্ত পত্রিকায় লিখিতেন। উল্লিখিত প্রবন্ধ প্রকাশের প্রর্গর মেড লিকট সাহেক ভূদেববাবৃক্তে পর পর সপ্তাহে প্রকাশের জন্ম আরও ছই তিনটা প্রবন্ধ লিখিতে বলিলেন। ইতিমধ্যে ইণ্ডিয়ান এম্পায়ার কয়েক সংখ্যা পড়িয়া এবং প্রথমবারের পরিবর্তন দেখিয়া ভূদেয় বাবু পত্রের ধরণ বৃক্ষিয়া লইয়াছিলেন। পরে যে প্রবন্ধগুলি লিখিলেন তাহাতে আর কোন পরিবর্তন করিতে হইল না। প্রবন্ধগুলি মধ্যক্রালে পত্রিকায় প্রকাশিত হইল। অতংপর এক দিন মেড লিকট সাহেব ভূদেব বাবৃক্তে বলিলেন, "ইডেন সাহেব একবার আপনাকে দেখিবার ইচ্ছা প্রকাশ করিয়াছেন।"

ভূদেব বাবুর সহিত তাঁহার চাকরী সম্বন্ধে পূর্ব্বোক্তরপ কথা হইবার পর হইতেই ভূদেব বাবুকে যাহাতে আর নশ্মাল স্থুলে ফিরিয়া যাইতে না হয় তিছিময়ে মেড লিকট সাহেবের একান্ত আগ্রহ হইয়ছিল। তজ্জ্য গবর্ণমেন্টের সেক্টেরী এবং তাঁহার বন্ধু ইডেন সাহেবের সহিত ভূদেব বাবুর সোহার্দ্ধা সংস্থাপন চেষ্টাতেই তিনি ইডেন সাহেবের সহিত সংস্ঠ কাগজ্বে প্রবন্ধ লিখিতে বলেন। প্রবন্ধগুলি পাঠ করিয়া ইডেন সাহেব সন্ধ্রই হইয়ছিলেন, এবং মেড লিকট সাহেবকে জিজ্ঞাসা করিয়াছিলেন "এই সকল প্রবন্ধ কে লিখিতেছে ? গিক্ষেক্ট্রেলিল, তোমার নিকট হইতেই এগুলি পাইয়াছে ; কিন্তু তুমি শিক্ষা বিষ্কৃষ্ণে এত বিস্তারিত কথা এর মধ্যে কিরপে শিখিবে ?—তোমার লেখা নয়।" উত্তরে মেড ভূলিকট সাহেব, তাঁহাকে বলেন যে, উক্ত প্রবন্ধগুলি তাঁহার সহকারী জনৈক

অনেক অনুসন্ধানেও এই পত্রের এক সংখ্যাও পাওয়া যায় নাই।

কৃতবিদ্য এবং অসাধারণ উচ্চ প্রকৃতির এ দেশীয় ভদ্রলোক কর্তৃক্ত

ইডেন সাহেবের সহিত পূর্ব্বোক্ত উপায়ে প্রথম সাক্ষাৎকার এবং স্থান্দর প্রাপ্তি ঘটিলে ভূদেব বাবু তাঁহার কথাস্থসারে মাঝে থাঝে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে লাগিলের। ইডেন সাহেব গর্ব্জন-জেনবেল লর্ড অক্লণ্ডের ভ্রাতৃপ্ত্র। সাবেক উচ্চ বংশোদ্ভব নিভিলিয়ান-দিগের ভ্রায় তিনিও মনে করিতেন "নৈস্পিক ক্ষমতায় দেশীয় সাধারণে উচ্চ শ্রেণীর ইংরাজদিগের অপেক্ষা সর্ব্যপ্রকারে নিক্তই, স্বতরাং দেশীরারা নেতৃপ্রধান ইংরেজের অধীনে কতকটা স্বথে ও শান্তিতে, কিন্তু একা উই বিনীতভাবে জীবনমাত্রা নির্বাহ করিতে থাকিবে, ইহাই বিধাতার নির্বাহ্ন , পরস্ত দেশীয়দিগের মধ্যে বিধাতা বাঁহাদিগকে সক্ষম ও গুণবান্ ক্রিয়া স্থিষ্ট করিয়াছেন, তাঁহাদের সহিত ইংরাজের কোন বিদয়ে কিছুমাত্র পার্থক্য করা উচিত নহে; 'বিশেষ গুণের' আদর করিতেই হয়; তাহার বিরোধী ব্যবস্থা বরাবর টি কে না।"

বাদসাহী মেজাজ বলিলে যাহা ব্ঝায়, ঐ সকল সিভিলিয়ানের কত-কটা তাহা ছিল; তাঁহোর। সাধারণ ইংরাজ এবং দেশীর জনগণ উভয় অপেক্ষাই আপনাদিগকে অনেক উচ্চ মনে করিতেন ; স্বতরাং তাঁহারা কারবারী বা প্লাণ্টার বা কলওয়ালা সাধারণ ইংরাজদিগের সহিত একত্রে পান ভোজনও করিতেন না। কোন কোন ইংরাজের সম্বন্ধেও "ছোটা-জাত" শব্দ সময়ে ফ্রায়ে তাঁহাদের মুখ হইতে বাহির হইত; কিন্তু এ দেশীয় উচ্চবংশীয় দিশেষ ক্ষমভাশালী ব্যক্তিদিগকে তাঁহারা তুলাম্লাভাবে আদর ও সম্মান করিভেন।

নীলের হান্সামার সময় ইডেন সাহেব স্বজাতীয় প্ল্যান্টার্নিগের সহিত সহাত্ত্তি প্রকাশ করা দূরে থাকুক, সম্পূর্ণরূপে দেশীয় প্রজারই অরুকূল ছিলেন। "নীল না বোনায় গবর্ণমেণ্টের বিরক্তি হয় না"—প্রকাশ্য আদা-লতে এই কথা সঞ্জীলা বলিয়া তিনি রায়ইতদিগকে অবাধ্য করিতেছেন, নীলকরেরা পুনঃ পুনঃ তাহার নামে এই অভিযোগ করিতেন। লাট সাহের হইয়া তিনি দেশীয় সংবাদপত্তের বিরুদ্ধে আইন প্রচলনের ব্যবস্থা করিয়াছিলেন বিশ্ব। কেহ কেহ উহাকে অব্যবস্থিতচিত্ত মনে করিয়াছেন। কিন্তু তাঁহ)রা ইডেন সাহেবের সমস্ত কার্যা স্মরণ রাপেন নাই এবং সেই জ্বতা তাঁহার চরিত্র বুঝিতে পারেন নাই। ইংরাজ গবর্ণমেণ্টের বিরুদ্ধে কোন "দেশীয়" কোন কথা লিখিবে ইহা তাঁহার চক্ষে, 'গুরুজনকে পদা-যাৰ্থ করার ভাষ অবিনয়—ইহা কাঁহার সহু হইত না! তাঁহার বিশ্বাস হ্নি যে এ গবর্ণমেন্ট এ দেশীয়ের পক্ষে একান্তই প্রয়োজনীয় এবং সমস্ত দেশারের মধ্যে যত গুণ আচেঃ, ঐ গবর্ণমেন্টের ভিতরে তাহার অপেকা অধিক প্রণ আছে ৷ কিন্তু প্রকৃত তেজম্বী ইংরাজের ত্যায় তিনি এ দিকে আবার অন্তায় অবিচারের একান্তই বিরোধী ছিলেন। স্থপালিত পরিবারে পুত্র কর্মচারী প্রভৃতির বাটীর কর্ত্তার সম্বন্ধে নির্দিষ্ট বিনম্র স্থভন্ত ধরণে গবর্ণমেন্টের নিক্ট এ দেশীয়গণ সর্বদা একান্তই বিনীতভাবে থাকিবে, কিন্তু সদয় ব্যবহার এবং থাটি স্থবিচার পাইবে, এইরূপই তাঁহার মত ছিল।

ফলতঃ তিনি দেশীয়কে বিশেষ ভালবাসিয়া নীলকরের বিরোধী হন নাই; সাধারণতঃ দেশীয়কে অনেকটা নিরেশ মনে করিয়াও তাহাদিগকে স্থবিচার দিতে পারিয়াছিলেন। "কোন জাতীয় অপরাধীর সহিত্ত
আমার সহাত্ত্তি নাই" (আই হাত নো সিমপ্যাথি উইবলি ক্রিমিন্সাল্দ
অফ এনি ক্মিউনিটি) তাঁহার এই কথা প্রকৃতই তাঁহার মনের কথা ছিল।
এই জন্মই তিনি ইল্বার্ট বিলের প্রবর্তনের মূল। তিনি বলিয়াছিলেন
বে, দেশীয় বিশ্বন্ত হাকিমে ইংরাজ অপরাধীর বিচার করায় কোন ক্ষতি
নাই; তাহাতে "রাজার ইজ্জতের" হানি হইবে না।

ভূদেব বাবুর লিখিবার, বুঝাইয়া বলিবার এবং কার্য্য করিবার ক্ষমতা দিখিয়া ইডেন সাহেব তাঁহাকে যথার্থই ভালবাসিতে বাগিলেন। তিনি নিজে দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন। ভূদেব বাবুর সবল চরিত্র, সকল বিষয়ে সিদ্ধান্ত স্থির এবং বাক্যে এবং কার্য্যে সর্বাদ। মিল দেখিয়া তিনি বড়ই প্রীত ও শ্রদায়িত হইয়াছিলেন। ইডেন সাহেব নিজে একজন "লিখিয়ে" লোক ছিলেন। তিনি "লিখিয়ে" লোক মাত্রেরই সমাদর করিতেন * ভূদেব বাবুর সহিত এবং ৺কৃষ্ণদান পাল মহাশয়ের সহিত তাঁহার যাবজ্জীবন ব্রুদ্বের ঐ একই কারণ।

ইডেন সাহেবের সহিত ভূদেব বাহুর প্রথম সাক্ষাৎকারের কিয়ংকাল পূর্বের গবর্গমেন্ট প্রাথমিক শিক্ষার জন্ম (১৮৬২-৬৩ অবদ বজেট্রে:
৩০ হাজার টাকা মঞ্র করিয়াছিলেন। এই টাকার ব্যবহার কি
প্রণালীতে করিতে হইবে, শিক্ষাবিভাগের কর্তৃপক্ষীয়গণ এ যাবৎ তাহার
কিছু স্থির করেন নাই।

ফলতঃ ঠিক যে সময়ে ভূদেব বাবুর সহিত ইডেন সাহেবের বিশিষ্ট পরিচয় হইয়া শ্রনার উদয় হইতেছিল, ঠিক সেই সময়েই ঘটনাক্রমে প্রাথ-মিক শিক্ষা বিস্তারের জন্ম একটা উপযুক্ত প্রণালীর উদ্ভাবন করিয়া ঐ ত্রিশহাজার টাকার স্থাপত ভাবে বার্ষিক ব্যয়ের প্রয়োজন আসিয়া পড়ে। ইডেন সাহেবের সহিত ভূদেব বাবুর ঐ বিষয়ে কথাবার্ত্তা হইলে ভূদেব বাবুর কার্য্য ক্ষমতার এবং অভিজ্ঞতার ব্যবহারে শ্বর্ণমেন্টের ঐ ব্যয় সফল হইতে পাত্রেইডেন সাহেবের এইরূপ ধারণা জন্মিয়াছিল।

^{*} তিনি বলিতেন "বুদ্ধিজীবী মমুব্যের মধ্যে 'লিখিয়ে' লোকেরাই সক্ষোচ্চ।
সমাজের মধ্যে ব্যক্তিগত উন্নতি শুধু কলমের জোরে বে এখন হইতে পারে, ইহাই
আধুনিক সভাসমাজের সর্বপ্রধান প্রশংসার কথা।" আমাদেরও শান্তের কথা—"পুরুষস্ত বাগেব রসঃ।"

যথন গবর্ণমেন্ট শিক্ষা বিভাগীয় ভিরেক্টরের নিকট কৈফিয়ৎ চাহিলেন যে, প্রাথমিক শিক্ষার জন্ম বরাদ্দ টাকার সম্বন্ধে কোন বিশেষ প্রস্তাব হুইভেছে না কেন, তথন ভিরেক্টর সাহেব বাস্ত হুইয়া ইনম্পেক্টরদিগকে লিপিলেন যে, কিরপ উপায়ে প্রাথমিক শিক্ষার শ্রীবৃদ্ধি সহজে হুইতে পারে, তুরিষয়ে যেন সত্তর বিশোর্ট পাঠান।

মধ্য বিভাগের প্রতিনিধি স্থূল ইনস্পেক্টর মেডলিকট সাহেব ডিরেক্টর "জাহাছরের নিকট যে রিপোর্ট (১৮৮১৮৬২) প্রেরণ করেন তাহার উপসংহারে লিগিয়াছিলেন, "মধ্য বিভাগের প্রতিনিধি সহকারী ইনস্পেক্টরের পদে অধিষ্ঠিত থাকিয়া বাবু ভূদেব মুখোপাধ্যায় কৃষ্ণনগর জেলার স্থল পাঠশালাদি -প্রবিদর্শন করিয়া আমার নিকট যে রিপোর্ট পাঠাইয়াছেন তাহাও পাঠাইয়া দিত্রেছি। ঊহা পাঠেই উহার উৎকর্ম উপলব্ধি হইবে। ভূদেব বাবুর শিক্ষা বিষরের অভিজ্ঞতার এবং গুরুতর বিষয় সকলে সমীচীন মীমাংসা করিবার অসাধারণ নৈসর্গিক শক্তির সম্পূর্ণ সাহায্য আমার এই রিপোর্টে লেখার সময় পাঠাইয়াছি।" ভূদেব বাবু মেড্লিকট সাহেবের রিপোর্টের উপকরণ সংগ্রহ জন্য বর্দ্ধমানের পাঠশালা পরিদর্শন কালে বরাবর সাহেবের সঙ্গে সংস্কৃতিলন এবং সম্পূর্ণভাবেই সাহেবকে প্রকৃত অবস্থা ব্ঝাইয়া দিয়াছিলেন। কৃষ্ণনগর জিলার পাঠশালা সম্বন্ধে নিজে যে রিপোর্ট করেন ভাহাতে প্রাচীন পাঠশালায় কি জন্য কতক চাষীর ছেলেও জ্বাসিত এবং উন্নত স্কুল পাঠশালায় কি জন্য সে পরিমানে আসার সম্ভাবনা নাই তাহা স্কুম্পষ্ট দেখাইয়া দিয়াছিক্তেক্ত শিক্ষাবিভাগ শেষ প্যান্ত তাঁহার ঐ বিষয়ের স্থপরামর্শ গ্রহণ করেন নাই বটে কিন্তু তাঁহার প্রথম প্রবর্ত্তিত পাঠশালাগুলিতে তিনি 'এদেশের পক্ষে সম্পূর্ণ ভাবে উপযোগী প্রাচীন অত্যুৎকৃষ্ট রীতি অক্ষুণ্ণ রাখিতে চেষ্টা করিয়াছিলন :--

- (১) প্রাচীন পাঠশালাগুলি প্রাতে ছয়টা হুইতে নয়টা এবং অপরাহে তিনটা হুইতে ছয়টা পর্যন্ত বোলা থাকিত,; উহাই এ দেশের উপযোগী। উহাতে দশটা—চারিটার মধ্যে চাবীর ছেলেরা মাঠে বাদ্যাদি লইয়া যাওয়ার সময় পায়।
- (২) খড়ি দিয়া লেখা, তাহার পর তালে পাতে এবং তাহায় পুর কলা পাতে লেখার ধারা এবং উচ্চারণ করিয়া করিয়া লেখা ভাগে পদ্ধতি। প্রথম হইতেই শ্লেট, পেন্সিল, ছাপান পুস্তক এবং কাগজে লেখার ব্যবস্থান দরিত্র চাষীর স্থবিধা হয় না।
- (৩) মানদান্ধ অনেকটাই কমাইয়। ক্লেই পেন্সিলের অন্ধ শিক্ষায় দ্বিত্ত । চাষী শ্রেণীর সাধারণতঃ বিশেষ উপকার হয় না।
- (৪) স্থূলের মাহিনা নগদ আদায়ও ঐ শ্রেণীর তৃপ্তিকর নহে; হিরারা কিছু কিছু তণ্ডুলাদি দিত।

ভূদেব বাব্ অমুসন্ধান করিয়া পাইয়াছিলেন ষে, যে কয়েকটী 'উন্নত পাঠশালায়' নর্ম্যাল স্কুলের ছাত্রের। পড়াইতে গিয়াছিল সেই সকল গুলিতেই পূর্ব্বোল্লিথিত কারণে সমাজের সর্ব্ব নিমন্তরের ছাত্র অনেকে পাঠত্যাগ করিয়া যাওয়ায় ছাত্রসংখ্যা অর্ধেক কমিয়া গিয়াছিল; কিন্তু উচ্চতর শ্রেণীর অভিভাবকেরা "পড়ান ভাল হইতেছে" বলিয়া সন্তোম প্রকাশ করিয়াছিলেন! ভূদেব বাব্র লক্ষ্য ছিল যাহাতে স্বদেশীয় সকল শ্রেণীরই সম্পূর্ণ স্থবিধা হয়—সেই জন্য তাঁহার চেষ্টা ছিল যাহাতে নিমন্তরেরও উপযোগ্নী করিয়া গ্রুত্তিত প্রাচান পদ্ধতি অক্ষ্মথাকে, অথচ উচ্চতর শ্রেণীতে বই পড়া ভাল হয়়।

ডিরেক্টর বাহাত্ব এক্ষণে ইনস্পেক্টরদিগের প্রেরিত রিপোর্ট সমূহের প্রতিলিপিসহ বাঙ্গালা গবর্ণমেন্টের অপ্তার সেক্টেরীর নির্ফট যে পত্র পাঠাইলেন (নং ২৮৭৩ ডিসেম্বর ১৮ই ১৮৬২) তাহার উপসংহারে ্লিথিলেন, "সইকীরী ইনস্পেক্টর বাবু ভূদেব মুখোপাধ্যায় হইতে আমর।
উপস্থিত বিষয় সংক্রম বে বিশিষ্টরূপ সাহায্য পাইয়াছি সে কথা আমি
গবর্ণমেন্টের গোচর করিতে ইচ্ছা করি। ইনস্পেক্টরের রিপোর্ট হইতে
এই ক্রেন্টের গোচর করিতে ইচ্ছা করি। ইনস্পেক্টরের রিপোর্ট হইতে
এই ক্রেন্টের গোচর করিতে ইচ্ছা করি। ইনস্পেক্টরের রিপোর্ট হইতে
এই ক্রেন্টের সহিত চিঠি পত্রাদির মংশ্রবে আসিয়া আমি তাঁহার
সম্বামে যতদ্র ব্বিয়াছি তাহাতে পাঠশালা সমূহের উন্নতি নাবন সংক্রান্ত
এই বিশেষ কার্যাের জন্ম তাঁহার পদটী স্থায়ী করিয়া দেওয়া হয় ইহাই
স্থামার অভিপ্রত। এ সম্বন্ধে তাঁহার বেরূপ কার্যাকুশলতা ও বেরূপ
বিশেষ অভিন্ততা তাহাতে এ কার্য্য তাঁহার দারাই যে স্ক্রেভাবে
স্থাক্রপে সম্পন্ন হইবে সে বিহয়ে সন্দেহ নাই।"

ইহার পরেই (১৩)১০৮৬০ হইতে) ভূদেব বাবু স্থল সম্হের অতিরিক্ত্রী ইনম্পেক্টর নিযুক্ত হইলেন, এবং বর্দ্ধমান ক্রফনগর ও যশোহরের
তিন্ত্রী ট্রেণিং স্থলের ভত্তাবধান ভারও তাঁহার উপর অর্পিত হইল।
মেড্লেকট সাহেব পশ্চিম সার্কেলের এবং উড্রো সাহেব মধ্য সার্কেলের
স্বল সম্হের ইনম্পেক্টর হইলেন। বর্দ্ধমানের ট্রেণিং স্থল ১৮৬২ সালের
২রা ডিসেম্বর এবং ক্রফনগর ও যশোহরের ট্রেণিং স্থল যথাক্রমে ১৮৬৩
সালের ১৫ই ও ২৭শে জান্ত্রারী স্থাপিত হয়; এবং ৺ রামগতি ভায়রত্ব,
৺ নকুলেশ্বর বিদ্যাভ্যণ ও ৺ দীতানাথ তর্কালঙ্কার সংস্কৃত কলেজের
এই তিনজন কৃতবিদ্য ছাত্রকে ভূদেব বাবু যথাক্রমে উক্ত তিন্দী ট্রেণিং
স্থলের অধ্যক্ষতা পদে মনোনীত করেন।

একটি কৃষিটী সংস্থাপিত করিয়া তন্ধারা যাহাও এই সমন্ত ট্রেণিং স্থলের পরীক্ষা গৃহীত হয় এবং পরীক্ষান্তে পরীক্ষান্ত ফল বিষয়ে একটী রিপোর্ট লিখিত হয় ভক্জগু ভূদেব বাবু, ৺প্রসন্ধুমার সর্কাধিকারী, ডাক্তার রাজেন্দ্রলাল মিত্র, রেভঃ ক্লফমোহন বন্দ্যোপাধ্যায়, ৺দীনবন্ধু মিত্র, রেভঃ লালবিহারী দে এবং ৺তারাকান্ত বিদ্যাদাগর স্থার। ট্রেণিং স্থল

সম্হের পরীক্ষা গ্রহণ করাইলেন। উহাঁরা সকলেই ট্রেণিং স্থলগুলির যথেষ্ট প্রশংসা করিয়া রিপোর্ট লিখিয়াছিলেন।

এইরপ ঘটনাচক্রে ভূদেব বাব্র হস্তে প্রাথমিক শিক্ষা সম্বনীয় যে ভার পড়িয়াছিল এবং তৎসম্বন্ধে তিনি যে প্রণালী মবলম্বন করিলেন, তাহা ব্ঝিবার ম্বিধা হঠনে বলিয়া তাঁহারই নিকটে শ্রুত এবং তাঁহার রিপ্নোট এবং প্রকাদিতে প্রকাশিত কয়েকটা অভিমত সম্বলিত করিয়া এইস্কলে দেওয়া মাইতেছে:—

ু (১) ভারতের প্রাচীন ব্যবস্থার এবং শিক্ষার সম্বন্ধে যতই আলোচনা হইতেছে ততই উহাদের উৎকর্ষ এবং সার্ম্ববন্ধা "সকল বিষয়েই" + প্রমাণিত

^{*} अधिकांत्री (एम श्रोकांत, राश माथना, माड़ी विख्यान, गरानाह वावश्रा, निर्देशक প্রকৃতির গঠন, প্রভৃতি অপর "দকল" বিবয়েরই উৎকর্নের কথা ছাড়িয়া কেহ কেহ ভীরতের পরাধীনতার উল্লেখই সর্বদা করিয়া থাকেন এবং ভারতের সকল ব্যবস্থাই বে বিকৃষ্ট, এ ঘটনা হউতেই সাধারণ ভাবে তাহার অসুমান করিতে চ।ছেন। এসম্বন্ধে ভূদেববাবু বলিয়া-জিলেন:-কোন ভদ্ৰ পল্লীতে ডাকাইত পড়িলে বদি পল্লীবাদীদের সন্মিলিত ভাবে ৰাধ। প্ৰদানের অভাবে লুঠন কার্যা সমাধা হইরা যায়, তাহাতে ডাকাইভদিগের সুদ্চ দল বন্ধন এবং লাটিবাজীর দক্ষতা মাত্র প্রামবাসীদিগের শিক্ষণীয় বিষয় হইছা দাঁডায়: উাহাদের নিজের অপর সকল বিষয়ের স্বভদ্র বাবস্থাওলিতে কোদ দোবই পড়েনা। একুত কুপা এই বে (১) ক্ষতিয় রাজাদিগের মধ্যে যুদ্ধে প্রজা সাধারণের ধর্মে, ধনে মানে, এব: ভূমিতে হত্তাৰ্পণ হইত না বলিয়া তাহারা যুদ্ধ সম্বন্ধে "উদাসীন্তে অভাত্ত" হইয়াছিল; সেই জন্ম প্রতি প্রামে "মিলিসিয়া" সৈক্ষের শিক্ষা-ব্যবস্থা প্রাচীন ভারতে ঘটে নাই: (২) ভারতের সীমন্তি প্রদেশের রাজারাই তথন বহিঃশক্র হইতে সাধাগৈতঃ দেশ রক্ষা করিতে পারিতেন। বাহিরে তেমন প্রবন্ধ কেছ ছিল না; এজন্ম রাজাদিগের মধ্যে আপুংকালে সম্পূর্ণ সন্মিলিওভাবে কার্য্য করিবার জন্য একজন "ডিক্টেটর" বা সর্ববাধাক নিমোগের বাবস্থাও ছিলনা। এই ছই কারণে বে ধর্মোন্নত বিপুল মুসলমান শক্তি হঠাও উদ্ভত হইয়া পূৰ্ব-রোমক-দামাজ্য, পারস্ত, আফ্রিকা ও স্পেনকে অবলীলা ক্রমে পদানত কবিল, তাহাকে ভারত সম্মিলিতভাবে বাধা দিতে পারে নাই। (৩) তন্তিম জনগণে

শহতেছে। প্রাচীন ভারতের 'গ্রামিক ব্যবস্থাও' পূর্ণ সর্ব্বান্ধ ছিল। উউরোঃপ যতই "স্থানীয় কার্য্য স্থানীয় লোকের হল্তে দেওয়া উচিত"— এই জ্ঞানের কৃদ্ধি হইতেছে ততই 'ভারতীয় গ্রামিক ব্যবস্থার' সৌন্দর্য্য অধিকত্তর পরিক্ষৃত হইতেছে।

- (২) প্রত্যেক গ্রাম বিভিন্ন পাড়া এবং টোলার সহিত ধরিলে, এক একটা ক্ষুদ্র সাধারণ তন্ত্রের ন্যায় অন্তঃশাসিত * ছিল। উহাতে ব্রাহ্মণ ইতে অন্তঃল পর্যান্ত সকল বর্ণের এবং অধ্যাপক, লেখক শিল্পী, ক্লয়ক, প্রান্ধনী প্রভৃতি সকল শ্রেণীর লোক ছিল। মুসলমান আমলেও গ্রামিক ব্যান্থা অনেকটা স্বাক্ষিত ছিল; কেবল জমিদারেরা গ্রামের ষষ্ঠাংশ বা কৈনাও কোথাও তদধিক উৎপন্নাংশ, নবাব সরকারে আদায় করিয়া দিতের। দেশের সমন্ত আবাদীভূমি এবং ব্যস্তুজমি কোন না কোন গ্রামের কোন না কোন গ্রামের কোন না কোন চৌকিদারের এলাকাভুক্ত ছিল। ইংরাজের আমলে চিরস্থায়ী বন্দোরস্তে জমিদারেরা ভূমিপতি বলিয়া স্বীকৃত হইলে এবং অনেক বিষয়ই মৃদ্ধন্থল পুলিশের হন্তে পড়িলে, গ্রামিক স্বায়ত্ত্বশাসনব্যবস্থার সমূহ, পরিবর্ত্তন হইয়া গেলী, এখনও অনেক গ্রামে চৌকিদারদিগের সাবেক চাকরান জমির নিদর্শন পাওয়া যায় এবং কোন কোন গ্রামে কর্ম্মকার এবং কুন্তুকার প্রভৃতি শিল্পীগণ আজও কৃষ্ডুপন্ম শন্তের অতাল্প অংশ সকলে ক্ষেত্র হইতে পাইয়া থাকে। তাহাদিগকে যে স্বর্ত্বে প্রামে বসান হইয়াছিল ইহা তাহারই স্মৃতি চিহ্ন।
- (৩) ব্রাদ্ধা পণ্ডিতগণের বন্ধোত্তর জমি ছিল এবং ক্রিয়াকার্য্যে তাঁহার। গ্রামিকদিরোর নিকট ছইতে সিধা এবং প্রণামী পাঁইতেন। নির্লোভ,

মধো সকল অনৈক্য নিরাক্রণের অনোঘ উপায়—"সার্বভৌম এক রাজার দীর্ঘকাল ধরিয়া স্বৃদ্ শাসন" ভারতবাসী ইতিপুর্বে পার নাই। উহা পাইয়া ভারত উপকৃত। বিবিধ প্রবন্ধ—বিহীঃ ভাগ—বঙ্গ সমাজে অন্তঃশাসন।

সংঘত-চরিত্র রাম্বাণ পণ্ডিতের। অন্ধান করিয়া, নিজ্গুছে ঘনিষ্ঠ সংশ্রবে রাথিয়া, ছাত্রদিগকে "প্রকৃত উচ্চ শিক্ষা" দিতেন; উমুক্তরার পর্ণকৃটীরে, পরিচ্ছন্নভাবে, সদাচারে, উচ্চ চিস্তায়, অত্যন্নবারে জীবনম্যত্র। নিশাহের অত্যংক্ত আদর্শ ছাত্রেরা পাঁইত এবং গ্রামিকেরাও তাহা দেশিয়া ভক্তিও প্রীতিপূর্ণ থাকিত। এখনকার স্থলের ও কলেজের 'হংগলে' পুশ্নকবাদে সেরপ 'গুক্গৃহ বাসের' পূর্ণ উপকার পাওয়া অসম্ভব। মিথিলা, নদীয়া, ভট্টপন্নী, বিক্রমপুর, বাক্লা, খানাকুল প্রভৃতি প্রসিদ্ধ সমাজের টোলগুলি যেন কতকটা পাশ্চাত্য বিশ্ববিদ্যালয়ের কলেজ-সমন্তির প্রতিরূপ ছিল।

(৪) প্রত্যেক গ্রামের প্রাথমিক শিক্ষার জন্ম গুরুমহাশয় ছিলেন : তিনি সর্বশ্রেণীর বালকদিগকে লিখন, পঠন, নামতা, মানসাঙ্ক, দাত্যুর্কণ, গঙ্গান্তব, চাণকা শ্লোক প্রভৃতির শিক্ষা দিতেন। গুরুমহাশ্যের 'শ্রদিনে থাকিয়া' ছেলেরা অনেকটা সংযত চরিত্র হইত। ঐ প্রাথমিক শিক্ষা গ্রীস্তা-**জাদি ভিন্ন সকলের পক্ষেই যে অনেকটা 'বাধাত। মূলক'** এবং স্থ্বাবস্থিত **শিক্ষা** ছিল তাহাতে সন্দেহ নাই। ুঐ সমস্ত পাঠশালায় 'সন্দার পোড়োর' ব্যবস্থা ছিল; গ্রামিক মণ্ডলাদির প্রদত্ত অধিকারের ব্যবহারে গুরুমহাশ্র অমুপস্থিত (ব্রাহ্মণ কায়স্থ এবং নবশাক শ্রেণীর) ৮ ছেলেদের 'ধ্রিয়া আনাইয়া' পড়াইতেন। "গুরুমহাশয় ় গুরুমহাশয় ় তোমার পোড়ে। হাজির"—প্রভৃতি ছড়া আজও তাহার সাক্ষ্য দিতেছে। অভিভাবক-দিগের প্রশ্রের, <u>ছেলে</u>দের উদ্ধত্যে এবং পুলিদের ভয়ে গুরুমহাশয়ের। এখন সর্বত্তই সে ব্যবহার ছাড়িয়াছেন। গুরুমহাশয়েরা 🖔 যে গ্রাম হইতে কিছু কিছু সাহায়্য বৃত্তির স্বরূপ পাইতেন এবং ছাত্রদিগের অভি-ভাবকদের নিকট হইতে পৃথক আরও কিছু কিছু পাইতেন এবং গ্রামে লেখাপড়ার অনেক কার্য্যে লাগিতেন তাহাতে সন্দেহ নাই। এদেশে এইভাবে 'উচ্চ সংস্কৃত শিক্ষার' এবং 'যথেষ্ট প্রসারিত ভাবে নিম্ন প্রাথমিক - শিক্ষার' ব্যবস্থা এক, প্রকারে কৃষ্যুৎপন্ন হইতে "গ্রাণ্ট ইন এড" প্রণালীতে এবং স্থানীয় ব্যক্তিবৃন্দের প্রদত্ত সাহায্যের উপর প্রতিষ্ঠিত ছিল।

- ্(৫) ইংলত্তের অধিবাদী সাক্ষনদিগের সমস্ত ভূমিই বিজয়ী নর্মান জমিদার (ব্যারন) দিগের হত্তে পড়ে; তথন গ্রামিকদিগের কোন প্রকার স্বত্বই বাকী রাখা হয় নাই। জমির জন্ম জমিদারদিগ্রেক রাজাকেও ্কোন গাজনা দিতে হইত না, যুদ্ধে সাহায্য মাত্র করিতে হইত। সাধারণ लारकत निकात कानक्रभ वन्नावस्ट हिन ना। भाषिताह निभिष्ठ পড়িতে জানিতেন; এই জন্ম 'কার্ক' বা লেখক শব্দের মৃধ্য অর্থ ই 'পাদ্রি'! ুমঠে পাদ্রিরা গ্রীক লাটনের শিক্ষী পাইতেন। যথন ইংলণ্ডে প্রোটেষ্টান্ট ধর্ম পুর্বৈত্তিত হইল এবং মঠের ভাল ভাল বাড়ীতে কলেজ প্রতিষ্ঠিত হইল তথন 🕏 ঐ গ্রীক লাটিনের শিক্ষাই দেওয়া হইতে লাগিল। মঠের প্রচুর ভূসম্পতি হইতে কলেজগুলির যথেষ্ট আয় রহিল। [এদেশেও ইংরাজী শিক্ষার জন্ম প্রতিষ্ঠিত কলেজগুলিতে ইংলণ্ডের ভাল বাড়ীর এবং ব্যয় বাহুন্যের আদর্শ আসিয়া পড়িয়াছে—এদেশের উপযোগী প্রাচীন ব্যবস্থা— 'পর্ব-কুটীরে মহামহোপাধ্যায় পণ্ডিতের অন্ন দিয়া পড়ানর আদর্শ অণ্-মাত্রেও উহারা প্রায় নাই ।। ইংলণ্ডে তথনও সাধারণের প্রাথমিক শিক্ষার জন্ম কোন ব্যবস্থা 'হয় নাই। 'উচ্চ শ্রেণীর লোকে উচ্চ শিক্ষা পাইয়া চরিজবান্ হইলেই দেশের পক্ষে যথেষ্ট-নাধারণ লোকে উহাদের দেখিয়া শিথিবে; জল ধেমন মাটিতে বিদিয়া নিমে ধায় শ্রিকাও সেইরূপ যায় — এই মঠে [ইহাকে 'ফিলট্রেশন থিওরি' বলা হইত] প্রচলিত ছিল। এই মতবাদ বস্তুতঃ একান্তই অসার নহে; ভদু পলীর অন্তাজেরাও অনেকটা স্বভদ্র কথা কহে।
 - (৬) সর্কোচ্চ প্রকৃতির ইংরাজেরা মনে করেন—"দাসের মনিব দাসের অপেক্ষাও ত্বরিত-গাততে অবনতি প্রাপ্ত হয়; এজগু ব্রিটিশ প্রজা

এবং ভারতের প্রজার মধ্যে কোনরূপ পার্থকাই রাখা টুচিত নহে ; সম্পূর্ণ স্বায়ত্ত শাসন সামাজ্যের সকল অংশেরই পাওয়া উচিত : এরপ প্রীতির বন্ধনে যে 'ফেডারেশন' বা সন্মিলন, তাহাতেই সমগ্র মানবজাতি এক দিন রাজ্যগঠণ প্রণালীর আদর্শ পাইবে।"—এই শ্রেণীর মহাত্মাদিণের সংখ্যা একান্তই অল্ল: সময়ে সময়ে তুই একজন এ মহোচ্চ প্রকৃতির লোক যে জন্মেন, তাহাতেই ইংলণ্ডের মহন্ত। মধ্যম প্রকৃতির ইংরাজেরা যদিও এরপ 'পরার্থেই স্বার্থ দ্রষ্টা' নহেন এবং ভারত অধিকার হইতে ইংলণ্ডের অনেকটা 'হ্যবিধাই' চাহেন এবং দেজন্ত ভারতবাদীকে একেবারেই তুল্যমূল্যরূপে ব্যবহার করিতে বা উহাদের উন্নতির পথ 'সম্পূর্ণভাবে উন্মুক্ত' করিয়া দিতে চাহেন না, তথাপি ইংলণ্ডের স্থবিধার জন্মও "ভার্বত-বাসীর বিশেষ অনিষ্ট" হয় ইহা তাঁহার। প্রক্লত পক্ষেই চাহেন না ; প্রত্যুত আপনাদের যে যে প্রতিষ্ঠানে এবং ব্যবস্থায় উপটিরে হইয়াছে বলিয়া মনে করেন, তাহা ভারতবাদীকেও দিতে একান্তই আগ্রহান্তিত। * [এই কথা দর্বদা স্ববদে রাখিলে ইংলণ্ডের নৃতন নৃতন ব্যবস্থার অম্মকরণে এদেশে কোন্প্রকার ব্যবস্থা প্রণয়ণের প্রস্তাব উঠিবে তাহা তুই এক বংসর পূর্ব হইতেই অনেকটা অহমান করা যায়!] অধম প্রকৃতির ইংরাজেরা প্রায়ই ভারতসম্বন্ধে,

^{*} ভারতবর্ণের লোকেরা ক্রমে ক্রমে উচ্চ উচ্চ অবস্থা হইন্ডে নামিরা পড়িতেছে।

* * এইমহানিষ্ট নিবারণ করিবার উদ্দেশ্যেই ফ্লুরদর্শী এবং উদারমতি ইংরার শান্তগণ
কেহ বা এখানে চিরস্থায়ী বন্দোবস্তের, কেহ বা খনেশীয় বিদ্যাদানের, কেং বা খারত
শাসন শক্তি প্রদানের চেষ্টা করিয়াছেন। সে সকল উপ:য় একাস্ত নিক্ষল হয় নাই—
কিন্তু পর্যাপ্তত্ত হয় নাই। এখনও সমাজের উপরিভাগ নামিয়া আসিতেছে। ভারতবর্ণের
বে এত্ছুর দারিজ্য হইয়াছে, কিছুদিন পূর্কেইংরাজরাজের তাহা শান্তরূপে অনুস্ত ভিল
না।" [সামান্তিক প্রবন্ধ—ভবিষাবিচার—ভারতবর্ণের কথা—আর্থিক অবস্থা বিষয়ক।]

শ্বর্থ ভার' পায়েন না; তবে কেহ কেহ কথন কথন অধম প্রকৃতিকদিগের মৃতগুলি উচ্চারণ করিয়া ফেলিয়া সর্বাসাধারণ ইংরাজের নিকট বিশিষ্টভাবেই নিন্দিত হইয়াছেন। একজন বলিয়াছিলেন ভারতের রক্তনোক্ষণ করিয়া লইতেই হইবে ইণ্ডিয়া মন্ত ব্লাগতে পারি না একজন বলিয়াছিলেন—আমরা ভারতে উচ্চশীর্ষ লোক রার্গথতে পারি না (উই ক্যানট টলারেট টল পপিজ্ইন্ইণ্ডিয়া)! কিন্তু সাধারণতঃ ইংরাজ এখনও আয় পথকেই স্থানিধার পথ বলিয়া (অনেষ্টি ইজ্দি বেষ্ট পলিদী) প্রকৃত পক্ষে বিখাদ করেন এবং সেই জ্যুই এতটা শক্তিমান রহিয়াছেন।

(৭) ইংরাজ স্বদেশে বিভ্রশালী জমিদার শ্রেণী হইতে শিক্ষিত এবং কৰ্ম্ব লোক অনেক পাইয়া সহুদেশ প্রণোদিত হইয়াই বাঙ্গালাকে চির-স্থায় বন্দোবন্ত দার। একটা ভূমিতে-মত্ত-বিশিষ্ট শ্রেণী দিয়াছিলেন-ভাগতৈর অক্যান্ত প্রদেশ অপেক্ষা বাঙ্গালাতে এখন শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর লোক অধিক। ইংরাজের। অক্সফোর্ড কেম্ব্রিজ প্রাচীন গ্রীক লাটনে শিক্ষিত চরিত্রবান লোক দারা উপকার পাইয়া এদেশেও প্রথমে প্রাচীন সংস্কৃত শিক্ষার জন্মই 'গ্রর্ণমেণ্ট সংস্কৃত কলেজের' প্রতিষ্ঠা করেন (১৮২৪)। তংপুর্বে (১৮১৬) যে হিন্দু কলেজ স্থাপিত হইয়াছিল তাহা 'হিন্দুদিগের চাঁদার্য' হয়। তথনও ইংলণ্ডে সাধারণ শিক্ষার জন্ম গ্বর্ণমেন্ট কোন চেষ্টা করেন নাই। মেকলে সাহেব স্বদেশে গ্রীক লাটিন শিক্ষার পক্ষপাতী ছিলেন না। তিনি সংস্কৃত শিক্ষা সম্বন্ধেও অক্সতাম্লক তীত্র বিশ্লেষ পোষণ করিতেন এবং 'দধি তথ্য মধু সমূদ্রের' উল্লেখ দারা উহার অধিক সংস্কৃত শাস্ত্রে আর কিছুই নাই, এই ভাব প্রকাশ করেন (১৮৩৫),। তিনি ভারতবর্ষেও ইংরাজী শিক্ষা বিস্তারের পক্ষপাতী रहेरलन्। के नगरप्रहे हेरलए नाधावन निका विखादव अध्याकन मृष्टे হয়। ভোট দিবার ক্ষমতা সাধারণের মধ্যে বৃদ্ধি হওয়ায় ইংলণ্ডের

মন্ত্রী-সভার স্বস্পপ্ত উপলব্ধি হইল যে, যাহারা পালিয়ামেণ্টে প্রতিনিধি পাঠাইবে, স্বভরাং তাঁহাদের 'মনিবের স্থানীয়', তাহারা একেবারেই নিরক্ষর না থাকা ভাল (দি নেসেদিটি অফ টীচিং আওয়ার মাষ্টার্দ) ! সাধারণ শিক্ষার জন্ম প্রথম গ্রাণ্ট ইংলণ্ডীয় পার্লিয়ামেণ্ট ১৮৩৩ অব্দে করিলেন এবং ১৮৩৯ অবেদ ইংলণ্ডে শিক্ষা বিভাগ স্থাপিত হইল। ভারতেও লর্ড উইলিয়ম বেণ্টিঙ্কের আমলে গ্রাম্য পাঠশালা সম্বন্ধে -অমুসন্ধান হয় এবং মি: আডামস উহাদের সংখ্যা একলক্ষ বলিয়া অমুমান করেন। লড হাডিংয়ের আমলে (১৮৪৪) বান্ধালা বিহার উড়িগ্রায় ১০১টী মডেল স্থুল স্থাপিত হয়; বেডি অফ রেভিনিউ উহাদের ভার প্রাপ্ত হইয়াছিলেন: কিন্তু দেগুলি ভাল চলিল না। তারার कार्र निर्द्धन किया है । त्यार्क 'वाकान। निका' প্রতি গ্রান্টেই সস্তায় পাইতেছিল; দেজগু দূরে অধিক বেতন দিয়া ছেলে পাঠান্ধতে তাহার। রাজী হয় নাই। এই বিষয়টী স্থবাবাঙ্গালায় কর্ত্তপক্ষীয়ের। স্থস্পষ্ট বুঝিতে পারায় যথন লড ভালহৌদি উত্তর পশ্চিম প্রদেশের তায় নৃতন পাঠশালার ব্যবস্থা বাঙ্গালায় করিতে বলিলেন, তথন উদ্ভ প্রদেশের অমুকরণে বান্ধালায় প্রাচীন পাঠশালাগুলির অন্তিম্ব একেবারেই লোপ করিয়া একটা শিক্ষাকরের সাহায্যে নৃতন পাঠশাদা স্থাপনের ব্যবস্থা হইল না। এই জন্ম বান্ধালায় ভাল পুস্তক প্রস্তুত করার চেষ্টা হইল ; জুনিয়র এবং সিনিয়র পরীক্ষায় বান্ধালায় প্রশ্ন দেওয়া হইতে লাগিল; সাক্ষাৎ সম্বন্ধে গ্রাম্য পাঠশালাগুলি নষ্ট করায় ফল নাই বুঝিয়া এবা উহাদের উন্নতি জন্ম কি করা যাইতে পারে তাহা স্থির করিতে না পারিয়া, সেগুলির উপর হস্তক্ষেপ করা হইল না।

(৮) আয়লতে পার্লিয়ামেণ্ট দারা বহুলক টাক। মঞ্র হইয়া ডবলিন বিশ্ববিদ্যালয় স্থাপিত হইল। দেই সময়ে কোর্ট অফ ডিরেক্টরেরাও তাঁহা- দৈর স্থাসিদ শিক্ষা সংক্রান্ত অন্বজ্ঞা (ডেম্প্যাচ) পাঠান (১৮৫৪)। উহাতে ভারতবাসীকে শিক্ষাদান ধর্ম্ম-কর্ত্তব্য (সেকেড ডিউটা) বলিয়া স্বীকৃত হয়; শুবং বলা হয় যে (১) শিক্ষা বিস্তাবে ফৌজদারী অপরাধের হাস্
হইবে, (২.) বিশ্বাসীও সক্ষম সুরকারী কর্ম্মচার্মী প্রস্তুত হইবে এবং (৩) ভারতবাসীর ঐহিক স্থথ সমৃদ্ধির বৃদ্ধি হইয়া ইংলপ্ত এবং ভারত উভক্ব দেশেরই উপকার হইবে। ১৮৫০ অব্দের ডেম্প্যােচে (রিভাই দ্বড কোডে)
(১) শিক্ষা বিভাগ; (২) বিদ্যালয় এবং কলেজ, (৩, জিলা স্কুল, (৪) মধ্যশ্রেণীর স্কুল (৫) প্রাথমিক শিক্ষা এবং প্রাচীন দেশীয় পাঠশালা (৬) টেনিং স্কুল, (৭) টেক্নিক্যাল (শিল্প) স্কুল, (০) বালিকা বিদ্যালয় এবং (১) গ্রাণ্ট-ইন-এড প্রণালীর কথা স্থাপ্টরূপে লিখিত হইয়াছিল। এই সকলের মধ্যে পঞ্চম দক্ষার অর্থাৎ প্রাথমিক শিক্ষার সম্বন্ধেই পূর্ব্বোক্ত ত্রিশ হাজার টাকা মঞ্জুরী হইয়াছিল।

তথন ইংলণ্ডে যেরপ নৃতন স্থল ও নৃতন শিক্ষাকর ব্যবস্থা হয় উত্তর পশ্চিম প্রদেশে প্রাথমিক শিক্ষা বিস্তার জন্ম চেরা উপলক্ষে "ঠিক সেইরপ" করা হইলে, তথাকার প্রাচীন গুরুদিগের ও পাঠশালাগুলির উচ্ছেদ হইয়া গেল! কিন্তু ভূদেব বাবু নশ্মাল স্থলের কার্য্যকালে এবং প্রতিনিধি আদিই। উইনম্পেক্টর থাকার সময়ে ইংলণ্ডের এবং ভারতের অপর প্রদেশের শিক্ষা সম্বন্ধীয় রিপোর্টগুলি স্মত্ত্ব পড়িয়া স্বায় কার্য্য সংস্থাই সকল বিষয়ই স্থাচিন্তিত এবং স্থানির্দ্ধারিত রাপিয়াছিলেন; স্থতরাং বাঙ্গালা প্রদশে প্রাথমিক শিক্ষা সম্বন্ধীয় কার্য্যভার ভূদেব বাবুর উপর পড়ায়, তথাকার কল উত্তর পশ্চিম প্রদেশ হইতে সম্পূর্ণ পৃথক রূপ হয়। বহু সহস্র বংসরের দেশীয় পাঠশালাগুলি বাঙ্গালায় অক্ষ্ম রহিয়া গেল; কতকগুলি মাত্র উত্তর করা হইল। পাঠশালার গুরুদিগকে, বা তাহাদের বয়স অধিক হইয়া থাকিলে তাহাদের কোন আপনার লোককে, টেণিং স্থলে পাঠাইয়!

কিছুদিন শিক্ষা দেওয়া হইল; ঐরপ শিক্ষিত গুরুকে মাদে পাঁচ টাকা করিয়া সরকারী সাহায্য দেওয়া হইতে লাগিল এবং স্থানীয় প্রধান প্রধান প্রধান লাকের ও সরকারী কর্মচারীদিগের উৎসাহে গ্রামবাসীরাও পাঠশালা-গুলির উন্নতির জন্ম যত্রবাম হইল; তাহাদের সাহায্যে পাঠশালাক জন্ম সন্তায় পরিচ্ছন চালাঘর সকল প্রস্তুত হইতে লাগিল। ফলতঃ স্থাদেশভক্ত প্রকৃতদশী দেশীয় কর্মচারীর সাদরে সাহায্য লইলে গ্রহণেতের কার্য্য যে কত ভাল হইতে পারে তাহা এই পাঁচ টাকার পাঠশালাগুলি, দেখাইয়া গিয়াছে।

ভূদেব বাবুর দর্মদ। স্থির লক্ষ্য ছিব থেন দেশের দকল কাথাই দাধারণের উৎসাহ থাকে। কিন্তু কোন অধিকার বা দায়িত্ব না খাকিবেলি উদাসীক্ত আসিয়া পড়া স্বাভাবিক; এইজক্ত তিনি উন্নত পাঠশালা গুলিতে প্রথম হইতেই স্থানীয় লোকদিগের কতকটা হাত রাখিবার জন্ম বত্ব করিতে লাগিলেন। তিনি ব্যবস্থা করিয়া লইলেন যে(১) ঐ পাঠশালা গুলির জক্ত ভবিশ্বৎ গুরু গ্রামের লোকেরাই মনোনীত করিবেন (২) এক বংসর শিক্ষা পাইয়া গুরু প্রশংসাপত্রসহ ফিরিলে গ্রামের পাঠশালায় তাহাকে নিযুক্ত করিবেন এবং না করিলে সরকারী যে ৬০০ টাকা ঐ গুরুর উপর ধরচ হইয়া যাইবে তাহা দণ্ড স্বরূপ দৈতে কয়েকজন গ্রামবাসী চুক্তি পত্রে আবন্ধ থাকিবেন। (৩) পরস্ক ট্রেনিং স্কুল হইতে ফিরিয়া আসিয়া গুরু স্বেই পাঠশালায় না পড়াইলে ঐ বৃত্তির (৬০০) টাকা ক্ষেরত দিতে বাধ্য থাকিবেন। এইভাবে সরকারী ১০ টাকা বৃদ্ধি প্রাপ্ত পাঠশালায় গুরুরা নিজেদের গ্রামবাসীদেরই লোক বলিয়া বৃদ্ধিত ও সরকারী কর্মচারী মনে করিয়া অহঙ্কত হইত না।

গ্রামের লোকে কোন বাধা উপস্থিত করিলেও ভূদেব বার্ তুট -হইতেন। সাধারণের কার্যো ওদাসীগ্রাই তিনি আমাদের সর্বাপেক। ১মারাত্মক দোষ বালয়া ধরিতেন এবং দেইজন্ম অন্যায়া বাধাতেও কিছু জীবনী শক্তের উপলিমি করিয়া তাহাতেও শুভ লক্ষণই দেখিতেন। *

ল্দেব বাবু বলিতেন, এবং সকলেই ইহা প্রক্রাঞ্চ দেখিয়াছেন যে, যে সকল প্রতিষ্ঠানের সম্পূর্ণ থরচ, বাহির হইতে যোগান হয়, সে সকলে গর্বী এবং আলস্থ আদিয়া পড়ে; যে সকল লোকের বা প্রতিষ্ঠানের কোন প্রকার স্থায়ী আয় নাই তাহাদের মধ্যে প্রায়ই নিরুদাম আদিয়া পড়ে; 'কছু' স্থায়ী আয় এবং উদামের জন্ত উৎসাহ দান থাকিলে, সর্ব্বাপেক্ষা অধিক স্কুক্ত দেখা যায়। এই জন্ত ভূদেব বাবু গুরুমহাশ্মদিগের পাচ টাকামাত্র মাসিকআয়ের ব্যবস্থা স্থির রাখিয়া দিয়া প্রাচীন (গ্রান্ট-ইন এড্) সাহায়ের পদ্ধতিই বলবং রাখিলেন। পরে তাহার নিজের টাকায় সংস্কৃত শিক্ষার সাহায়্য জন্ত স্থাপিত বিশ্বনাথ ট্রষ্ট্রী গু হইতেও অধ্যাপক এবং ছাত্রদিগের সেই ভাবেই 'কিছু সাহায়্যের' ব্যবস্থা করেন।

ভূদেব বাবুর প্রবর্ত্তিত ব্যবস্থায় উন্নত-পাঠশালার প্রত্যেককে বার্থিক ৬০০ টাক। দিতে হইত। পরে কম টাকা খরচে অধিক কাজ "দেখাইবার জন্য" দিভিলিয়ান মিঃ ফ্লারিসন সাহেবের প্রবর্ত্তিত মেদিনাপুর জিলার ব্যবস্থারই আদর হয়। উহাতে সকল গ্রামের সকল পাঠশালাই সরকারী রেজেষ্টরী-ভূক্ত করা হয়; এবং কতকগুলি নিয়ম পালন করিলে ও রেজেষ্টরী রাখিলে ছাত্তদিগকে বিভিন্ন কেন্দ্রে পরীক্ষায় আদিতে দেওয়া হয় এবং 'পরীক্ষার ফল অমুসারে পুরস্কার' দেওয়া হয়। উহাতে নৃতন এইটা পাঁঠশালীও স্থাপন

^{*} I need not say why I read this as a good sign. In all that concern the people of this country and more especially the people of the mafassal, nothing is to be more apprehended than utter apathy and indifference. (১৮৬৪ অব্যঃ ২৮০৭ মের রিগোর্ট)

না করিয়া সরকারী রিপোর্ট অধিক পাঠশালা (সেগুলিত পূর্ব্বকাল হইতেই, ছিল) "দেখান" হইতে পারে। বিশেষজ্ঞেরা সকলেই একবাক্যে বুলিয়া-ছেন যে ভূদেব বাবুর পাঁচ টাকার পাঠশালাগুলিই প্রকৃতপক্ষে উৎকৃষ্ট হইয়াছিল; এবং ঐ ভাবে, ক্রমশঃ "সদল পাঠশালাকেই" উন্নত, করিতে থাকিলে উপযুক্ত ব্যয়ে উপযুক্ত পাঠশালা স্ব্রত্ত গঠিত থাকি মা বিধ্যতা মূলক প্রাথমিক শিক্ষার প্রধান উপকরণ এভদিনে ঠিক হইয়া থাকিত!

ভূদেব বাবু অধীনস্ক সব ইনস্পেক্টরদিগতে এবং স্থানীয় লোকদিগকে বিশেষ উৎসাহিত করিয়া তাঁহাদের সহায়তায় গবর্ণমেন্ট সাহায্যক্কত পাঠ-শালা সমূহের সংখ্যা অল্পদিনের মধ্যে অনেক বৃদ্ধি করিতে সক্ষম হইলেন। স্থানীয় লোকদিগের যাহাতে যত্ন হয় তজ্জ্যা তিনি স্বয়ং সর্বত্ত যাইম্পাত্ততা লোকদিগের সহিত আলাপ পরিচ্যাদি করিয়াছিলেন।

অভাভ জেলার ভায় যশোহরের জমিদারদিগের সহিতও তিনি স্কাই করেন। নড়ালের ৺গুরুদাস রায়ের সহিত সাক্ষাইকার সম্বন্ধীয় বিবরণে ভূদেব বাব্র মানসিক গঠন কিরপ ছিল তাহা পরিষ্কার ব্ঝিতে পারা বায়। তিনি ভাল চাকরী করিতেন বটে, কিন্তু তৎসম্বন্ধে বা বিদ্যাবন্তা সম্বন্ধে তাহার মনে কিছুমাত্র গৌরব ছিল না; তাঁহার মনে গৌরব ছিল তাগী ব্রাহ্মণ-পূর্বপুরুষদিগের সম্বন্ধে।—নড়ালের স্কপ্র্নিম্ক জমিদার ৺গুরুদাস রায়ের সহায়তা পাইলে তাঁহার এলাকাভূক্ত স্থানসমূহে উন্নত্ন পাঠশালা স্থাপনের স্থবিধা হইবে বলিয়া ভূদেব বাবু তাহার সহিত সাক্ষাই করিলে তেপুটা ক্রিম্বান্তির ৺হরমোহন চট্টোপাধ্যায় মহাশম্ম ভূদেব বাবুকে বলিলেন, "মহাশয়, শেপানে স্থাপনার উদ্দেশ্ত দিন্ধির পক্ষে, কোনরূপ উপায় ত হইবেই না, অধিকন্ত আপনাকে অপ্রতিভ হইয়া ফিরিয়াআসিতে হইবে। লোকটা বড়ই দুর্মুষ।" ভূদেব বাবু কহিলেন, "ব দি তাহাই হয়, তথাপি আমার তাহাতে কোনরূপ আশক্ষা করিবার কায়ণ নাই।

আনি তাকণে, ওকদাস রায় নিতান্ত অপ্রিয়ভাষী হইলেও আমার প্রতি কোনরপ কট্জি কোরবেন না। কোন চিন্তা নাই, আমার সঙ্গে আইস।" তিনি বলিলেন, "না মহাশয়! আপনার যদি একান্তই ইচ্ছা হইয়া থাকে আপনি যান আমি নিবারণ কির্দেপ করিব? কিন্তু আমাকে বাহিরে দাঁড়াইয়া থাকিতেই অনুমজিদিবেন; আমি একবার গিয়াছিলাম।"

ভূদেব বাবু একাই গুরুদাস রায়ের বৈঠকখানায় গিয়া দেখিলেন, তথায় অনেকগুলি লোক উপবিষ্ট; গুরুদাস, বাবু অপেক্ষাক্ত একটু উচ্চ এবং ভাল আসনে বিসিয়া আছেন; অপরাপর লোকগণ নিমে ফরাসের উপর বিসিয়া নানা বিষয়ে কথাবার্তা কহিতেছেন,—তমধ্যে কয়েকদ্বন আদাও ছিলেন। সভার মধ্যে আসিয়া দগুয়মান হইয়া ভূদেব বাবু গুরুদাস রায়ের প্রতি লক্ষ্য করিয়া বলিলেন, "আদাণ"। গুরুদাস বাবু তথন "কুড়ূল কাটা" গোছের একটি প্রণাম করিয়া বলিলেন, "বস্থন"। ভূদেব বাবু বলিলান, "আপনাকে পরিচয় দিয়াছি, আমি আদাণ; কিন্তু এখানে আদাণের জ্য়্য বিস্বার আসন ত নির্দিষ্ট দেখিতেছিনা; আমার বসিবার স্থান কোথায়?" গুরুদাস বাবু তথন একজন ভ্তাকে সম্বোধন করিয়া বলিলেন, "একধানা আসন দে রে।" ভ্তা গালিচা আসন আনিয়া করাসের উপর বিছাইয়া দিলে ভূদেব বাবু তত্পরি উপবেশন করিলেন।

গুরুদাস বাবুর পারিষদবর্গের মধ্যে একজন ভূদেব বাবুকে পূর্বের দেখিয়াছিলেন। তিনি ইতাবসরে ভূদেব বাবুর পরিচমুস্গুরুদাস বাবর গোচর কদরন। ভূদেব বাবু বৈঠকখানায় আসিয়া,রান্ধণের জন্ম সতন্ত্র আসন না থাকার কথা বলায় গুরুদাস রায় মনে মনে ভূদেব বাবুর উপর কিছু বিরক্ত হইয়াছিলেন। এক্ষণে তিনি সরকারী চাকরী করেন জানিতে পারিয়া,ভাঁহার পূর্বেকাক্ত রূপ "বামনাই ফলানর" জন্ম কতকটা প্রতিশোধ লইতে পারিবেন ভরদা হওযায়, একটু স্বাইচিত্তে ভূদের ধার্কৈ জিজাদা, করিলেন, "মহাশয়ের কি করা হয় γ"

ভূদেব বাবু উত্তর করিলেন, "আফাণের কার্য্য অধ্যয়ন অধ্যাপন; তাহাই করিয়। থাকি। গবৃণ্মেন্ট নৃতন প্রশালাতে পাঠশালা সমূহ স্থাপন করিয়। শিক্ষা বিস্তারে উদ্যোগী হইয়াছেন; "আমি সেই কার্য্যে গ্রেণ্মেন্টের সহায়ত। করিয়া থাকি।" গুরুদাস বাবু তপন একটু স্মিতমূপে জিজ্ঞাসা করিলেন, "এই কার্যের জক শ্লেচ্ছের বেতন লইয়া থাকেন ?"

ভূদেব বাবু বলিলেন, "হা, ঐ কার্য্যের জন্ম আমার বর্তমান রাজ সর-কার হইতে বৃত্তি নির্দিঃ আছে—রাজার জাতি বিচার করিতে হয় না। ।

^{* (}১) কোচবিহারে রাজার জাতে বিচার সম্বন্ধে একটা সরস গল্প প্রচলিত আছে?"
তথার কোন ব্রাহ্মণ রাজাকে কাস।র থালে পাইতে দিগাছিলেন; রাজ ভ্রাতাকে তাহা
দেন নাই। বলেন, "রাজ শরীরে অইদিকপালের সমাবেশ; কিন্তু রাজার গুভাতা'
কোচজাতীয় মাত্র; জল আচরণীয় নহেন।"

⁽২) স্থানৰ বাবু সরকারীর কাষাকে জন্মস্থানির কাষ্য বলিয়াই মনে করিতেন এবং সরকারী বেতন জন্মস্থানিই দান মনে করিতেন। এই জন্মই তাহার কাষ্য এত উৎকৃষ্ট হইত। তিনি উপরিতন ইংরাজ কর্মচারীদিগের অপেক্ষা "অনেক অধিক স্থান্থই ভাবে" ব্রিতেন বে, সরকারী কার্য্য যতই 'এ দেশের প্রকৃত উপকারা কর্মা হইবে, 'ভতই' রাজার কার্য্য স্থচাক্তরপে করা হইবে, এবং, ততই রাজকর্মচারীদিগের দারা রাজার প্রতি "প্রকৃত কৃতজ্ঞতা" পোষণ করা হইবে। কোনরূপ জুলুমে রাজার ইজ্জত বাড়েনা, প্রত্যুত প্রজার অসন্তোবে রাজারই ক্তি করা হয়। তাহাতে প্রকৃত, রাজভ্জিনাই। এইজন্ম শিল্পের বিশেষ অবস্থায়, সরকারী চাক্রীকে মেচছ রাজার বৃত্তি-গ্রহণ-ভাবে দেখিতেন না। শাল্রে আছে যে রাজার প্রতি সম্মান প্রদর্শন করিতে হয়। কিন্ত ক্তিরেতর রাজার দান গ্রহণ করিতে নাই। (ন রাজ্ঞঃ প্রতিস্থীয়াদরালগ্র প্রস্তিতঃ)—কিন্তু মহারাণীর আদ্যুত্রাদ্ধে রাজবাড়ীতে বিদার গ্রহণ (়ু) এবং দেশের কার্যে দেশের রাজস্ব হইতে রাজার হাত দিয়া পারিশ্রমিক গ্রহণ, ঠিক এক নয়। ৬ গুরুদাস রারের সহিত তর্কে ভূদেব বাবুর এত কথার অবভারনার প্রয়োজন হয় নাই।

্বিশেবতঃ, যথন 'দেশীয়' ভৃসামিগণ ব্রন্ধোত্তর বাজেয়াপ্ত দারা প্রকারাস্তরে বিদ্যালোপ চেষ্টারুক্তই নিযুক্ত আছেন, তথন 'রাজার' এই বিদ্যাবিস্তারে যত্ন অপেক্ষা পবিত্র কার্য্য আর কিছু আছে কি ?"

দর্মনা চাটুকার বেষ্টিত গুরুদাস রায় ভূদেব বাবুকে যেরপে অপ্রস্তুত করিবেন মনে করিয়াছিলেন, তাহাতে কিছুমাত্র কুতকার্য্য হইতে না পারিয়া এবং তাহার বাক্যে এবং আকারে প্রকৃত রাহ্মণের 'অদৃষ্টপূর্ব্ব-তেঙ্ক' অন্থত করিয়া তাঁহার প্রতি একান্তই শ্রদ্ধাসন্পর ইয়া পড়িলেন এবং গাত্রোখান পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন, "আমার দ্বারা মহাশয়ের কি কার্য্য সাধিত হইতে পারে ?" ভূদেব বাবু বলিলেন "আপনার জমিদারীর মধ্যে কোথাও আমার লোকে পাঠাশালা স্থাপন করিতে যাইলে আপনার তত্রতা কর্মচারিগণ যদি একটু পৃষ্ঠপোষকতা করেন, তাহা হইলে এই কার্য্য অতি সহজেই সম্পন্ন হয় এবং তংসংস্টে সকলেরই পৃণ্যলাভ হয়।" এই কথায় গুরুদাস বাবু বলিলেন, "আমার জমিদারীর মধ্যে যেখানে আপনার লোক পাঠশালা স্থাপনের জন্ম যাইবেন, তাহার যথা সম্ভব সাহায়্য করিতে আমার তথাকার কর্মচারিগণ কোন মতে ক্রটি করিবে না; আমি আজ হইতেই তাহার ব্যবস্থা করিয়া দিব।"

অতঃপর ভূদেব বাবু গুরুদাস বাবুর সহিত যথোচিত সম্ভাষণ করিয়া তথা হইতে প্রতিগমন করিলেন। এই ঘটনার পর হইতে ভূদেব বাবুকে যথার্থ তেজস্বী ব্রাহ্মণ জ্ঞানে গুরুদাস বাবু তাঁহার প্রতি বরাবরই যথেষ্ট ভক্তি ও প্রদ্ধা সম্পন্ন ছিলেন। ভূদেব বাবুর প্রেরিলু-শিক্ষাবিভাগের কোন কর্মনারী তাঁহার জমিদারী মধ্যে কোথাও পাঠশালা স্থাপন করিতে গেলে যাহাতে তাঁহার কর্মনারিগণ সাহায্যন্ধন করেন, সে পক্ষে অচিরেই ভিনি সর্ব্বিত্র আদেশ পাঠাইয়া দিলেন। ফলে কাজও তদমুরূপ হইতে লাগিল। ডেপুটী ইনম্পেক্টরেরা সকলেই বলিয়াছেন যে, তাঁহা-

দের মধ্যে যিনি যখন গুরুদাস রায়ের জমিদারীর মধ্যে কোন পাঠশালা, স্থাপনের চেষ্টা পাইয়াছেন গুরুদাস রায়ের লোকে তাহাকে স্বিশেষ যত্ত্বের সহিত সাহায্য করিয়াছেন। ফলতঃ গুরুদাস রায়ের জ্মিদারী মধ্যে উন্নত পাঠশালা স্থাপন যেরপ সহজ এবং স্বল্লায়াস্যাধ্য হইয়াছিল তেমন আর কুত্রাপি হয় নাই।

গুরুদাস রায়ের সহিত ভূদেব বাবুর এই সাক্ষাৎ হওয়া প্রসঙ্গে একটা অমূলক গল্প কাহারও কাহারও মূথে শুনা যায়। তাঁহারা বলেন ধে —গুরুদাস রায় ভূদেব বাবুকে জিজ্ঞাসা করেন "ব্যাতোন কত?" উত্তরে ভূদেব বাবু তাঁহার বেতনের পরিমাণ চারিশত টাকা বলিলে গুরুদাস রায় আশ্চর্যাধিত হইয়া "ড্যাড্ডা মুন্সেফের ব্যাতোন"—ভোগী ব্যক্তির জন্ম তৎক্ষণাৎ স্বতন্ত্র আসন (মাইচ্যা) আনাইয়া দিয়াছিলেন! পূর্বে বাঙ্গালার অনেকে প্রথম পরিচয়ের সময়েই সরলভাবে 'বেতন কড' জিজ্ঞাসা করেন, এবং তৃর্মু থ গুরুদাস রায় স্বতন্ত্র আসন দিয়া ভূদে ব বাবুর সম্মাননা করিয়া ছিলেন, এই তৃইটা প্রকৃত কথা মাত্র শেষোক্ত মিথ্যা গল্পটার ভিতরে আছে। কিক্ত ভূদেব বাবুকে নিজের বেতনের পরিচয় ঐ ক্ষেত্রে দিতে হয় নাই এবং চারি শত টাকা বেতন শুনিয়াই অত বড় ধনী গুরুদাস রায় বিচলিত হন নাই।

ভূদেব বাবু এইরপে যাঁহার সহিত কোনরপ সংশ্রবে আসিয়াছেন, সে ব্যক্তি তাঁহাকে অন্তরের সহিত শ্রদ্ধা না করিয়া থাকিতে পারেন নাই। তাঁহার শ্রমীনস্থ ডেপুটা ইনম্পেক্টরগণ সকলেই তাঁহার একান্ত প্রীতিভাঙ্গন এবং তাঁহার প্রতি একান্ত ভক্তিমান ছিলেন। প্রতিবংসর বার্ষিক রিপোর্ট দিবার 'সময় তাঁহার। সকলেই চারি পাঁচ দিনের জন্ত চুঁচুড়ায় আসিয়া একত্র হইতেন। সকলে ভূদেব বাবুর বাড়ীতেই বাসা পাইতেন এবং ভূদেব বাবু সকলকে লইয়া (পংক্তি ভেদাদির হিন্দু আচার

্রাপৃণিভাবে অক্ষ রাথিয়া) আহারাদি ও আমোদ আহলাদ করিতেন।
ভূদেব বাবুর পত্নী এই সকল সম্ভ্রান্ত কর্মচারীগুলির প্রতি সম্পূর্ণ মাতৃবৃদ্ধিত্বে যত্ন করিতেন; সকলেরই জন্ম পর্যাপ্ত হয়, এরপ পরিমানে থালা
বাটী গ্রেলাস আসন এবং তোষক চাদর বালিশ মশারি ক্রীত হইয়াছিল *
এবং স্বর্কিত থাকিত; কাহার কাহার পত্নার জন্ম গছনা গড়াইয়াও
দিতেন। প বস্ততঃ স্বদেশীয় উচ্চতর পদস্থ সহদয় ব্যক্তির অধানে চাকরী
করিয়া যে কত প্রকারে কত স্থ্য হইতে পারে, তাঁহার। তাহা সম্পূর্ণ ই
অক্ষত্রব করিতেন। একদিন ধলান্নাদি বিবিধ ভোজ্যের প্রশংসাচ্ছলে
একজন ডেপুটী ইনম্পেক্টর ফলিগছিলেন, এটা ত আমাদের 'মিটিং'
(কার্য্যের জন্ম একত্র সন্মিলন) নয়; এ "মিট ইটিং" (স্থপক্ক মাংস
ভোজনের ব্যবস্থা)!

ভূদেব বাব্ বরাবরই তাঁহার অধীনস্থ কর্মচারী কেহ চুঁচুড়ায় আসিলে অপর বৃদ্ধদিবের ন্যায় তাঁহার বাটীতেই অবস্থান এবং আহার করাইতে যত্ন করিতেন। রাজশাহার ডেপুটা ইনস্পেক্টর শ্রীযুক্ত উমাকাস্ত দাস (ইনি পরে ক্যাযেলী দিভিল দার্ভিদ পরীক্ষা দিয়া ডেপুটা ন্যাজিষ্ট্রেট এবং তিপুরা রাজ্যের দেওয়ান হইয়া রায় বাহাত্বর পদবা পাইয়াছিলেন) বলিয়াছিলেন যে তিনি, তাঁহার এক রাজশাহীর বৃদ্ধর আত্মীয় হুগলী কলেজের, অধ্যাপক থাকায় তাঁহার বাদায় গিয়া উঠিয়াছিলেন; ইহাতে

^{* (}১) কিছুবই অভাব নাই; কিছুবই অন্থিরতা নাই; সকলই যথাবৰ্থ। বাহাতে দৃষ্টি করেন তাহাই উথলিয়া উটে। (পারিবারিক প্রবন্ধ—উৎসর্গ)

⁽২) "বোঁধ হয় আমার মত অনেক গৃহত্বের মধ্যে এত, অধিক এবং এত প্রকার গৃহোপকরণ নাই" (ঐ—গহনা গড়ান)

^{† &}quot;অনুককে তুমি ভালবাস; নেও ভোমার বাধা। কিন্তু তার মা * * বেটিকে দেখিতে পারে না! গ্রহনাপত্র কিছুই দেয় না। আমি বেতিক গহনা গড়াইয়া দিয়াছিঃ
* * মধোঁ মধো কিছু করিয়া বিবেন।"

ভূদেব বাবু অন্থযোগ করিয়া বলেন "বন্ধুর বন্ধু" বৃঝি 'তোমার নিজের' বন্ধুই' অপেক্ষা নিকটের হইল !" তাঁহার অধীনস্থ কর্মাচারীগণ এইরপ পূর্ণ প্রীতিতে 'এরপ' মৃশ্ব হইয়াছিলেন যে, তাহা যিনি তাঁহাদের মৃশ্ব না ভনিতে পাইয়াছেন তিনি ব্রিতেই পারিবেন না।

কোন এডজন আধপাগ্লা ডেপুটী ইনম্পেক্টর ভূদেব বার্বীর অধীনে আদিয়া তাঁহার বিরুদ্ধে ডিরেক্টরের নিকট এই বলিয়া দরখাস্ত করেন যে, "ভূদেব বাবু ডেপুটী ইনম্পেক্টরদিগের সহিত হাস্থ পরিহাস দাবা খেলঃ প্রভৃতি করিয়া থাকেন; আবার কাজেন সম্বন্ধে সামান্ত ক্রটী দেখিলেই অত্যন্ত অধিক কড়াকড়ি করিয়া থাকেন; 'তখনই' ভূল শোধরাইয়ঃ দিতে বলেন; তাঁহার মেজাজের ঠিক না পাওয়ায় বড়ই অস্ক্রিধা হয়।"

ডিরেক্টর সাহেব সেই দরখান্ত ভূদেব বাবুর নিকট পাঠাইয়া দিয়।
লেখেন "অধীনস্থ কর্মচারীর নিকট হইতে সন্তুদয়তার, উদাবতার ও কার্যা
দক্ষতার এরূপ স্থন্দর প্রশংসাপত্র লাভ সন্তবতঃ অন্ত কাহারও ভাগ্যে
কথন ঘটে নাই।"

ষে সকল কেরাণী, সব ইনস্পেক্টর বা ডেপুটী ইনস্পেক্টরগণ ভূদেব বাবুর সহিত মফঃস্বলে থাকিতেন, তাঁহার। সকলে প্রায় তাঁহার সঙ্গেই থাইতেন; স্বতরাং সে জন্ম স্বতন্ত্র একটা উদ্যোগে তাঁহাদিগকে সময় অভিবাহিত করিতে অথবা নিজেদের অর্থবায় করিতে হইত না। এইরপে অনেকটা সম্যু ভূদেব বাবুর নিকটে থাকিতে পাওয়ায়, তাঁহারা কার্য্য প্রণালী সম্বন্ধ এবং অন্তান্ম বিষয়েও শিক্ষা লাভ করিবার যথেই স্বয়োগ পাইতেন। সমর্ঘে সময়ে প্রয়োজন হইলে তাঁহাকে অভি সামান্তর্মণ আহার্য্য জ্বোই বিশেষ ভৃপ্তি পূর্বক ভোজন সমাপন করিতে দেখিয়া তাঁহারাও কর্ত্বগুপালন জন্ম আহারাদির ক্টভোগকে ভূচ্ছ করিতে শিক্ষা বিষয়ে

মানকরের ডেপুটী ইনস্পেক্টর ৺মহেশচন্দ্র চট্টোপাধ্যায় বলিয়াছিলেন
—"ভূমিববাবু পান্ধী করিয়া বেলা নয়টার সময় চম্পাইনগর পৌছিলেন;
সঙ্গে শাচক ব্রাহ্মণ ছিল। সে পিব মন্দিরের নিকট থিচুড়ী চড়াইয়া দিল;
তরকারী কিছুই সঙ্গে ছিল না, একটা কংবেল মাত্র পাওয়া গেল। পূজারী
ব্রাহ্মণকে পাইয়া ভূদেব বাবু এ মন্দির স্থাপনের বিবরণ সংপর্কে চাঁদসদাগরের শিবপূজা, মনসার অপমান এবং বেছলা নথিন্দরের [বেছলা
লক্ষ্মীন্দ্রের] উপাধ্যান শুনিতে লাগিলেন। বেছলার চরিত্রে মৃত্য হইয়া ভূদেব
বাবু বলিলেন, 'এবারে আমার্ক্র মেয়ে হইলে বেছলা নাম রাথিব।' •
গ্রামের জনৈক বৃদ্ধলোক ঐ কংশবান্তী শুনিয়া বলিলেন, 'চাদ সদাগরের
নাম করিলে সে দিন নিশ্চয়ই একটা গোল্যোগ হয়—হয় ত বড়ে উঠে।'

"আমি দানোদরে স্নান করিতে গেলাম। ভ্রেদ্ব বাবু বলিলেন, তোমার আদিতে বিলম্ব হইবে; আমি তোলা জলে স্নান করিয়াই থাইব।" আমি বলিলাম, "আজ্ঞা হাঁ, আপনি অসময় করিবেন না—আপনার অন্ত সব সহু হয় দেখিয়াছি, কিন্তু স্নানের পর আর আহারে বিলম্ব সহু হয় না। এ ভূদেব বাবু প্রভূষে নিতা কর্মগুলি করিয়া রাখিতেন; বরাবর তাড়াতাড্রি স্নানাহার করার পরই কোন না কোন কার্য্যে যাইতে বা ব্যাপৃত হইতে হওয়ার এই অভ্যাস দাঁড়াইয়া যায়; পেনসন লওয়ার পর, আবার স্নানের পর প্রাদির অভ্যাস হইয়াছিল। ভূদেব বাবু দশটার সময় থিচুড়ীর অংশ এবং কংবেলের অদ্ধাংশ ভেট্রুল করিলেন। আমি ফিবিয়া আসিয়া শুনিলাম যে আমার অংশের কংবেলটুকু একটা বানরে লইয়া গিয়াছে। ভূদেব বাবু হাদিয়া বলিলেন দেখ, 'চাঁদ সদাগরই বা বানরক্ষপী হইয়া এই উৎপাত ঘটাইল'!"

তিনি তাঁহার কনিষ্ঠা কম্মাকে 'বছনা বলিয়া' ডাকিতেন !

ৰ্ষোড়শ অধ্যায়

---<\$≥**X**-\$:•---

[আচার রক্ষা, মেড্লিকট সাহেব, হিল সাহেব, আটকিলন সাহেব, নার সিদিল বীডন, প্রকৃত হিন্দুর বিধি প্রতিপালনের সামগ্রন্থ, নিজের স্থকে সংব্যের কঠোরতা এবং অপরের স্থকে প্রীতির উদারতা মুসলমানের গড়গড়া. মেড্লিকট সাহেবের শুশ্রুষা, 'ক্সপর্মণ সমস্তা, পরামমিশ্র শান্ত্রী, প্রমাইচরণ সিংহ, রেলপ্রেও প্রথীবোর বাজা, গাইছা পুলা।]

অনেক বড় বড় ইংরাজের সহিত ঘনিষ্ঠতা হওয়ায় হিন্দু-আচার-পরায়ণ ভূদেব বাবুকেও তাঁহাদের সহিত 'থানা খাওয়ার' অমুরোধে অনেকবার পড়িতে হইয়াছিল! তিনি এ দকল অমুরোধের প্রত্যাখ্যান, পাত্র অমুপারে ভিন্ন ভিন্ন ভাবে করিয়াছিলেন। ভিন্নধর্মাবলম্বী এবং ভিন্ন সমাজের লোকের মুখে তাঁহার প্রগাঢ় ভক্তির আধার আর্যাশাস্তের প্রতি শ্রন্ধার অভাব জনিত—কোনরপ তাচ্ছিল্যের কথা পাছে গুনিতে হয়, এই ভয়ে তিনি নিজের শাস্তের উল্লেখ করিতেন। লৌকিক মুক্তিরই অবতারণা করিতেন। তাঁহার পরম্বন্ধু মেডলিকট সাহেবকে এবং পরিচিত জেল সমূহের ইনস্পেক্টর-জেনারেল হিল সাহেবকে বাহা কাছালেন ভাহা তাঁহার 'হিন্দু সমাজে খাওয়া দাওয়া' শীর্বক প্রবন্ধে [বিবিধ প্রবন্ধ—ছিত্তীয় ভাগ] লিখিয়া গিয়াছেন:—

(১) "আমার সহিক বিশেষ সৌহার্দ্ধ সম্পন্ন কোন ইউরোপীয় তাঁহার সহিত একত্রে ভোজন করিবার নিমিত্ত অহুরোধ করিলে আমি তাহা অস্বীকারপূর্ব্বক ক্ষমা প্রার্থনা করিলাম। তিনি বলিলেন তুমি অ্স্বীকার করিলে, আমি আর জিদ করিব না; কিন্তু কেন অস্বীকার করিলে তাহা ভাষান বা আমাদিগের সমাজ বিক্ল কার্য। ইহা অপেক্ষা গুরুতর কারণ আর কি হইতে পারে? তদ্ভিন্ন ভাবিয়া দেখ, আমাদের আর কি আছে? আমাদের রাজনৈতিক স্বাধীনতা গিয়াছে, আমাদের ধর্মের প্রতি তোমাদের আক্রমণ হইতেছে, আমাদের প্রাদেশিক সাহিত্য শাস্ত্রও পর্যান্ত এমন ভাব ধারণ করে নাই যে, তজ্জ্যু বিশেষ আত্মগারর জন্মে। আমাদের আত্মগারবের এবং স্বাতন্ত্রিকতার বস্তু আর কি আছে? * থাকিবার মধ্যে কুসংক্ষারই বল, আর সমাজ নিয়মই বল, এই জাতিভেদ এবং আচার ভেদ আছে; আমি তাহারও বিদর্জন দিতে পারি না।" তিনি বলিলেন 'আর কখন তোমাকে ওরপ অমুরোধ করিব না—আমি এরপ কুসংস্কার গুলিকে বিশিষ্ট সন্মান করিয়াই চলিয়া থাকি; প্রত্যুত সকল প্রকার কুসংস্কার বিচ্যুত ব্যক্তি যদি কেহ থাকেন, তিনি হয় পরম জ্ঞানী অথবা 'সবলোঠ' হইবেন—আমরা কেহই পরম জ্ঞানী নহি,—'সবলোঠ' হওয়া অনাবশ্যক।"

(২) "অপশ্র কোন সময়ে একজন উচ্চপদস্থ ইংরাজ আমাকে একত্রে ভাজনের জন্ম অনুরোধ করেন। আমি অস্বীকার করে। তিনি ইহার উহার ভাহার নাম কারিয়া বলিলেন—এ সকল ব্যক্তি তাঁহার সহিত খাইয়াছে। কিন্তু যথন তিনি আমার স্বীকৃতি না পাইয়া বলিয়া ফেলিলেন—'বড় ক্ষোভের বিষয়! যাহাদিগের সহিত নীমরা একত্রে খাইতে চাই তাহারা স্বীকার করে না; আর মনে মৃনে যাহাদের সহিত চাহিনা, তাহারাই খাইতে আইসে।' তথন বলিলাম 'যদি মহাশ্যের সহিত ভাজন স্বীকার করিতাম তাহা হইলে যাহাদের সহিত চাহেন না,

^{*} স্বপ্লক ভারতবর্ধের ইতিহাসেও (৫৪ পৃঃ) এই ভাবের কথা আছে।

আমিও সেই দলভুক্ত হইয়া যাইতাম নাকি?' তিন্তি অপ্রস্তুত হইয়া'' রহিলেন।"

ঐ প্রবন্ধেই ভূদেববাবু লিখিয়াছেন :---

"ধর্ম মনোগত কাজ, এটা ধাইলাম বা প্রনী ধাইলাম না বলিয়া ধর্মের হানি বা প্রতিষ্ঠা হইতে পারে না'—এটীও থাকা কথা নয়। আহাব্যের সম্পূর্ণ সম্বন্ধ আছে। • * তাচ্ছিল্য পূর্বক দেশাচারের বিরুদ্ধ হইয়া চলা অতি অপকর্ম। * * * (স্ব-সমাজের সহিত) যেথানে সহাত্মভূতি না থাকে, তথায় ধর্ম জ্ঞানের মূলেই কীট লাগিয়াছে বলিতে ত্থিবে।"

শিক্ষা বিভাগের ভিরেক্টর আটকিন্সন সাহেব একদিন মেডলিকট সাহেবের সহিত কথায় কথায় বলেন যে ইংরাদ্ধী শিক্ষিত বাঙ্গালী মাত্রেই ইংরাদ্ধদিগের সহিত একত্রে খানা খাইবার জন্ম ব্যগ্র। মেডলিকট সাহেব বলেন যে তিনি জানেন যে অস্ততঃ একজন অত্যুৎকৃষ্ট ভাবে ইংরাদ্ধীতে শিক্ষিত বাঙ্গালী কথন কোন ইংরাদ্ধের সহিত খানা খাইবেন না এবং ভূদেব বাবুর নাম করেন। উত্তরে আটকিন্সন সাহেব বলেন "পরীক্ষা করিয়া দেখিব।"

এই সময়ে ভূদেব বাবু তাঁহার অধীন ও তেপ্টা ইনপ্পেট্রগণ যাহাতে একজন করিয়া চাপরাদী পায়েন তজ্জ্য ডিরেক্টর সাহেবের নিকট আবেদন করিষাছিলেন। আটকিন্সন সাহেবের আহ্বানে তাঁহার আফিসে গিয়া দেখা ক্রিলে ঐ স্থান্ধত প্রত্তাব ছোটলাট সাহেব মঞ্জুর করিয়াছেন ইহা জানাইয়া আটকিন্সন সাহেব বলিলেন "ছোটলাট সাহেবকে প্রাথমিক শিক্ষার সমন্ত ব্যবস্থা আপনি গিয়া বাচনিক জানাইবেন আমি এই অন্থমতি পাইয়াছি; আগামী বৃহস্পতিবারে প্রাতে আটটার সময় তাঁহার নিকট ষাইবেন; এই অন্থমতি আপনার প্রতি

াইশেষ সমাদরের চুহ্ন।" ভূদেব বাবু নির্দিষ্ট দিনে যথাকালে লাট সাহেবের বাড়ীতে আদিয়া তাহার সহিত সাক্ষাং করিলেন। ছোটলাট বাহাত্বর বীভন সাহেব সম্প্রান্ত দেশীয়দিগের বরাবরই সম্চিত্ত সমাননা করিতেন এবং আহারের সময়ে (বেলা নয়টা) উপস্থিত তেমন দেশীয়দিগকেও তাঁহার সহিত আহার করিয়া যাইবার জঁন্য অন্তরোধ করিতেন; ইহা জানিয়াই আটকিন্সন সাহেব লাট বাড়ীতে ভূদেব বাবুর ঐ সময়ে যাওয়ার বন্দোবন্ত করিয়াছিলেন এবং মনে মনে হাসিতে ছিলেন।

ছোটলাট বাহাত্র বীডন দাহেব ভূদেব বারুর দহিত প্রাথমিক শিক। সম্বন্ধে কথা শেষ করিবার পরই 'ছোট হাজিরার' ঘণ্ট। বাজিল। বীডন শাহেব উঠিয়া দাঁড়াইলে ভূদেব বাবু দেলাম করিয়া বিদায় গ্রহণের প্রার্থনা জানাইলেন। সাহেব বলিলেন "কিছু খাইয়া যাইবেন, আস্থন"। ভূদেব বাবু অতি বিনাত ভাবে বলিলেন, "আমি হিন্দু; কুপা করিয়া মাৰ্জনা করিবেন।" ছোটলাট বাহাত্বর নিজে উপরোধ করিয়া কেলিয়াছেন; উপরোধ করার পর তাঁহাকে ছাডিয়া দিতে যেন কেমন কেমন বোধ হইতে লাগিল। আশর দে পীর্যান্ত ঐরপ অত্রোধ অপর কোন ইংরাজী-ওয়ালা প্রত্যাখ্যান না করাঁয় ইংরাজা শিক্ষিত মাত্রেই সাহেবী খানা খাইয়া থাকেন এবং উহাদের মধ্যে 'তেমন হিন্দু' কেহই থাকিতে পারেন না এই সংস্কার দৃঢ় হইয়া থাকায়, মনে হইল ষে এথানে ইভিপূর্কের কথন থান নাই দেই জন্মই বুঝি 'লজ্জা করিতেছেন'। স্থতরাং পুনর্ববার বিশেষ খাদর করিয়াই বলিলেন, "সাহেবী খানাতে প্রকৃত প্রস্তাবে ত কোন भाष नाइ-शाहेग्रा *(शाल विश्वच पृथ्वि नाच कवित्र ।*" जृत्व वातू क বিনীতভাবে বলিলেন, "আমার পিতা ব্রাহ্মণ পণ্ডিত ছিলেন; আমি যথন স্থলে ইংরাজী পড়ি, পিতা তথন বলিয়াছিলেন, 'তুমি এইবারে আহারাদির

দোষে লিপ্ত হইয়া জাতি ধর্ম বিসর্জ্জন দিবে দেখিতেছি, আমি সেই সমর্মে তাঁহার নিকট প্রতিজ্ঞা করিয়াছিলাম যে যাহা তাঁহার সমক্ষে খাইতে পারি না, তাহা কখনই আহার করিব না। এখন দেশাচার বিরুদ্ধ আহার করিবেল আমি নিজের চক্ষে যাবজ্জীবনের জন্ম বড়ই ছেট ইইয়া যাইব।", /

ছোটলাট বাহাত্ব ভূদেব বাবুর কথায় তাঁহার পিতৃভক্তির, স্বজাতি প্রবণতার এবং আত্মর্য্যাদা বোধের স্থলর সামঞ্জন্ত দেখিয়া বিশেষ সম্ভোষ প্রকাশ করিলেন এবং স্মিতমুখে সজোরে তাঁহার সহিত ক্রমর্দ্দন করিয়া বিদায় প্রদান করিলেন।

ইহার তুই একদিন পরে এনভিলিকটি সাহেব হাসিতে হাসিতে ভূদেব বাবুকে পূর্বোক্ত ঘটনার ভিতরের ধবরটা বলিয়াছিলেন।

ভারতবর্ষীয় কাহার কাহার খৃষ্টধর্ম গ্রহণ এবং আইরিশ কেছ কেহ ইংরাজ রাজের প্রোটেষ্টান্ট ধর্ম গ্রহণ সম্বন্ধীয় কথা বার্ত্তা হইতে হইতে একদিন মেড্লিকট্ সাহেব ভূদেব বাবুকে বলিয়াছিলেন—

"বস্ততঃ যে ব্যক্তি আপনার পৈতৃক ধর্ম পরিত্যাগ করিয়া অপর কোন ধর্ম অবলম্বন করে তাহার মন্তিষ্কের কোন না কোন স্থানে নিশ্চয়ই একটা ফুটা আছে *।" সকল ধর্মেই উচ্চ শ্রেণীর গভীয় চিন্তাম্বল ও পবিত্র লোক সকল আছেন। তাঁহার। যখন স্থ অধিকার' অনুযায়ী সেই ধর্মের উপ-যুক্ত ব্যাখ্যা পাইয়াই তাহাতেই স্থির থাকিতে পারিতেছেন, তখন ধৈর্যোর, ভক্তির ও ধর্ম্ম জিঞ্জাসার পথে না থাকিয়া যদি কোন যুবা হঠাৎ পৈতৃক ধর্ম পরিত্যাগ করে, তাহা হইলে সে পাগল; তাহার মন্তিক্ষ সর্বাঙ্গ সম্পূর্ণ কেমন করিয়া বলা ষাইবে ? এই জন্ম স্ক্রদর্শী হিন্দু কাহাকেও ধর্ম-ত্যাগ করিতে বলেন না।

^{*} In truth, the man who forsakes his ancestral religion, must have somewhere a crack in his brain.

ুকান সময়ে মেডলিকট সাহেব ভূদেব বাবুর বাটীতে আসিয়া লুচি তরকারী প্রভৃতি দেশীয় ভোজ্য আহার করেন। আহারান্তে একটু সঙ্ক্চিত ভাবে ভূদেব বাবুকে বলেন, "আমি তোমার বাটীতে আহার করায়
বাটী অপবিত্র হইল না ত (আই হোপ আই হাভ নট ভিফাইল্ড ইয়োর
হোমষ্টেড)? ভূদেব বাবু ব্যক্ত হইয়া বলিয়াছিলেন "এরপ কথা ঘুণাক্ষরেও
মনে করিবেন না। অভ্যাগত ব্যক্তি হিন্দুর গুরু স্থানীয়; তাঁহার জাতি
বিচার করিতে শাম্মে বিশেষ নিষেধ আছে।"

প্রকৃত হিন্দু নিজের সম্বন্ধে সিপ্রকৃত্রেপ সংখত এবং বিধি প্রতিপালনে দৃঢ়; কিন্তু অপরের সম্বন্ধে একান্তই উদার ক্রিকৃত্রিক হিন্দুয়ানী কোন অবস্থাতেই "সর্ক্রোচ্চ ভদ্রতার" প্রতিষেধক নহে। ভূদেব বাবুর মুসলমান ছাত্রদিগের সম্বন্ধে তাঁহার অধ্যাপক পণ্ডিত পিতার ব্যবহারের কথা পুর্বেই উল্লেখ করা ইইয়াছে। এই স্থানে তাঁহার প্রতিবাসী ৺মৌলভী ফ্যজুল্লা সাহেবের সহিত ভূদেব বাবুর নিজের ব্যবহারের কথা, কয়েক বংসর পরে ঘটিয়া থাকিলেও, অপ্রাসন্ধিক হইবে না।

একদিন মৌলবী সাহেব গড়গড়ায় তামাক থাইতে থাইতে তাঁহার বাটাতে কোন কথা বলিবার জন্ম পায়চারি করিতে করিতে আসিয়াছিলেন। ঘরের ভিতরে টেবিলের উপরে গড়গড়া রাধিয়া দিয়া মৌলবী সাহেব কথা বার্ত্তা কহিতে লাগিলেন। পরে উহাঁরা তুজনেই বারাগুায় বাহির হইয়া আসেন; সেথানে দাঁড়াইয়া দাঁড়াইয়া কথাবার্ত্তা হয়। শেষে বাড়ী ফিরিয়া যাইবার সময় মৌলবী সাহেব নিজের গড়গড়াটী লইবার জন্ম ঘরবার উপক্রম করায়, ভূদেব বাবু তাঁহার নবম বর্ষীয় প্তকে আদেশ করিলেন "গড়গড়া আনিয়া দাও"। মৌলবী সাহেব গামিলেন, কিন্তু বালকের মনে হইল "মুসলমানের উচ্ছিষ্ট দ্রব্য কিরপে শার্মিক। ইহা ব্যিতে পারিয়া ভদেব বাবু প্রত্রের দিকে এরপ তীত্র

দৃষ্টিপাত করিলেন যে মৃত্র্ত্ত মধ্যে গড়গড়া বাহিরে আসিয়া পৌছিল। মৌলবী সাহেব চলিয়া গেলে বাড়ার ভিতর যাইয়া ভূদেব বাড়্ 'তাহার একাস্ত মনঃক্ষ্ম পুত্রকে হিন্দুর প্রকৃত ধর্ম সম্বন্ধে উপদেশ দিলেন; "বাড়ীতে যিনি আসিবেন তাঁহার জাতি বর্ণ, ধর্ম বিচার করিছে নাই। স্বয়ং হিরণাগর্ভ বা বন্ধা আসিয়াছেন গৃহীকে এই এইরূপ মনে করিয়া অতিথির সৎকার করিতে হইবে, (হিরণা গর্ভ বৃদ্ধা। তং মন্তেতাভ্যাগতং গৃহী) অতিথি সৎকারে কিছু মাত্র ক্রটী হইলেই আর হিন্দুয়ানী রহিল না। ম্সলমান অতিথির গড়গড়া তাঁহাকে আনিয়া দেওয়ার জন্ম স্পূর্ণ করায় দোষ হয় নাই। গঙ্গালান আসিতে পার। কিন্তু তাঁহাকে 'সম্পূর্ণ যত্ন' করা না হইলে আমাদের বড়ই পাপ হইত।"

ভূদেব বাবু যে কার্য্য প্রয়োজন পড়িলে নিজেই করিতে রাজী ছিলেন না, দেরপ কোন কার্য্য পুত্র বা ভূত্যদিগকে করিতে আদেশ করি-তেন না। যে কার্য্য তাঁহার 'কর্ত্তব্য' বলিয়া বোধ ইইত তৎসবদ্ধে কোন-রূপ সংক্ষোচ থাকিত না। তাঁহার দৃঢ় বিশ্বাস ছিল এবং সর্বাদা বলিতেন যে "সনাতন ধর্ম কোন প্রকারেই উচ্চ ভাবের বিরোধী ইইভেই পারে না। ভক্তিভাবে অমুসন্ধান করিলেই শান্ত্রীয় প্রমাণ পাওয়া যুগ্র।"

যথন ভূদেব বাবু অতিরিক্ত ইনস্পেক্টার, তথন (৭।৬।১৮৬৩) মেড্লিকট সাহেব তাঁহাকে মেদিনীপুরে তাঁহার বাঙ্গালায় যাইতে অমুরোধ
করিয়া পুত্র লেথেন। উহাতে লিখিত আছে "আমি এক মাস গোমাংস
খাই নাই এবং তুমি যত দিন এখানে থাকিবে তাহা স্পৃষ্ট হইবে না। *

শৃশিক্ষিত এবং সহাদর ইউরোপীয়ের কিছু কালের জ্ঞা গোমাংস ভ্যাগ সম্বন্ধে
একটা সরদ গল্প প্রচলিত আছে। সার উইলিয়ম জোস বর্ধন ৮ ভরতচক্রা শিরোমণি
মহাশরের নিকট সংস্কৃত পড়িতেন, তথন একদিন শান্ত্রীয় কোন বিষয়ের ভাব কিছুতেই
ব্বিতে পারিতেছিলেন না। শিরোমণি মহাশয় অনেক বার চেষ্টা করিয়াও ব্বাইতে

শহিবের বাদালার সংস্ট বিস্তীর্ণ খোলা ময়দানে ভূদেব বাবুর তাঁকু ইন্ধুয়াছিল। একটা পাল খাটাইয়া তথায় তাঁহার আহায়া প্রস্তুত হইত। সে সময়টায় সন্নিকটস্থ বাড়ীতে গোমাংস আসিতে না দিলে নৈষ্টিক হিন্দু সহকারী বন্ধুর প্রতি একটু বিশেষ খাতির দেখান হইবে এবং তাঁহান্ত্র মনঃক্ষোভের কারণ থাকিবে না এইরূপ, ইউরোপীয়ের পক্ষে অনন্তসাধারণ, গভীর সহাত্বভূতি প্রণোদিত হইয়াই সাহেব ঐ পত্র লিখিয়াছিলেন সন্দেহ নাই। ফলতঃ উহাদের পরস্পরের সহিত প্রীতির এবং মেড্লিকট সাহেবের কিন্তুকরণের গঠনের নিদর্শন এতদ্বারা প্রাপ্ত

কয়েক বংসর পরে যখন উন্মাদ রোগে মৈড্লিকট সাহেবের মৃত্যু হয়—তাহার পূর্বের চল্লিশ দিন ভূদেব বাবু ঐরপ তাঁবু ফেলিয়া সাহে-বের নিকটে বাস করেন। তাঁহার হন্তেই সাহেব ঔষধ খাইতেন; তাঁহার কথাতেই একটু চুপ করিতেন। যখন মেমও সাহেবকে থামাইতে পারিতেন না, তখন ভূদেব বাবু ক্ষুদ্ধ স্বরে "মেড্লিকট" মাত্র বলিয়া ডাকিলেই সাহেব সে অ্বস্থাতেও হান্ধামা থামাইয়া ফেলিতে পারিতেন এবং শিশুর ন্যায় ভূদেব বাবুর কথায় চুপ করিয়া শুইতেন। উত্তরকালে ভূদেব বাবু ইংরাজের বাটীর সন্ধিকটে তাঁবু ফেলিয়া আরও কয়েকস্থলে ভিলেন।

না পারিষাঁ হঠাৎ কুদ্ধ হইয়া বলিয়া কেলেন "যাও! আরও শুয়ার, গরু, মুর্গি বেনী করিয়া থাও! তবেত ব্ঝিতে পারিবে!!" কথাটায় সাহেব একটুও বিচলিত হইলেম্বনা; অন্ত বিষয় লইয়া পড়িতে লাগিলেন। শিরোমণি মহাশয় কিন্ত ক্থাটা বলিয়া ফেলার পর কয়েক দিন বড়ই অপ্রতিভ হইয়া থাকিলেন। প্রায় দেড় মাস্ব পরে সাহেব একদিন শিরোমণি মহাশয়ের সহিত সেই ছক্রহ বিষয়ের কথাবার্ত্তা তুলিয়া সেবারে বিষয়টা বেশ ব্ঝিয়া লইলেন এবং তাহার পর বলিলেন "দেড় মাস্ব পাউরুটি মাথন তরকারী সিদ্ধ, মোরবরা এবং ছগ্ধ আহারে ছিলাম; সাজ্বিক আহারে প্রকৃতই ক্ষেত্ত জানিবার

আরায় জে, ওয়ার এড্গার সাহেবের এবং জলপাইগুড়িতে সার উইলিগুমু হর্শেলের বাঙ্গালার নিকটে, এবং পরে রেঙ্গুনে (চাফ কমিশুনর) সার আশলি ইডেন সাহেবের প্রাসাদের ময়দানে। এই তিন জনেরই সহিত তাঁহার একান্ত প্রীতির সম্বন্ধ ছিল।

ইংরাজী শিক্ষিত ভারতবাসী অনেকেই ইংরাজের সহিত কর্মর্দ্দন (শেক্ছাণ্ড) করার জ্বন্ত লালায়িত; তাহা ঘটিলে বড়ই গৌরবান্বিত বোধ করেন! ভূদেব বাবু দেটা পছন্দ করিতেন না; অথচ ইউরোপীয় শিষ্টাচারের অন্থরোধে তাহা করিতে *হ*ইত। কোন সময়ে স্কুল পরিদর্শন করিতে কোন জিলায় গিয়া ক্রুকোন ইউরোপীয় ম্যাজিপ্রেটের সহিত সাক্ষাৎ করিলে তাঁহাদের অনেক বিষয়ে কথাবার্ত্ত। হয় এবং তাহাতে সাংহব ভূদেব বাবুর প্রতি বিশেষ শ্রদ্ধাসম্পন্ন হইয়া পড়েন। ভূদেব বাবুর বিদায় গ্ৰহণ সময়ে সাহেব দাঁডাইয়া উঠিয়া করমর্দ্দন জন্ম হাত বাডাইয়া দিয়া বলেন "আমি এদেশীয়দিগের সহিত সাধারণতঃ 'শেকহাণ্ড' করি না। সেইজন্ম আপনি আদিলে তাহা করি নাই; সে ক্রটী ধরিবেন না।" সাহেব মনে করিয়াছিলেন যে তাঁহার সহিত এইবার 'শেকুছাণ্ড' করিতে পাইয়া ভূদেব বাবৃও অধিকাংশ ইংরাজী শিক্ষিত এদেশীয়ের নায় 'ক্বতার্থ' হইয়া যাইবেন! কিন্তু 'তোমার স্বদেশীয়দের আমি সাধারণতঃ শিষ্টাচার প্রয়োগের যোগ্য মনে করি না—তবে তুমি বেশ'—এই ভাবের ঐ কথাটায় নিতান্ত খদেশভক্ত ভূদেব বাবুর মনে বড়ই ক্ষোভের উদ্রেক **रहेल। जिनि मृर्त्व रहेराज्हे 'भाराम' क्रियान ; मार्ट्स्व क्रक्रम** করিলেন না; সাহেবকে প্রসারিত হস্ত গুটাইয়া লইতে হইল। ভূদেব বার স্মিতমূথে বলিতে লাগিলেন;—"ভিন্ন ভিন্ন সমাজে শিষ্টাচার প্রদর্শন-পদ্ধতি ভিন্নরপ। আমি আপনার নিকট আসিলে আপনি যে করমর্দ্ধন জন্ত হন্ত প্রদারণ করেন নাই, আমরা যে তথন প্রাচ্য ধরণে দেলাম (উহাও নমোনারায়ণ ভাবে এক হন্ত দারা নমস্কার) দারাই কার্য্য শেষ করিয়া-ছিলাক, তাহাতে আমার প্রকৃতই তৃথি হইয়াছিল, স্বতরাং আপনি সেজ অ কুল হইবেন না। আমাদের পরম পবিত্র শান্ত্র সর্বাহটে নারায়ণ ষীকার করেন; জগতে 'ঘূণার' বস্তু কিছুই দেরখন না। কিন্তু অস্তাজ. এবং মেন্টাদির আচার অন্তর্জির জন্ম বা অন্ত কারণে তাহালের 'অস্পৃষ্ঠ' বলিয়া নির্দেশ করিয়াছেন। আমার পিতৃদেব কোনরূপ ঘুণা বোধ না করিয়া, এমন কি গৃহে আনিলে বিশেষ প্রীতির সহিত ই রুগ্ন অন্তাজ শিশুর মন্তকে হন্তার্পণ পূর্বক আশীর্কটি করিয়া তাহার পর 'মান' করিতেন! আমি ইউরোপীয় বন্ধুদের সহিত্ত প্রীর্ফিছ, পূর্বক কর মর্দ্ধনের পর বন্ধ পরিবর্ত্তন, হন্ত ধৌত এবং স্থবিধা থাকিলে, গঙ্গাজন স্পর্শন্ত করিয়া থাকি। 'ঘুণার' জন্ম এরূপ করি না; নিজেদের, বিধি পালন জন্মই করি। এজন্ম কোন ইউরোপীয় কর মর্দ্দন না করায় যে আমার তৃপ্তিই হয়, তাহা এক্ষণে আপনি স্বস্পষ্টই বুঝিতে পারিলেন। ইহা জাতীয় গর্ক জন্ম করে মদনে অনিচ্ছা নয়; হিন্দুর প্রীতির সহিতও অপরের শরার স্পর্শে অনিচ্ছা। এবারে ঘণন কুর মর্দন ঘটিয়া যায় নাই এবং 'আমাদের মধ্যে প্রীতির উদ্রেক বস্তুতঃই হইয়াছে' উহা তথন আজ আর নাই হইল !"

^{*} আমাদিগের মধ্যে বর্ণশ্রেদ প্রধার প্রচলন থাকায় আমরা জানি যে লোকে একদেশ বাসী, এক, ভাষাভাষী হইয়াও পরক্ষার বৈবাহিক সম্বন্ধে সম্বন্ধ না হইরা পান
ভোজনাদিতে একত্রিত না হইরা এমন কি অন্যোক্তের শারীর ক্পার্শ অনুরাগী না
হইয়া এক সমাজ সম্বন্ধ এক মতামুগামী এবং এক শাসনের বনীভূত থাকিতে পারে;
হতরাং আমাদের হলয়ে ভিন্ন জাতীয় লোকের প্রতি তেমন তীব্র বিবেদ ভাব জানিতে
পারে না। অপর সকলের অপেকা বৈদেশিক বিদ্বেম্বা হইয়াও ইংরাজ বর্ণভেদ মানেন
না—মতরাং তাহাদের সমাজিক পার্থকা গুলি অভি যত্নপূর্বক রক্ষা করিয়া চলিতে হয়।
এই নিমিত্ত তিনি আপনার জাতীয় গোরব বজায় রাধিবার জক্ত অধিকতর বাস্ত থাকেন।
এইঅক্ত তাহার পার্থকা বৃদ্ধিটা নিরস্তর ঘর্ষণে অধিকতর তীক্ষধার হইয়া থাকে।
[সামাজিক প্রবন্ধ—ইংরাজের বৈদেশিক ভাব।]

ভূদেব বাবু এই কথাগুলি বিভিন্ন সমাজের আচার পদ্ধতির দার্শনিক বিশ্লেষণ করার ভাবে একান্ত ধীরতার সহিত বলায়, বিশেষত্ঃ দশষের কথাগুলি প্রীতির সহিত উচ্চারণ করায় সাহেবের মনে বিরক্তির উদয় হইল না। তিনি বলিকেন আপনি মধ্যে মধ্যে দেখা করিলে নিজেকে সৌভাগ্যবান জ্ঞান করিব; হিন্দুর মধ্যে এতদিন রহিয়াছি, কিন্তু উচ্চ । শ্রেণীর মনের ভাব কিছুই বুঝি নাই—দেখিতেছি।"

বস্ততঃই বহুকাল ধরিয়া সাত্তিকতা কমিয়া আসায়, পূর্ণ প্রীতির সহিত সকল শাম্বোক্তির সামঞ্জন্ম করার চেষ্টা, আমাদের কমিয়া বায়। যে এামাণ প্রিতের বিদার পূর্বত। এবং ক্রেরের ও প্রীতির পূর্বতা হওয়ার কথা, তাঁহাদের মধ্যে একদেশদিতা এনং গর্ব্ব বাড়িয়া গিয়াছিল; 'অম্পৃশু' শব্দে 'ঘুণ্য' বোধ অনেকের হইয়াছিল। অমপবীত পুত্রের ম্পৃষ্ট অনভোজন না করিয়াও যেমন পিতা তাঁহার প্রতি পূর্ণ মেহ সম্পন্ন থাকিতে পারেন—লোকাচার মতে যেমন কমিষ্ঠা ভাতৃবধ্ 'অম্পৃশু' হইলেও 'ঘুণ্যা' নহেন, সেইরূপ অন্থাজাদিকে সাধারণতঃ ম্পর্শ না করিয়াও হিন্দু শাস্ত্রকারেরা ভাহাদের প্রতি এবং জগতের সর্বব্রহ পূর্ণপ্রীতিসম্পন্ন হইতে পারিয়াছিলেন এবং ভাহার উপদেশ দিয়াছিলেন। ভূদেব বাবুর পিতার সাধনা, শাস্ত্রজান এবং প্রীতি অনন্দ্রদাধারণ ছিল বলিয়াই তিনি পুত্রের মুসলমান ছাত্রদিগের সম্বন্ধে যথায়থ ব্যবহার করিতে পারিয়াছিলেন • এবং ভোঁহার নিকট

^{*} প্রদেশ নির্কিশেষ ভারতের অত্যক্ত শ্রেণীর বাহ্মণেরা যে এই ভাবেই শাস্ত্রোজি গুলির পূর্ণ সাংগ্রন্থ করিয়া লইয়া থাকেন ভাহা নিম্নলিখিত বিবরণে ফুপাই হইবে।

আলে যার প্রান্ত নিবাদী রামামুক্ত দুজ্ঞার চুক্ত একান্তই আচারনিষ্ঠ ৮ রাম মিশ্র শাস্ত্রী ৮ বারণদী সংস্কৃত কলেজে বড়ু দুর্শনের অধ্যাপক এবং দেশ বিদেশ বিখ্যাত পণ্ডিত ছিলেন। একদিন কোন জর্মণ অধ্যাপক ৮ কানীতে তাঁহার বাটাতে দেখা করিতে পেলে, পণ্ডিভজী দারদেশে আদিয়া তাঁহার হাত ধ্রিয়া এবং যাহাতে তাঁহার বাটার ক্মু

ভূদেব বাব্ও সম্পূর্ণভাবে শিক্ষা পাইয়াছিলেন। মুসলমান 'অতিথি' তাঁহা ক্রম্পুক্তর নিক্ট তাঁহার স্বসম্পর্কীয়দিগের অপেক্ষা কম সম্মান পাইলে, আর 'স্বয়ং ব্রহ্মার তুলা' সম্মান করা হয় না! সেই জন্মই ভূদেব বাব্ গড়গড়া আনিয়া দিতে আদেশ করেন। অজ্বতামূলক 'গর্কা এবং ঘূণা' পবিত্র বর্ণাশ্রম ধর্ম্মের একাস্তই বিরোধী ভাব এবং বর্ত্তমান হ্রিন্দু সমাজকে বড়ই বিড়ম্বিত এবং তুর্কলে করিয়াছে।

ভূদেব বাব্র প্রকৃত, স্বতরাং একান্ত উদার, হিন্দুয়ানী সম্বন্ধে আর একটী কথা এন্থলে অপ্রাসন্ধিক-ছইবে না। কয়েক বংসর পরে এভূকেশন গেজেট যথন ভূদেব বাব্র হস্তে আসিবার ব্যবস্থা হইল তথন ঐ পত্তের সহকারী সম্পাদক ৺ নিমাই চর্ম সিংই * ভূদেব বাব্র সহিত দেখা খারের চৌকাঠে দীর্ঘকার সাহেবের মন্তকে আঘাত না লাগে, সেজজ্ব পীর অপর হস্ত উাহার মন্তকের উপর রাখিরা সমত্রে গৃহে প্রবেশ করান। সাহেব চলিয়া গেলে পণ্ডিভন্নী তাহার ভলপোবের উপরের চেটাই ও চাদর কাচিতে দিলেন, তক্তাপোষটা খোত করিলেন এবং নিজেও স্থান করিলেন। তাহার ছাত্রেরা—তথ্ন জিজ্ঞাসা করিলেন "পণ্ডিভন্নী সাহেবের জন্ম অভটাই বা করিলেন কেন ? আবার শুদ্ধি ক্ষম এতটাই বা করিতেছেন কেন ?" পণ্ডিভন্নী বলেন "হুইই আমার শান্তের মধ্যাদা রক্ষা জন্ম। যদি অভিনি সাহেবের মাধার আঘাত লাগিত এবং বদি তাহাকে অস্ম্যুভাবে ব্যবহার দেখানর তাহার ছাত্রের আঘাত লাগিত, তাহা হুইলে শান্ত্র-অমান্তের দোষ আমার কতই অধিক হুইত। তাহা না করার আমিও স্থে পাইরাছি, মনে আঘাত পাইতে হয় নাই। এখন দেহগুদ্ধির জন্ম অল্প পরিশ্রম মাত্র হুইল; মনঃকন্ত কাহারই হুইল না। ইহাই শান্তার সামঞ্জপ্ত।"

* ৺ নিমাই চরপ দিছে উত্তররাটীয় কায়ত্ব, ৺ বিদ্যাদাগর মহাশরের ভক্ত এবং নিরীহ ভাগ মামুব ছিলেন। তিনি মহাভারতের কিষদংশ বাদালা পদ্যে অমুবাদ করেন। ৺ বিদ্যাদাগর মহাশয় একটু উৎসাহিত করিতেই তাহার পর ৺ ভক্ত নিমাই বাবু "বে আজ্ঞা" বলিয়া একটা বিধবাকে বিবাহ করেন। পলীগ্রামে তাহার মাতা ঐ সংবাদ পাইয়াই নিমাই বাবুকে পত্র লিখিয়া পাঠান যে তিনি বেন অবিলয়ে তিন চারি দিনের ছুটা লইয়া ৺তাহাকে দেখিতে বাড়ী আইদেন। মাতার ব্যায়াম হইয়াছে মনে করিয়া নিমাই বাবু ছুটা লইয়া বাটা গেলেন। মাতা দেই দিনই প্রায়শিতত করিয়া পরদিন একটা কুমারী কক্তাকে বিবাহ করিতে অমুরোধ করিলেন এবং বলিলেন—"বাহা করিয়া ফেলিয়াছ ভাছার পরে এই এক মাত্র উপার আছে। সে 'বিধবাটীকে' না হয় কলিকাতার ফেলিয়াছ ভাছার পরে এই এক মাত্র উপার আছে। সে 'বিধবাটীকে' না হয় কলিকাতার

করিয়া সঙ্গুচিত ভাবে বলেন "আমি এখনও অন্ত কোন কর্ম্মের যোগাড় করিতে পারি নাই।" ভূদেব বাবু বলেন "কলিকাও। ছাড়িয়া চুঁ পুড়ায় আসিতে কি আপনার বিশেষ অস্থবিধা হইবে ?" নিমাই বাবু বালন "ना ! किन्छ जापनि कि जातन ना त्य जामि विषव। विवाह कविशाहि ? আপনি কি আমাকে রাখিবেন !" নিমাই বাবু মনে করিয়াছিলেন ঘে উচ্চ শ্রেণীর হিন্দুসমাজের মধ্যে বিধবা বিবাহের বিরোধী, হিন্দু-শান্ত্রীয় নিত্য নৈমিত্তিক আচারের পূর্ণ ভাবে পালনকারী এবং স্পর্শ ও সংস্রব रनायानि मश्रस्त मकल 'बाखीय' निरंपार्थरे दिशामी, जूरनव वावृत छात्र वाखि অবশ্রই তাঁহার সংস্রব পছন্দ কুব্রিবেন না এবং সেই জন্ম তাঁহার ৫০১ মাহিনার চাকরীটা কোন হুর্ত্রান্ধণকেই দিবেন। কিন্তু ভূদেব বাবু হাসিয়া বলিলেন, "আমার পছন্দদই কার্য্য করিলে রাখিব না কেন ? প্রেসম্যানটীত মুসলমান এবং হয়ত সে বিধবা-বিবাহ-প্রস্ত। তবে আমার অপছন্দের কিছু সে আমার পুস্তকে বা কাগজে 'ছাপিবার' চেষ্টা করে নাই !" নিমাই বাবুর এড়কেশন গেজেটের কার্য্য তাঁহার যাবজ্জীবন চলিয়াছিল। তিনি চুঁচুড়ায় আদিবার কিছুদিন পরে তাঁহার এ পত্নী ভূদেব বাবুর বাটীতে মেয়েদের সহিত দেখা করিতে গিয়াছিলেন। তাঁহাকে 'অতিথি' হিসাবে যত্ন করা এবং জল খাওয়ান হইয়াছিল। কিন্তু তিনি চলিয়া যাওয়ার পর যে মাতুরে তিনি বৃদিয়াছিলেন তাহা কাচাইয়া লওয়া হইয়াছিলু। বাবুর পত্নী তাঁহার জ্যেষ্ঠা কল্যাকে বলিয়াছিলেন "আর একটু হইলেই

বাসাতেই রাখিও; কিন্তু কথনও বাড়ীতে আনিও না। তোমার এবারের ব্রী তোমার মাতার সেবা করিবে এবং পিতৃপুক্ষকে জন পিও দিবার উপযুক্ত সন্তান্নর জননী হইবে।" মাতৃতক্ত নিমাই বাবু এবারেও "বে আজা" বলিরা সেইরূপই করিলেং। তাহার এই ছুই বিবাহে (বিধবা বিবাহ জন্ম) মাতার এবং আজীরদিগের কোভ এবং (বহু বিবাহ জন্ম) ৮ বিদ্যাসাগর মহাশরের কোভ ছইল। পিতৃ পিতামহের পথে একটু দৃঢ়তার সহিত থাকিলে ভক্তিভাজন কাহারও প্রকৃত্পকে কোভের কারণ ঘটিত না।

বিছানা পত্ত স্বষ্ট ছুইয়া দিয়াছিলেন আর কি ! মুসলমানে খৃষ্টানে এবং ছেটি লাতের হিন্দুতে বিধবা বিবাহ করে; ওটা উহাদের চিরকাল চলিয়া থাসিতেছে। রাহ্ম হইয়া যদি তাহা করিতেন, সেও কতকটা শোভা পাইত। কিন্তু কায়স্থ রাহ্মণের মেয়ের বিধবা বিবাহ না হইলে চলে না অথবা যেন লজ্জাজনক কিছু হয় নাই, এই ভাবে হিন্দুর •বাড়ীতে সেরপ বিবাহের পর মিশিতে আসা—এটা বুঝিতেই পারি না! "

যে বাড়ীতে উচ্চশ্রের 'হিন্দুর' মধ্যে বিধবা বিবাহ অসকত বলিয়া সকলের এতই দৃঢ় ধারণা, নিমাই বাবুর এবং তংপত্রীর মৃত্যুর পর ঐ বিধবা প্রস্তুত ছুইটা শিশুপুর সম্বন্ধে সেই বাড়ীতেই কথা হইল "আহা! বাপ মার অন্যায় কার্য্যের জন্ম উহারো যে একান্তই নিরাশ্রয়! উহাদের পলীগ্রামের বাটাতে উহাদের কেহ যত্র করিবে না এবং আশ্রয় দিবে না।" তথন উহারা ভূদেব বাবুর বাটাতেই আনীও এবং স্বত্নে পালিত এবং এট্রান্স পরীক্ষা উত্তীর্ণ না হওয়া পর্যান্ত সকল ব্যয় বহন পূর্বকে শিক্ষিত হইয়াছিল। প্রথম দিন একবার বাড়ীর চাকরেরা বলিয়াছিল—"আমরা ব্রাহ্মণ বাড়ীতে কাজ করিতে আদিয়াছি; এ সকল বিবাহের ছেলেদের উচ্ছিষ্ট স্পর্শ ক্রিতে আদি নাই!" কিন্তু একান্ত শিশু বলিয়া উহাদের উপর চাকরদেরও মমতা হয় এবং "গলাজলে দোম থাকে না" বলিয়া তাহারাই—উচ্ছিষ্ট বাসন মাজিয়া দিত।

ভূদেব বাবুকে গাড়ী পান্ধী ভিন্ন নৌকায় খ্রীমারে, বেলপথে সর্ব্বদাই ভ্রমণ করিতে হইয়াছে; পরিদর্শনই তাঁহার কার্য্য ছিল। দেশ ভ্রমণ ও তীর্থ দর্শনও তিনি আনেক করিয়াছিলেন। তিনি লোকাচারাহ্যায়ী "বৃহৎ কার্টের উপরে দোষ নাই"—এই বিধির মান্ত করিতেন অর্থাৎ নৌকায় এবং খ্রীমারে অন্ধ পাক করাইয়া খাইয়াছেন; ট্রেনে জল খাবার খাইয়াছেন। পরম কার্কণিক হিন্দু শাস্ত তাঁহার সেবকদিগকে উচ্ছুঙ্খল

হইতে নিষেধ করেন, কিন্তু অসহনীয় চাপও দেন না। অধিকারী বিচার করেন। ইহা কেবল ব্রাহ্মণ-বিধবারই ধর্ম নহে; ইহা সকল অবস্থায় এবং সকল লোকের সার্বভৌমিক ধর্ম। দক্ষিণ আফ্রিকায়, কানেডায় কাবুলে এবং চীনে হিন্দু রহিয়াছেন; তথায় স্থানের প্রভাবে অল্ল অট্ট আচার পার্থক্য ভ্রিয়া গিয়াছে; কিন্তু সেরপ আচার পার্থক্য ভারতবর্ধের বিভিন্ন প্রদেশেও আছে। বাঙ্গালায় স্মৃতি শাস্ত্রের চর্চচা অধিক থাকায় এবং জলের কোনরূপ অপ্রাচুর্য্য না থাকায় এবং শীত প্রধান দেশ নহে বলিয়া, বাঙ্গালায় বেরূপ আচারের উৎকর্ম আছে মাড়োয়ারের মঞ্জুমিতে বা ভারতের পার্মন্ত্র অঞ্চলে তওটা স্লানানি, মন্দ্রে স্ক্রমন্ত আচার প্রচলিত নাই। ভূদেব বাবু বলিতেন :—

শ্বগৃহে সম্পূর্ণাচারঃ তদর্ধং পরবেশ্বনি। তদর্ধং রাজ সেবায়াং পথি শৃদ্রবদাচরেং॥

—শাস্ত্রের এই বিধি মনে রাখিয়া চলিতে হয় অর্থাৎ অনিচ্ছার সহিত্, বাধ্য হইয়া, যতটুকু আচার পার্থক্য ভিন্ন ভিন্ন অবস্থায় পড়িয়া করিয়া ফেলি-তেই হয়, তাহা হিন্দু-শাস্ত্র মার্জ্জনা করেন; তবে এতদারা ফথেচ্ছাচারের অণুমাত্র প্রশ্রেষ যে দেওয়া হয় নাই, তাহাও সর্বাদা মনে রাখিতে হয়।"

যে অর সংখ্যক শাস্ত্রজ্ঞ অধ্যাপক রামণ আজও একান্ত দৃঢ়তার সহিত দকল ক্লেশ সহ্য করিয়া পূর্ণভাবেই শাস্ত্রীয় আচার রক্ষা ক্যিতেছেন, এবং সংপ্রতিগ্রহেই নির্ভর রাখিয়া অধ্যয়ন অধ্যাপনা করিয়া যাইতেছেন, ভেজস্বী পণ্ডিত ৺বিশ্বনাথ তর্কভূষণ মহাশয়ের ভক্ত পুত্র যে তাঁহাদেরই স্ব-সমাজের সর্ব্বোচ্চ বলিয়া স্বীকার এবং মৃক্তকণ্ঠে প্রচার করিতেন তাহা বলা বাছলা মাত্র।

ভূদেব বাবু ষ্টীমারে করিয়া নদী পথে কামাখ্যাদিতে এবং ভারতের সমুদ্রপথে রেঙ্গুন, মান্তাজ, কলমো, বোমাই এবং চাঁদবালি দিয়া পপুরী

গিয়াছিলেন। সঙ্গে পাচক ব্রাহ্মণ থাকিত এবং ইংরাজ্বদিগের ক্সায় এথম শ্রেণীর বীত্রীর থান্যের মূল্য সহ পূর্ণভাড়া দিয়াও সাধারণ তৃতীয় শ্রেণীর ডেকের যাত্রীদিগের জায় * কোনরূপ খাদ্যাদি না লওয়ায় ষ্ট্রীমার কোম্পানিকে যে অতিরিক্ত 'লাভ' দিতেন, তজ্জ্ব্য নিজের রশ্বন করাইবার পুথর্ক স্থান পাইতেন। তাঁহার স্থমিষ্ট কথায় সকল কাপ্তেনই বিশেষ ভদ্র-তার সহিত ব্যবহার করিতেন। কেবল ১৮৮৫খঃ অবে মাদ্রাজ দিয়া ৺কাঞ্চী, মত্রা প্রভৃতি যাওয়ার দময় ভূদেব বাবু টমাস্ কুক নামক যাত্রী (টুরিষ্ট) . কোম্পানীর দাহায্য গ্রহণী করিলে ঐ কোম্পানির প্রেরিত অল্প বয়সের কর্মচারী সাহেবের কথাতেও ব্রিটিশ ইণ্ডিয়া ষ্টীমশিপ কোম্পানি রন্ধন জক্ত পৃথক স্থান দিতে অম্বীকার করে। কুক কৈম্পানির সাহেবটী ক্রুদ্ধ হইয়া বলেন "বাবু! ভারতের সাধারণ নিরীহ যাত্রীদিগকেই উপকূলভাগের বন্দর গুলিতে অধিক লইয়া যাওয়ার অভ্যাদে, ইহাঁদের নিরস্কুণ ভাব এবং গর্ব বাড়িয়া গিয়াছে; উচিত বাবস্বা ভুলিয়া যাইতেছেন। ইহাঁদের লগুন আফিনে এ বিষয়ে জানাইব। পি ও কোম্পানির ইউরোপীয় যাত্রী অধিক: উহাঁদের আবৃাফিনে চলুন, উহাঁদের ভাড়া একটু বেশী হইবে ; কিন্তু দেশীয় এবং ইউরোপীয়ের সহিত সমভাবের ভদ্র ব্যবহার দেখিয়া আপনি থুসি হইবেন।" ঙ্দেব বাবু তাহাই করেন এবং প্রকৃতই তথায় উচ্চশ্রেণীর সৌজন্ত দেখিতে পান⁸। তিনি বলিয়াছিলেন "ব্রিটিশ ইণ্ডিয়া কোম্পানির

ভারতার সাধারণ শ্রমজাবি এবং মাড়োরারি বণিকাদি প্রীমারে অহিন্দু খাদ্য না থাইয়া কাথোগলকে বিদেশে বাইতেছেন; লক্ষ লক্ষ হিন্দু ৮ পুরী ও ৮ ছারকা সম্প্রপথে যাইতেছেন। 'তাহারা কেহই ভক্তিহীন ছা ইংরাজী ভাবংশন্ধ নহেন।' তাহাদের সম্বন্ধ ভারতের সাধারণ হিন্দুসমাজ সম্প্রমাত্রারু জাতিপাত প্রভৃতির কোন উল্লেখই কর্তের না। যাহারা ধেরাচার এবং অখাদ্য ভোজনে রত সেই শ্রেণীর ইংরাজী শিক্তিত গর্কিত লোকের সম্বন্ধেই হিন্দুসমার্জ সম্প্রমাত্রা ও বিদেশবাস সম্বন্ধে আপত্তি করেন। সমাজের মনে এই ভাবটা বহু কালে এবং অলক্ষেই ইইরা নাড়াইতেছে। ভূদেব বাবু সেই গণ্ডির ভিতরেই ছিলেন। বস্তুতঃ উচ্চু খালতার, নাটাবের এবং সমাজকে উপ্লেকা করার পাপেই বিলাভ ক্ষেত্রা এক্ষরে।

লোকে কিন্তু অন্ত অন্ত বাবে আমার সহিত খব ভাল ব্যবহারই করিয়া।
ছিলেন; এবারে উহাঁদের আফিসে ব্যক্তিগত গর্কের উদাহরণ পার্ভরা
গেল; নচেৎ ইউরোপীয় ব্যবসাদারেরা কর্মচারীদিগকে অসৌজন্তের ছার্না
ব্যবসায়ের ক্ষতি করিতে দেন না।" ষ্টীমারে একটু গঙ্গামৃত্তিকা এইং
গঙ্গাজল সঙ্গে অইয়া যাইতেন; ভক্তিভাবে এবং সদাচারেই শুচিতা।
পগঙ্গা মাহাত্মো তিনি একান্তই দৃঢ় বিশ্বাসী ছিলেন * এবং পগঙ্গাগতে
দেহান্ত হওয়া জীবনের একটা প্রধান লক্ষ্য রাগিয়াছলেন।

ভূদেব বাব্র বাটীতে গার্হস্থা নিতা পূঁজাদিরও কিছু উল্লেথ এই আচার সংস্ট কথার সহিত অপ্রাসন্ধিক হইবে না। উহার বাটীতে প্রীপ্রীন্দির বামন (শালগ্রাম শিলা), প্রীপ্রীবাদনিশ্বর শিবলিঙ্গ, প্রীপ্রীমঙ্গলচণ্ডীর ঘট এবং প্রীপ্রীজন্মপূর্ণার ধাতুমূর্ত্তি প্রতিষ্ঠিত আছেন। শেবোক্ত মৃত্তি তাঁহার মধ্যম খুল্লতাতের বিধবা পত্নীর † ঘারা প্রতিষ্ঠিত করান হইয়াছিল। ঐ মৃত্তি প্রতিষ্ঠার পূর্বের তিন বংসরে মুমায়ী মৃত্তিতে তাঁহারই ঘারা সঙ্গল করাইয়া হরিতকী বাগানের বাটীতে প্রীপ্রীজন্মপূর্ণা পূজা একটু সমারোহের

^{*} গঙ্গাজল সহলে একটি সরস গল্প প্রচলিত আছে। কোন গৃদ্ধ হ্নিসুহানী প্রাপ্ত
কালীতে গঙ্গালান করিয়া ঘাটে বসিয়া সন্যা করিতেছিলেন। একটা অস্তাজ বালক
কান করিতে আসিয়া জলে লাকাইয়া পড়িলে প্রান্ধণের গায়ে জলের ছিটা লাগে; প্রান্ধণ
কুদ্ধ হইয়া গালি দিতে আরম্ভ করিলে একজন বাঙ্গালী বল্সে "মহাশয়! কোন্ জলের
ছিটা তাহার ক্ষরণ কর্মন। ঐ জল ঐ বালককে পবিত্র না করিয়া যদি নিজেই অপবিত্র
হইয়া গেল, তবে আমরা এখানে মান করিতে আসিয়াছি কেন ? 'প্রন্ধপুতা পুনাতু মাংং
সন্ধ্যার মন্ত্রে আছে; সেই খানটাই কি আওড়াইতে ছিলেন এবং মা সদয়া হইয়া কি
ভাবে ভগবানের করণাবারি ক্ষী গঙ্গাজল-বিন্দু আক্রমা তম্ব পর্যন্ত পবিত্র করেন—
ভাহাই প্রত্যক্ষ দেখাইলেন, ?" ব্রান্ধণের তৎক্ষণাৎ ক্রোধ শান্তি হইল—এবং তিনি
প্রবায় স্নান না করিয়া ভক্তিভরে বলিলেন "মা! অপরাধ লইও কং" এবং পুনরায়
আচমন করিয়া সন্ধ্যায় মন দিলেন।

[†] ইনি নিঃসন্তান ছিলেন এবং ভূদেব বাবুকে অপরিসীম স্নেহ করিতেন। তিনি ভূদেব বাবুর উল্লেখ "শভূক" (শক্র) এই নামে করিতেন। বিখাস ছিল যে এরূপ বলিলে ভূদেব বাবুর অকালে মৃত্যু হারা তাংশর প্রতি 'শক্রর' কাংয় করিয়া যাওয়া ঘটিবে না

স্থিত করা হয়। এ প্রায় কুমাণ্ডাদি বলি হইতে দেখিয়া কেহ ভূদেব বাবুকে বলেন "পাঁঠা বলি হইল না কেন? বিধবার সঙ্কল্লিত পূজা বলিয়া?" ভূদেব বাবু উত্তর দেন "কুমাণ্ড বলিই কুল-প্রথাম্বসারে করা হয়। প্রীপ্রী চণ্ডীত উক্ত আছে যে সমাধি বৈক্রের সাত্মিক পূজাতেও নিজের গাত্রের বলি অক্রপে দেওয়া হইয়াছিল। তথাপি ছাগ বলি আমাদের কেন হয় না তাহা জানি না।" তাহার পর হাসিয়া বলেন "পাঁঠাটা বাটীর ভিতর প্রবিষ্ট হইলেই গৃহস্থের অক্রিথির মধ্যে পরিগণিত এবং অবধ্য * হইয়া যায় —হয় ত কোন প্র্ক প্রকৃষ এর্ক্রপ মনে করিয়াছিলেন।" পরিহাসের ধরণে উক্ত হইলেও ঐরপ একটা ভাব ভূদেব বাবুর মনের ভিতরে বরাবরই ছিল এবং হিন্দু মাত্রেরই মনে অল্লাধিক পরিমাণে অক্তেন। যথন বহুবর্ষ পরে ভূদেব বাবুর স্থাপিত ব্রহ্মময়ী ভেষজালয়ের জন্ম মহামাস তৈল এবং বৃহৎ ছাগাদ্য ঘত প্রস্তুত হয়, তখন নপুংসক ছাগ ছইটা ক্রীত হওয়ার পর ভূদেব বাবুর বাটীর সীমানার মধ্যে আনিতে দেওয়া হয় নাই। ক্রবিরাজ মহাশম্ম বিশ্বয়ের সহিত বলিয়াছিলেন, "এ বাটীর কুলাচার কি পবিত্র"!

ু হরিনারায়ণ দার্কভৌম মহাশয় প্রতিষ্ঠিত শ্রীপ্রী শ্রীধর নারায়ণ শালগ্রাম শিলা কোন দমরে অপস্কত হয়। কিন্তু "যেগানেই থাকুন, তাঁহার পূজা আমাদের কর্ত্তন্য"—এই বুদ্ধিতে ভূদেব বাবুর বাটীতে তাঁহার উদ্দেশ্তে নিয়মিত পূজা করা ও ভোগ দেওয়া হইয়া থাকে।

এক সময়ে তাহার ইচ্ছায় ভূদেব বাবু তাহাকে ৺কাশতে পাঠাইয়া দেন; কিন্ত শেষে তিনি কলিকাতায় ফিরিয়া আইসেন। বলেন "৺কাশীতে মরিয়া শিবলিক্ষে পরিণত হইয়া চুপ করিয়া থাকা পোষাইবে না!" সম্ভবতঃ 'শ জুরু'কে না দেখিয়া দেইত্যাগে রুচি না হওয়াই বাড়ীতে কেরার কারণ! তাহার সম্বন্ধে উক্ত আছে যে তিনি ভূদের বাবুর শিশু পুত্র কন্তাদিগকে হুগ্ধ বাওয়াইতে দেখিলে বলিতেন "আসার শত্রুর ছুব কমাইয়া কেলিতেছে।" সুহঁহের এতই আতিশ্য ছিল!

^{* &}quot;যজে বংশাংবধং"। যজে বলিদান বধ নহে; সেই পশুরই অধিকতর উপকার।
মুনলমানও কোরবানি বা ঈশবোদেশে নিবেদন (বলিদান) না করিয়া মাংসভক্ষণ
করেন না, উহারা স্বগৃহে খাদ্যাদি দিয়া পালন করার জন্মই হিন্দু, 'মুসলমানের মুর্গি
েট্রা বলিয়া দোব ধরেন।

ষপ্তদশ অধ্যায়

→ √(**%**)**©**> **→**

[প্রাট সাহেবের পত্র, স্কুল পরিদর্শনের রিপোর্টে নীলকর, ম্যালেরিরা, কার্য্যের বাবহা, কার্যে উৎসাহ দান, সংশোধনে সাহাস্ত,—শিকাদর্পণ,—কন্সার বিবাহ,—শিক্তবিয়োগ,—পদোম্বর্তি—পুত্রের বিবাহ।]

দিভিলিয়ান হজদ্ন প্রাট সাহেব চুটী লইয়া ইংলণ্ডে গিয়া তথা হইতে ভূদেব বাবুকে যে পত্র লিখিয়াছিলে তোহা হইতে সেই প্রকৃত উচ্চমনা ইংরাজের পিতৃভক্তির স্থলর উদাহরণ পাওয়া যায় বলিয়া তাহার একাংশ উদ্ধৃত করা যাইতেছে :—

আমার প্রিয় বন্ধু,

তোমার দিতীয়পত্র পাইয়া আমার শ্বনণ হইয়াছে যে কতটা সময় তোমার প্রথম পত্রের উত্তর না দিয়া কাটিয়া গিয়াছে । আমি সেজস্ত একান্তই লজ্জিত হইয়াছি। তোমার পত্র পাইলে আমার প্রকৃতই হথ হয় এবং তাহাতে অনেক তৃপ্তিকর সংবাদ পাই"। মিসেস প্রাটের শরীর ভাল ছিল না, সেজস্ত স্থান পরিবর্ত্তন করিতে হয়। কিন্তু পিতার শ্বনণ শক্তি একেবারেই নাশ হইয়া যাওয়াতে আমাকে বড়ই অস্থবিধায় পতিত ও চিন্তায় মগ্র করিয়াছে। কথাবার্ত্তা কহিয়া বা পড়া শুনা করিয়া সময় কাটানর তাঁহার উপায় নাই; সকল শক্ত ভূলিয়া গিম্বাছেন; কথার বা লেখার দ্বারা কিছুত ব্ঝিবার বা ব্যাইবার উপায় নাই। অথচ শরীরে এখনও যথেই শক্তি আছে। অন্ত কোনক্রপ রোগই নাই। দেখিতে শুনিতে পান; চলিতে ফিরিতে, হন্তের ও পদের ব্যবহার করিতে, কেশন

বাদাত নাই। এই জন্ম এক ঘণ্টাও আমাকে ছাড়িয়া থাকিতে পারেন না। আমার অন্ত ভাই ভগিনী কেহ নাই; আমার উপরই নির্ভর। বাহিরের অনেক কাজে লাগিতে পারিতাম; তাহার সাধও ছিল; ভাইতে অনেক কাজ করিবার রহিয়াছে, কিন্তু যথন এই গাহস্থা কর্ত্তব্যই আমাকে ঈশ্বর দিলেন, তথন তাহাই করিব। তাঁহার ত' ভূল হয় না!

তোমার হজ্পন প্রাট।

সাহেব অত বড় চাকরীতে আর ফিরিয়া আসেন নাই।

ভূদেব বাবুর বাংসরিক রিপোর্ট গুলি ডিরেক্টর সাহেবদিগের রিপোর্টের সহিত ছাপান এখনও কোন কোন আফিনে দেখিতে পাওয়া যায়। তিনি পাঠশালা পরিদর্শন জন্ম গ্রামে গ্রামে যাইতেন, এজন্ম ক্রমশঃ কার্যক্ষেত্রের পরিবর্তনে বাঙ্গালা বিহার উড়িন্তা এবং উত্তর পশ্চিম প্রদেশের মফঃস্বলের অবস্থা তাঁহার ন্তায় জানার স্থবিধা অন্ত কোন এক ব্যক্তির কথন ঘটে নাই বলা যায়। তিনি স্থদেশীয়দিগের প্রতি একান্ত সহাহভূতি পূর্ণ হাদয়ে সকল বিষয়েই দৃষ্টি রাখিতেন; এজন্ম তাঁহার রিপোর্ট হইতে অনেক জ্ঞাতব্য বিষয় জনা যায়। ১৮৬৩-৬৪ এবং ১৮৬৪-৬৫ অন্বের রিপোর্ট হইতে ক্ষেক্টী কথা উক্ত করা যাইতেছে:—

(১) . সাঞ্চাভাঙ্গা স্থলের পণ্ডিতটা ক্ষণনগর ট্রেনিং স্থলের পরীক্ষোভীর্ণ। গবর্ণমেন্টের মাসিক সাহায্য ৫ ভিন্ন তিনি বিগত্ব ক্ষেক নামে
গ্রামবাসীদিগের নিকট যাহা পাইয়াছেন তাহা পড়পড়তায় "মাসে ৭৮ দ
দাঁড়াইয়াছে।

ভিন্ন প্রামের একজন ব্যক্তি আসিয়া তাহার নিজ গ্রামে একটা পাঠশালা স্থাপনের জন্ম প্রার্থনা করিয়া বলিলেন 'গবর্ণমেন্টের শিক্ষা বিভাগের কর্মচারীরা মধ্যে মধ্যে উহার পরিদর্শন জন্ম আমাদের গ্রামে আদিলে নীলকেরের জুলুমের মাত্র। * একটু কমিন্ত পাবে।' পাঠশালা স্থাপন জন্ম ইচ্ছা উদ্রেকের বিচিত্র কারণ বর্টে! [ট্রেপ্তি মোটিভ ফর দেটিং অপ এ স্থল]

ভূদেব বাব্র ৰাজালার ইতিহাস তৃতীয়ু এগ হইতে নীলকর সম্ধাীয় ছই একটা কথা ডদ্বত করা যাইতেতে :—(১) নীলেগ চাবের দ্বারা রাইয়তদিগের প্রতি বিহা ভূমিতে অন্ন সাত্সিকা করিয়া লোকসান হইত * * * রাইয়তেরাও জামিত অথবা সন্দেহ করিত যে কমিশনর, জল, মাজেষ্টর প্রভৃতি উচ্চ পদস্থ ইংরাজেরা অনেকেই নীল কুঠির অংশীদার। [ঐ "প্রথম অধ্যায়"]

- (২) নীলকর সাহেবেরাও অনেক স্থলে ঐরপ (বেঙ্গল কোল কোম্পানীর লাইবেলের মোকদনায় প্রকাশিত দেশীয় মহাজনের কয়লার নৌকা দামোদরে ডুবাইয়া দেওয়া এবং ছলে বলে অনেক ভূমি সম্পত্তি আপনাদের অধীন করিয়া কয়লার বাণিজ্য একচেটিয়া করিয়া লওয়ার স্থায়) 'তেজ্বিতা' সহকারে কার্যা করিয়াছিলেন। তাঁহাদেরই মধ্যে একজন স্পষ্টাক্ষরে (কলিকাতা রিভিউপত্রে) স্বীকরৈ করিয়াছিলেন যে ৪০ বংসরাবধি এতদেশীয় জমিদারবর্গকে কথন ভয় কথন প্রনোভন প্রদর্শন করিয়া এবং হ্যোগ পাইলেই তাঁহাদের মধ্যে গৃহবিচ্ছেদ জনাইরা ক্রমে ক্রমে নীলকরেরা দৰ্বতোভাবেই অকাবা সাধন করিয়া তুলিয়াছিলেন। কত নীলকর যে ক্লাইব সাহেবের স্থায় দে: দিও এবং অসম সাহসিক কাষ্য করিয়াছিলেন, কও নীলকর যে ওয়ারেন হেষ্টিংনের স্থায় প্রাক্ততা এবং একাগ্রতা সহকারে আপনাপন অধিকার দৃঢ়তর করিয়া লইক্ষছিলেন, কত নীলকর যে এলেনবরার স্থায় দান্তিকতা প্রকাশ করিয়া ছক্ত প্রজাবর্গকে শাসনাধীন করিয়া রাখিয়াছিলেন; তাহা কে বলিতে পারে ?' ফলতঃ ইংরাজ গবর্ণমেন্ট ষেক্রপ প্রণালী অবলম্বন করিয়া এ দেশের রাজকার্য্য আপনাদের হত্তগত করিয়াছিলেন, ভজাতীয় অপরাপর লোকেও যে দেই প্রণালী ব্যবস্থন করিয়া স্বকাধ্য উদ্ধার করিবেন ইহা মনুষ্যের স্বভাধ্সিদ্ধ অনুকরণ বৃত্তির লক্ষণ ব্লিলেও চলে।" (ঐ—তৃতীয় অধ্যায়)
 - (৩) "কুঠীতে আট ৰাণ্ডিল নীল চারার দাম এক টাকা ধরা হইত। * * 'রাইয়তু-

^{*} নীলকরের অসহনীয় অন্তাচারের কথা "নীলু বীদরে সোনার বাংলা, কল্লে গারে-খার। অসময়ে হরিশ মোল লংয়ের হোল কারাগার।"— প্রভৃতি গান বাঙ্গালীর মনে চিরজাগঙ্গক রাখিবে। যথন এনিলাইন রংএর শস্তার উৎপত্তিতে নীলের বাবসায় একক্ষপ উঠিয়া গেল, তথন মফংখনের কথা বিশেষভাবে জানা থাকায় ভূদেব বাবু কোন সহুদয় ইউরোপীয়কে বলিয়াছিলেন "বাঙ্গালী রাইয়তের অক্রাধ্ানী জর্মণির রাসায়নিক পরীক্ষা বিধান পৃহে দানা বাধিয়াছে" [টায়াস অফ দি ক্রেকলি রাইয়টন্ হ্যাভ্কিন্ত্যালাইজড্ ইন জর্মণ ল্যাবোরেটরিজ্!]

- (২) "কৃষ্ণনগরে স্থুলগুলিতে ছাত্র সংখ্যা কম। ম্যালেরিয়ার প্রক্তিনে বড়ই শোচনীয় অবস্থা; শিশু এবং বালক বালিকার মৃত্যু অভ্যন্ত অধিক হইয়া গিয়াছে এবং বাহারা বাচিয়া উঠিয়াছে তাহাদেরও অধনত স্থুলে আসার অবস্থা হয় নাই। [বাস্তবিকই নদীয়া য়শোহর প্রভৃতির বাদালী ঐ সময়ে নীলকর এবং ম্যালেরিয়ার ঘার। একাস্ত ইপ্রপীড়িত হইতে ছিল। স্থুল সংস্ট কথাতেও সে বিষয় ভূদেব বাবু কোনজপে কর্ত্পক্ষের গোচর করিয়াছিলেন।]
 - (৩) আমাদের পাঠশালা গৃহগুলি অবশুই খুব সামাগ্য ধরণের হইবে (মষ্ট আাঞ্চ এ ম্যাটার অফ কোস বি ভেরি পুএর আাণ্ড অম্বল্), কিন্তু সেজগু অপরিচ্ছন বা অস্বাস্থ্যকর (মুড়ার্টি আ্যাণ্ড অন্হেল্দি) হওয়ার কোন কারণই নাই।"
 - (৪) "ছাত্রগণ আপন আপন নির্দিষ্ট স্থানে প্রাক্তাহ বসিবে; শিক্ষকের প্রশ্নের উত্তর অনুসারে ওঠাউঠির স্থবিধা হইবে না। ছাত্রেরা অপনাপন মাত্রর লইয়া আইসে; ঐ সকল লইয়া ওঠাউঠিতে গোলযোগ ঘটিবে। বেঞ্চ টেবিল চেয়ারের কোন প্রয়োজন নাই। হস্তে অন্ধিত মানচিত্রের দিলের দাদন শোধ যাইত না। করে করে দেনা বৃদ্ধি হটয়া পরিশেষে ভাহারা কুঠীর গোলাম হইয়া পড়িত। অজ্ঞ রাইয়তেরা, মনে করিত যে গবর্ণমেণ্টের ইচ্ছা যে তাহারা আপনাদের ক্ষতি স্বীকার ঠিক যে সময়ে আশু ধাষ্ট পরিপক হয় সেই সময়েই নীলের চারা কাটিয়া কুঠিতে বহন করা প্রয়োজন; নিজেদের পাকা বানের ক্ষতি করিয়াও প্রবল কুঠিয়ালদের কার্যা আগে করিতে হয়; আমলাদিগের হিসাবে এবং পিয়াদার রোজেও অনেক অত্যাচার ছিল] করিয়াও কুটিয়াক সাহেবদের নালের চাষ করিয়া দেয়। আর এতদিন খাদা দ্রব্যাদির অভিশয় স্থল্ভ মূল্য ছিল, তাহাতে অপেক্ষাকৃত অন্ন কেশে প্রজাদিগের একপ্রকার গুলরান ,হইত। * * যেরূপ চাউল ১৮৪০ দালে টাৰ্কায় একমণ এখন ভাহা ছুই টাকা হইয়াছিল এই * * সকল কারণ মিলিত হ ওপ্রতে রাইরতদিগের মধ্যে নীল চাষের প্রতি ষৎপরোনাস্তি বিদেশ জিলিয়া গেল। * * প্রথমেণ্ট ব্যবস্থা করিলেন (১৮৬০ সালের ১১ আইনের ২ বারা) বে বে রাইয়ত দাদন লইয়া নীলের চাব না করিবে তাছাকে দাদনের পাঁচ গুং मित्रिमांगा मिर्टेंड इटेटर अवः कराम थाणिए इटेटर ।" (अ वर्ष्ठ अभाग)

ব্যবস্থা করিতেছি। জমি মাপার শিক্ষা দেওয়ার একাস্কই প্রয়োজন।
তাহার ব্যবস্থাও হইয়া যাইবে। তক্তা সংগ্রহ করিয়া শিক্ষকাদগকেই
রাক বোর্ডের কাজ চালাইতে হইবে। গ্রামের লোকে উহার জন্ম সম্ভবতঃ
বিশেষ চেষ্টা করিবেনা। ছাত্রেরা শুচি হইয়া পড়িতে আসা উচিত
গুরু সে রুথা অভিভাবকদিগকে বলিয়া ব্যাইবেন। জলে কাচিয়া ক্ষদ
করা কাপড় পরিয়া আসিলেই হইবে।" [কয়েকদিনের ঘর্মসিক্ত পিরান
পরিয়া অনেক ছাত্র একঘরে বসায় অনেক বংশরাজী স্কুলের ঘরে একটা
হুর্গন্ধ বোধ হয়; উহা অবশ্রেই অসায়ার্কর, দেশীয় ব্যবস্থাই ভাল]।

- (৫) "ছাত্রদিগের দেয় 'স্কুলু ফি' সম্বন্ধে ভেপুটা ইনস্পেক্টর যেন হস্তক্ষেপ না করেন। উহা গ্রান্থেরি লোকেরাই দ্বির করিবেন। নগদ পয়সা বা থাদাদ্রব্য উভয় প্রকার 'ফিই' চলিবে। এ বিষয়ে শিক্ষকের সহিত ঘতান্তর হইলে গ্রামের কয়েকজন প্রধান লোকে পঞ্চায়েতী দ্বারা মীমাংসা করিয়া দিবেন। অভিভাবকেরা স্বেচ্ছায় বন্ধ বা উপহার 'নিজেরা' গিয়া গুরুকে দিলে তাহা গ্রহণ করায় আপত্তি নাই। কিন্তু ছাত্রদিগের হস্ত হইতে গুরু ওরুপ কিছুই লইবেন্ না।"
- (৬) "পাঠশালার জন্ত মোট বরাদের টাকার ভিতর হইতেই গুরুদিগকে উৎসাহ দিবার জন্য প্রস্কার দেওয়া সঙ্গত। অন্পস্থিতি প্রভৃতি প্রজন্য যে বৃত্তির টাকা কাটা যায়, তাহা হইতেই গুরুদিগকে প্রক এবং অর্থ পুরস্কার দিয়া উৎসাহিত করা যাইতে পারে। [চৌকিদারী ফণ্ডে চৌকিদারদিগের জরিমানার টাকা এইভাবে জমা করিয়া উহাদিগকে চোর ধরা প্রভৃতি কার্যোর জন্ত পুরস্কার দেওয়ার ব্যবস্থা ইহার অনেক বৎসর পরে প্রবৃত্তিত হয়।]
- (१) "কেহ কেহ বলেন যে বিদ্যালয়ের পরিদর্শন ব্যয় বৃথা এবং, অত্যধিক। আমার বিশাস এই যে স্কুচারু পরিদর্শনের ব্যবস্থা না করাই

হার্ডিং মডেল স্থল শুলির অক্বতকার্য্যতার কারণ। পাঠশালার পরিদর্শকর্গণ একটা বা ছুইটা শ্রেণীতে শিক্ষকের সমক্ষে নিজের। একটু একটু
ভাল করিয়া পড়াইবেন এবং স্থলের পরিদর্শন রেজিপ্টারে তাঁহার লক্ষিত
ক্রিটা গুলি সংশোধনের উপদেশ সহিত লিখিয়া দিবেন। একজন উচ্চশিক্ষিত ব্যক্তি দারা 'অনেক' পাঠশালার শিক্ষা উন্নত হইতে থাকিবে।
প্রত্যেক স্থলকে তাহারই পূর্ব্বাবস্থার সহিত তুলনা দারা দেখিতে হইবে,
ক্রমশঃ উন্নত হইতেছে কি মা। বিভিন্ন অবস্থার অপর কোন স্থলের
সহিত তুলনায় সে ফল পাওয়া যায় না।"

- (৮) "আমার ডেপুটী ইন্স্ট্রেগুলির দম্বন্ধে আমি অতিশ্র ভাগাবান। একজন তাঁহার ভাস্ত ধারণী বশে অপছন্দ সই কার্য্য করার আমাকে বর্ষ মধ্যে অসম্ভোষ প্রকাশ করিতে হইয়াছিল—এক্ষণে তিনি এক্সপে নিজেকে সংশোধন করিয়া লইয়াছেন যে আমি বিশেষ পরিতৃষ্ট হয়াছি।" [এই ভাবেই তিনি সকলকে সংশোধন করিয়া, উদ্যমশীল এবং ভক্ত সহায়ক করিয়া লইতেন—নাম ধরিয়া রিপোর্টে নিন্দা করিলে অধীনস্থ কর্মচারীর,নিক্ষৎসাহ আনিতে এবং ক্ষতিও হইতে পারে বলিয়া তাহা সহজে করিতেন না। ৺ত্রৈলোক্যনাথ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত শ্রীপতি বন্দ্যোপাধ্যায়, ৺লোহারাম শিরোরত্ব, ৺নবগোপাল বন্দ্যোপাধ্যায়, ৺হরমোহন ভট্টাচার্য্য এই সময়ে পাঠশালার ডেপুটী ইনস্পেক্টর ছিলেন]!
- (১) "পণ্ডিত রামগতি ফায়রত্ব এবং পণ্ডিত লোহারাম শিরোরত্ব ধথাক্রমে বহরমপুর এবং রুঞ্চনগর কলেজের সংস্কৃত অধ্যাপক ইইয়া বর্দ্ধমান ও রুঞ্চনগর ট্রেনিং স্কৃল ত্যাগ করিয়াছেন। ইহাঁদের মড অত্যুৎকৃষ্ট লোক/পাওয়া ত্রহ এবং পাইলেও তাঁহারা উচ্চতর বেতনের উপযুক্ত বলিয়া স্ত্রেই অগুরু চলিয়া ষাইবেন। এজ্যু ট্রেনিং স্থলের হেডমাষ্টার্দিগের সাময়িক বেতন বৃদ্ধির ব্যবস্থা রাখা সঙ্গত ইইবে।"

[শিক্ষাবিভাগের উচ্চতম শ্রেণী ভিন্ন সাময়িক বেত্ন বৃদ্ধির ব্যবস্থা তথন ছিলনা; পরে হইয়াছে।)

- (১০) "মধ্য বান্ধালা বিদ্যালয়গুলিতে যেরূপ বৃত্তি পরীক্ষা হয়, এই ন্তন পাঠশালাগুলির জন্যও সেইরূপ বৃত্তি দেওয়ার ব্যবস্থা করিদের করিছে দরিক্র রাইয়তেরও মেধাবী সন্তান ক্রমশং বৃত্তির সাহায্যে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ উপাধি অর্জন করিতে পারিবে। এতদ্বারা রাইয়ত শ্রেণীর ছাত্র বিশেষের যে উপকার হইবে তাহার অর্পেক্ষা সমগ্র শ্রেণীয় উপকার শতগুণ অধিক হইবে।" [ইহার পর শ্বর্ণমেণ্ট প্রাইমারি বৃত্তি পরীক্ষা ব্যবস্থা করিয়াছেন]।
- (১১) "আমি এক এক সমুশ্র মনে মনে ভাবি যে যদি আমার ডেপুটী ইনপ্পেক্টরগণ এরপ বৃদ্ধিমান, একাগ্রচিত্ত এবং উদ্যমশীল সহকারী না হইতেন—আমার্কে অন্য লোক লইয়া কার্য্য করিতে হইত, তাহা হইলে কার্য্যের এরপ সর্ব্বাঙ্গীন উন্নতি কি কোন মতেই ঘটতে প্যারিত! ইহাদের মধ্যে চারিঙ্গনের কার্য্য ঠিক ঘড়ির কার্টার ন্যায় নিখুঁত ভাবে চলিতেছে; হুইজনের কপ্তসহনশীলতা প্রকৃত পক্ষেই অ্সাধারণ; একজন যখন চেষ্টা করেন, তখন মফঃ খলের লোকদিগকে বুঝাইয়া—মিলাইয়া—শিখাইয়া সকল কঠিন কার্যাই করাইয়া লইতে পারেন। নৃতন হুইজনের সম্বন্ধে এই ভাবেরই প্রশংসা আগামী বংসরে করিতে পারিব এরপ আশা করি।"
- (১২) "একজন ডেপুটা ইনস্পেক্টরের এলাকায় গিয়া দেখিলাম যে অস্থলের বেদনায় অসহ যন্ত্রণা ভোগ করিতেছেন। আমি তথনই ছুটী লইতে বলিলাম; কিন্তু তিনি তাহা মানিলেন না। পাণ্রে দিন আমার সহিত সেই কন্ত সহু করিয়া ঘ্রিতে লাগিলেন। অপর একজনের নিকট আমার পত্র বাহকের দোষে সন্থাদ পৌছতে অনেক রাত্রি ইইয়াছিল।

তিনি তৎক্ষণাৎ ২৫শে ডিসেম্বরের শীতের রাত্রে ১৪ মাইল ঘোড়ায় আদিয়া রাত্রি তিনটার পরেই আমার সহিত দেখা করেন।" [ভূদেব বাবু যে অত রাত্রি থাকিতে নিজাত্যাগ করিতেন, তাহা তাঁহার সহকারীরা সকলেই জ্রানিতেন।]

- শৈত ঠু-"বেচার হাট পার্যশীলা।—শিক্ষক পরিশ্রমী; ছাত্রেরা প্রায় সকলেই নিম শ্রেণীর'। গ্রামের মধ্যে কে কে পার্সশালাটীর জন্ম যত্ব প্রকাশ করিতেছেন তাঁহাদের নাম আমার নোট বহিতে লিখিয়া লইতে আরম্ভ করিলে উচ্ছব ডোমের বৃদ্ধা মাতা তাহার পুত্রের নাম লিখিয়া লইবার জন্ম অম্বরোধ করিল। জিজ্ঞাসা করিলাম "সে কি করিয়াছে?" উত্তর—"কেন, এই পার্সশালার এই ঘরের ছামুরটা সে অমনি ছাইয়া দিয়াছে!"— অবস্থাপন্ন রাইয়তের। বাশ থড় দিয়াছিল; দরিদ্রোরা বিনা মজুরিতে কার্য্য করিয়াছে; নগদ এক পয়সাও থরচ হয় নাই।"
- (১৪) "সাঁকারি।—গুরুটী পরিশ্রমী কিন্তু গ্রামের লোকে উহাঁকে এখনও উপযুক্ত পারিশ্রমিক দিতেছেন না। অবস্থাপর গ্রামবাসীরা বলিলেন 'স্থল পাঠশালায় আর আমর। চাঁদা দিয়া জড়াইয়া পড়িতে চাহিনা।' জিজাঁদা করিয়া জানিলাম যে গ্রামের সাহায্য প্রাপ্ত মধ্য বাঙ্গালা বিদ্যালয়ের শিক্ষক টাকা ভাঙ্গায় কর্তৃপক্ষীয়েরা মোকন্দমা চালাইয়াছিলেন; স্থল ম্যানেজারকে সাক্ষী দিতে হইয়াছিল! উনপঞ্চশেটী ছাত্র আসিয়াছে। বাধু নীলমাধব রায় আমাকে বলিলেনু যে তিনি গুরুর আয় সম্বন্ধে যত্ন করিবেন। একটু চাপিয়া প্রাকিলেই পাঠশালাটী ভাল চলিবে।"
 - (১৫) "একবেকি।—শিক্ষকের নিজের অন্ধিত মানচিত্র হইতে শিক্ষা দিতেছেন। স্থানীয় জমিদার সৈয়দ ফরমান আলি পাঠশালাটীর উপর বিশেষ মৃত্র ক্রিতেছেন।"

- (১৬) শ্রীমানপুর।—প্রায় সকলেই উচ্চশ্রেণীর লোকের ছেলে। বই এবং স্লেট সকলেরই আছে; ছেলেদের হাতের লেখা একেবারেই ভাল নয়; মানসাঙ্কে যত্ন করা হয় না। গ্রামের মধ্যে যাহাদের পাঠশালাটীর উপর স্কনজর আছে সকলেই স্কুলের ধরণে পড়ান চাহেন।"
- (১৭) "নৃত্ন সড়ক। শিক্ষকটা ভাল কিন্তু একজন প্রাচীন ধননের বৃদ্ধ গুরুষহাশয় আসিয়া নিকটে একটা পাঠশালা খুলিয়াছেন এবং গ্রামের গৃহিণীদিগকে বুঝাইয়া কতকগুলি ছাত্রহক এই পাঠশালা হইতে ভাঙ্গাইয়া লইয়াছেন। পাঠশালার ছপ্লর দিয়া জল পড়ে; ভাহার ব্যবস্থা প্রথমেই না করিয়া গ্রামের লোকে টেবিল, চেয়ার, বেঞ্চির জন্য টাদা তুলিতেছেন! ছাত্রদিগের রুয় চ্রেহার।"
- (১৮) "দোগাছিয়া।—শিক্ষক মালেরিয়ায় ভূগিতেছেন, জিজ্ঞাসা করিলাম 'জরে কাঁপিতে কাঁপিতে স্থলে আদিয়াছ কেন!' উত্তর 'এ ঘরটা আমার বাসার অপেক্ষা ভাল।' প্রশ্ন—'তোমার অস্তম্ব শরীরে আসায় যদি ছাত্রদের মধ্যে রোগ সংক্রামিত হয়।' উত্তর—'উহাদের আপনার আপনার জর সকলেরই আছে! দিনের মধ্যে কোন না কোন সময়ে আমের সকলেই জর ভোগ করে।' শিক্ষকটী উদাসীত্যের প্রতিমৃত্তিস্বরূপ হইয়া পড়িয়াছেন। জিজ্ঞাসা করিলাম 'বিভিন্ন শ্রেণীর ধারাবাহিক পাঠের ব্যবস্থা (ক্লটীন) কোথায় লেখা আছে?' শিক্ষক দেওয়ালে একটুলেখা কাগাল, আটা দেখাইলেন।—উহার অনেকটাই আরস্থলায় খাইয়া ফেলিয়াছে'!"
- (১৯) "ভীকুটিয়া ।—পাঠশালার আটচালা ঘরটী স্থলর। গ্রামের লোকে প্রস্তুত করিয়া দিয়াছে। গুরুর বাড়ী ঐ গ্রামেই। যুতদিন আট-চালা প্রস্তুত হইতেছিল তভদিন গুরু ছাত্রদিগের নিকট কোনরূপ "ফি" লন নাই। পড়ান খুব ভাল হইয়াছে।"

(২০) "বাঙ্গালায় এখন যে ত্রিশ সহস্র পাঠশালা বর্ত্তমান আছে ব্রিহাংদের স্থাপনের ইতিহাদ অমুসন্ধান করিলে প্রায় একইরূপ বলিয়া জানা যায়। একটু অবস্থাপন্ন একজন গ্রামবাদী তাঁহার চেলেদের পড়া শুনার জন্ম একজন গুরুকে স্বৰ্গহে আহার ও বাসস্থান এবং এক বা তুই টীৰ মাস্ত্ৰিক বৃত্তি দিয়৷ রাখিলেন ; গ্রামের সকলেই সেই গুরুর নিকট ি শুড়িবার অইমতি পাইল, একটী পাঠশালা স্থাপিত হইয়া গেল। উচ্চ এবং মধ্য শ্রেণীর ছেকেনের প্রাথমিক শিক্ষার জন্ম স্থাপিত এবং প্রধানতঃ তাহাদের সাহায্যেই রক্ষিত পাঠশালা গুলিতে নিমু শ্রেণীর ছেলেরাও পাড়ত। ছাত্রদত্ত বেতন "(ফি)" সকলেরই পক্ষে কম, তাহাও আবার অবস্থার্যায়ী। মূল্যবাস কোন ছাপান পুস্তকের বা শিক্ষা বিধানের জন্ম নানা প্রকার উপকরণের আবশ্যক হইত না। কেহ কেহ মনে করেন যে পাঠশালা গুলি স্বধু নিম্নশ্রেণীর ছেলেদের জন্মই থাকা উচিত; কিন্তু প্রকৃতপক্ষে শুধুই নিম্নশ্রেণীর সাহায্যে এখনও কোন পাঠ-শালা স্থাপিত বা রক্ষিত হইতে পারে না। আমি পাঠশালায় সকল শ্রেণীর ছাত্রকেই পড়িতে আসিতে দেখিতেছি। সে সম্বন্ধে উহাদের বেমন পাইয়াঙি তাহাই রাথিয়াছি: তবে সকল বিষয়েই শিক্ষার উৎকর্ষ সাধন জন্ম যে চেষ্টা করা হইতেছে তাহার ফল সকলেই প্রত্যক্ষ করিতে পারেন। ১৮৬২ অন্দে আমি রিপোর্ট করিয়াছিলাম যে, নর্মাল স্থলে শিক্ষিত পণ্ডিতদিগের ঘারা যে সকল গ্রাম্য পাঠশালার উন্নতি, সাধন জন্ম পরীক্ষাবিধান করা হইতেছিল তাহা হইতে নিম্নশ্রেণীর লোকের ছেলেরা অনেকে ছাড়িয়া গিয়াছিল। আমার নৃতন পাঠশালাগুলি সম্বন্ধে আমি বিশেষ দৃষ্টি রাথিয়াছি এবং বলিতে পারি যে ইহাদের সম্বন্ধে সেরূপ কিছু ঘটে নাই। কিন্তু আমি ওগুলিকে শুধুই নিম্নশ্রেণীর (মানে্দ্) জক্ত নিৰ্দিষ্ট স্থলে পরিণত করা সম্ভব মনে করি না এবং যে ব্যবস্থামুষায়ী কার্যা (স্কীম্) চলিতেছে তাহার ঐরপ উদ্দেশ্য বলিয়াও মনে হয় ন। !

২১। "বর্ত্তমান ব্যবস্থা গ্রামবাদীগণকে তাহা**দের নি**ক্লে দের ক্ষুলগুলির উন্নতি সাধনে যত্ন করিতে বলিতেছে ; যে স্থলগুলির উপর সরকারী টাকা থরচ হইতেছে সেগুলিকে রক্ষা করার জন্ম তাহাদিগকে দায়ী করিতেছে, এবং ছাত্রদিগকেও 'ঝুল-ফি' কিছু কিছু দিতে বলিতেছে। প্রকৃতপক্ষে যাহারা নিজেদের উল্লাভর জর্ম দুচেই তাহাদেরই সাংখ্যা করিতেছে—তাহাই গ্রাণ্ট-ইন-ঃ্র্রড ব্যবস্থার ু্লস্ত্র।∗ বিশেষ অমুসন্ধানে জানা গিয়াছে যে পাঠশালার গুরুরা ছাত্র-দত্ত-বেতনে, দিধায়, উপহারে মাদে অনানপাঁচ টাকা পাইতেন ; এখনও সেদিক দিয়া অন্যন পাঁচ টাকা পাইয়া পাকেন; যাহা সাধারণে দিতেছিল তাহার 'স্থলে' দরকারী খরচ না. কর্মর (নেভার দবন্টিটিউটিং ষ্টেট দপোর্ট ফর প্রাইভেট কটি বিউশনস্। নীতি অক্ষুত্রই রাখা হইয়াছে। ফলতঃ বর্ত্তমান অবস্থায় প্রকৃতপক্ষে 'গ্রাণ্ট-ইন্-এড' নিয়মের ব্যতিক্রম না করিয়া পাঠশালায় শিক্ষিত গুরু নিযুক্ত এবং পাঠশালাগুলি গ্রামের দলাদলি উপলক্ষে বন্ধ হইবার ভয় হাতে মপূর্ণ-ভাবে রক্ষিত, হইতেছে। তাহা সাধারণ প্রাণ্টইন-এড নিঃমাবলীর দারা সংসাধিত হইত না।

২২। "দরিজ নিম্নশ্রেণীর (মাদেদ্) জন্তই নির্দিষ্ট স্থলগুলির সমস্ত খরচই সরকারী তহবিল হইতে হওয়া আবশ্যক; পুস্তকাদিও বিনামূল্যে

^{*} The present scheme requires the people to set about the improvement of their own schools, it requires them to be bound on heavy penalties to keep up the schools upon which Government money is expended, it requires the payment of fees by the children who attend the schools; in short it proceeds entirely on the principle of the grant-in-aid system of offering help to those who help themselves—[Report of 1863-64.]

দতে হয়; এমন কি বস্ত্র অর্থ এবং আহার্য্য ঘুস স্বরূপে দিয়া উহাদের কলে নির্মাত অধ্যার জন্ম ইচ্ছার উদ্রেক করিতে হয়। কিন্তু কমশঃ সকল বড় বড় গ্রামে উন্নত পাঠশালা স্থাপিত হইয়া গেলে, ঐ সকল পাঠশালার গুরুদিগকে মাসে মাসে অন্ন কিছু দিলেই তাহাদের দার। নৈ বিদ্যোল্যু সকল স্থাপিত হইতে পারিবে। তাহাতে দৈনিক কার্য্যের ক্যায়ের না হওয়ীয়া মজুর শ্রেণী হইতেও কতক লোক অল্পে অল্পে আসিয়া কিছু কিছু শিকালাত করিতে পারিবে।"

২০। "মার্কিন দেশে দরিত্র স্থুলের পরীক্ষায় বৃত্তি দেওয়া হইয়া থাকে; অনেক ধনী ব্যক্তি তথায় ঐরপ বৃত্তি স্থাপনের সাহায্য করিয়াছেন। আমার ডেপ্টি ইন্স্পেক্টরেরাও জমিদারদিগের নিকট আবেদন করিয়া ছই একটি ঐ ভাবের বৃত্তির ব্যবস্থা করিতে পারিয়াছেন। গবর্ণনেইও অল্ল খরচে কতকগুলি বৃত্তি স্থাপন করিয়া দিলে পাঠশালাগুলির ইজ্জত বাড়ে; সর্ব্ব নিম্নশ্রেণীর একান্ত দরিদ্রের পক্ষেও বিশ্ববিদ্যালয়ের উর্ক্তশিক্ষার পথ উন্মৃক্ত হয় এবং ইংরাজ সংসর্গে যে সামাজিক পরিবর্ত্তন অবশ্রস্তাবী * সে দিকেও সহায়ক হয়।" [—"এখন সক্রি শ্রেণীর উল্লিক্তি সহ হিন্দুর উন্নতির দিন আসিয়াছে"—পিতার এই আশার উত্তিক ভদেব বাব স্বাদাই মনে রাখিয়া চলিয়াছেন।]

২৪। "বাবু শিশির কুমার ঘোষ, খুলনার ডেপুট ইন্ম্পেক্টর, লিথিয়াছিলেন:—(১) খুলনায় অনেক ভদ্রলোকের বাস; প্রিধিকাংশেই কায়স্থ। (২) পাঠশালার জন্ম গুরুর নির্বাচন গ্রামবাসীদিগের হন্তে থাকা ভাল নয়, উহা ডেপুট ইনম্পেক্টরের হন্তে আসা উচিত (৩) যে গ্রামের

^{*}Calculated to bring to maturity that indipient social revolution which must be the result of England's connection with India, as the opening up of the highest university education to the lowest order of the native community.

পাঠশালা সে গ্রামের গুরু হওয়া ভাল নয়, (৪) এখন ছোট জাতের (কেন্ত্রা) গুরুর নির্বাচন-রোধ যতটা ন্যায়পরায়ণতা দেখাইয়া (শো অক্ত্রাজ্ঞান্ত) করিতে পারা যায়, তাহা করাই ভাল শে

সেক্রেটারী অফ ষ্টেট (ইণ্ডিয়া আফিদ লণ্ডন ২৩।৭।১৮৬৪) গবর্ণর জেনারেল বাহাত্বকে প্রেরিত শিক্ষাদ্যস্থায় পত্রে দেশীয় সাম্পর্ক (ইণ্ডিজিনদ্) পাঠশালার গুরুমহাশয়দিগকে কিছু শিক্ষা দিয়া কুন্থ অল্প রুন্তি দিয়া তাহাদের কার্য্যে ফিরাইয়া পাঠানর ব্যবস্থায় প্রাথমিক শিক্ষা বিস্তার উত্তমরূপ হওয়ার আশা প্রকাশ করিয়া লেখেন,—'আমি এই কার্যোর পরিচালন জন্ম বিশেষ ভাবে নিযুক্ত ইনম্পেক্টর বাবু ভূদেব মুখোপাধ্যায়ের রিপোর্ট বিশেষ মনোযোগের সহিত পাঠ করিয়াছি এবং তাহাতে উক্ত কর্মচারীর ঐকান্তিকতা এবং স্থব্দ্ধি এবং গবর্ণমেন্টের এই ব্যবস্থায় যতটা উন্নতি হইতেছে তাহার প্রকৃত্ত বারণা উপলব্ধি করিয়াছি বিশেষ তৃষ্ট হইয়াছি।" ক

^{*} নির্ভীক দেশীয় দৈনিক অমৃত বাজার পত্রিকার স্থাপরিতা, অমিয় নিমাই চরিতের ভক্ত বৈঞ্ব লেখক ৺শিশির বাবু তথন অলবংক। মানুবের মত যে কত বদলাইয়া যায়—কত উম্বৃতি যে হইতে পারে—চাঁহার এক সমদ্যের এই কথাগুলি তাহার নিদর্শন ফরপ বোধ হওয়াতেই উহাদের উল্লেখ করা হইল। তথন শিশির বাবু স্থানীয় দেশীয় লোকদিগের অধিকার তাহাদের গ্রামা পাঠশালাগুলিঁতেও থর্ক করিতেইচছুক; এবং 'নিম্ম শ্রেণীয় প্রতি বিরূপ। কিন্ত চিনি যাবজ্ঞীবন ভূদেব বাবুর প্রতি একান্তই ভক্তিমান ছিলেন এবং ভূদেব বাবুর দেহান্তের পর লিথিয়াছিলেন—"আমি রম্বুনাথ ও রমুন্দ্রের ধারায় বাঙ্গালায় অত্যুজ্জল ব্রাহ্মণ পণ্ডিত শ্রেণীর শেব আদর্শ ভূদেব বাবুতে দেখিয়াছি।"

[†] I have perused with much interest the report of Babu Bhoodeb Mukherjee, the inspector specially appointed to Super-intend the working of this system and have been much gratified at that officer's zeal and intelligence and the correct comprehension manifested in his report of the progress of the Government in the establishment of the system.



৺বামাচরণ বক্ষ্যোপাধ্যায়।

ভিরেক্টর সাহের ঐ পত্রের ঐ অংশ উদ্ধৃত করিয়া (৩০৮৯ নং ২২।
১০ ১৮৮৬২) ভূদেব বাব্র জ্ঞাতার্থে পাঠাইয়া দিলে মেডলিকট্ সাহেব ভূদেব
বাব্র সহিত দেখা করিয়া তাঁহার সৌভাগ্য জন্ম আনন্দ প্রকাশ
(বিশ্বানুলেট্) করেন। ভূদেব বাব্ বলেন,—"তোমরা যে আমাকে
তালবাস এবং ভাটি বলিয়াছিলে তাহা আমি জানি; ইহাতে নৃতন কি
হইল থেঁ শ্লেজন্ম আনন্দ প্রকাশ ?" মেডলিকট সাহেব হাসিয়া বলেন,—
"ইহাতে কর্মক্ষেত্রে বিশেষ উপকার আছে; এখন অল্পকাল মধ্যে কেহ
তোমার উপর চটিলেই 'অন্প্র্ক্ত' বলিয়া ফেলিতে সংহ্স করিবে না।
চৌকিলারের রিপোর্টের উপর ভিত্তি করিয়া যদি গবর্ণর জেনারেল কিছু
বলেন, তথন ভাহা আর চৌকিলারের রিপোর্ট থাকে না—তাহা গবর্ণর
জ্বনারেলের উক্তি হইয়া য়ায়।"

ভূদেব বাবুর দিতীয়া কন্সার বিবাহ উত্তরপাড়ার ৺বামাচরণ বন্দ্যো-পার্ধ্যায়ের সহিত হইয়াছিল। তিনি হাইকোর্টের উকিল এবং উত্তরপাড়া হিতকরী সভার সম্পাদক ছিলেন। ইহাঁর পিতা ৺জগদ্ধ বন্দ্যোপাধ্যায় মহাশয় একান্ড নিকট জ্ঞাতির 'জামিন' হইয়া ৫০ হাজার টাকার দায়ে পাড়িয়াছিলেন। 'কিন্ত তাঁহার পূণ্যবলে পুত্রদ্বম (কনিষ্ঠ পুত্র এলাহাবাদ তাইকোর্টের জজ প্রীযুক্ত প্রমদাচরণ বন্দ্যোপাধ্যায়) ক্যতি হইয়া ক্রমশঃ দেই ঝণ শোধ করিতে পারেন। ভূদেব বাবুর এই কল্প, এক পুত্র (৺ ক্ষেত্র মোহন বন্দ্যোপাধ্যায়, যুক্ত প্রদেশে মুন্সেফ ইইয়াছিলেন) এবং এক কল্পা (উত্তরপাড়ার জমিদার প্রীযুক্ত রামনারায়ণ মুখোপাধ্যায়েষ সহিত বিবাহ হয়) রাখিয়া যান।

১২৭১ সালের বৈশাথ (১৮৬৪ মে) মাস হইতে ভ্রেব বাবু শিক্ষাদর্পণ নামক,একথানি মাসিক পত্র প্রকাশ করেন। উহার আকার ফুলঙ্কেপ ফুই ফর্মা (৮ পৃষ্ঠা) এবং অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত দেড় টাকা ধার্য্য হয়। তথন সম্বাদ পত্র পাঠাইতে ৴০ করিয়া মাণ্ডল লাগিত। অনেকটা কৃপমণ্ডুকবৎ গ্রামাগুরু মহাশয়দিগের স্থলে যে সকল ট্রেনং স্থলের উত্তীর্ণ শিক্ষক উন্নত পাঠশালায় কার্য্য করিতে বদিতেছিলেন তাঁহারা সকল দিকেই উজ্জ্বল হইয়া উঠেন, একটু দেশের সমাদ পানু এই পলী গ্রামের ছাত্রেরাও তাঁহাদের নিকট হইতে একট্রের প্যাঁপ্ত দেখিকে-निर्यत, এই প্রিক। প্রচারের ইহাই উদ্দেশ্ত ট্রিল এবং 🚁 हजन 'পাঠশালার পণ্ডিতদিগকে' কাগজটা (অদ্ধয়ল্যে ডাকমাণ্ডল নহিত বার্ষিক আঠার আনা নাত্র মূল্যে) দেওয়া হইত। প্রায় সাত শত গ্রাহক হয়। পত্রের অধিকাংশ ভাগই ভূদেব বাবু নিঞ্চে লিগিতেন। তাঁহার পিতার লিখিত বাল্মিকী রামায়ণের অধ্যাত্ম ব্যাখ্যা (ইহা বিশ্বনাথ রামায়ণ নামে পরে পুস্তকাকারে প্রকাশ করেন) এবং তাঁহার নিজের লিখিত বালালার ইতিহাদের কতুঁক অংশ ইহাতেই প্রথম প্রচারিত হইতে আরম্ভ হয়। ইতিহাসথানি বীডন সাহেবের আমল প্র্যান্ত লিখিত হইয়াছিল এবং ভূদেব বাবুর দেহান্তরের পর 'বাঙ্গালা ইতিহাস তৃতীয় ভাগ' নামে প্রকাশিত হইয়াছে। তাঁহার প্রিয় ছাত্র ৮ শরচ্চন্দ্র চট্টোপায়ায় * এবং ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য, ভেপুটী ইনম্পেক্টর (পরে কবিরাজ) ৺যশোদানন্দন

^{*} ৬ শরৎ বাব্র সরস বাঙ্গালা কবিতার উদাহরণ স্বরূপ স্কুল কলেজে নির্দিষ্ট পাঠা রিচার্ড সনের সিঙ্গক্সনে মুদ্রিত 'রাজপুতন লাামেন্টের' অনুবাদের কয়েক ছতা উদ্ধৃত করিতেছি।—

কোথাতে বীরেক্ত বৃন্দ নরকুল মনি। প্রতাপে যাঁদের হায় কাঁপিত ধরণী ॥

মহামনা মহাবলী বিনা তোমা সবে। জাতি স্বন্ধন ভার অস্তে কি সম্ভবে। আলেও কি দিবেনা হায় করিয়াছ মনে। স্বাধীনতা বীজমন্ত্র স্বজাতির কানে।

আপনার স্বাধীনতা আপনি বজার। প্রতিজ্ঞা এখন এই রাখিব নিশ্চয়।
---এই ইংরাজী কবিতার "হুজ্পড্ইজ্পোল্ড" অমুবাদে হয় "টাকা যার ইষ্ট দেব।"

লারকার, ৺ রামগদি ভাষরত্ব প্রভৃতি কয়েকজনের প্রবন্ধ ও কবিতা ইহাতে প্রকাশিত হইয়াছিল।

শিক্ষাদর্পণের নম্না স্বরূপ কয়েকটা স্থল উদ্ধৃত হইতেছে:—

- ১১ ৷ "যে সকল দেশে বিদ্যা-চর্চার বাহুলা এবং বিদ্যালয় ও শিক্ষক ংখ্যার আধেক) ইইয়াছে সর্বজ্ঞই শিক্ষা-প্রণালী প্রদর্শক এবং তৎসম্বন্ধীয় সমাদ আয়ুষক সাম্পিক পত্রিকা সকল প্রচারিত হইতে থাকে! * * বান্ধানা দেশের একণে দেই অবতা উপস্থিত হইয়াছে কিনা নিশ্চয় বলিতে পার। যায় না । * * যাহাদের নিকট এই পত্রিকা ঘাইবে যদি তাঁহাদের মন্যে অনেকে ইহা গ্রহণ করিবার ইচ্ছা প্রকাশ করিয়া অগ্রিম মূল্য প্রেরণ করেন তবে বুরিব যে দেশ মধ্যে যাহাতে এমন একথানি কাগজ চলে দেশের তাদৃশ অবস্থ: উপস্থিত হইয়াছে। * * পলীগ্রামের লোকেরা কোন ভালকথা শুনিতে পান না—তাঁহাদের মধ্যে কেবল দলীদলির এবং নিমন্ত্রণের কথাই হইয়া থাকে—অতএব * * কতকগুলি করিয়া সন্থাদ উদ্ধৃত করিয়া দিলে তাদৃশ লোকদিগের অনেক উপকার দর্শিতে পারে * • নিতান্ত প্রয়োজনীয় ব্যবস্থা সম্বন্ধে সার সংগ্রহ করিয়া দিলে পজিকার উপকারিতা বৃদ্ধি হইতে পারিবে। ফলতঃ শিক্ষা শব্দের অর্থ কিঞ্চিৎ প্রশন্ত করিয়া লইলে শিক্ষা-দর্পণের মধ্যে লিখা যাইতে না পারে এমন কথাই নাই। জর্মণ দেশের একজন স্থপ্রসিদ্ধ পণ্ডিত কহিয়া গিয়াছেন যে, শিক্ষা গ্রহণ করাই পৃথিবীতে জন্ম গ্রহণ করার একমাত্র উদ্দেশ্য * *।" [প্রথম সংখ্যা হইতে।]
- ২। "আমাদের দেশের প্রকৃত ঐতিবৃত্তিক,বিবরণ এ পর্যান্ত কিছুই সঙ্কলিত হয় নাই। তাহা না হওয়ার কারণ দেশীয় লোকদিগের কুসংস্কার এবং গুবর্ণমেন্টের ভয়। দেশীয় লোকের কুসংস্কার এই যে, তাঁহারা এমত সকল ব্যাপারে গ্র্ণমেন্টের সহায়তা করা দূরে থাকুক, পাছে নৃতন করা-

দানের সোপান হয় এই সন্দেহে গবর্গমেণ্টের প্রতিকুলতাই করেন; পিকান্তরে গবর্গমেণ্টের ভয় যে পুলিশ কর্মচারীদিগের দারা কোন কাজ নির্বাহ করিতে গেলে প্রজ্ञাপীড়ন হইয়া উঠে। কিন্তু আমাদের অন্নমান হয়, এক্ষণে এড়কেশন ডিপার্টমেণ্টের কর্মচারীগণ প্রজ্ञাসাধারণের সমক্ষেত্র প্রমান প্রদান ভাজন হইয়া উঠিয়াছেন যে গবর্গমেণ্ট বিশেষ্ট্র প্রকাশক্ত নারলে উহাদিগের দারা দেশের প্রকৃত ঐতিবৃত্তিক বিবরণ অনেকটা সংগ্রহ করিতে পারেন। সম্প্রতি কোন একটা জিলা লইয়া আরম্ভ করিয়া দেখিলে হয় এড়কেশন ডিপার্টমেণ্টের কর্মচারীগণ তাহার অধিবাসী সংখ্যা এবং অভান্থ বিবরণ বিবরত করিয়া দিতে পারেন কিনা।"

ছিয় বংশর পরে প্রথম দেন্দন্ (লোক গণনা) অনেকটাই শিক্ষা-বিভাগ সংস্ট কর্মচারীদিগের সহায়তায় করা হয়; রাজকার্যাদির ব্যবস্থা সধক্ষে ভূদেব বাবুর এতটাই সুক্ষা এবং 'দূর দৃষ্টি' ছিল।

৩। "মহুষ্যের ধর্মকেই মহুয়্যত্ব বলে। • * অপরাপর জীব একপ্রকার অপরিবর্ত্তনীয় সংস্কারের অধীনে কার্য্য করে। । * * পশুরা
ভয় পাইলেই পলাইবে, ক্রুদ্ধ হইলেই অনিষ্ট চেষ্টায় ধাবমান হইবে,
ক্ষ্বিত হইলেই থাইবে, শ্রান্ত হইলেই বিশ্রাম প্রাপ্তির চেষ্টা করিবে।
মহুয়্যেরাও ঐরপ ব্যবহার করেন বটে, কিন্তু তাহা তাদৃশ অবশ্রনিয়তরূপে প্রতীয়মান হয় না। মহুষ্যেরাও ক্রুদ্ধ হইলে মারিতে যায়,
কিন্তু মনে করিলে ক্রমা করিতেও পারে। মহুয়্যেরা ক্ষ্বিত হইলে থায়,
কিন্তু মনে করিলে দেই সুময় উপবাসেও যাপন করিতে পারে। এই
স্বেচ্ছাধীনতাই মহুয়্যের বিশেষ ধর্ম। আমি করিব, আমি বাড়িব, আমি
ওরপ হইব না, ইত্যাকার চিন্তা কেবল মহুয়্যের পক্ষেই সঙ্গত। * *
বে সকল মহুয়্যের এই শক্তি প্রবল তাহাদিগের সমুদায় মনোর্ত্তি এবং

ইন্দ্রিয়বৃত্তি ইহার একান্ত অধীন। তেমন লোক কোন মহন্তয়ের কারণ
উপস্থিত হইলে যদি ভয় পাইব না মনে করিয়া থাকেন, তবে কিছুতেই
তাহার ভয় হইবে না। যদি আলস্থ করিব না মনে করিয়া থাকেন, তবে
আঁঠ আলস্থ তাহার সমীপবক্তী হইবে না। অথে প্রমন্ত হইব না মনে
ক্রিলে, স্থথ আর' তাঁহাকে মৃশ্ধ করিতে সমর্থ হয় না। * * * মনের
জারই এক্ত মন্থার ! * * এই মনের জারেই মন্থারা ঈপ্সিত
লাভ করিতে পারে।

- ४। "বাহা প্রচলিত রীতির অবিরুদ্ধ হইয়া অভীপ্সিত ফল প্রসবে
 সমর্থ হইবে, দেইরূপ কোন প্রণালীর অমুসরণ করাই বাস্তবিক কার্য্যকারী
 অপর কেবল বৃদ্ধির প্রাথব্য প্রদর্শন এবং বাগাড়ম্বর মাত্র।"
- ে। "ইংলণ্ডের রাজামাত্য এবং রাজকর্মচারীগণ অনেকেই বড় মাহুষের ছেলে। ইংলণ্ডের বড় মাহুষেরাও কেই এমত মনে করেন না বৈ আমাদের ছেলেরা আর কি জন্ম পরিশ্রম করিবে ? কি জন্ম কষ্ট পাইয়া লেখাপড়া শিখিবে ? কোম্পানীর কাগজে নামটা সহি করিতে পারিলেই যথেষ্টাইল।"
- ৬। "সংস্কৃত ভাষায় আদি মহাকবি বালাকির রচনায় কোন ক্রিম অলঙ্কারের পারিপাট্য নাই। মহামুনি যেন সহজে কথা কহিয়া গিয়াছেন এমনই বোধ হয়। বাঙ্গালা ভাষার এই প্রথম অভ্যুদয় কাল। কিন্তু ইহাতে সারল্য এবং স্বভাবোক্তির প্রতিভা লক্ষ্য না হইয়া শন্ধালন্ধারের প্রতিভা সমধিক লক্ষ্য হইয়া থাকে।" [এক্ষণে সংস্কৃত হইতে শনাড্রু স্বের অনেকটা হ্রাস হইয়াছে; কিন্তু ইংরাজী ধুরণে এবং অবোধ্যভাবে শন্ধ বিস্থানের আগ্রহ কাহার কাহার রচনায় অভাধিক!]
- ৭। "ইংরাজদিগের প্রাধান্তের হেতু বিভাও নয়, বৃদ্ধিও নয়, ধর্ম-শীলতাও নয়। ইহাদের প্রাধান্যের হেতু এই যে, উহারা ভাঙ্গা মানুষ

নহে—উহারা 'গোটা' মামুষ। মেষের পাল নহে। আপনাপন বৃদ্ধি ও ক্ষমতার উপর নির্ভর করিয়া চলে; তাহাতে বৃদ্ধি ও ক্ষমতার বৃদ্ধি হয়। ঠেকা দেওয়া গাছ অল বাতাদেই পড়িয়া যায়। যে গাছ আপনার শিকড়ের জোরে বৃদ্ধি পায় দৈ ঝড়েও পড়েলো।"

৮। "গ্রীস দেশের মধ্যে স্থানে স্থানে মেলা প্রদর্শনের রীতি ছিল্পাতথার বিবিধ মল্লকীড়া. সংগীত, বাদ্য, অভিনয়, গ্রন্থ রচনাং প্রভৃতির পরীক্ষা লওয়া হইত। আমাদের এই সকল মেলাতেও কেন তাহাও হউক না? যোড় দৌড়, বন্দুক ছোঁড়া, তলােয়ার থেলা, সাঁতার দেওয়া, লাফাইয়া উঠা প্রভৃতি বল এবং লক্ষ্য জ্ঞানের কার্য্যে দক্ষতা প্রদর্শন করার বড় বড় জমিদার এবং ভদ্রলােকের সন্থানেরও কান দােষ নাই। পরসার প্রত্যাশা করিলেই দােষ হয়। নচেং শরীরে বল থাকা অত্যন্থ সৌভাগ্যের বিষয়, তাহাতে সন্দেহ কি ? * * গ্রীকেরা যেমন প্রত্বিনিম্মিত মৃকুট পারিতােষিক পাইয়া স্বর্ণময় রাজমুকুট অপেক্ষাও অধিক গৌরবের পদার্থ বােধ করিতেন, আমাদের এথানেও পুস্পময় মৃকুট বা মালা পারিতােষিক হইবে।"

ত। "আমরা এই দেশের লোক। ইহার জল বাতাস, ভূমি-প্রস্ত দ্রবাদি, ইহার রৌদ্রের তাপ প্রকৃত অবস্থায় থাকিলে, কিছুই আমাদের পক্ষে হানিকুর হইতে পারে না। জননী যদি পীড়িতা না হয়েন তবে তাঁহার স্বত্তই শিশুর স্ব্রাপেক্ষা উৎকৃষ্ট জীবনোপায়। বাঙ্গালীর পক্ষে বঙ্গুমিও পেইরূপ। * * আমরা চেপ্তা করিহা। আপ্রনাদিতেগর অবস্থা দিনে দিনে ভাল করিহা। লইতে পারি। * * এক সময়ে ইংরাজদিগের দেশও বদ্ধ জলাশয়ে পরিপূর্ণ ছিল; তথন ইংলত্তের লোকেরা পালাজর এবং প্লীহাদি-রোগে নিরন্তর হৃঃধ পাইত। * * তাঁহারা ক্রমে ক্রমে তাহাদিগের



৺গোবিন্দদেব মুখোপাধ্যায়।

দেশের বাদা ভূমি •সমূহকে পরিশুক্ষ ও স্বাস্থ্যকর করিয়া তুলিতে লাগিলেন। এথনকার ইংরাজেরা পূর্ব্যকালের ইংরাজদিগের অপেক্ষা স্বল শরীর এবং দীর্ঘায়ু হইয়াছেন। ইহাতেই বোধ হয় যে দেশের থে সকল দোষে লোকের সর্ব্যদা পীড়া হয় সেই সকল দোষ অপ্রতিবিধের নহে।"

- ২০। এথেমন পালিয়ামেণ্ট সভা অপরাপর রাজ কাথ্যে প্রজাসমন্তির প্রতিভূ, জুরিরা বর্মাবিকরণ কাথ্যে সেইরূপ প্রজাসমন্তির প্রতিভূ মাত্র। কিন্তু আন্দেশের বিষয় এথনও এদেশে এমত লোক আছেন যাহার। জুরিতে যাওয়া এক বিষম বিপদ জ্ঞান করেন।"
- ১১। "বথার্থ হিন্দুধর্মের এমন প্রকৃতি নয় যে উহা অন্ত ধর্মের প্রতি বিদেষ প্রবৃত্তি প্রদান করে। 'প্রকৃত আন্তরিক বিশাস' বশতঃ পিতৃধর্ম পরিত্যাগ করিলে হিন্দুর চক্ষে সেই ব্যক্তি যে অধার্মিক এবং বিদেষভাজন হয়েন'না, প্রহলাদ চরিতই তাহার স্কুম্পন্ত প্রমাণ।"
- ২২। "দেশে বড়মান্ত্র থাকা ভাল বটে, কিন্তু ভাহারা 'প্রকৃত বড়' মান্ত্র হ'লেই দেশের মঙ্গল ২য়। নচেৎ ভাহাদিগের দারা অপকার বই উপকার হয় না।"
- ১৩। "আমরা বলি বি, এ, পর্যান্তই কলেজে পড়া হউক। পরে পাঠ সমাপন করিয়া যিনি পারিবেন তিনি এম, এ হইবার নিমিত্ত পরীক্ষ। দিবেন। এণ্ট্রান্স পর্যান্ত অঙ্ক, ভূগোল, ক্ষেত্রতত্ব, ইতিহাস এবং পদার্থ-বিদ্যা বাঙ্গালায় শিক্ষা দেওয়াই বিধেয়।"
- ১৪। "দাহায্য দানের প্রণালী অতি উৎক্টা যে ব্যক্তি কাহার সহায় হয়, সে ব্যক্তি প্রবলতর হইলেও কার্যক্ষেত্রে প্রধান হয় না। যাহার সহায়তা করিতে যায় সেই প্রধান হয় এবং সে স্বয়ং গৌণ হইয়া থাকে। কিন্তু সাহায্য প্রদত্ত স্থুলে আহাদিকে সোল ক্ষা তাহারা অপ্রধান

হইয়া পড়েন; অর্থাৎ ইন্পেক্টরেরাই সর্ব্বেসর্বা হইয়া উঠেন! এই ব্যাপারটী আমাদের মনে ভাল বোধ হয় না।"

১৫। "এখন ইংরাজী শিক্ষা দিবার যে প্রণালী আছে তাহা বাক্ষা-' লীর সন্তানদিগকে ইংরাজী শিখাইবার উপযুক্ত নহে; * * ভাহাতে শব্দের শিক্ষাই হয় * * পরিক্ট জ্ঞান জন্মে না এবং ইংরাজীতে ক্লত-বিদ্য ব্যক্তিরা স্বয়ং সিদ্ধ হইয়া আপনাদিগের বিদ্যা বৃদ্ধি স্থেবা কোন নৃত্ন তথ্য প্রকাশ করিতে সমর্থ হয়েন না।"

১৬। "ইংরাজের রাজ্য হইয়া আমাদের দেশে এক নৃতন পদ্ধতি প্রবর্তিত হইয়াছে। আহার স্থেরাক স্ট চ্ছে। সেইরা প্র করা। এ পদ্ধতি সকল বিষয়েই প্রয়োগ হইতেছে। স্থতরাং দেশীয় ভাষার প্রতিই বা পরিচালিত না হইবে কেন? যাহার যাহা ইচ্ছা লেখ। বন্ধীয় সরম্বতীর এই বারোয়ারী পূজাতে সকলেই পুরোহিত; সকলেই কর্ত্তা; সকলেই নিমন্ত্রিত!"

১৭। "যদি গবর্ণমেন্ট পাঠাশালাগুলির প্রতি রুপাদৃষ্টি করিলেন, তবে টোলগুলিই বা কি জন্ম অন্থ্যহভান্তন না হয় ?"

১৮। "ভাষা ভেদই জাতিভেদের অসাধারণ লক্ষণ। যে সকল লোকের মাতৃ (জাতীয়) ভাষা এক প্রকার, কাহাকেও বহি পড়িয়া শিগিতে হয় না, মকলেই সাধারণতঃ পরস্পরের কথা বৃদ্ধিতে পারে, তাহার। এক জাতি। * * জাতি থাকায় তেজস্বিতা, স্বাধীন বৃদ্ধিমত্তা প্রভৃতি যে সকল শুভ ফল দর্শে তাহা আমাদিগের মাতৃ ভাষার উন্নতি-সহকারেই ঘটতে পারে। আর যে প্রকারে উৎকর্ষ হউক না কেন তাহা ব্যক্তিগত অথবা সম্প্রদায়ণত হইবে, জাতিগত হইবে না।"

১৯। "এদেশে জলকট্টই অন্ন কটের কারণ। অনেক বড় ব্ড় নদী রহিয়াছে। গ্রথমেন্ট যেমন ১৮৩৭।৩৮ অব্দের তুর্ভিক্ষের পর উত্তর পশ্চিম অঞ্চলে গন্ধার থাল প্রস্তাত করিয়াছিলেন উড়িয়ার এই তুর্ভিক্ষের পর দেখাননেও দেইরূপ কন্ধন । [উড়িয়ার নদীগুলিতে বাঁধ দিয়া গবর্গমেন্ট ক্ষেত্রে জ্ল সেচনের স্থবিধা করিয়া দেওয়ায় উড়িয়ায় ১৮৬৬ অব্দের ভীষণ তুর্ভিক্ষের পর, আর সেরূপ অল্পক্ট হয় নাই।] হিন্দু রাজা এবং জমিদারেরা যে দক্ষ পর, আর সেরূপ অল্পক্ট হয় নাই।] হিন্দু রাজা এবং জমিদারেরা যে দক্ষ স্থবং দীর্ঘিকাদি থনন করিয়া দিয়াছেন এবং যাহা পুরিয়া ষাইতেছে, জমিদারেরা তাহার সংস্কার করিয়া দিউন। নিরীক বাড়াইবার উপায় অন্থসন্ধান মাত্র না করিয়া, ধাত্র বৃদ্ধির পথ বাহির করা আবশ্যক। যবদীপ আমেরিকা প্রভৃতি কোথাও কোথাও বিঘা প্রতি ২৭ মণ ধাত্র হয়।"

- ২০। "যে দেশ যত অধিক স্বাধীন এবং প্রজাতন্ত্র সেই দেশে চাকুরীর গৌরবও সেই পরিমাণে ন্যুন হইয়া থাকে। মার্কিনের। সর্ব্বাপেক্ষা সমধিক স্বাধীন জাতি। উহাদের দেশে চাকুরীর সমাদর কিছুমাত্র নাই। এমন কি উহাদিগের দেশের সর্ব্বপ্রধান ব্যক্তির। অদেশের প্রেসিডেন্ট হইতেও ইচ্ছা করেন না।"
- ই১। "ভিন্ন জাতীয় লোক রাজা হইলে সহজেই যে একটী দোষ ঘটবার সম্ভাবনা উড়িয়ার তুর্ভিক্ষ সম্বন্ধে বীডনসাহেবের সেই দোষই হইয়াছিল। তিনি ইংরাজ উচ্চ কর্ম্মচারীর কথায় বিশ্বাস এবং এদেশীয়দিগের চরিত্রে অবিশ্বাস করিয়াছিলেন। কোন্ ইংরাজ গবর্ণনরের এ দোষ না হইতে পারে ? কালেক্টর সাহেবেরা অন্ন তুর্মূল্য হইয়াছে বলিয়া সংবাদ দিয়াছিলেন এবং সেই সঙ্গে ইহাও বলিয়াছিলেন যে মহাজনদিগের গোলায় যথেষ্ট ধান্ত মজুদ আছে; ইংরাজ কর্মচারীদিগের বাক্য প্রমান বীডনসাহেব দেশীয় মহাজনদিগের চক্রান্তেই বিশ্বাস করিয়াছিলেন! তিনি রেভিনিউবোর্ডের উপর ত্র্ভিক্ষ, বিষয়ক তাবং অন্থ-সম্বানের ভারার্পণ করেন। রেভিনিউবোর্ড বলিতে লাগিলেন—চাঁদা করিয়া টাকা সংগ্রহ করিবার প্রয়োজন নাই।

বীতনদাহেব মিউনিদিপাল প্রণালী প্রবর্ত্তিত করিয়া এদেশের ভাবী মঙ্গলের একটা প্রধান দোপান প্রস্তুত করিয়াছে।; তাঁহার মত্নে জুরি প্রণালী এদেশে বন্ধমূল হইয়াছে; শিক্ষা সমন্ধীয় কার্য্য স্থানমবর্দ্ধিত হইয়াছে; এবং দিবিলিয়ানেরাও স্বেচ্ছাচারী হইলে পদ্চাতঃ হইতে পারেন তাহার চিহ্ন দৃষ্ট হইয়াছে।

যথন কলিকাতাবাদী সওদাগরেরা কমিটি করিয়া উড়িয়ার সমুদায় কার্য্য নির্ব্বাহের ভার লইয়। ছিলেন, তথন বাডনসাহেব রেভিনিউবোর্ডের দারাই উহা সম্পন্ন হইবে এই কথা বলাতে ইউরোপীয় সওদাগরদিগের কর্ত্ত্বাভিলাষের ব্যাঘাত করা হইয়াছিল। ইংরাজী সম্বাদপত্র সকল ঐ দলেরই অভিমত প্রকাশ করিয়া থাকে। তাহারা যে শতমুখে বীডন-मार्ट्स्वर निन्ता कदित्व हेश जान्हर्या नरह। जामार्त्तव दुः व्यंत विषय বাঙ্গালী সম্পাদকেরাও কেহ কেহ তাঁহাদিগের মতাত্মগামী হইয়াছেন। * * এই সময়ে মৃত মহাত্মা হরিশ্চল মুখোপাধাায় মহাশগ্রক স্মরণ হয়। তাঁহার পূর্বের বান্ধালীরা দকল কথাতেই ইংরাজদিগের অমুবর্তী হইয়া আপনাদিগের মত প্রকাশ করিতেন। যথন মেকলে সাহেব প্রথম 'ব্লাক অ্যাক্টের' প্রস্তাব করেন তথন ৺দ্বারকানাথ ঠাড়ুর এবং ৺র্সিকক্লম্ব মল্লিক প্রভৃতি মহাশয়েরাও ইংরাজ সম্পাদক এবং উকীল বর্গের সহিত যোগ দিয়া 'ব্লাক আক্টের বিরুদ্ধ মত প্রকাশ করিয়া ছिলেন।, इतिम वावू न। थाकिल निभाशी विद्याद्वत नमर्प्य वामानी মহাত্মারা কৈহ কেহ ইংরাজনিগের মন রাথিবার জন্ম যে কি না করিতেন তাহা বলিতে পারি না। এখন সে রামও নাই, সে অযোধ্যাও নাই; দে হরিশ্চক্র ও নাই, দে পেট্রিটও নাই।"

২২। "আজি কালি ইংরাজেরা আমাদের অপেক্ষা অনেক অধিক বৃদ্ধিমান হইয়া উঠিয়াছেন। উহাঁদের বিনিশ্বিত যন্ত্রজাত কিরপ কৌশল দম্পন্ন তাহা পুন্তকাদি পাঠ করিয়াও সম্পূর্ণরূপে ব্রিয়া উঠিতে পারা বায় না। এই 'বঙ্কেই' কাণ্ড ও সেইরপ একটা কল; উহার ফের চক্র সম্প্র ব্রিয়া উঠা ভার। ** সামানা গৃহস্থের পক্ষে আয় ব্যয়ের নিয়ম বেরপ রাজ্যের পক্ষে ও সেই নিয়ম বলবান। বিনি আপনার নিয়মিত আয় হইতে আবশ্রুক বয়য় নির্মাহ করিয়। কিছু সঞ্চয় এবং সেই অথ হইতে বাটার ও সম্পত্তির কিছু কিছু উন্নতি করেন তিনিই পরবর্তীগণের হিতকারী; যিনি ঋণ জালে জড়িত হইয়। বাটা নির্মাণাদি করেন, তিনি সন্ধ্রনাদির উপকারী বলিয়া পরিচিত হইতে পারেন না। প্রস্থাবিত উড়িয়া ক্যান্যালের ন্যায় বিশেষ বিশেষ প্রধান প্রধান কার্যের জন্য ঋণ গ্রহণ হউক। কিন্তু গৈনিকাগার প্রভৃতি পূর্বের যেরপ চলিতে ছিল, সাধারণ রাজস্ব হইতেই অরে অরে চলিতে থাকুক।"

- ২৩। "যেনন গ্রীকেরা কখন আপনাদের জাতীয়ভাব পরিত্যাগ করে নাই—রোমীয়েরাও করে নাই এবং ইংরাজেরাও করিতে ইচ্ছুক নংখ্নি, আমাদিগেরও দেইরূপ থাকা উচিত। সাহেবদের স্থানে শিক্ষা করায় হানি নাই; অনেক উপকারই আছে; কিন্তু একেবারে সাহেব হইবার চিষ্টা দ্বরা নিতান্ত আত্মগোরব বিহীন ব্যক্তির কাধ্য।"
- (২৪) "আরিষ্টটনও বলিয়াছিলেন বেমন বিভিন্ন প্রকার মংস্থের গুণ কিছু কিছু বিভিন্ন প্রকার, সেইরূপ বিভিন্ন মন্থ্য জাতির মধ্যে বিভিন্ন গুণ বিভ্যমান; জাতিত্ব বিনষ্ট হইলে ঐ গুণের বিনাশ হয়। আমরা জাতি-বৈরতার পক্ষপাতী নহি *। ইংরাজেরা সাহসিক, কর্ম্ম, অধাবসায়শীল

^{*} বহুকাল পরে টনি সাহেব কাহাকেও বলিয়াছিলেন (পাবু ভূদেব উইথ হিল সি, আই, ই, আাও ক্ষিক্টান হণ্ডেড এ মন্থ ইজ ছিল আাণ্টি-ত্রিটিশ) "ভূদেব বাবু সি-আই-ই ইইয়াছেন এবং মাসিক পনের শত টাকা মাহিনা পান, তথাপি বিটিশ-বিদ্বেষ্টা।" ভূদেব বাবু ঐ কথা শুনিয়া টনি সাহেবকে লিথিয়া পাঠান ;—"আপনি নাকি আমাকে বিটিশ বিদ্বেষ্টা বুলিয়া উল্লেখ করিয়াছেন ? কথাটা কি প্রকৃত ? আমি স্বদেশের পক্ষপাতী

- * * রাজনীতিকে উত্তমরপ নিয়মবদ্ধ করিয়াছেন। হিন্দুরা বৃদ্ধিমান চিন্তাগরায়ণ, ইন্দ্রিয় দমনশীল, অস্বার্থপর, বিশ্বাসবান। প্রাচীন হিন্দুরা আধ্যাত্মিকভাতে সমধিক প্রবেশলাভ করিয়াছিলেন; তাঁহাদিগের সংস্কৃত ভাষা এবং সংস্কৃত দর্শনশাস্ত্র নব্য ইউরোপীয়দিগের চমৎকারজনক হইয়া বিহিয়াছে। আমাদের এইমাত্র ইচ্ছা যে ইংরাংজেরা যেমন আপনাদের নামের গৌরব করেন আমরাও সেইরপ করি। আমরা সাহেব হইয়া যাওয়া ভালবাসি না। * * যাহার মনে ঐভাব না জ্মিবে তিনি আপনার উন্নতি এবং স্বজাতীয় জনগণের উন্নতি একই পদার্থ বলিয়া ভালিতে পারিবেন না —অথবা তিনি স্বজাতীয়বর্গের অপেক্ষাকৃত অবনতিই আপনার উন্নতি বলিয়া মনে করিবেন। সেই সমুদায়, ক্ষুদ্রাশয় স্বার্থপর ব্যক্তি কথনই কাহার প্রকৃত প্রণয়, শ্রদ্ধা এবং ভক্তির পাত্র হইতে পারে না।
- (২৫) এতদেশীয়দিগের মধ্যে যে অন্থবিকীর্যার প্রাবল্য লক্ষিত হইতেছে তাহারও একটি কারণ স্বদেশ বিষয়ক অনভিজ্ঞতা। আমরা অগুজাতীয় লোকের বিষয়ে যাহা দেখি শুনি বা অধ্যয়ণ করি তাহা অবিকল অন্থকরণ করিতে ধাবমান হই—আমাদের জাতীয় প্রকৃতি দেশের অবস্থা, এবং বর্ত্তমান সামাজিক প্রণালী কিরপ তাহা নবিশেষে জানা থাকিলে ঐরপ কাপুরুষের কার্য্য করিতে প্রবৃত্ত ইইতাম না। * * দেশ, কাল, পাত্র, ভেদে সকল নিয়মেরই পরিবর্ত্তন হইয়া থাকে। কৃতবিদ্যেরা যে সকল নিয়ম শিক্ষা করেন তাহা স্থদেশের উপযোগী করিয়া লইবেন এমন ক্ষমতাসম্পন্ন হয়েন না।"

⁽প্রোইণ্ডিয়ান) বটে কিন্তু তাহাতে কি ব্রিটিশ বিষেষ্টা হইতেই হয় ? ভারতের বার্থ কি সর্ব্বোতোভাবেই ব্রিটিশ স্থার্থের বিক্রন্ধ বিলিয়া আপনি 'অনুভব' করিতেছেন! শান্তি শিক্ষাদি অপর সকল কথা ছাড়িয়া দিলেও রেলের দ্বারা ভারতের সন্মিলন প্রাপ্তির জন্ত আমি যে বাস্তবিকই কৃতজ্ঞ তাহ। আপনি বিশাস করিতে পারেন।" এই পত্রের কোন উত্তর আসে নাই।

- (२७) "यि (मनीय श्रेशन श्रेशन लांक्त्र अकवात मतार्यात इय, ভবে গবর্ণমেন্টও এমত নিয়ম করিয়া দিতে পারেন যাহাতে আমাদের জাতীয় ধর্ম, জাতীয় বিদ্যা এবং জাতীয় শিক্ষাচার্যোরা গৌরবান্বিভ হর্মেন। * * মনে করা যাউক আমাদের পঞ্চাশং সদাশয় ব্যক্তি মাসিক ১০১ কিম্বা ৮১ করিয়া এক একটা বৃত্তি প্রদান করিতে সম্মত হইলেন। ডাহা হইলে আমরা অনুমান করি গবর্ণমেণ্টও অপর কয়েকটী চতুস্পাঠী-বুত্তি মংস্থাপিত করিতে পারিবেন এবং এমন নিয়ম করিয়া দিতে পারেন থেঁ, বে চঁতুপাঠীর ছাত্তেরা উৎকৃষ্ট পরীক্ষা প্রদান করিবেন সেই চতুষ্পাঠীর অধ্যাপক উহারা এক একটা বুত্তি পাইবেন। প্রতি বর্ষে পরীক্ষা গৃহীত হ'ইবে এবং ঐ পন্নীক্ষার ফল বিচার করিয়া বর্ষে বর্ষে বুত্তি নির্দ্ধারিত করিয়া দেওয়া যাইবে। চতুপাসীর একজন প্রধান অধ্যাপক এবং সংস্কৃত কলেজের একজন অধ্যাপক পরীক্ষক নিযুক্ত হইলেই আর কোন পক্ষ হইতে কোন আপত্তি উত্থাপিত হইতে পারিবে না।" [দেশ, কাল, পাত্র, অমুকুল হইয়া উঠিলে, দহবাস-দম্মতি আইন উপলক্ষে আন্দো-লনে হিদুসমাজে অধ্যাপক পণ্ডিতদিগের প্রভাব অমুভূত হইলে, বহু বর্ষ পরে সংস্কৃত উপাঁধি পরীক্ষায় অধ্যাপকদিগকে বৃত্তি দানের এবং ছাত্রদিগকে পুরস্কার দানের ব্যবস্থা গর্নপমেণ্টের হস্ত দিয়াই ঘটিয়া উঠিয়াছে।]
- (২৭), "গবর্ণর জেনারেলের কার্য্য একজন ইংলণ্ডের বড় লোকেরই পাওয়া উচিত। পুরাতন সিবিলিস্থানের। যতই ভাল হউন, ও পদের যোগ্য হইতে পারেন না। তাহাদের দৃষ্টি ক্ষুদ্র এবং স্বপক্ষপাতী হয়।"
- (২৮) "ইংলণ্ডের সহিত যাতায়াতের শ্বিধা বাড়িয়া অবধি অগত্যা ইউরোপীয় কর্মচারীরা পূর্বাপেকায় অনেকাংশৈ বিশুদ্ধ চরিত্র হইয়া উঠিয়াছেন। টেলিগ্রাফ চলিতে আরম্ভ হওয়াতে প্রাতঃশারণীয় লর্ড ক্যানিং আপনার কর্ত্তবে চরমাবস্থায় বে চুক্তি ভলের অন্তায়া আইন

করিতে প্রস্তুত্ত ইইয়াছিলেন, ষ্টেট সেক্রেটারী মহোদুয়ের অহুগ্রহে আমর।
তাহা হইতে রক্ষা পাইয়াছিলাম। বর্ত্তমান ষ্টেট সেক্রেটারী এ দেশীয়দিগকে সিবিলিয়ানের কশ্ম দিবার অভিপ্রায় প্রকাশ করিতেছেন;
এদিকে গবর্ণর জেনারেল বাহাত্বর বলিতেছেন যে, যে সকল প্রদেশে
ইংরাজ, পর্যটকদিগের গতি বিধি অথবা দেশের শ্রীরৃদ্ধি (ডেভেলপমেন্ট)কারীর (নীলকর, থনিওয়ালা প্রভৃতির) সমধিক বাস হয়, তথায় এ দেশীয়
কশ্মচারীর নিয়োগ হইতেই পারে না!"

- (২৯) "গবর্ণমেন্ট আয় বৃদ্ধির উপায় না দেখিয়া বয়য় নাঘর করিবার পথ দেখুন। দৈল সংখ্যা কিছু কম করুন। পর্যনিক্ গুয়ার্কের প্রধান কার্য্য যে সৈনিক বারিক একবার প্রস্তুত করিয়া আবার ভাঙ্গিয়া ফেলা, আবার গড়া, ভায়ার প্রতিবিধান করুন—রাস্তা সকল নাটীতে, ইটে কি রৌপ্যে নির্মিত হয় তায়া দেখুন—বড় বড় কশ্মচারীদের বেতন কিঞ্চিল্লান করুন—দরবারী এবং বার্ব্রদারী খরচ যায়াতে কমে তায়া করুন, বলাতের বয়য় এবং এতদ্দেশীয় নবাব স্থবার পেনসন কমাইয়া দিউন—এ দেশীয় বয়গা লোক দেখিয়া উচ্চ উচ্চ কর্মে নিয়ুক্ত করুন, তায়াতিল্পাকে আপেকাক্রত স্তাল্ল বেতন দিক্তিন টিল্লাকরলে আয় বয়য় সমান ইইয়া দাঁড়াইবে, কিছু উদ্ তাই বা পাকে।"
- (৩০) "এক্ষণে সাহায্য প্রাপ্ত বিদ্যালয়ের বিলের নীচে সম্পাদকদিগকে বিথিয়া দিতে হয় যে, যদি অঙ্গীকৃত নিয়মানুসারে গবর্গমেণ্ট প্রদত্ত টাকার ব্যয় না হয় তবে তাঁহারা দগুবিধির ৪১৫ ধারার অভুসারে দগুর্হ হইবেন। ** * এনন অনেক সম্পাদক আছেন যাহার। স্ব প্ সংস্থাপিত বিদ্যালয়ের কার্য্য-প্রণালী স্কচাক রূপে এবং প্রকৃত পদ্ধতি ক্রমে চলিবে বলিয়াই গবর্গমেণ্টের সহিত সম্পর্ক করিয়াছিলেন * * এমন সম্পাদক অনেক আছেন ধাঁহারা আবার গ্রাম মধ্যে কৃতবিদ্য শিক্ষক

দিগকে লইমা উহাঁদিগের সহিত পৌহাদি বন্ধনে বদ্ধ হইমা থাকেন

* তাই সকল লোক যে পুনঃ পুনঃ দণ্ডবিধির নাম শুনিলে সাতিশয়
হঃথিত শাবং ভয়োৎসাহ হইবেন তাহার কিছুমাত্র সন্দেহ নাই। * *

দিওবিধি আরণ করাইয়া দিলেই ইন্স্পেক্টরদিগের মুখ্য কর্ত্তব্য যে গ্রণ্কেন্টের টাকা যথোচিত বায় হইয়াছে কিনা 'দেখা', তাহা স্থাদিদ্ধ হইল

কি ? যদি ইহাতেই স্থাদিদ্ধ হয় তবে পুলিশের চৌকীদারেরা যেন আর
রাজ্যি লাগরণ করিয়া পাহারা দেয় না—এক একটা দাম গান্তর অগ্রভাগে
এক একবাদিশ গুবিবির পুন্তক বাদ্ধিয়া দিয়া তাহা রাস্তায় রাস্তায় পুত্রয়া
রাপিয়া সচ্ছন্দে নিজাশ্যায়।" [স্বদেশীয়দিগের সম্বন্ধে কাহার কোনরূপ
অশিষ্টাচরণই ভূদেব বাবুর অলাক্ষত থাকিত না এবং উহাতে তাঁহার বড়ই
ক্ষোভ হইত। নিজে পুরাইন্স্পেক্টর হইলে, সাহামাপ্রাপ্ত বিদ্যালয়গুলিও তাঁহার এলাকাধীন হইলে, তিনি বিল হইতে দণ্ডবিধির উল্লেখ
উঠাইয়া দিয়াছিলেন।]

- (৩১) "কর একবার আসিলে কি আর যায় ? দেখ আয়-কর এক-বার 'টুঠিয়া' ছিল কিন্ধ যায় নাই, আবার বসিল।"
- (৩২) "পরীমাহলাদের সাহত প্রকাশ করিতেছি যে, শ্রীযুক্ত প্রসন্নকুমার ঠাকুর ভারতবর্ষীয় বাবস্থাপক সভার সভ্য হইয়াছেন। ইনি সভ্য সভ্যই আমাদের একজন প্রধান লোক। * "সাহেব ভুলান বড় লোক" নহেন।"
- (৩৪) "বিশ্ববিদ্যালয়ে সন< স্কৃতি পাঠনা প্রবর্ত্তিত হওয়ায় সহদয় হিন্দু মাত্রেই পরম আহলাদিত ২ইটাছেন এবং এই নিয়নের প্রবর্ত্তকনিগকে

^{*} ইহার সম্বন্ধ পর্মাপ্রসাদ াগের উল্ভিন্ন একটা সরস পাল প্রচ্ছিত আছে :-কোন মোকদ্মার কাগজপত্র দেখিয়া প্রসন্নত্মার ঠাকুর বুলিয়াছিলেন " এ মোকদ্মার
কিছু নাই; আপীল করা বৃধা!" সেইদিন আদালতে প্রমাপ্রসাদ রায় হাঁহাকে
বলেন "আজ একজন মক্তেল আমাকে কাগল দেখাইবার সময় বলিল যে ভূমি বলিয়াছ
'এ মোকদ্মান্ন কিছু নাই।' সে মোকদ্মা আমি লইয়াছি। কিছু নাই কি রকম ?
উহাতে উকীল ফি আছে; মৃহরীর মেহনতানা আছে; নাই কি ?"

সাধুবাদ প্রদান করিতেছেন। সংস্কৃত আমাদের অত্যুৎকৃষ্ট জাতীয় মূল ভাষা। * * ফাষ্ট আর্টিস ও বিএ পরীক্ষায় কেবল একটু সংস্কৃত হইতে বালালা অন্তবাদ থাকিলেই যে বালালার চর্চ্চ। রাথা হইল, একথা বিবেচনা করা যাইতে পারে না। ছাত্রদিগকে যাহাতে বালালায় ২।৪ খানি ভাল বই পড়িতে হয় তাহারও ব্যবস্থা করা কত্তবা।"

- (৩৫) "সার জন লারেন্দের ইচ্ছা যে বন্ধদেশীয় ভুমাধিকারীদিগের নিকট হইতেই তাঁহার প্রস্তাবিত শিক্ষাকর সংগৃহীত হয়। কিন্তু এ কথা বলিতে গিয়া তিনি অনেক সাত পাঁচ ভাবিয়াছেন। একবার বলেন যে, যথন ভূমাধিকারীরা একবার আয়কর প্রদান করিয়াছেন, তথন আর চিরস্থায়ী বন্দোবস্তের দোহাই দিয়া প্রস্তাবিত শিক্ষা-কর হইতে পরিত্রাণ পাইতে পারেন না। আবার বলিয়াছেন যে, কোন কোন অবিশেষজ্ঞ ব্যক্তি মনে করিতে পার্মেন যে ভূমাধিকারীদিগের স্থানে নৃতন কর গ্রহণ অন্তায় হইবে; অতএব লেপ্টনেন্ট গবর্ণর ভাবিয়া দেখিবেন যে বার্মনুন্দা অঞ্চলের জমিদারেরা ধ্যন স্বতঃপ্রত্ত হইয়া শিক্ষা-কর দানে সম্মত হইয়াছেন এখানকার জমিদারেরা কি সেইরূপ করিবেন না ।" [প্রস্থদেশে জমিদারদিগকে 'স্বতঃপ্রত্ত' হইয়া শিক্ষা-কর বহন করিতে সম্মত হইতে বলা হয় নাই।]
- (৩৬) "বিজাল পাতের নিকটে থাকুক—মেঁও মেঁও কঞ্ক—মাছের কাঁটা খাক্—কৈন্তু দিবিল্ সার্ভিদের দিকে হলে। বাড়াইলেই চপেটাঘাত।"

ভূদেব বাব্র কনিষ্ঠ পুত্র ৺ দিদ্ধেশর ম্থোপাধ্যাগ্নের হুই বংসর মাত্র বয়দে শিক্ষাদপণৈর প্রথম সংখ্যা প্রকাশিত হইলে কাগজ ভাঁজিয়। মোড়ক আঁটিতে ঝাপুত বাড়ীর লোকদিগের মধ্যে পড়িয়। শিশু আধ আধ খবে "আমার কাগজ" বলিয়। ঐ গুলি ছড়াইয়া নাচিয়া বেড়াইয়া ছিল। বুধোদয় ষল্প বাড়ীর এক অংশেই ছিল এবং বাড়ীর লোকেই শিক্ষাদর্পণ

ভাকে পাঠানর সকল কাষ্য করিত। ভূদেব বাবু শিশুর ঐ কথা ভনিয়া এবং আনন্দ দেখিয়া বৃষ্ণাধাক্ষ ৺কাশীনাথ ভট্টাচাৰ্য্য মহাশয়কে কৌতুক क्रिया तरलन "এথানি দিধুরই কাগজ হইল; হিদাব পত্ত উহার নামেই লিখিও; বড় হইয়া ওই ইহা চালাইবে।" ইহার পর প্রকৃতই বুধোদয় ার্থীজ্যের বিলে এবং শিক্ষাদর্পণের থাতায় সেইরূপই লেখা হইত। ু বিধান বান্ত্র স্থল পরিদর্শনে বাড়ী হইতে অন্থপস্থিতিকালে বালকের সাভ ব 🖓 র মৃক্ষর বয়সে (১৮৬৯) ওলাউঠার মৃত্যু হয়। অহিফেন ঘটিত অ্যালো-পাণি প্রষ্থ 'ছিত মাত্রায় প্রয়োগেই পেট ফাঁপে এরপ কথা দে সময়ে ডাক্তারদের মধ্যে হইমাছিল। ইহার পর হইতেই ভূদেব বাবু হোমিওপ্যাথি চিকিৎসার দিকে দৃষ্টি দেন। এইরূপে শিক্ষাদর্পণের স্বত্থাধিকারী এবং ভবিশ্বং সম্পাদক ভাবে লক্ষিত পরম স্থন্দর এবং তীক্ষ্মণী বালকের দেহস্তি ১ ওয়ার ক্রেক মাস পর্বেই (ডিসেম্বর ১৮৬৮) এশিকা বিষয়ক একথানি সাপ্তাহিক পত্তিক। (এড়কেশন গেজেট) ভূদেব বাবুর হত্তে আসিয়াছিল। শিক্ষাদর্পণের গ্রাহক গাঁহার। বিভিন্ন সময় হইতে এক বংসরের মূল্য অগ্রিম দ্বিয়াছিলেন তাঁহাদের চৈত্র ১২৭৫ পর্যন্ত হিসাব করিয়া যাহা উদ্ভ ্দেশা গেল, তাহা ডাকটিকিটে কেরত দেওয়া হইল ; ৺দিদ্ধেশর প্রাহক-দিপের নিকট ঋণী রহিলেন না। শিক্ষাদর্পণ পাঁচ বৎসর চলিয়াই বন্ধ হয়।

ভূদেব বাবুর তৃতীয়া কতার বিবাহ স্থবপুরের ৺শিবনাথ বন্দ্যোশাধায় মহাশয়ের সহিত হয়। তিনি বিদ্যা চর্চ্চাতেই জীবন কাটাইয়া
গিয়াছেন এবং একান্ত মধুর প্রকৃতিক ছিলেন। এই, এ পরীক্ষায় উত্তীর্ণ
হইয়াই মাসিক ২০০০ টাকা বেতনে লক্ষ্ণৌ কার্দিং' কলেজে অধ্যাপক
নিযুক্ত হইয়া শিক্ষাদান ক্ষমতা জন্ত তথায় বিশেষ যশঁ অর্জন করেন। বি এল
পাস হইলে জ্যেষ্ঠ ভ্রাতা সবজজ্ঞ ৺পরেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের
ইচ্ছান্ত্রশারে 'উনাও' এবং পাটনায় ওকালতি করেন; কিছু দিন ত্রগলী

কলেজে আইন অধ্যাপক ছিলেন। শেষে ভাগলপুরে ওকালতি উপলক্ষে বাস করিয়াছিলেন। শিবনাথ বাবুর ইংরাজীসাহিত্যে এবং ফরাশি ভাষায় বিশেষ অধিকার ছিল। তাঁহার ছই পুত্র, শ্রীসুক্ত অনাদিনাথ বন্দ্যোপাধ্যায় এবং শ্রীসুক্ত অনন্তনাথ বন্দ্যোপাধ্যায়, যথাক্রমে ভাগলপুরে উকিল এবং বিহার প্রেদেশে ম্বেক। ভূদেব বাবুর এই ভূতীয়া কল্যার বিশেষ উপলক্ষে বরের সহিত স্ববর্ণপুর হইতে বাদ্যভাণ্ড আসিয়াছে শুনিমুল্ল বান্ধণিওতশ্রেষ্ঠ পবিশ্বনাথ তর্কভূষণ মহাশ্যর বলেন,—"ওসবংস্থাবার কি? এ কি ছুতোরের বিবাহ যে বাদ্য হইবে?" শিতার এই অনভিমতি ভূদেব বাবু বিশেষ যত্ন করিলা বুঝাইয়া বলায় বরপক্ষণ্ড বলেন,—"যাহাতে সাক্ষাৎ বন্ধণাদেব শ্বরপ আপনার পিতার তৃষ্টি, আমাদের তাহাই করিতে হইবে বই কি? গাহার আশীর্কাদই ত এই শুক্তকর্মে আমাদিগের শকলেরই অবলখন।" বর্ষাত্রীদিগের ব্যবহার অনেক স্থলেই 'টেড়া' হইয়া থাকে; কিন্তু এ ক্ষেত্রে বড়ই প্রতিক্রর হইয়াছিল। ঐ সময়ে স্বর্ণপুর গ্রামটা বহুশিক্ষিত ব্রাহ্মণের বাসন্তান বলিয়া, বিশেষ উজ্জেল হইয়াই উঠিয়াছিল।

১২৭২সালের ভাদ্র মাসে ভূদেব বাব্র পি ভা ৺তর্কভূষ্ণ মহাশয়ের ৭৩ বৎসর বয়সে সজ্ঞানে গঞ্চালাভ হয়। ইহার একদিন পূর্ব্ধে তিনি ৺গঞ্চায় জ্বপের মালা ভাসাইয়া দেন। তথন এত শীদ্র দেহত্যাগ হইবে অহা কেহই মনে করেন নাই। তাঁহার আদেশে গঞ্চাযাত্রা করাইবার সময় যাঁহার। তাঁহাকে ' ঘূঁটেবাজারের ঘাটে বহিয়া লইয়া যাইতেছিলেন, তাঁহারা খাটিটায় হেঁচ্কা পড়িয়া পাছে তাঁহার কন্ত হয় এই ভয়ে একটু আত্তে আত্তে চলিভেছিলেন। কিন্তু ভারস্কদ্ধে লইয়া ওরপ সাবধানে আত্তে চলায় বহনকারীদের ক্লেশ হয়। অপরের সামাহ্য অস্ক্রবিধার প্রতিজ্ব চিরদিন লক্ষ্য রাখায় অভ্যন্ত তর্কভূষণ মহাশ্য় সেই অস্তিম কালেও নিজের



⊌শিবনাথ বন্দোপাধাায়।

জিক অপরের একটুও কষ্ট বৃদ্ধি করাইতে অনিচ্ছুক হইয়া তাঁহাদিগকে হাসিয়া বলিয়াছিলেন,—"অত আত্তি চলছিদ কেন? আজ কি তোরা ভাত থাস্নি?"

ভূদেব বাবুর পিতৃশ্রাদ্ধ হরিতকী বাগানের বাটাতে নিশার হয়।
তাঁবির ভালক পগিরীশচন্দ্র চটোপাধাায় মহাশয়ের স্থব্যস্থায় ব্রাহ্মণ ও
বিরিণ ভূরি ভোজন এবং কাঙ্গালী বিদায় স্ফারুরপে সম্পন্ন হয়। তথন
হরিতকী বাগানের বাটার সম্মুখে খুব বড় গোলা মাঠ পতিত ছিল।
তথায় অনৈ ছলি তাঁবু ভাড়া করিয়া আনিয়া ফেলা হয়। ৺ কাশী
এবং মিথিলা পর্যান্ত্র বহুসংপ্যক ব্রাহ্মণ পণ্ডিতের নিমন্ত্রণ হয় এবং
পমহেশচন্দ্র ন্যায়বত্র মহাশয়ের অধ্যক্ষতায় তাঁহাদের বিশেষ সমাদর করা
ইইয়াছিল।

মৃত পত্নীক হইয়া তর্কভূষণ মহাশয় ছাবিবশ কংসর জীবিত ছিলেন। তিনি দেহান্তের তিন দিন পূর্ব্ব প্যান্তও প্রতাহ বেলা একটায় ১০৮ শিব পূজা শেষ করিয়াছিলেন। বুদ্ধাবস্থায় বাত রোগে চলংশক্তি হ্রাস হইয়াছিল; কিন্তু তিনি কোন অবস্থাতেই ৺ গঙ্গাস্থান একদিনের জন্মও ভ্যাগ করেন নাই। একথানা চেয়ারের ছই পার্ঘে ছইটা বাশ বাঁবিয়া রাখা ছিল; ভাহাতে বসাইয়া তাঁহাকে ছইজন লোকে গঙ্গাস্থান করাইয়া আনিত। ইন্দ্রিয় এবং মনকে বশ করার সম্বন্ধে তর্কভূষণ মহাশয় বলিতেন, "যাহা উচিত এবং প্রকৃতপক্ষে উপকারী বলিয়া স্থির হইবে, তৎসম্বন্ধে ভাল লাগে না বা পারি না এরপ মন 'হইতে দিখে' কেন? 'মন দ্বির' করিয়া ফেল; 'অবশাই' ভালও লাগিবৈ এবং পারিবে"। ৺তর্কভূষণ মহাশয় 'ক্যাইর অয়েল' অবিক্বত মৃথে চাটিয়া খাইতেন; নিয়মপূর্ব্বক এক বংসর ধরিয়া গো-মৃত্রে সিদ্ধ অন্ধ ভক্ষণ করিয়াছিলেন। অতিশি নারায়ণের তৃপ্তিতেই জ্বাৎ তৃপ্ত হওৱা, তিনি হত্পষ্ট অন্ধভব

করিতেন। কোন সময়ে গ্রীম্মকালে তর্কভূষণ মহাশয় বাতল্পেম। জ্বনের বিষম তৃষ্ণায় কট পাইতে ছিলেন। কবিরাজ বিন্দুমাত্র জল দিতে অস্বীকৃত হইলে, তিনি বলিয়াছিলেন "হুইটী ব্রাহ্মণকে ডাকাইয়া আমার সামনে বসাইয়া ভাব, সর্বত, তরমুজ প্রভৃতি খাওয়াও।" তাহা করিতেই সেই পবিত্রটোতা মহাপুরুষের সে অবস্থাতেও তৃষ্ণা দূর হইয়া যায়।

৺তর্কভূষণ মহাশয় অবসর কালে পুত্র ভূদেব বাবুর সহিত পাঁত্ব প নানাবিধ বিষয়ে কথাবার্ত্ত। কহিতেই সর্ব্বাপেক্ষা অধিক ভাল বাহিতে ন।

ভূদেব বাবু ১৮৭৬ অবেদ মুদ্রিত তাঁহার পুষ্পাঞ্জলির উৎদর্গ পত্রে লিখিয়াছেন !—"হে স্বর্গীয় পিতৃদেব। তুমি আমার জন্মদাত। এবং শিক্ষা-গুরু। আমি তোমার স্থানে যত শিক্ষালাভ করিতে পারিয়াছি অপর কাহার ও স্থানে শুনিয়া অথবা গ্রন্থাদি অধায়ন করিয়া তাহার শতাংশ লাভ করিতে পারি নাই। আমার ক্ষুত্র বৃদ্ধি সেই অত্যুদার হুগভীর এবং প্রশাস্ত জ্ঞানরাশির কণিকা নাত্র গ্রহণে সমর্থ হইয়াছে কি না সন্দেহ। তোমার চরণপ্রান্তে বসিয়। যথন পান্তার্থ সকল প্রবণ করিতাম, সংশ্যাত্মিরা-কুলিত হৃদয়াকাশ যেন বিহাৎ প্রভায় আলোকিত হইত, যাবতীয় কুটার্থ উদ্ভিন্ন হইয়া রূপক মালার স্নিগ্ধ রশ্মিজাল প্রকাশ করিত, আপাত বিরুদ্ধ মতবাদ সকল মীমাংদিত হইয়া স্থপ্ৰশন্ত ব্যবহার প্রণালী জান্মত এবং চিত্তক্ষেত্রের সরসতা ও উর্বারতা সম্পাদিত হইত। ইহলোকে আমার ভাগ্যে সে কুণলাভের প্রত্যাশা নাই। এখন কোন বিষয়ে সন্দেহ হুইলে তাহা আর ভঞ্জন হয়' না। এখন জগৎ কার্যোর কোন বিষয় বোধাতীত হইলে তাহা বোধাতীতই থাকিয়া যায়, এখন কর্ত্তব্যাকর্ত্তব্য নিশ্চয় করিতে হইলে নিজের মনগভা করিয়াই নিশ্চিত হইতে হয়। জিজাস। করিলেই জানিতে পারিব এবং যাহা জানিব তাহা ঠিকই জানিব, এ প্রতীতিটি এখন একেবারেই মন হইতে গিয়াছে। এই যে পুস্তকখানি লিগিনাছি,

ইহার কোন স্থানে কি ভ্রম আছে তাহা আর কে বলিয়া দিবে? এবং আর কে বলিয়া দিলেই বা ভ্রম বলিয়া আমার বিশাস জন্মিবে !

"কিন্তু অতি গুরুতর বিষয়েই হস্তার্পণ করিয়াছি ধর্ম-বিশ্বাসের মূল-ব্যাখ্যা কবিতে উদাত হইয়াছি—আত্মঙ্গিক অন্যান্ত বিষয়ের প্রতি লক্ষ্য আঁছে। একবার তোমার চরণপ্রান্তে বিদয়া যদি শুনাইয়া লইতে পারি-ভাম, তবে ইহা জনসমাজে প্রচারিত করিতে কিছুমাত্র সঙ্কুচিত হইতাম না। . "ভোমারই স্থানে চিন্তা করিতে এবং চিন্তা করিয়া লিখিতে শিথিয়া-ছিলান। ^{শু}নুগুক্থানিও সাধ্যাত্মসারে চিস্তা করিয়া লিথিয়াছি। ভরসা করি তোমার মুথবিনিংস্ত কোন কোন কথা অবিকল লিপিবদ্ধ ইইয়া গিয়াছে। আমার অন্ত**র্কাহ** সকলই তোমার সংঘটিত বস্ত**—অতএব** কি দাক্ষাৎ দম্বন্ধে কি পরস্পাগ দম্বন্ধে উভয় প্রকারেই এই পুস্তক্ষানি তোমার ; তোমারই চরণে পুস্পাঞ্চলি দিলাম।

শ্রীভূদেব মুখোপাধ্যায়।"

ভূদেব বাবু অনেককে বলিয়াছিলেন যে, ইতি কণ্ডব্যতা সম্বন্ধে সন্দেহযুক্ত হইলে তিনি যাবজ্জীবনই মনে মনে ভাবিয়াছেন, "যদি সর্কা-শান্ত্ৰজ্ঞ শান্ত্ৰ-বাবস্থিত জীবন প্জ্যপাদ পিত্দেব এখানে উপস্থিত থাকি-তেন, তাহা হইলে এ সমুদ্ধে তিনি কি বলিতেন বা করিতেন" ? এইরূপে পিতাকেই দেবতার ভাষ আপন হৃদয়ে চিরকাল কর্ত্তব্যাকর্ত্তব্য অবধারণের েতৃভূত * করিয়া রাখিয়াছিলেন ; পিতার সহিত সর্বাদা সক্লল বিষয়ের

 ^{&#}x27;ভূদেন বাবু' শিক্ষাভিত্তি প্রবদ্ধে (পারিবারিক প্রবন্ধ) লিপিরাছের :—"একটা পক্ত বিবরণ বলি—কোনী সংস্থের বাটাতে সময়ে সময়ে তুউজুনে সভরঞ খেলিতেন; গাঁহাদের একজনের একটা দেড় বংসরের বালিকা ঐ স্থানে বসিয়া থাকিত। সে মতরঞ্রে 'বল' লইবার জয়ত হাত বাড়াইলেই তাহার পিঁতা প্রসারিত হ**ত**টা ধরিয়া ালিতেন--'হাত দিওনা।' কিছুদিন এইরূপ হইলে একদিন বালিকাটী থেলার কাছে ধনিয়া আছে,দক্ষিণ হস্তটা 'বল' লইতে প্ৰসাৱিত করিয়া আপন ৰাম হস্তে আপন প্ৰসাৱিত ংক্তকৈ বারণ করিল এবং আপনিই আপনাকে পুনঃ পুনঃ বলিল 'হাত দিওনা।' এই—

কথাবার্ত্তা হওয়ায় এবং নিজের অসাধারণ শাস্ত্রজ্ঞান এবং স্মরণশক্তি হেতু ইহা তাঁহার পক্ষে শাস্ত্র প্রমাণেরই কার্য্য পূর্ণমাত্রায় করিয়াছিল।

৺তর্কভূষণ মহাশয় একবার বালী গ্রামের নিকটস্থ শ্রীশ্রীকল্যাণেশর মহাদেবের মন্দিরে জপ করিতে গিয়াছিলেন। তাঁহার আত্মীয় শিক্ষা ৺কৈলাগচন্দ্র স্থাপাধ্যায় তাঁহার দক্ষে উত্তর দাধক স্বরূপে গমন করেন। তর্কভূষণ মহাশয় একান্ত মনে জপ করিতেছেন এমন দময়ে একটা গোক্ষ্রা দর্প আসিয়া মন্দির মধ্যে প্রবেশ করিলে শিয়া ভয়ে জড়সড হইয়া রহিলেন কিন্তু তর্কভূষণ মহাশয়ের ধ্যানভঙ্গ করিতে সাহসাপাইলেন না। দর্পটী তর্কভূষণ মহাশয়ের জানুর উপর উষ্টিয়া নামিয়া গেল। সাধক উহা জানিতেও পারেন নাই।

ভূদেব বাব হাওড়া স্থলের হেড মাষ্টার থাকা কাঁলে তর্কভূষণ মহাশয় একদিন রামক্ষণপুরের কাশায় পুত্রের সহিত তাঁহার স্থলের কাশ্য সম্বন্ধে কথাবার্তা কহিতে ছিলেন। তথন অল্প অল্প বৃষ্টিও হইতেছিল। এমন সময় সেই ঘরের ঘারে একটা সর্পমুগ দেখা দিল। ভূদেব বাবু দেখিলেন তাঁহার পিতা সেদিন যেরূপ বাতে পপু অবস্থায় রহিয়াছেন, তাহাতে তাঁহাকে ভূলিয়া লইয়া পলায়ন করা অপেক্ষা সাপটীকে মারিরা কেলা সহজ। তিনি তদক্ষারে কার্য করিতে উদাত হইলে তর্কভূষণ মহাশয় অবিচলিত

্রিভ্রের বাব্ ভাহার পুত্রনিগের সহিত সময়ে সময়ে সভরঞ খেলিতেন।
ভাহার জাঠ পুত্রের তৃতীয়া কন্মার শৈশবের কথাই উপরি উক্ত ঘটনায় বর্ণিত। প্

ব্যাপারটীতে কি ব্যাধ ? কর্ত্তবাকর্ত্তবা জ্ঞানের অধিষ্ঠাতা হৃদয়শায়ী পুরুষের যেরপে অস্থাপান হয়, এই ব্যাপার কি তাহাই স্পষ্টাক্ষরে দেখাইয়া দিতেছেনা ? বালিকাটা যেন একেই ছুইটা বাজি ইইয়া পড়িয়াছে; ভাহারএকরন সভরকের বলগ্রহণ করিতে উদ্যুত, অপরে তাহাকে নিবারণ করিতেছে। যে নিবারণ করিতেছে সে তাহারই হৃদয় মুকুরত্ব পিতার প্রতিবিশ্বঃ অতএব বিধি নিবেধ দারা কর্ত্তবা জ্ঞানের উল্লেখ একান্তই আক্সাক। তাহা করিলেই সংস্কারের দৃঢ়ভা জ্লেয়—কেবল মুখ ছুঃখ বিচারের উপর কর্ত্তবা বোধের সংস্থান কথনই কাষ্যকালে দৃঢ় থাকে না—নিদ্ধাম ধর্ম্মনেবার প্রবৃত্তি দেয় না—এবং বিধি প্রতিপালন করাই বে পরম ধর্ম্ম —তাহার জ্ঞান জ্বায় না।"

কৈথার সহিত বলিলেন, "উঁছ"। আজ্ঞাবহ পুত্র সে অবস্থাতেও একেবারে নিশ্চেষ্ট হইলেন! গোখুরা সাপটী তকভূষণ মহাশ্যের প্রসারিত পদের নিম্ন দিয়া গৃহের অপর দার পার হইয়া চলিয়া গিয়াছিল।

তির তির মহাশয় নিদ্ধাম সাধক ছিলেন। কাম্য কর্ম সহন্দে কথার প্রসাদ্ধ তিনি কোন শিষ্যকে বলিয়াছিলেন, "সকল জীবেরই মৃক্তি হউক—
হহা তির অন্য কোন প্রার্থনাই কথন মনে স্থান দিতে পারি নাই।"
ভূদেব বারু 'আচার প্রবন্ধ' পুস্তকে নৈমিত্তিকাচার প্রবন্ধের প্রথম অধ্যায়ে
তাঁহার পিঠুনৈবেরই কথা শ্বরণ করিয়া লিখিয়াছিলেন—"কাম্য নৈমিত্তিক
ক্রিয়া গুলি * * নিরুষ্ট•মধিকারীকে সংযমাদি শিখাইয়া এবং তাহাদের
চিত্তপ্রতিধ বিধান করিয়া তাহাদের উপকার সাধন করে। সমধিক বিল্লা
বৃদ্ধি সম্পন্ন তেজম্বী আন্ধানের। ঐ সকল কাম্য কন্মের প্রতি বিরাগ
প্রদর্শন করিয়া থাকেন। আমি জানিতাম কোন মহাপুক্ষের একমাত্র
প্রের অতি কঠিন প্রীড়ায়, তাহার আরোগ্য বিধানার্থ স্বস্তায়ন করিতে
অমুক্তর ইইলে, তিনি বলিয়াছিলেন 'দেবতাকে ডাক্তার বৈদ্যের কাষ্য
করিবার নিমিত্ত আবাহন করিতে পারি না'!"

দক্ষকালেই থৈ জনক তক ব্রাহ্মণ পণ্ডিত আদর্শস্বরূপ অত্যুচ্চই থাকি-বেন এবং হিন্দু ধর্মের রক্ষা তাঁহাদের আদ্ভিক্য, ত্যাগ, বিদ্যা, বৃদ্ধি ও তেজের দ্বারা হইতে থাকিবে, ইহাতে তর্কভূষণ মহাশয় দৃঢ় বিশ্বাসী ছিলেন। সেরূপ উচ্চ অঙ্গের ব্রাহ্মণ পণ্ডিত কেহ 'একান্তই অভাব-গ্রন্থ' হইয়া বিশেষ কপ্ত পাইলে সমগ্র সমাজকে একটা প্রধান কর্ত্বব্যু অপালনের দোষ স্পর্শ করিবে বলিয়া, তিনি উহাদের নিধ্যে প্রকৃত স্কুপাত্র সমত্বে বাছিয়া স্বতঃপ্রবৃত্ত হইয়া সাহায্য করিতে উপদেশ শিশ্বদিগকে ক্রিতেন এবং যুখন নিজের অসচ্ছল অবস্থা ছিল, তখনও অল্প অল্প সাহায্য করিতেন।

৺তকভূষণ মহাশযের সমক্ষে কেহ একদিন বলিতেছিলেন,—"এখন আর পূর্বকালের তায় বান্ধণও নাই, হিন্দুসমাজেও আর পূর্ববং বান্ধণের मभाषत अ नारे ; हिन्दू धर्ष इश्र बात (तभी पिन টिकिटन ना।" जर्क ज्रम মহাশয় বলেন,—"বশিষ্ট বিশামিতাদি ধে ক্যন্ত্ৰন পূৰ্বকালে অভ্যান্ট ছিলেন সেরপ অল্প সংখ্যক মহাত্মা বিস্তীর্ণ ভারতের তীর্থস্থানে, পল্লীত. অবণ্যে বা পর্বতে আজত অজ্ঞাতে আছেন। প্রকৃতপক্ষে স্বাধীন, সম্পূর্ণ সদাচারী এবং ভক্ত হিন্দু রাজা ভারতে থাকিলে তাঁহারা 'সে— সভায়' দেখা দিতেও পারিতেন। মন্ত্রশংহিতার সনয়েও 'হস্তাশ উট্ট দমক' অপাঁভ ক্লেয় ব্রাহ্মণ ছিল। নিজের জানা খুব ভাল চুই একজ্ঞা ব্রাহ্মণ পণ্ডিত এবং স্মাাসীকে শারণ করিয়া দেখ: উচ্চ চরিত্র জন্ম তাঁহাদের পায়ে আজও মাথা লুটাইতে পারিবে। বান্ধণ দংখ্যা বাড়িয়াছে; বান্ধণ সন্থান 'সকলেরই' এখন ব্রাহ্মণ পণ্ডিড হওয়া বা সং প্রতিগ্রহ দারা জীবিকা নির্ব্বাহ করা সকলের সে ইচ্ছাও হয় না, এবং সমাজও অত লোকের ভার বহিবে কিব্নপে ? তবে সর্ববিষয়েই সমাজের শিক্ষা দেওয়া ব্রাহ্মণের কর্ত্তব্য: ব্রাস্থণ সন্তান লোহা পেটাও ভাল করিয়া শিথিয়া ভাহারও শিক্ষাদানে ব্যাপুত হইতে পারেন। প্রকৃতপকে সমগ্র হিন্দু সমান্ত ক্রমশঃই উন্নত হইতেছে। সেকালের একান্ত অনাচারী শূদ্র আর আছে কি? ব্রাহ্মণের আচার যথা সম্ভব অতুকরণ করিয়া এবং কতকটা পূর্বকালের বৈধ অত্মলোম বিবাহের ফলে, বর্তমান তথাকথিত পুজের অনেকেই আর্য্য-রক্ত ও বুদ্ধি সম্পন্ন। পর্বাকালের আহুর 'এবং গান্ধর্ম বিবাহ উঠিয়া গিয়াছে। সকল-কেই বড় করিয়া বড় হইবার দিন গামিতছে। ঘোর কলিতেও সর্ব্ব বর্ণের মধ্যে কতক খুব ভাল লোক থাকিবেন। সাধ্নাং কিম্বর: কলি:। খ্রীভগবানের স্বষ্টিতে নিরাশার কারণ হইতেই/ পারে না।"—ভূদেব বাবু তাঁহার পিতার এই **আশাপূর্প নি ভ**িঞ

শক্ত সম্পূর্ণরপেই গ্রহণ করিয়াছিলেন এবং কোন কোন বণ এবং শ্রেণী যে সকলের চক্ষের সাক্ষাতেই শিক্ষায় এবং আচারে ক্রন্ত উন্নত ইইতেছে তাহা প্রমাণ স্বরূপ দেখাইতেন।

তর্কভূষণ মহাশবের সম্বন্ধে এই পুস্তকের বিভিন্ন স্থানে বণিত কথা সমূহির পর্যালোচনা করিলে সকলেই অতীব স্থন্সাই ভাবে ব্ঝিডে পারিবেন যে ভূদেব বাবু তাঁহার জীবনে যে, সমস্ত সংকার্য্য করিয়াছেন এবং সংকথার প্রচার করিয়াছেন সে স্ক্রন্তন ভ্রহ মূল তাহাল্ল পিতা সাধকশ্রেষ্ঠ পবিশ্বনাথ তর্কভূষণ মহাশয়। পিতৃ পিতামহের পূণ্যের পরিণতিতেই বংশে নোক-শ্রেষ্ঠের আবিভাব সম্ভবে।

১৮৬৭ অব্বের ১লা এপ্রিল ইইতে ভূদেব বাবুকে উচ্চ শিক্ষা বিভাগীয় চতুর্থ শ্রেণীভূক্ত পদে (মাসিক বেতন ৫০০, ইহতে পাঁচ বৎসরে ৭৫০,) নিষ্ক্ত করা হয়। ইতিপুর্ব্বে কোন এদেশীয়কে ঐ শ্রেণীতে ইনস্পেক্টরের কার্য্যে নিষ্ক্ত করা হয় নাই। ইউরোপীয়েরা সাধারণতঃ সরল * ভাবেই মনে করিতেন এবং এখনও অনেকেই করেন যে ভারতের বড় কার্য্য সকলই উহাঁদের জন্ম স্বষ্ট —উহারাই সেগুলির উপযুক্ত। উহারা 'অক্ষম' জাতিদিগের ভারী বহন জন্ম বিধাতা কতৃক নিষ্ক্ত হওয়ায়, অগত্যা বড় কাজ গুলির মোটা আয় ও গ্রহণে বাধ্য! ক্রডইয়ার্ড কিপলিংএর "দি হোয়াইট ম্যান্স্ বর্ডন" (শ্রেতাব্বের গুক্তার) নামক পুস্তক এই ভাবের উচ্ছ্যানেই লিখিত। মনে এই ভাব থাকায় কোন একটাও সরকারী ভাল চাকরী এদেশীয় কাহাকে কথন দৈওয়া হইলৈ ইউ-

 [&]quot;এজ্ঞানকৃত পাপের স্থায় ধার্যপরতার দকল দোব ইংরাজকে স্পর্শ করে না। * *
ইংরাজের ঝার্য বোধ অতি গাঢ়তন তমোগুণে গুণাছের। * * তিনি ব্ঝিডেই পারেন না
র, বাহাতে তাঁহার ঝার্ম দেটা কেমন করিঃ। ধর্ম বাাঘাতক অথবা অপরের তনিষ্ট
ইইতে পারে। এইরুপ একটা বালস্থলত মোহময়ভাব ইংরাজের ননে
বিরাজমান।" সোমাজিক প্রবক্ত অবক্ত — ঝার্পরতা 1

বোপীয়েরা সেটাকে একটা 'জাতীয় ক্ষতি স্বীকার পূর্বক মহা মহছের, ত্যাগ' ভাবে দেখেন ! ভূদেব বাবু পদোন্নতি জন্ম ডিরেক্টর সাহেবের নিকট গিয়া গবর্ণমেন্টের প্রতি ক্রতজ্ঞতা জ্ঞাপন করিবামাত্র আটকিন্সন দাহেব বলিয়া ফেলিলেম, "হিন্দু মুদলমানের আমলে তোমার এরপ পদোন্নতি ও বেতন বৃদ্ধি হইত কি ?" ভূদেব বাবু ধীরে ধীরে উত্তর দেন, "মুসলমানের মহাসাখাজ্যেও হিন্দুরা রাজমন্ত্রীর এবং প্রধান দেনা-পতির পদ এবং রাজম্ব বিভাগের কর্তৃত্ব পাইয়াছিলেন; স্বতরাং তপনও সমগ্র জাতিটার মনে কতকটা স্কৃতি ছিল; মনে করিবার স্থাবিধা ছিল যে, ঐ সকল কার্য্যেরও পথ উহাদের জন্ম শুধু মুর্যের কথায় নয়, কাজেও উন্মুক্ত। আর হিন্দুর আমলে! আপনি কি সত্য সত্যই মনে করেন থে, তথনকার একটা রাজ্যে আমি প্রধান মন্ত্রীর পদ পাইতে পারিতাম না ?" তাহার পর 'হাসিয়া বলেন, "কিন্তু আদিশুরের বৃহৎ রাজ্যের প্রধান মন্ত্রী হইলেও আমার বেতন কোন মতেই মাসে পাঁচ শত টাকা হইত না; হয়ত কিছু জমি পুরুষাত্মজমে ভোগ করার জন্ম পাইতাম। ভারতবর্ষে আপনারা সকল পদেই বেতন নিদিষ্ট করিয়াছেন অত্যধিক!" সাহেব নিক্তর রহিলেন।

ফলতঃ ব্রিটিশ ভারতে বহু সংখ্যক উচ্চ এবং মধ্য শ্রেণীর কার্য্যের স্বাষ্ট্র ইয়া যে অপরিমিতভাবে রাজ্যের অর্থ ব্যয় হয়, তাহা ভূদের বাবুর কর্মনই ভাল লাগিত না। তিনি অনেক সময়ে বলিয়াছেন, "ব্রিটিশ সামাজ্যের প্রধান মন্ত্রীর বাধিক র্ত্তি পঞ্চাশ হাজার টাকা; আর্থ ভারতের' রাজস্ব হৃটতে দেয় বলিয়া এখানে রাজপ্রতিনিধির বেতন আড়াই লক্ষ টাকা। একই মূল্যের লোক উভয় পদ অলক্ষত করেন, ইহা মনে ক্রিলেও লক্ষ টাকাই এখানে যথেষ্ট। প্রাদেশিক লাটেদের বাষ্ট্রিক বেতন ৬০ হাজার এবং হাইকোটের ক্ষেক্তেদের ৩৬ হাজারেরক

শ্বনধিক হওয়াই সম্পৃত। জজ ম্যাজিট্রেটদিগের মাসিক ২৫ শত পর্যাস্ত;
অধ্যাপক, স্থল ইন্স্পেক্টর, মুন্সেফ ও সবজজ, ডেপ্টি ম্যাজিট্রেট এবং
পুলিশ স্থপারিন্টেভেন্টদিগের মাসিক ২০০১ ইইতে ৬০০১ পর্যাস্তই ভাল
নদেখায়।" হিন্দু কলেজে স্থপৃত্তিত কাপ্তেন বিচার্ডদনের ৬০০১ টাকা
মাহিনার উদাহরণ তিনি সক্ষদাই দিতেন।

"উদাদশীলতার এবং ক্ষিপ্রকারিতার অভাবে ইনপ্লেক্টরের কার্যা এ দেশীয়েরা ভাল পারিবে না।"—এই মিথ্যা জাতীয় অপবাদ ঘুচানর দিকে সরকারা কার্যাক্ষেত্রে ভূদেব বাবুর স্থির লক্ষ্য ছিল। তিনি(৬١১০।১৮৬৫) মেড লিকট্ সাহেবকে স্পষ্টই লিখিয়াছিলেন, "যদি পদোলভির চেষ্টায় সফলকাম হই তাহা হইলে নিশ্য আখার দেশবাসীর জ্বল্য একটি পথ খুলিবে (ইফ আই সক্ষিড ইন গেটিং এ লিফ টু, আই এম শিওর দ্যাট আই ওপুন এ ওয়ে টু মাই কণ্টিমেন)"। কিন্তু 'রাজ্ম্বের অপবায়ে বেতন অধিক হওয়া অনুচিত', এই মত তাঁহার নিজের সম্বন্ধেও ঠিক ছিল। এদেশীয়েরা যদি ইউরোপীয় কর্মচারী-দিগের 'তুল্য' উদ্যমে এবং দেশের লোকের প্রতি 'অধিকতর সহাস্কৃতির' াহিত এবং 'স্ক্রীতর বেতনে' কার্য্য করেন তাহা হইলে বিশ্ব-নিস্নস্তাই উহাদের এদেশের রাজকার্য্যে দ্বিতির এবং উন্নতির ভার াহণ করিকেন—সংদশে স্বায়ত্ত শাসনের গৃঢ় এবং প্রকৃত অধিকার জন্মিবে -ভূদেব বাবুর পবিত্র আজিক হৃদয়ে এই ভাব দুঢ় থাকাঁয় 'তিনিই' গথমে ঈভেন সাহেবকে 'প্রাটুটারি সিভিল সাভিদ' বা এদেশীয়ের ভিলিয়ানি চাকরীতে অশ্পতর বেতনে নিয়োগের কথা বলিয়াছিলেন। দেব বাবু বলেন, "বিদেশাগত ইংরাজ কর্মচারীর অপেক্ষা এদেশীয় কর্ম-রীর কম ধরচে চলিবে, স্থতরাং তাহাদের একই কার্য্যের জন্ম কম মাহিনা বিঁয়া অসমত নহে। মনে করিতে হইবে, যেন ইংলণ্ড হইতে প্রেরিত

হইয়া (ডেপুটেশনে) আদার জন্ম প্রাপ্য ভাতা ইউরোপীয়দিগের অধিকভির বেতন মধ্যে নিহিত (ক্নদলিডেটেড্) আছে।" কথাটা ইডেন সাহেবের পছন্দ ংইয়াছিল এবং ছই তৃতীয়াংশ বেতনে এদেশীয়ের জয়েও নাজিষ্ট্রেট, करनकेंद्र এবং জজের কার্যো নিয়োগ ব্যবস্থাও বহু কাল পরে হইয়াছিল। ভূদেব বাবুর 'পরামর্শ মত এম,এ পাশ দেখিয়া তবে এ সকল কায়ে। লইলে, একটাও অক্ষমকে ঢোকান ঘটিত না।—"यहि हिनीय कर्नाष्ट्रवाहिनारक ইউরোপীয় সার্জ্জেণ্টের তুলা মাহিনা দিতে হয়, তাহা হইলে কি একটীও দেশীয় কনষ্টেবল রাথার দিকে 'সাধারণ' ইউরোপীয় কর্ত্তপক্ষীয়ের মন হইবে ? সিপাহীরা অনেক কম মাহিনায় গোরা সৈতের ভায়ই যুদ্ধ করে. সেই জন্মই প্রায় তুই লক্ষ সিপাহীর যরে অন্ন পৌছিতেছে। মূল ফ্ত্র এই যে আমাদের এত সন্তায় এদেশের কার্য্য উৎকৃষ্টভাবে এবং নিখুত ধর্ম পথে করিতে উন্মুখ থাকিতে হইবে; যেন সে বেতনে ইউরোপীয় পাওয়ানা যায়। অমুপযুক্ত উল্লেখে স্থদেশের উচ্চ কার্য্য করিতে না পাওয়াতেই ধাের ল্ড্জা। টাকাটাই প্রধান কথা নহে।"—ভূদেব বাবু অনেককেই এই কথা বলিয়া ছেন। ষ্টাট্টারি দিভিল সাভিদের অধিকাংশ কর্মচারীই এই উচ্চ এবং দেশ কালাত্রযায়ী ভাব উপলব্ধি করিতে পারেন নাই। তাঁহা: দির একজন ভূদেব বাবুকে বলেন "সমান কার্য্যে কম মাহিনা পাওয়ায় ব্যক্তিগত অবমাননা।" ভদেব বাব উত্তর দেন "মদেশের ঐ সকল উচ্চ কার্য্য করিতে না পাওয়ায় ষধন সমগ্র জাতিটার উপর তাচ্ছিল্য দেখায়, এবং যথন এদেশের মান্ত-স্থানের উচ্চত্য বিদ্যা • এবং নিম্নত্য ধন, তথন 'টাকা' কম লইতে খীকারে কোন প্রকার অপমান নাই।"

বিনা বেতনে অধ্যাপনা বা শিক্ষা বিস্তারে নিযুক্ত থাকার

বিত্তং বন্ধু: বয়: কর্ম বিদ্যা ভবতি পঞ্চমী।
 এতানি মানায়ানানি গরীয়োবদ্ বয়ুতরং॥—য়য়।

্রুইটা সাধ অত্যুক্ত অধ্যাপক পণ্ডিতের পুত্র ভূদেব বাবুর কথনই যায় নাই। এই বেতন বৃদ্ধির পর্ন্ধই (২৬।৪।১৮৬৭) ভিরেক্টর সাহেবকে তিনি যে পত্র লেপেন তাহাতে তাঁহার মনের গঠন অতীব স্থম্পই:—"আমার এই পত্রগানি ু অত্ব্যহপূর্বক ছোটলাট বাহাত্ত্বের অত্নকূলু ভাবে বিবেচনার এবং অহজ্ঞার জন্ম পাঠাইতে অমুরোধ করিতেছি। আমার ১৮ বৎসর সরকারী চাকরী পূর্ণ হওয়ায় আমার বেতনের চতুর্থাংশ পেন্দন্ হইতে পারে। কিন্তু আমার শারীরিক এবং মানসিক শক্তি অক্ষুণ্ণ থাকায় আমি এথনও রাজ-কার্যো অভিল্যিতরূপ কার্য্যকারিতা দেখাইতে পারি বলিয়া মনে করি। আমার বিশেষ প্রার্থনা এই যে, যতদিন সক্ষম থাকিব, ততদিন আমার বর্ত্তমান কার্য্য আমাকে বিনা বেতনে করিতে দেওয়া হউক। আমি পারিবারিক খরচ পত্র যেরূপ মিতব্যয়িতার সহিত করিয়া আসিয়াছি, তাহাতে আমি এখন এক্লপ অ্বস্থায় পৌছিয়াছি যে, আর বেতন গ্রহণ না করিলেও আমার সামান্ত খরচ চলিয়া যাইবে। স্থভরাং আমি আরও কিছুদিন, বেতন গ্রহণ না করিয়া, আমার দেশের সেবা করার স্থ্য (দি প্লেঞ্জার অফ সার্ভিং মাই কন্ট্রি ইণ্ডিপেণ্ডণ্টলি ব্রুফ এনি ইমল্মেণ্ট অর পে) পাইতে ইচ্ছুক। আমার বর্ত্তমান কার্য্যে আমি বিশেষ আনন্দ বোধ করিয়া থাকি; এছন্ত শিক্ষা-বিভাগে আমার বর্ত্তমান পদেই কাজ করিতে দেওয়া হউক।" এই পত্তের কোন উত্তর আদিয়াছিল কি কোন মুখের কথাতেই এই প্রস্তাবের শেষ হইয়া গিয়াছিল, তাহা জানা নাই। কিন্তু সেরুপ কোন কিছু কার্য্যে পরিণত হয় নাই। ভূদেব বাবু ক্রমশঃ পুরা মাহিনাতেই শিক্ষা-বিভাগের প্রথম শ্রেণী পর্যাম উন্নীত হইয়াছিলেন।

ডিরেক্টর আটিকিন্সন সাহেব কোন সময়ে ভূদেব বাবুকে জিজ্ঞান। করেন, "আপনি মুখোপাধ্যায় না লিখিয়া মুকার্জি লেখেন কেন?" ভূদেব বাবু হাগিয়া উত্তর দেন, "আপনারা এদেশীয়ের অপেক। বিদ্যুদ্ধনি বৌরব কম করেন; ধনের গৌরব বেশী করেন। তাই বাঙ্গালাতে লিখি মুখোপাধ্যায়, আর ইংরাজীতে লিখি মুকাজ্জি। কোন স্থান প্রাচীনকালে আমাদের মুখরা গ্রাম জায়গীর ছিল।—মুখরীয় ইতি খ্যাতো মুখরা গ্রাম বাসতঃ।"

ভূদেব বাব্র দিতীয় পুত্র ৺গোবিন্দদেব মুখোপাধ্যায় মহাশয় এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হইলে ১৭ বংদর বয়সে বীরভূম জিলার অন্তঃপাতী কীর্ণহার গ্রামের জনিদার ৺শিবচন্দ্র দরকার (গঙ্গোপাধ্যায়) মহাশয়ের জ্যোষ্ঠা ক্যার সহিত ১২৭৪ সালের বৈশাথ মাসে বিবাহিত হন। ভূদেব বাব্ এই পুত্রবধূটীকে 'বড়মা' বলিয়া ডাকিতেন। তিনি নানা গুণে বিভূষিতা এবং খণ্ডর বাড়ীতে একাস্তই প্রীতির পাত্রী হইয়াছিলেন। পিতৃগৃহ হইতেই তিনি কিছু লেখা পড়া শিথিয়া আদিয়াছিলেন এবং ভাঁহার হস্তাক্ষর বড়ই স্কন্মর ছিল।

ভূদেব বাব্র এণ্ট্রান্স পাশ করা একটা পরম রূপবান অবিবাহিত পুত্র আছেন গুনিয়া শিবচন্দ্র বাবু তাঁহার পরিচিত মানকরের পাঠশালার ডেপ্টা ইনস্পেক্টর পমহেশচন্দ্র চট্টোপাধ্যায়কে ঐ সম্বন্ধ কুরিতে অত্ররোধ করেন এবং ভূদেববাবু ক্যার বিবাহে কিরপ দিয়া থাকেন এবং পুত্রের বিবাহে কিরপ পাইতে ইচ্ছা করিতে 'পারেন' সাধারণ প্রসঙ্গে তাহার অকুমান করিয়া লইতেও বলেন।

ভূদেব, বাব্র সকল মতই দৃঢ় ছিল, এবং পাঠশালার ডেপুটী ইন্ম্পেক্টরদিগের আয় বাঁহারা তাঁহার সহিত বিশিষ্ট ঘনিষ্ঠতায় আসিতেন, তাঁহাদের সকলেবই তাঁহার অধিকাংশ বিষয়েরই মত জানা হইয়া পড়িত। মহেশ বাবু তথনই উত্তর দেন—"আমি জানি ষে ভূদেববাবুর মতে ক্যার বিবাহে অবস্থাম্যায়ী কিছু দেওয়া খ্বই উচিত; ক্রি

বর্পনের কিছুই 'চাওয়া' উচিত নহে: এজন্ত ক্যাপক্ষ সকল অবস্থা ব্যালোচনা করিয়া যাহা দেওয়া সক্ষত বলিয়া 'স্থির' করিবেন তাহা নরলভাবে পূর্বাহেই জানাইয়া দিয়া তাহাতেই দৃঢ় থাকা সঙ্গত; কড়া ভূথিলে তদপেক্ষা অনুমাত্র বেশী দেওয়া বা কোন অবস্থাতেই তদপেকা ক্ম দেওয়া, উভয় কার্যোই নীচতা: 'দর ক্সাক্সি স্থলে' বিবাহ দিতেই নাই: গোষ্ঠাপতিরা দক্ষম ছিলেন বলিয়া কন্সা জামাতাকে ভদম্পত্তিও দিতেন।" • ইহার কিছুকাল পরে এই বিবাহের কথাবার্তা স্থির হইয়া গেলে, শিবচন্দ্র বাবুর পত্নী তাঁহার কিছু ভূমি সম্পত্তি ক্তাকে দানপত্তে লিখিয়া রেজেষ্টারি করিয়া দেন। দে সময়ে মহেশবাবুকেও এই দানপত্তের কথা বলা হয় নাই। উপযুক্ত দান সামগ্রী এবং অলঙ্কারাদি সহ বিবাহ হইয়া গেলে, ভূদেব বাবুকে এ দান পত্রের কথা জানান হয়। তাঁহার প্রতি কতটা শ্রদ্ধাপোষণ করিয়া, তাঁহার সাধারণ মত গোপনে জানিয়া নইয়া, দেই মত সম্পূৰ্ণ ভাবেই গ্ৰহণ পূৰ্বক শিবচন্দ্ৰ বাবু তাহা কাৰ্য্যে পরিণত করার পর কিরূপ স্থমিষ্টভাবে, বিবাহ হইয়া গেলে, তাহা जानाहरतन, हेरा वृक्षिया जुरानव वावू विराध जुश हहेबाहिरतन। উভয়ে অনেক বিষ্ণেই পঞ্জব্যবহার হইত এবং কুটুম্বিতা স্বপেরই হইয়াছিল।

দানপত্রের তারিথ ২৪শে বৈশাথ ১২৭৪। উহার একটু উদ্বৃত করা । খাইতেছে :—,

"* * মৌজা সোনা চিতুবা দোরবস্ত পত্তনি হকুক * * এক মৌজে শাহজাহানপুরের মধ্যে মোকরর জমা * * এই তুই সীম্পত্তির * বঁর্তুমান

^{*} সম্পত্তি ছইটা বরাবরই পশিষ্চক্র বাবুও তাঁহার প্রীদিগের ইজারায় চলিয়া গাসিতেছে। ভূদেব বাবুর এই জোঠা প্রবধ্ দেহাস্তকালে পাঁচ কন্তার মধ্যে ছইটা শীকাহিতা এবং তিন পুত্র রাখিয়া যান। পুত্রেরা এবং অবিবাহিতা কন্তারাই ঐ শাশাও পাইয়াছেন। ইহা বিবাহের পুর্বের—অবোতুক—গ্রীধন।

অবস্থায় ৩৬০ টাকা পরিমাণ লাভ আছে *। আমি * * দখলী দার আছি। একণে তোমার শুভ বিবাহের দম্ম স্থির ইইয়ছে। তুমি আমার প্রথমা প্রিয়তমা কন্যা। তোমাকে আমি যথেষ্ট স্নেহ করিয়। থাকি। এজন্য আমি প্রদন্ন হইয়া আপন মনের অভিলাষ প্রণার্থ স্থানীরে * * তোমাকে চিরকালের নিমিত্ত দান করিয়। * * * অঙ্গীকার করিতেছি যে * * * পুত্র পৌত্রাদি ক্রমে দান বিক্রমের অধিকারিণী থাকিয়া পর্য স্থাপ ভোগদখন করিবে।"

^{🚁 ৺}শিবচক্র বাবুর বার্ধিক আর অন্যুন বাট হাজার টাকা ছিল।

অফাদশ অধ্যায়

→ <**6% 6 6 ...**

্বীডন সাহেবকে অভিনন্ধন,—বীডন, হর্ণেল, ঈডেন ও নীলকর,—স্কুল পরিদর্শনের
• রিপোর্ট, এডুকেশন গেজেট, উত্তর পশ্চিম প্রদেশে পাঠশালা
পরিদর্শন ও তাহার রিপোর্ট।]

ছেন বিজন সাঁহেবের আমলে উড়িয়ায় (১৮৬৫) অজনা ইইয়া-ছল; কিন্তু কমিসনার রাভেন্সা সাহেব রিপোর্ট পাঠান যে, অপরিমিত প্রতাদের বাড়ীতে পোঁতা * আছে—মহাজনদিগের গোলাতেও মাছে; উহারা চক্রান্ত করিয়া দাম বাড়াইয়াছে—কোঁন প্রকার সরকারী যবস্থার প্রয়োজন নাই। প ইহাতে বড়লাট সারজন লরেন্স উদাসীন হিলেন; টাকা মঞ্জ্র করিলেন না। সে সময়টা অস্কৃত্ত শরীর বীতন গাহেবও উড়িয়ায় না গিয়া দাজ্জিলিক্ষেই থাকিয়া গেলেন। পরে যথন

^{*} উড়িবাার প্রকৃত পক্ষেই সবত্বে বড়ে মুড়িরা ধান পুঁতিয়া রাখিবার পদ্ধতি
।ছে। কিন্তুধান না জুনিলৈ পুঁতিয়া কি রাখা হউবে।

[†] ৬ প্রেনটান তক্বার্গা শ মহাশয়ের লাতা ডেপুটা কলেক্টর ৬ রামাক্ষর চট্টোপাধ্যার হাশয় একজন বিচক্ষণ এবং প্রকৃত তাল লোক ছিলেন। তিনিও উড়িষ্যার প্রকৃত বেখা বুঝিতে পারেন নাই। ২ ৫শে অক্টোবর ১৮৬৫ তিনি রিপোর্ট করেন যৈ জমিদার ভিতির নিকটে ছই বৎসরের মত বাস্তু মজুদ আছে। মিঃ ক্রমনিন, চীক ইঞ্জিমিয়ারকে সংখন যে পুরী ও গপ্তাম রাস্তায় কাজ করানর সময় অল্লকটে পতিত বাক্তিদিগকে তিক চাউল এবং কতক প্রসা দেওয়া হইবে, এবং সে বাবয়া করার পক্ষে কোন ব্রথিব ইইবে না। ক্লেডঃ উড়িবাায় চাউলের অভাব হইয়াছে—শুধুই দর বাড়ে বি—চাউল আমদানী করাই আবশাক, ইহা কেইই বুঝিতে পারেন নাই। তিবু সাহেব বলিয়াছিলেন "টাকায় বোল সেরের অধিক মহার্ঘ দরে চাউল আনার বিশ্রু নাই।"

(১৮৬৬) অনাহারে লোক মরিতে লাগিল, সকল ভূল ভাঙ্গিয়া গৈল, তথন উড়িয়ার সহিত যাতায়াতের বেল, ষ্টামার, থাল প্রভৃতির কোন স্থাবিধা না থাকায় সন্তরে এবং প্রচুর পরিমাণে শস্তা, না মহাজনেরা না গবর্ণমেন্ট, পৌছাইতে পারিলেন। কলিকাতায় ছয় লক্ষ টাকা চম্মা উঠিয়াছিল। লগুনে লর্ড মেয়র টেলিগ্রাফ দারা উত্তর দেন যে, দেখানে ধর্মঘট তৃষারপাত প্রভৃতিতে লোকের বড় কর্ত্ত; উড়িয়ার জন্ম চাঁদা উঠিবে না। গবর্ণনেন্ট ১ কোটি ৪৫ লক্ষ টাকা শেষ প্র্যান্ত থরচ করিলেও এই ভাষণ বিভাটে উড়িয়ার প্রায় একত্ গ্রীরংশ লোক মারা যায়।

বীতন সাহেবের দেশীয় প্রজার সহিত একান্তই সহাত্মভূতি ছিল।
তিনি বাঙ্গালীকে নীলকর হইতে রক্ষা করিতেছিলেন এবং সেই উপলক্ষাে
ছুইজন অবিচারী সিভিলিয়ানের পদ নর্য্যাদা হ্রাস করিয়া দিয়াছিলেন।
তাঁহার ব্বিবার ভূগে উড়িয়ায় যে শোচনীয় ঘটনা হইয়া গেল, সে জল তিনি "একান্তই মশাহত" হইয়াছিলেন।

বড়লাট লর্ড লরেন্স কড়া মেজাজের এবং অনেকটাই দেশীঃ
বিদ্বেষী লোক ছিলেন। তিনি স্থবিধা পাইয়া বীডন সাহেবের উপর
সকল দোষ চাপাইয়া দিলেন। * মাজ্রাজ প্রেসিডেরির গঞ্জার প্রদেশে
উড়িয়্বারই ভায় ছভিক হয়। সেখানে চাউল আমদানী উড়িয়ারও
একমাস পরে আরম্ভ হয়; কিন্তু তথাকার কার্য্যের কোন, দোষ বড়লাট
সাহেব ধরেন নাই। নীলকর সম্বন্ধে বাঙ্গালী প্রজার সহিত বীডর
সাহেবের 'অভটা' সহাম্ভৃতি বড়লাটের স্থান্যের অস্তন্তনে প্রীতির
উত্তেক করে নাই! আসামের চা বাগানের কুলিদিগের সহিত সহাম্ব

^{*} বড়লাট সাহেব স্টেট সেক্টোশ্লীকে লেখেন যে বাঁডন সাহেবের 'বিপদে বিশান করিতে অক্ষমতা' ঘটিয়া ছিল (লেবড অণ্ডর অ্যান ইনক্যাপ্যাসিটি টু ক্রিটিটি ইন ডিসাস্টার)!

ভৃতি জন্তই মহাত্ম। কটন যে স্বসমাজের এবং লড কিজ্বনের বিষ নয়নে পড়িয়াছিলেন, বাঙ্গালার ছোটলাট হইতে পাইলেন না, তাহা কাহার অবিদিত ? ভূদেব বাবু এক সময়ে বলিয়াছিলেন যে মহাত্মা লড নর্থ ক্রকেরই মুথে ১৮৭৬ অবে বিহার ছভিক উপলক্ষে ভারত গবর্ণমেন্টের সর্ব্যোচ্চ নাতির প্রচার হইয়াছিল; লড নর্থ ক্রকই বলেন্যে ক্রানাহাক্তের প্রকান হাত্রাক্তি প্রক্রাক্ত করেন। করে বলা হয় যে তথ্নকার ছোটলাট সার রিচার্ড টেম্পল তদমুসারে অন্তম্ম অর্থব্যয়ে প্রভাবে সে ছভিকে সাহায়ের বন্দোবন্ত করেন। পরে বলা হয় যে উহাতে অতিরিক্ত অর্থ বায় হইয়াছিল এবং ছোটলাট সার রিচার্ড টমসনের সময়ে কথা উঠে যে ছভিক্রের সময়েও রোজ ছই পয়সা খোরাকি এদেশীয়দিগের পক্ষে যথেষ্ট— তাহাতেই "টু পাইস্ টমসন" নামের স্পিও হয়!

্দে যাহাইউক যথন বীজন সাহেব এ দেশ একেবারে 'ত্যাগ' করিজে-ছেন এবং কাহার প্রতি বিরূপ বজলাট এ দেশে থাকিলেন, তখন বীজন সাহেবকে কার্য্যত্যাগকালের অভিনন্দন দিতে অনিচ্ছা, তাঁহার প্রতি বিরূপ বে-সর্কারা স্বাজদিগের অন্থকরণে তখনকার ব্রিটিশ ইণ্ডিয়ান এনোসিষ্ট্রান্তর অধিকীংশ সভ্যের মধ্যে উদ্রেক হইয়াছিল। ভূদেব বাবু কখনই রাজকর্মচারীদিগকে অভিনন্দনাদি দানের পক্ষপাতী ছিলেন না এবং ঐ সকল উপলক্ষ্যে চাঁদাও দিতেন না; কিন্তু দূর দেশাগত স্বঞ্জাতীয় বেসরকারী ইংরাজকে এবং এদেশীয় বিজিত প্রজাকে যাহারা শাঁসন বিষয়ে একেবারে তুল্য মূল্য জ্ঞান করিয়া তদহুযায়ী কার্য্য নিজীকভাবে করিতে পারেন, তাঁহাদের যথোচিত সম্মান না করিলে এক প্রকার আয়হত্যা করা হয়—শ্রীভগবানের নিকট হইতে কখন কোন "ক্যায় বিচারক পাওয়ার স্বিটিই" যেন ছাড়িয়া দেওয়া হয়—ভূদেব বাবু এ সকল বিষয় এইরূপ

ভাবেই দেখিতেন। সেইজন্ম আমরা দেখিতে পাই গুরু নীলকর সম্প্রাক্তিক ভাবে লক্ষিত, বীজন সাহেবের, সার উইলিয়ম হর্শেলের এবং ঈজেন সাহেবের অভিনন্দনেই তিনি যোগ দিয়াছিলেন। সার উইলিয়ম হর্শেলের এদেশ ত্যাগ সময়ে তিনি যাহা " বলিয়াছিলেন। ভাহাতে তাঁহার মত স্কুম্পষ্ট ভাবে প্রকাশিত:—

"মহোদয়গণ! পরীক্ষায় ধর্ণের বিশুদ্ধি অবিশুদ্ধি কির্ক্তপে নির্ণীত হয় আপনাদের সকলেরই তাহা জানা আছে। প্রথমতঃ উহাকে আগুনে পোড়ান হয়; দ্বিতীয়তঃ ভাল নিক্তিতে ওদ্ধন করিয়া উহার ভার পরীক্ষা করা হয়য় গতায়তঃ কষ্টিপাথরে সাবধানে উহার কর্ম পরীক্ষা করা হয়য় থাকে। (১) আমাদের সরকারী কর্মচারীদিগের মধ্যে কোন্ ব্যক্তি বাঁটি সোণার সদৃশ, বিচারাসনরপ হাপরে তাহার পরীক্ষা হয়। তিনি অজাতীয়ের ও অগৌরকাঁন্তি ভিয়জাতীয় লোকের মধ্যে সম্পূর্ণ পক্ষপাত শৃত্ত হইয়া বিচার করেন কি না । তাহা বদি করেন, তাঁহার আহিম প্রীক্ষা ইয়া সিয়াছে।—তিনি গাঁটি সোণা। (২) তিনি এ দেশে

^{*} Gentlemen—you all know how gold is tested and proved. First it is burnt in a strong fire; secondly it is weighed in a good balance to prove its solidity; thirdly the mark it my be on a touch stone is carefully examined. Now, the genuine gold of our public officers is tried in the furnace of the judgment-seat. Does he deal impartially between men of his own and of a darker colour? Then he has stood the fire-test and is genuine metal. Can be by his knowledge, reflection and instinct trace the causes of the error, short-coming and degeneracy that he sees around him and speak and act truthfully and lovingly in order to mend, to make up and to correct and not merely to vent his pride of race and position? Then he has shown his solidity of worth and stood the test of the balance; and 3rdly, can he admit natives of this country, his fellow subjected to close and familiar contact and leave upon them the impress of

চারিদিকে যে দকল ভুলভান্তি, ক্রটি ও অবনতি দেখিতে পান, স্থায় জ্ঞান, চিল্কা এবং স্বাভাবিক বৃদ্ধি প্রভাবে, দে দকলের কারণ স্থাত্বে বৃবিষ্কা দে গুলির সংশোধন জন্ম কেবল সত্যপরাষণতা ও স্নেহ প্রবণতার সহিত্য যদি বাক্যে ও ব্যবহারে সর্ব্বথা চেষ্টা করেন, শুধু নিজের জাতীয় গৌরব খ্যাপুন ও পদমর্য্যাদার গর্ব্ব প্রকাশ জন্ম দে দকল ক্রটির উল্লেখে নিযুক্ত না থাকেন—ভবেই তিনি যে অন্তঃসারশূল্য নহেন নিক্তির ওজনে তাহার পরীক্ষা হইষা যায়। (৩) তাহার লায় একই রাজার প্রজ্ঞা এ দেশীয় লোকের সহিত্য তিনি যদি বিশেষ রূপে ঘনিষ্ঠতা সাধন করেন এবং তাহার উচ্চতর শিক্ষার ও দৃঢ়তর চরিত্রের দাগ যদি তাহাদিগের মনে অধিত করিয়া দিতে পারেন, তবেই কপ্তি পাথরের পরাক্ষায় তিনি উত্তীর্ণ

his higher culture and character? Then he has stood the test of the touchstone. $\ \, \bullet \,$

I say it and feel sure that every body here present and those who are absent will declare in one voice with me that Sir W. Herschell has throughout his career in this country stood all these tests most admirably. In losing Sir William we lose highly solid genuine gold. In praising Sir William we show but ordinary gratitudes and in showing such gratitude we do all that we can to make a known that what the native of Bengal most highly esteems and honours in them who administer the public affairs of his country, is energy combined with and in perfect subordination to scrupulous conscientiousness.

Such men are really strong and good and gifted. Such men are popular without seeking popularity. Yes, I take it for a matter of pride to ourselves that such men alone have been and can be truly and lastingly popular among us. It is the best proof that we can in our present condition afford that the Bengali mind however much it may have lost, retains yet the power of discriminating bettern what is genuine gold and what only glitters.

इटेरनम वला यात्र। मात्र উटेनियम ट्रार्सन এ म्हर्स वतावत चाडि প্রশংসনীয়রপে এই ত্রিবিধ কঠিন পরীক্ষাতেই যে উত্তীর্ণ হইয়া আসিয়া-ছেন, তাহা আমি বলিতেছি এবং সভায় উপস্থিত এবং অমুপস্থিত সকলেই থে এক বাক্যে তাহা স্বীকার করিবেন, ইহাও স্বস্পষ্টই বুঝিতে পারিতেছি। সার উইলিয়মহার্শেলকে হারাইয়া আমরা নিব্রেট খাঁটি সোধা হারাইতেছি। তাঁহার প্রশংদা করিয়া আমরা দামান্ত ক্বতজ্ঞতা মাত্র দেখাইতেছি এবং এ দেশে বাঁহারা উচ্চ সরকারী কার্য্যে নিযুক্ত আছেন তাঁগদের মধ্যে অতি সম্মভাবের ন্যায়পরতার 'অধীনে' অধ্যবসায়সম্পন্নতাই যে বঙ্গদেশবাদীর নিকট আদর ও সম্মানের সামগ্রী, উক্তরূপ কৃতজ্ঞতা প্রকাশে তাহাই বাক্ত করিতেছি। এমন সকল লোকই প্রকৃত প্রস্তাবে সরলচিত্ত, সাধু, ও উচ্চ শ্রেণীর ক্ষমতা সম্পন্ন। ইহাঁদিগকে লোকাতুরাগ ষত্ম করিয়া লাভ করিতে হেয় না।—নিজগুণে স্বতঃই ইহাঁরা লোকানুরাগ ভাজন হইয়া থাকেন। এরপ লোকই যে আমাদের মধ্যে প্রকৃত প্রস্তাবে এবং স্থায়িভাবে প্রিয় হইয়াছেন এবং হইতে পারিবেন, ইহা আমাদের পক্ষে একটা গোরবের বিষয় বলিয়াই আমি মনে করি। বাঙ্গালীর মানসিক শক্তির যতই অবনতি হইয়া থাকুক, বাঙ্গালী ফে^নএখনও 🖟 কুত वर्ष अवर हाकहिकानानी 'त्रुहा जिनित्मत्र' महा छोट्ड विकारको भारत, আমাদের বর্ত্তমান অবস্থায় দার উইলিয়ম হার্শেলের আা লোকের প্রতি এই অমুরাগ প্রদর্শনই তাঁহার সর্ব্বোৎকৃষ্ট প্রমাণ।"

ন্থায়পর ছোটলাট 'বীডন সাহেবের সম্বন্ধে বাকালী জাতির 'কর্ত্তবা' এই ভাবে ব্রিয়া 'জ'ন সাধারণে অভিমতি স্থপ্রকাশিত, করার জন্ত ভূদেববাব মফ:স্বলের জমিদার এবং সম্রাম্থ প্রজা এবং শিক্ষিত লোক-দিগের স্বাক্ষর করাইয়া কয়েকজন উচ্চশিক্ষিত প্রধান লোকের সহযোগে বীডন সাহেবকে অভিনন্দন পত্র দেওয়ান। সে জন্ত ব্রিটীশ ইণ্ডিয়া সভার মৃথস্বরূপ হিন্দু পেটি মট ভূদেব বারুকে অজস্র গালিং দিয়াছিলেন।
শোভাবাজারের রাজা ৺কালীকৃষ্ণ বাহাত্র বীজনসাহেবের গুণের পক্ষপাতী হইলেও সভার থাতিরে অভিনন্দন-স্থলে উপস্থিত হইতে পারেন
নাই; কিন্তু কুমার নরেক্রকৃষ্ণ, রেভ: কৃষ্ণমোহন বন্দ্যো, রেভ:
লালবিহারী দে, ৺কেশবচক্র সেন, ৺গিরিশচক্র ঘোষ, মৌলভি (পরে
নবাব) আবত্ল লতিফ প্রভৃতি দেশীয় গণ্যমান্ত অনেকেই এই ব্যাপারে
যোগ দিয়াছিলেন। বীজন সাহেব সম্বন্ধে "সাধারণ" বাঙ্গালীর অভিমতি
ক্র অভিনন্দনে প্রকাশিত হইয়া গেল। জমিদার শ্রেণীর বিটীশ ইণ্ডিয়ান
সভা ভিন্ন জন সাধারণের কোন সভা সে সময়ে এদেশে ছিল না; তাহার
প্রয়োজনীয়তাও ভূদেব বাবুর এই কার্যো অনেকের মনেই স্থপরিস্ফুট হইল।

২৩শে এপ্রিল ১৮৬৭ বীডন সাহেব কাব্য ভার ছোটলাট থ্রে সাহেবকে

দিয়া চলিয়া যাওয়ার পর ষ্টেট সেক্রেটারীর ১৫শে জ্লাইয়ের ডেফ্ প্যাচে
উড়িয়া ছভিক্ষ কমিশনের রিপোর্ট, বড়লাট সাহেবের পত্র এবং বীডন
সাহেবের উত্তর প্রভৃতির আলোচনা করা হয়। ছভিক্ষের পূর্ণ প্রকোপের
সময় বীডন সাহেব যে প্রাণপণ চেষ্টায় উড়িয়ায় চাউল পাঠাইয়া ছিলেন,
তথার উল্লেখে ষ্টেট সেক্রেটারী বলেন যে, বীডন সাহেব যে প্রথমে ঐরপ
চেন্তু করেন নাই ভাষা অবস্থা ব্রিতে না পারার জন্ম এবং যথন বড়লাট
সাহেব, লিখিয়াছেন যে, তিনি ২৫ শে এপ্রিলেই 'ব্রিয়াছিলেন' যে
উড়িয়ায় শশু প্রেরণ করা প্রযোজন ইইবে, তথন, তাহা ছোটলাট
সাহেবকে বিশেষ করিয়া না বলায় তিনিও কভকটা দোষভাগী হইয়াছেন।
[অনেকেই নিজের বাহাছরি খ্যাপনের জন্ম কোম বিপদের 'পরে' এইভাবে
বলেন "আমি ব্রিতে পারিয়াছিলাম।" কিন্তু ঐরপ বলার সময়ে মনে
রাখেন না যে, তাহাতে নিজেরও একটা 'দায়িঘ' স্বীকার করা ইইয়া
মায়—"ব্রিয়াও কিছু বলিলে না বা করিলে না!"]

ভূদেব ব। নুর স্থল পরিদর্শনের রিপোর্ট (১৮৬৪।৬৬ হইতে ১৮৬৭।৬৮)

হইতেও তাঁহার কার্য্যের, দেশের কোন কোন কথার এবং অনেকানেকার
বিষয়ে তাঁহার মত জানা বায়। তেপুটী ইন্স্পেক্টার এবং ট্রেনিং স্কুলের
হেডমান্তারদিগের উৎসাহ বর্দ্ধন জন্ম ভূদেব বাবু তাঁহাদের রিপোর্টের প্রধান
কথাগুলি সম্বন্ধ উদ্ধৃত করিয়া কর্তৃপক্ষের গোচর করিয়া দিতেন:—

- (১) "এবারে আমার এলাকায় বর্জমান, কফনগর, যশোর, বাঁকুড়া, মেদিনীপুর এবং মুরসিদাবাদ এই ছয়টা জেলা দেওয়া হইয়াছে। কৃষ্ণনগরের ট্রেনিং স্কুলটা বছরমপুরে স্থানান্তরিত করিয়া লইয়া যাওয়া হইবে; মেদিনীপুর, বর্জমান, বছরমপুর এবং যশোরের চারিটা ট্রেনিং স্কুলে গুরু-দিগকে শিক্ষাদান করিয়া ছয়টা জেলার কার্যা চালাইতে পারা যাইবে।"
- (২) "বর্দ্ধনানের ডেপুটা ইন্স্পেরার শ্রীযুক্ত শরংচন্দ্র চটোপাধ্যায় প্রত্যেক পাঠশালায় কতকপ্রনি করিয়া বাঙ্গালা পুস্তক রাথিয়া দেওয়ার এবং তাহা গ্রামের দাধারণ লোকদিগকেও পড়িতে অধিকার দেওয়ার, প্রস্তাব করিয়াছেন। তাহাতে শিক্ষকেরা নিঙ্গেদের শিক্ষোন্ধতি করিতে এবং গ্রামের লোকেরাও অনেক বিষয়ে জ্ঞান বৃদ্ধি করিয়া, শুম ঘুচাইয়া নিজেদের সহায় নিজেরাই হইতে পারিবে।" [তথনও গ্রামে গ্রাম্ম নিজেদের সহায় নিজেরাই হইতে পারিবে।" [তথনও গ্রামে গ্রাম্ম নী-দিপের সাহায়ে পাঠশালার লাইবেরি গঠিত হইতে পারিয়াছিল। ভূদেব বার্ তাহার একান্ত মনের মত, স্বদেশ-ভক্তি-প্রণোদিত এবং দ্রদৃষ্টি বলিয়া শরং বার্কে বড় ভাল বাদিতেন। ভক্তি ভাবে শক্তি শিক্ষা শরং বার্কে বড় ভাল বাদিতেন। ভক্তি ভাবে শক্তি শ্রাম করিতেন। সকল শ্রেণীর সকল স্বদেশীয়ের মধ্যে সম্পূর্ণ ভাবে শিক্ষা-বিস্তারই তাহার লক্ষ্য ছিল। এখনও চেষ্টা করিলে প্রত্যেক্ গ্রাম্য পাঠশাল। সংস্ট লাইবেরিতে ভূদেব বাব্র সময়ে প্রদত্ত গ্রামিক



৺শ্রচ্চন্দ্র চট্টোপাধ্যায়

িদেগের 'সাহায্য করিয়া পড়ার অধিকার' পুনঃ প্রাপ্তির জন্ত চন্তা করিছে করিছে করিছে তাহাতে ভাল বই পড়ার স্থবিধা হইবে, লাইবেরি গুলি স্থায়ী হইবে এবং অশ্লীল বা অনাবখ্যকীয় পুত্তক জড় করা হইতে পারিবে না।

- (৩) "ঘশোহরে এবং নদীয়ায ১৮৬৬ অব্দে যে দাকণ ম্যালেরিয়া জ্বের প্রকোপ হয় তাহাতে ১৮৬৫ অব্দের সহিত তুলনায় উন্নত পাঠশালা গুলির শতকরা ২০টী এবং মোট ছাত্র সংখ্যা শতকরা ৪৫টী কমিয়া যায়।"
- (৪) "মানকরের ডেপুটী ইন্স্পেক্টর শ্রীযুক্ত মহেশচন্দ্র চটোপাধ্যায় লিখিয়াছেন—স্বীশিক্ষা বিস্তার জন্ম সর্বাপেক্ষা হলত উপায় এই যে গুরু মহাশয়দিগকে ভোট ছোট বালিক। চারিটীকে শিক্ষা দিলে তিনি মাসিক এক টাকা পাইবেন এইরপ ব্যবস্থা করা হয়। পূর্ণ বালিকা বিদ্যালয়ে অনেক ধরত হইবে। ভেটিয়ায় ইপ্ট ইণ্ডিয়ান ব্লেলগুরে আমাদের পাঠ-শালায় কিছু সাহায়্য করিভেছেন; তথায় কয়েকটী বালিকা পড়িতেছে।"
- (৫) "মেমারি দার্কেলের ডেপুটী ইন্স্পেক্টর শ্রীযুক্ত শ্রীণতি ধন্দ্যা-পাধ্যায় রাজ্বাহীতে হেড মাষ্টার হইয়া যাওয়ায় শ্রীযুক্ত যাদব চন্দ্র হাজরা • তাঁহার কার্য্যকরিয়াছেন। শ্রীপতি বাব্র উদ্যানে তাঁহার দার্কেলের যে উল্লাহ্ ইইয়াছিল কোনা অক্ষ্র আছে।"
 - (৬) "নৈশ বিদ্যালয়ের শ্রমজীবী ছাত্রাদগের নিকট হইতে মাসিক

^{*} ভ্যাদৰ বা নর্মাল ক্লের ছাত্র, ভূদেৰ বাবুর একান্ত ভুক্ত এবং বলশালী বাঙ্গালীদিগের মধ্যে গণনীয় ছিলেন। তিনি সাধারণের অপেকা অনেক অধিক আহার করিতে পারিতেন বলিয়া ভূদেব বাবুর পত্নী তাহাকে খাওয়াইতে বিশেষ ভাল-বাসিতেন। একদিন ভূদেব বাবু তাহাকে লইয়া খাইতে বসিয়া বলেন, "বাড়ীতে তোমার খাওয়া দেখিতে ভালবাসে; সেদিন বলিতেছিল—"বাদ্ধ অনেক দিন আইদেন নাই; ভাল আছেন তং"—যাদ্ধ বাবু বলেন, "ভবে আপিনি খাইয়া আঁচাইয়া আসিয়া বহুন এবং মা ফুহিরি উদ্রিক সন্তানের জন্ম আর এক সের ময়দার পুচি ভাজ্ন!" তাহাই করঃ হিয়; যাদ্ধ বাবুর ওরূপ খাইয়াও অহুখ হব নাই।

- তুই আনার ুধিক 'ফি' লওয়া চলিবে না। গুরুর জন্ম আধরোজ থাটিয়া দিলেই ঐ ফি আদায় করা হইল বলিয়া ধরিবার যে ব্যবস্থা, করিয়াছি তাহাতে নৈশ বিদ্যালয়ে ছাত্র কিছু বাড়িয়াছে।"
- (॰) "নিরুদাম বলিয়া বাঙ্গালীর অন্যত্ত অথাতি থাকিলেও মেদিনীপুরের উত্তরাংশে উহাকে বেশ সঙ্গীব বলিয়াই দেখিতে পাইলাম। উহার
 সংশ্রবে আদিম জঙ্গলী জাতির মধ্যে কৃষির বৃদ্ধি এবং বাঙ্গালীর ভাষা
 এবং আচার অন্তক্ত হইতেছে। কেবল মাত্র আদিমদিগের অধ্যুষিত
 গ্রামে কোন পাঠশালা নাই। যেখানে অল্পশংখ্যকও বাঙ্গালী বা উড়িয়াঁ।
 হিন্দু আছে দেখানেই একটী পাঠশালা আছে। মেদিনীপুরে অন্যুন
 তিন হাজার পাঠশালা আছে বলিয়া অন্থুমান করি। হার্ডিং আদর্শ
 বিদ্যালয়গুলি জিলার উত্তর পূর্ব্ব প্রান্তে জাহানাবাদের এলাকার নিকটবর্ত্তী স্থানে স্থাপিত হওয়ায় সমগ্র দেশের উপর কোন প্রভাব প্রকাশ
 করিতে পাবে নাই।"
- (৮) "সাত্তালদিগের শিক্ষার জন্ম একটু বিশেষ চেষ্টার প্রয়োজন। গ্রামে কেন পাঠশালা রাখিয়ছেন' জিজ্ঞাসা করিলে হিন্দুরা বলেন 'পূর্বাপর চলিয়া আসিতেছে'। সাঁওতালদিগের মধ্যে ওরপ কোন লোকাচার নাই; স্কতরাং গ্রামের সাহায্য এবং অনেক ছাত্র পাওয়া কেন্দু হৈ তেই মুদ্ধিরে না। জলেশরের মার্কিন মিশনরি মিং ফিলিপ্ স্বলেন্দু যে বিহারের সন্নিকটবর্ত্তী সাঁওতালদিগকে হিন্দী এবং সাঁওতালী, বাং দালার সন্নিকটবর্ত্তী সাঁওতালদিগকে হাস্পালা ও সাঁওতালী শিক্ষা দেওয়া আবশ্রক। আমারও দেই মত। মেদিনীপুরের পশ্চিম প্রান্তে সাঁওতালদিগকে বান্ধালা ও সাঁওতালী শিক্ষা দিতে হইবে। উহাদের জন্ম শিক্ষত গুরু প্রস্তুত করিতে মেদিনীপুরের ট্রেনিংস্ক্লের শিক্ষকদিগের এবং ঐপ্রদশের ডেপুটী ইনম্পেক্টরের একটু সাঁওতালী শিক্ষা করিতে হইবে।

- (৯) "শ্রমজীবী এবং শিল্পী শ্রেণীর শিক্ষার পূর্ণতা সম্পাদন জল এদেশে ্রিগুলু-বিদ্যালয় স্থাপন, আজই হউক বা পরেই হউক একদিন যুখন क्रिंटिके रहेर्द, ज्थन के कार्या वर्थनहे स्वाट आवस्त क्राव क्राव আমি প্রস্তাব করিতেছি যে, জিলায় জিলায় যে গুরু-ট্রেনিং স্থুল স্থাপিত হইতেছে তাহাতে একটা করিয়া শিল্পবিভাগ খুলিয়া দেওয়া হউক। কতকগুলি পাঠশালার ছাত্র অল্প বুত্তি পাইয়া আদিয়া ঐ বিভাগে ছুতার, কাুমার, কুমার, তাঁতীর, দর্জির কার্যা শিখিয়া যাইবে। এ দেশের ৬৯৫এণীর ক্রচির পরিবর্ত্তনে এবং অক্তান্তকারণে দেশীয় শিল্পের শোচনীয় অবস্থা ঘটিরাছে; যে শিক্ষা দেওয়া হইতেছে তাহাতে চাকুরীর দিকেই লোকের মন পড়িতেছে: অন্ত দিকে শিল্পী ও শ্রমন্ত্রীবী এবং মধ্যবিত্ত শ্রেণীর কতকটা মন ফিরাইয়া দেওয়া আবশ্রক। উহাতে দেশের শিল্লোন্নতিও ঘটিবে। [১৮৬৫ অবে এই প্রস্তাব হয়। অর্দ্ধ শতাব্দীরও অধিককাল মধ্যে কথিউভীবে এদিকে কিছু করা হয় নাই। আরও তুই পুরুষ ধরিয়া লোকে চাকুরির দিকে এবং বৈদেশিক সৃষ্ম বল্পের দিকেই দৃষ্টি দিয়াছে। প্রধানত: "মায়ের দেওয়া মোটা কাপড়ে" অবহেলার পাপেই দেশের বৈদ্য বৃদ্ধি এবং গ্রামে গ্রামে তাঁতীদিগের সর্বানাশ হইয়া গেল!] পাঠশালী হইতে বুক্তি পাইয়া কতক ছাত্র উচ্চ শ্রেণীর স্কুলে সাধারণ শিক্ষার জীট্ট ইইং এবং কতক ছাত্ত বৃত্তি পাইয়া শিল্প শিক্ষার জন্ম যাইবে, এইরূপ ব্যবস্থা কারলে মধাশ্রেণীর এবং শ্রমজীবা শ্রেণীর প্রাথমিক শিক্ষার প্রথম এবং সাধারণ কেন্দ্র পাঠশালাগুলিকে উপযুক্ত স্থান প্রদন্ত र्य : किन्छ भार्रभानाय त्रिक (मध्या र्य ना ; এবং भिन्द-विमानय नारे ."
 - (১০) "১৮৬৬-৬। অব্বে তৃতিক্ষ এবং মহামারীতে দেশের উপর দিয়া একটা বিষ্মু ঝড় চলিয়া গিয়াছে। এদেশের লোকের যদি তথনকার পাঠ্যালী প্রভৃতি প্রাচীন প্রতিষ্ঠানগুলির প্রতি বিশেষ ভালবাসা না

থাকিও ভাষা হইলে এ বংসর অনেক পাঠশালাই উঠিয়া ষাইত।
গুরুদিগের কর্ত্তব্য বৃদ্ধির এবং ধৈর্য্যের প্রশংসা না ওরিয়া থাকা যায় না
বর্ত্তমান পাঠশালাগুলির শতকরা দশজন ছাত্র কমিয়াছে কিন্তু নে এদত্ত
আয় শতকরা ছয়চিল্লিশ অংশ কমিয়াছে; যাহারা কিছু দিতে পারে নাই
ভাহারাও পড়িতে পাইয়াছে।" [এদেশের প্রাচীন ব্যবস্থায় ছাত্রেরা
গুরুকে স্কুদ্র এবং উচ্চমনাই দেখিতে পায়—চুক্তির ভাব এবং টাকার
সম্বন্ধ রুড়ভাবে প্রকট দেখিতে হয় না।]

- (১১) "ঘশোহর সার্কেলের ডেপুটা ইনস্পেক্টর বাবু শিশিরকুমার ঘোষ লিপিয়াছেন যে, পাঠশালার গুরুমহাশয়কে , সিধা বা মাসিক বৃত্তি দেওয়ার ব্যবস্থা আবহমান কাল হইতে চলিয়া আসায় ছাত্রদিগের অভিভাবকেরা জমিদারের থাজনার ক্যায় নিয়মিতভাবেই উহা দিতে অভ্যস্ত হইয়া গিয়াছে। পাশ্চাত্য দেশের নৃতন অম্মদানী করা ইনকমট্যাক্ষের ক্যায়, এডেড স্থলের চাঁদা দিতে লোকে এখনও কট্ট বোধ করে। আমাদের আয়, এডেড স্থলের চাঁদা দিতে লোকে এখনও কট্ট বোধ করে। আমাদের আহা আহিছে তাহাল্লই ভিল্লিভি করার চেষ্টা সন্ধত"এবং সহজ। নৃতন গড়ার চেষ্টা সাফল্য পায় না। সেই জ্মুই প্রাচীন পাঠশালাগুলির গুরুদিগের জ্মু বৃত্তি দেওয়ার ব্যবস্থা, হইলেই কার্মুটী পূর্ণ স্বর্ধান্ধ হয়; উচ্চ শিক্ষার সহিত সংস্কৃষ্ট করা হয়। স্কৃতিন পাঠশালাগুলিতে চাষার ছেলেরাও কথা বার্তায় এবং ধরণ ধার্মণ স্কুল্ভাব গ্রহণ করিতেছে অথচ ছই প্রহরে পিতার সাহায্যে ক্ষেত্রে গিয়া কার্য্যও করে।"
- (১২) "বাগেরহাট সার্কেলের ডেপুটী ইনস্পেক্টর বাবু প্যারীমোহন সেন নিজেই ২ টাকার তুইটা মাদিক বৃত্তি তাহার অধীনস্থ পাঠশালা-গুলির মধ্যে দিতেছেন এবং বালিকাদিগের উৎসাহ জন্ম কিছু পুত্তক পুরস্কার দিয়াছেন। তিনি লিখিয়াছেন, ধান কাটা এবং ধান্ম বিশ্নের

সময়ে পাঠশালায় ছাত্রদিগের উপস্থিতি সংখ্যা কমিয়া যান ইহাতেই ইংশুষ্ট যে চাষীদিগের ছেলেরাও পাঠশালায় আদিয়া থাকে।

- (5ই) নৈশ বিদ্যালয়গুলি সম্প্রতি গবর্ণমেন্টের আদেশে উঠাইয়া দেওয়া হওয়াতে কৃষি এবং শ্রমজীবীদিগের মধ্যে শিক্ষা প্রচারে ব্যাঘাত হইয়াছে।
- (১৩) যশোহরের মিসনরিগণ বলেন যে পাঠশালার গুরুরা একট্ট করিয়া ৰাইবেল পড়াইলে উ'হারা পাঠশালায় ম্যাপ এবং গ্লোব প্রভৃতি দিবেন। গ্রামের লোকের, শিক্ষকদিগের এবং ইনস্পেক্টরের (ভূদেব বাবুর) ইহাতে আপত্তি নাই আলায় ডিরেক্টর ইহার অনুমোদন করেন। ব্যবস্থা থাকে যে, যে বালকের ইচ্ছা হইবে সে বাইবেল পড়িবে, অন্তে পড়িতে বাধ্য হইবে না। ভূদেব বাবুর ব্যবস্থায় পাঠশালায় পূর্বের ক্যায় "বন্দেমাতাস্থরধুনী" প্রভূতি তব পাঠ ভিন্ন প্জাল জন্ম 'মৃর্তিতে' দর্বন ব্যাপুকের আবাহনের এবং হিন্দু র্মীচারের অতুলা শুচিতার হুই একটা কথা ছাত্রদিগকে শুনাইয়া দেওয়া হইত। "দনাতন হিন্দু ধর্ম ঠুনুকো জিনিদ নহে; যেখানে হিন্দু ধর্মের বিন্দুমাত্র 'সচকিত' চর্চ্চা রাখা হয় সে বিদ্যালয়ে বা পর্বিবের পর ধর্মের পুত্তক 'পাঠে' কোন ক্ষতিই হইতে পারে না বরং ও সকলের মূত্রানিক বিাথা ভাল, ভূদেব বাবুর এই দৃঢ়বিশাস ছিল। ছাত্রদিগের,একটু বক্দা প্রস্তুত শিক্ষা হয় এবং স্বগ্রাম ও নিকটবর্ত্তী স্থান সম্বন্ধীয় জ্ঞান বৃদ্ধি হয় এজনা ভূদেব বাবু প্রত্যেক পাঠশালায় হইখানি নক্ষা রাখার ব্যবস্থা করিয়াছিলেন। শিক্ষকেরা আমের নক্ষা ছাত্র দিগকে সঙ্গে লইয়া প্রস্তুত করিতেনা এবং তাহাতে পাঠশালাটী, পানীয় জলের পৃষ্ণরিণী, পঢ়া ডোবা, ঝোড় জঙ্গল, দেবমন্দির প্রভৃতি চিহ্নিত থাকিজু কু পাঠশালা পরিদর্শন কালে ভূদেব বাবু এবং ডেপুটী ইন্স্পেক্টরেরা ঐ নক্সা হইতে গ্রামের অবস্থা মোটাম্টি ব্ঝিতে পারিতেন

এবং তাঁহার। ম্যালেরিয়ার, গ্রামস্থ জন্ধলের, এবং পানীয় জলের কথা তুলিলে কোথাও কোথাও সক্ষম অধিকারীরা পুছরিশীর পদ্ধোদ্ধার প্রভৃতি ভারে। কিছু কিছু স্বাস্থ্যোদ্ধতি করিয়াছিলেন। বিতীয় নক্সাটীতে মোটামুটি ভাবে থানার প্রধান প্রধান গ্রাম এবং হাট বাজার প্রভৃতি চিহ্নিত থাকিত।"]

ভূদেব বাব্রই প্রস্তাব ক্রমে প্রাট সাহেবের চেষ্টায় এডুকেশন গেছেটের যেরপে সৃষ্টি হইয়াছিল তাহা পূর্বেই বর্ণিত হইয়াছে। ** লগুন মিশনের রেভারেগু স্মিথ সাহেব প্রথম সম্পাদক নিযুক্ত হইয়া পদ্মিনী উপাখ্যান রচ্যিতা ৺ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়কে সংকারী স্বরূপে গ্রহণ করেন। সাহেব বিলাভ চলিয়া গেলে গবর্ণমেন্ট ৺ প্যারীচরণ সরকার মহাশ্যকে মাসিক ভিন শভ টাকা বেভনে সম্পাদক নিযুক্ত করেন।

^{*} জুদেব বাবুর দেহান্তের সম্বাদ পাইয়াই (১৮১৪) ছোটলাট সার চালসি উলিয়ট কিনাকি কথন কাহাকে বলিয়াছিলেন যে, এদেশীয়দিগকে মোটা মাহিনা দেওয়া রাজদের 'অপবায়'—মাসিক ৫০১ টাকাতেই উহাদের সকলেরট বেশ চলিয়া যায়।। এড কেশন গেজেটের সাহাযা বন্ধ করার প্রস্তাব করেন। ভাহাতে দূরদর্শী,ডিরেক্টর क्क हे मारहर तार्थन "प्रमाशा आहीन मतकाती कर्महाती এक लक्क बाहे हाक्तरी होकार সংস্কৃত শিক্ষা এবং দাতবা চিকিৎসার জন্ম বিশ্বনাথ ফণ্ডি ''পেন করিয়া বিচাহাতেই এড কেশন গেলেটটা দিয়া গিয়াছেন। এক্ষণে তাঁহার শেষ অমুর্যৌর্ধের প্রতি এবং এরপ দাতবা ফণ্ডের প্রতি এতটা 'অনাদর' দেখাইলে হিন্দু সমাজ বিলেষ কুর্ম হইবে এবং সকলেই তীক্র সমালোচনার হবিধা পাইবে।" তথন ছকুম হয় । ছই এক বংসর মধ্যে সাহায্য ক্যাইয়া পরে যেন বন্ধ করা হয়। পেডলার সাহেব ডিরেক্টর হইলে মাসিক সাহায্য ১লা এপ্রিল ১৮৯% হউতে কমাইরা ২০০১ টাকা করা হয়। এডুকেশন গেডেট রাজভক্ত: কিন্তু সভাভাষী দেশভক্তও ৰটে। প্রথমেন্টের সকল কার্গোরই অভাধিক প্রখ্যাতি ধ্বনিত করার জ্ঞ 'ফলভ সমাচারকে' বাধিক ৩০।৭০ হাজার টাকা দেওরার বাবস্থার প্রতিবাদ পালিরামেন্টে বংসরেক মধ্যে হইলে গবর্ণমেন্ট বলেন যে এগন আর কোন কাগজকে সাহায়া দেওরা হইবে না। সেই উপলক্ষে এডুকেশন গৈলেটেরও সাহায্য ১লা এপ্রিল ১৯১২ হইতে বন্ধ করা হয়।

১৮৬৮ অবে ইঙারণ বেশ্বল রেল পথের শ্যামনগর টেশনে একটা ইংটনা (কলিশন) ঘটে। তত্বপলকে হতাহত লোকের সংখ্যা সম্বন্ধে গবর্গমেন্টের রিপোর্টে এবং সাধারণ লোকের বিখাসে বড়ই পার্থক্য ঘটিয়াছিল। ঐ বিষয়ে এড়কেশন গেজেটে প্রকাশিত প্রবন্ধের জন্ম ছোটনাগপুরের জান্টন সাহেবের প্ররোচনার বান্ধালা গবর্গমেন্ট প্যারী বাবুকে কিছু অন্থযোগ করেন। তিনি তাহাতে বিরক্ত হইয়া উক্ত পত্রের সম্পাদকতা কার্য্যে 'ইস্কেলা' পাঠাইয়া দেন। তথন ভিরেক্টর আটকিন্ধান সাহেব ভূদেব বাবুকে উক্ত কার্যের ভার গ্রহণে অন্থরোধ করিলেন।

ভূদেব বাবু বলিলেন, "এই পত্রের সম্পাদনের ভার, প্রথম হইতেই আমার হস্তে দেওয়ার জন্ম হজদন প্রাট সাহেবের উপরোধ সন্তেও, স্মিথ সাহেবকে দেওয়া হয়; স্মিথ সাহেব বিলাত চলিয়া যাওয়ার পরও মামাকে উহা না দিশ প্যারী বাবুর হস্তে দেওয়া হইয়াছিল; প্যারী বাবুকে আপনারা অহ্যোগ করাম তিনি কার্যো ইস্তফা দিয়াছেন; ছইবার উপেক্ষিত হওয়ায় আর উহার ভার লইতে ইচ্ছা নাই।" ডিরেক্টর সাহেব বলিলেন, "এন্থ কাহাকে দেওয়া আমার মনঃপ্ত নহে।" ভূদেব বাবু বলিন্দে, "মাপনি আমার প্রতি দয়া করিয়া ইহার জন্ম অনুরোধ করিবেন না, বর্তবান অবস্থায় আমি কাগজ হাতে লইতে পারি না।"

আটকিন্সন সাহেব ভূদেব বাবুর কথা লেপ্টনেন্ট গবর্ণর গ্রে সাহেবকে জানাইলে তিনি শ্লিলেন, "ভূদেব বাবুকে আবার অহুরোধ কর; এবং প্রয়োজন হইলে বলিতে পার যে এ কাগজের ভূমুর তিনি গ্রহণ করেন ইহা আমারও ইচ্ছা।"—ফলত: 'গণনীয় কেহ কাগজান ভার লইলেন না' এরপ কথা উঠিতে দিতে গবর্ণমেন্ট চাহিতে ছিলেন না। ডিরেক্টর সাহেব হৈটিলাটের কথা জানাইলে ভূদেব বাবু বলিলেন, "লেপ্টনেন্ট গবর্ণর বাহাত্রের কথা জবশুই আমার শিরোধার্য, কিন্তু জিনিস্টী

আমাকে 'অগ্নি-সংস্থার' করিয়া দিবেন। বাবু প্যারীচরণ সরকার যে পাঞ্জ উচ্ছিষ্ট করিয়া ঘণার সহিত ফেলিয়া দিলেন, তাহা 'ঠিক' সে অবস্থাত আমি কুড়াইয়া লইবনা; আমাকে দিতে হইলে উহার ব্যবস্থার মৌলিক পরিবর্ত্তন করিয়া এড়কেশন গেজেটের 'সম্পর্ণ স্বন্ত' দিতে এবং 'সম্পাদকের বেতন' বলিয়া গ্রব্মেণ্ট এক্ষণে যে মাসিক তিনশত টাকা দিতেছেন, অভঃপর ভাহা গ্রাণ্ট-ইন-এড (সাহায্য) অরূপে দিতে হইবে। এইরূপে 'সম্পূর্ণ সংস্থার' হইলে আমার উহা লইতে আপত্তি থাকিবে না।"

সাহেবের গোচর করায় তিনি ভাহাতেই সক্ষত হইলেন; কিন্তু আফিসেপ্রেরিড তাঁহার সংক্ষিপ্ত ছকুমে তিনি সকল কথা খুঁটাইয়া না লেখায় আফিস হইতে প্রচারিত পত্রে 'সাবেক দন্তর', ভূদেব বাবু 'মাসিক তিনশত টাকা তেত্রন এডুকেশন গেজেটের সম্পাদ্দর নিযুক্ত হইলেন' এইক্রপই লেখা হইল। ভূদেব বাবু আপত্তি করিলে এবং প্যারীচরণ লাবু পুন: পুন: তাগিদ দিলে ছোটলাট সাহেব সমস্ত কাগজ পত্র দেখিয়া ভূদেব বাবুকে প্রেরির স্থিরীকৃত সর্তাহ্যযায়ী এডুকেশন গেজেটের সম্পূর্ণ স্বত্ব প্রদান করিয়া উহার চার্জ্জ (কার্য্যভার) ব্রিয়া লইবার আদেশ প্রচার করিলেন; এবং পরে কোন গোল সহজে না উঠে এজন্ত ক্রিকেশ করিয়া দিলেন যে, ভারত গবর্ণমেন্টের অন্থ্যোদন ভিন্ন এডুকেশন গেজেটের জন্ত দেয় মাসিক সাহায্যের উপর কেহ হস্তক্ষেপ করিতে পারিবেন না।

কোন দেশের ক্ট্রেন সম্বাদ পত্তেরই গবর্ণমেণ্টের উপর 'অমূলক ত্রভি-সন্ধির' আরোপ করার অধিকার নাই। তাহা ভিন্ন এড়কেশন গেজেটের পরিচালনাতে ভূদেব বাবুর সম্পূর্ণ স্বাধীনতা রহিল।

"অত্যুৎকৃষ্ট প্রথম শ্রেণীর লোকেরা ধর্ম এবং ন্যায় পথে শাল্লামুগামী হইয়া অটল থাকেন; সাধারণ মাঝারি লোকেরা লোক লজ্জার বার

স্থপথে রক্ষিত হয়েন; অপকৃষ্টদিগের জন্ম দণ্ডের প্রযোজন। * যদি -ঐনসাধারণে কোন দ্রকারী সংস্ট সম্বাদ পত্তে তাহাদের অভাব ও অভিথোপের আলোচনা করিতে পায়-এবং সেই কাগজে বা অন্ত কাগজে প্রকাশিত আলোচনায় সরকারী কর্মচারীগণের কার্য্য সম্বন্ধে. ভ্ৰাস্ত ধারণা থাকিলে দে সম্বন্ধে প্রকৃত তথ্য সেই কাগন্ধ দিয়াই সাধারণকে জানাইবার ব্যবস্থা করা হয়, তাহা হইলে রাজকর্মচারী এবং প্রজাসাধারণের মধ্যে একটু ঘনিষ্ঠতা দাঁড়ায়; বিৰুদ্ধভাব স্থায়ী হইতে পারে না এবং বাজ-কার্য্য পরিচালনায় হঠকারিতা ঘটার সম্ভাবনা কমিয়া যায়: লোক লজ্জার খাতিরে সাধারণ রাজ-কর্মচারীরাও উত্তমরূপে কার্য্য করিতে थारकन।"-जृतनव वावू এই कथा छनि मञ्जूष रहा हैना है तथा मारहवरक সরলভাবে জানাইলে দকল জেলার এবং মহকুমার ম্যাজিষ্টেটকে এক খণ্ড করিয়া এড়কেশন গেজেট গ্রহণ করার পৃথক ছকুম জ্লারি হইল; যে সকল সম্বাদ এবং সরকারী কাগজ এবং বিপোর্ট ইংরাজী কাগজের সম্পাদকের। পাইতেন দেগুলি সমস্তই এড়কেশন গেজেটকে দেওয়া হইতে লাগিল; 'অমূলক সম্বাদের প্রতি⊲াদ পাঠাইলে সযত্নে এডুকেশন গেজেটে প্রকাশিত श्रेटा अस्त प्रकल महकाती कर्यानातीरक जानान श्रेल। के

শ্রুতিভাং মহতে। নিয়মাতে। জনাপবাদেন হি মধামো জনঃ ॥
কবায় ক্ওাছ ত দর্শগুরং। বংধন নীচঃ সমুপৈতি আর্জিবং॥

[†] ম্যাজিষ্ট্রেট প্রভৃতি সরকারী কর্মচারীরা প্রথম ছই একঁলন ছই একঁবার ভিন্ন কান আলোচনা স্বন্ধে প্রকৃত স্থাদ এডুকেশন গেজেটে ছাপিনীয় জম্ম পাঠাইয়া দেন নাই; দিলে কাজ ভাল হইত সন্দেহ নাই। পরবর্ত্তীকালে প্রেম ক্লমিসনর, প্রেম আর্ট্র, প্রেম নেনসর প্রভৃতির পর পর স্থাই ইইয়াছে এবং সরকারী কর্মচারীদিগের স্বাদ পত্রের আলোচনায় সম্পূর্ণ উপেক্ষা করাটাই প্রশংসিত হইয়াছে। তেমন আবার বাবস্থাপক সভাগ সাধারণের নির্বাচিত সভাগণের প্রশ্নের অধিকার এবং প্রশ্বেকের প্রস্কান ক্রিউনিকের বাবস্থা ঘটিয়াছে।

ভূদেব বাবু তাঁহার সম্পাদিত এডুকেশন গেজেটের প্রথম সংখ্যাফ (৪।১২।১৮৬৮) লিখিয়াছিলেন :—

- (১) "কোন মত, কোন দল, কোন পক্ষ, অবলম্বন করার' আমাদিপের ইচ্ছা নাই। সক্ল মতেই, সকল দলেই, সকল পক্ষেই, কিছু
 সত্য এবং কিছু মিথ্যা থাকে—কিছুতেই সত্য অথবা মিথা। সম্পূর্ণ
 অমিশ্রভাবে থাকে না। আমরা সত্যের দিকেই থাকিতে চেষ্টা করিব—
 অসত্য ভিন্ন আর কিছুরই ভয় করিব না—কারণ আশৈশব আশাদিগের
 এই মহাবাক্যে বিশ্বাস আছে 'সত্যমেব জন্নতে'।"
- (২) "আমরা এড়কেশন গেজেটকে ঘরের ্ছলে বলিয়া আদর করিয়া লইলাম"। [ভূদেব বাবু এড়কেশন গেজেটকে তাঁহার 'মানস-পুত্র' বলিয়া অভিহিত করিতেন।]
- (৩) "যে তৃইজন স্থবিজ্ঞ সম্পাদকের হত্তে ইহার পালন ভার এত দিন গ্রস্ত ছিল তাঁহাদের স্থপালন গুণে ইহার শরীরে কোন কুর ব্যাধি প্রবেশ করিতে পারে নাই—ইহার স্বভাব কোমল, শান্ত, এবং নির্বিরোধী হইয়া রহিয়াছে—সহকর্মী অপরাপর সম্বাদ পত্রের সহিতও ইহার বিলক্ষণ সম্ভাব সংস্থাপিত হইয়াছে—মিথ্যাবাদিতা কটুভাষিতা প্রভৃতি কোন দোষও ইহাকে স্পর্শ করে নাই।"
- (৪) * * "আমরা থাতা পত্র সম্দায় প্রকাশ করিয়া দেখাইলাম।
 এখন পাঠকবর্গ বিবেচনা করিতে পারিবেন ভূতপূর্ব্ সম্পাদক মহাশয়
 কেমন অস্বার্থপরতা গ্রকারে ক্ষতি স্বীকার করিয়াও এতদিন গেজেটী
 চালাইয়া আসিতে ছিলৈন।" *

^{*} গেলেটের খাডায় গ্রাহক সংখ্যা ছিল ৮৫০; কিন্ত ২০৮ জনের মান্ত্র অপ্রিম শ্লা কিছু কিছু দেওয়া ছিল; অপর সকলের মূল্য ফুরাইয়া গেলেও বহুকাল ধরিয়া কাগজ পাঠান চলিতেই ছিল! ২৫।১২।১৮৬৮ তারিখের এডুকেশন গেলেটে সকল গ্রাহকেরই

গ্রাহক সংখ্যার ন্যুনতা জন্ম এডুকেশন গেজেটের আকার, ভূদেব বাবু তাঁহার সম্পাদিত প্রথম সংখ্যা হইতেই একফর্মা কমাইয়া দিয়াছিলেন।* ২২শে আঁখিন ১২৭৮ হইতে পূর্ব আকারের করিয়া দেন।

শ্বিথ সাহেবের এবং প্যারীচরণ বাব্র স্ময়ে এড্কেশন গেজেটের বর্ষ গণনা ইংরাজী হিসাবে হইত। ভূদেব বাব্র হস্তে আদ্ধার পর প্রথম বৈশাধ আসিতেই তিনি সেই মাসের প্রথম সংখ্যাকে "ন্তন সন্দর্ভ—১ম বঙ্জ—১ম সংখ্যা" অভিহিত করিয়া দেশীয় বর্ষ গণনার মধ্যে আনিয়া দিলেন। 'এড্কেশন গেজেট সর্ব্ব প্রকার শিক্ষা প্রচারেই নিযুক্ত থাকিবে এবং একাধারে সম্পাশ পত্র এবং মাসিক পত্র, এবং তৈমাসিক পত্রেরও কাজ, কতকটা করিবে'—তাঁহার এইরপ অভিপ্রায় ছিল। ৺গোবিন্দদেব ম্পোপাবাায় মহাশয় 'বৈজ্ঞানিক বিবরণ' সংগ্রহ করিয়া ইহাতে লিখিতেন; বেশল ব্যাঙ্কের কর্মানুলারী ৺পুলিন বিহারী ভাত্তি 'বাণিজ্য বার্ত্তা' এবং শল্পারকানাথ চক্রবর্ত্তা (উকীল) 'ইইিকোটের নজীর' লিখিয়া পাঠাইতেন। ভূদেব বাব্র হাওড়া স্থলের ছাত্র ৺শরংচক্র চট্টোপাধ্যায় এবং ৺ক্ষেত্রনাথ

নাম হিনাব সহিও ছাপাইয়া দিয়া জানিতে চাওয়া হয় যে ঐ তালিকায় কাহার নাম বাদ বা প্রদত্ত টাকা কম দেখান হইয়াছে কি না। ইহার প্রই যাঁহানের মূলা নিঃশেষ ইইয়াছিল তাঁহাদিগকে কাগজ পাঠান বন্ধ করিয়া আফিসে 'ফুশুঝুলা ত্বাপন' করা হয়।

সমচোর চন্দ্রিকা এই উপলক্ষে ঠাট্টা করিয়া লেখেন "ঘরের ছেলে ঘরে আসিবানাত্রই কি ভাষার ঠাাং ভালিয়া দিতে হয়!" ভূদেব বাবু ইহা "হমিটু বিজ্পের হন্দর উদাহরণ" বলিয়া উল্লেখ করিতেন।

এড কেশন গেলেটের সর্ব্ব প্রথম সংখা। ৪ঠা জুলাই ১৮৫৬ (২২শে আঁবাচ ১২৬০) প্রকাশিত হইয়াছিল। তথন উহা ডিমাই ছুই ফর্মা ছিল, বৈদ্ধ একথও কাগলেই ছাপা হইড। বার্ধিক মূল্য ০ টাকা ছিল। যথন ভূদেব বাব্র, হন্তে আইসে তথন উহা রয়াল চারি ফর্মার কাগজ—বার্ধিক মূল্য ৬। ডাক মাগুল হ্রাম হইয়া গেলে ১লা জামুয়ারি ১৮৯০ হইতে বার্ধিক মূল্য ৫ টাকা করা হয়। এখনও (১৯১৮) উহার মোটা কাগজে ছাপা সংস্করণের সেই মূলাই আছে। অক্টোবর ১৮৯৬ হইতে বাব্ধিত সাধারণ সংস্করণের বার্ধিক মূল্য ডাকমাগুল সহিত ২ মাত্র।

ভট্টাচার্যা (কাশ্মীরের ভূত-পূর্ব্ব ইঞ্জিনিয়ার) হগলী থাকা কালে ইহাতে নিয়মিত ভাবে লিখিতেন। কবিবর ৮ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের অমর কবিতাবলী—ভারত বিলাপ এবং ভারত সঙ্গাঁত প্রভৃতি; ৺দাঁনবন্ধু মিত্রের, ৺রাজকৃষ্ণ মুখোপাধ্যায়ের এবং ৺নবীন চন্দ্র সেনের (অবকাশ রঞ্জিনীর) ক্বিতা * এবং ছোয়ান পক্ষার (৺শিবদাস ভট্টাচাঘোর) বিজ্ঞপাত্মক কবিতা ও সমালোচনা এই সময় হইতে প্রকাশিত হওয়ায় অচিরেই এড়কেশন গেজেট সে সময়ের সর্ব্বোৎকৃষ্ট পত্র বলিয়াই পরিগণিত হইয়াছিল। ভূদেব বাবু নিজেও এডুকেশন গেছেটে নিয়মিত ভাবে লিখিতেন। এডুকেশন গেজেটেই তাঁহার গারিবারিক প্রবন্ধ, সামাজিক প্রবন্ধ, আচার প্রবন্ধ, স্প্রশান্ধ ভারতবর্ষের ইতিহাদ, বাঙ্গালার ইতিহাস তৃতীয় ভাগের শেষাংশ এবং বিবিধ প্রবন্ধ প্রথম ও বিতীয় ভাগে প্রকাশিত প্রবন্ধের অধিকাংশ প্রথম প্রকাশিত হইয়াছিল। শ

^{* &}quot;এডুকেশন গেজেটে বশোহর হইতে যে কবিতা পাঠাইয়াছিলাম স্বনামর্বাতে শ্রীমৃক্ত বাবু ভূদেব মুখোপাধাায় তাহাদের অত্যন্ত প্রশংসা করিয়া উপদেশপূর্ণ পত্র লিখিয়াছিলেন। তিনি সেই সঙ্গে স্কুলের পাঠাপযোগী কুদ্র কুজ কবিতা লিখিয়া এক-পানি বহি ছাপিতে অমুরোধ করেন। তিনি লেখেন যে ইহাতে যে কেবল মেদেশীয় সাহিতার ও বালক বালিকার উপকার হইবে এমন নহে, আমিও কিছু অর্থ পাইব। কিন্তু তথন আমায় পায় কে? মনে করিলাম 'কি এত বড় লোক হইয়া ও কবি হইয়া কি কাক বিড়ালের উপর কবিতা লিখিতে ঘাইব ? ভূদেব বাবুর কাছে তীত্র ভাষায় অমীকার করিয়া পত্র লিখিলাম। ভূদেব বাবু বোধ হয় পত্রখানি পাইয়া হাসিয়াছিলেন * বাহাকে বিম্বনের দিবেন না, ভাহাকে ভূদেব কিরপে দিবেন ? পাঠা প্রত্বের য়ায়ান্য এক একজন লোতালা তেতালা বাড়ী কলিকাতায় করিতে পারে তথন আনিতাম না।"—[প্রদানতক্র সেনের "আমায় জীবন" হিতীয় ভাগ]

^{† (}১) ভূদেব বাবুর লিখিত শিক্ষা দর্পণের এবং এডুকেশন গেজেটের অবশিষ্ট প্রবন্ধ গুলি এবং তাঁহার'পত্রাবলী হইতে কতক অংশ বিবিধ প্রবন্ধের ভূতীয় এবং চতুর্থ ভাগ নামে অচিরেই প্রকাশিত হওয়া উচিত।

⁽২) **ভূদেব বাবুর আম্মার্ক্রানে এ**ডুকেশন গেজেট বরাবরই নির্ভাক স্থায় পর্থে চলিয়া আমিতে পারিতেছে। বন্ধ ব্যবছেদের সময়েও এডুকেশন গেজেট সম্গ্র ভারতের

বড়লাট শুর জন লরেন্স পঞ্চাবে এবং উত্তর পশ্চিম প্রদেশেই কার্য্য করিয়াছিলেন। তিনি ঐ তুই প্রদেশের 'হল্কাবন্দী স্থলসমূহের দারা ক্ষকশ্রেণার শিক্ষার বন্দোবস্ত বাঙ্গালার অপেক্ষা ভাল, এবং বাঙ্গালায় সরকারী থরচ অত্যধিক,—এই মত প্রচারিত করিলে ভূদেব বারু শিক্ষা বিভাগের কর্ত্পক্ষীয়দিগের নিকট প্রস্তাব করেন হয়, কাহাকে উত্তর পশ্চিম প্রদেশ ও পঞ্জাব প্রদেশে পাঠাইয়া দিলে তিনি তত্তত্য শিক্ষা সংক্রান্ত বন্দোবস্ত সমস্ত দেখিয়া আদিতে পারেন। তাঁহার প্রস্তাব গ্রাহ্ম হয়। তাঁহার এই সরকারী রিপোটটীর কথা একটু বিস্তারিত ভাবেই পরে বলা হইবে; ইই উপলক্ষ্যে তাঁহার ব্যক্তিগত কার্যগুলির, দেশ-দর্শন প্রভৃতির, কথাই প্রথমে বলা যাইতেছে। ভূদেব বাবু এই সময়ে ৺কাশী, প্রয়াগ, বিদ্যাচল, অযোধ্যা, মথুরা, বুন্দাবন, কুরুক্ষেত্র, অহালা,

সন্দ্রনাম ই স্থির লক্ষা রাখিয়া জেলী এবং প্রদেশ বিভাগকে ক্ষতিকর মনে করে নাই: সেজক্ত অদুরদর্শী অনেকে ইহার তথন নিন্দা করিয়াছিলেন বটে, কিন্তু 'এথন' ভাহাদের ভুল ভাঙ্গিতেছে ৷ পুর্ববঙ্গের দ্বারা (ফ্রন্থে এবং ভাষায় সন্মিলিভ) সমগ্র বাঙ্গালী জাতি আদাম শ্রীহট্টকে ফিরিয়া পাওয়া এবং পশ্চিম বঙ্গের দারা বিহার উডিব্যাকে ধরিয়া রাখা এক এড কেশন গেঁজেটই ভারতের এবং বাঙ্গালীর পক্ষে উপকারী মনে করিয়াছিল : প্রত্যেক প্রদেশের চতুর্দ্ধিকে অলজ্যা চীনীয় দেওয়াল প্রস্তুত করিয়া তাহাদের পূর্ণকভাবে রাণার বাবস্থা কোন মডেই ভাল মনে করে নাই। ইহা ফদেশীর শিল্প রক্ষা ও वावशास्त्रत क्षष्ठ जाम्मानन वक्न वावराष्ट्रामत वहकान भूकं शहराज्ये कतिल, अथन छ करत । তাহা কথন বিধেবের বশে করে নাই; স্বদেশের প্রতি অধিকত্রে প্রীতি জন্ত করিয়া থাকে; প্রতরাং দাধারণ উত্তেজনার পর উহা একটুপ্র ছাড়ে নাই। তাঁহারই षां भी द्वाराम प्रतन रवनां छ पर्नन, प्रतानां भ, त्नानां क जिस् शाम पर्नन, अञ्चि এवः শারবান প্রবন্ধ সকল এড়কেশন গেজেটে প্রকাশিত হইয়াছে এবং হইতেছে। মহাস্থার এই 'মানস পুত্রটী' জাতীয় ভাব রক্ষা করিয়া দেশের সেবার জক্ত বাঁচিয়া থাকে, খনেকে এই ইচ্ছা করেন সন্দেহ নাই। বাঙ্গালা সাপ্তাহিক পত্রের মধ্যে এড়কেশন ণেজেটই অনেক গ্রাহকে বাঁধাইয়া রাখেন বলিয়া তাঁহাদেরই অমুরোধে ইহার বর্ধশেষে একটী প্চীপত্ৰ ছাপান হইয়া থাকে।

জ্ঞালামুখী, এবং গুরু গোবিন্দ সিংহের সিদ্ধির স্থান কোটকাঙ্গড়া দর্শন করেন। ঐ সকল স্থানে এবং অক্যান্ত স্থানে স্বদেশীয়দিগের সম্বন্ধে যাহা দেখিয়াছিলেন এবং যে সকল কিম্বদন্তী শুনিয়াছিলেন তাহা পুর্পাঞ্জিলিতে এবং তাঁহার রচনাবলীতে,অনেক স্থলেই ব্যবস্থাত দেখা যায়। *

কানপুরে, ভূদেব বাব্র সহপাঠী ৺ রাজনারায়ণ বস্কুজ মহাশয়ের সহিত পরম প্রীতিকর সাক্ষাৎ হয় এবং তথা হইতে উভয়ে 'কৌলীন্মের আদি-স্থান দেখিবার জন্ম' একত্রে কনৌজ গমন করেন। ৺রাজনারায়ণ বাবু লিথিয়াছেন:—

"১৮৬৮ অবেদ গবর্ণমেণ্ট স্থল ইনস্পেক্টর ও আধার হিন্দু কলেজের সমাধ্যায়ী বাবু ভূদেব মুখ্যোপাধ্যায়ের (তথন তিনি দি, আই, ই, হন নাই) প্রতি উত্তর-পশ্চিমাঞ্চলের স্থল সকল পরিদর্শন করিয়া তাহাদের যে সকল নিয়ম বঙ্গদেশ্বের স্থলে চালাইবার উপযুক্ত তাহা গ্রহণ করিবার

^{* (}১) "পৌরাণিক আখাায়িকায় জনপ্রবাদ অলীক হইলেও স্থান পায়।"
[পুষ্পাঞ্জলি—জালামুখী দর্শন।]

⁽২) "ভারতবর্ধের মধ্যে যে যে প্রদেশে রূপ বৈচিত্রা কম সেই সেই প্রদেশে খাওয়া দাওয়ার আঁটি আটিও কম। পঞ্লাবে কাহার বা অপর জাতির দাউল কটি প্রভৃতি পকভালা সামগ্রীর খোলা দোকান আছে; ব্রাহ্মণেতর সকল জাতিই ঐ সকল দ্রব্য কয় করিয়া খায়। * * পঞ্জাবে জনগণের মধ্যে রূপভেদ অপেক্ষাকৃত অল্প, সেখানে সকল খাওয়াই একত্রে চলে। * * উত্তর পশ্চিম. অযোধ্যা এবং মধাপ্রদেশে রূপভেদ তাহা অপেক্ষা কিছু অধিক; সেখানে ভাত, দাউল, কটি এই তিনের 'আরের' আছে—আর কিছুরই নাই।" বাঙ্গালায় এবং উড়িবাায় রূপভেদ আরপ্ত অধিক, ঐ সকল প্রদেশে আচমনীয় মাত্রেই নিষিদ্ধ; তবে লুচি কচুরি, মণ্ডা, মিঠাইয়ের চলন আছে; ও সকলে বড় একটা স্পর্শ দোষ ধরা ইন না। দাকিণাত্রে রূপভেদ সর্ব্বাপেক্ষা অধিক ওখানে * * বাঙ্কাণেরা ব্রাহ্বণ ভিন্ন অপ্রের জলও গ্রহণ করেন না।

[&]quot;বাওরা দাওরার আটি আটি বে প্রদেশে বত কম বৈবাহিক সম্বন্ধে জাতি বিচারের আটা আটিও তথার তত কম। আমার একটা পঞ্জাবী বন্ধুর পত্নী ক্ষাত্রির কমা; তিনি জাঠ। তাঁহার সমাজে তাহাতে 'তত' দোব ধরে না।" [বিবিধ প্রবন্ধ—্বিতীয় ভাগ—ধাওরা দাওরা।]

ভার, অর্পণ করেন। তিনি ঐ সকল স্থল পরিদর্শন করিবার জন্ম ধর্থন কানপুরে যান, তথন জল বায়ু পরিবর্ত্তনের জন্ম আমার তথায় অবস্থিতি বশত: আমাদের সাক্ষাৎ হয়। একদিন কথোপকথনের সময় 'পিতৃভূমি' অর্থাৎ কান্মকুজ (কনৌজ) দর্শনের প্রস্তাব উঠে। কনৌজ হইতে পঞ্চ ব্রাহ্মণ ও পঞ্চ কায়স্থ আইসেন। এইজন্ম আমরা উহাক্তে 'পিতৃভূমি' সংজ্ঞা দিয়াছিলাম। আমরা কনৌজ যাইতে সংকল্পারুত হইলাম। ভূদেব কৌতৃক করিয়া আমাকে বলিলেন, 'যাইবে ত গাড়ু গামছা হাতে কর'। আমি বলিলাম 'এই উনবিংশ শতাকীতে।' আর এক কথা আমি বলিতে ভূলিয়া গিয়াছিলাম কি কে কথা এই যে, 'আমরা যে গাড়ু' গামছা বহা জ্ঞাত আগে তাহা প্রমাণ কর।'

"কনৌজ ফরাকাবাদ জেলায় স্থিত , কানপুর জেলায় স্থিত নহে ;
কিন্তু কানপুর স্থলসুমূহের তেপুটা ইন্স্পেক্টর পণ্ডিত চ্ডামন অত্যন্ত
শিষ্টুতা পূর্বক ততদূরই আইপদিগের সহিত যাইতে স্বীকৃত হইয়াছিলেন।
তিনি আমাদিগের পিতৃভূমি দর্শনের' উৎসাহ দেখিয়া আমাদিগকে উপহাদ
করিয়া বলিলেন 'আপনাদিগের থেরপ উৎসাহ দেখিতেছি কনৌজে গিয়া
পিতৃভূমির জর্গ মোকজমা না করেন!' কনৌজের অর্দ্ধ রান্ডায় শিশুরাজপুর গ্রামে পৌছিয়া সেখানকার তহশীলদার অর্থাৎ ডেপুটা কলেক্টর লালা
বিহারী লালের বাসায় আমরা অতিথি হই। লালাজী অতি যত্মের সহিত
অতিথি সৎকার করিলেন। লালা বিহারীলাল প্রচলিত ধর্মাবলম্বী ঘোর
হিন্দু। তিনি কথায় কথায় বলিলেন, 'শুনিতেছি্ কলিকাতায় অনেকে
ধর্মজ্বন্ত হইয়া পড়িতেছে, বিশেষতঃ ব্রাহ্মগণ।'

"ইহাতে ব্রাহ্ম ধর্ম লইয়া তাঁহার সহিত আমার ঘোর তর্ক উপস্থিত হইল। আমি বলিলাম 'বৃৎপরস্ত হোনা মোনাসেব নেহি' অর্থাৎ পৌরাণিক হওয়া উচিত নহে। তিনি উত্তর করিলেন 'বৃৎপরস্ত কোন হৈ ? হামলোগ কেয়া মাটিকা বৃৎকো পূজ্তেঁ হেঁ, নে উদ্কা ভিতর দেওতাকো পূজ্তেঁ হেঁ ?' লালাজী ভূদেবকে তর্ক মীমাংসায় মধ্যস্থ মানিলেন। ভূদেব অত্যন্ত গন্তীর মূর্ত্তি ধারণ করিয়া বলিলেন 'সব্ স্নাচ্ছা হৈ, * সব্ আচ্ছা হৈ'—অর্থাৎ ব্রাহ্ম ধর্মও ভাল আর পৌত্তলিক ধর্মও ভাল। লালা বিংারীলাল এই মীমাংসায় এমনি সন্তুট্ত হইলেন যে তাঁহার মূথে ভূদেবের 'তারিফ' আর ফুরায় না। আমি ভূদেবকে বলিলাম 'আমি এতক্ষণ যাহা বকিয়া মরিলাম তুমি এক কথায় তাহা মীমাংসা করিয়া দিলে। তোমাকে সাবাস'।

"তৎপরদিন সন্ধ্যাকালে কনৌজের অতি নিক্ট মিরা কি সরাই নামক স্থানে পৌছিলাম। তথায় পৌছিয়া প্রয়াগবাদী লালা কিশোরী লাল নামক তথাকার মুন্সেফের বাদায় আমরা অতিথি হইলাম। লালাজী উত্তর-পশ্চিমাঞ্চলনিবাদী দকল হিন্দু জাতির বিবরণ হিন্দীতে ছাপাইয়াছিলেন। তিনি দেই বিবরণ পুক্ত এক এক থণ্ড আমাদিগুকে দান করিলেন। পুর্বেব বলিতে ভুলিয়া গিয়াছি যে, এলাহাবাদের নীলকমল মিত্রের সম্পর্কীয় কলিকাতাবাদী মহেজ্রনাথ ঘোষ নামক কোন উৎসাহী ব্যক্তি আমাদিগের পিতৃভূমি দর্শনের পন্ধী ছিলেন। তিনিও একথানি পুস্তক পাইলেন।

"উক্ত পুস্তক সম্বন্ধে কথোপকথনের সময় লালা কিশোরী লাল একটা আশ্চর্য্য কথা বলিলেন। সে কথা এই যে, গত কুম্ভ মেলার সময় হরিছারে মোগল পরিচ্ছেদধারী হিন্দু তিনি স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াছেন।

 [[]বিষব্যাপকের ভুক্ত প্রকৃত হিন্দুর বিদ্বেষের উপায় নাই। তিনি মঙ্গলময়ের
সকল ভক্তকেই বক্তাবে দেখেন—'বাদ্ধবাঃ শিবস্তকান্ত অদেশো ভ্বনত্রয়ঃ। পরসহংস
দেবের 'বত মত তত পথ'—এই স্মিষ্ট বাকাটী সনাতন ধর্মের নিবৈ ক্লভাবের এবং
প্রজ্ঞানদৃষ্টির উজি।—ক্লচীনাং বৈচিত্রাৎ বজু কুটিল নানা পথজ্বাং। নৃনাং একো
গমান্তমনি পয়সামর্থমিব।]

আমি তখন বলিলাম এ আশ্চর্য্য কথা," কিন্তু এখন জানিতেছি তাহা আশ্চর্য্য নহে। আমরা ইংরাজী পুস্তকে ও ইংরাজী সংবাদ পত্রে পড়িয়াছি যে, ঐ সকল স্থানে হিন্দু বণিক্ অনেক পুরুষ অবধি বসতি করিতেছে। লালাজী প্রণীত ঐ জাতি বিষয়ক পুস্তকে লেখা আছে যে, কনৌজের 'বীর সিংহ' নামক রাজার সময় তাঁহার দারা পঞ্চ ব্যক্ষণ গৌড়ে প্রেরিত হয়।

"যে দিন আমরা লালা কিশোরী লালের আতিথা স্বীকার করিলাম, তৎপর দিবস আমরা কনৌজ দর্শনার্থ বহির্গত হই। কনৌজের এইীন দশা দেখিয়া আমরী অত্যন্ত বিষয় হইলাম। জয়চাঁদ ও সংযুক্তার কনৌজ আর সে কনৌজ নাই। যে নগরে চল্লিশ হাজার পানের দোকান ছিল এবং নানাবিধ উৎসবে যাহা নিয়তই পূর্ণ থাকিত সেথানে এক্ষণে অসংখ্য জ্বলপূর্ণ ভগ্ন গৃহ ও নিস্তন্ধতা বিরাজমান। সে দৃত্ত দেখিলে প্রাণ উড়িয়া যায়ী বৈ আমরা দেখিলাম জয়চাঁদের তুর্গ স্থানে তামাকের চাষ হইতেছে। আমরা কনৌজের হিন্দু স্থলের পরীকা করিয়া ব্রাহ্মণের টোল দেখিতে গেলাম; ভট্টাচার্য্য মহাশয়েরা আমা-দিগকে অর্ঘ্য প্রদান না করিয়া মৃদলমান রীতান্ত্বসারে আতর ও গুজরাটী এলাচ দিয়া আমাদিগকে অভার্থনা করিলেন। আমরা টোলের ছাত্র-যে এমন প্রবাদ আছে যে, তাঁহাদের কোন কোন ভাই বন্ধু বঙ্গদেশে গিয়া বাস করিয়াছিলেন। কনৌজে মীর বাঙ্গালী নামক কোন সম্রাস্ত ম্সলমানের ভগ্নবাটী আছে। তিনি বঙ্গদেশে গিয়া অনৈক অর্থোপার্জন क्रिया श्रीय जन्म श्रान करनोट्ड व्यानिया थे वांगे निर्माण क्रियाहितन। পিতৃভূমি কনৌজ দর্শন করিয়া কি এক মনে ভাব হইয়াছিল তাহা বর্ণনা করা মায় না। উষ্ণীয় ও বুহৎচর্মপাত্রকাধারী পঞ্চ ব্রাহ্মণ ও তাঁহা-

দিগের সঙ্গে পঞ্চ কায়স্থ কেহ হস্তী পৃষ্ঠে, কেহ অশ্বানে, কেহ অন্যথানে বন্ধাতিমূথে গমন করিতেছেন—আমরা কল্পনাচকে যেন প্রত্যক্ষ দেখিলাম !"

তাঁহারা কনৌজে একজন আন্ধণের বাটীতে আতিথা গ্রহণ করিয়া তথায় কয়েবদিন অবস্থান করিয়াছিলেন। * একদিন কথায় কথায় রান্ধণ ভূদেব বাবুকে বলিলেন, "বাবুজা, আপনার সমস্ত আচার ব্যবহারই পরিশুদ্ধ দেখিতেছি কেবল একটি দোষ—আপনি তামকুট সেবন করেন।" এই কথায় ভূদেব বাবু তৎক্ষণাৎ হস্তম্বিত হুঁকাটি আছড়াইয়া ভালিয়া ফেলিলেন। ইহার পর স্বদেশে যতদিনী না ফিরিয়াছিলেন ততদিন আর তামাকু সেবন করেন নাই। ভূদেববাবুর উক্তরূপ ব্যবহারে তত্রতা সকল আন্ধাই তাঁহার প্রতি যার পর নাই সম্ভই ইইয়াছিলেন।

ভূদেব বাব্ যথন বাহাদের মধ্যে থাকিতেন তথন তাঁহাদের অক্রচিকর কোন প্রকার আচার বাবহারে আপনাকে লিপ্ত রাখিতেন না। তবে একথা স্বস্পষ্ট বলিতেন, "অমুক ব্যাপার আমাদের দেশে চলে এবং সেখানে ঐরপ করি; এদেশে যথন চলে না, তথন এদেশবাদী হইলে প্র তিবেশীর বিরক্তিত্বনক ওরপ কার্য্য কথনই করিতাম না—স্তরাং এদেশে শ থাকিতে করিব না।" বান্ধানীর মংস্থ মাংস

^{* &}quot;কোন সময়ে কনোজ নগবে একটা ব্রাহ্মণ পণ্ডিতের আবাদে ছিলাম। তিনি বিশেষ অনুপ্রাণ্ট করিতেন এবং আমার প্রতি লাতৃ সম্বোধন করিতেন। একদিন উভরে বিদিয়া আছি এমন সময়ে কোন প্রতিবেশী ব্রাহ্মণ তাঁহার পুত্রের যজ্ঞোপনীত উপলক্ষেনিমন্ত্রণ করিতে আসিল্লেম উভয়ের যে কথাবার্ত্তী হইল তাহাতে ব্রিলাম যে বাঁহার উপনয়ন সংস্কার হইবে তিনি কিসর জাতীয় দাসী গর্ভজাত। এতদিন তাহার মাতা জীবিতাছিলেন বলিয়া উপনয়ন দেওয়া হয় নাই। [বিবিধ প্রবন্ধ বিতীয় ভাগ খাওয়া দাওয়া।]

[†] বিরাট ভারত সমাজের অস্বীভূত উচ্চশিষ্টাচার সম্পন্ন মুসলমানগণের মধ্যে ক্রমণ: এই ভাবের উল্লেক এবং বিস্তারে এদেশে গোহতা। কমিতে থাকিবে সন্দেহ নাই।

আহার অন্য প্রদেশস্থ ব্রাহ্মণগণের অভিমত নহে: সেই জন্ম সেরপ স্থানে ঘতদিন থাকিতেন ততিদিন মৎস্ম মাংস আহার করিতেন না।

ভূদেব বাবু বলিতেন যে কনৌজের টোল সকলে যতগুলি স্থন্দর বান্ধণ বালককে একত্রে দেখিয়াছিলেন, তত স্থানর বালক একত্রে আরু कथन जिनि काथा अप्तर्थन नाँदे। करनोट इ को निश्च भुष्रस्त ज्राप्त বাবু জানিতে পারেন যে, বল্লালদেন কৌলিয় প্রথার প্রথম স্ষষ্টি করিহাছিলেন বলিয়া যে একটা কথা আছে, তালা অকিঞ্চিৎকর। পূর্বের তায় "ছয়কুলের" (ষট্কুল) কুলীন আছেন। কনৌজে কিম্বদন্তী এই যে, বন্ধদেশে যে পাঁচ জন দর্ব্বোচ্চ কুলীন ব্রাহ্মণ প্রেরিত হইয়া-ছিলেন তাঁহাদের প্রত্যেকেরই পুত্রাদি হইয়াছিল। তাঁহারা বাঙ্গালায় মাসিবার সময়ে আপুন আপুন প্রথমজাত পুত্র ও গরিবারাদিকে স্বদেশেই রাথিয়া আদিয়াছিলেন। रेक्सन येष्ठे কুলের প্রধান 'বাজপেয়ীর' তথনও পুত্রসম্ভান না হওয়ার কনৌজরাজ তাঁহাকে বাঙ্গালায় যাইতে দেন নাই। वशोग्र कू नौनरम्ब कूरनब चामि शूक्य और्य, ट्वमगर्ड, छान्मछ, छहेनावाग्रन छ मत्क्वेत वश्मीरश्वता आक्रं करनोरक अधान क्लीन ভार्त्वे वर्त्वभान। কনৌজের নিকটবর্ত্তী এক মিনাসরাই গ্রামেই শ্রীহর্ষের বংশোৎপন্ন ত্বইশত ঘর ব্রাহ্মণের বাস ভূদেব বাবু দেখিয়া আসিয়াছিলেন। ভূদেব বাবু বলিতেন যে বল্লাল পেনের আমলে বন্ধীয় কুলীন দিগের মধ্যে কতকটা বাঁধাবাঁধি হইয়াছিল মাত্র; নচেৎ কৌলি্ম্য প্রথা অর্থাৎ উচ্চতর वः एक कन्नामार नव (ठष्टी, পृथिवीवानी। अमन कि है श्वाक अवः मार्किन-দিগের মধ্যেও ক্রোরপতি বণিকেরা লর্ডদিগের বংশে করাদান করিবার জন্ম লক্ষ টাকা যৌতুক দিয়া থাকেন!

মহামুনি ভর্বাজ যেখানে মহর্ষি বাল্মীকির স্থানে শিক্ষালাভ করিয়া

ছিলেন, সেই বাল্মীকির আশ্রম-রামায়ণের জন্মহান-বিঠুর দেখিয়া।
ভূদেব বাবু বিশেষ ভৃপ্তিলাভ করিয়াছিলেন।

তথন দিল্লীর উত্তরে রেলপথ নির্মিত হয় নাই। পঞ্চাবীদিগের ব্যবহার পদক্ষে তিনি অনেক সময়ে একটা ঘটনার উল্লেখ করিতেন। বিপাশা নদী পার হইবার সময় গরুর গাড়ী নদীর বালিতে অতি ধীরে ধীরে চলিতেছিল এবং গরুর বড়ই কট্ট হইতেছিল। ভূদেব বাবু এ জন্ম গাড়ী হইতে দামিয়া উহার সঙ্গে সঙ্গে বালি ভাঙ্গিয়া চলিয়া ঘাইতেছিলেন। কয়েকজন পরিণতবয়স্ক পঞ্চাবী নদীর তীরে দাঁড়াইয়াছিল। গরুর কট্ট দেখিয়া তাহারা অগ্রসর হইয়া আসিল, এবং ভূদেব বাবুকে বলিল 'বাবু সাহেব যদি অনুমতি হয়, আমরা গাড়ীখানা একটু ঠেলি; গরুর বড় কট্ট হইতেছে দেখিতেছি।' ভূদেব বাবু তাহাদের কথায় আহ্লাদ প্রকাশ করিলে তাহারা গাড়ীখানা হুছ হড় করিয়া টানিয়া লইয়া গেল। পারিশ্রমিক কোন মতেই লইবে না ব্রিয়া ভূদেব বাবু আশীর্কাদী "মিঠাই খাইতে" কিছু দেওয়ার উল্লেখ করাতেও ভাহারা ক্ষোভ প্রকাশ করিয়াছিল।

এই ঘটনার উল্লেখে ভূদেব বাবু বলিয়াছিলেন "আজিও হিন্দুর মধো যেখানে সামরিক তেজ প্রকট আছে, সেই উত্তর-পশ্চিম এবং পঞ্জাব প্রদেশের অধিবাসী সাধারণের মধ্যে অধিকতর পরিমাণে পরস্পরের সাহায্য বিষয়ে উন্মুখতা আছে। বাঙ্গালী জাতি অনেককাল অসামরিক হইয়া পড়িগেও শাল্লাজ্ঞা পালন ঘারাই 'পরস্পরের সাহায়ে উন্মুখতারপ সামরিকতার প্রকৃত ভূগভাগ' অধিকার করিয়াছিল; কিন্তু এক্ষণে তাহা কমিতেছে। মৃত্যুঁ প্রভৃতি হুর্ঘটনাস্থলে পরস্পরের সাহায়ের জন্ত শাল্লাজ্ঞাপ্রস্ত দেশাচারে যেন সকলকেই বন্ধ-পরিকর করিয়া রাখিত। এখন স্বধর্ম-শিক্ষা-বর্জ্জিত ভাবে ইংরাজী-শিক্ষিত হইয়া অনেকেই শারী-রিক পরিশ্রম ঘারা অপরের সাহায়্য করিতে একাস্তই স্ন্নিচ্ছুক। 'কৈবনমাত্র ইংরাজী শিক্ষায়' এ দেশের প্রকৃত উপকার যে কোন ক্রমেই সাধিত হইবে না, ইহা•তাহার একটী প্রমাণ।"

লাহোরের * কয়েকজন শিথ সদার এবং শিথযুদ্ধের প্রসিদ্ধ দেশভক্ত ক্ষোরেল শ্রাম সিংহের পুল্রের সহিত ভূদেব বাবুর মথেষ্ট হুছাতা জন্ম। স্বজাতির প্রতি প্রগাঢ় স্নেহ এবং শাল্পের প্রতি প্রগাঢ় ভক্তি থাকায় তাঁহার কথাবার্ত্তায় আচার ব্যবহারে এবং সৌম্য মূর্ত্তিতে সর্ব্ধ প্রদেশেরই সম্রাম্ভ লোকে তাঁহার প্রতি সাতিশয় শ্রদ্ধাবান হইয়া উঠিতেন।

উত্তর পশ্চিম ও পঞ্জাব প্রদেশের স্থল সমূহ পরিদর্শনান্তে প্রত্যাবৃত্ত হইয়া ভূদেব বাবু উজ্পুরিদর্শনের ফলস্বরূপ যে রিপোর্ট লেখেন, তাহার সম্বন্ধে গুণগ্রাহী ইডেন সাহেব বলিয়াছিলেন ইহা রিপোর্ট-সাহিত্যে একটী রত্ব ('জেম')।

ভূদেব বাবুর এই কাঁজটা বছাই কঠিন ছিল। বড় লাট সাহেবের যে

ল্বাহোরের ত্রী নর্ম্মাল বিদ্যালারের পরিদর্শনের উল্লেখ ভূদেব বাবুর বিবিধ প্রবন্ধ ধিতীয় ভাগে সমিবিষ্ট 'জাতিভেদ' প্রবন্ধে পাওয়া যায়:--"ঐতিহাসিক বৃহদ্যাপার मकल প্রাকৃতিক শক্তিরই কার্যা--ব্যক্তি বিশেবের বা সম্প্রদায়বিশেবের সপক্ষতা বা বিশক্ষতা ওরাপ কার্য্যের সাধক হয় না * * বৌদ্ধদিগের প্রাত্নতাবকালে ব্রাহ্মণেরা একেবারে মাটি হইরা পিরাছিল। * * যদি জাতিভেদের কোন নৈস্পিক কারণ না থাকিত তবে কি উহা কেবল ব্ৰাহ্মণদিগের চেষ্টায় পুনক্লজীবিত হইয়া উঠিতে পারিত १ * * পঞ্জাবের শিথ মতবাদে জাতিভেদ প্রণালী স্থান পায় নাই। কিন্তু'নমাজী সিং', 'রংগ্রেটা সিং' এইরূপ অনেক শিথ জাতি উঠিরাছে এবং মুসলমানদিগের মধ্যেও ্একট্ জাতিভেদ প্ৰথা প্ৰবিষ্ট হইয়াছে। আমি কোন সময়ে পঞ্জাব প্ৰদেশ্বের একটা স্ত্রী নর্ম্মাল বিদ্যালয় দেখিতে গিয়াছিলাম। ছাত্রীদের মধ্যে একটা বিশেব অঙ্গুস্পোষ্টক সম্পন্না স্ত্রীলোককে দেখিয়া ভাহার জাতি কি জিজ্ঞানা করিয়া শুনিলাম সে 'রাজপুত गुमलभान'। 'बालपुर मुमलभान कि ?' 'हैरीब पूर्वपूक्रवबा बोलपुर हिल्लन এवः গুনলমান ধর্মে দীক্ষিত হন ; কিন্তু আপনাদের সদৃশ রাজপুত মুম্বলমানদিগের সহিতই উহাঁদের বিবাহাদি নির্কাহিত হয়।' * * প্রায় সকল ভাল ঘরেই এইক্সপ নিয়ম খাছে। লালা মুফুলমানেরা * * ব ব ঘর বাছিয়া বিবাহ করে। জাঠ টাঠেরা ভাছা ৰড় করে না।"

দিকে 'ঝোঁক,' বড় বড় ইংরাজ কর্মচারীরা যাহা প্রবর্ত্তিত করিয়াছেন, তাহার দোষ কোন 'দেশীয়' কর্মচারী যুক্তিলাদা যতই ভাল করিয়া দেখাইতে চেষ্টা কর্মন না কেন, উচ্চ ইংরাজ কর্মচারীদিগের তাহা মনঃপুত সহজে হইতে পারে না। উত্তর পশ্চিম এবং পঞ্চাব প্রদেশের উচ্চকর্মচারীদের নৃতন ও পুরাতন রিপেটি দি অপরিসীম পরিশ্রমে তম্ন করিয়া খুঁজিয়া, উহাঁতে রে লিডেলৈ তেল্লের কথা উদ্ধৃত করিয়াই হল্কা বন্দী প্রথায় নিম্নজ্রেণীর শিক্ষা সম্বন্ধে অসাফ্লা প্রমাণ করিয়াছিলেন বলিয়া, ভূদেব বাব্র ঐ রিপোর্টে সম্পূর্ণ ফলোদ্ম হয় এবং বাঙ্গালায় 'গবর্ণমেণ্টের খাস স্কুল প্রথা' গ্রামে গ্রামে প্রবর্তিত হইতে পারে নাই। বারাণসীর স্কুল ইনম্পেক্টর রাজা শিবপ্রসাদ * এই রিপোর্টের প্রতিবাদ করিয়া একথানি পৃত্তিকা (প্রিক্চসর্প অন প্রিক্চসর্প) প্রচার করিয়াছিলেন, কিন্ধু, সে প্রতিবাদ একান্ত অকিঞ্ছিৎকর বোধে কর্জ্বপারেরা ভূদেব বাব্র রিপোর্টেরই অন্যুরণে বার্মালার পাঠশালা সমূহের প্রেরপ বন্দোবন্ত ছিল, তাহাই অক্স্ম রাখিলেন; অধিকন্ত পাঠশালা সমূহের সাহাধ্যের জন্ত আরও অধিক টাকা মঞ্ব করিলেন।

উন্নত পাঠশালা সংস্থাপনের স্থখ্যাতি ইউরোপীয় ইনশ্লেক্টরেরাও যাহাতে প্রাপ্ত হন এবং বাঞ্চালার সর্ব্যন্তই একভাবে পাঠশালাগুলি চলে তাহার জন্ম কর্তৃপক্ষীয়দিগের স্বতঃই ইচ্ছা হইল; এদিকে ভূদেব বাব্র এই উৎকৃষ্ট রিপোর্টের প্রতি সম্মাননা দেখাইবার জন্মও কিছু করা আবশ্রক; সেজন্ম ভাতিরিক্ত (আ্যাডিসন্সাল) ইনস্পেক্টরের পদটী তুলিয়া দেওয়া হইল এবঃ ভূদেব বাব্ উত্তর মধ্যবিভাগের * সাধারণ ইনস্পেক্টর নিযুক্ত হইলেন—(প্রাধ্যেচ্ছন)। ইষ্ট ইণ্ডিয়া ও ইষ্ট বেন্দল রেলওয়ে

^{*} এই 'নর্থ দেকী বি ডিভিজানে' মালদহ, রাজসাহী, পাবনা (সিরাজগঞ্জ মহকুমা বাদ,) বশোহর, মুরসিদাবাদ, বীরভূম (সাঁওডাল পরগণা বাদ) জেলাগুলি ছিল।

ধরিবার স্থবিধা থাকায় তাঁহার বাদস্থান চুঁচুড়াতেই তাঁহার দদর আফিদ থাকিতে পাইল।

ভূদেব বাব্র উত্তর পশ্চিম এবং পঞ্চাবের পাঠশালা সম্বন্ধীয় রিপোটটী ইংরাজ রাজ্যে দেশীয় কর্মচারীদিগের বর্ত্তমান অবস্থায় যে উদ্যমের, সংযমের এবং নিপিকুশলতার সহিত সত্যানিষ্ঠার প্রয়োজন তাহুার 'আদর্শ' স্বরূপ বলিয়া কোন কোন স্থল সন্ধলিত করা যাইতেছে; কিন্তু আসলটী ইংরাজীজে না পড়িলে উহার সৌন্দর্যা স্থপরিস্ফুট হইবে না।

- (১) "আমার উত্তর পশ্চিম ও পঞ্চাবে যাওয়ার জন্ম বালানা গবর্ণমেন্টের হুকুম পাইয়া আমি (১৪।১।১৮৬৯) রওয়ানা হই। পাটনায় এবং আরায় কয়েকটা হিন্দী পাঠশালা দেখিয়া উত্তর পশ্চিম প্রদেশের নিকটবর্ত্তী হিন্দীভাষীদিগের মধ্যে কি ভাবে 'আমাদের' কার্য্য চলিতেছে তাহা একটু জানিয়া লওয়ায় আমার কার্য্যে স্থবিধা পাইয়াছি। ইন-স্পেক্টর ডাঃ ফালন সাহেব শ্রুমেন্দেশাখায় করেন।
- (২) ১৯শে জানুষারি বারাণদাতে ইনস্পেক্টর গ্রিফিথদ্ দাহেব বিশেষ যত্ন করিয়া তাঁহার জয়েণ্ট ইনস্পেক্টর বাব্ শিব প্রদাদকে আমার দক্ষে দিলেন। তিনি আফিদের কাগজ পত্র এবং সকল ছাপান রিপোর্ট আমাকে দেখিতে দেন এবং স্কুল পরিদর্শনে যথেষ্ট দাহায্য করেন। তাঁহার বৃদ্ধিম্তা যেরূপ এ অঞ্চলে প্রতিষ্ঠাপ্ত তদ্রেপ। •

ভূদেব বাবুবলিয়াছিলেন "ঐ অঞ্চলের সকল ধনী মহাজন এবং জৌজা মহারালা তথন বাবু শিবপ্রসাদের মুঠার ভিতরে আদিয়াছিলেন; উচ্চ ইংরাজ মহলে তাহার অমুক্ষণ গতিবিধি এবং সমাদের এই প্রতিপত্তির হেতু। মিউটিছি দুমনের পরে এ অঞ্চলে ধনীদিপের মধ্যে ইংরাজ-ভীতি দৃতভাবেই বসিয়া গিয়াছিল।"

বাবু শিবপ্রসাদ বিষয় আসয় অনেক করেন এবং পরে পুরী ইনস্পেটর ও "রাজা শিবপ্রসাদ" হইয়াছিলেন। ইহার সম্বন্ধে ছুইটা কথা কোতুহলোদীপক:—

⁽১) ইনি একদিন থিওদাষ্ট কর্ণেল অলকটকে বলেন যে সোরাওনের যুজ্জন ঘনতিপুর্ব্বে চিনি সন্ন্যাসী বেশে শিবদৈক্ত দলে গিয়াছিলেন এবং 'কামানগুলিতে

- (৩) বারাণসী, এলাহাবাদ, ফরকাবাদ, কানপুর, আগরা, মীরট, আলীগড়, লক্ষো, আগ্রা, দিল্লী, অম্বালা এবং লাহোর্বের পাঠশালা পরিদর্শন করিয়াছি। লাহোরে জানিলাম যে পঞ্জাবের অপর জিলার পাঠশালায় . নৃতন দেথিবার কিছু নাই; সবই এক ধরণের। আড়াই মাসে পরিদর্শন সমাপ্ত করিয়া ২১শে মার্চ্চ প্রত্যাবর্ত্তন করি। রাজা রাজনারায়ণ এবং বাবু ইশ্বরচন্দ্র ম্থোপাধ্যায়, আলীগড় ইনষ্টিটিটটের সভাদ্বয়, আমাকে বিশেষ যত্ন করিয়া সকল সম্বাদ দিয়া উপকৃত করিয়াছেন। উইাদের শ্বরও বে-সরকারী বলা যায় না। উভয়েই নব প্রতিষ্ঠিত "শিক্ষা বিভাগের লোকাল কমিটির" সভা।
 - (৪) ব্রিটিশ রাজনৈতিকেরা বাঙ্গালা দেশের শাসনে বিশেষ উদারত।
 দেখাইয়া দেশীয় ভূমাধিকারীদলের স্বষ্টি এবং উচ্চ রাজ-কার্য্যের উপযুক্ত
 দেশীয় শিক্ষিত দলের গঠনদারা জাতীয় শাসনের গুভ ফল দেওয়ার (টু:
 ন্তাশনালাইজ দি অ্যাত্মিনষ্ট্রেশন) চেষ্টা-ক্রুরিফ্রাছিলেন। দেশের অবস্থার

মন্ত্ৰপুত বারি সিঞ্চন করিয়া দিলে সেগুলি অবার্থ লক্ষা হইবে এই কথা বলিয়া সকল কামানে জল ছিটান উপলক্ষা শিখ সৈন্তের সমস্ত ব্যবহা দেখিয়া গিয়া ইংরাজ সেনাপতি লর্ড গছকে সে সম্বাদগুলি দেন; তাহাতেই যে জলাভূমির পশ্চাতে শিথেরা অতাল্প সংখ্যক তোপ এবং সৈত্ত রাখিয়াছিল, সেই পার্গেই ইংরাজেরা যুদ্ধারজ্ঞের পরে 'হঠাং' পূর্ণ আক্রমণ করেন এবং শিখ সৈত্ত সম্পূর্ণভাবে পরাজিত হয়। একজন জর্মণ অধ্যাপক সেই সময়ে কর্ণেল অলকটের নিকট বসিয়াছিলেন। রাজা শিবপ্রসাদ বিদায় হইলে তিনি বলেন, "এই রাজার স্বদেশ ভক্তি সম্বদ্ধীয় মতে বিশেষত্ব আছে দেটি রাজা খাজ এ পিকিউলিয়ার আইতিয়া অ্যাবাউট পোট্ রাটজ্ম্)!"

⁽২) ০০ কাশীর রাম্মন্দির ক্র করিয়া জলের কলের সামিল করাতে এবং জেলের করেদী দ্বারা মন্দির ভূপ করাউতে রাজা শিবপ্রসাদ মত দিয়াছিলেন। পূজারী মন্দির বেচিলে ক্র হিন্দুগণ এক্ত্রিত হইয়া উন্নত্তবং আক্রমণপূর্বক জলের কল বিধ্বন্ত করার সময়ে তুলসীদাসের রচিত গুহুক উল্ভি—"সমর মরণ ক্রারু স্বরসরি তীরা। 'রাম কাল' ক্রণভঙ্গ শরীরা"—নিজেদের 'বোধরাব' করিয়া ফেলিয়াছিল। ত খুন সেই হ্পুসিদ্ধ "রাম হলায়" রাজা শিবপ্রসাদের বাড়ীর দরজা জানালা রান্তার উপর আনিয়া অগ্নিসাং সংযোগ (১৮১১) করা হয়।

উপর্ক ভাবে ইংরাজী শশিক। আরম্ভ হয়। যে দেশে সরকারী কর্মচারীদিগের শক্তি এবং সম্মান যত অধিক, সে দেশে তত্ই সরকারী চাকরীর
জ্ঞা লালসা অধিক হয়। এরপে 'চাকরীর জ্ঞা বিদ্যাশিকার ইছো'
স্বলক্ষণ হউক বা না হউক, এ ইছো বাহ্বালীর রাজভক্তির এবং বৃদ্ধিমন্তার
সহিত মিলিত হওয়ায় বাহ্বালায় যতটা শিক্ষা বিস্তার হইয়াছে অপরাপর
প্রদেশে এপর্যান্ত ততটা হয় নাই।

(৫) উত্তর পশ্চিম প্রদেশে যে রাজস্ব বন্দোবন্ত হইল তাহাতে সমস্ত প্রদেশই গবর্ণমেন্টের জমিনারীতে পরিণত হইল: গবর্ণমেন্টের পাট-ওয়ারিগণ জমিদারী গোমন্তার এবং তহশীলদারগণ জমিদারী নায়েবের কার্য্য করিতে লাগিলেন এবং 'জমিদার' হিদাবে গবর্ণমেন্ট রায়ইতদিগকে প্রাথমিক শিক্ষাদানে ইচ্ছক হইলেন। ১৮৪৬ অব্দের মে মাদের ১০৮৯ নং বিজোলুশনে লিখিত হইল য়ে বাইয়তদিগের জোতজমি সকল ক্ষুদ্র এবং বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকারের জোত স্বত্ব আছে; ঐ সকল অধিকার বিলুপ্ত না হয় দে জ্বন্ত গবর্ণমেন্ট প্রতিশ্রতিমত চেষ্টা করিতেছেন; রাইয়-তেরা লিখিতে পড়িতে জানিলে এবং একটু পাটীগণিত শিখিলে নিজেদের স্বরক্ষায় অধিকতর সক্ষম হইবে। তদতুসারে মিঃরীড্ স্থল সমূহের ভিজিটার জেনারেল নিযুক্ত হইলেন; তাঁহার অধীনে জিলার এবং প্রগণার ভিজিটার সকল নিযুক্ত হইলেন। গ্বর্ণমেণ্ট উঁহাদের ছকুম দিলেন—"প্রজাসাধারণ যাহাতে নিজেদের উন্নতির জক্ত নিজেরা চেষ্টা করে, সেই দিকেই লক্ষ্য রাখিতে হইবে; সম্পূর্ণ ই গবর্ণমেন্টের ধরচে भिकालांन ठिक नग्न; পরামর্শ এবং উৎদাহ দারা কার্য্যে ত্রতী করা, পথ প্রদর্শন করা ও অল্প দাহায্য দানই সঙ্গত। সাধারণের সংস্কার এবং মনের ভাবের প্রতি বিশেষ সম্মাননা দেখাইতে হইবে। যেখানে হন্তক্ষেপ করা বিদ্যালয়গুলির পরিচাদকদিগের অপছন, দেখানে তাহা কোন মতেই করা ইইবে না। যত সংখ্যায় প্রাচীন পাঠশালরে উন্নতি সাধন কং হইবে ততই কার্য্য সফল ইইতেছে বলিয়া ধরা হইবে। দরিদ্রদিগকে এব জোট ইইয়া এবং ধনীদিগকে দরিদ্র প্রতিবাসীর প্রতি দয়া প্রণোদিত হইয়া স্থল স্থাপনে উৎসাহ দিতে হইবে এবং যত স্থল স্থাপিত হইবে তাহাদের উন্নত এবং অগ্রসর করার জন্য সর্ব্যপ্রকারে সাহায্য করিতে হইবে।"

- (৬) ভিজিটার জেনারেল, বেরেলা প্রভৃতি আটটী জেলায় অমুসন্ধানে জানিলেন যে তথাকার প্রায় তের শত পাঠশালায় প্রায় ত্রিশ হাজার ছাত্র। তন্মধ্যে প্রায় ষষ্ঠাংশ সংস্কৃত, ষষ্ঠাংশ হিন্দী, তৃতীয়াংশ কায়থী বা মহাজনী এবং তৃতীয়াংশ আরবী, ফারদী বা উর্দ্ধ শিথিতেছে।
- (৭) গবর্ণমেণ্ট স্থির করিলেন যে, প্রত্যেক জিলার রাজস্ব সম্বন্ধীয় ক্ষুত্রতম বিভাগে (তহনীলে) ৪।৫ থানি, গ্রাম্ম লইয়া ক্ষুত্র ক্ষুত্র 'হল্কায়' বা সার্কেলে ভাগ করিয়া তাহাতে এক একটা পাঠশালা স্থাপন করা হইবে এবং প্রত্যেক তহনীলের সদরে একটা মধ্য শ্রেণীর স্থল থাকিবে। এইরূপ করায় সকল জিলার সকল অংশেই পাঠশালাগুলিকে চারাইয় বসান হইল। শিক্ষা-কর স্থাপিত হইয়া তাহা হইতেই পাঠশালার শিক্ষকদিগকে বেতন দেওয়া হইতে লাগিল; শিক্ষা-কর ভূমির রাজ্যের সহিত্রে বিলয়া চাষী শ্রেণীর ছাত্রদিগকে আর স্থল 'ফি' দিতে হইবে ন এইরূপ স্থির হইল; প্রত্যেক জিলার সর্ব্বর এবং নিয়্মতম শ্রেণী পর্যান্ত সকল বালকের শ্রিকত হওয়ার জন্ম সাধারণ এবং সম্পূর্ণ ব্যবস্থা করা হইয়া গেল বলিয়া অনেকের মনেই বিশ্বাস জন্মিল।
- (৮) কিন্তু উত্তর পশ্চিম প্রদেশের সকল স্থান সমান পরিমাণে উর্বর নহে, এবং সকল বর্ণের এবং জাতির লোক মিলিয়া মিশিয়া সর্বত্ত বাস্করে না। কোন অঞ্চলে কেবল গুজারের বা মেওছ্টীর বাস্

মধ্যে এবং ব্রাহ্মণ কায়স্ক বণিক বা ম্সলমানের মধ্যে বিদ্যাশিক্ষার জক্ত আগ্রহের পরিমাণ সমান নহে। জিলার মানচিত্রে বর্ত্তমান পাঠশালা-গুলির স্থান-সন্ধিবেশ চিহ্নিত করিয়া লইলেই দেখা যায় যে অনেক হল্কাই থালি; শিক্ষার জন্ম আগ্রহ সম্পন্ধ গ্রামে পাঠশালাগুলি সরিয়া গিয়াছে; ছাত্রাভাবে বিস্তীর্ণ ভূতাগ সকলে একটাও পাঠশালা এখন•আর নাই! অথচ হল্কাবন্দী পাঠশালাগুলি রাজস্ববিভাগের সহিত সংস্ট থাকায় সিভিল কর্মচারীরা একটু প্রভূভাবেই তাঁহাদের রাইয়তদিগকে পাঠশালায় ছেলে পাঠাইতে বুলতে পারিয়াছেন—বাঙ্গালার ন্থায় শিক্ষাবিভাগের কর্মচারীদিগকে রাজস্ব বিভাগের সহিত অসংস্ট থাকিয়া চিরস্থায়ী বন্দোবস্তের জমিদারীতে রায়তদিগকে 'উপদেশ এবং অন্থ্রোধের' উপরই সম্পূর্ণ নির্ভর করিতে হয় নাই।

বর্ত্তমান পাঠশালাশুলি কোন গ্রামে কতদিন ছিল এবং এখন আছে তাহার তালিক। হইতে বুঝা যায় যে কোনটাই অধিক দিন ধরিয়া বর্ত্তমান স্থানে নাই। ইগ্লাস পরগণায় ১৮৬১ অবে ১১৬টা পাঠশালা স্থাপিত হয়; ছয় বংসর পরে, এখন উহাতে ১৫টা মাত্র আছে; আগ্রার হন্ধুর তহশিলে ১০৭টার মধ্যে ১৭টা মাত্র অবশিষ্ট। বাধ্যতা মূলক শিক্ষা দান খুবই ভাল; তবে এখনও ইউরোপের সর্বত্র উহা অমুমোদিত হয় নাই। কৈন্ত সেরপ ব্যবস্থা যতদিন হইবে না, ততদিন যে অঞ্চলে পড়ার আগ্রহ অধিক সেই অঞ্চলেই স্থলগুলি ছাত্রাভাবে সরিয়া যাইবে। প্রয়োজনামুযায়ী সরবরাহ' সকল বিষয়েই হইয়া থাকৈ।

পঞ্চাবের প্রথম স্থল সম্হের ডিরেক্টর মেজর ফুলার উত্তর পশ্চিম প্রদেশে কিছুকাল কার্য্য করিয়াছিলেন। তিনি পঞ্চাবে হল্কাবন্দী স্থলের অর্থাৎ সমান দূরে দূরে পাঠশালা স্থাপনের চেষ্টাও করেন নাই। অবোধ্যাই তালুকদারেরা আছেন; প্রজার অবস্থা বাকালার স্থায়। উত্তর পশ্চিম প্রদেশের এবং পঞ্চাবের অবস্থা দর্শনে নব অধিকৃত অযোধ্যায় যে ব্যবস্থা করা হইতেছে তাহা বাঙ্গালার পাঠশালার ব্যবস্থারই অন্তর্মণ।

(৯) হলকাবন্দী পাঠশালায় ছাত্রদন্ত 'ফি' শিক্ষকের প্রাণ্য নহে; 'উহা সরকারী তহবিলে জমা হয়। স্বতক্লাং কাহারা প্রকৃত চাষী এবং কাহারা মজুর দিয়া কাজ করায় বা কোন প্রকার 'প্রজা-বিলি করে, সে দিকে সচ্কিত দৃষ্টি দিতে শিক্ষকদিগের কোন প্রয়োজন হয় না। ভারতবর্ষের মফঃস্বলে খুব কমই লোক আছে যাহাদের সহিত ভূমির কোন সম্পর্কই নাই এবং 'অনেক চাষীর ছেলে পড়িতেছে' ইহা শুনিয়া কর্ত্বপক্ষীয়দিগের ভৃপ্তি হওয়ায় ওদিকে আর বিশেষ অম্পন্ধান হয় নাই। সার আলেকজাগুার গ্রাণ্ট বলিয়াছেন 'ভারতবর্ষে সামাজিক বিষয়ের অম্পন্ধানে জাতি সম্বন্ধে সম্বাদ লওয়াই প্রধান কার্য্য'—তথাপি সে দিকে দৃষ্টি পড়ে নাইল ক্রত্বপার গাঠশালায় অম্বন্ধত জাতির এবং শ্রমজীবী শ্রেণীর ছাত্র কত পাওয়া যাইতেছে তাহা বৃঝিবার জন্ম যেরপ বিশেষ তালিকা প্রস্তুত হয়, এখানে তাহা হয় না।

আমি ছাত্রদিগকে সর্বা প্রশ্ন করিয়াছি "তোমাদের, অভিভাবকেরা কি নিজের হাতে চাষের কাষ্য করেন ?" অধিকাংশ স্থলেই একটু তীব্র-ভাবেই উত্তর পাইয়াছি "বেশক্ মজ্ ছরোঁদে" (নিশ্চয়ই মজ্র দিয়া)। উত্তর পশ্চিম অঞ্চলের ৬২১০০টা ছাত্রের মধ্য হইতে ৩২০২ পাঠশালায় ৬৭৫২ টাকা মাত্র আদায় হয় অর্থাৎ পাঠশালা প্রতি গড়ে বার্ষিক ছই টাকা মাত্র। ইহাত্রেই কর্ত্পক্ষের মনে হইয়াছে যে, অধিকাংশ ছাত্রই "চাষীর" ছেলে। ত্বতীয় সার্কেলের ইনস্পেক্টর তাঁহার রিপোর্টে লিথিয়া-ছেন যে, তাঁহার সার্কেলের ৪০ হাজার ছেলের মধ্যে ২৮ হাজার "কৃষক সন্তান" অর্থাৎ শতকরা ৭০ জন।

আমি বিভিন্ন গ্রামের ৮০টা পাঠশালায় যে ১৮৪০টা ছাত্রের সম্বৰে

বিশেষ ভাবে তালিক। প্রস্তুত করিয়াছি, তন্মধ্যে ৮৮৪ জন ছাত্রের অভিভাবকেরা চাষী ও শ্রমজীবীসস্তান অর্থাৎ শতকরা ৪৭জন কৃষক সন্তান। ঐ ১৮৪৯ জন ছাত্রের জাতি সম্বন্ধে তালিকা প্রস্তুত করিয়া দেখা গিয়াছে যে, তন্মধ্যে ৫৪৪ বাল্লণ, ৩২৮ কেত্রী, ১৩৫ জন কায়স্থ, ২২৪ বেনিয়া, ৩৫৭ মৃদলমান এবং ২৬১টী মাত্র অপরাপর বর্ণের। স্বত্রাং দুল্খা যাইতেছে, উচ্চ বর্ণের ছাত্রেরাই হল্কাবন্দী স্থলগুলিতে পাঠ করে; নিম্ন বর্ণের ছাত্র খুবই কম। শিক্ষা-কর আদায় করিয়াও প্রকৃতপক্ষে নিম্নশ্রেণীর মধ্যে শিক্ষা বিস্তাবের তেমন কিছু ঘটে নাই।

- (১০) উত্তর পশ্চিম প্রদেশের এবং পঞ্জাবের লোক সংখ্যা যথাক্রমে তিন কোটি এবং ১ কোটি ৯৪ লক্ষ। উহার চতুর্দ্দশাংশ অর্থাৎ যথাক্রমে ২১ লক্ষ এবং ১৩ লক্ষ স্থলে যাইবার বয়সের বালক বলিয়া ধরা যায়। পাঠশালার রেজিষ্টারে যত্কাত্ত্বের নাম আছে তাহাদের সংখ্যা উত্তর পশ্চিম প্রদেশে শত করা ৬২ এবং * পঞ্জাবে ৭৪ মাত্র। স্থতরাং প্রকৃতপক্ষে নিম্নপ্রেণীর শিক্ষা (মাস্ এডুকেশন) এখনও অনেকদ্রে।
- (১১) বাঙ্গালা দেশের পাঠশালা এবং স্থলে স্থানীয় পরিচালকেরা নিম্নশ্রেণীতে পাঠ্য পুস্তকের ইচ্ছামত ব্যবস্থা করিতে পারেন; সর্ব্বোচ্চ শ্রেণীতেই কেবল একবিধ পাঠ্য নির্দিষ্ট আছে। উত্তর পশ্চিম প্রদেশে
- * "প্রকৃত ছাত্র সংখ্যা যে কত সে বিষয়েও সন্দেহ আছে। অধিম উত্তর পশ্চিম প্রদেশের ১৬৪টা, পঞ্জাবের ১৬টা স্কুলের রেজিষ্টারে ৫৪৬৬ এবং ৭৭-টা ছাত্রের নাম দেখিতে পাই; কিন্তু উপস্থিত পাই বধাক্রমে ০৪৮১ এবং ১৮০। পঞ্জাবের ইনশ্পেটর মিঃ পিরার্সন ডিরেক্টরকে নিধিয়াছেন, 'ছাত্র সংখ্যা স্থলে বৈঠিক রিপোর্টের মান্ত কোন সাজা দিয়া ফল নাই এবং মকংখলে ছাত্রদিগের স্কুলে আসা নিয়মিত হইতেই পারে না।' অথচ ছাপান রিটার্প এবং রেজিষ্টার সকল পাঠশালাকেই শিক্ষাবিভাগ ইইতে দেওয়া হয়। উত্তর পশ্চিম প্রদেশের ডিরেক্টর নিধিয়াছেন, "কোন কোন স্কুলে গড়ে উপস্থিত ছাত্রের সংখ্যা রেজিষ্টারিতে নিধিত ছাত্রদিগের সংখ্যা অপেকা অধিক" বিদ্যাভারেক আটেনভাগের ইজ নার্জার দান দি নম্বর অন দি রোলন্)!!

এবং পঞ্চাবে দেখিলাম দকল পাঠশালাই ঠিক একই নির্দিষ্ট ভাবে পড়া-ইতেছে। এই ব্যবস্থার পূর্ণতা ফ্রান্সে এক সময়ে হইয়াছিল বলিয়া শুনা যায়।

পঞ্চাবে ও উত্তর পশ্চিম প্রদেশে মুধ্য শ্রেণীর স্থলগুলির প্রথম শ্রেণীতে চারি অধ্যায় ইউরিজের জ্যামিতি ও ততুপ্যোগী অকাক্ত বই পড়ান হইবার কথা। কিন্তু সমগ্র উত্তর পশ্চিম প্রদেশে পাঠশালায় ও মধ্যশ্রেণীর স্থলগুলিতে ৯০ হাজার ছাত্রের মধ্যে 'কেহই' প্রথম শ্রেণীতে পড়ে না! দিতীয় শ্রেণীতে মোট ১০৫ জন পড়ে। পঞ্চাবে ৫৪ হাজারের মধ্যে প্রথম শ্রেণীতে ৩ জন এবং ৬০ জন মাত্র দিতীয় শ্রেণীতে পড়ে। ফলে শতকরা ৯৮ জন নীচের চারি রাসেই পড়ে। তাহাদিগকে সামাক্ত তৈরাশিক, কিছু ভারতের ইতিহাস, হিসাব ও জলার মানচিত্র ও সহজ্ব পাঠ্য পুস্তক পড়ান হয়। বাঙ্গালা দেশের পাঠশালায় দ্বিতীয় শ্রেণীর ছাত্রিদিগকে প্রায় এইরূপই পড়ান হইয়া থাকে।

(১২) উত্তর পশ্চিম প্রদেশে পরীক্ষা লইবার জন্ম চতুর্দ্দিকের পাঠশালার ও স্থলের ছাত্রদিগকে এক একটা 'কেন্দ্রে' সমবেত করিয়া সকল
স্থলের এক ক্লাসের ছাত্রদিগকে একসঙ্গে দাঁড়করান হয়। এই সকল
কেন্দ্রে ইন্স্পেক্টারগণ এবং সময়ে সময়ে ডিরেক্টর বাহাত্র, ছোটলাট
এমন কি বড়লাটও আসিয়া থাকেন। ভিন্ন ভিন্ন জাতীয় ও বর্ণের ছেলেরা
স্থলের স্থলের 'পোষাক পরিয়া আসাতে দৃষ্ঠটা দেখিতে স্থলের হয় বটে,
কিন্তু প্রকৃত প্রস্তাবে ফ্র কিরপ দাঁড়ায়? ঐ পরীক্ষাগুলি এত কম
সময়ে শেষ করিতে হয় যে, উহাতে স্থলগুলির প্রকৃত অবস্থা কিছুই জানা

ষায় না। স্থুল ঘরের অবস্থা, তথাকার ব্যবস্থা, ছাত্রদিগের পরিচ্ছন্নতা 📀 নিয়মামুপামিতা, শিক্ষকের ধরণ ধারণ, মূর্থ ছাত্রদিগের সম্বন্ধে তাঁহার ধৈষ্য প্রভৃতি অনেক বিষয় স্কলে গিয়া স্বচক্ষে না দেখিলে ধরা পড়ে না। এতদঞ্চল ডেপুটা এবং সবতেপুটা ইন্সপেক্টর ও প্রধান মূহরীদিগের স্থল পরিদর্শনের ক্ষমতা আছে কিন্তু ইনম্পেক্টর নিজে গ্রাথে গ্রামে গিয়া षून পরিদর্শন করেন না: তাঁহার নিমবতী কর্মচারীদিগের বাঙ্গালা দেশের স্থায় যাতায়াত বাবদ মাইল হিসাবে ভাতা দেওয়া হয় না; কিছু মাসিক বরাদ আছে। ইহাতে তাঁহাদের সদর হইতে দুরবর্তী স্থানে যাইবার ইচ্ছা স্বতঃই সঙ্কৃচিত থাকে। এইরূপ পরীক্ষার ব্যবস্থায় স্থারও একটা দোষ আছে। ছাত্রদিগকে অনেকদুর হইতে আসিতে হয়; কোন কোন স্থানে এই কেব্রু পরীক্ষার জন্ম ৩২ মাইল দূর হইতেও ছাত্র-দিগকে হাঁটিয়া আসিতে হয়! তুবে এব্যবস্থীর কিছু গুণও আছে। গ্রাম হইতে অন্তত্ত্র যাওয়াতে বছদর্শনের একটু বুদ্ধি হয়; অনেক স্থলের ছাত্রদিপকে এক সঙ্গে পরীক্ষা দিতে হওয়ায় প্রতিবাৈগিতার একটু বৃদ্ধি হয়, এবং ইন্স্পেক্টরেরা সকল স্থলের ছাত্রদিগকেই বৎসরে অন্ততঃ একবার চাক্ষ্য করিতে পারেন।

বান্ধালায় এরপ ব্যবস্থায় অস্থবিধা অনেক অধিক। পঞ্চাবের স্থায় বাজারের কটা থাওয়া বান্ধালায় প্রচলিত নাই; এবং ছাত্রেরা অপেক্ষা-কৃত তুর্বল; স্থতরাং পরীক্ষার জন্ম অধিক দূরে লইয়া যাওয়া বান্ধালী অভিভাবকেরা সহু করিবেন না। *

(১৩) এ অঞ্চলের "শিক্ষা দরবার" একটা উৎকৃষ্ট ব্যবস্থা। তাহাতে

^{* [} উত্তরকালে উত্তর পশ্চিম প্রদেশের সিবিলিয়ানগণ (ক্যান্থেল এবং টেম্পন্স সাহেব) বঙ্গের ছোটলাট হইয়া আসিলে ছাত্রদিগকে বিভিন্ন কেন্দ্রে লইয়া গিয়া পরীক্ষা করার প্রথা বাঙ্গালাতে প্রবর্ত্তিত করা হয় এবং ভাহাতে অনেক ছেলে রোগেও পড়ে !]

তেপুটী কমিশনার, কমিশনার, এমন কি ছোটলাট বাহাত্রও মধ্যে মধ্যে সভাপতির আসন গ্রহণ করেন। যে সকল গবর্ণমেন্ট কর্মচারী ও সাধারণ ভদ্রলোক শিক্ষা বিস্তার সম্বন্ধে বিশেষ সাহায্য করেন, তাঁহা-দিগকে সম্মান বা থেলাৎ দেওয়া হয়। ছেনেদের মধ্যে মাহারা পরীক্ষায় ভাল হয় তাছাদিগকে প্রস্কার স্বন্ধপে নগদ টাকা, পুস্তক বা কাপড় দেওয়া হয়। ছাত্রেবা ব্যায়াম কৌশল দেখায়; দৌড়িবার এবং লক্ষন শক্তির পরিচয় দেথিয়া তাহাদের পুরস্কার দেওয়া হয়। বাঙ্গালাতে এইরপ উৎসাহ দানের ব্যবস্থা হইলে উপকার হইবে। আমি স্কলে স্কলে নিজে গিয়া এবং ছাত্রদিগকে কেল্রে সমবেত করিয়া, উভয় ভাবেই পরীক্ষা করিয়াছি। কেল্রে আনীত ছাত্রদিগের পরীক্ষার ফল অপেক্ষাক্ত সন্তোষজনক। পঞ্জাবের ছাপান বিদোর্টে দেখিলাম, "নিজের বাহাত্রী দেখাইবার জন্তা, মিষ্টায় বিতরণের প্রলোভন হারা, অনেক স্কলে শিক্ষকগণ তহশীল (মধ্য শ্রেণীর) স্কলের করে করেওলি উৎকৃষ্ট ছাত্রকে নিজের ছাত্র বালয়া পরীক্ষা কেল্রে উপস্থিত করে।"

(১৪) ছাত্রের। অনেক স্থলেই পাঠ না ব্রিয়া কেবল মৃথস্থ করে।
আমি অনেক স্থলে প্রশ্ন করিয়াছি, "রিজিয়া বেগম কে ছিলেন?" প্রায়
সব স্থলেই একই উত্তর পাইয়াছি—"রজিয়া বেগম বড়া ছসিয়ার থি;
হর রোজ কোরান পড়তি থি… (রজিয়া বেগম বড় বৃদ্ধিমতী ছিলেন;
রোজ কোরাণ পড়িতেন)"। ছাত্রের। এইরূপে টানা বই মৃথস্থ বলিয়া
যায়।

গঙ্গার উভয় পার্যস্থিত প্রধান প্রধান সহরের নাম জিজ্ঞাসা করিলে হরিদ্বার হইতে কলিকাতা অবধি সহরগুলির নাম বেশ বলিয়া যাইতে স্পারে; কিন্তু এলাহাবাদ, বা বারানসী হইতে আরম্ভ করিতে বলিলে তাহারা প্রায়ই পারে না। তেপুটা ইন্স্পেক্টারদিগকে প্রশ্ন করিতে ব্লিয়া

দৈথিয়াছি যে, তাঁহারা প্রায় একই রক্ষের প্রশ্ন সব জায়গাতেই করেন। স্বতরাং কি প্রশ্ন শ্বইবে তাহা শিক্ষকেরাও ছাত্তেরা পূর্ব্বাহ্নেই বৃবিতে পারিয়া তদম্যায়ী ভাবে প্রস্তুত থাকে।

হাতের লেখা প্রায় সর্বত্তই খুব ভাল। মোটের উপর ছাত্তেরা থে
শিথিবার জন্ম পরিশ্রম করে এবং 'বৃদ্ধির বিশেষ পরিচালনা বাতীত
অধ্যাপনায় যতদ্র সন্তব' উৎকর্ষ লাভ করিতেছে, তাহাতে সন্দেহ নাই।
উ: প: প্রদেশ মৃথস্থ বিভার দোষ হইতে রক্ষা পায় নাই। ইহার কারণ
অমুসন্ধান করিতে গেলে দেখিতে পাই যে, নন্মাল স্থল এবং ট্রেনিং স্থল
প্রথমে বসাইয়া 'শিক্ষিত' গুরু প্রস্তুত করিয়া লইয়া তাহার পর স্থল স্থাপন
করা হয় নাই। ভিজিটর জেনারেল লিখিয়াছেন, 'শিক্ষকেরাই অশিক্ষিত'
(দি এডুকেটারস্ আর দেমসেল্ভস্ অনএডুকেটেড্)! এরপ উপকরণ
লইয়া পরিদর্শকগণ যতটা কার্য্য করিতে পারিয়াছেন, তাহাই প্রশংসাই।

বারানদী, আগ্রা, দিল্লী, এবং শারটের নর্মাল স্থলে শিক্ষক প্রস্তুত হইতেছে। আমি দেখিয়াছি যে, ৭৪টা স্থলের ৮৯ জন শিক্ষকের মধ্যে ৪০ জন দার্টিফিকেট প্রাপ্ত। এ হিসাবে ৩২০০ স্থলের জন্ম এখনও ২১০০ সার্টিফিকেট প্রাপ্ত শিক্ষকের প্রয়োজন। মধ্য শ্রেণীর স্থল হইতে উত্তার্ণ ছাত্রাদিগকে অনেকস্থলে পাঠশালায় শিক্ষক নিয়োগ করা হইতেছে;— উহারা বই পড়াইতে পারেন, কিন্তু 'শিক্ষা দিবার প্রণালী' সম্বন্ধে কোনশিক্ষাই কথন পান নাই। অযোধ্যায় এই ভুলটার সম্বন্ধে সাবধানতা অবলম্বন করা হইতেছে। তথায় গত বৎসরের রিপোটে লেখা হইয়াছে যে 'শিক্ষক প্রস্তুত্ত না হইলে স্থল খোলা সম্বত্ত নহে।', পঞ্জাবেও ঐ বিষয়ে ভুল ধরা পড়িয়া শিক্ষিত গুরুর জন্ম ব্যবস্থা এক্ষণে করা হইতেছে। যোটের উপর বলা যায় যে, উত্তর পশ্চিম প্রদেশে তাড়াতাড়ি স্থল পাঠশালার সংখ্যা বৃদ্ধি করিয়া ফেলায়, ফল বাহ্নিক (স্থপারফিশিয়াল)

হুইয়াছে এবং অশিক্ষিত শিক্ষক নিয়োগের কুফল অনেক দিন পর্যান্ত শুধরাইবে না।

(১৫) পাঠশালার জন্ম সাধারণ ভূমির রাজস্ব হইতে উত্তর পশ্চিম প্রদেশ, পঞ্জাব, অযোধা এবং বাঙ্গালা দেশ যথাক্রমে ঐ রাজস্বের শতকরা ১৫, ১৮, ১২ এবং ১ অংশ দিয়া থাকে। স্বতরাং গবর্গমেন্ট থাস রাজস্ব হইতে অপর প্রদেশে বরং কিছু অধিক হারেই নিম্ন শিক্ষার জন্ম দিতেছেন। 'বাঙ্গালায়' শিক্ষা-কর নাই। উহা অপর প্রদেশে কৃষক শ্রেণীই দেয়; অথচ দেখা গেল যে, প্রকৃতপক্ষে কোন প্রদেশেই কৃষক শ্রেণীর ছাত্র অধিক পরিমাণে বিভালয়ে পভিতে আদে না। এ অবস্থায় যে প্রদেশে ঐ শিক্ষা-কর আছে, তথায় কৃষক শ্রেণীর ছাত্রদিগেরই পড়ার স্বর্বধা করিয়া দেওয়া হইতেছে! বাঙ্গালায় যে শ্রেণীর লোকে পাঠশালায় ছেলে পাঠায়, তাহারাই "চাঁদা হু স্কুল ফি" হিসাবে টাকা থরচ করে; স্বতরাং গরুর্গমেন্ট সাহায্য পাওয়ার প্রকৃত অধিকারী। বাঙ্গলায় ছাত্রদন্ত বেতনের পরিমাণ অন্ত তিন প্রদেশের মোট ছাত্রদন্ত বেতনের হা। গুণ গুণ।

অপর তিন প্রদেশের শিক্ষা-কর যত আদায় হয় বাঙ্গালা স্বেচ্ছায় চাঁদা এবং ছাত্রদত্ত বেতনে তাহার দেড় গুণ দিতেছে এবং শিক্ষা-কর শুদ্ধ ধরিয়া ঐ তিন প্রদেশের ইচ্ছায় এবং অনিচ্ছায় সাধারণের নিকট যাহা পাওয়া এবং লওয়া হইতেছে তাহা বাঙ্গালার স্বেচ্ছায় প্রদত্ত টাকার এক অষ্টাদশাংশ মাত্র অধিক। • শিক্ষা-কর দ্বারা স্থাপিত সরকারী স্কুল ও

^{# &}quot;বলোবন্তী রিপোর্টে নিপুণ দৃষ্টি দিলে বাঙ্গালার দাধারণেই যে শিক্ষার ধরচ
অধিক দিতেতে তাহা প্রকাশিত হইরা পড়ে। প্রকৃতপক্ষে শিক্ষা-কর দার; বাহা আদার
হয় তাহার অর্থ্রেক মাত্র প্রজারা দিয়া পাকে; অপরার্থ্য গবর্ণমেন্টরই দান। মনে কর

পাঠশালাগুলিতে যাহারা ছাত্র পাঠায় তাহাদের ঐ সকলের পরিচালনায় হাত নাই; শিক্ষকেরা নিরঙ্কুশ, কিন্তু বান্ধালায় ছাত্র ভাল করিয়া পড়াইয়া সাধারণকে তুষ্ট রাখিতে হয়; যে দাম দিতেছে তাহার উপযুক্ত উপকার না পাইলেই লোকে বিশিষ্টভাবে অসম্বোষ প্রকাশ করে; ছেলে স্বাইয়া লইয়া অন্য স্থল স্থাপন হইবে এভয় শিক্ষকদিগকে করিতে হয়। যে শ্রেণীর লোকের শিক্ষা দিবার ইচ্ছা এবং শক্তি নাই, সেই নিম্ন শ্রেণীর বহু সংখ্যক ছেলের বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষা দেওয়া সর্ব্ব দেশেশ সকল শ্রেণীর জনসমন্তির একটা অবশ্য কর্ত্তব্যের মধ্যে এবং সেরূপ আহ্য তাহ্যুক্ত শিক্ষা দেওয়ার জন্যই সাধারণ-ভাবে করাদায় সক্ষত। কোন এক শ্রেণীর নিকট হইতে শিক্ষা-কর গ্রহণ করিয়া প্রকৃত প্রস্থাবে অপর শ্রেণীর উপর তাহা খরচ করা হইয়া পড়াটা উচিত নয়।

- (১৬) বাঙ্গালার পাঠশুলায় গুরুমহাশয়দিগকে গবর্ণমেন্ট ৬০ টাকা বার্ষিক দেন; ছাত্রদ্বীত রেতনাদ্ধি লইয়া গড়ে উ হারা বাষিক আরও ৩২ টাকা পাইয়া থাকেন; মোট বার্ষিক ১২ । উত্তর পশ্চিম প্রদেশেও উ হারা ৬০ টাকা গবর্ণমেন্টের হাত দিয়া পান; ছাত্রদত্ত বেতন সরকারে জমা হয়। 'ঐ প্রদেশে এত সন্তায় গুরুমহাশয় পাওয়ার কারণ এই যে, তথায় আহার্যের মূল্য কম এবং শিক্ষকদিগের শিক্ষাও কম।
 - (১৭) শিক্ষা-কর হইতে নানা বিষয়ে ইচ্ছামত থরচ হইতেছে!

কোন জোতদারের ক্ষাৎপলের মূলা ১০০ টাকা। উহ! হইতে এখনে শতকরা ১ হারে একটা শিক্ষা কর কাটিয়া রাখিয়া বাকী ৯১ টাকার অর্প্পেক ৪৯০০ টাকা প্রবর্গনেটের রাজস্ব বলিয়া ধার্যা হয়। যদি শেনের সমন্তটাই প্রজা দিত ভাহা হইজে গ্রবর্গনেট রাজস্ব ৫০ ধার্যা হইত এবং প্রজার অংশ ৪৯০ না হইয়া ৪৯ হইত। স্বতরাং গ্রবর্গনেট শিক্ষা জল্প ষত দেন বলিয়া কাগরে 'দেখান হয়,' উত্তর পশ্চিমাদি প্রদেশে প্রকৃতপক্ষে তদপেক্ষা অধিক দিতেছেন এবং সাধারণের নিকট হইতে প্রাপ্ত বলিয়া যাহা 'দেখান হয় তদপেক্ষা কম পাওয়া হইতেছে।

উপযুক্ত ছাত্রের জন্ম ন্তন জনপানির সৃষ্টি, পাঠশালার সহকারী শিক্ষকের পদ সৃষ্টি, কোন সম্বাদপত্রের সম্পাদককে সাহায্য ক্রা, কিছুরই জন্ম গবর্ণমেন্টের হুকুম আনাইতে হয় না; শেস্ ফণ্ডের টাকা লইয়া অক্লেশে এ সকল করা যায়। ছাত্র, পাটওয়ারী, মোহরের সকলকেই পুরন্ধার দেওয়া ঘটে!

(১৮) প্রথমে এ প্রদেশের যে সকল জিলায় চিরস্থায়ী বন্দোবস্ত আছে দেখানেই এই শিক্ষা-কর "জমিদারদিগের স্বেচ্ছাতঃ দান" বলিয়। আদায় আরম্ভ হয়। এক্ষণে সর্বাত্তই সাময়িক রাশ্বস্থ বন্দোবন্তের সময়ে তাহার শতকরা ১১ হিসাবে শিক্ষা-কর ধরিয়া লওয়া হইতেছে। নৃতন নৃতন বন্দোবন্তে গবর্ণমেণ্টের রাজস্ব বাড়ে, শিক্ষা-করও বাড়ির্বে। প্রথমে যথন এই 'ম্বেচ্ছায়' দেওয়া আরম্ভ হয়, তথনকার তুইটা প্রথার কথা প্রচলিত আছে:-একজন উচ্চপদস্থ কর্মচারী, কোন ভদ্রলোক দেখা করিতে আসিলে, প্রথম জিজ্ঞাসা ঝরিয়া পাঠাইতেন যে, শিক্ষা-কর দিবার একরার-নামা সহি করিয়াছেন কিনা। তাহা করেন নাই শুনিলে, সেই চাপরামী দারাই জানাইয়া পাঠাইতেন যে, দেখা হইবে না। আর একজন সকল জমিদারেরই নামের তালিকা প্রস্তুত করাইয়া যাঁহারা শিক্ষা-কর দিতে স্বীকার সে পর্যান্ত করেন নাই তাহাদের নামে কাল কালির ঢেরা দিয়াছিলেন। আমলারা তাঁহাদের 'কালামুখ' (দিয়াকহ) বলিয়া উল্লেখ করিতেন। এই গল্পগুলি সতা ঘটনামূলক কিনা আমি তাহা বলিতে পারি না, কিন্তু খনেক বুদ্ধিমান লোক ঐ কথায় বিশাস করেন এবং উত্তর পশ্চিম প্রদেশের গবর্ণঝেট ১৮৫২ অব্দের ফেব্রুয়ারি মাসের সার্কুলারে স্কুম্পান্ত প্রচার করেন — হল্কাবন্দী স্কুল সকলের রক্ষার জন্ম টাকার ব্যবস্থা বা ছেলে পাঠান যে লোকের স্বেচ্ছার উপর ছাড়িয়া দিতে হইবে, একথা কোন কর্মচারী কখন থেন ভুলেল না।"

- (১৯) উত্তর পশ্চিম প্রদেশের শিক্ষা-করের ইতিহাস হইতে দেখা গেল যে, উহা নামে মাত্র স্পেচ্ছায় প্রদত্ত; এক সময়ে উহা সাধারণের চক্ষে গবর্ণ-মেন্টের রাজস্ব হইতে 'দান' এবং গবর্ণমেন্টের চক্ষে "স্থানীয় বিশেষ কার্য্যের জন্ম বিশেষ করের অদায়" ভাবে ছিল। কিন্তু প্রকৃত পক্ষে উদ্দেশ্যের অস্থায়ী কার্য্য হইতেছে না। পবর্ণমেন্ট এক্ষণে স্পষ্টই বলিয়াছেন যে শিক্ষা-কর 'সমগ্র জনসাধারণের' উপকারার্থে লওয়া হয়, স্থতরীং উহাকে 'স্থানীয় করের' ন্যায় ব্যবহার করায় 'সে উদ্দেশ্য' ব্যর্থ হইবে!
 - (২০) আলিগড় জেলার জমিদারের। ১৮৬৬ অবেদ উত্তর পশ্চিম প্রদেশের ছোট লাটের নিকট আবেদনে বলিয়াছিলেন—"আমরা শিক্ষা কার্য্যের থরচ যোগাই (পে ফর দি এক্দপেন্দেশ্ অফ এডুকেশন) কিন্তু কষ্টের বিষয় (ওব্ভিয়স্লি এ হার্ডশিপ্) এই যে, শিক্ষা প্রণালীর অথবা ঐটাকা থরচ সম্বন্ধে কোঁন প্রবণর অধিকার দেওয়া হয় না (নট্ আালাউড্টু টেক এনি পার্ট ইন দি ম্যানেজ্পেট অফ দি সিষ্টেম অফ এডুকেশন অর টু এক্সারসাইজ্ এনি কণ্টোল ওভার দি ভিস্বর্সমেণ্ট অফ দি শেশ্)।" স্থানীয় গ্রন্থেণ্ট ঐরপ কোন অধিকার দিতে অস্বীকার করেন এবং অধিকৃত্ত বর্লেন "ঐ একই যুক্তি রাজ্যশাসনের জমির ধাজনার এবং অন্যান্ত করের সম্বন্ধেও দেখান যাইতে পারে! * [বট্ দি সেম আর্গু মেণ্ট মাইট্ বি ইউজ্ভ ইন রেস্পেক্ট অব্ দি গ্রন্থেনিট অব্ দি কণ্ট্টি জেনারালি অ্যাণ্ড দি আ্যাপ্লিকেশন অব্ দি রেভেনিউ আ্যাণ্ড আনার ট্যাক্সেদ্]"
 - (২১) কোন শিক্ষা-প্রণালী ফলপ্রাদ হইতেছে এবং তদারা পরেও

^{* [} তথন যাহা চাওরা এরূপ একাস্তই অচিন্তনীর গৃষ্টতঃ এবঃ অসম্ভব বলিয়া উক্ত ই^{ট্}রাছিল, সমগ্র ভারত এখন (১৯১৮) একবাক্যে কংগ্রেসে সমবেত হইরা তাহার অপেকাও অধিক চাহিতেছে,—সামরিক ব্যয়ের এবং সিভিলিয়ান্দিগের বেতনের বৃদ্ধি সম্বন্ধে তীব্র সমালোচনা করিতেছে এবং পূর্ণ হোমরুল বা 'ম্বরাজ' চাহিতেছে!]

ফদল হইবে এরপ আশা দিতেছে কিনা, তাহা সেই শিক্ষা সম্বন্ধ সাধারণের অহ্বাস দর্শনেই পরীক্ষিত হইয়া ধায়। বাঞ্চালায় ১৮৫৪ অব্দের পূর্বে গবর্ণমেন্ট শিক্ষা সম্বন্ধে কিছুই করেন নাই; উত্তর পশ্চিম প্রদেশে তাহা ১৮৪৯ অব্দ হইতে করিতে আরম্ভ করেন। শিক্ষা সম্বন্ধে সাধারণের অহ্বাগের পরিমাণ ব্বিডে হইলে নিম্নালিখিত বিষয়গুলির উপর দৃষ্টি রাখিতে হয়:—

- (ক) অধিবাদীর সংখ্যাত্মপাতে স্কুলে ছাত্তের সংখ্যা, তাহাদের নিয়মিত ভাবে তথায় উপস্থিতি এবং পরাক্ষায় উৎকর্ম প্রদর্শন। এ সকল । সম্বন্ধে পূর্বেই বলা হইয়াছে।
- (থ) রীতিনীতি এবং ভাষা সম্বন্ধে শিক্ষার প্রভাব। এগুলি পৃথক ভাবে জানিবার উপায় আছে এবং শিক্ষা বিভাগের সম্বলিত ভুলন্তান্তি সংযুক্ত সংখ্যা তালিকার উপর নির্ভর করে না।
- (i) গত পঁচিশ বংসরে উ: পা প্রেদেশের শিক্ষিত লোকদিগের মধ্যে ধরণ ধারণে কোন পরিবর্ত্তন ঘটে নাই। ইহার ছইটী কারণ হইতে পারে। প্রথমতঃ উত্তর পশ্চিম প্রদেশের লোকেরা বাঙ্গালী অপেক্ষা হয়ত কম পরিবর্ত্তনশীল। দিতীয়তঃ নবশিক্ষা প্রণালী উইাদের উপর অপেক্ষাকৃত অল্ল প্রভাব বিস্তার করিয়াছে।
- (ii) শিক্ষা বিস্তার বশত: নৈতিক উন্নতি সম্বন্ধে বাঙ্গালাদেশ উ: প: প্রদেশ, অপেক্ষা অনেক অগ্রবর্তী বলিয়াই দৃষ্ট হয়। বাঙ্গালায় দেশীর হাকিমেরা সকলেরই শ্রন্ধা আকর্ষণ করিতেছেন; সরকারী রিপোর্ট হইতেই দেখান যায় যে, এ সকল প্রদেশে তাঁহারা সেরপ এখনও পারেন নাই।
- (iii) ভাষার উণর শিক্ষা বিস্তারের প্রভাব।—বালালীরা কথাবার্ত্তা কহিবার সময় তাঁহাদের উপর ইংরাজী ভাষাশিক্ষার প্রভান প্রকাশ করিয়া ফেলেন এবং ইংরাজী কথা বালালার সহিত মিশাইয়া বলেন। এই

ইংরাজী মিশ্রণের প্রধান কারণ এই যে, লোকেরা অনেক নৃতন বিষয় জানিতে পাবিয়াছে এবং তাহাদের নিজের ভাষা, সে সমস্ত পরিষ্কার ক্রণে প্রকাশ করিবার সম্পূর্ণ উপযোগী হইয়া উঠে নাই। উ: প: প্রদেশে ওরপ ইংরাজী মিশান উর্দু বা হিন্দী ভাষার প্রচলন দেখিলাম নী। ইগার তিনটা কারণ হইতে পারে; প্রথম উদ্দুও হিন্দা সর্ক্রান্ধীন স্থন্দর ভাষা তাহাতে যে কোন নৃতন তত্ত্ব সহজেই প্রকাশ করা যায়। ইহা সত্য হইলেঞ্চ ইংরাজেরা যে একটা নৃতন চিন্তাম্রোত এবং তৎসঙ্গে নৃতন শব্দের প্রয়োজন আনিয়াছেন তাহাতে সন্দেহ নাই। দ্বিতীয় —এ অঞ্চলে নৃতন চিন্তা এখনও বিশৈষ প্রভাব বিস্তার করে নাই। ইহাই প্রকৃত কারণ বলিয়া স্বীকৃত হইলে আর বলিবার কিছুই থাকে না। তৃতীয়—হিন্দী ও উর্দৃ ভাষা শিক্ষা, ইংরাজীশিক্ষা বিস্তারের সহিত সমপাদক্ষেপে অগ্রসর হইতেছে; নৃতন তত্বগুলি প্রকাশের সময় ইংরাজী শব্দের কোন প্রয়োজন ব্যোধ হয় না। কিন্তু দে অবস্থায় নৃতন ভাব সকল পরিপাক করিয়া লইয়া बाजीय माहित्जा এकी नवजीवन अकान राम्या यौग्र ; अ मकन अरामरन তাহা হটয়া থাকিলৈ মেবখা স্থল পাঠ্য এবং সাধারণের পাঠ্য প্রকে, সাধারণের চিঠিপত্র লেখায়, আদালতের ভাষায় এবং শত প্রকারে সেই মহা প্রবল ম্রোতের চিহ্ন প্রকাশিত হইত।

(২২) উত্তর পশ্চিম প্রদেশের স্কুল পাঠ্য পুস্তক তিনজন সিভিল কর্মচারী ভিন্ন ভিজিটার জেনারল প্রমুথ শিক্ষাবিভাগের কর্মচারীরাই গবর্গমেণ্টের অন্তজ্ঞামুদারে প্রস্তুত করিয়াছেন! বাঙ্গালায় ঐ ভাবেষ 'পুস্তক প্রণয়ন' এক দময়ে মিশনরিদিগের এবং স্কুলবুক দোদাইটীর ছার। হইয়াছিল; কিন্তু ভাহার ভাষা জাতীয় ভাষার সহিত বেশ মিলে নাই এবং এখন স্কুল বুক দোদাইটা পুস্তক 'বিক্রয়ে' নামিয়া আসিয়াছেন। বাঙ্গালায় সাধারণ শিক্ষিত লেখকেরা জাতীয় ভাষার উন্নতি করিয়া সকল ভাবই তাহাতে প্রকাশ করিতেছেন। প্রতি মাসেই বছসংখ্যক পুস্তক ছাপান হইয়া বাঙ্গালার ইনস্পেক্টরদিগের নিকট স্থলে প্রবর্তনের জ্ঞা আইসে। উ: প: প্রদেশে এরপ প্রতিযোগিতা এখনও একেবারে জ্ঞাত।

গবর্ণমেন্টের নির্দেশ মত প্রস্তুত এখানকার প্রচলিত পাঠ্য পুস্তুক গুলির সম্বন্ধ কোন শিক্ষিত লোকের উচ্চ ধারণা নাই। ভারতের প্রেষ্ঠ আরবী পণ্ডিতের সভাপতিত্বে পরিচালিত আলিগড় সভা ১৮ খানি পাঠ্য পুস্তুক সম্বন্ধে আলোচনা করিয়া মত প্রকাশ করিয়াছেন যে, স্থল-পাঠ্য পুস্তুকগুলি সাধারণের অপ্রীতিকর; সকলগুলিই নৃত্ন করিয়া লেখান উচিত: ভাষা ভাল নয়। *

(২৩) ভিজিটার জেনারেল একটা প্রকৃত অভাবের প্রতি দৃষ্টি করিয়াবিলয়াছিলেন যে, এ প্রদেশে শিক্ষা বিন্তারের সঙ্গে দুক্লে উৎকৃষ্ট সাধারণ পাঠ্যপুন্তক প্রণয়ন না হইলে লক্ষোয়ের দৈশীয় ছাপাথানাগুলি হইতে যে কুরুচিপূর্ণ পুন্তক সঙল বাহির হয়, তাহারই প্রচার বাড়িবে। সেজন্ত তিনি 'সাধারণ পাঠ্য' পুন্তকেরও প্রণয়ন ব্যবস্থা করিয়াছিলেন। কিন্তু শিক্ষা বিভাগের 'ছকুমে' যে কোন পুন্তক স্থলের ছেলেরা পড়িতে বাধ্য; সাধারণকে সেরপ কোন পুন্তক পড়ান যায় না! সেরপ পুন্তকের নিজের গুণ থাকা আবশুক এবং শিক্ষার প্রসার দারা জনসাধারণের ক্রমির সংস্কার এবং চিন্তের উন্নতি সাধনের প্রেই তাহাদিগকে সেরপ স্বভ্রু বাস্থানায়

^{* &}quot;ক্ষেক্টীর সম্বন্ধে উক্তি উদ্ধৃত করা বাইতেছে :---

⁽২) স্বৃদ্ধি উর কুবৃদ্ধি কা কিন্দা। বিষয় শিক্ষাপ্রদ ; কিন্তু উর্দ্দু জঘক্ত (রেচেড্)।

⁽o) ইনশা ই থিরাল আফোজ। পত্র, দরধান্ত প্রভৃতি লিখিবার আদর্শ প্রকৃত-পক্ষে দিতে পারে এরূপ একথানি পুস্তক রচনা করাইয়া এটা উঠাইয়া দেওরা উচিত।

⁽⁸⁾ ধরম্ সিংকা কিন্সা। গলটীতে বা উহা লেখার ধরণে কিছুমাত্র আকর্ষণী শক্তি নাই।"

পুন্তক পাঠের আনন্দ দান করাও সহজ্ব নহে। এ অঞ্চলে স্থলপাঠ্যবই-গুলি কোন মতেই সাধারণ লেখকদিগের আদর্শ স্থানীয় হইতে পারে নাই। শিক্ষা-বিভাগের দ্বারা প্রকাশিত কোন পুন্তকই বাজারে বিক্রম জন্ম থাকে না। যে সকল পুন্তক সাধারণের মধ্যে বিক্রয়ার্থ পুন্তকের দোকানে দেখিলাম, তাহ। ইংরাজী শিক্ষিত কাহারও লিখিত. নহে। ছাপার সনের দিকে দৃষ্টি না করিলে, ব্রিটিশ শাসন কালে প্রকাশিত বলিয়া মনেই হইবে না—ফিদানাহি আজায়েব (পরীদিগের প্রেম), আলিফ লাইলা (আরব্য উপন্তাস), বাঘ ও বাহার (প্রেমের গল্প) ইত্যাদিই দেখা যায়। বাঙ্গালার সকল পুন্তকের দোকানে স্থলপাঠ্য পুন্তক থাকে, এবং পাণ্ডিত্য ও সংযম প্রকাশক উৎকৃষ্ট আধুনিক পুন্তকও পাওয়া যায়। ভার্ণাকুলার লিটারেচর সোসাইটা বাঙ্গলা দেশে সাহিত্য উন্নতি সম্বন্ধে কতক সহায়তা করিয়াছিলেন বুটে, কিন্তু শিক্ষিত সাধারণেই ঐ কার্য্য উৎকৃষ্টভাবে করিতেছেন।

(২%) উত্তর পশ্চিম প্রদেশে উর্দ্ধু এবং হিন্দীর চলন পাশাপাশি রহিয়াছে। তদ্ভিম 'কায়থী' অক্ষরে গ্রাম্য পাটওয়ারীর হিয়াব, লোকের চিঠিপত্র এবং প্রাচীন পাঠশালাগুলির জন্ম কিছু বইও হাতে লেখা হইত। লোকানদারেরা 'সরাফী' বা মহান্ধনী অক্ষরে থাতাপত্র রাখিতেন। শেষোক্ত তুইটা হিন্দীর ভাঙ্গা অক্ষরে টানা ভাবে লেখা হয়। গবর্গমেন্ট জনসাধারণের মধ্যে বহুল প্রচলিত কায়থীর উপর প্রাথমিক শিক্ষা স্থাপিত করিলেন না; পক্ষান্তরে বিশেষ হুকুম, ভারা কায়থীর চলন্দ্রকারী গ্রাম্য হিয়াব হইতেও উঠাইয়া দিলেন। * •

মৃদলমান শাদনের দময়ে এবং ইংরাজ রাজত্বের প্রথমেও হিন্দু মৃদলমান উভয়েই
অমিজমার কাগ্রপত্র এই কায়ধী অক্ষরে রাধিতেন। উভয়কেই এই কায়ধী অক্ষরে
হিন্দী ভাষায় শিক্ষা দিলে স্ম্মিলনের স্থ্বিধা এবং সাহিত্যের উয়তি হইত।
উত্তর পিকিম প্রদেশে এই স্থিধা "নত্ত" করিয়া পার্থক্য প্র্রোপেকা "ব্দ্ধিত" করানয়

(२৫) श्लकावनी मूलखलिए गर्नारण काय्यी भूषाहरू पिरलन ना किन्छ माधात्रावत मरशा कायथी এवः मताकीत हलन लुश हय नाहे। यहि গবর্ণমেন্ট প্রণীত শিক্ষা-প্রণালী সাধারণের প্রয়োজন সম্বন্ধে বিশেষ দৃষ্টি রাধিয়া প্রবর্ত্তিত হইত এবং সেই প্রণালী সাধারণের শ্রদ্ধা আকর্ষণ করিত, তাহা হইলে এরূপ অবস্থা দেখা যাইত ন।। উত্তর পশ্চিম প্রদেশে, ष्यराधाय वर्ष पक्षात्व वहेंक्र जात्व हिन्ती, उद्गु वतः पक्षावी जाया চলিতেছে। পঞ্চাবী গুরুমুখী অক্ষরে লিখিত হয়। কিন্তু তিন প্রদেশের षामानरा वक्याव উर्द्भु जाराई हिनरा हा के सूरन हिमी छेद्ध वरः পারদী ভাষার শিক্ষা দেওয়া হয়। স্বতরাং এ সকল প্রান্থের স্থলসমূহে যে শিক্ষা দেওয়া হইতেছে তাহা সকলের নিম্নন্তরে 'কিছুতেই' পৌছিতে পারে না; মোক্রার মূহরী প্রভৃতির প্রস্তুতই ঘটিতে পারে। কিন্তু বান্ধালায় শিক্ষাবিস্তাবে আদালতে বাবহুও একান্ত অপভ্ৰষ্ট বান্ধালা ক্রমেই বিশ্বদ্ধতর হইয়া আদিতেছে; এ দকল প্রদেশে তাহার ঠিক বিপরীত ভাব ধারণ ক্রিতেছে। কাঁচা পারসী এবং আরবী শব্দ সকলের বর্দ্ধিত প্রয়োগে আলালতের ভাষা সাধারণের বোধগম্য ভাষা হইতে আরও পৃথক হইয়া পড়িতেছে। আমাকে বাধ্য হন্ট্য়াই বালভে হইতেছে যে, এদেশে শিক্ষাবিস্তার সম্বন্ধে শিক্ষা-বিভাগের সম্বলিত ऋन ও ছাতের সংখ্যাদি (ह्याि मिनिक्म) श्रेट पारा नृष्टे श्रेमाहिन তদপেক্ষা সম্বোধজনক ফল হইয়াছে বলিয়া বাহিরের এ সকল লক্ষণের আলোচনাত্তেও বোধ হইল না। ২০ বংসর ধরিয়া শিক্ষা-বিভাগের স্কুল

ভূদেব বাবুর ক্ষোভ হইয়াছিল। পরে স্থবিধা পাইয়া তিনি বিহারে 'হিন্দু মুসলমানের মিলন স্থল' কায়ধী হিন্দীই আদালতের ভাষা হইবে এই ব্যবস্থার প্রবর্তণ ক্রাইয়াছিলেন।

^{† &}quot;পঞ্জাব রিপোর্টের এক স্থানে লিখিত হইয়াছে:—'ইহা বড়ই সোভাগ্যের বিষয় বে পঞ্জাবে ভাষাক্ষেত্রে কোন জটিলভা নাই'—উক্তিটা আমার ছর্ম্বোধ্য !"

্ষাপন এবং পুস্তক প্রণয়ন সম্বন্ধে এত চেষ্টার পরেও সাধারণ জনগণের নিদ্রাভ্সের কোন চিহ্ন না দেখিতে পাওয়া বড়ই কটকর সন্দেহ নাই।

(২৬) দেখা গেল যে, উত্তর পশ্চিম প্রদেশের গ্রন্মেন্টের প্রথমে উদ্দেশ্য ছিল যে রুষক এবং নিমন্তরের শ্রমজীবী জ্বনগণের জন্য পাঠশালা. ভালর উন্নতি করিবেন এবং পাছে শিক্ষকেরা নিজেদের সরকারী ক্ষাচারী মনে করিয়া গর্ঝিত হয় এই ভয়ে শিক্ষক নিয়োগে হাত দিতে চাংহন নাই। কিন্তু এই সাবধানতা অচিরেই পরিত্যক্ত হইল। সরকারী কর্মচারীরা সহজেই শেষ কর আদায় করিতে পারিয়া প্রাচীন পাঠশালা গুলির কথা মন ইইতে পুঁছিয়া ফেলিলেন; কি ভাবে শিক্ষা দিয়া নিমন্তরের কতদূর পঁর্যান্ত ঐ বহু প্রাচীন পাঠশালাগুলি বিনা রাজ সাহায্যে চলিয়া আগ্লিতেছিল তাহা অনুসন্ধান করিয়া বুঝিলেন না; জিলাময় সমান পুরবর্ত্তী স্থানে নিজের উচ্চতর ধরণের স্থল খুলিলেন। মৃহ্রী এবং মোক্তার প্রস্তত ইংতে লাগিল, নিমন্তরের সহিত সংস্পর্ম কমিয়া গেল; জন সাধারণের বীতি, নীতি, কচি, চিস্তার ধরণে কোন রপই প্রভাব বিস্তৃত হইলু না। যদি ছাত্র খুব কমিয়া গেলেও শেস কর হইতে বৈতন প্রাপ্তি বন্ধের ভয় শিক্ষকদিগের না থাকে এবং সরকারী গোমন্তা পার্টওয়ারি প্রভৃতিরা উচ্চ রাজ কর্মচারীদিগের অসম্ভোষের ভয়ে শিক্ষকদিগের সহিত যোগে ছাত্র সংগ্রহ চেষ্টায় ব্যাপত না থাকেন, তাহা इरेल ज्ञानकञ्चल रलकावनी ऋल निम्हबरे উठिया यात्र।

এ দেশের পোক যে অবস্থায় পড়িয়া রহিয়াছে কাহাতে চাকরীর জন্ত ।
আগ্রহ অস্বাভাবিক নহে। ঐ আগ্রহে বান্ধালায় ইংগ্নাজী শিক্ষার সহিত
দেশীয় ভাষা শিক্ষারও প্রদার হইতেছে। উ: প: প্রদেশেও সেই চাকরীর
চেষ্টাতেই দেশীয় ভাষা শিক্ষা একটু হইতেছে; প্রভেদের মধ্যে এই যে
বান্ধালী উচ্চ এবং দায়িত্যুক্ত চাকরী চাহিতেছে; এ প্রদেশে এখনও

উচ্চতর চাকরীগুলি স্থলের উচ্চশিক্ষার উপর বিশেষ নির্ভর করে না— অস্তান্ত কারণে দেওয়া হয়—এজন্ত এখানে নিয়শ্রেণীর চাকরীই লক্ষ্য।

- (২৭) "শিক্ষা, শিক্ষারই জন্ম তাহাতে অন্য উদ্দেশ্য থাকা উচিত নম"—এই বাকাটী সাধারণের সম্বন্ধে কাজ্মের কথা নহে, কল্পনার কথ মাত্র। প্রকৃত পক্ষে স্বীকার করিতে হইবে বে, শিক্ষাদান লোবে সাংসারিক স্থবিধা হইবে ব্ঝিয়া করে, না হয় ধর্ম শাসন জন্ম বা রাজ্ম বাধা হইয়া করে। * ঐহিক স্থবিধা, ধর্মভয় অথবা সাইনের বল এই তিন্টীর কোন একটী কারণ জিল্প সাধারণতঃ লোকে শিক্ষার জন্ম পরিশ্রম করিতে চাহে না।
- (২৮) সত্য নির্ণয়ে উৎস্ক কেহ প্রক্কত অবস্থার দিকে চক্ষ্ মৃদ্রিত করিয়া থাকিতে পারেন না; তাঁহার স্মরণে আসিবে ষে ভারতের দেশীয় শিক্ষা শাল্লাঞ্পাসনের উপর ব্যবস্থিত—ঐ শাল্প মন্থয়ের সকল দৈনিক কার্য্যকেই ধর্ম কার্য্যে উন্নত করিয়া গভীর পূজার ভাব দিয়াছিলেন; তাঁহার মনে পড়িবে ষে প্রাচীন গ্রামিক মগুলীর ব্যবস্থায় প্রজাদিগের মিউনিসিপ্যাল (পথ, ঘাট, পানীয় জল, স্বাস্থা, শিক্ষা পান্ধশালা, ইত্যাদি)

^{*} It may be very well to talk of education for itself and without an eye to ulterior advantages. But the question practically resolves itself into one of interests on the one hand and of religious authority or of legislative compulsion on the other.

[†] An earnest man cannot shut his eyes to the facts of the case. He will remember that the indegenous education of India was founded on the sanction of the Shastras, which elevated into religious duties and conferred dignity on the commonest transactions of every-day life. He will remember that the existence of village communities which left not only their Municipal, but also in part their Revenue and judicial administration, in the hands of the people themselves, greatly helped to spread education among all the different members of the community. He will see

কার্য্যত বটেই, কডকটা রাজ্স্ব এবং দেওয়ানী ফৌজদারী বিচার কার্য্যও প্রজাদিগের হস্তে থাকাতে সর্বশ্রেণীর মধ্যেই শিক্ষা বিস্তারে বিশেষ সাহায্য হইয়াছিল; তিনি দেখিতে পাইবেন যে উহার ফলে আজও অসংখ্য পাঠশালা, চাটশাল এবং টোল দেশব্যাপী হইয়া রহিয়াছে—উহাদের বর্ত্তমান অবস্থা শোচনীয় বটে, কিন্তু সহস্র বংসর ব্যাপী ঘণা, অবহেলা ও অক্যান্য প্রতিক্রল অবস্থা সত্তেও যে তাহারা আজও বাঁচিয়া আছে, তাহাতেই স্কুম্পন্ত অম্ভূত হইবে যে জন্মকালে উহারা কিরূপ উপযোগিত। সহযোগে দীর্ঘায়্ব বীজ লাভ করিয়াছিল। অধুনা দেখা যাইতেছে যে, এ দেশে ধর্মশাসনের বন্ধন ক্রমণ: শিথিল হইতেছে; প্রাচীন গ্রামিক ব্যবস্থা বিল্প্ত প্রায়; শ্রমশিল্প ধ্বংস সীমায় উপনীত; দেশের সমস্ত করভার জমির উপর আসিয়া পড়িয়াছে এবং একটা বৈদেশিক ভাষা ধর্মাধিকরণের ও বাণিজ্যের ভাষারপে স্থাপিত্ব হইয়াছে। সাধারণের

the fruits of the indegenous system in the numberless Pathshalas, chatshals and Tols which still overspread the country, and which however wretched their present condition, prove by their continued existence, inspite of neglect, contempt and other adverse circumstances of a thousand years, the strong stamina they acquired at their birth. At the present day he will find the religious sanction growing weak, the village communities nearly gone, manufacturing industry come to the verge of ruin, the heaviest incidence of taxation falling on land and a foreign language become the language of court and commerce.

The natural incentives to popular education being thus weak, its progress he must acknowledge, will depend on the efforts of an enlightened Government inclined to compensate to the people for their losses under foreign rule. Until a healthy political, economical and social condition has been regained under the security of British administration, artificial stimulants must supply its place as well as they are able.

মধ্যে শিক্ষা বিস্তারের আগ্রহের নৈদর্গিক কারণগুলি এইরপে তুর্বাল হইয়া যাওয়ায়, বৈদেশিক শাসনাধীনে জনসাধারবের যে সমূহ ক্ষতি অবশ্যস্তাবী তাহা
সম্পূর্পভাবে পুরবোর জন্য উদার পবর্ণমেন্ট
যে সকল চেপ্তা করিবেন কেবল তাহারই উপর বর্তমান
শিক্ষায়তি নির্ভর করিতেছে। বিটিশ-শাদনে ভারত অভান্তরিক পূর্ণ
শাস্তি লাভ করিয়াছে বটে, কিন্তু তাহা ইইতে যত দিন না রুমজন
নৈতিক, আর্থিক এবং সামাজিক ক্ষেত্রে
তাহার পূর্প সুস্থাবস্থা ফিরিয়া না পাইবে তভদিন ক্রিম এবং
বাহু উদ্দাপনায় যে অতাব সামান্ত উন্নতি প্রকৃত প্রস্তাবে সন্তব, তাহার
স্থাপকা অধিক প্রত্যাশা করা বুখা।

ফলতঃ শিক্ষার দ্বারা তাহাদের ঐহিক স্থবিধার কোন ব্যবস্থা না করিয়া জনসাধারণকে শিক্ষা দিবার চেপ্তায় কোন ফল প্রাপ্তির আশা নাই। "আমরা জনসাধারণকে শিক্ষা দিব অথচ তাহারা ঠিক পূর্ববাবস্থায় পড়িয়া থাকিবে"—এরূপ বাহারা মনে করেন তাঁথারা শিক্ষা সম্বন্ধে যে সকল সাহজিক এবং ব্যবহারিক অন্তরায় আছে তৎসম্বন্ধে চিন্তা ক্রমন নাই এবং মহায়া মনের স্থায়ী কর্ম প্রবৃত্তর স্বস্পান্ত মূল স্ত্তগুলির সম্বন্ধেও অজ্ঞ।

উত্তর পশ্চিম প্রদেশ অপেক্ষা বাঙ্গালা দেশে প্রাদেশিক ভাষার শিক্ষা সম্বন্ধে মধ্য শ্রেণীর মধ্যে অধিকতর আগ্রহ রহিয়াছে। নিমন্তরের জনসাধা-

[•] All talk therefore at this time of educating the people without holding forth inducements to them is simply useless, and to talk of "educating the masses and leaving them where they are," betrays an ignorance not only of the inherent and practical difficulties of the question of mass education, but an ignorance of the simplest principles of all sustained human action.

্র্ণতে শিক্ষা দেওয়ার জন্ম রাঙ্গলা হইতে পঞ্জাব পর্যান্ত সর্ব্বত্তই এরপ ব্যবস্থা ৰ্ববিতে ংইবে যেন ঐ শ্ৰেণীর ছেলেরা ক্ষুলে আসাস্থ তাহাদের পরিশ্রমের • ফল অধিক গায়।

(২৭) আমার শেষ কথা এই যে বালালার গ্রাম্য পাঠশালার, · শিক্ষকগণ গ্রামিকদিগের নিযুক্ত লোকই থাকুন; তাহাদের গুবর্ণমেন্টের কর্মচারীতে পরিবর্ত্তি করা ভাল নয়। শিক্ষা সম্বন্ধের বাঁয় সাধারণ রাজস্ব হইতেই দেওয়া দক্ত; "নামে মাত্র স্বেচ্ছায় প্রদত্ত চাঁদা" স্থানীয় রাজ কর্মচারীদিগের দ্বারা আদায় করান সঙ্গত নহে। তবে প্রক্রুত পক্ষে বাঘ্যতা মূলক শিক্ষা সর্বা নিমন্তরের বালকদিগকেও দিবার জন্য যদি শিক্ষা-কর স্থাপিত হয়, তাহা বান্ধালীর চক্ষে সকল প্রকার করের মধ্যে সর্বাপেক্ষা কম অসম্ভোষ জনক ইইবে। [সক্ষীশ্রেণীর বাধ্যতা মূলুক শিক্ষায় দেশ অধিক সংখ্যক ভাল এবং কর্মাঠ লোক পায় । তাহা না দিয়া, মধ্যশ্রেণীর দামাত্ত পরিমিত শিক্ষার জত্ত অত্ত প্রদেশে যে কৃষ্যুৎ্বপল্লের কর আদায় হইতেছিল ভূদেব বাবু এই রিপোর্টে তাহা স্বম্পষ্ট দেখাইমাদিলেন।] প

ভূদেব বাবু উত্তর পশ্চিম প্রদেশ হইতে ফিরিয়া আসিয়া স্ত্রী-শিক্ষা

ci निः कृत्वक्षतिरुक्ते भिन्नी, कृषक अवः अप्रकोषी अपीत अस्र विभिष्ठे छात्व উপবোগী শিক্ষক প্রস্তুত করার এবং পাঠশালাতেই ঐ সকল বিবরে কতকটা শিক্ষা দেওয়ার প্রন্তাব ভূদেব বাবু ইতিপূর্বেই করিয়াছিলেন।

[†] In Bengal proper, this interest in favour of education is far, healthier among the middle classes than it is in, the North-West. In order really to interest the masses, it will be necessary everywhere in Bengal, no less than in the North-West and the Punjab, to take measures calculated to open before the labouring classes such prospects as they can clearly see of securing increased efficiency and value to their labour by school attendance.

সম্বন্ধে ডিরেক্টর সাহেবকে যে বিশেষ পত্র লেখেন তাহারও কয়েকটা কর্থ।
সঙ্গলিত করিয়া দেওয়া যাইতেছে:—

- (১) বালিকাদিগকে বিদ্যালয়ে পাঠাইয়া শিক্ষাদান ইংরাজী প্রথা। বাড়ীতে হিন্দু কক্যাদিগ্রের লেখা পড়া এবং শিল্প শিক্ষা ছইই ইইত। বাঙ্গালায় মৃধ্যে একটু কমিয়া গিয়াছিল। আগ্রার স্থাচি-শিল্প এবং কনোজের আতর ক্ষত্রিয় এবং রাজ্মণের মেয়েদের হস্তে উৎকর্ষ পাইয়াছে; রণজিৎ গিংহের রাণীরা স্বর্ণ মণ্ডিত চরকায় স্থতা কাটিতেন। কোরাণের শিক্ষাদান মৃদলমান মেয়েদের রীতিমতই ইইয়া থাকে। পদ্দার আঁটা আঁটি মৃদলমানদিগের এবং লালাদিগের মধ্যেই অধিক। ধাঙ্গালার পলীগ্রামে যেরূপ, উত্তর পশ্চিমে এবং পঞ্জাবের সহরে পর্যান্ত সেইরূপ। সাধারণ হিন্দুর মধ্যে পদ্দার কড়াকড়ি বাঙ্গালার সহর অপেক্ষা তথায় কম।
- (২) প্রথম হইতে ভিজিটার জেনারেল ব্রিয়াছিলেন যে, শিক্ষয়িত্রী ব্যতীত বালিকা বিদ্যালয় ভাল চলিবে না। উহাঁদের দ্বারা বড়ঘরানাদের মেয়েদের শিক্ষাসহ পাড়ার মধ্যে শিক্ষা বিস্তার সহজ হইবে। কিন্তু সিভিলিয়ান কর্তৃপক্ষীয়েরা সকল কার্য্য ইচ্ছা, হওয়া মাত্রেই সম্পন্ন দেখিতে অভ্যন্ত। তাঁহারা অবিলম্বেই শেস্ফণ্ডের বলে সর্বত্র বালিকা বিদ্যালয় স্থাপন করিয়া ফেলিয়াছেন। তাঁহাদের খুসী করিবার জন্ত দেশীয় উচ্চ কর্মচারীরা এবং সম্ভান্ত ব্যক্তিরা বিশেষ চেষ্টা করিয়া নিম্ন শ্রেণীর কতকগুলি ছাত্রী সংগ্রহ করেন। ঐ কমিটির সভ্যেরা চাঁদা দেন, কিন্তু 'নিজেদের' বাড়ীর মেয়েদের পড়িতে পাঠান না।
- (০) বারানসীতে এবং আগ্রাতে স্ত্রী নর্মাল বিদ্যালয় ছইটী ভাল চলিতেছে। উহারা প্রথমে মফ:ম্বলে স্থাপিত হয়; ভাল বাড়ী নাই, ভাড়াটে ঘর; কিন্তু ভাল 'ব্যবস্থা' হইয়াছে। ছাত্রীরা "সচ্চরিত্রতার ন্যাটিফিকেটস্থ মফ:ম্বলের লোকদিগের নির্বাচিত হইয়া আসিতেছে;

নিধিয়া গ্রামে ফিরিলে শেশসফগু হইতে বেতন পাইবে। স্থানীয় ভদ্র ঘরের মেয়েরা ইহাদের সহিত সর্বদা দেখা করিতে আসেন; তাহাতে বিশেষ উপকার হইতেছে। বাঙ্গালাতেও এই ধরণে কার্য্য করিলে শুভ ফল হইতে পারে। শিক্ষয়িত্রীরা কোন ভদ্রলোকের বাটীতে, তাহাদের বাটীর মেয়েদের সহিত সংস্ঠ থাকিয়া, পাড়ার মেয়েদের পড়াইবে। এলাহাবাদের একটা ম্দলমান বালিকা বিদ্যালয় ভিন্ন সর্ব্যক্তই আমার বালিকা বিদ্যালয় পরিদর্শনে কোন আপত্তি হয় নাই। লাহোরের নর্মাল বিদ্যালয়ের সেক্টোরী বাবু নবীনচন্দ্র রায়। এখানে হিন্দু এবং ম্দলমান বিভাগ পৃথক। একজন লেডি স্থপারিন্টেভেন্ট আছেন। হিন্দু ছাত্রীদিগকে পণ্ডিতেরাই পড়াইয়া থাকেন।

দেশীয় ভাষায় নিম্ন শিক্ষাদান সম্বন্ধে উত্তর পশ্চিম প্রদেশে জিলার ম্যাজিট্রেটিদিগের সর্কময় কর্তৃত্ব দেখিয়া আসিয়া ভূদেব বাবৃ ভাষা বাঙ্গালা দেশে স্থাশিক্ষা বিস্তারের পক্ষে উপকরিক বলিয়া বোধ করেন নাই। তাঁহার ইচ্ছা ছিল যে বাঙ্গালা দেশের শিক্ষা বিভাগ যেরপ সিভিল কর্মচারীদিগের সংস্রব শৃশু হইয়া কার্য্য করিতেছিল, সেই ভাবেই দেশের লোকের সহযোগিতার জন্ম বিশেষ চেষ্টাসহ নিরীহ ভাবে কার্য্য করিতে থাকে। ডেপুটা ইনস্পেক্টর এবং সবইনস্পেক্টরগণ ম্যাজিট্রেটদিগের সহিত্ব সংস্কৃত্ত হইলেই একটু গর্ষিত এবং অসহিষ্ণুভাব প্রাপ্ত হওয়া অবশ্বস্তাবা। একন্ত ইনস্পেক্টরদিগের সার্কেলগুলি ঠিক কোন জেলা, বা কমিশনর ডিবিজনের সীমার সহিত মিল না থাকাই ভাল, এইরপই মনে হইয়াছিল। এই সময়ে মিষ্টার আর, এল, মার্দ্ধিন স্থল ইনস্পেক্টর ভূদেব বাবুর সহিত্ব সরলভাবে পত্র ব্যবহার করিয়াপার্চশালা সম্বন্ধে ব্যবস্থা-গুলি বিশেষভাবে জানিয়া লইতেছিলেন। উহাতে উভয়ের মধ্যে একট্ বেদ্যভাহয়। ভূদেব বাবু মার্দ্ধিন সাহেবকে এবং ইনস্পেক্টর ফ্যালন সাহেব্যে

পত্র ঘারা ইনম্পেক্টরের সার্কেলগুলির অল্প স্বল্প পরিবর্ত্তন ঘারা নদী প্রভাত নৈদর্গিক দীমার দহিত মিলাইয়া রাখার প্রস্তাব করিয়া পাঠান: দেরুণ করিলে জিলা প্রভৃতির দীমা পরিবর্ত্তন সহিত স্কুল সার্কেলের পরিবর্তনের ্কখন প্রয়োজন ঘটিত না। মার্টিন সাহেব ঐরপ পরিবর্ত্তনে সম্মত হইয়াছিলেন; ফ্যালন সাহেবও সম্মৃত তন, কিন্তু রেলের ধারের স্থলগুলি প্রিদর্শনের স্থবিধ। থাকায় কেবলমাত্র বলিয়া ছিলেন যে, রেলের লাইনের কোন অংশ তাঁহার সার্কেল হইতে বাহির হইয়া,না যায়। ঐ সময়ে মার্টিন সাহেব তিন মাসের ছুটার দরখান্ত করিলে ভূদেব বাবু ডিবেক্টর সাহেবকে লিখিয়া পাঠান যে, তিনি মার্টিক-সাহেবের সার্কেলের কার্যাও করিয়া দিতে রাজী আছেন। যে নিজের কাজ ভাল করে এবং আরও অধিক কাজ করিতে ইচ্ছুক তাহার সমাদর এবং উন্নতি অনিবার্যা —ভূদেব বাবু এই স্থতের উপর সর্বাদহি দৃষ্টি রাথিতেন। পত্রোভরে ভিরেক্টার সাহেব লিথিয়াছিলেন (১২।৪।১৮৭০) "এক মাসের জন্ম হুইলে আনন্দের সহিত তোমাকে ঐ কার্যা-ভার দিতাম; কিছ তিন মাগে তোমার কট্ট হইবে। তদ্ভিন্ন এরপ ব্যবস্থা করিলে ভারতগ্বর্ণমেণ্টের বলিবার স্থবিধা হইবে যে, একজন ইনস্পেক্টর ক্র্যাইলেও চলিতে পারে।' imes imes মার্টিনের যথন মত হইয়াছে তথন পার্কেলের সীমান 1 পরিবর্ত্তনে আমার অমত নাই।" *

শ সার্কেলের সীমা'নথথে প্রস্থাবিত ব্যবস্থা কার্ব্যে পরিণত হইতে পারে নাই—
প্রত্যুত্ত পঞ্জাবী ধরণ অমুষারী ডিন্টি ক্র মাজিট্রেটদিপের সকল কার্বোই কর্তৃত্ব না রাখিলে
উহাদের প্রতি অবমাননা প্রকাশ হয়," খোদ ভারত গ্রব্দেন্টর এই ইন্সিতের কলে দেই
কেন্দ্রীভৃত ব্যবস্থা সকল রাজ কার্ব্যেই প্রবিষ্ট হইয়ছে।

ঊনবিংশ অধ্যায়

---♦��♦---

প্রাট সাহেবকে পত্র, ডেপুটা ইনম্পেক্টরদিগের প্রতি উপদেশ, পরিদর্শনের কথা, মদ্যপানের বিরুদ্ধে বিচার, বিতীয় এবং তৃতীর পুত্রকে শিক্ষাদান, কনিষ্ঠ পুত্র বিয়োগ, ৺ কানী, বোড়ার চড়া, হুপুত্রের সেবা, ভারত সঙ্গীত, বহ্নিম বাবু ও আমলা, হেক্টর বধের উৎুসর্গ পুত্র ও তাহার উত্তর, উনবিংশ পুরাণ।

এই পুশুকের ২৮০ পৃষ্ঠায় উদ্ধৃত মি: হজদন প্রাটের ২৫।২।১৮৬০ র পত্রের পর তাঁহার আর কোন চিঠি দেখিতে পাওয়া যায় না। ১৮৭০ আব্দে ভূদেব বাব্ তাঁহাকে যে পত্র শিখিয়াছেন তাঁহা এই:—
"আমার প্রিয়বদ্ধ!

তুমি আমাকে একবার এইভাবে সংখাধন করার পর হইতে আমি তোঁমাকে ঐ কথা লিখিতেই ভালবাদি। কয়েক বংসর ধরিয়া তোমার নিকট হইতে একছত্ত্রও পত্র পাই নাই; কিন্তু যথন তোমার সহিত আমার দেকে করাই পি প্রয়েল বীইং অফ মাই কণ্ট্রি) পরম প্রীতিকর অত্যাচ্চ কথাবার্ত্তা হইত তথন তোমার প্রতি আমার মনের যে ভাব ছিল, ভাহার কোন পরিবর্ত্তন হয়, নাই। আমি ভোমাকে পত্র লিখিতে ভূলি নাই; কিন্তু বংসরের পর বংসর ঘাইতেছে; ভোমার নিম্বন্ধতা ভালিতেছে না। হয় আমান চিঠিগুলি পৌছিতেছে না, নয় (সে কল্পনাও কি কষ্টকর!)—তুমি আর আমার লেখা প্রের্বের নায়ে প্রীতির সহিত পড়িতে পার না। 'ভল' সাহেবের সহিত গবর্ণমেন্ট

হাউদে দেখা হওয়ায় তোমার বর্ত্তমান ঠিকানা জানিয়া লইয়া এই পত্র লিখিতেছি। বড়ই আশা করিতেছি যে 'এবারে' উপ্তর পাইব। অন্যন আর্দ্ধ ডজন পত্র লিখিয়াও বছবর্ষ মধ্যে তোমার কোন পত্র না পাওয়ায় আমার এই পত্রখানা স্থদীর্ঘ করিতে সঙ্কোচ বোধ ইইতেছে। কিন্তু আমার দৃঢ় বিশ্বাস আছে থে, যখন এ দেশে ছিলে তখন এদেশীয়দিগের মধ্যে আমাকেই যেন অধিক ভালবাসিতে। তোমার সম্বন্ধে 'আমার' মনের ভাব যাবজ্জীবনই অপরিবর্ত্তিত থাকিবে।

কিছুদিন হইল আমি তোমাকে উ:প: প্রদেশের পাঠশালা সম্বন্ধীয় আমার রিপোর্টের একথণ্ড পাঠাইয়া দিয়ছিলাম। দোহা কি পাইয়াছিলে? সেই দক্ষে যে চিঠি লিখিয়াছিলাম তাহাতে তোমার তৃথি হইবে বলিয়া জানাইয়াছিলাম যে, আমি পুরা ইনস্পেইরের পদ এবং ছিভিসনের ভার পাইয়াছি। এক্ষণে সম্বাদ দিতেছি যে, ভোমার এড্বেশন গেজেট আমার নিকট আসিয়াছে এবং আমি উহার সম্পাদক এবং স্বত্যাধিকারী হইয়াছি! এ সম্বাদেও তোমার স্বথ হইবে বলিয়া মনেকরি; যথন ঐ কাগজটীর প্রথম ব্যবস্থা করিছেলে তথন তুমিই আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে যে, আমি উহার ভার লইব কি না। এক্ষণে ঐ কাগজ একথণ্ড করিয়া ভোমাকে উপহার-ম্বরূপ পাঠাইতে ইচ্ছা করি। অবশেষে ভোমার ও মিসেস্ প্রাটের এবং পরিবার মধ্যে ক্ষ্ম ক্রে কেহ আসিয়া উহা বন্ধিত করিয়া থাকিলে (এনি লিট্ল আ্যাভিশনস্ট দি ফ্যামিলি) তাহাদেরও ফটোগ্রাফ চাহিতেছি। যদি চিঠি লিখিতে আর ইচ্ছা না থাকে, তাহা হইলেও এই প্রার্থনাটী পূর্ণ করিও।

তোমার প্রতি চির-প্রীতিপূর্ণ ভূদেব মুখোপাধ্যায়— ' "প্রায় ৪০ বংসর" পুত্র ব্যবহার না ঘটায় প্রার্ট সাহেবের ক্ষোভ চুদেব বাব্র দেহাস্তের পর তাঁহার দারা প্রকাশিত হইয়াছিল (২৬২পৃষ্ঠা)। চুদেব বাব্র পত্রগুলি কোনরূপ দৈব বিভ্ন্নায় সাহেবের হস্তগত না গুয়াতেই ভূদেব বাব্ উত্তর পান নাই এবং তাঁহার গভীরতর ক্ষোভূ ইয়াছিল।

ভূদেব বাবু তাঁহার ডেপুটা ইনস্পেক্টরদিগকে (১)১৮৬৯) যে াধারণ পুত্র লিধিয়াছিলেন তাহাতে বলেন (১) সাহায্য প্রাপ্ত স্কুল সকলে ্যানেজারেরাই কর্ত্তা: প্রবর্ণমেণ্ট সহায় মাত্র: উহাতে গ্রবর্ণমেণ্ট কর্মচারী-দরু অপেক্ষা ম্যানেজ্ঞারদিগের ক্ষমতা অধিক থাকা উচিত ৷ (২) এদেশে াবর্ণমেন্ট অপরিসীম শক্তিমান; তাহার স্থবিধা পাইয়া গবর্ণমেন্ট দর্মচারীরা অক্তাঘ্য পূর্ববিক অপরের ক্ষমতা হরণ করিতে পারেন; কিন্তু গাছা অন্তুচিত। (৩) আয় বাঁষের ঠিক হিসাব রাখা হয় কিনা এবং যোগ্য उक्ति निक्क नियुक्त रहेशारहन किना এই छुटेंगे रमिश्रतनहे रहेन, आत कन विषय महात्मकात्रितात मन्त्र्व कर्क्ष थाकित् । निकारकत्र। माहिना ান কিনা তাহা ঐ হিসাব পরীক্ষার মধ্যেই ধরা পড়িবে; শিক্ষকেরা পর কোন কিময়ে মাানেজারদিগের সহিত ঝগড়া করিলে প্র**শ্র** াইবেন না। (৪) ভেপুটীইনস্পেক্টরদের কথন ভূলিতে নাই যে, গবর্ণমেণ্ট ামাদের শিক্ষা বিভাগে নিযুক্ত করায় আমাদের স্প্রাস্থ্য-দিগকৈ শক্তির সমূচিত ব্যবহার করিতে শক্ষা দে ওয়ার বিষয়ে সুবিধা হয়াছে। মানেজার-নগের শক্তি-হরণ 'আমাদের' কর্ত্তব্য নয়। *

^{*} Never forget that the Government we have the honour to serve ave made it our privilege as educational officers to assist in the ceat work of teaching our countrymen the right use of authority is not our business to deprive the managers of their power

বিদ্যালয় পরিদর্শন কালে ভূদেব বাবু স্কল শ্রেণীর সকল ছাত্রকৈ, সকল বিষয়ে প্রশ্ন করিতেন না। তুই তিনটী শ্রেণীর তুই তিনটী ছাত্রকে তুই তিনটী করিয়া প্রশ্ন করিতেন। প্রশ্নগুলি সহজ্ব অবচ এরপ যে তন্ধ্যারা ছাত্রেনা বিষয়টা 'তলাইমা' ব্ঝিতে পারিয়াছে কি না তাহা ধরিতে পারা যায়। সেইরপ প্রশ্নের উত্তর ব্ঝাইয়া ছিয়া শিক্ষা-প্রণালী সম্বন্ধে 'শিক্ষকদিগকে' উপদেশ দানেই তিনি অধিক সময় ক্ষেপণ করিতেন। একবার কোন স্থলের তুই একটী ছেলেকে কয়েকটী বিষয়ের প্রশ্ন করিয়াই থামিলে, শিক্ষক মহাশয় একটু কাতর ভাবে তাঁহার ভাল ছেলেদের আরও প্রশ্ন করিতে অমুরোধ করেন। 'ভূদেব বাবু ব্যলন, শহাড়ির একটা ভাত টিপিলেই সমস্ত ভাত সিদ্ধ হইয়াছে কি না বুঝা যায়; আপনার পড়ান ভাল হইতেছে বলিয়াই বৃঝিয়াছি।"

ভূদেব বাব্র স্কল পরিদর্শনে, প্রশ্নের তুই একটা উদাহরণ দেওয়া ষাইতেছে:—

- (১) বর্ণমালা শিথিতেছে এরপ একটা ছাত্রকে ষেরপে বর্ণমালা শিক্ষা দেওয়া সর্বাপেক্ষা সক্ষত বলিয়া আপনি মনে করেন, সেইরপে শিক্ষা দিন ["আঁকড়ি দেওয়া ক লেখ"—এইরপে মুখে বলিতে বলিতে হাতে লিখিয়া বর্ণমালা শিক্ষার প্রাচীন রীতিই ভূদেব বাবু পছন্দ করিতেন এবং বলিতেন উহাতে স্মৃতির, হস্তের, চক্ষ্র, জিহ্বার এবং কর্ণের মুগ্রপথ ব্যবহার ছারা কাজ পাকা হয়।]
- (২) বিদ্যা অমূল্য ধন। ছাত্রদিগকে প্রশ্নঘার। এই বাক্যটীর ভাব পরিক্ষৃট কর্মন। '
- (৩) কলিকাতা হইতে তোমার জিলার প্রধান নগরে ঠিক সোজা-স্থান আসিতে কোন কোন সহর, নদী, খাল, বীল পার হইতে হয় ?

- (৪) শিরাজ উদৌশার সহিত ইংরাজদিগের প্রথম যুদ্ধ কোথায় হয় ? এবং তাহার পর পর কি ফল হয় ?
- (৫) বাকালায় ইংরাজ রাজ্য স্থাপন পক্ষে ক্লাইবের সময়ে কি কি স্থবিধা ঘটিয়াছিল ?

ত্বালীপ্রসন্ন মুখোপাধ্যায় সবজন্ব বিন্যাছিলেন:—"আমি কালনা মুলে ভূদেব বাব্ব নিকট একবার পরীক্ষা দিয়াছিলাম। তিনি জিজ্ঞাসা করিল্লেন—ইংরাজী 'ফুয়েল' শব্দের এক কথায় বাঙ্গালা প্রতিশব্দ কি?' আমার মনে আদিল 'জালানী কাঠ;' কিন্তু তাহা এক কথায় নহে, এবং ভাহা হইতে কঠ্মলা, ঘুটে, পাতা প্রভৃতি বাদ পড়ে। আমি বলিলাম "উহার মানে 'জালানী বস্তু;' কিন্তু এক কথায় হইল না।" তিনি বলিলেন "মানে ঠিক ব্রিয়াছ; পুর্ব্ব-পুরুজ্মান্তিপের দ্পুরুজ্মান্তিক কর্মাছ; প্রক্রি-পুরুজ্মান্তিপের দ্পুরুজ্মান্তিক কর্মাছ; প্রক্রি-পুরুজ্মান্তিপের দ্পুরুজ্মান্তিক কর্মাছ, প্রক্রি-পুরুজ্মান্তিকের দ্পুরুজ্মানার সাহাস্থ্য লাভ এক

[📲] সংস্কৃতকে ধরিয়া থাকিলে মাতার পদতলে সকল প্রাদেশিক ভাষাঞ্চলি বসিলে, অনেকটাই সম্মিলিত হটয়া যায়। ভূদেব বাবু পুণায় গীত শুনিয়াছিলেন "বৈশাৰ মাস বাসন্তিক সময় হুফলা (ড়া)" উহা সাধু ভাঁষার বলিয়া ভারতের সকল প্রাদেশিক ভাষারই অংশ বলা যায়। ভূদেব বাবু সামাজিক প্রবলে লিখিয়াছেন---"ভারতবাসীর বৈঠকে হিন্দীর চলনই উচিত। উহা মুসলমানদিগের কল্যাণে ভারত-ব্যাপী।" ১৯১৮ ডিসেম্বর মাসে স্থদেশী প্রেমিক গান্ধি কলিকান্ডায় "জীবে দয়া" সমিতির অধিবেশনে হিন্দীতে বক্তৃতা করিতে চাহিলে বাঙ্গালী শ্রোভারা ইংরাঞ্চীতে বলিতে অমুরোধুকরেন ় গালি বলেন " 'জীবে দয়ার' উপলক্ষো নিজেদের উপর একটু 'দয়া' করুন—আশ্বহত্যা করিবেন না। বৈদেশিক ভাষাকে জাতীয় ভাষায় স্থান দিলে লাতীয় আ্বাত্ত্যা করা হয়।" এ সভাতেই এীৰুকে মদনমোছন মালবা সাধু হিন্দী ভাষায় যে সুষধুর বক্তা করিয়াছিলেন ভাছা সকল যালালীই ব্ঝিতে পারিয়াছিলেন। এীভারভধর্মমহামণ্ডলের (১৯১৫ ডিসেগ্র) মহা অধিবেশনে স্বামী দ্যানন্দের (ইহার বলশালী শরীর) সাধু হিন্দী ভাষার অপূর্ব্ব বক্তৃতা ভারতের, সকল প্রদেশবাসী শিক্ষিত লোকেরই মুখবোধ্য হইরাছিল। ৰ হারা বালালা এবং হিন্দী পুস্তকে প্রাম্য শব্দ প্রচার প্রদানী এবং সাধু ভাষার বিরোধী তাঁহারা বড়ই অদ্রদৃষ্টি এবং কাথো জন্মভূমির পরম শক্ত।

কথাতেও হইবে—'ইন্ধন'।" ঐ কথাটী আমি শুনিয়াছিলাম—মনে আইনে নাই। ঠিক মিল দেখিয়া বড়ই আনুন্দ হইল এবং ভূদেব বাবুর সেই সৌমা মৃতি, সেই উৎসাহদায়ক সহাত্তভিপূর্ণ স্বর এবং পৃর্ব্ধপুরুষে এবং সংস্কৃতে প্রগাঢ় ভক্তিব্যঞ্জক কথাগুলি মনের ভিতর এমন বিদয়া গেল যে, আজ ২৫ বংসর পরেও, ঘটনাটী স্কুম্পষ্টই মনে পড়িতেছে। আমি যে বরাবরই একটু সংস্কৃতের আলোচনা রাখিয়াছি তাহা ঐদিনের ক্ষণমাত্র মহৎ সংশ্রবের ফল।"

হালিসহর নিবাসী ডেপুটী ইন্স্পেক্টর প্রক্ষনাথ ভট্টাচার্ঘ্য সহাশয় ভূদেব বাব্র স্কুল পরিদর্শনাদি সম্বন্ধে বলিমাছিলেন:—

"ভূদেব বাবু স্কুল পাঠশালা পরিদর্শন করিতে যাইরা দাধারণতঃ ক্রমন কাহার খাইতেন না; তবে পূর্বের বন্ধুত্ব কাহার সহিত থাকিলে এই নিয়মের ব্যতিক্রম হইত। একবার বাগ আঁচড়ায় স্কুল দেখিতে গিয়া কেবল আদার কুচি দিয়া ভাত খাইয়াছিলেন। স্কুলের ছেলেদের পূস্তক দেখিয়া পরীক্ষা করা তাহার অভ্যাস ছিল না। প্রত্যেক কথায় ছাত্র শিক্ষক সকলেরই উপক তাহার ভালবাসা প্রকটিত হইত। 'অর্থ-পূস্তক' তিনি দেখিতে পারিতেন না; ছেলেরা অভিধান দেখিয়া পাঠ্য পূস্তকের অন্তর্গত জ্ঞাতব্য কথাগুলির সেই সেই স্থলের অর্থ স্বয়ং খাছিয়া লইবে এবং তাহা স্কুলে ব্রিয়া লইবে, ইহাই তাহার উপদেশ ছিল। পরিদর্শনে গেলে আসল কাজ বাকী রাঝিয়া তিনি সমাগত কাহারও সহিত কথাবার্তা বা আলাপ পরিচয় করিতেন না। ইহাতে আপাতদৃষ্টিতে তাহাকে ক্ষহনারী বলিয়া কাহার কাহার বোধ হইত; কিন্তু শেষ পর্যান্ত তাহার ব্যবহার খাহারা অপেক্ষা করিয়া দেখিতেন, তাহারা তাহার মহান্ত্রতা উপলব্ধি করিতে পারিতেন। কথাবার্তায় সমাগত সকলেই আপ্যায়িত ও সম্ভেষ্ট হইয়া ফিরিতেন।"

১৮৭০ অবে তিনি হুইটা ইংরাজীতে হুশিক্ষিত পরিণতবয়স্ক ছাত্রকে

নিদ্ধাওয়া সম্বন্ধে যে পুত্র লিখিয়াছিলেন তাহাতে তিনি ছাত্রদিপের সহিত কতটা সমকন্দ তাবে বিচার করিতেন ও কতটা প্রীতি পোষণ করিতেন তাহা স্বস্পাই। ইংরাজী শিক্ষিতদিগের নিকটেও তিনি শাস্ত্রের দোহাই দিতেন না:—

"আমি দেখিতেছি যে, মদ খাওয়ার সম্বন্ধে তর্ক উঠিলেই আমাদের মেজাজ একটু গরম হইয়া পড়ে—তোমরা আমাকে 'পূর্ব্বদংস্কার বিশিষ্ট,' 'আপনার এটা জিদের কথা' এইরূপ দব বল ; আমিও তোমাদিগকে "দাহেবী অন্তকরণকারী" "যুক্তিহীন স্থথারেষী" প্রভৃতি বলিয়া ফেলি। এরূপ কেন হয় ৷ ইহার অপেক্ষা অনেক গুরুতর বিষয়েই আমরা ধীরভাবে আলোচনা করিয়াছি। আমার মনে হয় ইহার কারণ এই যে, ঐ বিষয়টীতে আমরা নিজেদের জড়াইয়া ফেলি। তোমরা 'তোমাদের অভ্যাদটা' যে ঠিক, তাহা যুক্তি দ্বারা প্রমাণ করিতে চাও; আমি দেখাইতে চাই যে 'আমার সংস্কার এবং ব্যবহারই' ঠিক; যুক্তির দমুধে তাহাই টিকিবে।

"এক্ষণে আমাদের ব্যক্তিগত পছন্দর কথা ভালয়। বিচারের চেষ্টা করা যাউক। তোকরা আমার যাহা পূর্ব্বসংস্কার বলিতেছ, তাহা আমি ছাড়িয়া বিচার করিতে পারি কি না তাহা ব্রাইবার জন্ত শারণ করিতে বলি যে, অনধিক কাল পূর্ব্বেই আমি তোক্সাতেক বা ক্ষেছায় বলিয়াছিলাম যে, পুন: জরের পর দৌর্বল্যের সময় সামান্ত পরিমাণে মদ্য ব্যবহার করিও এবং তাহারও কয়মাস পূর্বে আমি নিজের সম্বন্ধেও তোমায় বলিয়াছিলাম যে, 'হয়ত' ঔষধার্থে স্বরাপান আমাকেও করিতে হইতে পারে। আমার যৌবনের পরমবন্ধু কয়েকজন মদ ধাইতেন; সে জন্ত আমার ভালবাদা যায় নাই; কিন্তু আমার পিতার প্রতি প্রগাঢ় ভক্তিবশত: আমি তাঁহাদের বিশেষ অনুরোধেও উহা কথন স্পর্শ করি নাই।

তবে মদ্যের বিরুদ্ধে তোমাদের এত বলি কেন 🏌 আমার বিশাস ধে " ইহাতে শরীরের এবং মনের ক্ষতি করে, মিতব্যয়িতা নাশ করে এবং অক্সাম্ভ দোষ আনয়ন করিয়া থাকে।

"আমাদের সমাজে মদ্যপান প্রচলিত নৃহে; স্থ্তরাং মদ্যপান করায় স্বসমাজকে তাফিল্য করা হয়। যাহাদের অন্থকরণে এক্ষণে মদ্যপান ঘটিতেছে, তাহাদের আয় আমাদের শরীর দবল নহে। বান্ধালী যাহারা অন্ধ পরিমাণে মদ্যপান আরম্ভ করিয়াছে তাহারা কেহই বাড়াবাড়ে নাকরিয়া থাকিতে, পারে নাই। হইতে পারে যে আমি যেরপ মনে করি তোমরা তদপেক্ষা দবল এবং উহা বরদান্ত করিছে পারিবে; কিন্তু আমি যে এত ভয় করি, তাহার কারণ তোমাদের উপর আমার একান্তিক ভালবাদা এবং দেই জন্মই আমার এত ত্ঃখ!"

ভূদেব বাবু পারিবারিক প্রবন্ধের 'সস্তানের শিক্ষা প্রবন্ধে যে সকল উপদেশ লিপিবদ্ধ করিয়াছেন প্রাদিগের শিক্ষা সম্বন্ধে সে দিকে বিশেষ লক্ষ্য রাখিতেন। ছেলেরা ঘোড়ায় চড়া, ডন, মৃগুর, সন্তর্গ প্রভৃতিতে পটু ইয়াছিলেন। ভূদেব বাবু বলিতেন, "ঘোড়ায় চড়ার মধ্যেও অধিকারা ভেদ অনেক। ঘোড়ার পিঠে থাকিতে পারা, ঘোড়ার পিঠে থাকিয়া কতকটা ত্ববর্ত্তী স্থানে যাইতে পারা; ভাল রাগ্ডায় বা সমতল মাঠে ঘোড়াকে দৌড় করান, পাহাড়েও নালায় ঘোড়া চড়িয়া যাইতে পারা, উর্দ্ধবাসের ঘোড়াকের বাড়াক বিশেষ আনন্দ বোধ এবং সর্কাশ্বেষ অধারোহী সৈনিকের লায় নিজের ঘোড়ার পিঠে আঁটিয়া বসিয়া থাকিয়া অপরের সহিত ধন্তাধন্তি করা!" শেষোক্ত কার্য্য কথন করিতে হয় নাই—কিন্তু অপর সকলগুলিই তাহার দ্বিতীয় পুত্র (৺গোবিন্দদেব মুখোপাধ্যায় মহাশ্য়) করিয়াছিলেন; তাঁহার ক্যায় উৎক্ট ঘোড় সওয়ার বাজানীর

্র্মধ্যে বিরল ছিল। * ভুব্দব বাবু ঐ পুত্রকে পেনর্সিল দিয়া চিত্রাহ্বন শিক্ষাও করাইয়াছিলেন। †

তাঁহার ছতীয় পুত্র বাল্যকালে একদিন বাড়ীতে চেঁচাইয়া বলিতে ছিলেন "বাশাল মহন্য নয় উড়ে এক জন্ত্র।" ভূদেব বাবু পুত্রকে ভাকিয়া লইয়া জিজ্ঞানা করিলেন, "পশ্চিম বন্ধ করে বিজিত হয়?" পুত্র ছাত্রবৃত্তির পরীক্ষার জন্ম প্রস্তুত হইতেছিলেন। বলিলেন "১২০০ খুষ্টাকো।" "পূর্কবন্ধ ?" উত্তর "আরও ছই শত বংসর পরে।" "উড়িয়া ?"— "আরও ছই শত বংসর পরে।" ভূদেব বাবু বলিলেন, "তবে কি শীঘ্র শাবীনতা ঝিলুর্জনই মহন্যতের লক্ষণ ?" জ্ঞানাঞ্জন শলীকায় পুত্রের চক্ষ্ উন্মিলীত হইল। ভূদেব বাবু বলিলেন, "প্রথম মুসলমান আক্রমণের উপদ্রবে পশ্চিম বন্ধ হইতে বহুসংখ্যক কায়ন্ত রাহ্মণ পূর্কবন্ধে গিয়া 'বড় নদী' পারে হিন্দু রাজ্যে আশ্রেয় পাইয়াছিলেন। প্রায় সকল কুলীন সন্তানের কয়েক পূর্কব পূর্কেই পূর্কাঞ্চলে আবাদের সন্থাদ পাওয়া যায়। পূর্কবন্ধ পূর্কবৃত্তির আশ্রেয়ের স্থান; আমাদের জ্ঞাতিদিগের বাসভ্মি।" এই স্থশিক্ষায় 'বাশাল' শব্দ পুত্রের মৃথ হইতে আর কথন নির্গতি হয় নাই।

ঐ পুত্রই আরও অল্লবয়দে একদিন মল্লিককাসিম হাট দিয়া মডেল স্থলে যাইবার সময় জলখাবারের তুই পয়সা "কুপন" খেলায় হারিয়াছিলেন। বাড়ীতে ফিরিয়া আসিলে মাতা তাঁহার কুধার প্রাথব্য দেখিয়া প্রশ্ন ঘারায়

^{*} বধন ইনি ডায়মগুহারবারে মুন্সেফ তথন তথার রেলপথ হয়" নাই। প্রতি
শনিবার বৈকালে ৩২ মাইল ঘোড়ার আসিয়। হাবড়ার ট্রেণ-ধরিতেন এবং চুচ্ড়ার বাড়ী
আসিতেন। ক্লান্তি বোধ হয় কি না জিজ্ঞাসায় হাসিরা বলিফ্রেন "ঘোড়াদের হয়"।

[†] হগলী কলেজের অধাক্ষ খোরেট্র সাহেবের এবং অধ্যাপক লেখ্রিজ সাহেবের মুধ এরূপ ঠিক অ'াকিয়াছিলেন যে ভাহাতে অনেকেই বিশ্বিত হইতেন; লেখ্রিজ সাহেব একদিন ভাহার ছবি দেখিতে পাইরা শুব হাসিয়াছিলেন।

ঘটনা জানিতে পারেন। কয়েক দিন পরে জুলেব বাব্ স্থল পরিদর্শন করিয়া ফিরিয়া আসিলে তাঁহাকে ঐ সম্বাদ দেওয়া হয়। তিনি প্রকে যৎপরোনান্তি প্রহার করেন এবং সঙ্গে সঙ্গে বলিতে থাকেন, "সে কার প্রসা? তুই কেন পাইবি? কেন তাহার উপর লোভ করিলি?" শেষে বলেন, "ঐ চেষ্টার জন্ত এই মার হইল। যদি ঐভাবে পরের পয়সা প্রকৃতই পাইতিস্ এবং বাড়ীতে আনিতিস্ ত আরও মার হইত।"* যখন অনেক বয়সে কেহ প্রকে জীবন বীমা (ইনসিওর) কুরিতে অমুরোধ করেন তথন তিনি বলেন, "আজও সেই নয়বৎসর বয়সের সময়ের প্রজাপাদ পিত্দেবের ক্ষোভেয় ও ক্রোধের সর কানে বাজিতেছে। 'সে কার পয়সা, তুই কেন পাইবি।' ও সব কাজ নাই। আমার পক্ষে যে জ্ঞানকত দোষ হইবে। ইহাতে 'ল্টারির' ভাব একটু আছে।"

১৮৬৯ অব্দের মে মাসে ভূদেব বাবুর কনিষ্ঠ পুত্র পদিক্ষেশরের দেহান্ত হওয়ার পর হইতে ভূদেব বাবুর পত্নীর দেহ ত্বরিতগতিতে ভগ্ন হইতে খাকে; পূর্ব হইতেই অস্ত্রশ্ল এবং শিরংপীড়ায় শরীর জীর্ণ হইয়া আসিয়াছিল। ভূদেব বাবু স্থান এবং বায়ু পরিবর্ত্তন জনঃ বাঁকিপুরের

^{*} মনুসংহিতার দ্বাদশাধ্যায়ের ৫—১ লোকে আছে:—পুর দ্রুব্যে স্পূত্য, অপরের অনিষ্ট চিন্তা. এবং অলীক বিবরে অভিনিবেশ মানসিক', পরুব, মিথ্যা ও থলতাপূর্ণ বাকা 'বাচিক', এবং চুরি, হিংসা ও পরদার 'শারীরিক' অপকার্য। ইহাদের সাজা, যথাক্রমে 'অন্তান্ধ্রুব', 'শশু পক্ষিত্র' এবং 'স্থাবরত্ব' প্রাপ্ত। ভূদেব বাবু বলিতেন—"হিন্দু শাস্ত্র কি স্থমিষ্ট! কি পুল্ম জ্ঞারপরতার উপর প্রতিন্তিত। বে নড়িতে পারাটার অপবাবহার করিবে—সে নড়িতে পাইবে না—বৃক্ষ প্রস্তুর হইবে; বে বাক্যের অপবাবহার করিবে বে মৃক কন্তু হইবে; বে মনের অপবাবহার করিবে বে মৃক কন্তু হইবে; বে মনের অপবাবহার করিবে সে ছোট মনের অস্থ অস্তান্ধ্র হইবে! মনের ব্যাপার বাক্যে বা বাবহারে না আনায়, সালা কম—মনুবাবোনির ব্যত্তার ছয় না! হিন্দু শান্তে কথার কথার অনন্ত নরক নাই। বথাবথ অবনতির এবং ছংখের উল্লেখ অবক্স আছে।"

ন্বাদপুর মহলায় একটা বাসা করিয়া কিছুদিন পরিবারবর্গকে তথায় রাথেন। তাহার পর ৺কাশীধামে ত্রিপুরা ভৈরবীতে বাসা করেন। সকল তৃঃথে করে উচ্চশ্রেণীর হিন্দুমাত্রেই একাধারে 'আনন্দ কানন' এবং 'মহাশ্মশান' ৺কাশীধামে কি এক অচিন্তনীয় শাস্তি চিরকালই পাইয়া আসিতেছেন। যভই ভগ্ন স্বাস্থ্য হইয়া কেহ দেশ হইতে আহ্মন না কেন, সকলেই কিছু না কিছু উপকার ৺কাশীতে পৌছিলেই লাভ করিয়া থাকেন। ৺কাশীর বান্ধানী টোলার গলি সকল এরূপ সন্ধান্ধ এবং বাটা সকলা এরূপ উচ্চ এবং নিয়তল সকলে এরূপ আলো বিহীন এবং নদ্ধ্যা সকলা (বিহুল পরিমানে উন্নতি সাধিত হইলেও) যেরূপ ময়লা তাহাতে ঐ অংশ খুবই অন্বান্থ্যকর স্থান হওয়ার কথা। কিন্তু প্রেপের প্রকাপের সময়েও উহা অনেক বার মহামারী হইতে রক্ষা পাইয়াছে। ৺কাশীতে আসায় ভূনেব বারুর পত্নীরও কিছু উপুকার হইয়াছিল।

ইহার পর ম্র্লিনাবাদ রাজ্ঞদাহী পাবনা প্রভৃতির স্থল পরিদর্শন কালে ভূদেব বাবু কিছুদিন বজরা ব্যবহার করেন এবং পৃত্তীকে সঙ্গে রাখেন। সময়ে সময়ে একস্থানে তৃই তিন দিন বজরা বাধিয়া রাখিয়া পালকীযোগে স্থল পরিদর্শনে বাইতেন। পদ্মার জল হাওয়ায় তাঁহার নিজের স্বাস্থ্য প্রভাল থাকিত। এক সময়ে তিনি তাঁহার তৃতীয় প্রের স্থলের ছুটীর সময় তাহাকেও সঙ্গে লইয়াছিলেন এবং নদীপথে রাজ্ঞদাহীর 'চলন বিলের' মধ্য দিয়া গিয়াছিলেন।

অন্য এক সময়ে বোড়ায় চড়িতে না জানায় অস্থবিধা জনুপাইগুড়ির এক স্থলে বিশিষ্টরূপে বোধ হওয়ায় ৪৫ বংসর বয়সে,প্রথম ঘোড়া চড়িতে আরম্ভ করেন। *

২৬/২।১৮৭০ তাঁহার বিতীর পুত্রকে লিখিয়াছিলেনঃ—"গোবিন্ ! কলা বৈকালে
এমন একটা কাজ করিয়াছিলাম'য়াহা ইহ লবে কখন করা হয় নাই—বোড়া চড়িয়া
ছিলাম"; পড়িয়া ঘাই নাই। এখনে শরীর এবং মাথা একবার কেমন কেমন করিয়া-

একদিন তাঁহার দিতীয় পুত্রের জন্ম রকিত দেওবর্ণ উৎকৃষ্ট আরবী বোড়া হইতে অন্তমনজভাবে অবতরণ করার সময় হঁচাৎ তাঁহার বাটীর সম্মুখেই পড়িয়া গিয়া তাঁহার বাম হাঁটুতে অত্যম্ভ আঘাত লাগে; তজ্জন্ম পাঁচ মাস কাল তাঁহাকে অনেক যম্মণা ভোগ করিতে ও শয়াগত থাকিতে হয়। কর্ত্বপক্ষীয়গণ তাঁহার প্রতি এতাদৃশ অমুকূল ছিলেন যে এরপ অবস্থাতেও তাঁহাকে ছুটা লইতে হয় নাই। 'স্ববিধামত আফিসের কাফ কর্ম চালাইলেই হইবে এবং পরিদর্শন কার্য্য যখন করিতে সমর্থ হইবেন তখন করিবেন,' স্বয়ং ছোটলাট বাহাত্ব গ্রে সাহেব এই কথা ভিরেক্টব সাহেবকে বলিয়া ছিলেন।

এই অন্থের সময় তাঁহার দ্বিতীয় পুত্র ৺গোবিন্দদেব মুখোপাধ্যায় মহাশয় যে সেবা করিয়াছিলেন, তাহা হিন্দু গৃহস্থের আদর্শ স্বরূপ। পিতার ইট্রেডে দারুল বেদনা, অথুচ নিজার সময় ব্যতীত এক পার্যে অধিকক্ষণ শুইয়া পাকিতেপারিতেন না; অপর কাহারও হাতের ও মাথার ঠিক এরপ ছিলু না যে পার্য পরিবর্ত্তনের সহিত একটুও না নড়িতে দিয়া হাট্টী ধরিয়া রাখিয়া সুরাইয়া দেয়; কয়েক মাস দিন রাত্রি এই ভাবে সেবা করিতে করিতে (১৮৭১) বিএ পরীক্ষার সময় উপস্থিত হইলে ভূদেব বাবু পুত্রকে বলিলেন, "ভূমি ষেরপ সেবা করিয়াছ, তাহাতে আমি আশীর্কাদ করিতেছি যে, ভূমি পাস হইবে; অনেকদিন ধরিয়া পড়া হয় নাই বলিয়া সন্ধৃচিত হইও না; পরীকা দিতে যাও; পুনরাবৃত্তি ব্যতীতই অধীত বিষয় মনে পড়িবে।"—

ইহার পর একটা পুব ঠাওা ভূটীয়া টাউ, নিজের ব্যবহারের জন্ত ক্রয় করিয়া চুচ্ড্^{াই} আনিয়াছিলেন। তাহার নাম দিয়াছিলেন "লাভ"।

ছিল। হঠাৎ ভূমিকম্প উপস্থিত হইলে ঠিক ঐরপ হয়। কিন্ত শীব্রই ঐ ভাব সারিয়া গেল; যদিও আসনে জার পাইলাম না তথাপি বোধ হইল যেন যোড়া নড়িলেও পড়িয়া যাইব না। লাগামটা এক হাতে ধরিতে পারি নাই; বে পর্যান্ত তাহা না শিথিতেছি সে পর্যান্ত শান্তভাবেই থাকিব। বলিও শরীর ভাল না থাকিলে বুড়াবস্পে যোড়া চড়িবার ইচ্ছা হইতে পারে না। শুভার্থী শ্রীভূদেব মুখোপাধ্যায়।

ক্থা ঠিকই হইয়াছিল। পুরীকায় কোন বিষয়ে অধিক নম্বর হয় নাই, কিন্তু সকল বিষয়েই পাস নীম্বর ঘটিয়া গিয়াছিল। ভক্তি ও প্রীতিতেই সকল মানসিক শক্তির ফুর্তি হইয়া থাকে; স্মরণ শক্তি এবং বিবেচনা শক্তির বৃদ্ধি হয়। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্ধ দেবতা।—ইহা গ্রুষ সভ্য।

৺হেমচক্র বন্যোপাধ্যায় মহাশয়ের 'হতাশের আক্ষেপ' ৮৬৯ অব্দের ২৯শে জামুয়ারী এডুকেশন গেজেটে প্রকাশিত হয়। তাহার পর মধ্যে মধ্যে তাঁহার ক্ত ক্ত কবিতাবলীর অনেকগুলি উহাতে প্রকাশিত হয়। তিনি মধ্যে মধ্যে কোঁহার প্রিয় বন্ধু এবং ভূদেব বাব্র জামাতা) ৺বামাচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের সহিত চুচু ড়ার বাড়ীতে আদিয়া ভূদেব বাবুর সহিত দুদথ। করিতেন। ভারতের পূর্ব্ব গৌরবের কথা व्यत्नक्ट श्टेंच । दश्म वात् ऋतिम ভिक्तत्व शिविषक् श्टेंबा ज्ञान वात्वह বিশেষ প্রীতির জম্ম 'ভারত সঙ্গীত' নিধিয়া পাঠাইনে ভূদেব বাবু বলিয়া পাঠান "জন কড খেত প্রহরী পাহারা দেখিয়া নয়নে লেগেছে ধাঁধা—বাক্টা ভারতের সন্মিলন সাধন জন্ম বিধি প্রেরত ইংরাজ গবর্ণ-মেণ্টকে উল্লেখ করে; উহা ঠিক নয়। বর্ত্তমানকে লক্ষ্য করেয়া কিছু লিখিতে হইলে নরমম্বরই সঙ্গত।" তাহাতে হেম বাবু 'ভাৱত-বিলাপ' নিখিয়া পাঠান। উহাতে ভূদেব বাবুর উপরোক্ত পরামর্শের এবং পূর্বের লিখিত অপ্রকাশিত ভারত সঙ্গীতের প্রতি লক্ষ্য খাছে ;—"ভয়ে ভয়ে লিখি কি লিখিব আর, নহিলে তনিত্ত্ব এবীণ। ঝকার"। সেটা (১০ই জুন ১৮৭০) প্রকাশিত হইল। কিন্তু ভারত শদীতের তায় অতুল্য খদেশ ভক্তির উদ্দীপক কবিতাটী প্রকাশ না করায় (मानव क्वि. এই বিবেচনায় ভূদেব বাবু উহাকে ঐতিহাসিকচিত্রে পরিবর্ত্তিত করাইয়া দেন। এভুকেশন গেজেটে যথন উহা প্রকাশিত হইল

তথন উহাতে "শিবজী নয়নে হানিয়া বিজলী" ছিল এবং "স্থগৌগাৰতম্ সন্ন্যাসীর ঠাট" অংশ বজ্জিত ইইয়াছিল। ভূদেব বাবু বলিতেন,—"এতি-হাসিক চিত্তের মধ্যে স্বদেশ ভক্তির উদ্দীপক কথা দিলে মনও সরস হয়. উচ্চ ভাবেরও আলোচনা হয়, অথচ প্রকৃত পক্ষে শান্ত সংযত হিন্দুর (मः । वाहेन । वाहे विभावत क्रिक । उत्कार । वाहे विभावत क्रिक । उत्कार । वाहे विभावत क्रिक । वाहे | वाहे তিনি সামাজিক প্রবন্ধের প্রথম অধ্যায়ে লিখিয়াছেন:--"তোমা-নের (আইরিশদের) যেমন জাতীয় ভাবের উত্তেক হয়, অমনি তোমরা ইংরাজের বিরুদ্ধে বিদ্রোহ্ করিয়া বৈস। আমাদের মনে 🛭 জাতীয় ভাবের উদ্রেকৈ আমরা রাজ বিজ্ঞাহ করিতে চাই না ৷—আমরা বেশী করিয়া ইংরাজী শিখি, বেশী করিয়া সংস্কৃতের সমাদর করি, কাজ কর্ম এমন যত্ন এবং শ্রম দহকারে নির্বাহ করি, যাহাতে ইংরাজ রাজপুরুষেরাও आमानिरभत बाता भवाछ रायन। चक्का छौद्र त्कान मनिरनत निकर्ष यनि চাকুরি করিতে হয় ভাহা বিশেষ যত্ন এবং পরিশ্রম সহকারে নির্বাহ ম্সলমানকে, পশ্চিমে লোককে, দক্ষিণাঞ্চল বাসীকে অশ্রহা করা অতিশয় হয় মনে করি — আর সস্তান সম্ভতিকে দৃঢ়কায় পরিশ্রমী বিদ্বান, স্বধর্ম নিষ্ঠ ও স্বজাতির মুখাপেক্ষী করিবার বনমিত্ত নিরন্তর প্রাণপূণে যত্ত্ব করি।"

কেহ কেহ মনে করেন যে ভারতের ম্সলমান যুগের ঘটনায় স্বদেশ ভক্তির চিত্র অধিত করিলেই হিন্দুর মধ্যে ম্সলমান বিষেষ প্রকট হয় এবং ম্সল্মানের ক্ষোভ হয়। কিন্তু ভূদেব বাবু বলিয়াছিলেন—"আলাউদ্দীন ঘারা চিতোর ধ্বংস, কালে এবং অবস্থায়, এখন এতই দ্রে পড়িয়া গিয়াছে যে, তুত্বপলক্ষ্যে পদ্মিনী উপাখ্যানের—"স্থাধীনতা হীনভায় কে বাঁচিতে চায় হে। দাসত্ব শৃদ্ধল বল কে পরিবে পায় হে॥"—ইত্যাদি মধুর কবিতা এখন ভারতের হিন্দু ম্সলমান স্মভাবেই উপভোগ করিতে

প তঃ সেরপ ঘট্টা ভারতবাদী কোন ম্দলমান আর কল্পনাতেও পুনরভিনয়ের প্রয়াসী নহেন।"

সে যাহা হউক, ১৮৭০ অব্দের ২২শে জুলাইয়ের এডুকেশন গেজেটে ভারত সন্ধীত প্রকাশিত হইলে গবর্গমেন্ট রিপোর্টার রিন্দন সাহেব *
এক বিলাট ঘটাইয়া ফেলিলেন। তিনি 'ঘবন' শন্দের অন্থবাদ করিলেন
'বৈদেশিক' (ফরেনার) এবং মহারাষ্ট্রীয় 'শিবাজ্লী'কে ঐতিহাদিক ভাব
বিজ্ঞিত করিয়া 'শিউজ্ঞী' বানান করিলেন! গবর্গমেন্ট হইতে উভয়
কবিতার জন্ম কৈফিয়ৎ তলব হইল। ভূদেব বাবু ভারত বিলাপ সম্বন্ধে
লিখিয়াছিলেন, "হার বিকদ্ধে বড় জোর এই বলা যাইতে পারে যে,
ইহজনের ভাল ভাল জিনিষের অংশ ইংরাজেরাই অধিক এবং এদেশীয়েরা
কম পাইয়া থাকেন—লেখকের ইহাতে তৃঃখ প্রকাশ আছে।" শ ভারত
সন্ধীত সম্বন্ধে দেখাইলেন যে, উহা ঐতিহাদিক চিত্র এবং ঘবন শন্দে
বৈদেশিক ব্রায় না; আইওনীয়, ইয়ুনানী বা গ্রীক ব্রাইত;
কিন্ত এখন মুদলমানকেই ব্রায়। ভারতচক্র ভাহার অয়লা মঙ্গলে
লিখিয়া গিয়াছেন—

^{*} সরকারী অমুবাদক যে একজন কৃতবিদ্য দেশীয় লোক হওয়াই সঙ্গত, পরে ভাহা বুঝিয়া গবর্ণনেন্ট পরাজকৃষ্ণ মুখোপাধাার, শ্রীবৃক্ত হরপ্রসাদ শান্ত্রী. পচন্দ্রনাথ বহু শ্রীবৃক্ত রাজেন্দ্রচন্দ্র শান্ত্রী প্রভৃতি হুবোগ্য ব্যক্তিদিগকে এই দায়ির পূর্ণ কার্য্যের ভার অর্পণ করিয়া হুবুজির পরিচয় দিয়া আসিতেছেন। রবিনসন সাহেব "গোপালে উড়ের বাতা" নামক সঙ্গীতে পূর্ণ পৃস্তকের নাম ইংরাজীতে লিখিয়াছিলেন "দি ফ্লাইং জুনি অফ দিকাউ হার্ড (গোপালকের উড়ভীরমান হইয়া গমন), অকুর সন্থাদের "অমুবাদ করিয়াছিলেন "ন্কুক্তে ইন্টেলিজেন্স (সরল সমাচার)। কোন বাঙ্গালীঅমুবাদকের এরপ করা তাস্তবই নয়—ভাহারা মুর্ণলতাকে"গোলভেন ক্রীপার"বলেন না শ্রণলতা (একটী নাম)" এই ভাবে পরিচর দিয়া থাকেন।

[†] The worst thing that can be said against it is, that it regrets that the good things of life should fall so much in the share of the English and so little into that of the natives of the soil.

যবন হইতে ভাল ফিরিকির্ন্মত। কর্ণবেধ নাহি করে না দেয় স্থল্পৎ।

এখানে ঘবনে এবং ফিরিঙ্গী বা ফ্রাঙ্ক বা ইউরোপীয়তে স্কুম্পট্টই প্রভেদ করা হইয়াছে। 'শিউঙ্গীর' এবং 'বৈদেশিকের' জন্ম রবিন্সন সাহেব একটু তিরস্কার খাইয়া ব্যাপারটা শেষ ইইল।

ভূদেব বাব্ স্থল পরিদর্শন উপলক্ষে কোন সহরে গেলে তত্ততা কমিশনর, কালেইব, ভজ প্রভৃতির সহিত যেমন দেখা করিতেন সেইরপ বাঙ্গালী ও বিহারী জমিদার, মহাজন, দেওয়ানী ও ফৌজদালী দেশীর হাকিম, উর্কাল, শিক্ষা বিভাগের কর্মচারী, এবং উচ্চলামানাদেরও বাড়ী বাড়ী গিয়া দেখা করিতেন। তিনি বলিতেন, "ভারতবর্ষে চাকরীর বেতনের পরিমাণে সমাজে কেহ উচ্চ নীচহয় না। এখানে ধনের গৌরব বিদ্যার এবং আভিজাত্যের গৌরবের নিম্নে এবং আফিসের বাহিরে সকলেই অদেশীয় এবং সকলেই ভর্দলোক—সেখানে উচ্চ নীচ নাই।"

এ বিষয়ে একটা প্রকৃত ঘটনার কথা অপ্রাসন্ধিক হইবে না। বহরমপুরে থাকার সময় প্রত্যহ সন্ধ্যার পর পণ্ডিত রামগতি ন্তায়রত্ব মহাশয়,
স্থানিদ্ধ বাবু বিষমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় এবং দ্বান্ত্বন্ত করেকজন
ভদ্রলোক ভ্রেববাবুর বাসায় একত্র হইয়া নানা বিষয়ে বিশেষতঃ সংস্কৃত
সাহিত্য বিষয়ে আলোচনা করিতেন। করিমে বাবু তথন বহরমপুরে
ডেপ্টা কালেক্টর ছিলেন। বিষম বাবু ইহার পর যথন হুগলীতে
চাকরী ক্রেন তথনও ভ্রেব বাব্র চুঁচুড়ার বাড়ীতে ৺গঙ্গাভীরের
বারাণ্ডায় বিস্যা করেপ কথোপকথনে বা পুন্তক পাঠে যোগ দিতেন। বহরমপুরের কালেক্টরীর একজন প্রধান আমলাও ভ্রেব বাবুর বহরমপুরের বাসায় ঐ বৈঠকে মধ্যে মধ্যে আসিতেন এবং সকলের সহিত

कारामाञ्च विरमातम कात्मा गठ्छि, शैमणाः ।

্একত্রে বিদিয়া আনন্দে কথাবার্তায় ধোগ দিতেন। একদিন বৃদ্ধি বাৰু দেখানে বদিয়া আছেন এমন সময়ে আমলাটী আসিয়া সকলের সহিত বদিলে বঙ্কিম বাবু হঠাৎ উঠিয়া চলিয়া গেলেন। তুই একদিন পরে আবার এমন ঘটল যে, ঐ আমলাটী তথায় বসি্যা আছেন এমন সময়ে বৃদ্ধিম বাবু আসিয়া উহাঁকে দেখিয়া আর বসিলেন না, "কাজ একটা মনে পড়িল" বলিয়া চলিয়া গেলেন। এরপ যে ঘটিতেছে তাহা কেইই লক্ষ্য करतन नारे। विषय वाव् देशत्र अवितन ज्लाव वाव्रक वरतन, "आयला-দের নিম একত্রে বদেন কেন ?" তাহাতে ভূদেব বাবু বুঝাইবার চেষ্ট। कर्तन त्य, ठाकबीक शहमध्यामा अधु मतकाती काक कतिवात मेमरम ; ठब्लिन ঘণ্টা কেহ চাকরী করে না-সিবিলিয়ান কমিশনর ইয়ুরোপীয় সবডেপুটীর সহিত 'ক্লবে' মিশেন।" এ সকল কথা বৃদ্ধি বাবুর মনঃপৃত হইল না। "প্ৰতেপুটাৱা আমলাদলের নম্ব"—দেদিন একটু ক্ষ্পভাবে ইহা বলিয়াই অলু কথাবার্ত্তা পাড়িলেন। সাত আঁটদিন ও বিষয়ের আর কোন উল্লেখ হইল না। বৃদ্ধি বাবু সকলের অগ্রে অল সময়ের জন্ম আ'সতে লাগিলেন। "কন্তাদের বিবাহ দেওয়া বড়ই কঠিন হইছেছে। ুষাহাদের কুল আছে, তাহাদের বিদ্যা নাই; যাহাদের কুল ও বিদ্যা আছে তাহাদের ভাল অন্ন সংস্থান নাই"-একদিন ভূদেব বাবু এরপ কথাবার্তা পাড়িলে বঙ্কিমবাবু বলিলেন, "একটা কল্তার বিবাহের জন্ম আমিও বড়ই ভাবনায় পড়িয়াছি।" তথন অন্ত কেহ উপস্থিত ছিলেন না। ভূদেব বাবু বলিলেন, "তোমাদেরই ঘর, পুরুষে তোমীর চেমে কিছু উঁচু, একজন আছেন। •ছেলে এবারে প্রথম বিভাগে বি এ পাদ হইয়াছে; ছেলে মাতাৰহেৰ বিষয় অনেক হাজার টাকার কোম্পানির কাগজ উত্তরাধিকার হতে পাইয়াছে; বাপ কেরানীগিরি করেন এবঃ বলেন ছেলের সম্পত্তি হইতে থাইব কেন? কোম্পানির কাগজের হৃদ বাহির করার এমন 'কোন অহুবিধা নাই যে, ছেলের বিষয় রক্ষার দাহায় করিতে নিজে খাটিয়া খাইবার সময় পাইব না! সে লোকটাকে তুমি জান; এখানের কালেক্টরীতে কাজ করেন। সামার স্থগোত্ত। তোমার কাজে লাগিতে পারে।" বিষম বাবু আগ্রহ সহকারেই বলিলেন, "কে?—তাঁহার ছেলৈ এত ভাল আর তাঁহার মন এত উচ্চ এবং কুলেও এরূপ? তাহাত জানিতাম না!" তখন ভূদেব বাবুর হাদিম্খ দেখিয়াই বিষম বাবু সমস্ত বুঝিতে পারিলেন। একটু চুপ করিয়া থাকিয়া বলিলেন, "এটা সে দিনকার তবের শেষ নিম্পত্তি হইল। আপনার কাছে আদিয়া যদি সংশিক্ষা না পাইর ত কোধায় পাইব!" বিষম বাবু ইহার পরে খুব উচ্চ হাস্ত করিয়া সরল ভাবে বলিলেন, "সত্য সত্যই মনে হইতেছিল যে ছুলী লইয়া কলিকাতা হইতে ঐ বিবাহ দেওয়া যায়। যেখানে অবয়া বিশেষে কত্যাদানের কথাও মনে উঠিতে পারে, সেখানে আর আফিসের বাহিরে আমলা হাকিমের পার্থক্য কোথায়? এ বিষয়ে আমার বড়ই ভ্রম ছিল!"

৺ মধুস্দন দত্তের সহিত ভূদেব বাবুর বাল্যের ভালবাসা কথনই
যায় নাই—কিন্তু বিজাতীয় আচার ব্যবহারের দোষে মধুস্দন কি অপূর্বং
প্রতিভাই নাশ করিয়া ফেলিতেছিলেন তাহা সকলের অপেক্ষা অধিক
ব্বিয়াছিলেন বলিয়া তাঁহার ক্ষোভও অত্যন্ত গভীর হইয়াছিল। তিনি
লিখিয়াছিলেন:—

"বিলাফ হইতে ফিরিয়া আসিয়া নধু একবার আমার সহিত চুঁচুড়ার বাটীতে দেখা করিতে আসিয়াছিল। তখন তাহার পূর্বের মত চেহারা ছিল না। চক্ষু আর পের্রূপ সমুজ্জল ছিল না, পূর্বের সেই অতি স্থামিষ্ট স্বর্গ একণে অক্তরূপ ধারণ করিয়াছিল। ঠোঁট পুরু এবং শরীর ও স্থুল হইয়াছিল। মধুর পোষাক সাহেবী, কিন্তু স্মামার বাড়ীতে আসিয়া

আমার সহিত কথা বার্ত্তার পর কিরুপ মনের ভাব উপস্থিত হওয়ায় মধু কাপড় চাহিল, বলিল, "আমাকে কাপড় দেও, আমি কাপড় পরিয়া পিঁড়ি-পাতিয়া বিসয়া থাবার থাইব!" ঐ সময়ে মধুর মনে কি ভাব উপস্থিত হইয়াছিল তাহা ঠিক বলা যায় না। বোধ হয়, আমার ময়ে তথন যাহা হইয়াছিল তাহার মনেও তাহাই হইয়া থাকিবে। আমার মায়ের কথা মধুর শারণ হইয়া থাকিবে, কিন্তু আমি সে সময়ে মৃথ ফুটিয়া ভাহার নিকট আমার মায়ের নাম আনিতে পারিলাম না; কারণ এ মধু আর সেমধুছিল না। সে প্রকৃতির হন্তে-বিনিশ্বিত প্রোজ্জন প্রতিভানদন্দর এবং ধনে লিঞ্জু পবিত্র মানব রত্ব ছিল, কিন্তু এ মধু এক্ষণে বিজ্ঞাতীয় শিক্ষা সংস্কর্গে বিকৃত, অনুকরণাধিক্যে মলিনীকৃত এবং কবির চক্ষে নিমে দত্তের আমানীভূত।

''ইহার কিছুদিন পরে মধু হৈক্টর বধ কাব্যরচনা করে এবং আমাকে কোন কথা না জানাইয়া প্রকথানি আমারই নামে উৎসর্গ করে। এতদিন পরস্পরে সংস্থব রহিত থাকিলেও আমার প্রতি মধুর বরাবরই যে একটু আন্তরিক ভালবাসা ও শ্রদ্ধা ছিল, উল্লিখিত উৎসর্গ-ব্যাপার ভাহারই প্রমাণকর্প বহু আর কি ''

হেক্টর বধ কাব্যের উৎসর্গ পত্তে আছে:—

"নান্তবর শ্রীযুক্ত বাবু ভূদেব মুখোপাধ্যায় মহাশয় সমীপেষ্। প্রিয়বর—

প্রায় চারি বংসর হইল, আমি শারীরিক পীড়িত হইয়া, এমন কি ৩৪ মাস স্বক্ষে হস্ত নিক্ষেপ করিতে অশক্ত হইমাছিলাম; সময়াতি-পাতার্থ উরুপা থণ্ডের ভগবান কবিগুরুর জগিছিপাত ইলিয়াস নামক

^{* [} জীবোগেন্দ্রনাথ বন্ধ প্রণীত মাইকেলের জীবন চরিতের পরিশিষ্টে ভূদেব বাবুর (১৭।৪/১৮১.৩) পতা।]

কাব্য দদা দর্মদা পাঠ করিতাম। পাঠের সময় মনে এইরপ ভার উদয় হইল যে, এ অপূর্ব কাব্যথানির ইতিরত খদেশীর ইংলগুভাষানভিজ্ঞ-জনগণের গোচরার্থে মাতৃভাষায় লিখি। লিখিত পুন্তক খানি চারি বেংসর মুজালয়ে পড়িয়াছিল; এমন সময় পাই নাই যে, ইহাকে প্রকাশি। একস্থলে কয়েকখানি কাপির কাগজ হারাইয়া গিয়াছে (৪র্থ পরিচ্ছেদের প্রারম্ভে) সে টুকুও সময়াভাব প্রযুক্ত রচিয়া দিতে পারিলাম না। বোধ হয়, এতদিনের পর জনসমূহসমীপে আমি হাস্থাম্পদ হইতে চলিলাম। কিন্তু তুমি এবং তোমার সদৃশ বিজ্ঞতম মহোলয়েরা এবং অন্থান্ত পাঠকগণ উপরি উক্ত কার্দিটী মনে ক্রিয়া পুন্তকখানি গ্রহণ করিলে ইহার শোধনার্থে ভবিন্ততে কোন ক্রটি হইবে না। এবং অবশিষ্ট অংশও অতি শীঘ্র প্রকাশ করিন্ত যত্মবান হইব।

"এ বধদেশে যে তোমার অতি শুভক্ষণৈ জন্ম, তাহার কোনই সন্দেহ নাই; কেন না, তোমার পরিশ্রমে মাতৃভাষার দিন দিন উন্নতি হইতেছে। পরমেশ্বর তোমাকে দীর্ঘজীবী করুন এই প্রার্থনা করি। যে শিলায় তুমি, ভাই, কীর্তিশুপ্ত নির্শিতেছ, তাহা কালও বিনষ্ট করিতে অক্ষম।

"মহাকাব্য রচয়িতাকুলের মধ্যে ইলিয়াস রচয়িত। কবি যে সর্বোপরি শ্রেষ্ঠ ইহা সকলেই জানেন। আমাদিগের রামায়ণ ও মহাভারত রামচন্দ্রের ও পঞ্চপাণ্ডবের জীবন চরিত মাত্র; তবে কুমারসম্ভব, শিশুপালবধ, কিরাতার্জুনীয়, ও নৈষধ ইত্যাদি কাব্য উর্নাথণ্ডের অলম্বার শাস্ত্রক ক্ষরিস্ততালীসের মতে মহাকাব্য বটে; কিন্তু ইলিয়াসের নিকট এ সকল কাব্য কোণায়? তৃঃপের বিষয় এই যে, এ লেখকের দোষে বৃদ্ধনাগণ কবিপিতার মাহাত্ম্য ও দেবোপম শক্তি, বোধ হয়, প্রায় কিছুই বৃ্বিতে পারিবেন না। যদি আমি মেঘরূপে এ চন্দ্রিমান বিভারাশি স্থানে স্থানে ও সময়ে সময়ে অজ্ঞতা তিমিরে গ্রাদ করি, তবুও স্লামার

মার্জনীর্থে এই একমাক কারণ বহিল যে, স্থকোমলা মাতৃভাষার প্রতি আমার এতদূর অমুরাগ যে, তাঁহাকে এ অলম্বারধানি না দিয়া থাকিতে পারিলাম না।

"কাব্যথানি পাঠ করিলে টের পাইবে যে, আমি কবিগুরুর মঞ্চাকাব্যেম্ব অবিকল অম্বাদ করি নাই; তাহা করিতে হইলে অনেক পরিশ্রেম করিতে হইত এবং দে পরিশ্রমণ্ড যে সর্বতোভাবে আনন্দোৎপাদন করিত, এ বিষয়ে আমার সংশয় আছে। স্থানে স্থানে এই গ্রন্থের অনেকাংশ পরিত্যক এবং স্থানে স্থানে অনেকাংশ পরিবর্তিত হইয়াছে। বিদেশীয় একথানি কাব্য দ্র্ত্তকপুত্ররূপে গ্রহণ করিয়া আপন গোত্রে আনা বড় সহজ ব্যাপার নছে, কারণ তাহার মানসিক ও শারীরিক ক্ষেত্র হইতে পর বংশের চিহ্ন ও খাব সম্দায় ছরীভূত করিতে হয়। এ ত্রহ বতে ধে আমি কতদ্র পর্যান্ত কতকার্য্য হইয়াছি ও হইব, তাহা বলিতে পারি না।

শ্রীমাইকেল মধুস্থদন দত্ত,

मन हेर-->৮१> माल।

७नः वाष्ठजन श्रीरे, ट्रोतकी।

১৮৭২ অবে প্রকাশিত হেক্টর বধে এই উৎসর্গ পত্র দেখিয়া ভূদেব বাব্ মাইকেলকৈ ঐ বৎসরে ২৮শে মার্চ্চ নিম্নলিধিত পত্র চুঁচ্ছা হইতে লিখিয়াছিলেন—

পরমু প্রাধাস্পদশ্রীযুক্ত মাইকেল মধুস্থান দত্তজ মহাশয় মহোদয়েযু— ভাই,

তুমি স্বপ্রণীত হেক্টরবধকাব্য গ্রন্থে আমার নামোল্লেখ করিয়া আমা
দিগের পরম্পর সতীর্থ সম্বন্ধের এবং বাল্য প্রণীয়ের পরিচয় প্রদান

করিয়াছ। আমি কখনই সেই সম্বন্ধ এবং সেই প্রণায় বিশ্বত হই নাই,

ইইতেও পারি না। যৌবনস্থলভ প্রবলতর আশা প্রণোদিত ইইগ মনে

মনে যৈ সকল উন্ধৃত অভিপ্রায় সঞ্চিত করিতাম, তোমার দৃষ্টান্তই বিশেষ-

ক্লপে তৎসমুদয়ের উত্তেজক হইত। তোমান, যৌবনকালের্র ভাব चामात कीवत्नत এक में मुशाजम ज्यक इंदेश त्रादशाहा। उथन चामा-দিগের পরস্পর কত কথাই হইত,—কত পরামর্শই হইত,—কত বিচার ধ কর্ত বিভগুই হইত। ' এখনও কি ভূোমার সে দকল কথা মনে পড়ে ? তুমি, বিজাতীয় প্রণাদীর কিছু অধিক পক্ষপাতী ছিলে, আমি অজাতীয় প্রণালীর অধিক পক্ষপাতী ছিলাম। এই মতভেদ নিবন্ধন আমার যে ষন্ত্রণা হইত, তাহা কি তোমার স্মরণ হয় ? আহা ! ত্রণন কি একবারও মনে করিতে পারিডাম যে, তুমি বিজাতীয় মহুকৈবিগর্ণের সমস্ত রত্ব আহরণ করিয়া মাতৃভাষার শোভা সম্বর্ধন পূর্বক বীঙ্গালার অধিডীয় মহাকবি হইবে! সেই সময়ে তুমি ষে সকল স্থলর হংরাজী পছা রচনা করিতে, তাহ। পাঠ করিয়া আমার পরমূ আনন্দ হিইত। আমি তখন হইতেই জানিতাম যে, তুমি অতি উৎকৃষ্ট কাবা রচনা করিতে সমর্থ হইবে, किन्छ रुप्तरे कावा रि रमधनामवर्थ, वीताञ्चना, जन्नाञ्चना, जन्नवा रहक्टेप्रवर्थ হইবে তাহা আমি স্বশ্নেও মনে করি নাই। তুমি ইংরাজীতে কোন উৎকৃষ্ট কাব্য লিখিয়া ইংরাজ সমাজে প্রতিষ্ঠিত হইবে ইহাই আমি মনে করিতাম। ফলতঃ, তোমার শক্তির প্রকৃত গরিমা তথন অপ্রকাশিত এবং আমার বোধাতীত ছিল। তুমি খ্রিয়মাণ মাতৃভাষাকে পুনরুজ্জীবিত করিলে, তুমি ইহাকে নৃতন অলম্বার মালায় ভূষিত করিলে, তুমি ইহাতে সর্ব্বোৎকৃষ্ট মথাকাব্য রচনা করিলে। ভাই তোমার এই বিজাতীয় ভাষ। '**অধ্যয়নের পরিশ্র**ম সার্থক, তোমার এই বঙ্গভূমিতে জন্মগ্রহণ সার্থক।

"কোন বান্ধানীর পুলে ইংরাজী ভাষার উৎকৃষ্ট কাব্য রচনা যদি সক্ষত হইতে পারে, তাহা তোমার পক্ষেই সক্ষত হয়। তৃমি অল্পবয়সেই ইংরাজী ভাষার মর্মজ্ঞ হইয়াছিলে; যৌবনাব্ধি ইংরাজদিগের সহবাদ করিতেছ, বিশেষতঃ ইংরাজী ভাষার মূল ভাষা সমস্ভের সহিত তেন্ধার

ঘনিষ্ঠ পরিচয় জনিয়াছে। ফলতঃ তোমার প্রণীত যে কয়থানি ইংরাজী কাব্যগ্রন্থ আছে, তত্ত্ব্য ইংরাজী গ্রন্থ বোধ হয় কোন বাঙ্গালী কর্তৃক বিরচিত হয় নাই। কিন্তু সেই গ্রন্থে আর তোমার মেঘনাদবধ প্রভৃতি বাঙ্গালা গ্রন্থে কত অন্তর। তোমার রাঙ্গলা কাব্যগুলি তোমাকে এতৃ-দেশীয় শিক্ষিতদলের মৃথস্বরূপ, তাহাদিগের গৌরবস্বরূপ, এবং তাহাদিগের পথ প্রদর্শক স্বরূপ করিয়া স্থাপন করিয়াছে।

অধিক কি লিখিব ? তোমার শরার নিরাময় তোমার মন স্বচ্ছন, সাংসারক শ্রী বর্দ্ধনশীল, এবং তোমার কবিশক্তি চিরপ্রভাবশালিনী থাকুক এই আঞ্চর প্রার্থনা।

ত্বদীগ্ৰ

শ্রীভূদেব মুখোপাধ্যায়।

১২৭৬ সালের ১ল। বৈশাপ (১৮৬৯) উনবিংশ প্রাণ (সয়য়য়াভাপর্র) নামে একথানি প্রক ব্ধোদয় য়য় হইতে প্রকাশিত হয়। ভূদেব বাব্র কোন প্রিয় শিয় তাঁহার নিকট শুনিয়া এবং তাঁহারই নিকটে বিদয়া ঐ পুরুক থানি রচনা করেন। কাটকুট করিতে করিতে রচনা এক-ক্রপ্রক্রের শাব্রই দাঁড়াইয়া য়য়। [ভূদেব বাব্র প্রশাঞ্জলি পুরুক থানি ঐ উনবিংশ প্রাণেরই তার্থদর্শন পর্বর স্বর্বার প্রথম লেখা হইয়াছিল।] শেষ অধ্যায়টী সম্পূর্ণ ভাবেই ভূদেব বাব্র নিজের লেখা। উহাতে ভূদেব বাব্র কবিত্বপূর্ণ স্ক্র্ম ঐতিহাসিক দৃষ্টি এবং য়োগীজনম্বলভ ভবিয়ৎ দৃষ্টি মপ্রকাশিত। প্রাকৃতিক শক্তিতে মাহা ঘটে মহাত্রারা তাহা পূর্ব্ব ইইতে দেখিতে পান এবং সেইদিকে লোকের মন ফিরাইয়া রাথেন। ভূদেব বাব্রক "বৈধ স্বদেশী মুগের প্রবর্ত্তক" বলিয়া বিশেষজ্ঞের। সকলেই স্বীকার করিয়া থাকেন। পুরুক থানি ডিমাই আট পেজি ৫৪ পৃষ্ঠার; ইংলিশ অক্ষরে ছাপা। এথন আর প্রায় প্রায় প্রথম যায় না।

উপক্রমণিকাধ্যায়ে আছে।—(১) জম্বীপে মধুমান নামে একটা দেশ আছে। তত্ত্বত্য অজ্ঞানান্ধ রাজা স্বতরাষ্ট্র বা অন্ধবদ্ধ আপন অজ্ঞানান্ধতা মোচন করিবার মানসে মজ্ঞ বিশেষের অম্প্রচান দারা দেব-কুলকে প্রিতৃষ্ট করেন। স্থপ্রসন্ন স্বরগণ তাঁহার অভীষ্ট সাধনার্থ মহর্ষি বেদব্যাসকে অমুরোধ করিলেন। ঋষিরাজ স্বতরাষ্ট্রের মন্ত্রী শূত্রবংশোদ্ভব চিন্তাশীলের দারা তাঁহাকে ইহা গুনাইবার মানসে সেই মন্ত্রীবরের জিহ্নাগ্রে ইহার বীজ রোপিত করিলেন।

 প্রথম অধ্যায়—অধিভারতীর বিপদ।—ইহার প্রথমেই ब्रंहोদশ পুরাণ হইতে উদ্বৃত--'বিপদে পতিতা ক্রম্বা হুট হুর্য্যোধন ! ছলে বলে করে বুঝি অভীষ্ট সাধন ॥'—ভারতভূমির উপবিস্থ নভঃ প্রদেদে। অধিভারতীর বাস নগরী; তত্ততা উদ্যান প্রভৃতির হরিৎ শোভ! সকলেরই মনো-হরণ করে। কোন সমূয়ে দেবী অধিভারতীর প্রাণাধিক ভর্ত্তা আধ্য-श्वाभी यवनितरात्र व्यक्षित्रका यावनिक इत्छ निधन প্রाপ্ত इन। यावनिक क्रा वामन निमन्न रहेगा अमन शैनवन रहेगाहिन एव एनवी भूजिनिएनत ছেলে ঝগড়াতেই উহার কর্ত্তত্ব বিনাশের সম্ভাবনা হইল। এমন সময়ে व्यार्थाश्रुदत्तत्र वायुक्कानञ्च नत्नादानवानी निकामिर्वतं व्यानम्बन्धान চতুর সেণ্ট ডেনিস্ এবং সেণ্ট জর্জ যাবনিকদিগের সহিত দেবীপুত্র-দিগের ঝগড়ায় পক্ষাবলম্বন করিয়া নিজেদের ক্ষমতা বৃদ্ধি করিতে থাকেন ; পরে সেন্ট জর্জই আর্য্যপুরের প্রায় সমস্ত ভাগেই কর্ত্ত্ব লাভ ক্ষমতা লাভে জ্বৰ্জ গৰ্বিত হইখা পড়ায় এবং তাহার কয়েক-জন কর্মচারী দেবীপুত্রগণের অবমাননা করায় তাহারী ঝগড়াতে প্রবৃত্ত হয়; কিন্তু নগণীর পূর্ব্ব দক্ষিণ ও পশ্চিম বাসী দেবী পুত্রের। এই ঝগড়ায় লিপ্ত হয় নাই। যাহারা ঝগড়ায় প্রবৃত্ত হয় তাহাদের বিজ্ঞতা ছিলনা; এবং উহারা জর্জের হতভাগ্য কর্মচারীদিগকে দপরিবারে

. নিপীণ্টিত করিয়া বড়ুই অপকর্ম করিয়াছিল। ঝগড়া অধিকদিন স্থায়ী হয় নাই। তাহার পর জর্জ অধিভারতীর পুত্রগণের ছড়ি লাঠি কাড়িয়া লয়। কিন্ত উহাতে স্বজনতা লাভ হয় না; কালে তুর্বল ও সবল হয়; কালুকা রেমুও সমৃত্র গর্ভে পড়িয়া চাপে সংহত হইয়া প্রস্তরে পরিণ্ত হয়; প্রীতিতেই স্বজনতা প্রাপ্তি হইয়া থাকে।

- (৩) বিতীয় অধ্যায়ে পাবনিক দৈত্যদিগের বরসজ্ঞা।—'নিপীড়িতা সীত। সতী অশোক কাননে। তাহার প্রণয় আশা রাবণের মনে।'—অধিভারতীকে বিধবা বিবাহ করিবার জন্ম বরবেশে জর্জ সিংহবাহনে সারমেয় সহ আদিল। মিইভাষী সেন্ট ডেনিস ঈগল বাহনে আর্য্যপুরের বাহিরে উহার পূর্ব্ব সীমার নিকট আসিল। সেন্ট নিকোলস আর্য্য পুরের বাহিরে উত্তর পশ্চিম কোনে।গুগুর বাহনে খেত ভল্লুক সহ উপস্থিত হইল। সেন্টেরা পরস্পরকে গালিদিয়া বলিতে লাগিল যে তাহারা পত্নীদিগকে পীড়ন করে। নিকোলস জর্জকে বলিল 'আপনার স্বামিধর্ম পালনত 'আইরিয়া', 'নিউজিল্যা 'এবং 'আমিরার' মত ক্রমশং জর্জরীকরণ বা সাক্ষাৎ বিনাশন। ক্রম্বর্ণা হাবিশা বালিকাটার বৈধব্য সাধনই বা কির্মপ কার্য্য ?" জর্জ বলিল 'অপনিক পোলতীয়ার কি ছরবস্থাই না করিয়াছেন! সীথিয়া দানবীকে বলাংকারে গ্রহণ করিলেন। আর ডেনিসের, যদি এতই স্থপালনের ফল? আর সেদিন 'মেক্সিকিয়া'কে গ্রহণ চেষ্টা এবং 'আনামিয়ার' কথাই বিবেচনা করা হউক।" দৈত্যেরা ক্রুক হইয়া উঠিল। বরবেশ লুপ্ত হইল। ক্র
 - (s) তুর্তীয় অধ্যায়ে অধিভারতীর ভাবাস্তর ৷**→**'কালাস্তক যমরাজ

^{*} দেউ ন্ধর্জ, দেউ ডেনিস্ এবং দেউ নিকোলস্ যথাকঁমে ইংলও. ফ্রান্স এবং ক্লদিরার প্রধান দেউ বা প্রীর বলিয়া গণ্য হইয়া থাকেন। আইরিয়া=আয়ল'ও, নিউজিলিয়া=নিউ জিলও, আমিয়া=আমেরিকা, হাবিশাৣ=আবিসিনিয়া, পোলওীয়া=পোলও, সীধিয়া= তুর্কিস্থান, আলজিরা=আলজিরিয়া, মেক্সিকিয়া-মেক্সিকো, আনামিয়া=আনাম।

দাঁড়ায়ে হৰ্জয়। সমুখে দাবিত্ৰী সতী নাহি কোন ভূয়।' জর্জের এবং, ব্রহ্মচারিণী দেব পূজার জন্ম পূষ্পচয়ণ নিরতা অধিভারতীর কথাবার্তা হয়। দেবী বলিলেন "তুমি দেওয়ান হইয়া স্থব্যবস্থা করিতেত্ব না; কাষকেশে শামার বাছারা যে **অতি**রিক্ত ক্ববিলব্ধ দ্রব্য উৎপন্ন করিতেছে তাহ। কত √ গুল। বালি ক্ষারের বাসন, ছুরি, কাঁচি কাপড় দিয়া লইয়া ষাইতেছ; তুমি কাপড় প্রভৃতি আনাইয়া দিতেছ, আমার পুত্রগণ বস্ত্রবয়ন প্রভৃতি সকল শিল্পকার্য্য ভুলিয়া ষাইতেছে; তোমার পরিবারেরা শস্ত লইয়া অর্থ দিতেছে; ভাহার কতক ভোমার অত্ত্য কশ্মচারীরা বেতন স্বরূপে, ভোমার্ক্ল স্বপুরে লইয়া যাইতেছে, আর ভবিষাতে এখানে কর্ম করিতে গারে, এই বলিয়া তোমার বাটীর কতকগুলি কর্মচারীকে বেতন দিবার 🞢 🔊 অবশিষ্ট টাকা বাটী পাঠাইতেছ। আমদানীর অপেকা রপ্তানি বেশী ফুইলেই দেশের শোষণ ব্ঝায়। বিচারালয়ে অপুরিমিত ধর্চ বৃদ্ধি হইতেছে; পূর্বে মৃথ্যমণ্ডলে বিচার করিত; ব্যয় বাহুল্য, জাল, ফেরেবির প্রশ্রম ছিল না। পুলিশের রুড় বড় পদেও নির্বোধ ষণ্ণা দেখা যায়; শিক্ষা যাহা দিতেছ তাহাতে 'প্যাড্ ম্যাড ফিন্ ফান্' শিখিয়া আনার পেটের ছেলেরা পরের মাকে 'মা' বলিতে ব্যগ্র। ভোমার শিক্ষাত নয় যাত্মন্ত্রে বশীকরণী বিভারতাল जिल्लु वावहादबंदे कनसीत मकन इःथ ठाला लद्ध । ट्रानिन वामाव प्तरे मत्नारमाहन **প্রাটী**কে कि वश्रनाই कतिता; উচ্চ পদলাভের উপায় তোমার বায়্বাপুরের উচ্চস্থানে রাখিয়া দিয়াছ। আমার হুই একটা পুত্র ষধন দেখাইল যে তাহার। অক্ষম নহে, অমনি বয়দের এমন ব্যবস্থা क्तिरल राम बाहाबा एकह रमथारन बाहेरा ना भारत । र्रमिनक भूम ना **८** एक प्राप्त १ वर्ष के प्राप्त ছিল; ন্যায় বিচারেও ভাল ছিল; এত প্রীহাফাটার উল্লেখ হইত না। সেদিন আমার 'চক্র' সদৃশ স্থলর এবং 'কুমার' সদৃশ বীর কলেবর' পুর

তোমার কাছে দৈনিত পদ প্রর্থনা করে; আর তুমি কি নির্দয়তা প্রকাশ করিয়া তাহাকে নিরাশ করিলে!

ে তোমার স্থলে পড়িয়া আমার ছেলের। এখন হাঁচি টিক্টিকী দেশী ভূত প্রেত মানেনা—তাহাতে এমন বেশী লাভটা কি? আমাদের দিন স্থান মানিবার প্রণালী কার্য্যবাধক নহে। প্রয়োজন হইলে সেই প্রণালীর মতবিশেষে সকল সময়েই যাত্রাদি করা যাইতে পারে। তাহারা আবার কতকগুলি বিদেশীয় ভূতকে মনে অধিষ্ঠিত করিয়াছে।

অ মার ছেলেদের উপধর্ম ঘূচান দম্বন্ধে যাহা কিছু ভাল তাহা আমার ८६६ नतीरे कतिया नरेए उर्छ। आमात वाहारमत मर्पा याशास्त्र मरन বিদেশীয় ধর্ম লক্ষুদ হয় তাহারাই আমাকে দ্বনা করিতে থাকে। পূর্বে আমার ধাবতীয় সঙ্গানেরাই কুনংস্কারাবিষ্ট ছিল ন।; যাহারা আদাদি দর্শন শান্ত্র পড়ে তাহাদের কুনংস্কার থাকিতে প্লারে না। যাবনিকের অন্নালের শেষভাগে আমার কয়েকটা ছেলে পূর্ব্ব মধ্য এবং পশ্চিমোত্তর বিভাগে ধর্মসংস্কার আরম্ভ করিয়াছিল ;—সংস্কৃত ফুর্শনের সহিত সংযুক্ত হইলেই সেই আলোচ্নায় পূর্ণ ফল হইত। আমার যে দকল ছেলে নন্চব্য অষ্ট্রনিপ্রকে সংস্কৃত শাল্বের অষ্থীলন করিত তাহারা এমন কীণজীৰ্ণ হইত না। তোমার শিক্ষা প্রাপ্তেরা অসংযত, অল্লায়, স্বরা-পায়ী হুইতেছে। যথন পালনভার লইয়াছ, তথন আমার সন্তা-নের। যে রূপেই বিনষ্ট হউক না, দোষ তোমার উপ্পরই পড়িবে। হুমি সুকল বিষয়েই ঠেকো হইয়া থাকায় আমার সন্তানদিগের নিজেদের পায়ে नक्टि ইইতে পারিতেছে না; স্বাবলম্বনের পথ পাইতেছে না। গরস্বাবনের অপেক্ষাও হীন জীবন উহাদের হইতেঁছে —লোকে অধকে বলিষ্ঠ রাখিবার যত্ন করে। ুদেদিন তোমার কয়েকটা ভাল ছেলে প্রস্তাব করিলেন যে তোমার স্বপুরের মুহতী সভায় আর্ধ্যপুরীয়দিগকে প্রতিনিধি গ্রহণ করিতে হইবে। কিন্তু তাহা 'দরকল্লাবে' করিলে তথায় হেথা হইতে এত সংখ্যক প্রতিনিধি যাইবে যে আমার ছেলেরাই তথায় সর্ব্বেসর্কা হইয়া পড়িবে—অতএব তাহা কদাচ করিতে পার না। ব্যবস্থাণক সভায় এবং উচ্চ বিচারালয়ে আমার ছই একটা ছেলেন্দেলইয়াছ, কিন্তু তথায় তাহারা তোমার অত লোকের মধ্যে স্বমত প্রকাশ করিয়া কাজ করিতে পারে না। তদপেক্ষা নিয়তর কার্যাগুলিতে তোমার পরিবারবর্গের পরিবর্ত্তে ইহাদের অধিক পরিমাণে দিলে আপনাদের মত চালনা ও ক্ষমতা প্রকাশ করিতে পারে। আমার ছেলেরা মোটা ভাত থাউক, চরকার স্তোর কাপড় পক্ষক, চটি জুঙা পায়ে দিউক—মোজা বুট জুঙা প্রভৃতি প্রয়োজনীয় নহে। * স্থারাজ! দেবার অপূর্ব্ব মৃত্তির উপমাস্থল কোথাও নাই! স্থির বিদ্যুৎ দ্বি দেবকান্তির নিকট

^{* [} অর্দ্ধণতাকীর মধ্যে ইংরাজের উদারতার অপরিসীম কৃদ্ধি হইয়াছে। বোয়ার পূর্ব-প্রাতি পাইরাছে; আয়লতি পাইবে—ভারতেও অনেক উন্নতি দৃষ্ট হইবে। বড়লাটের "कृलात भिनिटडेत" পর প্লীহাফাটার কথাও কম ওনা যায়। সর্ব্বপ্রধান কথা এই त्व, ङेश्लएशत मर्त्वाफ िट्ढानील এवः উपात्रश्रमत्र—करवक्कम मराञ्चा ভात्र छरक मवल এবং সম্ভষ্ট করাতেই যে ব্রিটিশ সামাজ্যের সর্বাপেক্ষা অধিক উপকার এবং কোন জাতিকেই যে একালে 'চিরদিন পরাধীনতায় রাখিয়া শোধিত করা <u>ক্রুক্তরু</u> তাহা বুঝিতে পারিতেছেন এবং দম্পূর্ণ স্বায়ত্ব শাসন বা 'ছোমক্লল' না দিলে যে বৈদেশিক শাসনের সকল প্রকার ক্রটী কর্ণটিতে পারে না, তাহা মুক্তকণ্ঠে স্বীকার করিতেছেন! "সামাজিক প্রবন্ধা"দি ধাহা পরে করিয়াছে, এই পুস্তক ঝদেশ সথকে দেই শিক্ষাদান-কার্যা বিশেষ চিন্তাশীল করেকজন লোকের মধ্যে তথন প্রথমে হরু ক্রিয়াচিল। সামাজিক প্রবন্ধ দেই কথাকে উপযুক্ত সময়ে হুপ্রচারিত করিয়া এদেশীয় লোকদিগের "ভাজানকতা" ৹৽বুচাইয়াছে—এখন ভারতের হিন্দু মুসলমান, কৈন বৌদা, ঐাটান সকলেই "মাতা অধিভারতীর সন্তান" বলিয়া নিজেদের বুঝিতেছেন 🛦 মহাসালালোর भरधा रव जात्रक এक है ज़िलामूला अवर मित्रिलिक जारेन जारत (स्कारतिहिन्) থাকিবার উপযুক্ত তাহা ইউরোপীয় মহাযুদ্ধে ভারতের সহারতার প্রমাণিত ইউরাছে; এবং দৈনিক পদ, ভলাণ্টিয়ারের পদ দেওয়ার হক্ত একটু হইয়াছে। মহাস্থার ক্ষয়ের আক্রাজ্ঞা ব্রিবার শক্তি এত দিনে উলোরা প্রাণাপেক্ষাপ্রিয় ক্ষেশবাসীর! অনেকটা পাইয়া ভাহা কংগ্রেসে একাশু করিয়াছেন।] ।

.মলিন হইয়া যায়। যাত্রতীয় দেবগণের তেজঃ একত্র সংহত হইলেও ভরপ.প্রথর তেজোরাশি সম্ভূত হয় না। যদি জর্জ ঐ তেজোরাশি প্রভাবে দর্শন শক্তি বিহীন না হইয়া দেই সময়ে দেবীর প্রতি দৃষ্টিপাত ক্রিতে পারিত, তবে বিশ্বরূপিণী মহাদেবীর সাক্ষাৎকার লাভ করিয়া। একেবারেই অনঘ এবং মৃক্ত হইতে পারিত!

(৬) শেষের অধ্যায়টা ব্রহ্মসংবাদ।—'তারকের নিপীড়ন নিবারণ আশে। দেবের গমন হয় বিধাতা সকাশে॥' প্রদিব্দ ব্যাসাহ্যগৃহীত চিস্তাশীল ম্থাপূর্ব্ব অন্ধরাজকে কহিতে লাগিলেন;—

মহারাজ! একণে পৃথিবীতে যত ভিন্ন ভিন্ন প্রকার বস্তু রহিয়াছে পূর্বে তাহা অপেন অনেক অন্ন ছিল; তাহারও পূর্বে দ্রবাডেদ তদপেকাও নান ছিল এবং তাহারও পূর্বে এই পৃথিবীমগুল হতাশন প্রজনিত একটি প্রকাপ বাস্পরাশি মাত্র ছিল। যদি তাহারও পূর্বেলল অবন করা যায়, তবে পৃথিবীকে 'তৎসবিতৃ' গর্ভ মধ্যেই দেখিতে হয়—তথন উহা স্থা কর্তৃক প্রস্তুত হইয়া পৃথক শরীর প্রিগ্রহ করে নাই। এইরপে কাল সমুদ্র উত্তীর্ণ হইয়া যাইতে পারিলে ভ্লোক বা জনলোক, ত্রুত্ত করিলাক বা তপোলোক এবং সর্বাশেষে সত্যালোক বা ব্যহ্মলোক দর্শন হয়।

অধিভারতীর চির সহচরী চিস্তাদেবী এক্ষণে সেই বিশ্বযোনির ভবনে উপনীত হইয়াছিলেন। বোধ হইল ভগবান স্বষ্টি ধ্যানে মগ্ন বুহিয়াছেন। দেবী যথোচিত অভিবাদনাদি পূর্বক কুডাঞ্জলিপুটে নিকটপ্ত •হইলেন। , বিশ্বযোনি তাঁহার প্রতি কটাক্ষপাত করিয়া কহিলেন—

"বংদে! তোমার আগমন কারণ ও আর্যাপুরের সমস্ত বৃত্তান্ত অবগত আছি। ক্ষেমণাত্রী অধিভারতীকে আমার আশীর্কাদ বিজ্ঞাপন পূর্বক বলিবে, ক্রনারের দেওয়ানীতে মাতা নিজু সন্তানগণের যে অধংপাত

আশন্ধা করেন, তাহ। অকারণ। তিনি কি জানেন্ না যে, যে ব্যক্তি, সাংঘাতিক বিপং পরম্পরায় পতিত হইয়াও ক্রমে উদ্ধার প্রাপ্ত হয়, তাহার। বিনাশ সহজ হয় না। ভারতীর সন্তানগণের কট যথন সাংঘাতিক হই-[!] বোর প্রভাবনা হইয়াছিল, তথনই ভগবতী ভবিত্বাতা তাহার সাংঘাতিক-তার নিবারণ করিয়াছেন। কাল যাবনিক বীরবর মসিদনের আক্রমণ বিলক্ষণ বিপজ্জনক বলিতে হইবে, কিন্তু দৈবাতুকূল্যে তাহার বিষময় ফল ফলিতে পায় নাই। যাবনিক সমুদায় বিজিত নগরীর রূপান্তর করিয়াছে, কিছ ধর্ম ও আচার প্রণালীর গুণে আর্যাপুরের বিশেষ হানি করিতে পারে নাই। তুর্দান্ত জিজ্ঞান্তর প্রলয়কর বজু দৃষ্টিও তথায় পতিত হয নাই। ধাবনিকের অত্যাচার শ্রীমানদিগের সাংঘাঞিক হইবার উপ-ক্রমেই শিবজিংকে উপলক্ষ করিয়া তাহার নিবার। করা হয়। আর্য্য-পরে জর্জারের পরিবারদিপের বস্তি হইবার উপক্রম হইল, ও দিকে অমনি আমরিকার স্বাধীনতা সম্পাদনে তাহা নিরাক্বত করা হইল।
পাবনিক क्रस्थत भग लागीत लातरण आधानुत्रवानिष्रितत जाणीयज्ञाव नष्टे रहे-বার সম্ভাবনা দেখিয়া ভবিতবাতা দেবী সেই রামরঞ্জনের উপলক্ষে সনাতন বিশুদ্ধ ব্রহ্মোপাসনা প্রবর্ত্তিত করিয়া তাহাঁর অপশ্রুক্ত ক্রিক্সেন্স জর্জারের শিল্পকৌশলে গুরাজনীতি কৃটতায় তাহাদিগের শিল্প বিলয় ও 🗸 শারীরিক শীর্ণতার সম্ভাবনা হইয়াছে; এদিকে তাহার প্রতিবিধানের উপায়ও একুরূপ সৃষ্ট হইতেছে। এ সকলে আর্য্যপুরের রক্ষা সম্ভাবন। না করিমা, কিরপে কেবল বিনাশ সম্ভাবনাই করিয়াছেন ?"

ভগবান এই धनिया नित्रष्ठ इटेरन চिষ্তাদেবী करिरानन—"পিত:!

শ্বায়য় শাসন প্রাপ্ত নাতি শীতোফ মার্কিয় দেশে যথেয় থালি জমি এবং ইউরোপার প্রতিবাদী পাওয়ায় ইউরোপীয় উপনিবেশিকেয়া তথায় বাইতে ধারে; এখনও দেই কারণে তথায়, অট্রেলিয়ায়, কানেডায় এবং দক্ষিণ আফ্রিকুঃয় য়য়য়তেছে।

দেবীর পুত্রগণের প্রতি, এরপ ত্র্ঘটনা সকল ঘটবার কারণ কি, অহুগ্রহ
পূর্বেক কহিয়া চরিতার্থ করিতে আজ্ঞা হয়।" বিশ্বংঘানি পুনরায় কহিতে
লাগিলেন—"তাহার কারণ মাতাকে এই জানাইবে যে, জগতে আন্তিকতা
ও ভক্তিমন্তাই স্থপ, শান্তি, ও উর্নতির সাধন। বংস আর্যাস্থামী ফর্তাদন,
আন্তিক ও ভক্তিমান ছিলেন, আর্য্যপুর ততদিন নিরাপদই ছিল। পাবনিক
ক্ষেত্রর পঞ্চশত বংসর পূর্বের যথন তাহার মনে নান্তিকতার * সঞ্চার হইতে
আরম্ভ হইল তদবধিই এই সংকট শ্রেণী সংঘটিত হইতেছে।" চিস্তাদেবী
তৎকালে উত্তার নয়নে চতুত্মু থের শিরোদেশের উর্দ্ধাদকে দৃষ্টিনিক্ষেপ
করিতেহিলেন। অগবান কহিলেন;—"ওদিকে কিছুই নাই—অন্ধতমসারত
অনম্ভ আকাশ এবং অনমন্তকাল মাত্র বিরাজ করিতেছে! ওদিকে কাহার
দৃষ্টি প্রবেশ করে না— ওদিকে আমার মুখ নাই। নিয়ভাগে দৃষ্টি কর।"
চিস্তাদেবী দেখিলেন ভূগবানের হস্তম্ভিত কম্মন্তল্ব হুত্তে একটা জ্যোতির্ময়
বারিধারা নিংস্তে হইতেছে। ঐ পবিত্র বারি দ্বারা কাল সমুদ্রের একভাগ
আলোকিত এবং পূর্ণিত হইয়া আছে; কিন্তু ঐ সমুদ্রের অপর ভাগ শুদ্

^{* ু}রান্ধণের ঘোর অবন্তির জনা—বংশ্বর প্লানি ঘটাতেই—বুদ্ধদেবের আবির্ভাব ছুইমানির ক্রান্ধণের অবতারে দৈতাদানব রাজসাদির —বাহিরের লোকের—অত্যাচার এবং পরশুরান অবতারে করিয়ের ছুর্বাবহার নিরাকৃত হুইয়াছিল। এই একাণের প্রাধান্তের বিরোধীরূপে ঘাদিয়া বুল্লের একাগেরই রক্ষা করিয়া গিয়াছেন। তুলনকার রাহ্মণ একান্তই ভোগাভিলানী লোভা এবং অধার্শ্মেক ইইয়াছিল। রাক্ষণমন্ত্রী রাগাকে হত্যা করিব পায় পুত্রকে রালা করিছে সংক্ষাত করিত না। 'রাজানিগের পুত্র হুইয়াছিল। রাক্ষণমন্ত্রী রাগাকে হত্যা করিব পায় পুত্রকে রালা করিছে সংক্ষাত ছিল।— রাজকুমারদিটোর সংযান এবং কুলর্থশ্মে স্থান্সল দানই প্রকৃত্ত উপায় ইহা বলে নাই! বাহ্য যজের আভ্যুব্ধ ক্রাণাত্ত বাড়াইয়া ভিতরের ক্রমণিকারী পিয়কে ব্রহ্মন্থার বিরাছিলে। বুদ্ধদেব নান্তিকভার শক্ষা দেন নাই; অন্থিকারী পিয়কে ব্রহ্মন্থার বিরাছিলেন "সে কথায় ভোমার কাজ কি"—অর্থাৎ তুমি শুমদম প্রভৃত্তি করিতে পাক, (অথ—অনন্তর ব্রহ্মজিজ্ঞানা); স্থুলবুদ্ধি শিব্যেরা স্থির করেন যে ব্রহ্ম নাই—শৃস্তা! আত্তিকাই নীতি মার্গের মূল। আত্তিকা প্রত্যাব নীতি মার্গের মূল। আত্তিকা প্রত্যাব নীতি মার্গের আ্রার অনেকটা তাালী ও উন্ধত্ত ইইয়াছিলেন।

এবং অন্ধকারাচ্ছন্ন - ওদিকে ঐ বারির প্রবেশ নাই। চিন্তাদেবী তং-ক্ষণাৎ বুঝিতে পারিলেন যে, তিনি ঐ বারিপ্রবাহ অবলগন করিয়াই বিশ্বন र्यानित मन्दन উপস্থিত श्रेषाद्धन। চिস্তাদেবী ইহাও দেখিলেন যে, खे ব্যোভোষারি অতি প্রথর বেগে নিরন্তর নিমাভিমুবে প্রবাহিত হইতের্ছে এবং স্বকীয় বেগ বশতঃ প্রতি নিমেষে কোটী কোটী খণ্ডে বিভক্ত হইয়া সমস্ত ব্রহ্মাণ্ড প্রাবিত হইয়া যাইতেছে! কিন্তু আশ্চর্যা এই বে. ওরুপ স্রোতোবেগের প্রতিকূল মুথে আগমন কর। সহজ, অন্তকূল মুথে গমন নিতান্ত ত্রহ—প্রতিকৃল মুথে আদিবার সময় ভগবানের মুখ:জ্যাতি: কর্তৃক সমস্ত পথ আলোকিত হয়—অন্তুকুল মুধে কিছুই কুম্পষ্ট দৃষ্ট[ি]হয়ননা। ভগবান্ कहिलान-"वरम ! य भूग वाविधावा पर्नर्शे कविता छेशवहे नाम कात्रण প्रवार।" ठिकारनवी अञ्चलित मृष्टिभाज कतिया रमरथन, কমণ্ডলু পরিপূর্ণ ঐ বিশ্বন্ধ ভেঁজোম্য বারি অতি প্রশান্ত মূর্ত্তি ধারণ করিয়া রহিয়াছে। স্রোতোবেগ, তরশমালা আবর্ত্তসঙ্কুল কিছুই নাই, এবং বিশ বন্ধাণ্ডের বাবতীয় চেতনাচেতন পদার্থ সমূহের বিভৃতিগণ নিবাত নিঙ্গপ ভাবে সেই জীবন জলে ভাসমান বহিয়াছে। নিবস্তর বারি প্রস্তুত হইতেছে, এবং যাবতীয় বিভূতির অন্তরপ বীজ সমগ্রও অজন্ত ক্ষরিউ ইইটেউই 🗝 কিন্তু কমণ্ডলুস্থ জল এবং শুত্রতা বিভৃতি সমস্ত ব্রাস বৃদ্ধি পরিশৃত্য হইয়া পূর্ব এবং স্থিরভাবেই আছে।

চিস্তাদেবা ঐ কমগুলুস্থ অতি শোভনা হরিদ্বন্য একটা বিভৃতির প্রতি লক্ষ্য করিলেন—তাঁহার বোধ হইল, সেটা কারণ বারিপ্রবাহে পতিত এবং তথায় ক্রমশঃ আয়ত এবং পরিক্ষৃট হইতে লাগিল। উহাঁ থেমন ধরশ্রেতে ভাসিয়া যাইতে লাগিল, এবং চতুর্দ্দিক হইতে তরক্ষমালা উহার প্রতি আযাত করিতে লাগিল, অমনি উহা দেখিতে দেখিতে পৃথিবীর আক্রতি প্রকৃতি ধারণ করিল—উহাতে যুগ প্রাাম্ম ইইতে

নাগিল—মংশ্র কৃষ্ম ব্রাহাদি অবতার হইয়া গেল—এবং ক্ষণমধ্যৈই বিহুবিধ উদ্ভিদ প্রাণীর আবির্ভাব এবং তিরোভাব সংঘটিত হইয়া মন্ত্রমা জাতির উৎপত্তি হইল, এবং মন্ত্রমাণা উন্নতিশীল হইয়া উঠিল।
প্রথমতঃ নির্দিষ্টবাবদায়ি-একদেশবাদি একধুর্মাদিগের দ্বারা মানবিক্লের মন্ত্রলালতি দাধিত হইতে লাগিল। তাহারা মৈশরিক, হিন্দু, পারদ্রিক প্রভৃতি নামে বিখ্যাত হইল। ইহারাই পৃথিবীর আদিম দত্তা; ইহাদের হইতেই পৃথিবার আদিমকালের উৎক্টতর ভাষা, উৎক্টতর ধর্ম-প্রণালী, উৎক্টতর শিল্প-প্রণালী ও বছবিধ শিল্প কার্যা ও দর্শনশাল্প প্রচারি ইইল। ইহাদের ভিন্ন ভিন্ন দলেরা স্ব স্থ নিন্দিট্ট ব্যবদারে জীবন ক্ষেপণ করিয়া বিশ্বিধ কার্যার উৎকর্ষ সাধন করিল।

তংপরে অনি ই-ব্যবসায়ি-একদেশবাদি-মানবগণ উন্নতির অবলম্বন ইইল। ইহারা কাল যবন ও রোমক প্রভৃত্তিনামে প্রসিদ্ধ। ইহাদিগের ইইতে হর্ম্ম-প্রণালী, চিত্র-প্রণালী এবং অপরাপর বিবিধ শিল্প-প্রণালীর এবং রাজনীতি ও বছবিধ দর্শন শান্তের সম্মতি সংগাধিত হইল। ইহারাই শাল্পপ্রধান প্রকৃত ইতিহাসের প্রথম রচ্মিতা; এবং ইহারাই স্বন্ধেন্ত ইত্বাসের প্রথম রচ্মিতা; এবং ইহারাই

অনস্তর অনির্দ্দিষ্টব্যবসায়ি-বিভিন্ন দেশবাদি এক বর্ণাদিগের দ্বারা পৃথিবীর নক্ষলোনতি সাধিত হইতে লাগিল। নহম্মদীয় দল, বায়ব্য ক্ষের উপাসক দল প্রভৃতিরাই সেই সকল লোক। এই শ্রেণীর লোকেরা পৃথিবীর জড়পদার্থ সকলকে মহুয়ের আজ্ঞাবহ করিল; বছবিধ যন্ত্রের স্থাষ্ট করিয়া শিল্প বিদ্যার অসাধারণ উন্নতি সাধন করিল; এবং ভূমগুল ব্যাপক বাণিজ্য কার্য্যের বিস্তার উদ্দেশে বাস্পীয় যন্তের স্থাষ্ট করিয়া দ্রদ্বেশে জলম্বলে গমনাগমনের স্কুম্বর উপায় করিল। পদার্থ-বিদ্যা ভোতিঃশাস্ত্র ও আয়্বেশ্বত ইহাদিগের হইতে বছল পরিমাণে

উন্নতি লাভ করিল। দর্শনশাস্ত্র সকলও ইহাদিগুর সময়ে যেন নৃতন শ্রীধারণ করিল। ইহারা রাজনীতিশাস্ত্রের অসাধারণ শ্রিবৃদ্ধি করিয়া^{ছি} স্বাধীনতার গৌরব বিস্তার করিল। ফলতঃ মানবজাতির ক্ষমতা যেন অপার্হইয়া উঠিবে এরপ প্রতীতি হইতে লাগিল।

তদনন্তর মানবকুলের উন্নতি সাধনে এ পর্যান্ত ধ্যেরপ এক ধর্মারাই গৃহীত হইয়াছিল, তাহা না হইয়া বিভিন্ন দেশবাসি-বিভিন্ন ধর্মাদ্রিগের গ্রহণের উপক্রম হুইল এবং দেই উপক্রমে ভারতীয় নরগণ স্বংপাখিতের *

 ভারতের সনাতন শিক্ষায় পূর্ণ প্রীতির এবং পূর্ণ জ্ঞানের—বহুর ভিতরে একের এবং প্রত্যেকের ভিতর সমগ্রের—ক্থা । বিভিন্ন অধিকারীয়ু বিভিন্ন মুর্ভিতে, বিভিন্ন প্রণালীতে, তামদিক, বাজদিক বা সা'রক ভাবে অথবা বিশুদ্ধ ধানবোগে সেই একই লক্ষা। বিভিন্ন বাবহার, িভিন্ন ভাষা : বিভিন্ন উপাসনা, অথচ সকলেই হিন্দু; জাতির এবং বর্ণের নিধমভঞে 'জাতি হারান परल' পড়িতে হয়, किन्न हिन्नू ना ; तिशां । हिन्नू । महारवाशी । हिन्नू ; ति ম্পর্টিদার মানে হিন্দর মধ্যে ভাহারত ভান ভাডে : বে স্পর্টিদারাদি মানে না তাহারও স্থান আছে। ভারতের প্রাচীন বাবস্থায় গ্রামগুলি কুন্ত কুন্ত সাধারণ তয়ের জ্যায় থাকিয়াও রাজ্যের অংশ ছিল। সমগ্র মানব জাতির সন্মিলনের জন্ত এই সামাজিক নিয়মে, উপাদনা প্রণালীতে, রাষ্ট্রয় ব্যবস্থায়, 'সাতস্ত্রিকতা দহ দশ্মিলন,' (ফেডারে সান) জন্ত হিন্দুর আদর্শট পূর্ব এবং দেজতা তাহাই সকলকে আজি হউক আর পেরেট হউক গ্রহণ করিতে ইইবে। উনবিংশ পুরাণ প্রকাশের (১৮৬৮) পর্যাক্তর করিতে ভারতে হইয়াছে তাহার কতকগুলির উল্লেখ করা বাইতেছে :—(১) স্বামী বিবেকানন্দের (লন্ম ১৮৬৮ (চিকাগো ধর্ম্ম-সংঘে^ট হিন্দ ধর্মের মাহাস্কা প্রচার (১৮৯০) এবং শ্রীরাসকৃষ্ মিশনের কেন্দ্র প্রতিষ্ঠা: (২) আর্বা সমাজের উদাম (স্বামী দ্যানন্দের প্রথম সমাজ বোঘারে ১৮৭৫। (০) শীভারত ধল মহামণ্ডল (১৮৯৩ অব্দে স্থাপিত বাঙ্গালার ভারত ধর্ম-মণ্ডলের সহিত ১৮৯৮ অবেদ মণুরায় ব প্রতিষ্ঠিত নিগমাগম মণ্ডলীর এবং বোম্বাই এবং উঃপঃ প্রদেশের মুখা প্রের্ম-সভা ছুইটাকে মিলিত করিয়া খ্রীমৎ জ্ঞানানন্দ সামী জি ১৯০২ অব্দে ইহা (त्राक्रद्वाची करतन: त्राक्रक्रवर्णत, व्याक्तिग्रवर्णत, त्याङ्ख्यालत এवः "नर्वर्ण्णवीत हिन्तृत्र ইহাতে সন্মিলিত হওয়া জাতীর জীবনের একটা মূখ্য বটনা; ইহার দ্বারা বর্ম-ব্যাখা, विमानितात धर्म निकार नारहा, हिन्नु ब्रांखा हिन्नी ब अठाव अञ्चि महरकार्राव ८०%। চলিতেছে এবং হিন্দুর সন্মিলনের কল্পনা বে একান্ত অসম্ভব্পর নহে ভাহাতেপাইয়াছে), (e) डेडिस्टार्ट किनुनाखन अठान (स्मरक्ड न्यूकम अकृति मेहे अदः डिस्ड्रांष (8) शिश्रमित आद्वर्शन (प्रााष्ट्राय द्वाकट्रेमिक अ कर्ल्स खनकडे महिन ३५५०) ;

উনবিংশ অধ্যায়

ন্তায় প্রতীয়মান হইল। চিন্তাদেবী এই পর্যান্ত দেখিয়া আর কিছুই দিখিতে পাইলেন না। ভর্গবান ঈষং হাস্তা করিয়া কহিলেন;—"ভাবি-ভাভভ ফল সমৃদায় প্রকাশিত হইলে স্ক্রির উদ্দেশ্ত নিক্ষল হইয়া যায়।—জগতে ফলাফল প্রদান করা কর্মদেবীর নিদ্দিষ্ট কার্যা। ভক্তিমন্ত্র সংগ্রেত সোপহার, পূজা দারা তাঁহাকে প্রতি করা আবশ্রক। কিন্তু যেমন বিপদ তদম্বপ স্বস্তায়ন বিধির বৈলক্ষণা ঘটিলে তাঁহার প্রসম্ভা কাভের সম্ভাবনা নাই।"

সাহেত্রের ভিন্ন সম্প্রীয় বীলোচনা প্রভৃতি) ; (৬) চতুস্পাসীগুলির রক্ষার জন্ম কিছু যত্ন ; (৭) ভারতের প্রাদেশিক ভাষার অনুবাদ সহ শাস্ত্রগ্রের বহল প্রচার এবং শ্রী-ধৃক্ত শশধর তর্কচূড়ামণির, ৮ঞ্জিকরপুসন্ন সেনের, শ্রীভারত ধর্মমণ্ডলের স্বামী দ্বানন্দ প্রভৃতির হিন্দুধর্ম সহলে বক্তা ু; 👍) প্রাদেশিক ভাষায় হিন্দুধর্ম এবং ফদেশ সহলে বছ পুত্তকের প্রচার: (১) সহিত্য পরিষৎ সকলেক (বাঙ্গালায় ১৮৯৪); (১০) থদেশের পুরাতত্ব সহথে অনুসঞ্জান (১১) ঘদেশী আনকোলন ●এবং বন্দেমাত্রম্ গানের প্রতিভারতবাসী মাত্রের সমানর (১৯০৫): (১২) আর্থাসমাজ, ব্রাগ্রসমাজ এবং নেশীয় पंधीय नमारकत এवः मुनलमानिमार्गत्य देवर ऋतिमी खार्तमानान खल्लाधिक र्यानमान: (১৩) কঙ্গে সে জাতীং আকান্তার নিভীক প্রকাশ (প্রথম কঙ্গে স ক্রি৮৬); (১৪) বাবপাপক সভার দেশী ক্রিটিড সভাদিগের এদেশীর অধিকার বৃদ্ধিসমূদে একযোগে দাবী ⊶ ১৯৮০) ; (১৯৮ দেশীর যুবকদিনের মধ্যে ভদ্রভা বৃদ্ধি এবং বন্তা, মেলা, প্রভিক্ষ প্রভৃতিতে ন্দেশীয়দিগকে সন্মিলিত ভাবে সাহাযো উন্মপতা (১৯০৫) : (১৬) নিমু ও অস্বাক্ত শ্রেণীয় শিক্ষা ও উন্নতি জন্ম চেষ্টা এবং বাধাকত।মূলক শিক্ষা সীধারণের প্রাপ্তিজন্ম আন্দোলন ; (১৭) গ্রামের বারোমতি প্রভৃতি নিজের কার্যোর জন্ম বাবলগনসহ সন্মিলিত ভাবে - উদামের কল্পনার দেবক সমিতি সকলের গঠন ; (১৮) কৃষি বাাঞ্চ সকলের প্রীরৃদ্ধি চেষ্টা ; (১৯) वालकपिरातत्र यथर्मा मिकात वावद्या अन्छ (ठहा ; (२०) शन होन बावर जन िरेयत দলে প্রত্যেক বিদ্যালয়ে শিক্ষিত শ্রেণীর প্রবেশের চেষ্টায় কথঞিৎ সাফল্য (৩১১৭) ; (২১) शामिक छात्राय मेरिका विका शाश्चित बवर शामिक मकून बालकांश निकारहत দাবী এবং হিন্দীকে ভারতের জাতীয় ভাষারূপে খীকার ক্রিয়া ভারতের সাধারণকার্যা ভাহাতেই করার জন্ম শ্রীযুক্ত গান্ধির আন্দোলনের প্রারম্ভ (১৯১৭); (২২) প্রীশিক্ষার বিস্তার এবং মঞ্চকালী পাঠশালা সকলের স্থাপন ; (২৩) সকল শ্রেণীর এবং বর্ণের মধ্যে 'ভারত্<u>রদৌ'</u> বলিয়া একটা গৌধব**ান্**ত্ৰ এবং আচারোম্নতির সহ সামাজিক উন্নতির জম্ম আগ্রহ; হিছু বিদেশ প্রস্থানী ভারত বাদীর (ই।সভাল প্রভতির) প্রতি সহাক্**ড**তি।

ভগ্বান বিশ্ববোনির এই সকল বাক্য শুনিতে শুনিতেই চিম্বাদেবী শাধ্যপুরে উপনীতা হইয়াছিলেন। ভগবান বেদব্যাস কহিয়াছেন:—

"এ পুরাণ-গীতগাথা করিলে শ্রবণ। ভবিষ্য-বিষয়ে হয় সুম্ম দরশন॥ মাতৃহীন করে লাভ জননী ধর্রীয়। নোদর সহায়হীন ভাই বন্ধু পায়॥"

